The 4th August 1888.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of Act III (B.C.) of 1884, and in accordance with the recommendation of the Commissioners of the Hazaribagh Municipality, made at a meeting, to extend the provisions of clause 1 of section 273 of the said Act to the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 6th August 1888.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of Act III (B.C.) of 1884, and in accordance with the recommendation of the Commissioners of the Muktagacha Municipality, in the district of Mymensingh, made at a meeting, to extend the provisions of sections 224, 225, 231, 238, 234, 254, 255, 256, 257, 258, 259, 260 (regarding burning-ghâts only), 266, 270 (clause 3), 271 (so far as it relates to sections 225 and 231) and 274 (regarding burning-ghâts only) of the said Act to the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৪ আগষ্ট।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হাজারীবাগ মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশানরদের অনুরোধক্রমে উক্ত আইনের ২৭১ ধারার ১ প্রকরণের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৬ আগষ্ট।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ময়মনসিংহ জিলার অন্তর্গত মুক্তাগাছা মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশানরদের অনুরোধক্রমে উক্ত আইনের ২২৪, ২২৫, ২৩১, ২৩৩, ২৩৪' ২৫৪, ২৫৫, ২৫৬, ২৫৭, ২৫৮, ২৫৯, ধারা এবং পয়দাহের ঘাটমার্গ বিষয়ক ২৬০ ধারা ও ২৬৬, ২৭০ ধারার (১) প্রকরণ ও ২৭১ ধারার যতদূর ২২৫ ও ২৩১ ধারার সহিত সম্পর্ক রাখে ততদূর ও পয়দাহের ঘাটমার্গ বিষয়ক ২৭৪ ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৩ জানুয়ারি।—দার্জিলিঙ্গ জিলার অন্তর্গত সকল যে সরকারী খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতার নিমিত্ত রাজশাহী খণ্ডের কমিশ্যনর সাহেব কর্ত্তৃক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ২২ ধারামতে প্রণীত নিম্নলিখিত বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদিত হওয়ায় তাহা সাধারণের অবগতির নিমিত্তে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে।

কোল্‌মান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

দার্জিলিঙ্গ জিলার নিমিত্ত ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ২২ ধারামত বিধি।

১ ধারা।—যে সরকারী খেয়াঘাট যে জিলায় থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের আফিসে তাহা রেজিষ্টরী করিতে হইবে এবং রেজিষ্টরী হইবার দরখাস্তে নিম্নলিখিত দফানুযায়ী বিশেষ কথাগুলি লিখিত হইবে।

(ক) খেয়াঘাটের নাম ও যে যে গ্রাম ও থানায় ও যে নদীর উপর ঐ খেয়াঘাট থাকে।

(খ) যত খান ও যে প্রকারের নৌকা রাখিতে হইবে ও প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি থাকিবে।

(গ) প্রতি নৌকায় অত্যুচ্চ যে সংখ্যক আরোহী, জন্তু ও যান ও যে আয়তনের বা ওজনের মাল লইয়া যাইতে হইবে।

(ঘ) প্রতি বৎসর যে যে নির্দ্দিষ্ট কালে বা ঋতুতে খেয়া চালাইতে হইবে।

২ ধারা।—কোন বেসরকারী খেয়াঘাট রেজিষ্টরী করিবার পূর্ব্বে দরখাস্তের লিখিত কথা যে সত্য মাজিষ্ট্রেট সাহেব আপন হৃদ্বোধমতে ইহা জানিয়া লইবেন।

৩ ধারা।—যদি কোন বেসরকারী খেয়াঘাটের মালিক এই সকল বিধি প্রকাশিত হইবার পর তিন মাসের মধ্যে ১ ধারার আদেশমতে ঐ খেয়াঘাট রেজিষ্টরী হইবার জন্যে দরখাস্ত না করেন, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেব তাঁহার প্রতি এক মাসের অন্যূন কোন নির্দ্দিষ্ট কালের মধ্যে ১ ধারার লিখিত বিশেষ কথাগুলি জানাইবার আদেশ করিয়া একখানি লিখিত নোটিস জারী করিতে পারিবেন। এবং কোন খেয়াঘাট সম্বন্ধে যে মালিকের উপর ঐরূপ নোটিস জারী করা হইয়াছে, তিনি উক্ত নোটিসের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর ঐ খেয়াঘাট রাখিবেন না বা রাখিতে দিবেন না। কিন্তু ১ ধারামতে আবশ্যক বিশেষ কথা আদেশানুসারে মাজিষ্ট্রেট সাহেবকে জানান হইয়া থাকিলে ঐরূপ করিতে হইবে না।

৪ ধারা।—প্রত্যেক বেসরকারী খেয়াঘাটের মালিক আপন দরখাস্তের অথবা ৩ ধারামতে যে বর্ণনা-পত্র দেন তাহার লিখিত সর্ত্ত অনুযায়ী কার্য্য করিতে বাধ্য হইবেন এবং তাঁহাকে যত খানি নৌকা বা যত জন দাঁড়ি মাঝি রাখিতে হইবে তাহা কমাইবেন না বা তাঁহার কোন নৌকায় নিয়মাতিরিক্ত আরোহী জন্তু ও যান বা নিয়মাতিরিক্ত আয়তনের বা ওজনের মাল লইয়া যাইতে দিবেন না।

৫ ধারা।—মালিক প্রত্যেক নৌকায় যত আরোহী, জন্তু যান ও যে আয়তন ও ওজনের অন্য দ্রব্য একং বারে লইয়া যাইবার অনুমতি থাকে তাহা ঐ নৌকায় চিহ্ন করিয়া দিবেন।

৬ ধারা।—খেয়া সাধারণতঃ সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে চলিবে, কিন্তু মালিক সূর্য্যাস্তের পর কোন সময়েও নৌকা চালাইতে পারিবেন, পরন্তু তাহা হইলে ঐরূপ প্রত্যেক যে নৌকা চালান যায় তাহার কোন সুপ্রকাশ স্থানে একটি আলোক রাখিয়া দেখাইতে হইবে।

৭ ধারা।—স্রোত, বায়ু বা আকাশের অবস্থা বিবেচনায় যখন পার করায় বিঘ্ন ও আরোহিদের প্রাণের আশঙ্কা আছে দেখা যায় তখন খেয়ার নৌকা যাতায়াত করিবে না।

৮ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব এরূপ আদেশ করিতে পারিবেন যে, কোন বেসরকারী খেয়াঘাটে যে নৌকার ব্যবহার হয় তাহা তাঁহার প্রেরিত কোন কর্ম্মচারী কর্ত্তৃক পরীক্ষিত হইতে পারিবে এবং ঐ নৌকা যে প্রকারের ও যে অবস্থায় আছে তাহাতে উহার ব্যবহার জীবন ও সম্পত্তির আশঙ্কাজনক তিনি ইহা হৃদ্বোধমতে বুঝিলে উহার ব্যবহার নিষেধ করিতে পারিবেন।

৯ ধারা।—বেসরকারী খেয়ায় কোন আকস্মিক ঘটনা বশতঃ গুরুতর ক্ষতি বা প্রাণ নষ্ট হইলে যে পোলীস ষ্টেশনের এলাকার মধ্যে ঐ খেয়াঘাট আছে সেই পোলীস ষ্টেশনে ঐ প্রত্যেক খেয়াঘাটের মালিক অবিলম্বে তাহার রিপোর্ট করিবেন।

১০ ধারা।—যে ব্যক্তিকে কোন বেসরকারী খেয়াঘাটের ইজারা দেওয়া যাইতে পারিবে বা যাহার জিম্মায় ঐ খেয়াঘাট রাখা যাইতে পারিবে তাহার নাম জানাইবার জন্য মাজিষ্ট্রেট সাহেব ঐরূপ কোন খেয়াঘাটের মালিকের প্রতি আদেশ করিতে পারিবেন।

১১ ধারা।—বেসরকারী খেয়াঘাটের ভারপ্রাপ্ত ব্যক্তি এবং বেসরকারী খেয়ার নৌকার কার্য্যে নিযুক্ত সকল ব্যক্তি ঐ নৌকায় যাহাতে অতিরিক্ত বোঝাই না হয় তজ্জন্য দায়ী থাকিবেন, এবং যে প্রত্যেক ব্যক্তিকে কোন পুরা বোঝাই নৌকায় উঠিতে বা তাহাতে জন্তু ও মাল উঠাইতে নিষেধ করা যায় তিনি ঐ নিষেধ মানিতে বাধ্য থাকিবেন।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৩ জানুয়ারি।—বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারামতে রাজশাহী খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে দর্জিলিঙ্গ জিলার ডেপুটী কমিশ্যনর সাহেবের প্রণীত নিম্নলিখিত বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়াতে, তাহা সাধারণের অবগতির নিমিত্তে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে।—

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

দার্জ্জিলিঙ্গ জিলার নিমিত্ত ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারামত বিধি।

১ ধারা।—এই বিধিতে "মাজিষ্ট্রেট" শব্দে দার্জ্জিলিঙ্গের ডেপুটী কমিশ্যনর ও তাঁহার অধীন যে কোন মাজিষ্ট্রেটকে তিনি তদর্থে নিযুক্ত করেন তিনি, গণ্য।

২ ধারা।—দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত প্রত্যেক সরকারী খেয়াঘাট হয় মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক খাসে রাখা যাইবে নয় সরকারী নীলাম ইজারা দেওয়া যাইবে।

যে সকল সরকারী খেয়াঘাট খাসে থাকে তাহার কার্য্যাধ্যক্ষতা বিষয়ক বিধি।

৩ ধারা।—যে প্রত্যেক সরকারী খেয়াঘাট খাসে থাকে, তন্নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব সময়ে২—

(ক) যেরূপ সকল নৌকা, নামিবার স্থান, বিশ্রামের ঘর ও অন্য সরঞ্জামাদির বিধান করা উচিত বোধ করেন তদ্রূপ বিধান করিবেন,

(খ) খেয়ার নৌকার পারাপার কার্য্য তত্ত্বাবধান করিবার জন্য একজন উপযুক্ত লোক নিযুক্ত করিবেন, দাঁড়ি মাঝি যোগাইবেন ও তাহাদের বেতন দিবেন, অনুমোদিত মাসুল গ্রহণ করিবেন, ও তাহা খাজানাখানায় পাঠাইয়া দিবেন,

(গ) কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে ঐ খেয়ায় যাতায়াতকারি ব্যক্তিদের নিকট যে মাসুল আদায় করিতে হইবে তাহা ধার্য্য করিবেন,

(ঘ) দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া লিখিত ঐ মাসুলের একখানি ফর্দ্দ দুই পারেরই নামিবার স্থানে লাগাইয়া দিবেন,

(ঙ) খেয়ার প্রত্যেক নৌকায় অত্যুচ্চ যে সংখ্যক আরোহী, জন্তু, গরুর গাড়ী, যান ও মাল লইয়া যাওয়া যাইবে তাহা স্থির করিয়া দিবেন ও ঐ মর্ম্মের এক নোটিস প্রত্যেক নৌকায় লাগাইয়া দিবেন,

(চ) যে২ ঘণ্টার মধ্যে নৌকা যাতায়াত করিবে ও প্রতিদিন অতি কম যত বার পারাপার করিতে হইবে তাহা স্থির করিয়া দিবেন,

(ছ) সকল সময়েই ডাক লইয়া সত্বর পারাপার করিবার বিধান করিবেন।

৪ ধারা।—কোন ব্যক্তি খেয়াঘাট ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে এককালীন চুক্তি করিতে পারিবেন, এবং যে কালের জন্য ঐরূপ চুক্তি করিয়াছেন তাহা অতীত হইবার পূর্ব্বে ঐ খেয়াঘাট বন্ধ করা গেলে তিনি টাকা ফেরত পাইবার স্বত্ববান হইবেন। সমুদয় যে কালের জন্য তিনি চুক্তি করিলেন বাকী কাল সেই কালের যে অংশ যত টাকা তাঁহার প্রদত্ত সমুদয় টাকার সেই অংশ হয় তিনি তত টাকা ফেরত পাইবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশক্রমে ঐরূপ ফেরত টাকা দেওয়া যাইবে।

খেয়াঘাট ইজারা দেওন বিষয়ক বিধি।

৫ ধারা।—১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ৯ ধারামতে কোন সরকারী খেয়াঘাটের মাসুল নীলামক্রমে ইজারা দেওয়া যাইবে স্থির করা গেলে, মাজিষ্ট্রেট সাহেব নীলাম হইবার অন্ততঃ ১৫ দিন পূর্ব্বে যে স্থানে ও যে প্রকারে বিহিত বোধ করেন সেই স্থানে ও সেই প্রকারে ইংরাজী ও দেশীয় ভাষায় ঐ নীলামের এক বিজ্ঞাপন প্রকাশ করাইবেন।

৬ ধারা।—ঐ বিজ্ঞাপনে এই২ কথার নির্দ্দেশ থাকিবে—

(ক) যে সময়ে ও স্থানে নীলাম হইবে,

(খ) যে কালের জন্য খেয়াঘাট ইজারা দিতে হইবে ও প্রতি বৎসর যে২ তারিখের মধ্যে ইজারদার খেয়া চালাইতে বাধ্য হইবেন,

(গ) যত ও যে প্রকার নৌকা রাখিতে হইবে, প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি রাখিতে হইবে ও প্রত্যেক নৌকায় অত্যুচ্চ সংখ্যক যত আরোহী, জন্তু, ও যান ও যে আয়তনের বা ওজনের মাল লইয়া যাইবার অনুমতি থাকে,

(ঘ) নৌকা যোগাইয়া দিবার ও তাহা সারাইয়া রাখিবার সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(ঙ) নামিবার স্থান ও খেয়ার এক বা দুই পারেই বিশ্রামের ঘর বা পথিকদিগের ঘর থাকিলে তাহার বিধান করণ ও তাহা ভাল করিয়া রাখণ সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(চ) বৎসরের বিশেষ কোন ঋতুতে প্রতিদিন অতিকম যত বার পারাপার করিতে হইবে,

(ছ) যে হারে মাসুল আদায় করিতে হইবে,

(জ) এই বিধির ১৪ ধারার বিধানমতে মাসুল না লইয়া যে যে ব্যক্তি ও দ্রব্য পার করিতে হইবে,

(ঝ) খেয়াঘাটের খাজানা যে২ কিস্তিতে দিতে হইবে, এবং

(ঞ) অন্য যে২ বিশেষ কথা মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক বিবেচনা করেন।

৭ ধারা।—এই বিজ্ঞাপনের এবং বিধির ও আইনের ৯ ধারামতে যে চুক্তিপত্র সম্পাদন করা আবশ্যক তাহার পাঠের একখানি নকল ম্যাজিষ্ট্রেট সাহেবের আফিসের কোন সুপ্রকাশ স্থানে লটকাইয়া দিতে হইবে এবং নীলামের দিনে যথারীতি ঘোষণা করিতে হইবে।

৮ ধারা।—নীলামের দিনে যে ইজারদারকে খেয়াঘাট নীলাম বিক্রয় করা হয়, তিনি যে আপন ইজারার সর্ত্তগুলি উপযুক্ত মতে পালন করিবেন ইহার জামিনস্বরূপ ডাকের টাকার শতকরা ২৫ টাকা আমানত করিবেন। কিন্তু যে সকল ক্ষুদ্র২ খেয়াঘাটে গবর্ণমেণ্ট নৌকা বা ডোঙ্গা যোগাইয়া দেন না তাহাদের বেলা ম্যাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে এই আমানত না করিলেও চলিবে।

৯ ধারা।—যে সকল স্থলে খেয়াঘাট কেবল একবৎসর বা এক বৎসরের কোন অংশের জন্য ইজারা দেওয়া যায়, সেই সকল স্থলে যে মুহূর্ত্তে ইজারদারকে খেয়াঘাট নীলাম বিক্রয় করা যায় সেই মুহূর্ত্তেই তিনি ঐ সমুদয় কালের খাজানার নিমিত্তে দায়ী হইবেন। ক্রএক বৎসরের জন্য খেয়াঘাট ইজারা দেওয়া গেলে, প্রতি বৎসরের প্রথম দিবস হইতে ঐ বৎসরের খাজানা দিবার দায়িত্ব জন্মিবে।

১০ ধারা।—আইনের ৯ ধারামতে ইজারদারের প্রতি যে চুক্তিপত্র সম্পাদন করিবার আদেশ হইবে তাহা এই বিধিসংযুক্ত পাঠে লিখিত হইবে।

১১ ধারা।—ইজারদার চুক্তিপত্র সম্পাদন করিলে পর যত শীঘ্র সম্ভব, ম্যাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে বিনা মূল্যে এই সকল বিধির একখানি নকল ও আইনের ১৯ ধারামতে যথারীতি স্বাক্ষরিত অনুমোদিত মাসুলের একখানি নির্ঘণ্টপত্র এবং দুই খানি নোটিস বোর্ড দিবেন। ঐ খেয়াঘাট সম্বন্ধীয় মাসুলের ফর্দ্দ, ইজারদার যত খানি নৌকা চালাইতে বাধ্য, প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি থাকিবে, এবং প্রত্যেক নৌকায় অত্যধিক সংখ্যক যত জন আরোহী প্রভৃতি থাকিবার অনুমতি আছে ঐ নোটিস বোর্ডে এই সকল কথা দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া লেখা থাকিবে। ইজারদার খেয়ার দুই পারেই কোন সুপ্রকাশ স্থানে ঐ নোটিস বোর্ড লাগাইয়া দিবেন এবং উহা উপযুক্ত অবস্থায় রক্ষা করিবেন। ইজারা অতীত হইলে তিনি উহা ম্যাজিষ্ট্রেট সাহেবকে ফিরিয়া দিবেন।

প্রকাশ্য নীলামে ইজারা দেওয়া খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা বিষয়ক ও উহাতে পারাপারের কার্য্য নিয়মিত করিবার বিধি।

১২ ধারা।—যে সকল আরোহী, যান, জন্তু ও মাল পার হইবার জন্যে খেয়াঘাটে আইসে ইজারদার তাহাদিগকে যত্নপূর্ব্বক, সাবধানে ও যত শীঘ্র সম্ভব পার করিয়া দিতে বাধ্য থাকিবেন।

১৩ ধারা।—কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে আইনের ১৮ ধারামতে ম্যাজিষ্ট্রেট সাহেব মাসুলের যে হার ধার্য্য করেন সেই হারে মাসুল আদায় করা যাইবে।

১৪ ধারা।—নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্য ইজারদার মাসুল লইবেন না বা দাওয়া করিবেন না—

(ক) ডাক ও ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেণ্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়,

(খ) কমিসেরিয়াটের কর্তৃপক্ষের নিকটহইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি জন্তু ও যান।

(গ) সামরিক কর্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) পোলীস ও অন্য সরকারী কর্ম্মচারী ও পরওয়ানা-জারীকারী পেয়াদা
} আপন২ প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোঁড়া পাল্কী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।

(ঙ) জিলার পথকার্য্যবিভাগের এক্সেকিটিব কর্ম্মচারি, রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।

(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।

(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃতদেহ, অথবা সম্পত্তি লইয়া যায়।

১৫ ধারা।—যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায়, অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, ইজারদার তাহাদের নিকট মাসুল লইবেন না বা দাওয়া করিবেন না।

১৬ ধারা।—খেয়া সাধারণতঃ সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে চলিবে, কিন্তু ইজারদার সূর্য্যাস্তের পর কোন সময়ও আরোহী পারাপার করিবার জন্য খেয়ার নৌকা চালাইতে পারিবেন, পরন্তু তাহা হইলে ঐরূপ প্রত্যেক যে নৌকা চালান যায় তাহার কোন সুপ্রকাশ স্থানে একটী আলোক রাখিয়া দেখাইতে হইবে।

১৭ ধারা।—ম্যাজিষ্ট্রেট সাহেব আবশ্যক হইলে ডাক ও ডাকহরকরা পারাপার করিবার জন্যে সময় স্থির করিয়া দিতে এবং প্রয়োজন হইলে ঐ সময় পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তিনি এইরূপ সকল স্থলে যে২ সময়ে ডাক পার করিতে হইবে ইজারাদারকে তাহার লিখিত নোটিস দিবেন। তাহা হইলে খেয়াঘাটে ডাক পহুঁছিবার অব্যবহিত পরেই যাহাতে তাহা পার করিয়া দিবার বিশেষ বন্দোবস্ত করা হয় এবং পার করিবার সময়ে কোন বিলম্ব হইতে না দেওয়া হয় ইজারদারের ইহা দেখা কর্ত্তব্য হইবে।

১৮ ধারা।—মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে ইজারদার খেয়াঘাটের উভয় পারেই নামিবার স্থানের বিধান করিবেন ও তাহা উপযুক্ত অবস্থায় রাখিবেন এবং জলের হ্রাস ও বৃদ্ধি অনুসারে আবশ্যকমতে তাহা সরাইয়া দিবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশমতে খেয়াঘাটের তটে তিনি উপযুক্ত বিশ্রামের ঘর বা পথিকদের ঘর করিয়া দিবেন এবং আরোহী ও মাল লইয়া যাইবার জন্য খেয়ার নৌকায় উপযুক্ত বন্দোবস্ত ও যথোপযুক্ত স্থান করিয়া দিবেন।

১৯ ধারা।—ইজারদার প্রত্যেক নৌকায় যত আরোহী, জন্তু ও যান ও যে আয়তন ও ওজনের অন্য দ্রব্য একবারে লইয়া যাইবার অনুমতি থাকে তাহা ঐ নৌকায় চিহ্ন করিয়া দিবেন।

২০ ধারা।—কোন নির্দ্দিষ্ট কালের জন্য যে খেয়াঘাটের ইজারা দেওয়া হইয়াছে তাহা উক্ত কাল অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বন্ধ করিয়া দেওয়া গেলে, ইজারদার ইজারার অবশিষ্ট কালের নিমিত্তে দেয় খাজানাহইতে বাদ পাইবেন। খেয়াঘাট বন্ধ করিয়া দেওয়াতে ইজারদারের কোন ক্ষতি হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে ইহা দেখান গেলে, মাজিষ্ট্রেট সাহেব যে ক্ষতিপূরণ দেওয়া উপযুক্ত বিবেচনা করেন ইজারদারকে তাহা দিতে পারিবেন।

২১ ধারা।—ইজারা অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বা প্রকারান্তরে খেয়াঘাট বন্ধ করিয়া দেওয়া গেলে, খেয়া ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে যাঁহারা এককালীন চুক্তি করিয়াছেন তাঁহারা ৪ ধারামতে হিসাব করিয়া টাকা ফেরত পাইবার স্বত্ববান হইবেন, এবং ইজারদার ঐরূপ সকল ব্যক্তির দাওয়া শোধ করিয়া না দিয়া থাকিলে, তিনি ৮ ধারামতে যে টাকা আমানত করেন তাহাহইতে মাজিষ্ট্রেট সাহেব ঐ সকল দাওয়া শোধ করিতে পারিবেন।

২২ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব আদেশ করিলে ইজারদার যে ব্যক্তিদের বা যে শ্রেণীর ব্যক্তিদের বিষয়ে বিশেষ সন্দেহ থাকে তাহারা পার হইয়া থাকিলে বা পার হইবার জন্যে আসিলে তাহাদের সম্বন্ধে তাঁহার সাধ্যমত সমস্ত সন্ধান জানাইবেন, কিন্তু মাজিষ্ট্রেট সাহেব আদেশ না করিলে নয়।

২৩ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ পারাপারের কার্য্য সম্বন্ধীয় যে সকল রিটর্ণ চাহেন ইজারদার তাহা দিতে বাধ্য থাকিবেন এবং এই নিমিত্তে তিনি মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্টপাঠে উক্ত কার্য্যের একখানি রেজিষ্টরী রাখিবেন।

২৪ ধারা।—ইজারদার কোন প্রকার সেতু দ্বারা খেয়ার উপর দিয়া যাতায়াতের পথ করিবার ইচ্ছা করিলে তিনি অগ্রে মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি লইবেন এবং অনুমতি পাইলে উক্ত সেতুর ভিতর দিয়া নৌকাদি ও ঝাড় যাইবার জন্য উহা যেরূপে খুলিতে হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেব যে কোন আজ্ঞা করেন তদনুযায়ী কার্য্য করিবেন। উক্ত সেতুর দ্বারা কোন প্রকারেই নদী দিয়া অবাধে গমনাগমনের বাধা জন্মাইতে দেওয়া হইবে না।

২৫ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব কোন নৌকা আশঙ্কাজনক বেমেরামতী অবস্থায় আছে বিবেচনা করিলে তাহা মেরামত করিবার বা বদলাইয়া দিবার জন্যে যে কোন সময়ে ইজারদারের প্রতি আদেশ করিতে পারিবেন। তাহা হইলে ইজারদার ঐ আদেশমতে তাহা মেরামত করিতে বা বদলাইয়া দিতে বাধ্য হইবেন।

২৬ ধারা।—কোন সরকারী খেয়াঘাটের কোন বেবন্দোবস্ত, বা নৌকাগুলির বা নামিবার স্থানের বা ঢালু স্থানের বা খেয়াঘাটে যাইবার পথের আশঙ্কাজনক অবস্থা, অথবা খেয়াঘাটের কার্য্য চালাইবার সম্বন্ধে কোন ত্রুটি দেখিতে পাইলে পোলীসের কর্ম্মচারিরা তাহা তৎক্ষণাৎ রিপোর্ট করিবেন।

২৭ ধারা।—স্রোত, বায়ু বা আকাশের অবস্থা বিবেচনায় যখন পার করায় বিঘ্ন ও আরোহিদের প্রাণের আশঙ্কা আছে দেখা যায় তখন সরকারী খেয়াঘাটের কোন খেয়ার নৌকা চালান যাইবে না।

২৮ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব সরকারী খেয়াঘাটের মাসুলের জন্যে দেয় খাজানার তলব ও আদায় প্রদর্শক নিম্নলিখিত পাঠে একখানি রেজিষ্টরী রাখিবেন।

বার্ষিক টাকা খাজানায় অমুক কর্তৃক ইজারা দেওয়া অমুক খেয়াঘাটের হিসাবে আয়।

[নীলামকারি কর্ম্মচারির স্বাক্ষর।]

ক্রমিক নম্বর।	টাকা দিবার বিশেষ বিবরণ।	মত টাকা।	টাকা দেওন।					মন্তব্য।
			মত টাকা।	তারিখ।	চালানের নম্বর।	মাজিষ্ট্রেট বা প্রতিনিধি সভাপতির নামের আদ্যাক্ষর।	খাজানাখানার কর্ত্তৃপক্ষের নামের আদ্যাক্ষর।	
		টাকা।	টাকা।					

২৯ ধারা।—সরকারী খেয়াঘাটের খাজানার হিসাবে হাত নাগাইদ তলব, আদায় ও বাকী প্রদর্শক একখানি ত্রৈমাসিক বর্ণনাপত্রও রাখিতে হইবে।

চুক্তিপত্রের পাঠ।

অমুক জিলার অমুক থানার অমুক পরগনার অমুক মৌজাবাসি অমুকের পুত্র (যাহাকে পরে ইজারদার বলিয়া লেখা হইয়াছে) আমি শ্রীঅমুককে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব অমুকস্থান হইতে অমুক স্থানগামী পথে স্থিত অমুক নদীর সরকারী খেয়াঘাট এত টাকা——— খাজানায় নিম্নলিখিত নিয়ম ও সর্ত্তে এতদ্দ্বারা ইজারা দিনেন এবং উক্ত ইজারদার আমি উক্ত সরকারী খেয়াঘাটের ইজারা এতদ্দ্বারা গ্রহণ করিতেছি, অর্থাৎ—

১। ইজারদার আমি এত টাকা এই অভিপ্রায়ে আমানত করিয়াছি যে, মাজিষ্ট্রেট সাহেব যাবৎ এই ইজারা শেষ না হয় তাবৎ আমার কর্ত্তৃক এই চুক্তিপত্রের লিখিত সকল নিয়মের উপযুক্তমতে কার্য্য হইবার আংশিক জামীনস্বরূপ ও বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ও ঐ আইনমতে প্রণীত বিধির বিধানগুলি আমার কর্ত্তৃক পালিত হইবার নিমিত্ত ঐ টাকা রাখিবেন এবং কোন খাজানা প্রাপ্য হইলে অথবা উক্ত আইনের ২৩, ২৪ ও ২৫ ধারামতে কোন অর্থদণ্ড বিধান করা গেলে তাহা ঐ টাকা হইতে কাটিয়া লইতে পারিবেন।

২। ইজারদার আমি পূর্ব্বোক্ত আইনের ১৫ ধারানুযায়ি বিধির একখানি নকল পাইয়াছি বলিয়া এবং ঐ আইনের ১০ ধারার যে বিধানানুসারে আমি আইনমতে উক্ত বিধিমতে কার্য্য করিতে বাধ্য তাহা জানি বলিয়া এতদ্দ্বারা স্বীকার করিতেছি। আমি আরো খেয়াঘাটে যে মাসুল আদায় করা যাইবে তাহার একখানি ফর্দ্দ পাইয়াছি স্বীকার করিতেছি।

৩। আমার ইজারা এতকালের জন্য অর্থাৎ অমুক তারিখহইতে অমুক তারিখ পর্য্যন্ত হইবে এবং এই কালের মধ্যে আমি প্রতি বৎসর অমুক তারিখহইতে অমুক তারিখ পর্য্যন্ত খেয়া চালাইতে বদ্ধ থাকিব।

৪। আমি এতদ্দ্বারা নিম্নলিখিত নিয়ম করিতেছি।—

(ক) (খেয়াঘাটের নিমিত্ত এতখানি নৌকা যোগাইয়া দিবার ও) নৌকাগুলি (যাহা খেয়াঘাটের নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব যোগাইয়া দেন) উপযুক্তরূপ মেরামত করিয়া রাখিবার নিয়ম;

(খ) প্রতি নৌকায় এত জন দাঁড়ি মাঝি নিযুক্ত করিবার নিয়ম;

(গ) প্রতিদিন অন্ততঃ এতবার পার করিবার নিয়ম ও;

(ঘ) নামিবার স্থান ও নদীর এক বা উভয় তটে পথিকদের ঘর (করিয়া দিবার ও তাহা) ভাল অবস্থায় রাখিবার নিয়ম।

৫। আমি নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্যে মাসুল লইব না বা দাওয়া করিব না,—

(ক) ডাক, ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেণ্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়।

(খ) কমিসেরিয়াটের কর্ত্তৃপক্ষের নিকটহইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি জন্তু ও যান।

(গ) সামরিক কর্ত্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) পোলীস ও অন্য সরকারী কর্ম্মচারী ও পরওয়ানা জারীকারি পেয়াদা
} আপন আপন প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোড়া পাল্কী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।

(ঙ) জিলার পথ কার্য্যবিভাগের এক্সেকিউটিব কর্ম্মচারি রাজ কার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।

(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃত দেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

৬। যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায়, অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, আমি তাহাদের নিকট মাসুল লইব না বা দাওয়া করিব না।

৭। আমি এতদ্দ্বারা নিম্নলিখিত কিস্তিমতে খাজানা দিবার নিয়ম করিতেছি —

	টাকা	আনা	পাই	তারিখ।
প্রথম	...	...	...	
দ্বিতীয়	...	...	...	
তৃতীয়	...	...	...	
চতুর্থ	...	...	...	

কিন্তু যে কালের জন্যে আমাকে খেয়াঘাট ইজারা দেওয়া হইয়াছে তাহা অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে এই ইজারার কোন নিয়ম ও সর্ত্ত লঙ্ঘন নিমিত্তে অথবা আইনের ১৫ ধারামত বিধির মধ্যে কোন বিধি ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন নিমিত্তে যদি আমাকে খেয়ার কার্য্য হইতে অপসারিত করা

হয় তাহা হইলে আমাকে অপসারিত করিবার ঠিক পরেই যে কিস্তি দেয় হয় তাহা পর্য্যন্ত ও তাহা সুদ্ধ খাজানা দিতে আমি দায়ী থাকিব।

৮। আমার ইজারা চলিবার মধ্যে যদি মাসুলের হার কমান হয় অথবা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়ান যায়, তবে এই চুক্তিপত্র তদনুসারে পরিবর্ত্তিত করিতে হইবে। ঐ পরিবর্ত্তনের ফল কি হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইবার জন্যে আমাকে ন্যায্যমতে সুযোগ করিয়া দিতে হইবে, এবং যদি তাহার পর তাঁহার প্রস্তাবিত সর্ত্ত এরূপ হয় যে আমি তাহাতে যুক্তিসঙ্গতরূপে সম্মত হইতে না পারি তাহা হইলে, আইন অনুসারে আমি মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা অবিলম্বে ফলবৎ করিব, কিন্তু সেই সময়েই উক্ত পরিবর্ত্তন হেতুক যত টাকা খাজানা দিতে ইচ্ছা করি তাহাও বলিব। মাজিষ্ট্রেট সাহেব আমার প্রস্তাব উপযুক্ত নহে বিবেচনা করিলে আমাকে অপসারিত করিয়া অন্য ব্যক্তিকে খেয়াঘাটের কার্য্যভার অর্পণ করিতে পারিবেন, এবং মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা বাহির হইবার পর যতকাল আমি খেয়াঘাটের ভার প্রাপ্ত থাকি ততকালের জন্যে আমি কেবল আমার প্রস্তাবিত হারেই খাজানা দিব।

৯। যদি আমি খেয়াঘাটের খাজানা অথবা আইনমতে নির্দ্ধারিত কোন অর্থদণ্ড দিতে ক্রটি করি অথবা এই চুক্তিপত্রের লিখিত কোন নিয়ম পালন ও তদনুসারে কার্য্য না করি তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আমাকে খেয়াঘাটের কার্য্যভার হইতে অপসারিত করিয়া অন্য কোন ব্যক্তির সহিত উহার বন্দোবস্ত করিতে পারিবেন। ঐরূপে অপসারিত হইলে পর আমি খেয়াঘাটের আয়ের কোন অংশ পাইবার অথবা খেয়াঘাটের জন্য কোন মাসুল আদায় করিবার স্বত্ববান হইব না। এবং যদি খেয়াঘাট যে খাজানায় পুনর্ব্বার ইজারা দেওয়া যায় তাহা আমাকে যত টাকায় ইজারা দেওয়া হইয়াছিল তদপেক্ষা কম হয় ও তাহাতে গবর্ণমেন্টের ক্ষতি হয় তবে ঐ বৈলক্ষণ্য বা ক্ষতির জন্য আমি দায়ী হইব ও যত টাকা বৈলক্ষণ্য বা ক্ষতি হয় তাহা আমার আমানতী টাকা হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে। যত টাকা ক্ষতি হইল আমার নিকট প্রাপ্য খাজানা ও আইনের ১৫ ধারানুযায়ী বিধির ২১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা মাসুল ফেরত দিলেন তৎসমুদয় যদি আমানতী টাকায় না কুলায় তাহা হইলে কমতী টাকা আইনের ১২ ধারার লিখিত প্রকারে আদায় করা যাইতে পারিবে।

১০। আমি মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি অগ্রে না লইয়া খেয়াঘাট কাহারো জিম্মা করিয়া দিব না অথবা উহার দরইজারা দিব না বা উহার দখল ছাড়িব না।

১১। মেরামতের জন্যে রাস্তা বন্ধ হইয়াছে বা বন্যা হইয়াছে বা সেতু ভাঙ্গিয়া গিয়াছে বলিয়া আমি ক্ষতিপূরণের দাবী করিব না।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 14, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ১৪ আগষ্ট ।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড ।

ইশতিহার প্রভৃতি ।

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইস্তাহার।

নিলামের নোটিস।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এইযে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৮ সালের ২৮ মার্চ্চ কিস্তির বাকী বাবত সন ১৮৮৮ সালের ১৬ আগষ্ট তারিখে ঐ জেলার কালেক্টরিতে নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৮৮ সাল তারিখ ১০ই মে।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	পুরা ষ্টেটের সদর জমা।	পুরা ষ্টেট বিক্রয় হইবে কি না।	যদি একটী অংশমাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার মালিকের নাম।	যদি কেবল একটী অংশ বিক্রয় হয় তাহার কত সদর জমা।	যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ।	যদি অংশ বিক্রয় করিতে হয়, তবে তাহার বাকীর পরিমাণ।
২ নং	পং মাগুরা কিঃ কাজনবাড়ীয়া ওগয়রহ।	২৮৩১।/০	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।৶১৮৶১২৸৶১৭॥=আনা।	কালীপ্রসন্ন রায় চৌধুরি ওগয়রহ।	১৩৯৯৸৮	...	৯০৸৮
১১ নং	পং মাগুরা মৌজে শন্তোষপুর ওগয়রহ।	৮১৮/৮।	পুরামহাল ...	......	রাধামোহন মণ্ডল ওগয়রহ	...	৪৬৸১১৸	...
৮৫ নং	পং মাগুরা কিঃ আবগাছীয়া ওগয়রহ	৯৮৪৸/৭	...	১৮৫৯ সালের ১১ আইনে ১১ ধারামতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশের।	হরিশ্চন্দ্র রায় চৌধুরি ওগয়রহ।	৮৬১॥৶১০	...	১৭২।৶৭
৯৫ নং	পং মাগুরা কিঃ শ্রীরামপুর ওগয়রহ ...	৮৩০॥৶৩	পুরামহাল ...	......	জয়মণী দেব্যা ...	...	৩০৯।/৮	...
৯৬ নং	পং মাগুরা কিঃ আকুলস্যা ওগয়রহ ...	১৩৭৩।/৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥০ আনা।	অপূর্ব্বকুমারী দাসী ওগয়রহ।	৬৮৬॥৶৯৷	...	১১৮৸৶১১
৯৮ নং	পং মাগুরা কিঃ মহেশ্বরপুর ওগয়রহ	৫৫৩৶১১	পুরামহাল ...	......	রাধামোহন মণ্ডল ওগয়রহ	...	৩১৲৪	...
১২৩ নং	পং মাগুরা মৌজে দেয়ারক ওগয়রহ	৫৫৮॥/১	পুরামহাল ...	......	পার্ব্বতী চরণ রায় ওগয়রহ	...	১৯৭।/৬	...
১৫১ নং	পং বরিদহাটী ও চক হাটুরিয়া ওগয়রহ।	৩৯৯৩০॥৶১১॥	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৫॥১২॥ আনা।	ত্রৈলোক্যনাথ বিশ্বাস ...	৩৯৩৭৪/১১॥	...	৩০৫॥০॥
২৩০ নং	পং খাসপুর কিঃ চাকুরিয়া ওগয়রহ	১০৬৪॥৶১০	পুরামহাল ...	......	রাধামোহন মণ্ডল ওঃ ...	...	৭৮॥৶২	...
৩২২ নং	পং মুড়াগাছা মৌঃ আলমপুর ওগয়রহ।	১০৫৬৫৲২	...	১৮৫৯ সালের ১১ আইনে ১০ ১১ ধারামতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশের।	অপূর্ব্বকুমারী দাসী ওঃ ...	৬৩৩২।৶৯॥	...	১৯১।৶২॥

৩৫২নং	পং ঘড় ওগয়রহ কিঃ রায়পুর ওগয়রহ।	৭৮৪৭৶৩।	পুরা মহাল ...	......	কালীকৃষ্ণ মণ্ডল ওঃ ...	...	৫৭৮৮২॥	...
৩৬৮নং	পং বালিয়া মৌজে রাজারামপুর ওগয়রহ।	১১৭৪৶১	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালী অংশ ৸০ আনা।	অপূর্ব্বকুমারী দাসী ওঃ	৮৯৫৷৹/৭	...	৪৯।৶
৩৮৬নং	পং আজীমাবাদ তরফ হুদা রসখালী ওগয়রহ।	১৯৪২৭॥১॥	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালী অংশ, ৸৶১৭॥ আনা।	রাধামোহন মণ্ডল ওঃ	১৮০৫৮॥৶৬।	...	৭৪৪।/৪॥
৩৮৯নং	পং বালিয়া কিঃ সন্তোষপুর ওগয়রহ	৯৪৩৫।।/৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা।	রাধামোহন মণ্ডল ওঃ	৮৭৭১৶৷	...	২৯৬৶
৩৯৪নং	পং আজিমাবাদ তরফ কিশোরপুর ওগয়রহ।	৭১০৮৸৯	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা।	রাধামোহন মণ্ডল ওঃ	৬৬০৮৸৬	...	২০৪৲১১
৪০১নং	পং আজিমাবাদ, হুদারামকৃষ্ণপুর ওগয়রহ।	৮৯৪১।।/৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা।	রাধামোহন মণ্ডল ওঃ	৮৩১২৸৶৩।	...	১২৬।৹/৩।
৪০৪নং	পং আজিমাবাদ কিঃ রামেশ্বরপুর ওগয়রহ।	১২৯৯/৫	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালী অংশ ।৷০ আনা।	অপূর্ব্বকুমারী দাসী ওঃ	৬৪৯॥৮।	...	১১৪৸৶৩
৪১১নং	পং মাগুরা কিঃ ধান্যখোলা ওগয়রহ	২৫১৭॥৶১০	পুরা মহাল ...	......	হরিশচন্দ্র রায় চৌধুরি ওঃ।	...	১২৭৩॥৶৮	...
১১৩৬নং	পং ময়দা তরফ বাট্টরা ওগয়রহ ...	১৪৬৮১৷৹/৪	...	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাব ৶৩৸ আনা।	কিশোরীমোহন রায় ওঃ	২৯৩২।৶৪	...	১৫০৮৸/১০
২০৯৬নং	পং উখড়া মৌজে হরিপুর ওগয়রহ	৭৭২৸৶	পুরা মহাল ...	......	রাধাময় দে চৌধুরি ওঃ	...	৪৮।৹/৬	...
২১৩৩নং	পং উখড়া মৌজে ভেঙ্গরিয়া ওগয়রহ	৯৪৬॥৶৮	পুরা মহাল ...	......	সারদাপ্রসন্ন চট্টোপাধ্যায় ওঃ।	...	৪৩৸৶১১	...
২১৬৭নং	পং উখড়া কিঃ ডিহি পারপাটনা ওগয়রহ।	৮১৶৮	পুরা মহাল ...	......	রাধাময় দে চৌধুরি ওঃ	...	৪৫০৶৫	...

A. Forbes,
Collector.

জিলা হুগলী।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জিলা হুগলী।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা হুগলির অন্তর্গত মহাল বা মহালের ভাগাংশ সন ১৮৮৮ সালের ২৮ শে জুন তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায়ের নিমিত্ত সন ১৮৮৮ সালের ২১ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গালা সন ১২৯৫ সালের ৬ আশ্বিন শুক্রবার দিবসে হুগলির কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নীলাম বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৮ সাল তারিখ ১৪ জুলাই।

তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সমুদয় ষ্টেটের সদর জমা।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবে কিনা।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকী রাজস্ব।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব।
১০	রাধাকান্তবাটী পং পাণ্ডুয়া	৬২৪॥৶১১	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	শ্রীহরি নন্দী দিগর ...	৫৯৬৮/১১	...	৩৪/১
২৩	মালিকাপুর পং বালিগড়ি	১০৫৯৫ ৶৮	...	পিরিজপুর, তারামল্যপুর, যোত কৃষ্ণদাস গুরুকে ময়নগর, কালিকাপুর, নেয়ামতপুর, তুল্যান এই ৬ মৌজার রকম ॥/০ আনা ইঃ চিহ্ন হইয়া পৃথক হিসাব পত্তন হইয়াছে।	নবীনচন্দ্র রায় চৌধুরী দিগর ...	১৩৬৯৸০	...	৫১।৶৯
৪৯	হাতিশালা পং চৌমহা ...	১১৫২৯৷৶০	...	রকম ।/৬৷।= আনা অংশ (এ) চিহ্ন হইয়া পৃথক হিসাব পত্তন হইয়াছে।	শ্যামাসুন্দরী দেবী অলি অছি জানবে নাবালক পুত্র আশুতোষ গোস্বামী দিগর।	৩৮৫৬।৶০	...	৫০৩৶০
৫৯	মাধাল ডিহি পং পাণ্ডুয়া	৭২২৮৶১	...	পৃথক হিসাব বাদে বাকী অংশ।	রাজলক্ষ্মী দেব্যা দিগর ...	২২৮॥৶১	...	১।/০
৮১	ডমরগাছা পং মহাম্মদ আমিনপুর।	১২৭২৮/১০	সম্পূর্ণ ...	......	রাধাজীবন মুস্তফী দিগর ...	...	৪৯৮৶৫	...

১১৭	রাজহাট পং খোষালপুর ...	৭২৬৯৩	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর ...	২৬৫।।৴১	...	৬।।৶৪
১৪৩	মল্লীকহাটী পং বোর ...	২৯৬৮৲৮	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	প্রসাদ দাস গোস্বামী দিগর ...	২০১২।।৶৮	...	১১৪।।৴৯ জার ১৮৮৮।২৮ জুন ক।স্তরবাকী৩০।।৴২ ১৮৮৭।২৮ সেপ্টেম্বর কিস্তির বাকী—৮৪।৭
১৯১	হরিপুর আয়মা পং চৌমহা	৮৫১৶২	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর ...	৭৲৶২	...	২৪ ৶৬
৩৫২১	দিগড়া পং বোর ...	৫৩০৶৫	সম্পূর্ণ	০	রামদয়াল বন্দ্যোপাধ্যায় ...	...	৭০৲	...
৩৫৪১	খরসরাই পং বোর ...	১৩১১।৶৬	...	পৃথক হিসাব বাদে বক্রী রকম ।।০ আনা।	ঐ	৬৫৫৸৴৩	...	১৬২।।০
৩৮৭৩	মল্লীকপুর পং শীংহুর ...	৮২৩৬।।২	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	মথুরানাথ বাবু দিগর ...	৬৫৮৯৶২	...	৭১৸৫

G. TOYNBEE, *Collector*

জিলা বীরভূম ।

জমি দারী বিক্রয়ের বিজ্ঞাপন ।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, জিলার বীরভূমের অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ ।২৬ সেপ্টেম্বর মোঃ ১২৯৫ । ১১ আশ্বিন তারিখ নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫,৭৩৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ইতি ১৮৮৮ । ২৪ জুলাই ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬ নং	মুরন্দি পঃ কুন্তবপুর।	১৫৩২/০	সম্পূর্ণ	......	হরিহর চন্দ্র দিগর	......	৬৬৸৶৯	......
৮৭ নং	কাস্টগরিয়া পং থরগ্রাম।	১০৭৩/০	ঐ	......	রামগুরু মুখোপাধ্যায়।	......	৯৲	.....
১৭১ নং	লম্বোদরপুর পং খটঙ্গা।	১১৫২।৶০	ঐ	......	কেদারনাথ মুখোপাধ্যায় দিগর।	......	‖৶৬	......
২০৭ নং	কীর্ণাহার পং কুন্তবপুর।	৭৯৩‖৶০	ঐ	......	ছোট তারিশচন্দ্র ভট্টাচার্য্য।	......	১৶৩	......
১০৮৭নং	কাপস্থন্দি সীতাপুর পরগনে আকবরসাহি।	৬২৮।১০	ঐ	......	গোপেশ্বর সেন	......	১৭৮।৭	......
৭৪ নং	কীর্ত্তিহাট পরগনে থরগ্রাম।	২২২৬‖/০	ঐ	।/১/।	মহানন্দ রায় দিগর	৬৭৪।৶২	......	১৩০৸৶৯
১০৩ নং	খন্না পরগনে খটঙ্গা।	১৩৮৩৶১	ঐ	।৶১৩৸=১।!	নবিন বেহারি সেন দিগর।	৬৬৫।৶২	......	২৮৸৩
১৪৩ নং	শ্যামসুন্দরপুর পরগনে বারবক সিংহ।	২১১৩৸/০	ঐ	‖০	মতিয়ান নেসা বিবি দিগর।	১০৫৬৸৵৬	......	২৬৶৯
১০৫ নং	কুলেরা পরগনে খটঙ্গা।	১৪৭৫‖৶০	ঐ	‖১৯৸=২‖	বনওয়ারিলাল সেন দিগর।	৮৩০৲	৪	৮০৸/১
১৭ নং ২৩৪ নং পৃঃ হিঃ	কাগাস পরগনে সাবেক ময়ুরেশ্বর। ২	১৭১৮২৸/	ঐ	১।=	গিরিশচন্দ্র চট্টোপাধ্যায়।	৭৬/১।	......	৶৩

C. J. S. FAULDER, *Offg. Collector.*

জিলা দিনাজপুর।

জেলা দিনাজপুর কালেক্টরী।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে দিনাজপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের অফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮।২০ সেপ্টেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬১ নং	পং ফুলবাড়ীর মৌজে রামদেবপুর গয়রহ।	৩১৯০৶১০।	......	৵০ তিন আনা।	উমেশচন্দ্র ভাদুড়ি	৫৯৮৵৮ll	......	৬১৵৯
১৭১ নং	পং বাজিতপুর মৌজে বোনড়া গয়রহ।	৪০৩৯।৶১০।	পুরা মহাল	......	সৈদয় আবদুল রহমান, মজফর প্রভৃতি।	.....	২৩১৯৸/১০	......
১৭৫ নং	পং দেওড়া মৌজে বলরামপুর গয়রহ।	৩৮৩৸।৶৫ll	তথা	......	তথা	......	২১১৬ll৵৬	......
১৭৬ নং	পং হুরপুর মৌজে হরিহরপুর গয়রহ।	৪৩১৯ll৵১৬	......	।৶০ সাত আনা।	তথা	১৮৮৯৸/৫।	......	১০৫ll৶৬

Dinagepore Collectorate, the 25th July 1888.

SITAKANT MUKERJEA,
Deputy Collector in-Charge.

জিলা নোয়াখালি।

জমিদারি বিক্রয়ের ইস্তিহার।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোয়াখালির মধ্যবর্ত্তী কালেক্টরির তৌজী ভুক্ত নিম্নলিখিত মহালে ১৮৮৮ সনের ২৮ জুনের সূর্য্যাস্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৯৫ সনের ১৩ আশ্বিন শুক্রবার উক্ত জিলার কালেক্টরির কাছারিতে বিনা আপত্ত্যে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি ১৮৮৮ সন তারিখ ১৬ জুলাই।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহালের নাম এবং পরগণা।	সমুদয় মহালের সদর জমা।	সমুদয় মহাল নিলাম হইবেক কি না।	যদি এক অংশ নিলাম হয় তবে কত অংশ।	যে সম্পত্তি নিলাম হইবে তাহার মালিকের নাম।	যদি এক অংশ নিলাম হয় তাহার সদর জমা কত।	যদি সমুদয় অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত।	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত।
৪৫	কিসমত মহেন্দ্রনারায়ণ পরগনে সুন্দ্বীপ।	৬৩৭/১১	সম্পূর্ণ	......	ঈশানচন্দ্র নন্দী। ...	......	১১৮ll৶৭	......

M. CHAKERVATI,
Dy. Collector in-Charge,
For Offg. Collector.

জেলা বর্দ্ধমান।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে বর্দ্ধমান জেলাস্থিত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেণ্টের যে মালিকী-স্বত্ব আছে তাহা জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে ১৮৮৮।২৮ সেপ্টেম্বর মোং ১২৯৫। ১৩ আশ্বিন শুক্রবার তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদার নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্ব উচ্চ ডাক করিবেন তাঁহাকেই বিক্রয় করা যাইবেক খরিদারকে মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবেক এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবে কেবল চিরস্থায়ী রূপে ধার্য্য হওয়া রাজস্ব আদায় দিতে থাকিবেন।

২। বর্ত্তমান পাট্টা ও বন্দবস্তের কার্য্য ও প্রচলিত আইন দ্বারা যে স্বত্ব অর্পণ হইয়াছে তাহার অধীনে নিলাম হইবেক খরিদার খোদকস্তা রাইয়ত যাহারা রেবিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমাবন্দীতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। খরিদের মূল্য ১০০ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৪। খরিদের মূল্য ১০০ টাকার অধিক হইতে মূল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরে মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবে ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুইপ্রহরে মধ্যে দাখিল করিতে হইবে দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া এই মহাল ত্রুটিকারী খরিদারের ঝুকীতে পুনরায় নীলাম করা যাইবেক ইতি ১৮৮৮। ১৭ জুলাই।

তফশিল নম্বর।	গবর্ণমেণ্টের সম্পত্তির ইষ্টেটমেণ্ট নম্বর।	তৌজীর নম্বর।	মহালের নাম ও পরগনা।	একর হিসাবে জমির পরিমাণ।	ধার্য্য রাজস্ব।	আপসেট প্রাইজ।	মন্তব্য।
১	১৩০	২৭৩৯	অচিন্ত্যনগর ওরফে আটকেটীয়া পঃ রাণীহাটী।	১০।২১	৪॥৶০	৯।০	

W. Oldham,
Asst. Collector.

জেলা বর্দ্ধমান।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে বর্দ্ধমান জেলাস্থিত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে সন ১৮৮৮ সালের ২৮ সেপ্টেম্বর মোং ১২৯৫।১৩ আশ্বিন শুক্রবার তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদার নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্বোচ্চ ডাক করিবেন তাঁহাকেই বিক্রয় করা যাইবেক খরিদারকে মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবেক। এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবে কেবল চিরস্থায়ী রূপে ধার্য্য হওয়া রাজস্ব আদায় দিতে থাকিবেন।

২। বর্ত্তমান পাট্টা ও বন্দবস্তর কার্য্য ও প্রচলিত আইন দ্বারা যে স্বত্ব অর্পণ হইয়াছে তাহার অধীনে নিলাম হইবেক খরিদার খোদকস্তা রাইয়ত যে রাইয়তেরা রেবিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমাবন্দীতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৪। খরিদের মূল্য ১০০ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার

টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া ঐ মহাল ক্রটিদাবি খরিদারের বুঝিতে পুনরায় নিলাম করা যাইবেক ইতি ১৮৮৮।৭ জুলাই।

তরতিব নম্বর।	গবর্ণমেণ্টের সম্পত্তির ষ্টেটমেণ্টের নম্বর।	তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	একর হিসাবে জমির পরিমাণ।	ধার্য্য রাজস্ব।	আপশেট প্রাইজ।	মন্তব্য।
১	১৩৫	৪২৫১	খাটানন্দী পঃ বর্দ্ধমান।	১।৩।১।	২৲	৫৲	

W. Oldham,
Asst. Collector.

জিলা নদীয়া।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আপিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ১৫ সেপ্টেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণমাপত্রের ৫.৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১১৭	ডিহি চণ্ডী পং পাজনগর।	১০২৪৬৶৮ পুঃ—১২৯৶৪	না—	১১৭।০ নং রকম ৶৩ ৸৫ তিল নিলাম হইবে।	সুরেশচন্দ্র মল্লিক দিগর।	১৪৪৭৸৴৬ পুলিশ-১৯(৮	......	২৪।৶৭

W. C. Macpherson,
Collector of Nuddea.

জিলা যশোহর। নিলামের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬,৭ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা যশোহরের অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আপিসে ১৮৮৮ সালের কিস্তি জুনের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ৭ সেপ্টেম্বর মোতাবেক ১২৯৫ সালের ২৩ ভাদ্র শুক্রবার দিবসে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৮৮ সাল। আগষ্ট

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের রাজস্ব।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশের বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার মালিকের নাম।	কোন অংশ বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৫২	কুমড়ী মৌজা পং মনদী।	৫।৯৬৶৮	সম্পূর্ণ	......	ওয়াজেদন্নেছা খাতুন।	.....	৪০৲৯	......

F. H. Barrow, *Collector.*

বিশেষ বিজ্ঞাপন।

চারঘাট সাকিনের মৃত ঈশানচন্দ্র চট্টোপাধ্যায়ের পুত্র শ্রীযুত ক্ষেত্রনাথ চট্টোপাধ্যায় আমার সদর কাছারিতে মুহুরিগিরি পদে এবং গোবরডাঙ্গা নিবাসী মৃত ঈশ্বরচন্দ্র চট্টোপাধ্যায়ের পুত্র শ্রীযুত উমেশচন্দ্র চট্টোপাধ্যায় আমার জমিদারি গোগা আঁচড়ার নাএবী কার্য্যে নিযুক্ত ছিলেন এবং আদালত ঘটিত কার্য্য নির্ব্বাহ করিবার জন্য আমমোক্তার নিযুক্ত ছিলেন এক্ষণে উক্ত ক্ষেত্রনাথ চট্টোপাধ্যায় সন ১২৯৪ সালের ২৬ কার্ত্তিক এবং উমেশচন্দ্র চট্টোপাধ্যায় সন ১২৯৪ সালের ১৫ই পৌষ তারিখে কার্য্য হইতে অবসর গ্রহণ করায় অত্র বিজ্ঞাপন দ্বারায় সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমমোক্তার নামার লিখিত সমস্ত ক্ষমতা তাঁহাদের কার্য্য এস্তবার তারিখ হইতেই রহিত ও কেন্সেল করা হইয়াছে এবং ঐ সময় হইতেই উক্ত চট্টোপাধ্যায়দ্বয় আমমোক্তার স্বরূপে কোন কার্য্য করিলে তাহা বাতিল ও নামঞ্জুর ও তাহা আমার প্রতি বাধ্যকর হইবে না। ইতি সন ১২৯৫ সাল তারিখ ১৮ই শ্রাবণ।

টাকী নিবাসী জমিদার শ্রীসূর্য্যকান্ত রায়চৌধুরী।

(21—1)

গবর্ণমেন্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানী বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেন্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি-নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪।।০ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮।।০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬।।০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তি গণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫।।০ টাকা; ৮ আউন্স টিন ১০।।০ টাকা, ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতা-গণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাক মাসুল দিতে হইবে।

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin, *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরনাশক দানাবান্ধা সিন্কোনা।

লাল সিন্কোনা ছাল হইতে গবর্ণমেন্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬।।০ টাকায়, ৮ ঔন্স টিন ১২।।০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব-সাধারণে কোম্পানীর বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকটে নগদ মূল্য দিলে এইং হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮।।০ টাকায় ৮ ঔন্স টীন ১৬।।০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধানং ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ।।০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাসুল দিতে হইবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mofussil.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	"
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	"
Postage	1	0	0	"
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।		টাকা	
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲	
ডাকমাশুল	"	২॥০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	"	৪৲	
ডাকমাশুল	"	১৲	
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য		।০	
ডাকমাশুল		/০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)...		/০	৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাশুল		/০	

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাশুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে ।

ব্যারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিলড এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন ।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের তাওয়ায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায় ।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half „	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্তৃপক্ষদের কর্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কোণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য:—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।— টাকা।

পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	...	...	২০.
আধ পৃষ্ঠা	...	...	..	১০.
কখন২ ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি		...	...	।০

কলিকাতা বেঙ্গল সেক্রেটেরিয়েট প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 2560 [২৫৬০] [REGISTERED No 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 21, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২১ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

FOREST DEPARTMENT—BENGAL.

NOTIFICATION.

The 7th August, 1888.—In supersession of the notification, dated the 7th June, 1888, published in the *Calcutta Gazette* of the 12th idem, the Lieutenant-Governor is pleased hereby to promulgate the following rules, under section 25 (*i*) of Act VII of 1878 (the Indian Forest Act), regarding hunting, shooting and setting snares or traps, which are applicable to all areas in the Lower Provinces of Bengal that have been, or may hereafter be, declared reserved forests under the said Act:—

1. No person shall in such reserved forest, unless it be necessary in defence of the life or limb of himself or some other, kill or wound any elephant, or catch or attempt to catch elephants.
2. No person shall in such reserved forest set snares or traps.
3. Nothing in the above rules shall be deemed to prohibit any act done with the permission in writing of the Conservator of Forests or of the Local Government.
4. Between the 1st April and the 30th September, both days inclusive, in each year, the killing of the following animals and birds is prohibited:—

Deer and antelope.	Hill and sand grouse.
Hare.	Peafowl.
Pheasant	Florican.
Partridge.	Jungle fowl.

Also spur fowl, all ducks that breed in the country, grey duck, comb duck, pink-headed duck, large and small whistling teal, and cotton teal.

H. J. S. Cotton,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th August, 1888.—The following is published for general information in supersession of the notification, dated the 7th June, 1888, published in the *Calcutta Gazette* of the 12th idem:—

With the previous sanction of the Governor-General in Council, the Lieutenant-Governor is pleased to promulgate the following rules, under section 31(*j*) of Act VII of 1878 (the Indian Forest Act), regarding hunting, shooting, and setting snares and traps, which are applicable to all areas in the Lower Provinces of Bengal that have been, or may hereafter be, declared protected forests under the said Act:—

1. No person shall in such protected forest, unless it be necessary in defence of the life or limb of himself or some other, kill or wound any elephant, or catch or attempt to catch elephants.
2. No person shall in such protected forest set snares or traps.
3. Nothing in the above rules shall be deemed to prohibit any act done with the permission in writing of the Conservator of Forests or of the Local Government.
4. Between the 1st April and the 30th September, both days inclusive, in each year, the killing of the following animals and birds is prohibited:—

Deer and antelope.	Hill and sand grouse.
Hare.	Peafowl.
Pheasant.	Florican.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half "	10

Casual advertisements.—4 annas per line.

INSOLVENCY NOTICES.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the metter of EDWARD FREDERICK WILLIAM LEHZEN (MARQUARD LEHZEN & Co.) an Insolvent.

NOTICE is hereby given that Saturday, the 1st day of September next is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Official Assignee from the 1st day of July 1887 until the 31st day of July 1888, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

The like Notice.—In the matter of WOOMESH CHUNDER BANNERJEE (G. D. LEEMANS & Co). an Insolvent.—Wherein, the account of the Official Assignee from 1st July 1878 to 31st July 1888, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of MODOOSOODUN DUTT, an Insolvent.—Wherein the account of the Official Assignee from 13th April to 31st July 1888, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of COWERJEE BAMONJEE, an Insolvent.—Wherein the account of the Official Assignee from 30th October 1885 to 31st July 1888 has been filed in the Chief Clerk's Office.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 13*th August* 1888.

A. B. MILLER,
Official Assignee.

(22—1)

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌন্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কোন্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২।—

				টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	...	...	২০৲
আধ পৃষ্ঠা	...	...	...	১০৲
কথন২ ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি		...	...	।০

কলিকাতা বেঙ্গাল সেক্রেটেরী প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 22a-- 28-7-88-- 544 --520

Numb. 2561 [২৫৬১]

[REGISTERED No. 3

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 28, 1888.

মঙ্গলবার ১৮৮৮ সাল ২৮ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

FINANCE AND COMMERCE.

NOTIFICATION.

SEPARATE REVENUE.

STAMPS.

JUDICIAL STAMPS.

The 16th August 1888.

No. 4481.—In exercise of the powers conferred by section 35 of the Court-fees Act VII of 1870, and in modification of the Notification No. 1070, dated the 12th February 1874, issued in the Finance Department, the Governor-General in Council has remitted the fee payable under that Act on any application for the deposit of rent in respect of which a fee is paid under section 61 (2) of the Bengal Tenancy Act VIII of 1885.

E. J. SINKINSON,
Offg. Secretary to the Govt. of India.

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্য বিভাগ।

বিজ্ঞাপন।

স্বতন্ত্র রাজস্ব।

ইষ্টাম্প বিষয়ক।

বিচার কার্য্যসম্পর্কীয় ইষ্টাম্প।

সিমলা, ১৮৮৮ সাল ১৬ আগষ্ট।

৪৪৮১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৩৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং রাজস্ব সম্পর্কীয় কার্য্যবিভাগের প্রচারিত ১৮৭৪ সালের ১২ ফেব্রুয়ারি তারিখের ১০৭০ নং বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া খাজানা আমানত করিবার যে দরখাস্তের উপর বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ৬১ ধারার ২প্রকরণ মতে ফী দিতে হয় আদালতের রসুম বিষয়ক উক্ত আইনমতে সেই দরখাস্তের উপর যে ইষ্টাম্প মাসুল লাগে তাহা না দিবার আজ্ঞা করিলেন।

ই. জে, সিনকিনসন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 28, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২৮ আগষ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3312A.

REGISTRATION.—*The 20th August* 1888.—Baboo Bepin Behari Sirkar is appointed, on probation for six months, to be Rural Sub-Registrar of Kandi, in the district of Moorshodabad, *vice* Baboo Gopi Kanto Roy.

Baboo Baikanta Nath Roy is appointed, on probation for one year, to be Rural Sub-Registrar of Bazitpore, in the district of Mymensingh, *vice* Munshi Mahomed Hossein, deceased.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3313A.

The 15th August 1888.—Munshi Hafezuddin Sirkar is appointed to be an Honorary Magistrate for the Kurigram Bench, in the district of Rungpore, and is vested with the powers of a Magistrate of the third class.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bngal.

PUBLIC WORKS DEPARTMENT,—(MARINE).

NOTIFICATION No. 94Mae.

The 21st August 1888.—The following correspondence received from the Government of Bombay, dated the 16th August 1888, regarding the enforcement of B Quarantine Rules at Aden and Perim against arrivals from Barus Island off Sumatra, is published for general information.

C. W. I. HARRISON, *Lieut.-Col.*, R.E.,
Offg. Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

No. 2871A., dated Bombay Castle, the 16th August 1888.

From—J. DeC. ATKINS, Esq., c.s., Under-Secretary to the Government of Bombay, General Department,

To—The Secretary to the Government of Bengal.

IN continuation of my telegram of the 11th instant, I am directed to forward herewith, for the information of the Government of Bengal, copy of a Resolution of this Government, No. 2870, dated 16th idem, and of the Notification issued thereunder, regarding the enforcement of the B Quarantine Rules at Aden and Perim against arrivals from Barus Island off Sumatra.

Quarantine: Imposition of—against Barus Island off Sumatra.

No. 2870, dated Bombay Castle, the 16th August 1888.

GENERAL DEPARTMENT.

Telegram from the Government of India, dated 15th August 1888:—

"Your telegram 11th. Imposition of quarantine at Aden and Perim against arrivals from Barus Island off Sumatra sanctioned."

RESOLUTION.—A notification should be published in a *Bombay Government Gazette* Extraordinary bringing the B Quarantine Rules into operation at Aden and Perim against arrivals from Barus Island off Sumatra.

2. Copies of the notification should be forwarded to the Political Resident, Aden, and the other Officers and Departments concerned, for information, with reference to Government Resolution No. 2801, dated 11th instant. Copies should also be forwarded to the Governments of India, Bengal, Madras and Ceylon, and the Chief Commissioner, Burmah.

J. DeC. ATKINS,
Under-Secretary to Government.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩৩১২ A নম্বর।

রেজিষ্টরীকরণ বিষয়ক।—১৮৮৮ সাল ২০ আগস্ট।—শ্রীযুত বাবু গোপীকান্ত রায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু বিপিনবিহারী সরকার পরীকার্থ ছয় মাসের জন্যে মুরশিদাবাদ জিলার অন্তর্গত কান্দির গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

মুনশী মহম্মদ হুসেনের মৃত্যু হওয়াতে শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ রায় পরীকার্থ একবৎসরের নিমিত্ত ময়মনসিংহ জিলার অন্তর্গত বাজিৎপুরের গ্রাম্য সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৩১৩ A নম্বর।

১৮৮৮ সাল ১৫ আগস্ট।—শ্রীযুত মুনশী হাফেজুদ্দীন সরকার রঙ্গপুর জিলার অন্তর্গত কুড়িগ্রাম বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।—(মেরিন্)

মেরিন্ ৯৪ নং বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২১ আগষ্ট।—সুমাত্রার নিকটস্থ বেরস দ্বীপহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদন ও পেরিমে B চিহ্নিত কারান্টাইন বিধি প্রবল করণ সম্বন্ধীয় বোম্বাইর গবর্ণমেণ্টহইতে প্রাপ্ত ১৮৮৮ সালের ১৬ আগস্ট তারিখের নিম্নলিখিত চিঠিপত্র সাধারণের অবগতির নিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

সি, ডবলিউ, আর, হারিসন,
লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
বঙ্গদেশে গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী।

২৮৭১ A নং, বোম্বাই কাসল, ১৮৮৮ সাল ১৬ আগস্ট।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট,

জেনরল ডিপার্টমেণ্টে বোম্বাই গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত জে, ডিসি, আর্টকিন্স, সি, এস, সাহেবের পত্র।

আমার এই মাসের ১১ তারিখের টেলিগ্রামের আনুক্রমে, আমি বঙ্গদেশের গবর্ণমেণ্টের অবগতি নিমিত্ত এই সঙ্গে এই গবর্ণমেণ্টের এই মাসের ১৬ তারিখের ২৮৭০ নং নির্দ্ধারণের নকল এবং সুমাত্রার নিকস্থ বেরস দ্বীপহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদন ও পেরিমে B চিহ্নিত কারান্টাইন বিধি প্রবল করণ সম্বন্ধে উক্ত নির্দ্ধারণক্রমে প্রচারিত বিজ্ঞাপনের নকল পাঠাইবার আদেশ প্রাপ্ত হইয়াছি।

সুমাত্রার নিকটস্থ বেরস দ্বীপহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে—কারান্টাইন ধার্য্য-কারণ বিষয়ক।

২৮৭০ নং, বোম্বাই কাসল, ১৮৮৮ সাল ১৬ আগস্ট।

জেনরল ডিপার্টমেণ্ট।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টহইতে ১৮৮৮ সালের ১৫ আগস্ট তারিখের এই টেলিগ্রাম পাওয়া গিয়াছে।—

"আপনার ১১ তারিখের টেলিগ্রাম। সুমাত্রার নিকটস্থ বেরস দ্বীপহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে কারান্টাইন ধার্য্য করিবার অনুমতি দেওয়া গেল।"

নির্দ্ধারণ।—সুমাত্রার নিকটস্থ বেরস দ্বীপহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে B চিহ্নিত কারান্টাইন বিধি প্রচলিত করণার্থ অতিরিক্ত বোম্বাই গবর্ণমেণ্ট গেজেটে এক বিজ্ঞাপন প্রকাশ করিতে হইবে।

২। এই মাসের ১১ তারিখের গবর্ণমেণ্টের ২৮০১ নম্বর নির্দ্ধারণ উপলক্ষে অবগতি নিমিত্ত এদনের পোলিটিকাল রেসিডেণ্ট সাহেবের নিকট ও সম্পর্কযুক্ত অন্যান্য কর্ম্মচারী ও কার্য্যবিভাগের নিকট উক্ত বিজ্ঞাপনের নকল পাঠাইতে হইবে। ভারতবর্ষের, বঙ্গদেশের মান্দ্রাজের ও সিংহলের গবর্ণমেণ্টের ও ব্রহ্মদেশের চীফ কমিশ্যনর সাহেবের নিকটও নকল পাঠাইতে হইবে।

জে, ডিসি, আটকিন্স,
গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

GENERAL DEPARTMENT.

Bombay Castle, 16*th August* 1888.

No. 2870.—In exercise of the power conferred by Act I of 1870, the following Rules for Quarantine against Cholera have been made by the Government of Bombay, with the previous sanction of the Governor-General in Council: they have effect from the 9th instant in the Port of Aden and at Perim as a temporary measure:—

I.—The Commander of every vessel, including buggalows or other native craft, arriving from Barus Island off Sumatra shall, before entering the harbour, indicate by signal the port from which such vessel has come.

II.—Such Commander shall not, except as hereinafter provided, allow any communication, either with the pilot boat, except orally, or with the shore, or with any other vessel or boat in the harbour.

III.—Immediately on arrival, the Commander shall cause the letter R of the Commercial Signal Code to be hoisted, and shall keep the said flag flying during his stay in port, or until authorised by the Health Officer to haul it down. If communication with the shore is not desired, the vessel shall anchor at such place as may be pointed out by the Port authorities, having regard to the season of the year. If communication with the shore is desired, the Health Officer shall go alongside the vessel, and, after all necessary enquiries, shall direct the Commander to take the vessel to the quarantine anchorage duly appointed and notified in that behalf by the Resident, there to remain for a period of seven days from the date of arrival, or for the shorter period prescribed in Rule IV, and undergo disinfection, which should apply as well to crew, passengers, effects, and suspectible goods.

IV.—If the Health Officer of the Port has sufficient evidence that no cases of a suspicious nature have taken place on board during the voyage, and if the vessel is besides in good hygienic condition, the duration of the quarantine will be diminished according to the following scale:—

After eight days of voyage		...	...	six days of quarantine.	
Do. nine	ditto	...	...	five	ditto.
Do. ten	ditto	...	...	four	ditto.
Do. eleven	ditto	...	...	three	ditto.
Do. twelve	ditto	...	...	two	ditto.
Do. thirteen	ditto	and upwards	...	twenty-four hours of quarantine.	

V.—If during the period a vessel is at the quarantine anchorage aforesaid, any case or cases of cholera should occur on board, the said vessel shall remain in quarantine for a period of seven days from the date of the last case occurring, and be subject to all the prohibitions provided for in Rule III.

VI.—When any vessel has been placed in quarantine as aforesaid, the Health Officer may direct the removal of so many of the passengers and crew as may not be suffering from illness, and whose services may not be required on board the vessel, to such particular spots as may from time to time be selected by the Resident as places of quarantine, there to remain for a period of seven days. If a case of cholera occurs among such passengers and crew during any such period, they shall remain in a place of quarantine for a period of fifteen days from the date of the occurrence of the last case of such illness.

VII.—Any mails or cargo which may be brought by any vessel so arriving shall be landed under such precautions as the Health Officer may deem necessary to prevent the spread of the disease.

VIII.—It will be the duty of the Port Officer to facilitate the conveyance to all vessels in quarantine of such supplies of provisions, stores and other articles as may be required by those on board. Such supplies will be placed on the boats of the vessels in quarantine to be subsequently removed by members of their crews.

IX.—All vessels arriving at Aden and Perim, which may have communicated with vessels coming from Barus Island off Sumatra, shall be subjected to the same quarantine as vessels arriving at Aden and Perim from that Port.

X.—All vessels which have undergone quarantine in the manner above prescribed should have the fact clearly stated on their Bills of Health.

By order of His Excellency the Right Hon'ble the Governor in Council,

J. NUGENT,
Chief Secretary to Government.

জেনরল ডিপার্টমেণ্ট।

বোম্বাই কাসল, ১৮৮৮ সাল ১৬ আগষ্ট।

১৮৭০ নম্বর।—বোম্বাইর গবর্ণমেণ্টে ১৮৭০ সালের ১ আইনক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক ওলাউঠা সম্বন্ধে নিম্নলিখিত কারাণ্টাইন বিধি প্রণয়ন করিয়াছেন; উক্ত বিধি এই মাসের ৯ তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্ত এদন বন্দরে ও পেরিমে বলবৎ হইবে।

১।—সুমাত্রার নিকটস্থ বেরস দ্বীপহইতে আগত বগালো ও অন্যান্য দেশীয় জাহাজ সমেত প্রত্যেক জাহাজের কাপ্তান বন্দরে প্রবেশ করিবার পুর্ব্বে উক্ত জাহাজ যে বন্দরহইতে আসিয়াছে সিকনেল দ্বারা তাহা জানাইবেন।

২।—উক্ত কাপ্তান পশ্চাল্লিখিত বিধানক্রমে না হইলে আড়কাটী বোটের সহিত মৌখিক ভিন্ন অন্য কোনরূপ সংস্রব কিম্বা কুলের সহিত অথবা বন্দরস্থ অন্য কোন জাহাজের বা বোটের সহিত কোনরূপ সংস্রব করিতে দিবেন না।

৩।—পৌঁছিবামাত্র কাপ্তান কমর্শল সিকনল বিধির R চিহ্নিত নিশান তুলিয়া দিবে ও যতকাল বন্দরে থাকেন অথবা যতকাল উহা নামাইতে স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষের অনুমতি না পান, ততকাল উক্ত নিশান উড্ডীয়মান রাখিবেন। কূলের সহিত সংস্রব করা বাঞ্ছিত না হইলে, বৎসরের সময় বিবেচনায় বন্দরের কর্ত্তৃপক্ষেরা যে স্থান দেখাইয়া দেন জাহাজ সেই স্থানে নঙ্গর করিয়া থাকিবে। কূলের সহিত সংস্রব করা বাঞ্ছিত হইলে, স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষ ঐ জাহাজের পার্শ্বে যাইবেন ও সমুদয় আবশ্যক অনুসন্ধান লইবার পর কারাণ্টাইন সূত্রে নঙ্গর করিয়া রাখিবার নিমিত্ত রেসিডেণ্ট সাহেব কর্ত্তৃক যথাবিধি নিরূপিত ও বিজ্ঞাপিত স্থানে জাহাজ লইয়া যাইতে কাপ্তানকে আদেশ করিবেন। তথায় পঁহুছিবার তারিখ অবধি সাত দিন কাল অথবা ৪ ধারার নির্দ্দিষ্ট অল্পতর কাল ঐ জাহাজের থাকিতে ও তাহার রোগসঞ্চারশক্তি নষ্ট করিতে হইবে। মাল্লা, আরোহী, মাল ও যাহাতে রোগসঞ্চার হইয়াছে বলিয়া সন্দেহ হয় এমত দ্রব্যেরও রোগসঞ্চার শক্তি নষ্ট করিতে হইবে।

৪।—যদি বন্দরের স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ উপযুক্ত প্রমাণ পান যে সমুদ্র যাত্রায় জাহাজে সন্দিগ্ধভাবের কোন পীড়া ঘটে নাই এবং যদি জাহাজ এতদ্ব্যতীত উত্তম স্বাস্থ্যকর অবস্থায় থাকে তবে নিম্নলিখিত ফর্দ্দ অনুসারে কারাণ্টাইনের কাল কমাইয়া দেওয়া যাইবে—

৮	দিন সমুদ্রযাত্রার পর	...	...	কারাণ্টাইন	৬	দিন
৯	ঐ	...	...	ঐ	৫	ঐ
১০	ঐ	...	...	ঐ	৪	ঐ
১১	ঐ	...	...	ঐ	৩	ঐ
১২	ঐ	...	..	ঐ	২	ঐ
১৩	ঐ	ও তদূর্দ্ধ হইলে	...	চব্বিশ ঘণ্টা।		

৫।—কারাণ্টাইন সূত্রে নঙ্গর করিয়া থাকিবার পুর্ব্বোক্ত স্থানে কোন জাহাজ থাকিবার সময়ে ঐ জাহাজে কোন ব্যক্তির ওলাউঠা হইলে, শেষ ব্যক্তির পীড়ার তারিখ অবধি সাত দিন কাল উক্ত জাহাজের কারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে ও ৩ ধারার নির্দ্দিষ্ট সমুদয় নিষেধ মান্য করিতে হইবে।

৬।—পূর্ব্বোক্তরূপে কোন জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে স্থাপিত হইলে যতজন আরোহী ও মাল্লা পীড়িত হয় নাই ও যাহাদিগকে কর্ম্ম করণার্থে জাহাজে থাকিবার প্রয়োজন নাই, তাহাদিগকে রেসিডেণ্ট সাহেব কারাণ্টাইনের স্থান বলিয়া সময়ে২ যেই বিশেষ স্থান নির্ব্বাচন করেন সেই২ স্থানে লইয়া যাইতে স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষ আদেশ করিতে পারিবেন। তথায় তাঁহাদের সাত দিন কাল থাকিতে হইবে। উক্ত কালের মধ্যে উক্ত আরোহী ও মাল্লাদের মধ্যে কাহারও ওলাউঠা হইলে, শেষ ঐরূপ পীড়া হইবার তারিখ অবধি পনের দিন তাহাদের কারাণ্টাইন করিবার কোন স্থানে থাকিতে হইবে।

৭।—উক্তরূপে আগত কোন জাহাজে যে ডাক বা মাল আনীত তাহা স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ রোগের বিস্তার নিবারণার্থ যে সকল সাবধানতা অবলম্বন করা আবশ্যক বিবেচনা করেন তদধীনে নামান যাইবে।

৮।—যে সকল জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে থাকে, সেই সকল জাহাজস্থ ব্যক্তিদের প্রয়োজন মত খাদ্য ও অন্যান্য দ্রব্য উক্ত জাহাজে লইয়া যাইবার সুবিধা করিয়া দেওয়া বন্দরের কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য কারাণ্টাইনের অধীন জাহাজের বোটে ঐ দ্রব্য রক্ষিত হইবে ও পরে মল্লারা তাহা উঠাইয়া লইয়া যাইবে।

৯।—এদনে ও পেরিমে আগত যে সকল জাহাজ সুমাত্রার নিকটস্থ বেরস দ্বীপহইতে আগত জাহাজের সহিত সংস্রব রাখিয়াছে, সে সকল জাহাজের উক্ত বন্দরহইতে এদনে ও পেরিমে আগত জাহাজের ন্যায় কারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে।

১০।—যে সকল জাহাজ উপরি নির্দ্দিষ্ট প্রকারে কারাণ্টাইন করিয়াছে, তাহাদের স্বাস্থ্যসংক্রান্ত বিলে এই কথা স্পষ্ট করিয়া লেখা থাকিবে।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর প্রকৃত মাননীয় শ্রীযুত গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে, নুজেণ্ট,

গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৮ সাল, ২৮ আগষ্ট।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

রাজস্ব বিষয়ক সরকুলার।

১৮৮৮ সালের জুন মাস।

শ্রীযুত রেনলড্স সাহেব।

---

১ নম্বর।

জলপাইগুড়ি ও দার্জ্জিলিং জেলায় চার চাষের নিমিত্ত পতিত জমির ও জলপাইগুড়ি জেলার চাষোপযোগী জমির পাট্টা বিলি বিষয়ক ১৮৮৮ সালের ১৬ মে তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত বিধি সমূহ, প্রকাশিত হইবার তারিখ হইতে, বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ১০ অধ্যায়ের ৩ পরিচ্ছেদের অন্তর্গত বিধিসমূহের পরিবর্ত্তে বলবৎ হইল এবং শেষোক্ত বিধিসমূহ এতদ্দ্বারা রহিত হইল।

২। যে সকল ব্যক্তি পূর্ব্ব হইতেই ঐ সকল জেলায় চায় বা চাষের উপযোগী গ্রাণ্ট রাখেন, তাঁহারা ঐ সমস্ত বিধি প্রকাশের তারিখ হইতে ৬ মাসের মধ্যে ডেপুটী কমিশ্যনরের নিকট ঐ সকল গ্রাণ্ট নূতন বিধির অধীন হয় এইরূপ ইচ্ছা প্রকাশ করিলে তাহা ঐ সমস্ত বিধির অধীনে আনীত হইতে পারিবে। কিন্তু যদি নূতন বিধিগুলির কিছুমাত্র বাদ না দিয়া মনোনীত করা না হয় তাহা হইলে ঐরূপ কোন দরখাস্ত গ্রাহ্য হইবে না।

৩। সংশোধিত "পতিত জমি বিষয়ক পুস্তক" মুদ্রিত হইতেছে ও শীঘ্রই বাহির হইবে।

---

২ নম্বর।

নিম্নলিখিত কথাগুলি ১৮৮৮ সালের সেস পুস্তকের ৫৫ পৃষ্ঠায় ১ম পরিচ্ছেদের ৫ ধারায় যোগ করিতে হইবে :—

"গবর্ণমেণ্টের ১৮৮৮ সালের ১১ই মে তারিখের ২১২১ নং আদেশানুসারে, রাজস্ব সম্বন্ধীয় বৎসর শেষ হওয়ার পর ১২ মাস অতীত হইলে, গবর্ণমেণ্ট ঐ বৎসরের নিমিত্ত লোকাল ফণ্ড সমূহে দেয় টাকা দিতে বাধ্য থাকিবেন না। অতএব যদি ডিষ্ট্রিক্ট বোর্ডকে উহার কৃত খরচের অংশ পাইতে হয় তাহা হইলে ঐ বোর্ডের পক্ষীয় কালেক্টরগণের কর্ত্তব্য যে তাঁহারা সকল স্থলে বোর্ড যে টাকা পাইবার অধিকারী তাহার নিমিত্ত বিলম্ব না করিয়া দরখাস্ত করেন।"

৩ নম্বর।

সান্নারীজ কমিশন তাঁহাদের রিপোর্টের ৯০ পারাগ্রাফে রোডসেস ও পবলিক ওয়ার্কসেস সম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছেন তদ্বিষয়ক গবর্ণমেন্টের আদেশানুসারে বোর্ড ১৮৮৮ সালের সেসপুস্তকের ৭৩ পৃষ্ঠায় ২ পংক্তিতে (৮ পরিচ্ছেদের ২ ধারা) "কমিশ্যনর" এই শব্দের পরিবর্ত্তে "জেলার কালেক্টর" এই শব্দগুলি সন্নিবিষ্ট করিতে আদেশ করিলেন।

উপরি লিখিত ধারার পার্শ্বলিখনেও ঐরূপ সংশোধন করিতে হইবে।

---

৪ নম্বর।

১৮৮৮ সালের সেস পুস্তকের ৮৬ পৃষ্ঠায় B ক্রোড়পত্রের অন্তর্গত ১নং রেজিষ্টরী প্রস্তুত করণ বিষয়ক উপদেশ সমূহের ১ম পারাগ্রাফের শেষে নিম্নলিখিত উপদেশ যোগ করিতে হইবে।—

রেলওয়ে সংক্রান্ত যে সমস্ত পরিত্যক্ত "B" শ্রেণীর ভূমি নিষ্কর করিয়া বিক্রীত হইয়াছে তাহা এই রেজিষ্টরীতে লিখিয়া রাখিতে হইবে।

---

৫ নম্বর।

নিম্নলিখিত বিধি ১৮৮৮ সালের সেস পুস্তকের ৬৫ পৃষ্ঠায় ২ পরিচ্ছেদের ৪১ ধারারূপে যোগ করিতে হইবে :—

৪১। ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের ৪ ধারায় প্রদত্ত জমীর বাৎসরিক মূল্যের লক্ষণে কৃষক কর্ত্তৃক প্রদত্ত মোট খাজানা ও জমী যাহার ভোগে বা দখলে আছে তৎকর্ত্তৃক প্রদত্ত খাজানা এই উভয়ের অন্যতরের উপর বাৎসরিক মূল্য হিসাব করিবার অনুমতি থাকায়, যে স্থলে দ্বিতীয় খাজানা প্রথমাপেক্ষা অধিক হইবে সে স্থলে ঐ খাজানাই বাৎসরিক মূল্য বলিয়া গণ্য হইবে। কিন্তু যদি ঐ আধিক্য সিকস্তির দরুণ ঘটিয়া থাকে তাহা হইলে প্রজারা যে মোট খাজানা দিয়া থাকে তাহার উপরই বাৎসরিক মূল্য হিসাব করিতে হইবে।

যে স্থলে মধ্যস্বত্বাধিকারী নিজ প্রজার নিকট হইতে যত টাকা পায় তদপেক্ষা অধিক টাকা জমিদারকে দেয় সেই স্থলে মহালের কর নির্দ্ধারণের কথা।

উদাহরণ।

	টাকা।
কোন মহালের দরুণ জমিদার কর্ত্তৃক প্রদত্ত গবর্ণমেন্টের রাজস্ব	১০০০
ঠিকাদার জমিদারকে দেয়	২০০০
রায়ৎ ঠিকাদারকে দেয়	১৫০০

এই মহালের বাৎসরিক মূল্য ২০০০ টাকা অর্থাৎ ঠিকাদার কর্ত্তৃক দত্ত খাজানা। সর্ব্বোচ্চ হারে (টাকায় এক আনা) গবর্ণমেন্টকে দেয় মোট সেস ১৫০০ আনা অর্থাৎ ২০০০ আনা, বাদ ৫০০ আনা। এই ৫০০ আনা জমিদার আইনানুসারে রাজস্বের প্রত্যেক টাকার উপর অর্দ্ধ আনা হারে বাদ দিতে পারেন।

স্বার্থযুক্ত ভিন্ন ভিন্ন ব্যক্তিরা নিম্নলিখিতরূপে ঐ ১৫০০ আনা প্রদান করে :—

	আনা।
রায়তেরা তাহাদের প্রদত্ত খাজানার উপর আধ আনা হিসাবে দেয় অর্থাৎ ...	৭৫০
ঠিকাদার তাঁহার প্রদত্ত খাজানা ২০০০ টাকার উপর আইন অনুসারে টাকায় আধ আনা হিসাবে বাদ দিতে পারেন, সুতরাং তিনি কেবল ১০০০ আনার জন্য দায়ী। ঐ ১০০০ আনার মধ্যে ৭৫০ আনা তিনি রায়ৎদিগের নিকট হইতে আদায় করেন। সুতরাং তাঁহার নিট দেয়	২৫০
জমিদার তাঁহার মহালের মূল্যের উপর ২০০০ আনা দেন। কিন্তু তিনি আইন অনুসারে গবর্ণমেন্টকে দেয় রাজস্বের প্রত্যেক টাকার উপর আধ আনা হিসাবে অর্থাৎ ৫০০ আনা বাদ পাইয়া থাকেন। সুতরাং তাঁহাকে ১৫০০ আনা দিতে হয়। ঐ ১৫০০ আনার মধ্যে তিনি ১০০০ আনা (৭৫০+২৫০) ঠিকাদারের নিকট হইতে আদায় করেন। সুতরাং তাঁহার নিট দেয়	৫০০
গবর্ণমেণ্টকে দেয় মোট ...	১৫০০

যদি এই মহালের রায়তদিগকে ২০০০ টাকা খাজানা দিতে হইত ও ঠিকাদারের দেয় খাজানা যদি ১৫০০ টাকা হইত তাহা হইলে কাহাকে কিরূপ দিতে হইত তাহা তুলনার নিমিত্ত লেখা যাইতে পারে। এইরূপ স্থলে

	আনা
রায়ৎদিগকে দিতে হইত	১০০০
ঠিকাদারকে দিতে হইত (রায়ৎদিগের নিকট হইতে সংগৃহীত ১০০০ আনা বাদ আইন অনুসারে প্রাপ্য অংশ ৭৫০ আনা)—	২৫০
জমিদারকে দিতে হইত ২০০০ আনা বাদ আইন অনুসারে প্রাপ্য অংশ ৫০০ আনা =১৫০০ আনা। কিন্তু তিনি ঠিকাদারের নিকট হইতে ১২৫০ আনা (১০০০+২৫০) আদায় করিতেন এবং নিজে কেবল দিতেন	২৫০
মোট ...	১৫০০

---

৬ নম্বর।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১৯০ ধারার ৫ উপধারামতে গবর্ণমেন্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট বিধির "প্রধান উৎপাদ্য খাদ্য শস্য ও দরের তালিকা" বিষয়ক ২ অধ্যায় সাধারণের অবগতির নিমিত্ত পুনঃ প্রচার করিবার সময় বোর্ড তৎসহ প্রচারিত পরিশিষ্ট উপদেশের প্রতি মনোযোগ আকর্ষণ করিতেছেন। এই সকল উপদেশ দরের তালিকা প্রস্তুত করণ বিষয়ে কর্ম্মচারিগণের উপদেশার্থ বোর্ড কর্ত্তৃক প্রণীত হইয়া গবর্ণমেন্ট কর্ত্তৃক অনুমোদিত হইয়াছে।

২ অধ্যায়।—প্রধান উৎপাদ্য খাদ্য শস্য ও দরের তালিকা বিষয়ক বিধি।

১। ৩৯ (ক) ধারা।—এই ধারামত স্থান বলিতে এই বিধির দ্বিতীয় তফসীলের * লিখিত স্থান বুঝাইবে, এবং প্রত্যেক স্থানের নিমিত্ত উক্ত তফসীলের নির্দ্দিষ্ট বাজারে দর লিপিবদ্ধ করা যাইবে।

*এই সরকুলরের সহিত তফসীলটী পুনঃপ্রচার করা আবশ্যক বোধ হইল না।

২। ৩৯ (গ) ধারা।—কালেক্টর সাহেব আপন জিলার বিশেষ বিশেষ খাদ্য শস্য অপেক্ষাকৃত যে পরিমাণে জন্মে তৎসম্বন্ধে যেরূপ তদন্ত লওয়া আবশ্যক বিবেচনা করেন সেইরূপ তদন্ত লইবার পর প্রত্যেক স্থানে যে কিম্বা যে যে খাদ্য শস্য অতি বিস্তৃতরূপে জন্মে বলিয়া বোধ করেন তাহা নির্দ্দেশ করিয়া আপন আফিসে ও মহকুমার কাছারীতে এক নোটিস লটকাইয়া দিবেন। উচ্চ ভূমিতে ও নিম্ন ভূমিতে যে যে শস্য জন্মে ঐ নোটিসে সাধ্যমত তাহা পৃথক করিয়া দেখাইতে হইবে ও ঐ নোটিস প্রকাশ করণের ১৫ দিনের পরে না হয় উহাতে এমন দিন ধার্য্য করা যাইবে। ঐ দিনে সকল আপত্তি বিবেচনা করিয়া দেখা যাইবে। তদ্রূপে ধার্য্য দিনে কালেক্টর সাহেব নোটিসের প্রস্তাবিত প্রধান প্রধান উৎপাদ্য খাদ্য শস্যের তালিকার প্রতি কোন আপত্তি হইয়া থাকিলে, উহা বিবেচনা করিয়া দেখিয়া তৎসম্বন্ধে আপন মত রেবিনিউ বোর্ডে রিপোর্ট করিবেন। রেবিনিউ বোর্ড যেরূপ মন্তব্য আবশ্যক বোধ করেন তাহা সুদ্ধ কালেক্টর সাহেবের মত স্থানীয় গবর্ণমেন্টে পাঠাইবেন। স্থানীয় গবর্ণমেন্ট কালেক্টর সাহেবের ও রেবিনিউ বোর্ডের রিপোর্ট বিবেচনা করিয়া দেখিয়া প্রধান উৎপাদ্য খাদ্য শস্য বলিয়া প্রত্যেক স্থানে কি কি শস্য গণ্য হইবে ইহা স্থির করিয়া কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিবেন।

৩। অন্যূন বিশ দিন অন্তর মাসের মধ্যে একটী হাটের দিনে প্রধান উৎপাদ্য খাদ্য শস্যের দরের তালিকা প্রস্তুত করিতে হইবে। রেবিনিউ বোর্ডের কর্ত্তৃত্বাধীনে কালেক্টর সাহেব ঐরূপ হাটের দিন নির্ব্বাচন করিয়া লইবেন।

৪। পূর্ব্ব বিধির নির্দ্দিষ্ট দিনে দরের তালিকার উল্লিখিত বাজারে যে খুজরা চলিত দরে কোন প্রধান উৎপাদ্য খাদ্য শস্য প্রকৃতপক্ষে বিক্রীত হয়, তাহাই উক্ত শস্যের দর বলিয়া লিপিবদ্ধ হইবে।

বোর্ডের পরিশিষ্ট উপদেশ।

গবর্ণমেন্ট কর্ত্তৃক প্রচারিত বিধির ৩ ধারার নির্দ্দিষ্ট দিনে দরের তালিকার উল্লিখিত বাজারে যে খুজরা চলিত দরে কোন প্রধান উৎপাদ্য খাদ্য শস্য প্রকৃত পক্ষে বিক্রীত হয় তাহাই ৪ ধারা মতে উক্ত শস্যের দর বলিয়া লিপিবদ্ধ হইবে —

(ক) প্রধান উৎপাদ্য শস্যের ভালমন্দ বিবেচনার উক্ত শস্যের ভিন্ন২ রকমের মূল্যের গড় যাহা হইবে তাহাই উহার দর বলিয়া লিপিবদ্ধ হইবে।

(খ) টাকায় কণ্টিমত ওজনের আশি তোলার এত সের এই বলিয়া দর দিতে হইবে।

(গ) সাবধানপূর্ব্বক দেখিতে হইবে যে ঐ স্থানেই যে যে প্রধান উৎপাদ্য শস্য উৎপন্ন হয় তাহারই মূল্য ধরা হইল, আমদানী করা শস্যের নহে।

(ঘ) চাউল প্রধান উৎপাদ্য শস্য হইলে তৎকালে মধ্যবিত্ত ও গরিব লোকে যে মোটা চাউল (ধান্য নহে) খাইতেছে তাহার দরেরগড় দর বলিয়া লিপিবদ্ধ করিতে হইবে।

(ঙ) ভিন্ন ভিন্ন প্রকারের আমন শস্যের গড় দর সম্বৎসর দেখাইতে হইবে ও আউস শস্যের দর স্বতন্ত্র করিয়া যেং মাসে উহা বিক্রয় হয় সেইং মাসে দেখাইতে হইবে।

(চ) পুরাতন ও নূতন উভয় প্রকার শস্যই বাজারে বিক্রয় হইলে পুরাতন ও নূতন শস্যের দর পৃথক ২ করিয়া দেখাইতে হইবে।

৫। সব ডেপুটী কালেক্টরের নিম্নপদস্থ না হন এরূপ একজন গেজেটে লেখা কর্ম্মচারী সাধানাতঃ দরের তালিকা প্রস্তুত করিবেন। কিন্তু বিশেষ স্থলে সব-ডেপুটী কালেক্টর পাওয়া যাইতে না পারিলে কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক তালিকা প্রস্তুত করিবার ক্ষমতা কোন কানুন-গোকে দিতে পারিবেন।

৬। দরের তালিকা প্রস্তুত করিবার ভার প্রাপ্ত প্রত্যেক কর্ম্মচারী একটী রিকার্ড রাখিবেন, তাহাতে সাধ্যমত

(ক) যে বাজারে দর লিপিবদ্ধ করিতে হইবে, সেই বাজারে তাঁহার যাইবার তারিখ ও

(খ) তাঁহার সাক্ষাতে যে যে বিক্রয় হয়, সেই সেই বিক্রয় সম্বন্ধে বিক্রেতা ও ক্রেতার নাম বিক্রীত দ্রব্যের পরিমাণ ও তাহার দর লিখিতে হইবে।

বোর্ডের পরিশিষ্ট বিধি।

৬ ধারামতে দরের তালিকা প্রস্তুত করিবার ভার প্রাপ্ত প্রত্যেক কর্ম্মচারী একটী রিকার্ড রাখিবেন, তাহাতে সাধ্যমত

(ক) যে বাজারে দর লিপিবদ্ধ করিতে হইবে, সেই বাজারে তাঁহার যাইবার তারিখ ও

(খ) তাঁহার সাক্ষাতে যে২ বিক্রয় হয়, সেই২ বিক্রয় সম্বন্ধে বিক্রেতা ও ক্রেতার নাম, বিক্রীত দ্রব্যের পরিমাণ ও তাহার দর লিখিতে হইবে।

(গ) এই ধারাতে দরের তালিকা প্রস্তুত করিবার ভারপ্রাপ্ত কর্ম্মচারির নিকট যে রিকার্ড থাকিবার নির্দ্দেশ হইয়াছে তাহাতে সময়ে সময়ে যে যে প্রকারের চাউল নির্ব্বাচিত হয় তাহার দেশীয় ভাষায় নাম ও ভালমন্দ বিবেচনায় ভিন্ন২ রকমের অন্য যে২ প্রধান খাদ্য শস্য নির্ব্বাচিত হয় তাহাও দিতে হইবে। এইরূপ করিলে ভবিষ্যতে যে ভিন্ন ভিন্ন গুণের খাদ্য শস্য ও দর লিপিবদ্ধ হইবে তাহার সহিত তুলনা হইতে পরিবে এবং দরের তালিকা প্রস্তুত করিবার ভারপ্রাপ্ত কর্ম্মচারির পরিবর্ত্তন হইলে নূতন কর্ম্মচারী তাঁহার পূর্ব্ববর্ত্তী কর্ম্মচারী কিরূপ গুণের প্রধান খাদ্য শস্য নির্ব্বাচন করিয়াছিলেন তাহাও জানিতে পারিবেন।

৭। সদর মহকুমায় চিহ্নিত ডেপুটী কালেক্টর ভিন্ন কোন কর্ম্মচারী অথবা অন্য মহকুমায় মহকুমার কর্ত্তৃপক্ষের অধীন কোন কর্ম্মচারী দরের তালিকা প্রস্তুত করিলে তাহা স্থলবিশেষে চিহ্নিত ডেপুটী কালেক্টরের কিম্বা কালেক্টর সাহেব কর্ত্তৃক তদর্থে বিশেষমতে নিযুক্ত ডেপুটী কালেক্টরের কিম্বা মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট অর্পণ করিতে হইবে। তিনি তালিকাগুলি বিশেষ করিয়া পরীক্ষা করিয়া দেখিবেন, তিনি কৈফিয়ৎ চাহিতে ও স্পষ্ট ভুল সংশোধন করাইতে পারিবেন, এবং তালিকাগুলির শুদ্ধতা সম্বন্ধে আপনার হৃদ্বোধ জন্মিলে তাহাতে ক্রোড়স্বাক্ষর করিবেন।

৮। যে যে দরের তালিকা যে যে বাজারের সহিত সম্পর্ক রাখে, সেই সেই দরের তালিকা সেই সেই বাজারে, আর কালেক্টর সাহেবের বা মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারীতে এবং ঐ স্থানের অন্তর্গত প্রত্যেক থানায় ও মুনসেফীতে এক সপ্তাহের অন্যূন কাল প্রকাশ করা যাইবে।

বোর্ডের পরিশিষ্ট উপদেশ।

৮ ধারামতে যে যে দরের তালিকা যে যে বাজারের সহিত সম্পর্ক রাখে, সেই সেই দরের তালিকা সেই সেই বাজারে, আর কালেক্টর সাহেবের বা মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারীতে এবং ঐ স্থানের অন্তর্গত প্রত্যেক থানায় ও মুনসেফীতে এক সপ্তাহের অন্যূন কাল প্রকাশ করিতে হইবে।

এই ধারামতে যে দরের তালিকা প্রকাশিত হইবে তাহা নিম্নলিখিত পাঠে হইবে:—

অমুক জিলার অমুক মহকুমার অমুক স্থানের ১৮৮ সালের অমুক মাসের দরের তালিকা বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ৩৯ ধারার ৩ প্রকরণমতে প্রকাশ করা গেল। উপরি উক্ত স্থানের কোন ভূম্যধিকারির বা প্রজার এই তালিকার লিখিত কোন কথা সম্বন্ধে যে আপত্তি থাকে তাহা ঐ তালিকা প্রকাশ হইবার তারিখ হইতে এক মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকট লিখিয়া উপস্থিত করিতে হইবে:—

প্রধান উৎপাদ্য খাদ্য শস্য।	টাকায় ৮০ তোলার যত সের বিক্রয় হয়।	মন্তব্য।

জিলা
মহকুমা
কালেক্টরী
তারিখ ১৮৮ সাল—

তালিকা প্রস্তুতকারী কর্ম্মচারির স্বাক্ষর
____
পদ________________

৯। পূর্ব্ববিধির উল্লিখিতমত যেং দরের তালিকা যেং বাজারের সহিত সম্পর্ক রাখে, সেইং তালিকা সেইং বাজারে প্রকাশ করণের কাল গত হইলে পর তালিকা গুলির প্রতি যে কোন আপত্তি করা হয় সেই আপত্তি সহিত এবং যে চর্ম্মগারিরা তালিকা প্রস্তুত ও ক্রোড় স্বাক্ষর করেন, ঐ আপত্তি সম্বন্ধে তাঁহাদের ও কালেক্টর সাহেবের মত সহিত ঐ তালিকাগুলি বোর্ডে পাঠাইতে হইবে।

বোর্ডের পরিশিষ্ট উপদেশ।

৯ ধারামতে, পূর্ব্ববর্ত্তী বিধির উল্লিখিত মত যেং দরের তালিকা যেং বাজারের সহিত সম্পর্ক রাখে, সেইং তালিকা সেইং বাজারে প্রকাশ করণের কাল গত হইলে পর তালিকা গুলির প্রতি যে কোন আপত্তি করা হয় সেই আপত্তি সহিত এবং যে কর্ম্মচারিরা তালিকা প্রস্তুত ও ক্রোড় স্বাক্ষর করেন, ঐ আপত্তি সম্বন্ধে তাঁহাদেরও কালেক্টর সাহেবের মত সহিত ঐ তালিকা গুলি বোর্ডে পাঠাইতে হইবে।

(ক) তালিকাগুলি বোর্ডে নিম্নলিখিত পাঠে পাঠাইতে হইবে।

১৮৮ সালের অমুক মাসের দরের তালিকা।

জিলা——————

স্থান——————

বাজার——————

প্রধান উৎপাদ্য খাদ্য শস্য।	টাকায় ৮০ সিক্কা ওজনের মত সের পাওয়া যায়।	কোন আপত্তি* করা হইয়া থাকিলে তাহার মর্ম্ম।	উক্ত আপত্তি সম্বন্ধে যে কর্ম্মচারী তালিকা প্রস্তুত করেন ও বিধি ৭ ধারামতে উহা পরীক্ষা করেন তাঁহাদের ও কালেক্টর সাহেবের মত।	মন্তব্য।

যে কর্ম্মচারী তালিকা ৭ ধারামতে পরীক্ষা করেন তাঁহার স্বাক্ষর——————

পদ——————

তারিখ——————

যে কর্ম্মচারী তালিকা প্রস্তুত করেন তাঁহার স্বাক্ষর——————

পদ——————

তারিখ——————

(খ) স্থানীয় বাজারে দর লিপিবদ্ধ করিবার যে যে তারিখই নির্দ্দিষ্ট হউক, যে যে বাজারের সহিত যে যে দরের তালিকার সম্পর্ক থাকে সেই সেই বাজারে সেই সেই তালিকা প্রকাশ হইবার তারিখ হইতে এক মাসের পরই তালিকা বোর্ডে পাঠাইতে হইবে।

(গ) বোর্ডে তালিকা পাঠাইবার সময় রিকার্ডকারী কর্ম্মচারী সকল স্থলেই যে সময়ের জন্য রিপোর্ট করা হইতেছে সেই সময়ের যে দর লিপিবদ্ধ করা হইয়াছে ঠিক পূর্ব্বের বিবরণের সহিত তাহার বৈষম্যের কারণ মন্তব্যের ঘরে লিখিবেন। কালেক্টর সাহেব এই বর্ণনাপত্র যে শুদ্ধ ইহা আপন হৃদ্বোধমতে বুঝিয়া উহাতে নামের আদ্যাক্ষর লিখিবেন। কালেক্টর সাহেব সমস্ত জিলার দরের তালিকা পাঠাইবার সময় তাঁহার জিলার ভিন্ন ভিন্ন স্থানের দরের মধ্যে কোন বিশেষ বৈষম্য থাকিলে তাহার কারণ প্রদর্শন করিবেন।

শ্রীযুত এফ, এম, হার্ভি সাহেব।

---

৭ নম্বর।

১। আবকারী বিধিপুস্তকের ১১৫ পৃষ্ঠায় ২ পরিচ্ছেদের ৮ ধারার শেষের তিনটী পদ ("কলিকাতায়" এই কথাটী হইতে "পাওয়া যাইবে" এই কথাগুলি পর্য্যন্ত) কাটিয়া দিতে হইবে।

২। আবকারী বিধিপুস্তকের ১১৭ পৃষ্ঠায় ২ পরিচ্ছেদের ১০ ধারার ৪ প্রকরণের প্রারম্ভে নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশ করিতে হইবে:—

"'স্থান' এই শব্দের অর্থ যেখানে কোন দোকান আছে বা স্থাপিত হইবে।"

---

* এই তালিকা সম্বন্ধে কোন আপত্তি করা হইয়া থাকিলে তাহা এই সঙ্গে পাঠাইতে হইবে।

৩। আবকারী বিধিপুস্তকের A চিহ্নিত ক্রোড়পত্রে কলিকাতায় ব্যবহারার্থ নীলামের বিজ্ঞাপনের পাঠের ২ দফায় "বন্দোবস্ত হওয়ার পূর্ব্বে" হইতে "আনা না হয়" পর্য্যন্ত কথাগুলির পরিবর্ত্তে নিম্ন-লিখিত কথাগুলি সন্নিবেশ করিতে হইবে।—

"পোলীস ঘটিত কোন কারণ না থাকিলে বন্দোবস্ত হওয়ার পূর্ব্বে বা পরে কোন দোকান ফর্দ্দের নির্দ্দিষ্ট স্থান হইতে উঠাইয়া অন্য কোন স্থানে স্থাপন করিতে পারিবেন। কিন্তু নূতন স্থান ইশতিহার করা স্থান হইতে ১০০ একশত গজের অধিক দূর হইলে যেন ঐ দোকান যাহার লাইসেন্সের মিয়াদ শেষ হয় নাই এইরূপ ঐ প্রকারের অন্য দোকানের পোয়া মাইলের মধ্যে আনা না হয়।"

৪। বোর্ডের বিধিপুস্তকের ১ বাল্যমের ১৫ অধ্যায়ে আবশ্যক পরিবর্ত্তনগুলি করিতে হইবে।

---

৮ নম্বর।

আবকারী বিধিপুস্তকের ২৯৩ পৃষ্ঠায় C ক্রোড়পত্রে প্রদত্ত ১৪নং ত্রৈমাসিক রিটরণের ৪র্থ টেবিলের পাঠে এবং ২১ H নং রিপোর্টের পাঠে ভাটীখানার পরিদর্শনার্থ ১৬নং প্রশ্ন নিম্নলিখিত সংশোধনগুলি করিতে হইবে।—

৪র্থ টেবিলের শিরোদেশস্থ (ক) উপদেশ।—"৭ অবধি ১০ পর্য্যন্ত ঘর" এই কথাগুলিতে ৭ ও ১০ এর পরিবর্ত্তে ৮ ও ১১ লিখিতে হইবে।

(খ) উপদেশ।—"৩ ও ৫ ঘরে" এই কথাগুলিতে ৫ এর পরিবর্ত্তে ৬ লিখিতে হইবে।

৫ ও ৬ ঘরের শীর্ষ।—"২০ নং আবকারী পাঠের ৬ ঘরে" এই কথাগুলিতে ৬ ও ২০ র পরিবর্ত্তে ৭ ও ২১ লিখিতে হইবে।

৭ ঘরের শীর্ষ।—"২০নং আবকারী পাঠের ৪ ঘরের" এই কথাগুলিতে ৪ ও ২০র পরিবর্ত্তে ৫ ও ২১ লিখিতে হইবে।

৮ ঘরের শীর্ষ।—"২০নং আবকারী পাঠের ৯ ঘরে" এই কথাগুলিতে ৯ ও ২০ র পরিবর্ত্তে ১২ ও ২১ লিখিতে হইবে।

১২ ঘরের শীর্ষ।—"৪ ঘরের অঙ্ক হইতে ১০ ঘরের অঙ্ক বাদ দিয়া" এই কথাগুলিতে ৪ ও ১০ র পরিবর্ত্তে ৫ ও ১১ লিখিতে হইবে।

১৩ ঘরের শীর্ষ।—"৫ ঘরের অঙ্ক হইতে ৯ ঘরের অঙ্ক বাদ দিয়া" এই কথাগুলিতে ৫ ও ৯ র পরিবর্ত্তে ৬ ও ১০ লিখিতে হইবে।

ভাটীখানার পরিদর্শনের ২১ H নং পাঠের ১৬ প্রশ্ন।—"২১ নং পাঠের ১২ ঘর" এই কথাগুলিতে ১২র পরিবর্ত্তে ১৩ লিখিতে হইবে। বোর্ডের ১৮৮৬ সালের সেপ্টেম্বর মাসের ৩ নং সরক্যুলরে সংযুক্ত প্রশ্নে ঐরূপ সংশোধন করিতে হইবে।

---

৯ নম্বর।

বোর্ডের ১৮৮৮ সালের ২২ ফেব্রুয়ারি তারিখের ৭ B নং সরক্যুলর অর্ডরের প্রতি সকল জিলার কর্ত্তৃপক্ষের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে, এবং বোর্ডের ইচ্ছা এই যে তাঁহারা দেখিবেন যে, যে সকল পোলীস কর্ম্মচারী আদালতে উপস্থিত থাকেন তাঁহারা ঐ সরক্যুলর অর্ডরের আবকারী সংক্রান্ত মোকদ্দমায় অবিলম্বে পুরস্কার দিবার যে বিধান করা হইয়াছে তাহার উপকার প্রাপ্ত হন এবং অনুপস্থিত কর্ম্মচারিদের সম্বন্ধে এখনকার ন্যায় বোর্ডের ১৮৮১ সালের সেপ্টেম্বর মাসের ২নং সরক্যুলর অর্ডরের উপদেশ অনুসারে বিধান করা হয়।

২। আবকারী বিধিপুস্তকের ২৯৯ পৃষ্ঠায় বোর্ডের ১৮৮১ সালের সেপ্টেম্বর মাসের ২নং সরক্যুলর অর্ডরে নিম্নলিখিত সংশোধনগুলি করিতে হইবে:—

২ দফাটি ও ৩ দফার "এই সকল" হইতে "তখন" পর্য্যন্ত সমস্ত কথাগুলি কাটিয়া দিতে হইবে।

৫ দফার ২পংক্তিতে "চৌকীদার সমেত পোলীসের কর্ম্মচারিদিগকে" এই কথাগুলির পূর্ব্বে "আদালতে অনুপস্থিত" এই কথাগুলি সন্নিবেশ করিতে হইবে।

৩,৪ ও ৫ দফার নম্বর ক্রমান্বয়ে ২,৩ ও ৪ করিতে হইবে।

---

১০ নম্বর।

পেট্রোলিয়ম বিষয়ক ১৮৮১ সালের আইনমত (১৮৮১ সালের ৮ আইন) লাইসেন্সের জন্য দরখাস্ত অগ্রাহ্য হওয়ার স্থলে ঐ লাইসেন্সের জন্য ছাপাকরা ইষ্টাম্পে প্রদত্ত ইষ্টাম্প ফী ফেরত দেওয়া সম্বন্ধে হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৮৮ সালের ৪ মে তারিখের ৮১৩ নং নিম্নলিখিত আজ্ঞা রাজস্ব সংক্রান্ত সকল কর্ম্মচারির অবগতি ও উপদেশের নিমিত্ত প্রকাশ করা গেল।

"৮১৩ নং, সিমলা, ১৮৮৮ সাল ৪ মে।

মান্দ্রাজ গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরীর প্রতি।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত এ, পি, ম্যাকডনেল সাহেবের পত্র।

আপনার বিগত ১৩ ফেব্রুয়ারি তারিখের ৩৭৪ * নং পত্রের প্রাপ্তি স্বীকার করিতে আমি আদিষ্ট হইয়াছি। এই পত্রে আপনি জানিতে চাহিয়াছেন যে পেট্রোলিয়ম বিষয়ক ১৮৮১ সালের আইনমত (১৮৮১ সালের ৮ আইন) লাইসেন্সের জন্য ছাপাকরা ইষ্টাম্পে প্রদত্ত নির্দ্দিষ্ট ফী সংযুক্ত দরখাস্ত না মঞ্জুর হওয়ার স্থলে ইষ্টাম্প ফী ফেরত দেওয়া যাইতে পারে কি না।

* জুডিশ্যাল

২। ইহার উত্তরে আমার প্রতি এই বলিবার আদেশ হইয়াছে যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের বিবেচনায় ১৮৮১ সালের ৮ আইনমত লাইসেন্সের জন্য দরখাস্তে দরখাস্তের উপযোগী ইষ্টাম্প থাকিবে ও লাইসেন্সের জন্য স্বতন্ত্র করিয়া ইষ্টাম্প দিতে হইবে। দরখাস্ত অগ্রাহ্য হইলে ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৫৪ ধারা অনুসারে লাইসেন্সের জন্য প্রদত্ত ইষ্টাম্পের মূল্য ফেরত পাইবার দাওয়া করা যাইতে পারে। লাইসেন্সের জন্য অভিপ্রেত ইষ্টাম্পের কাগজে দরখাস্ত করিতে হইবে না। কিন্তু যে স্থলে ভুলক্রমে ঐরূপ প্রণালী গ্রাহ্য করা হয় সে স্থলে দরখাস্তে যে ইষ্টাম্প দেওয়া উচিত ছিল তাহার মূল্য ও ইষ্টাম্প বিষয়ক আইনের ৫৪ ধারায় যে বাদ দিবার বিধান আছে তাহা বাদে ইষ্টাম্প ফী ফেরত দেওয়া যাইতে পারিবে।

শ্রীযুত রেনলড্‌স সাহেব।

---

১১ নম্বর।

১৮৮৮ সালের রাজানুপালিত ব্যক্তি সম্বন্ধীয় পুস্তকের ৪৯ পৃষ্ঠায় নিম্নলিখিত পরিবর্ত্তন ও সংযোজন করিতে হইবে:—

১৩ বিধিতে "আকাউণ্টাণ্ট জেনরল" এই শব্দগুলির পর "প্রতি বৎসর জানুয়ারি মাসে" এই শব্দগুলি যোগ কর।

১৪ বিধিতে "খাজানা" এই শব্দের পর "এবং পথকর" এই শব্দগুলি যোগ কর।

১৬ বিধি হইতে "এবং অধিকাংশ স্থলে বোধ হয় দ্বৈবার্ষিক বা ত্রৈবার্ষিক অডিট যথেষ্ট হইবে" এই শব্দগুলি উঠাইয়া দাও।

২। এই সকল আদেশ সমস্ত মহালের কার্য্যাধ্যক্ষদিগকে জানাইতে হইবে।

শ্রীযুত এফ, এম, হালিডে সাহেব।

---

১২ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ৪ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৪৩ ধারায় নিম্নলিখিত দফাটি যোগ করিতে হইবে:—

উড়িষ্যা দেশে, ১৮৮৭ সালের ৩১শে ডিসেম্বরের পর যে সমস্ত স্থল ঘটিবে কেবল সেই সকল স্থলেই এই বিধি খাটিবে।

শ্রীযুত রেনলডস্ সাহেব ও হালিডে সাহেব।

---

১৩ নম্বর।

যে সকল স্থলে সিবিল আকাউণ্ট বিধিপুস্তকের ১ বালমের ১ অধ্যায়ের ১০ বিধির অন্তর্গত সাধারণ উপদেশ সমূহের প্রথম অর্থাৎ "প্রত্যেক বউচারের উল্লিখিত মোট টাকা আঁখরতাড়া ও অঙ্কে লিখিতে হইবে" এই উপদেশের প্রতি অমনোযোগ বশতঃ সরকারি টাকার অবৈধ গ্রহণ সম্ভব হইয়াছে এরূপ কতক গুলি স্থল গবর্ণমেণ্টের গোচর হওয়ায়, ঐ বিধির প্রতি রেবিনিউ বোর্ডের অধীনস্থ সকল কর্ম্মচারিরই বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাইতেছে, ও তাঁহাদিগকে সতর্ক করিয়া দেওয়া যাইতেছে যে ঐ বিধির প্রতি অমনোযোগ নিবন্ধন যে স্থলে প্রতারণা ঘটিবে সে স্থলে আর্থিক দায়িত্ব সম্বন্ধে বিশেষ কড়াকড় করা হইবে।

শ্রীযুত এফ, এম, হালিডে সাহেব।

---

১৪ নম্বর।

সাধারণ মনিঅর্ডর স্থলে বুকট্রান্সফার ক্রমে অর্থাৎ খাতায় জমা খরচ কাটিয়া গবর্ণমেণ্টের নিকট টাকা প্রেরণ গবর্ণমেণ্টের অনুমোদিত হওয়ায় ও আগামী জুলাই মাসের প্রথম তারিখ অবধি ঐ রীতি প্রচলিত হইবে বলিয়া স্থির হওয়ায়, আবকার কর্তৃক সাক্ষাৎ সম্বন্ধে স্থানীয় খাজানাখানায় আবকারি রাজস্ব দেওন বিষয়ক বোর্ডের ১৮৮৬ সালের মার্চ মাসের ৮ নম্বর ও ১৮৮৬ সালের জুন মাসের ৫ নম্বর সরকুলর অর্ডরের প্রতি কমিশ্যনর ও জেলার কর্ম্মচারিগণের পুনর্ব্বার মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

২। মনিঅর্ডর সম্বন্ধীয় নিয়মাবলী ১৮৮৮ সালের ১৬মে তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত ঐ মাসের ১১ তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনে আছে। ঐ বিজ্ঞাপনের প্রথমভাগের নিয়মের প্রতি বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাইতেছে এবং জেলার কর্ম্মচারী ও আবকারি কর্ম্মচারিগণকে অনুরোধ করা যাইতেছে যে তাঁহারা যেন আবকারদিগকে যাহাতে তাহাদের প্রেরিত টাকা খাতায় জমা হইতে পারে সেই নিমিত্ত কুপনে স্পষ্ট রূপে নিম্নলিখিত বিবরণ দেওয়া আবশ্যক ইহা বুঝাইয়া দেন:—

১। দোকানের বিবরণ ও ঠিকানা।

২। লাইসেন্সধারির নাম।

৩। যে উদ্দেশ্যে ও যে কালের নিমিত্ত কী পাঠান হইতেছে।

৪। মোট টাকা।

(CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 28, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২৮ আগষ্ট।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা হুগলী।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জিলা হুগলী।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা হুগলির অন্তর্গত মহাল বা মহালের ভগ্নাংশ সন ১৮৮৮ সালের ২৮ শে জুন তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায়ের নিমিত্ত সন ১৮৮৮ সালের ২১ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গালা সন ১২৯৫ সালের ৬ আশ্বিন শুক্রবার দিবসে হুগলির কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৮ সাল তারিখ ১৪ জুলাই।

তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সমুদয় ষ্টেটের সদর জমা।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবে কিনা।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকী রাজস্ব।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব।
১০	রাধাকান্তবাটী পং পাণ্ডুয়া	৬২৪৸৶১১	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	শ্রীহরি নন্দী দিগর ...	৫৯৬৺১১	...	৩৪৴১
২৩	মালিকাপুর পং বালিগড়ি	১০৫৯৫ ৵৮	...	পিরিজপুর, ভারামল্যপুর, যোত কৃষ্ণদাস ওরফে নয়নগর, কালীকাপুর, মেয়ারতপুর, তুল্যান এই ৬ মৌজার রকম ৷৴০ আনা ই: চিহ্ন হইয়া পৃথক হিসাব পত্তন হইয়াছে।	নবীনচন্দ্র রায় চৌধুরী দিগর ...	১৩৬৯৶০	...	৫১।৶৯
৪৯	হাতিশালা পং চৌমহা ...	১১৫৬৯।৴০	...	রকম।৴৬।= আনা অংশ (এ) চিহ্ন হইয়া পৃথক হিসাব পত্তন হইয়াছে।	শ্যামাসুন্দরী দেবী অলি অছি জানবে নাবালক পুত্র আশুতোষ গোস্বামী দিগর।	৬৮৫৬।৵০	...	৫০৬৵০
৫৯	মাথাল ডিহি পং পাণ্ডুয়া	৭২২৸৶১	...	পৃথক হিসাব বাদে বাকী অংশ।	রাজলক্ষ্মী দেব্যা দিগর ...	২২৮৷৶১	...	১৷৴০
৮১	জয়রগাছা পং মহাম্মদ আমিনপুর।	১২৭২৸৴১০	সম্পূর্ণ ...	......	রাধাজীবন মুস্তফী দিগর ...	...	৪৯৸৵৫	...

১১৭	রাজহাট পং খোবালপুর ...	৭২৬৲৩	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর ...	২৬৫॥৶১	...	৬॥৶৪
১৫৩	মল্লীকহাটী পং বোর ...	২৯৬৮৲৮	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	প্রসাদ দাস গোস্বামী দিগর ...	২০১২॥৶৮	...	১১৪॥/৯ জার ১৮৮৮।২৮ জুন কিস্তিরবাকী৩০॥/২ ১৮৮৭।২৮ সেপ্টেম্বর কিস্তির বাকী—৮৪৷৭
১৯১	হরিপুর আয়মা পং চৌমহা	৮৫১৶২	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর ...	৭২৮৶২	...	২৪ ৷/৬
৩৫২১	দিগড়া পং বোর ...	৫৩০৶৫	সম্পূর্ণ	......	রামদয়াল বন্দ্যোপাধ্যায় ...	...	৭০৲	...
৩৫৪১	খরসরাই পং বোর ...	১৩১১॥৶৬	...	পৃথক হিসাব বাদে বক্রী রকম ॥০ আনা।	ঐ	৬৫৫৸/৩	...	১৬২॥০
৩৮৭৩	মল্লীকপুর পং শীংহুর ...	৮২৩৬॥২	...	পৃথক হিসাব বাদে বক্রী অংশ	মথুরানাথ বাবু দিগর ...	৬৫৮৯৶২	...	৭১৸৫

G. Toynbee, *Collector*.

জিলা বীরভূম।

জমি দারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, জিলার বীরভূমের অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮।২৬ সেপ্টেম্বর মোঃ ১২৯৫। ১১ আশ্বিন তারিখ নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫,৭৩৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ইতি ১৮৮৮। ২৪ জুলাই।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬ নং	মুরন্দি পঃ কুন্তবপুর।	১৫৩২/০	সম্পূর্ণ	......	হরিহর চন্দ্র দিগর	......	৬৬৸৶৯	......
৮৭ নং	কান্টগরিয়া পঃ থরগ্রাম।	১০৭৩/০	ঐ	......	রামগুরু মুখোপাধ্যায়।	...	৯৲	.....
১৭১ নং	লম্বোদরপুর পঃ খটঙ্গা।	*১১৫২।৶০	ঐ	......	কেদারনাথ মুখোপাধ্যায় দিগর।	......	॥৶৬	......
২০৭ নং	কীর্ণাহার পঃ কুতবপুর।	৭৯৩॥৶০	ঐ	......	ছোট তারিশচন্দ্র ভট্টাচার্য্য।	......	১৶৬	......
১০৮৭নং	কাপসুন্দি সীতাপুর পরগনে আকবরসাহী।	৬২৮।১০	ঐ	......	গোপেশ্বর সেন	......	১৭৮।৭	......
৭৪ নং	কীর্ত্তিহাট পরগনে থরগ্রাম।	২২২৬॥/০	ঐ	।/১/।	মহানন্দ রায় দিগর	৬৭৪।৶২	......	১৩০৸৶৯
১০৩ নং	খন্না পরগনে খটঙ্গা।	১৩৮৩৶১	ঐ	।৶১৩৸=১॥	নবিন বেহারি সেন দিগর।	৬৬৫।৶২	......	২৮৸৩
১৪৩ নং	শ্যামসুন্দরপুর পরগনে বারবক সিংহ।	২১১৩৸/০	ঐ	॥০	মতিয়ান নেসা বিবি দিগর।	১০৫৬৸৵৬	......	২৬৶৯
১০৫ নং	কুন্দেরা পরগনে খটঙ্গা।	১৪৭৫॥৶০	ঐ	॥১৯৸=২॥	বনওয়ারিলাল সেন দিগর।	৮৩০৲	০	৮০৸/১
১৭ নং ২৩৪ নং পুঃ হিঃ	কাগাস পরগনে সাবেক ময়ূরেশ্বর।	১৭১৮২৸/	ঐ	৲১।=	গিরিশচন্দ্র চট্টোপাধ্যায়।	৭৬/১।	......	৶৩

C. J. S. FAULDER, *Offg. Collector.*

জিলা নোয়াখালি।

জমিদারি বিক্রয়ের ইস্তিহার।

এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোয়াখালির মধ্যবর্ত্তী কালেক্টরির তৌজী ভুক্ত নিম্নলিখিত মহালে ১৮৮৮ সনের ২৮ জুনের সূর্য্যাস্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৯৫ সনের ১৩ আশ্বিন শুক্রবার উক্ত জিলার কালেক্টরির কাছারিতে বিনা আপত্তো প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি ১৮৮৮ সন তারিখ ১৬ জুলাই।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহালের নাম এবং পরগণা।	সমুদয় মহালের সদর জমা।	সমুদয় মহাল নিলাম হইবেক কি না।	যদি এক অংশ নিলাম হয় তবে কত অংশ।	যে সম্পত্তি নিলাম হইবে তাহার মালিকের নাম।	যদি এক অংশ নিলাম হয় তাহার সদর জমা কত।	যদি সমুদয় অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত।	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত।
৪৫	কিসমত মহেন্দ্রনারায়ণ পরগণে সুন্দ্বীপ।	৬৩৭/১১	সম্পূর্ণ	......	ঈশানচন্দ্র নন্দী ...	......	১১৮৮॥৴৭	......

M. CHAKERVATI,
Dy. Collector in-Charge, For Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সাং ৭ আইনের ও ১৮৭১ সাং ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত তালুকাদি ১৮৮৮ ইং ২৫শে মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব ও রোডসেস পব্লিকওর্কসেস আদায় নিমিত্ত সন ১৮৮৮ ইং রেজির তাং ২৮ সেপ্টেম্বর মোঃ ১২৯৫ বাং তারিখ ১৩ আশ্বিন রোজ শুক্রবার জিলা চট্টগ্রাম কালেক্টরিতে বিনাওজরে প্রকাশ্য নিলাম করা যাইবেক ইতি সন ১৮৮৮ তাং ১৫ আগষ্ট।

নম্বর মহাল।	নাম মহাল।	সদর জমা।		বাকীর পরিমাণ।		
		খাজানা।	সেচ।	খাজানা।	সেচ।	মোট।
৩২।৪৬০	মোঃ দক্ষিণ হিলা থানা টেকনাপ মহল নয়াবাদ তাং ঈশানচন্দ্র চৌধুরি	১৫৪৩।০	৬৭॥৩	৩০০।০	২২॥৬	৩২২৸৬
১৬০।১৪৯	মোঃ কচ্ছপিয়া দোছরি জাং ছরি নামছরি হিবা তলি থানা রামু মহল ঐ তাং কক্সমালি ...	১০৩৩/০	২২৮৸৬	৩৮৭॥/০	৭৬।৬	৪৬৩৸/৬
১৭৮।১৭০	মোঃ পোকখালি থানা ঐ মহল ঐ। তাং গৌরীশঙ্কর বৈদ্যনাথ কানুনগোয়।	৫০৬৸/০	৪৫৸৶৬	১৮৯৸/০	১৫।/৬	২০৫৶৬
১৯৫।১৮৯	মোঃ জোয়ারিয়া নালা থানা রামু মহাল নয়াবাদ। তাং গোলামালি ...	৫২৮	৮২।৷৶০	১৭৬॥০	২৪॥/০	২০১/০
২৮৯।২৭৪	মোঃ ভেওলা মাণিকচর থানা চকরিয়া মহল নয়াবাদ। তাং বিবি ইস্রাক ...	৭৫৭॥৶০	৯৬।৶০	২৮৪।।৶০	৩২৶০	৩১৬৸/০
২৯৫।২৮২	মোঃ পদ্বর চাঁদা থানা ঐ মহল ঐ। তাং বিবি ইস্রাক ...	৯৮৫৶০	১৪৬॥৶৬	৩৬৯৸০	৪৮৸৶৬	৪১৮৲৬

A. MANSON, *Collector.*

জেলা বর্দ্ধমান।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে বর্দ্ধমান জেলাস্থিত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেণ্টের যে মালিকী-স্বত্ব আছে তাহা জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে ১৮৮৮।২৮ সেপ্টেম্বর মোং ১২৯৫। ১৩ আশ্বিন শুক্রবার তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদার নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্ব উচ্চ ডাক করিবেন তাহাকেই বিক্রয় করা যাইবেক খরিদারকে মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবেক এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবে কেবল চিরস্থায়ী রূপে ধার্য্য হওয়া রাজস্ব আদায় দিতে থাকিবেন।

২। বর্ত্তমান পাট্টা ও বন্দবস্তের কার্য্য ও প্রচলিত আইন দ্বারা যে স্বত্ব অর্পণ হইয়াছে তাহার অধীনে নিলাম হইবেক খরিদার খোদকস্তা রাইয়ত যাহারা রেবিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমাবন্দীতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। খরিদের মূল্য ১০০ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৪। খরিদের মূল্য ১০০ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরে মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবে ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুইপ্রহরে মধ্যে দাখিল করিতে হইবে দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া এই মহাল ত্রুটিকারী খরিদারের ঝুকীতে পুনরায় নীলাম করা যাইবেক ইতি ১৮৮৮। ১৭ জুলাই।

তরতিব নম্বর।	গবর্ণমেণ্টের সম্পত্তির ইষ্টেটমেণ্টের নম্বর।	তৌজীর নম্বর।	মহালের নাম ও পরগনা।	একর হিসাবে জমির পরিমাণ।	ধার্য্য রাজস্ব।	আপসেট প্রাইজ।	মন্তব্য।
১	১৩০	২৭৩৯	অচিন্তানগর ওরফে আটকেটীয়া পঃ রাণীহাটী।	১।০।২১	৪॥৵০	৯।০	

W. OLDHAM,
Asst. Collector.

জেলা বর্দ্ধমান।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে বর্দ্ধমান জেলাস্থিত নিম্নলিখিত খাস মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে সন ১৮৮৮ সালের ২৮ সেপ্টেম্বর মোং ১২৯৫।১৩ আশ্বিন শুক্রবার তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদার নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্বোচ্চ ডাক করিবেন তাঁহাকেই বিক্রয় করা যাইবেক খরিদারকে মহালের মালিক বলিয়া গণ্য করা যাইবেক। এই মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবে কেবল চিরস্থায়ী রূপে ধার্য্য হওয়া রাজস্ব আদায় দিতে থাকিবেন।

২। বর্ত্তমান পাট্টা ও বন্দবস্তের কার্য্য ও প্রচলিত আইন দ্বারা যে স্বত্ব অর্পণ হইয়াছে তাহার অধীনে নিলাম হইবেক খরিদার খোদকস্তা রাইয়ত যে রাইয়তেরা রেবিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমাবন্দীতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৪। খরিদের মূল্য ১০০ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার

টাকা সরকারে জব্দ হইয়া প্রথম বলীর বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া ঐ মহাল ক্রটিকারি খরিদারের বুঝিতে পুনরায় নিলাম করা যাইবেক ইতি ১৮৮৮।৭ জুলাই।

তফশিল নম্বর।	গবর্ণমেণ্টের সম্পত্তির ই-ষ্টেটমেণ্টের নম্বর।	তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	একর হিসাবে জমির পরিমাণ।	বার্ষিক রাজস্ব।	আপসেট প্রাইজ।	মন্তব্য।
১	১৩৫	৪২৩১	খাটীনন্দী পঃ বর্দ্ধমান।	১।৩।১১	২৲	৪৲	

W. Oldham,
Asst. Collector.

জিলা নদীয়া।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আপিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ১৫ সেপ্টেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫,৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহা-লের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বি-ক্রয় হইলে তাহার বাকী।
১১৭	ডিহি চণ্ডী পং পাজনওর।	১০২৪৬৶৮ পুঃ—১২৯৶৪	না—	১১৭।০ নং রকম ৶৩ ৸৫ তিন নিলাম হইবে।	সুরেশচন্দ্র মল্লিক দিগর।	১৪৪৭৸৶৬ পুলিশ-১৯৻৮	......	২৪।৶৭

W. C. Macpherson,
Collector of Nuddea.

জিলা যশোহর। নিলামের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬,৭ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা যশোহরের অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আপিসে ১৮৮৮ সালের কিস্তি জুনের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ৭ সেপ্টেম্বর মোতাবেক ১২৯৫ সালের ২৩ ভাদ্র শুক্রবার দিবসে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৮৮ সাল। আগষ্ট

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহালের ও পর-গনার নাম।	সম্পূর্ণ মহা-লের রাজস্ব।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশের বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার মালিকের নাম।	কোন অংশ বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৫২	কুমড়ী মৌজা পং মনদী।	৫৩৯৸৶৮	সম্পূর্ণ	......	ওয়াজেদন্নেছা খাতুন।	......	৪০৲৯	......

F. H. Barrow, *Collector.*

জিলা মেদিনীপুর।—জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৮ সালের লাং ২৮ জুন কিস্তীর বাকী বাবত সন ১৮৮৮ সালের ৮ অক্টোবর তারিখে ঐ জেলার কালেক্টরিতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক সন ১৮৮৮ সাল তারিখ ২১ আগষ্ট সন ১২৯৫ সাল ২৩ আশ্বিন সোমবার।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	পুরা ষ্টেটের সদর জমা।	পুরা ষ্টেট বিক্রয় হইবে কি না।	যদি এটকা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি কেবল একটা অংশ বিক্রয় করিতে হয় তাহার কত সদর জমা।	যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকী পরিমাণ।	যদি অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ।
৪২৯ নং	পরগনে বরিদহাটী আবাদ মানদারি ও গয়রহ।	১৮১৪৷/১১	......	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা ও ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ।	গোপালদাস দত্ত ও গয়রহ।	৫৪২॥৵১	......	৭/৯
৬২৪ নং	পরগনে বালিয়া তরফ যদুরাটী ও গয়রহ।	৮৭১৸৶১	......	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৵১৩॥— আনা।	কেদারনাথ বসু ও গয়রহ।	৫৮১।১০	......	২৫৸৵৭
৬৩৯ নং	কিঃ পরগনে পাইকহাটী মৌজে কাশীপুর ও গয়রহ।	১৬১১৸/৬	......	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶৬॥= আনা।	উপেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ও গয়রহ।	১৫৬৩৸/৭	......	৯৸৶৪
৯৮৬ নং	কিঃ পরগনে পাইকহাটী মৌজে করিমপুর ও গয়রহ।	৯১০।৮	পুরা মহাল।	......	রায় সুরেন্দ্রনাথ চৌধুরি ও গয়রহ।	......	২৩।৵২	......

C. W. Bolton,
For Collector.

টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮।।০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬।।০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫।।০ টাকা; ৮ আউন্স টিন ১০।।০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাক মাশুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্কোনা।

লাল সিন্কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সাধারণ জ্বরনাশক সিন্কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬।।০ টাকায়, ৮ ঔন্স টিন ১২।।০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানীর বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকটে নগদ মূল্য দিলে এই হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮।।০ টাকায় ৮ ঔন্স টীন ১৬।।০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ।।০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাশুল দিতে হইবে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার ম্যাঙ্গোলেন ওয়েষ্টৌন হালের হাতার স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

NOTICE.

The 21st February 1888.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

	Rs.	A.	P.	
For the Mofussil.				
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	"
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	"
Postage	1	0	0	"
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।

			টাকা
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲	
ডাকমাশুল	,,	২৷৷০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲	
ডাকমাশুল	,,	১৲	
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য		।০	
ডাকমাশুল		⁄০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূনসংখ্যক পৃষ্ঠার মূল্য)...		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একং আনা।	
ডাকমাশুল		⁄০	

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাশুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জোট সেক্রেটরী।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

F. Max Müller, M.A., in two Volumes. *Price Rs. 24; packing and postage Re. 1-12.*

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible. I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8 Hastings Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

ব্যারিষ্টার-আট-লা ও শ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিলড এম, এ, ও এল, এল, ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ⁄৫০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government office or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

Note—*Rates for Advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half „	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য :—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কথন২ ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

জেলা খুলনা ষ্টেশন ও মহকুমা সাতখিরার অধীন নেবাখালি নিবাসী মৃত কাজি মহাম্মদ এস্‌্হাকের স্ত্রী শ্রীমতী সবিরন নেসা বিবি, উপরোক্ত জেলা ও ষ্টেশন ও মহকুমার অধীন লাব্‌সা বিনাম থালকুল নিবাসী শ্রীসেখ দবিরদ্দীন আহম্মদ ও সকলিয়া নিবাসী শ্রীসেখ শামসোজ্জোহাদিগরকে উল্লিখিত শ্রীমতী সবিরন নেসা বিবি সন ১২৯৪ সালের জ্যৈষ্ঠ মাহার যে আম-মোক্তার নিযুক্ত করিয়াছিলেন ঐ আম-মোক্তারনামার ক্ষমতা হইতে মোক্তারদ্বয়কে খারিজ করিয়া দিয়াছেন ঐ মোক্তার-নামার বলে তাঁহারা এক্ষণে কোন কার্য্য করিলে তাহা সর্ব্বতোভাবে অগ্রাহ্য হইবেক ইতি।

শ্রীমতী সবিরন নেসা বিবি সাং নেবাখালি।
(24—1)

কলিকাতা বেঙ্গাল সেক্রেটেরিয়েট প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 24a 29-8-88—594-349.

Numb. 2564 [২৫৬৪]

REGISTERED No 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 18, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ১৮ সেপ্টেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

NOTIFICATION.

The 6th September, 1888.—In supersession of the notification of 10th August 1886, published at page 917, Part I, of the *Calcutta Gazette* of 11th idem, the Lieutenant-Governor is pleased, with the previous sanction of the Governor-General in Council, to order that the following rules made under section 41 of the Indian Forest Act (VII of 1878) will take effect in such tracts in the Sunderbuns as have been, or may hereafter be, declared reserved and protected forests under the said Act, on and from the 6th November, 1888 :—

I.—Any person who desires to transport any forest produce through the Sunderbuns forests, or through lands that have been, or may hereafter be, leased under the rules for the lease of waste lands in the Sunderbuns of the 24-Pergunnahs, Jessore, and Backergunge, or through any part of the said forests or leased lands, or through any of the water-channels intersecting or skirting them, shall take out a pass at one of the revenue stations, a list of which will be published from time to time in the *Calcutta Gazette*, and he shall further produce such pass when called upon to do so by any Forest or Police Officer, and return such pass at any one of the said stations on passing out of the boundary of the forest. The fee, if any, payable for such passes, will from time to time be fixed by the Conservator of Forests and notified in the *Calcutta Gazette*. The following is* a list of the revenue stations actually open :—

1. Mud Point.
2. Shikarpore.
3. Nalkora.
4. Meeragunj.
5. Basrah.
6. Samukputha.
7. Bamanghatta.
8. Mutlah.
9. Rampura.
10. Sahibkhali.
11. Busuntpore.
12. Halderkhali.
13. Boorigoalni.
14. Cobaduk.
15. Cassee Abad.
16. Baniakhali.
17. Dhaki.
18. Dacope.
19. Khoolna.
20. Shella (old name Arnamongla).
21. Chandpie.
22. Jaodhara.
23. Suputi.

II.—Any person who desires to transport any forest produce cut on lands leased under the rules in force for the lease of waste lands in the Sunderbuns through any of the water-channels as described in rule I, must hold a printed license duly filled up in accordance with the sample form to be obtained from the office of the officer in charge of the Sunderbuns Forest Division at Calcutta, and signed either by the lessee himself or by an authorized and recognized agent of the lessee, whose signature and residence must be recorded in the office of the said officer at Calcutta. The printed license so filled up shall be produced by the holder for inspection when he is called upon to do so by any Forest or Police Officer.

H. J. S. COTTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3319A.

The 4th September 1888.—Moulvie Buzlul Rahman is appointed to be an Honorary Magistrate for the Comillah Bench, in the district of Tipperah, and is vested with the powers of a Magistrate of the third class.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

বন সম্পকীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৬ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮৬ সালের আগষ্ট মাসের ১৭ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫২৩ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ১০ তারিখের বিজ্ঞাপন রহিত করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক এই আজ্ঞা করিলেন যে, ভারতবর্ষীয় বন বিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ৪১ ধারামতে প্রণীত নিম্নলিখিত বিধি সুন্দরবনের যেং প্রদেশ উক্ত আইনমতে রক্ষিত বন বলিয়া প্রকাশ করা গিয়াছে বা পরে প্রকাশ করা যাইবে সেইং প্রদেশে ১৮৮৮ সালের ৬ নবেম্বর অবধি বলবৎ হইবে।

১।—কোন ব্যক্তি সুন্দরবনের অন্তর্গত কোন বন কিম্বা ২৪পরগনা, যশোহর ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবন বনের পতিত ভূমির পাট্টা দেওনা র্থবিধিমতে যেং ভূমির পাট্টা দেওয়া গিয়াছে বা ইহার পর পাট্টা দেওয়া যাইবে সেইং ভূমি অথবা উক্ত বনের বা পাট্টা দেওয়া ভূমির কোন অংশ দিয়া কিম্বা তাহার মধ্য ধারেং যে নদী যায় তদ্দ্বারা বনোৎপন্ন কোন দ্রব্য চালান করিতে ইচ্ছা করিলে তিনি রাজস্বের কোন ষ্টেশন হইতে পাস (ছাড়পত্র) লইবেন। ষ্টেশনের তালিকা সময়েং কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, এবং বনের বা পোলীসের কোন কর্ম্মচারী তাঁহার সেই পাস দেখিতে চাহিলে তিনি তাহা দেখাইবেন ও বনের সীমা পার হইবার সময়ে উক্ত কোন এক রাজস্বের ষ্টেশনে উক্ত পাস ফিরাইয়া দিবেন। উক্ত পাসের নিমিত্ত ফী দিতে হইলে বনরক্ষক সময়েং তাহা নির্দ্দিষ্ট করিবেন ও তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে রাজস্বের যেং ষ্টেশন বাস্তবিক খোলা গিয়াছে তাহার তালিকা এই:—

১। মড পাইণ্ট।	১২। হলদেরখালী।
২। শীকারপুর।	১৩। বুড়িগোয়ালনী।
৩। নলকোরা।	১৪। কবদক।
৪। মীরগঞ্জ।	১৫। কাশী আবাদ।
৫। বসরা।	১৬। বেণিয়াখালী।
৬। শামুকপোতা।	১৭। চাকি।
৭। বামুনঘাটা।	১৮। দাকোপ।
৮। মাতলা।	১৯। খুলনা।
৯। রামপুর।	২০। শেল্লা (পুরাণনাম) অর্ণামঙ্গলা।
১০। সাহেবখালী।	২১। চাঁদপাই।
১১। বসন্তপুর।	২২। জাওধারা।

২৩। সুপুতি।

২।—কোন ব্যক্তি সুন্দরবনের পতিত ভূমির পাট্টাদেওনার্থ প্রবল থাকা বিধি অনুসারে পাট্টা-দেওয়া ভূমিংইতে কাটা বনোৎপন্ন কোন দ্রব্য এই বিধির ১ ধারার লিখিত কোন নদী দিয়া চালান করিতে ইচ্ছা করিলে তিনি কলিকাতাস্থ সুন্দরবন বনখণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্তৃপক্ষের আফিসহইতে লাইসেন্সের পাঠের যে আদর্শ পাওয়া যাইবে তদনুরূপ পূরণ করা ও স্বয়ং পাট্টাদারের কিম্বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত বা তাঁহার স্বীকৃত কর্ম্মচারির স্বাক্ষরিত ছাপা লাইসেন্স রাখিবেন। পাট্টাদারের বা তাঁহার উক্ত কর্ম্মচারির স্বাক্ষর ও বাসস্থান কলিকাতাস্থ উক্ত কর্তৃপক্ষের আফিসে রাখা যাইবে। উক্তরূপে পূরণ করা ছাপা লাইসেন্সপত্র বনের বা পোলীসের কোন কর্ম্মচারী দেখিতে চাহিলে লাইসেন্সধারী তাঁহাকে দেখাইবেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৩৩১৯ A নম্বর।

১৮৮৮ সাল ৫ সেপ্টেম্বর।—শ্রীযুত মৌলবী বজলুল রহমান ত্রিপুরা জিলার অন্তর্গত কমিল্লা বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

NOTIFICATION.

The 4th September 1888.—The Lieutenant-Governor sanctions, with effect from the 1st July 1888, the removal of the Tanghi outpost, subordinate to thana Keranigunge in the Sudder sub-division of the district of Dacca, from its present site to a place near the railway station of Joydebpur. The outpost shall henceforth be styled the Joydebpur outpost.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th September 1888.—The Lieutenant-Governor sanctions the following re-arrangement of the thana jurisdictions in the district of Chittagong.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

Specification of thana boundaries.

Serial No.	Name of Thana.	Description of boundaries.
1	Mirserai ...	*North.*—The main stream of the Fenny river from the point where the Sitakund range of hills and the plain lands of the eastern detached portion of mouza Purbba Jowar No. 154, as surveyed by Lieutenant Siddons, meet on the bank of the river; thence following the main stream down to Sundeep channel. *West*—The Sundeep channel. *South*—The southern boundary of the following villages as defined in Lieutenant Siddons' survey, No. 27, Bogachattar, No. 28, Baliadia including isolated portions of No. 32, Kurua, No. 30, Rahamatnagar, No. 31, Bohurpur, No. 35, Mohalunga, No. 36, Faradpur, No. 38, Bara Kamaldaha, and from the point marked G on the map where Kamaldaha village touches the hills on the south bank of Kamaldaha Khal an imaginary line drawn eastward to the watershed of the Sitakund range. *East*—A line drawn south-east from the point where the plain lands of the eastern detached portion of Mouza Purbba Jowar No. 154 and the hills meet on the bank of the Fenny river, to a point a little west of the peak marked Horingia H. S., and thence southward along the watershed of the hill range till the southern boundary is met.
2	Kumira ...	*North*—The southern boundary of Thana Mirserai. *West*—The Sundeep channel and the Bay of Bengal. *South*—The Chiringa Serra. *East*—The watershed of the Sitakund range of hills.
3	Chittagong (or Town)	*North*—The southern boundary of Kumirah, thence a line drawn from the watershed of the Sitakund range eastward to the southern boundary of Jalalabad as surveyed by Lieutenant Siddons and along the southern bonndary of that village and Kulgaon, Batua Kuaish and Burichar to the Halda river. *West*—The Bay of Bengal. *South*—The Bay of Bengal. *East*—The Karnafuli river including so much of the land on its east bank as falls within port limits and the Halda river up to Burichar.

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৪ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঢাকা জিলার সদর মহকুমার অন্তর্গত কেরাণীগঞ্জ থানার অধীন টাঙ্গির ফাঁড়ির বর্ত্তমান স্থান হইতে জয়দেবপুর রেলওয়ে ষ্টেশনের নিকট কোন স্থানে ১৮৮৮ সালের ১ জুলাই অবধি উঠিয়া যাইবার অনুমতি দিলেন। উক্ত ফাঁড়ি এই অবধি জয়দেবপুরের ফাঁড়ি নামে খ্যাত হইবে।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১১ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব চট্টগ্রাম জিলার অন্তর্গত থানা সমূহের এলাকার নিম্নলিখিত পুনঃবন্দোবস্ত করিবার অনুমতি দিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

থানার সীমার বিশেষ বিবরণ।

ক্রমিক নম্বর।	থানার নাম।	সীমার বিবরণ।
১	মিরসরাই ...	উত্তর সীমা।—সীতাকুণ্ড পাহাড় শ্রেণী এবং লেপ্টেনেণ্ট সিডন্স সাহেবের জরীপ করা ১৫৪ নং, পূর্ব্ব জোওয়ার মৌজার পূর্ব্বদিকের স্বতন্ত্রীকৃত অংশের সমতল জমি কেণী নদী তটে যে স্থানে মিলে সেই স্থানহইতে উক্ত নদীর প্রধান স্রোত, তথা হইতে সন্দ্বীপ খাল পর্য্যন্ত প্রধান জল স্রোতের সঙ্গে২ যায়।
		পশ্চিম সীমা।—সন্দ্বীপ খাল।
		দক্ষিণ সীমা।—লেপ্টেনেণ্ট সিডন্স সাহেবের জরীপে নির্দ্দিষ্ট এই ২ গ্রামের অর্থাৎ ২৭ নং বগাচত্তর, ৩২ নং, কক্মার পৃথককৃত অংশ সুদ্ধ ২৮ নং বালিয়াজিরা, ৩০ নং রহমৎ নগর, ৩১ নং বহরপুর, ৩৫ নং মহলজা, ৩৬ নং করাদপুর, ৩৮ নং বড়কমলডাহা গ্রামের এবং মানচিত্রের যে স্থানে কমলডাহা গ্রাম কমলডাহা খালের দক্ষিণ তটস্থ পাহাড় স্পর্শ করে সেই স্থানের G চিহ্নিত বিশেষ স্থান হইতে সীতাকুণ্ড পাহাড় শ্রেণীর অববাহিকা পর্য্যন্ত পূর্ব্বমুখে টানা কল্পিত রেখা।
২	কুমিরা ...	পূর্ব্ব সীমা।—১৫৪ নং পূর্ব্ব জোওয়ার মৌজার পূর্ব্বদিকের স্বতন্ত্রীকৃত অংশের সমতল জমি ও পাহাড় কেণী নদীর তটে যে স্থানে মিলে সেই স্থান হইতে হরিজিরা H. S. চিহ্নিত পর্ব্বত চূড়ার কিঞ্চিৎ পশ্চিম বিশেষ স্থান পর্য্যন্ত দক্ষিণ—পূর্ব্ব টানা রেখা, ও তথা হইতে দক্ষিণ মুখে পাহাড় শ্রেণীর অববাহিকার সঙ্গে২ দক্ষিণ সীমার না মিলন পর্য্যন্ত যায়।
		উত্তর সীমা।—মিরসরাই থানার দক্ষিণ সীমা।
		পশ্চিম সীমা।—সন্দ্বীপ নদী ও বঙ্গোপসাগর।
		দক্ষিণ সীমা।—চিরিঙ্গা সেরা।
		পূর্ব্ব সীমা।—সীতাকুণ্ড পাহাড় শ্রেণীর অববাহিকা।
৩	চট্টগ্রাম (বা নগর) ...	উত্তর সীমা।—কুমিরার দক্ষিণ সীমা, তথা হইতে সীতাকুণ্ড পাহাড় শ্রেণীর অববাহিকা অবধি লেপ্টেনেণ্ট সিডন্স সাহেবের জরীপ করা জালালাবাদের দক্ষিণ সীমা পর্য্যন্ত এবং উক্ত গ্রামের ও কুলগাঁ ও বাটুয়া ও কুঞ্জেশ ও বরিচরের দক্ষিণ সীমার সঙ্গে২ হলদা নদী পর্য্যন্ত পূর্ব্বদিকে টানা রেখা।
		পশ্চিম সীমা।—বঙ্গোপসাগর।
		দক্ষিণ সীমা।—বঙ্গোপসাগর।
		পূর্ব্ব সীমা।—কর্ণফুলি নদীর পূর্ব্বতটের যত ভুমি বন্দরের সীমার মধ্যে পড়ে তাহা সুদ্ধ ঐ নদী এবং বরিচর পর্য্যন্ত হলদা নদী।

Serial No.	Name of Thana.	Description of boundary.
4	Hathazari ...	*South.*—The northern boundary of the Town Thana. *West.*—The eastern boundary of Thana Kumira. *North.*—The Mandakini Serra. *East.*—The Halda river main stream.
5	Fatikcherry ...	*South.*—The northern boundary of Hathazari Thana; thence south-east along the main stream of the Halda to the point where the Brahmin Khali joins the Halda; thence eastward to the junction of the Brahmin Khali with the Sharta river. *West.*—The eastern boundary of Thanas Kumira and Mirserai. *North.*—The Fenny river up to the Chittagong Hill Tracts boundary including the whole river to its northern bank. *East.*—The Hill Tracts boundary as notified in the Gazette of 8th September 1880, southward to a point where the boundary meets the Sharta river; thence the Sharta river to its junction with the Brahmin Khali.
6	Raojan ...	*North.*—The southern boundary of Fatickcherry Thana and the Hill Tracts boundary as above defined. *East.*—The Hill Tracts boundary south as far as the southern boundary of village Doodpukuriya. *South.*—The southern boundary of villages Doodpukuriya and Khurusiya; thence a line drawn north-westward alongthe watershed of the hills to the source of the stream marked on the maps as Seringa Serra; thence down the Seringa Serra to the Karnafuli; thence the Karnafuli river to the mouth of the Halda. *West.*—The Halda river main stream.
7	Patiya ...	*North.*—The southern boundary of Raojan Thana. *West.*—The Karnafuli river, but excluding port limits to a stream called Sital Serra forming the northern boundary of Moniarghât (No. 129) as surveyed by Lieutenant Siddons. *South.*—Up the stream Sital Serra and along a line drawn through the hills to Murali Khal; thence along the southern boundary of villages Baradain (144), Kainpura (150), Bagkhain (167), Baudolgaon (168), Kashiaish (169), Assia (200), and Bathua (201) to the Chandkhali; thence southward along the Chandkhali until it joins the Sungoo river; thence eastward along the Sungoo river until it meets the Hill Tracts boundary at the Srimai Serra. *East.*—The Hill Tracts boundary northward to the point where the Doodpukuriya stream enters this district, meeting there the southern boundary of Raojan thana.
8	Banskhali ...	*North.*—The southern boundary of Patiya from the Chandkhali to the Karnafuli river. *West.*—The Karnafuli river excluding port limits, the Bay of Bengal and the Kutubdiya channel. *South.*—The khal south of Chota Chumooa and Baragona, and north of Bajakhali; also the khal south of Puisery village. From there along the Puiserra hill stream and Dhala to the watershed at a point marked Adoh Tong H. S. in the Trigonometrical Survey main circuit map. *East.*—From Adoh Tong H. S. where Puiserra Dhala crosses the watershed; thence along the watershed northward to a point where the Churamani Dhala crosses the watershed at Kangaserra H. S., thence along the eastern boundaries of Sungoo and Chandpur

ক্রমিক নম্বর।	থানার নাম।	সীমার বিবরণ।
৪	হাটহাজারী ...	দক্ষিণ সীমা।—নগর থানার উত্তর সীমা। পশ্চিম সীমা।—কুমিরা থানার পুর্ব্ব সীমা। উত্তর সীমা।—মন্দাকিনী সেরা। পুর্ব্ব সীমা।—হলদানদীর প্রধান স্রোত।
৫	ফটিকচেরি ...	দক্ষিণ সীমা।—হাটহাজারী থানার উত্তর সীমা, তথা হইতে দক্ষিণ পুর্ব্ব মুখে উক্ত হলদার প্রধান স্রোতের সঙ্গে সঙ্গে হলদার সহিত ব্রাহ্মণখালীর সংযোগ স্থান পর্য্যন্ত, তথা হইতে পুর্ব্বমুখে শর্ত্তানদীর সঙ্গে ব্রাহ্মণখালীর সংযোগ স্থান পর্য্যন্ত। পশ্চিম সীমা।—কুমিরা ও মিরসরাই থানার পুর্ব্ব সীমা। উত্তর সীমা।—চট্টগ্রামের পর্ব্বতীয়প্রদেশের সীমা ও তাহার উত্তর তটপর্য্যন্ত সমুদয় ফেণীনদী। পুর্ব্ব সীমা।—১৮৮০ সালের নবেম্বর মাসের ৩০ তারিখের গেজেটে নির্দ্দিষ্ট পর্ব্বতীয় প্রদেশের সীমা সর্ত্তানদীর যে স্থানে মিলে সেইস্থান পর্য্যন্ত, তথাহইতে ব্রাহ্মণখালীর সহিত শর্ত্তা নদীর সংযোগ স্থান পর্য্যন্ত শর্ত্তা নদী।
৬	রাওজান ...	উত্তর সীমা।—ফটিকচেরি থানার দক্ষিণ সীমা ও উপরের নির্দ্দিষ্ট পর্ব্বতীয় প্রদেশের সীমা। পুর্ব্ব সীমা।—দক্ষিণদিকে দুধপুকুরিয়া গ্রামের দক্ষিণ সীমা পর্য্যন্ত পর্ব্বতীয় প্রদেশের সীমা। দক্ষিণ সীমা।—দুধপুকুরিয়া ও থর্কসিয়া গ্রামের দক্ষিণ সীমা, তথাহইতে পাহাড়ের অববাহিকার সঙ্গে সঙ্গে মানচিত্রে সেরিজাসেরা চিহ্নিত জলস্রোতের উৎপত্তি স্থান পর্য্যন্ত উত্তর পশ্চিম মুখে টানা রেখা, তথাহইতে সেরিজাসেরার ভাটা কর্ণফুলি পর্য্যন্ত,তথা হইতে হলদারমুখ পর্য্যন্ত কর্ণফুলি নদী। পশ্চিম সীমা।—হলদা নদীর প্রধান স্রোত।
৭	পতিয়া ...	উত্তর সীমা।—রাওজান থানার দক্ষিণ সীমা। পশ্চিমসীমা।—লেপ্টেনেণ্ট সিডজ সাহেবের জরীপ করা১২৯নং মনিয়ার ঘাটের উত্তর সীমাকারি শীতল সেরা নামক ক্ষুদ্র নদীপর্য্যন্ত বন্দরের সীমা ছাড়া কর্ণফুলী নদী। দক্ষিণ সীমা।—শীতল সেরা নদীর উজান ও পাহাড়ের মধ্য দিয়া টানা রেখার সঙ্গে সঙ্গে মুরলিখাল পর্য্যন্ত, তথা হইতে (১৪৪) বড়দেন, (১৫০) কাইনপুর (১৬৭) বাঘার্থাই, (১৬৮) বাউদেল গাঁ (১৬৯) কাটেশ, (২০০ আলিয়া ও (২০১) ভাটুয়া গ্রামের দক্ষিণ সীমার সঙ্গে সঙ্গে চাঁদখালীপর্য্যন্ত, তথা হইতে দক্ষিণ মুখে চাঁদখালীর সঙ্গে সঙ্গে সঙ্কুনদীতে না মিলন পর্য্যন্ত যায়, তথা হইতে শ্রীমাই সেরায় পর্ব্বতীয় প্রদেশের সীমায় না মিলন পর্য্যন্ত পুর্ব্বমুখে সঙ্কু নদীর সঙ্গে সঙ্গে যায়। পুর্ব্ব সীমা।—পর্ব্বতীয় প্রদেশের সীমা উত্তরমুখে গিয়া দুধপুকুরিয়া নদী যেস্থানে এই জিলায় প্রবেশ করে সেই স্থানে রাওজান থানার দক্ষিণ সীমার মিলিয়া ঐ স্থান পর্য্যন্ত।
৮	বাঁশখালী ...	উত্তর সীমা।—চাঁদখালী অবধি কর্ণফুলী নদীপর্য্যন্ত পতিয়ার দক্ষিণ সীমা। পশ্চিম সীমা।—বন্দরের সীমা, বঙ্গোপসাগর ও কুতবদিয়া খাল ছাড়া কর্ণফুলী নদী। দক্ষিণ সীমা।—ছোট চন্দুয়া ও বড় গোলার দক্ষিণ এবং রাজাখালির উত্তর খাল, পুইসেরি গ্রামের দক্ষিণে খাল ও তথা হইতে পুইসের পাহাড়ের জল স্রোতের ও নলার সঙ্গে সঙ্গে ত্রিকোণমিতি জরিপের প্রধান সরকুট মান চিত্রে Adho Tong. H. S. চিহ্নিত স্থানের অববাহিকা পর্য্যন্ত। পুর্ব্ব সীমা।—Adho Tong H. S. হইতে পুইসেরা নলা যে স্থানে অববাহিকা পার হয় সেই স্থান পর্যন্ত, তথা হইতে ঐ

Serial No.	Name of Thana.	Description of boundary.
		Tea Estates (leaving these gardens and Belgaon tea garden in Banskhali jurisdiction), thence along the eastern boundaries of Dakhin Keshua and Pakoriya villages as shown in Lieutenant Siddons' survey maps to the Sungoo river near Chandkhali Mukh; thence along the Chandkhali to Murali Khal.
9	Satkaniya ...	*North.*—The Sungoo river. *West.*—The eastern boundary of Banskhali Thana from the river Sungoo southward to Adoh Tong H. S. *South.*—From Adoh Tong H. S. eastward along the Sonai Serra and Dhala to the Arrakan road at point about 1 mile south of Khan's dighi; then along the Arrakan road southward until it meets the Hill Tracts boundary at the Harbang hill stream about half a mile north of Tipperah talao, then along the Hill Tracts boundary. *East.*—The Hill Tracts boundary up to the Sungoo river.
10	Chakariya ...	*North.*—The southern boundary of Satkaniya and Banskhali Thanas. *West.*—The Kutubdiya channel, Ujantia channel, and the Moiscal channel. *South.*—Westward up the Meda river and Khootakhali to the point where it crosses the boundary of the Hill Tracts. *East.*—The Hill Tracts boundary.
11	Moheskhal ...	*North.—West and South.*—The Bay of Bengal. *East.*—The Moiscal channel, Ujantia channel, and the Kutubdiya channel.
12	Cox's Bazar ...	*North.*—The southern boundary of Thana Chakariya. *West.*—The Moiscal channel and the Bay of Bengal. *South.*—The Reju river from the point where it crosses the district boundary about 3 miles south-west of the peak marked Sesu Tong H. S. to where it falls into the sea. *East.*—The Hill Tracts boundary.
13	Teknaf ...	*North.*—The southern boundary of thana Cox's Bazar. *West.*—The Bay of Bengal. *South.*—The Bay of Bengal. It includes St. Martin's Island locally known as Narrialdeep or Oomguen (Palm Island). *East.*—The eastern bank of the Naaf Estuary and up the left bank of the Ukhia Serra to Ukhia Ghât, and thence along the Hill Tracts boundary.

NOTIFICATION.

The 10th September 1888.—It is hereby notified for general information that, in the exercise of the powers conferred on him by section 1, Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor extends the provisions of the said Act to the Jehanabad Municipality, in the district of Hooghly, with effect from the 1st October 1888.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

ক্রমিক নম্বর।	থানার নাম।	সীমার বিবরণ।
		অববাহিকার সঙ্গে সঙ্গে উত্তর মুখে যে স্থানে H. S. বজসেরায় চূড়ামণি ধলা অববাহিকা পার হয় সেই স্থান পর্য্যন্ত, তথা হইতে সঙ্গু ও চাঁদপুর চা ইষ্টেটের (এই এই উদ্যান ও বেলগাঁ চা বাগান ও বাশখালীর এলাকার অন্তর্গত রহিল) পূর্ব্ব সীমার সঙ্গে সঙ্গে যায়, তথাহইতে লেপ্টেনেন্ট সিডজ সাহেবের জরীপকরা মান চিত্রে প্রদর্শিত দক্ষিণ কেঁয়ুয়া ও পাকোরিয়া গ্রামের পূর্ব্বসীমার সঙ্গে সঙ্গে চাঁদখালী মুখের নিকট সঙ্গু নদী পর্য্যন্ত যায়. তথা হইতে চাঁদখালির সঙ্গে সঙ্গে মুরলি খালপর্য্যন্ত।
৯	সাতকন্যা ...	উত্তর সীমা।—সঙ্গু নদী। পশ্চিম সীমা।—দক্ষিণদিকে সঙ্গু নদী হইতে Adho Tong H. S. পর্য্যন্ত বাঁশখালি থানার পূর্ব্ব সীমা। দক্ষিণ সীমা।—Adho Tong H. S. হইতে পূর্ব্বদিকে সোণাইলেরা ও ধালার সঙ্গে২ ধাঁর দীঘীর দক্ষিণ প্রায় ১ মাইল দূরে আরাকান পথ পর্য্যন্ত, পরে দক্ষিণ মুখে আরাকান পথের সঙ্গে সঙ্গে ত্রিপুরা তালাওয়ের প্রায় আধ মাইল উত্তর হরবঙ্গ পাহাড়স্থ পর্ব্বতীয় স্রোতের নিকট না মিসন পর্য্যন্ত যায়, পরে পর্ব্বতীয় প্রদেশের সীমা। পূর্ব্ব সীমা।—সঙ্গুনদী পর্য্যন্ত পর্ব্বতীয় প্রদেশের সীমা
১০	চকরিয়া ...	উত্তর সীমা।—সাতকন্যা ও বাঁশখালী থানার দক্ষিণ সীমা। পশ্চিম সীমা।—কুতবদিয়া খাল, উজন্তিয়া খাল ও ময়স্কাল খাল। দক্ষিণ সীমা।—পশ্চিমদিকে মেদামদী ও খুটাখালীর উজান দিকে উহা পর্ব্বতীয় প্রদেশের সীমা যে স্থানে পার হয় সেই স্থান পর্য্যন্ত। পূর্ব্ব সীমা।—পর্ব্বতীয় প্রদেশের সীমা।
১১	মহেশখাল ...	উত্তর, পশ্চিম ও দক্ষিণ সীমা।—বঙ্গোপসাগর। পূর্ব্ব সীমা।—ময়সকাল খাল, উজান্তিয়া খাল, ও কুতবদিয়া খাল।
১২	কক্সবাজার ...	উত্তর সীমা।—চকারিয়া থানার দক্ষিণ সীমা। পশ্চিম সীমা।—ময়স্কাল খাল, ও বঙ্গোসাগর। দক্ষিণ সীমা।—Sesn Tong. S. H. চিহ্নিত চূড়ার দক্ষিণ পশ্চিম প্রায় ৩ মাইল দূরে যে স্থানে রিজুনদী জিলার সীমা পার হয় সেই স্থান অবধি ঐ নদী যে স্থানে সমুদ্রে পড়ে সেই স্থান পর্য্যন্ত। পূর্ব্বসীমা।—পার্ব্বতীয় প্রদেশের সীমা।
১৩	টেকনাফ ...	উত্তর সীমা।—কক্সবাজার থানার দক্ষিণ সীমা। পশ্চিম সীমা।—বঙ্গোপ সাগর। দক্ষিণ সীমা।—বঙ্গোপসাগর। ইহার মধ্যে নরিয়ালদ্বীপ বা উমগুয়েন (পামদ্বীপ) নামে তথায় খ্যাত সেন্ট মার্টীনের দ্বীপ। পূর্ব্ব সীমা।—নায়ক ষ্টুয়ারির পূর্ব্বতট, ও উখিয়া সেরার বামতট হইতে উখিয়াঘাট পর্য্যন্ত উজানদিকে ও তথাহইতে পর্ব্বতীয় প্রদেশের সীমার সঙ্গে২ যায়।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১০ সেপ্টেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের প্রতি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইনের বিধান ১৮৮৮ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদ মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্নমেণ্টের প্রধান সেক্রেটরী।

PUBLIC WORKS DEPARTMENT,—(MARINE).

NOTIFICATION No. 107Mno.

The 10th September 1888.—The following communication from the Government of Bombay, No. 3105, dated the 4th September 1888, regarding the removal of quarantine at Aden and Perim against arrivals from Saigon, is published for general information.

C. W. I. HARRISON, *Lieut.-Colonel*, R.E.,
Offg. Joint-Secy. to the Govt. of Bengal.

No. 3105., dated Bombay Castle, the 4th September 1888.

From—J. DEC. ATKINS, ESQ., C.S., Under-Secretary to the Government of Bombay, General Department,

To—The Secretary to the Government of Bengal.

IN continuation of my telegram dated the 28th ultimo, I am directed to state that, under instructions from the Government of India, the notification of the Government of Bombay, No. 1837, dated the 30th May last, which imposed quarantine at Aden and Perim against arrivals from Saigon, has been withdrawn.

NOTIFICATION.—No. 108Mne.

The 11th September 1888.—The following communication received from the Government of Bombay, No. 3123A of 1888, dated the 5th September 1888, regarding the removal of quarantine at Aden and Perim against arrivals from Persian Gulf and Mohumra, is published for general information.

C. W. I. HARRISON, *Lieut.-Col.*, R.E.,
Offg. Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

No. 3123A, dated Bombay Castle, the 5th September 1888.

From—J. DEC. ATKINS, ESQ., C.S., Under-Secy. to the Govt. of Bombay,

To—The Secretary to the Government of Bengal, Public Works Department.

IN continuation of my telegram, dated the 29th ultimo, I am directed to state that, under instructions from the Government of India, the notification of the Government of Bombay, No. 2422, dated 12th July last, which imposed quarantine at Aden and Perim against arrivals from the Persian Gulf and Mohumra, has been withdrawn.

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।—(মেরিন্)

মেরিন, ১০৭নং বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১০ সেপ্টেম্বর।—সৈগোন হইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে কারাণ্টাইন উঠাইয়া দেওন সম্বন্ধে বোম্বাই গবর্ণমেন্ট হইতে প্রাপ্ত ১৮৮৮ সালের ৪ সেপ্টেম্বর তারিখের ৩১০৫নং নিম্নলিখিত চিঠিপত্র সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

সি, ডবলিউ, আই, হ্যারিসন, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী।

৩১০৫নং বোম্বাই কাসেল ১৮৮৮ সাল ৪ সেপ্টেম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট,
বোম্বাই গবর্ণমেণ্টের জেনরল ডিপার্টমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত জে, ডিসি, আটকিন্স, সি, এস সাহেবের পত্র।

আমার গত মাসের ২৮ তারিখের টেলিগ্রামের অনুক্রমে আমি আদেশমতে জানাইতেছি যে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের উপদেশানুসারে বোম্বাই গবর্ণমেণ্টের গত মে মাসে ৩০ তারিখের ১৮৩৭ নং যে, বিজ্ঞাপনদ্বারা সৈগোন হইতে আগত জাহাজের উপর এদনে ও পেরিমে কারাণ্টাইন ধার্য্য করা গিয়াছিল সেই বিজ্ঞাপন রহিত করা গেল।

মেরিন ১০৮ নং বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১১ সেপ্টেম্বর।—পারস্য উপসাগর ও মহ্‌রা হইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে কারাণ্টাইন উঠাইয়া দেওন সম্বন্ধে বোম্বাই গবর্ণমেণ্ট হইতে প্রাপ্ত ১৮৮৮ সালের ৫ সেপ্টেম্বর তারিখের ১৮৮৮ সালের ৩১২৩ A নং নিম্নলিখিত চিঠিপত্র সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

সি, ডবলিউ, আই, হ্যারিসন, লেপ্টেনেন্ট-কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী।

৩১২৩ A নং বোম্বাই কাসল, ১৮৮৮ সাল ৫ সেপ্টেম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট,
বোম্বাই গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুক্ত জে, ডি, সি, আটকিন্স সি, এস, সাহেবের পত্র।

আমার গত মাসের ২৯ তারিখের টেলিগ্রামের অনুক্রমে আমি আদেশমতে জানাইতেছি, যে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের উপদেশানুসারে বোম্বাই গবর্ণমেণ্টের গত জুলাই মাসের ১২ তারিখের ২৪২২ নং যে, বিজ্ঞাপন দ্বারা পারস্য উপসাগর ও মহ্‌রা হইতে আগত জাহাজের উপর কারাণ্টাইন ধার্য্য করা গিয়াছিল সেই বিজ্ঞাপন রহিত করা গেল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 18, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ১৮ সেপ্টেম্বর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

The 9th September 1888.—Whereas a notifica tion, dated the 26th June 1888, was published at page 260, Part IB of the *Calcutta Gazette* of the 27th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Act IV. (B.C.) of 1866 (an Act to make better provision for the regulation of hackney carriages and palanquins in the Town and Suburbs of Calcutta) to the Nasirabad Municipality, in the district of Mymensingh, and whereas no objection has been raised to the proposed measure, within one month from the publication of the notification within the Municipality, the Lieutenant-Governor, in the exercise of the power conferred on him by section 54 of the Act, sanctions the extension of the Act to the Nasirabad Municipality with effect from the 1st October 1888.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th September 1888.—Whereas a notification, dated the 3rd July 1888, was published at page 331, Part IB of the *Calcutta Gazette* of the 4th idem, declaring the Lieutenant-Governor's intention to sanction, under section 86 of the Bengal Municipal Act III (B.C.) of 1884, the levy by the Commissioners of the Bussirhaut Municipality of a tax under section 131 of the Act on carriages and on horses and other animals specified in the fifth schedule of the Act, and whereas no good reasons have been shown to the contrary, it is notified for general information that the Lieutenant-Governor hereby sanctions the levy by the Commissioners of the Bussirhaut Municipality of the said tax on carriages and on horses and other animals at rates not exceeding those specified in the said schedule.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৯ সেপ্টেম্বর।—কলিকাতা নগরের ও শাখানগরের ছকড়া গাড়ীর ও পালকীর বিধান করিবার ১৮৬৬ সালের বঙ্গীয় ৫ আইনের বিধান ময়মনসিংহ জিলার অন্তর্গত নসিরাবাদ মুনিসিপালিটীতে প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ২৬ জুন তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ২৭ তারিখের কলিকাতা গেজেটের ১ B. খণ্ডের ২৬০ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি উক্ত আইনের ৫৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইন ১৮৮৮ সালের ১ অক্টোবর অবধি নসিরাবাদ মুনিসপিালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১১ সেপ্টেম্বর।—বশীরহাট মুনিসিপালিটীর কমি·্যনরদের দ্বারা ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের পঞ্চম তফসীলের নির্দ্দিষ্ট গাড়ী ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর উক্ত আইনের ১৩১ ধারামতে টাক্স আদায় হইবার নিমিত্ত উক্ত আইনের ৮৬ ধারামতে অনুমতি দিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ৩ জুলাই তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৪ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৩৩১ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও তৎসম্বন্ধে যুক্তি সিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বশীরহাট মুনিসিপালিটীর কমিশ্যনরদের দ্বারা উক্ত তফসীলের নির্দ্দিষ্ট হারের অনধিক হারে গাড়ী, ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর এতদ্দারা টাক্স আদায় হইবার অনুমতি দিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৮ সাল, ১৮ সেপ্টেম্বর।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

রাজস্ব বিষয়ক সরকুলার।

১৮৮৮ সাল, জুলাই মাস।

শ্রীযুত রেনল্ডস্ সাহেব।

১ নম্বর।

পরওয়ানার ফীস্বরূপ যে কোর্ট ফী দেওয়া হয় তৎসম্বন্ধে অনুসৃত কার্য্যপ্রণালী সকল স্থলে সমান নহে এবং সেস আদায়ের জন্য জারি করা নোটিসের সম্বন্ধে ১৮৮৮ সালের সার্টিফিকট বিষয়ক কার্য্যপ্রণালী সম্বন্ধীয় পুস্তকের ৩ পরিচ্ছেদের ১৩ ধারায় যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তাহা ও বোর্ডের ১৮৮৮ সালের মার্চ্চ মাসের ১৩নং সরকুলর অর্ডরে সকল স্থলেই খাটিবে বলিয়া যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যে অনৈক্য আছে, ইহা বোর্ডকে জ্ঞাত করা হইয়াছে। সরকুলরের সহিত উক্ত বিধিটির সামঞ্জস্য করা বাঞ্ছনীয়। অতএব উপরোক্ত বর্ত্তমান ১৩ ধারা রহিত করা গেল এবং নিম্ন-লিখিত বিধিটি উহার পরিবর্ত্তে সন্নিবেশ করিতে হইবে :—

সেসের মোকদ্দমায় পরওয়ানার ফী ও খরচার কথা।

১৩। আদেশকারী কালেক্টর সাহেব যে জিলায় সার্টিফিকট করা হয় তাহা ছাড়া অন্য জিলায় জারি করা সেস আদায়ের নোটিসের জন্য যে কোর্ট ফী ইষ্টাম্পের খরচ এবং তদ্ভিন্ন অন্যান্য আদায়যোগ্য খরচা হইয়াছে বলিয়া জারিকারী কালেক্টর সাহেবকে নোটিস দেন, জারিকারী কালেক্টর সাহেব তাহা সার্টিফিকটের অন্তর্গত সেস ও তৎসংযুক্ত অন্য দাবীর টাকার সহিত আদায় করিয়া পাঠাইবেন।

সকল স্থলেই কোর্ট ফী ইষ্টাম্প দরখাস্তে লাগাইবার ও তাহাতে থাকিবার কথা।

১৩ক। সকল স্থলেই কোর্ট ফী ইষ্টাম্প পরওয়ানা জারির দরখাস্তে লাগাইতে হইবে, পরওয়ানাতে নহে। পরওয়ানাতে একটী পৃষ্ঠলিপি লিখিয়া এই সার্টিফিকেট দিতে হইবে যে ফী দেওয়া হইয়াছে, এবং দরখাস্তখানি যে আফিস বা আদালত গ্রহণ করেন সেই আফিস বা আদালতে থাকিবে।

২ নম্বর।

বোর্ডের ১৮৮৮ সালের বিবিধ বিষয়ক বিধিপুস্তকের ১৬৭ পৃষ্ঠায় (১৭ ধারা, ১৬ দফা) সেসের তলব প্রভৃতি বিষয়ক বিবরণ পত্রের "তলব" ও "বাকী" শীর্ষক ঘর দুইটীর মধ্যে নিম্নলিখিত শিরোভাগগুলি সন্নিবেশ করিতে হইবে :—

আদায়।			
পূর্ব্বে আগাম স্বরূপ প্রদত্ত টাকা লইয়া চলতি আদায়।	বাকী।	ভবিষ্যতের জন্য আগাম দেওয়া।	মোট।

২। ঐ পৃষ্ঠার পাদদেশ হইতে ধরিয়া ৩ ও ৪ পংক্তিতে "ভবিষ্যতের জন্য যে আগাম টাকা আদায় করা হয় তাহা প্রত্যেক জিলার সম্বন্ধে উল্লেখ করিতে হইবে" এই যে কথাগুলি আছে তাহা কাটিয়া দিতে হইবে।

৩। ১৬৭ পৃষ্ঠার পাদদেশে নিম্নলিখিত ১৭ ক ধারাটী সন্নিবেশ করিতে হইবে:—

"১৭ ক ধারা। ১৮ দফা।—প্রত্যেক জিলায় যত রেবিনিউ মনি অর্ডর প্রাপ্ত হওয়া যায় ও সর্ব্বশুদ্ধ ঐ সকল মনি অর্ডর যত টাকার তাহা উল্লেখ করিতে হইবে। যে সকল মনি অর্ডর গ্রহণ করিতে অস্বীকার করা হয় তৎসম্বন্ধেও ঐ সন্ধান দিতে হইবে।"

৩ নম্বর।

১। ১৮৮৮ সালের সার্টিফিকট বিষয়ক কার্য্যপ্রণালী সম্বন্ধীয় পুস্তকের ১৫ পৃষ্ঠায় ১ পরিচ্ছেদের ৪ ও ৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশ করিতে হইবে:—

প্রদত্ত ক্ষমতা যে প্রকারে পরিচালনা করিতে হইবে তাহার কথা।

৪। কোন জিলার কালেক্টর (সার্টিফিকট বাহিরকারী কর্ম্মচারী কর্ত্তৃক প্রশ্নার্পণ বশতঃ অথবা অন্য কোন প্রকারে) কোন মোকদ্দমার কথা অবগত হইলে সেই মোকদ্দমায় এই আদেশ করিতে পারিবেন যে যেন সার্টিফিকট বাহির না হয় অথবা যতক্ষণ পর্য্যন্ত তিনি তৎসম্বন্ধে কোন সিদ্ধান্তে উপনীত না হন ততক্ষণ পর্য্যন্ত যেন উহার বাহির হওন স্থগিত থাকে।

২। ঐ পুস্তকের ১৬ পৃষ্ঠায় ২ পরিচ্ছেদের ১০ ধারাটী কাটিয়া দিতে হইবে।

৩। ঐ পুস্তকের ১৭ পৃষ্ঠায় ঐ পরিচ্ছেদের ১১ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশ করিতে হইবে:—

আপত্তি সম্বন্ধে নিষ্পত্তি হইবার পর কার্য্যপ্রণালীর কথা।

১০। যে কোন কর্ম্মচারী কোন আপত্তির দরখাস্ত শ্রবণ করেন ও তৎসম্বন্ধে নিষ্পত্তি করেন তিনি ঐ মোকদ্দমার নথী সার্টিফিকট বাহিরকারী কর্ম্মচারীর নিকট পাঠাইবেন। উক্ত কর্ম্মচারী ঐ সার্টিফিকট প্রবল থাকিবার অথবা আদেশকারী কর্ম্মচারী ঐ আপত্তির দরখাস্ত সম্বন্ধে যেরূপ নিষ্পত্তি করেন তদনুসারে ঐ সার্টিফিকট পরিবর্ত্তিত হইবার আদেশ করিতে পারিবেন।

৪। ঐ পুস্তকের ১৭ পৃষ্ঠায় ২ পরিচ্ছেদের ১২ ধারার ৮ ও ৯ পংক্তিতে "এবং কালেক্টর সাহেবের নিকট আপীলের অধীনে" এই যে কথাগুলি আছে তাহা কাটিয়া দিতে হইবে ও ১২ ধারার ১২ এই সংখ্যাটী পরিবর্ত্তন করিয়া ১১ করিতে হইবে।

৪ নম্বর।

১। পেনশন সম্বন্ধে সাধারণীক কমিশনের প্রস্তাব উপলক্ষে ১৮৮৮ সালের ১৭ ফেব্রুয়ারি তারিখে বোর্ড যে রিপোর্ট দেন সেই রিপোর্টের উপর গবর্ণমেন্টের ১৮৮৮ সালের ৫ জুলাই তারিখের আদেশোপলক্ষে বোর্ডের ১৮৮৮ সালের বিধিপুস্তকের ৯ অধ্যায়ের ২য় ও ৩য় পরিচ্ছেদ ইহা দ্বারা রহিত করা গেল ও তৎপরিবর্ত্তে গবর্ণমেন্টের অনুমোদিত নিম্নলিখিত বিধিসমূহ সন্নিবেশিত করা গেল সুতরাং পরবর্ত্তী ৪, ৫ ও ৬ পরিচ্ছেদে ৩, ৪ ও ৫ সংখ্যা বসাইতে হইবে:—

২য় পরিচ্ছেদ।—যে স্থানে যে সময়ে ও যে সকল ব্যক্তিকে পেনশন দেওয়া হইবে তাহার কথা।

কোথায় টাকা দিতে হইবে তাহার কথা।

১। সাধারণতঃ আকাউণ্টাণ্ট জেনরল সাহেব যে জিলাস্থ খাজানাখানার উপর বরাবর টাকা দিবার আদেশ করিয়াছেন, সেই খাজানাখানায় পেনশন দেওয়া যাইতে পারিবে।

মহকুমায় টাকা দিবার কথা।

২। কিন্তু জেলার কোন মহকুমা নিবাসী পেনশনধারিগণ, জেলাস্থ খাজানাখানার ন্যায় মহকুমাস্থ খাজানাখানা হইতে পেনশন পাইতে পারিবেন।

টাকা দিবার স্থান পরিবর্ত্তনের কথা।

৩। দরখাস্ত করিলে ও উপযুক্ত কারণ দর্শাইলে কমিশনর সাহেব আপন বিভাগস্থ কোন খাজানাখানার পরিবর্ত্তে বৃটিষ ভারতবর্ষস্থিত যে কোন খাজানাখানা হইতে টাকা পাইবার অনুমতি দিতে পারিবেন। যে স্থলে রাজনৈতিক পেনশনধারী কোন ব্যক্তি গবর্ণমেণ্টের আদেশানুসারে কোন বিশেষ স্থানে বাস করেন সে স্থলে ঐ অনুমতি খাটিবে না।

যে সমস্ত বিবরণ পাঠাইতে হইবে তাহার কথা।

৪। কমিশনর সাহেব বঙ্গদেশের আকাউণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট টাকা দিবার স্থান পরিবর্ত্তন বিষয়ক আদেশের নকল ও পেনশনের কারণ ও বিবরণঘটিত একটী সংক্ষিপ্ত ইতিহাস পাঠাইবেন এবং যে জেলা হইতে টাকা দেওয়া উঠাইয়া দেওয়া হইল সেই জেলার ডিষ্ট্রিক্ট অফিসরকে বরাবর টাকা দেওন বিষয়ক আদেশপত্রের, তাঁহার সম্বন্ধীয় ও পেনশনধারির সম্বন্ধীয় অংশ আকাউণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট প্রত্যর্পণ করিবার আদেশ করিতে হইবে। তাহার পর আকাউণ্টাণ্ট জেনরল সাহেব ভবিষ্যতে যে কর্ম্মচারী পেনশন দিবেন তাঁহার উপর বরাবর টাকা দিবার এক নূতন আদেশ করিবেন ও যদি ঐ কর্ম্মচারী অন্য প্রদেশের হন তাহা হইলে তিনি ঐ প্রদেশের আকাউণ্টাণ্ট জেনরল সাহেবকে ঐ রূপ করিতে লিখিবেন।

মাসেং দিবার কথা।

৫। সাধারণতঃ পেনশন মাসে মাসে দেওয়া হইবে।

বাকী পেনশনের কথা।

৬। যদি ৬ মাসের অধিক কাল পর্য্যন্ত পেনশনের টাকা অগৃহীত থাকে তাহা হইলে যে কর্ম্মচারী টাকা দিয়া থাকেন তিনি অবিলম্বে পেনশনধারির অনুপস্থিতির কারণ অনুসন্ধান করিবেন ও টাকা দিবার আদেশ বাঙ্গালার আকাউণ্টাণ্ট জেনরল সাহেবকে ফিরাইয়া দিবেন। অনুসন্ধান শেষ হইলে পর, তাহার ফল তাঁহাকে জানাইতে হইবে। যদি পেনশনধারী পরে উপস্থিত হয় তাহা হইলে কালেক্টর বা অন্য কর্ম্মচারী, যিনি টাকা দিয়া থাকেন, টাকা দিবার আদেশ ফিরাইয়া লইতে ও টাকা দেওয়া পুনর্ব্বার আরম্ভ করিতে পারিবেন, কিন্তু পেনশনের দরুন বাকী যত টাকা জমে তাহা কমিশনরের অনুমতি ব্যতীত দেওয়া যাইতে পারিবে না এবং ঐ টাকা ১০০০ টাকার অধিক হইলে কমিশনরের মারফত অগ্রে বোর্ডের আদেশ না লইয়া দেওয়া যাইতে পারিবে না।

টাকা দিবার সময় স্বয়ং উপস্থিত হইবার কথা।

৭। (ক) সাধারণতঃ পেনশনধারীর, স্বয়ং আসিয়া বরাবর টাকা দিবার আদেশের সহিত মিলাইয়া সনাক্ত করণের পর টাকা লওয়া চাই।

যে যে স্থলে উপস্থিত না হইলে চলিবে তাহার কথা।

(খ) স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক স্বয়ং উপস্থিতি হইতে বিশেষমতে রেহাই প্রাপ্ত পেনশনধারী, যে পেনশনধারী স্ত্রীলোক সাধারণের সম্মুখে সচরাচর বাহির হয় না। অথবা শারীরিক অসুস্থতা বা অসমর্থতা নিবন্ধন স্বয়ং আসিতে অক্ষম এরূপ পেনশনধারী পুরুষ গবর্ণমেণ্টের কোন দায়িত্ব বিশিষ্ট কর্ম্মচারী বা অন্য কোন সুবিদিত, বিশ্বাসী ব্যক্তি কর্ত্তৃক স্বাক্ষরিত জীবিত থাকা সম্বন্ধে সার্টিফিকেট দাখিল করিলে, পেনশন পাইতে পারিবেন।

(গ) পেনশনধারী ব্যক্তি, যে কোন রকমের হউন না কেন, যদি তিনি, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইন অনুসারে যে কোন শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পরিচালনকারী কোন ব্যক্তি কর্ত্তৃক, রেজিষ্টরী করণ বিষয়ক আইন অনুসারে কোন রেজিষ্ট্রার বা সব-রেজিষ্ট্রার কর্ত্তৃক বা পেনশন লইবার পূর্ব্বে যিনি মাজিষ্ট্রেটের ক্ষমতা পরিচালন করিতেন এরূপ কোন পেনশনধারী ব্যক্তি কর্ত্তৃক স্বাক্ষরিত জীবিত থাকা সম্বন্ধে সার্টিফিকেট দেখাইতে পারেন, তাহা হইলে তাঁহাকে স্বয়ং আসিয়া পেনশন লওয়া হইতে রেহাই দেওয়া হয়।

সতর্ক হইবার কথা।

(ঘ) খ ও গ চিহ্নিত প্রকরণের উল্লিখিত স্থল সমূহে, যে কর্ম্মচারী টাকা দিয়া থাকেন তাঁহাকে যাহাতে প্রতারণা না হয় তদ্বিষয়ে সাবধান হইতে হইবে। তিনি প্রতি বৎসর প্রথমবার টাকা দিবার পূর্ব্বে, পেনশনধারী ব্যক্তি যে তখনও জীবিত আছে এ বিষয়ে জীবিত থাকা সম্বন্ধীয় সার্টিফিকেট ছাড়া অন্য প্রমাণ চাহিবেন। এই নিমিত্ত তিনি (স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক স্বয়ং উপস্থিতি হইতে রেহাই দেওয়া ছাড়া অন্য স্থলে) যে সকল পেনশনধারী পুরুষ, শারীরিক অসুস্থতা বা অসমর্থতা নিবন্ধন উপস্থিত হইতে অক্ষম নহে, তাহাদিগকে স্বয়ং উপস্থিত হইতে বলিবেন ও তাহাদের সনাক্ত লইবেন এবং যে সকল স্থলে শারীরিক অসুস্থতাদি অনুপস্থিতির কারণরূপে উল্লিখিত হইবে, সে স্থলে তিনি পেনশনধারির জীবিত থাকার প্রমাণ গ্রহণের পর অসুস্থতাদিরও প্রমাণ লইবেন।

সম্ভ্রান্ত পেনশনধারির কথা।

৮। যে সকল সম্ভ্রান্ত পেনশনধারিকে গবর্ণমেণ্ট বিশেষরূপে উপস্থিতি হইতে রেহাই দিয়াছেন, তাঁহাদের পেনশন, বরাবর পেনশন দিবার আদেশপত্র ও স্বতন্ত্র রসীদ দাখিল করিলে পর, মোক্তারনামা প্রাপ্ত তাঁহাদের কোন কর্ম্মকারকের হস্তে দেওয়া যাইবে।

কর্ম্মকারককে দিবার কথা।

৯। (৮ ধারার উল্লিখিত স্থলসমূহ ছাড়া) ৭ ধারার (খ) প্রকরণমতে যে সমস্ত পেনশনধারী উপস্থিত হইবার দায়িত্ব হইতে রেহাই পাইয়াছেন, তাঁহাদের পেনশন, ঐ বিধির উল্লিখিতমত, জীবিত থাকা সম্বন্ধীয় স্থায়ী আদেশ ও স্বতন্ত্র রসীদ দাখিল করিলে, তাঁহাদের পক্ষে নিযুক্ত কোন কর্ম্মকারককে দেওয়া যাইতে পারিবে।

১০। কোন পেনশনধারির মৃত্যু হইলে তাঁহার ওয়ারিসগণ মৃত্যুর পর ছয় মাসের মধ্যে দরখাস্ত করিলে, তাঁহাদিগকে প্রকৃতপক্ষে তাঁহার প্রাপ্য বাকী পেনশন দেওয়া যাইতে পারিবে; ছয় মাসের পরে রেবিনিউ বোর্ডের অনুমতি ব্যতীত দেওয়া যাইতে পারিবে না। কিন্তু যদি বাকী পেনশন ১০০ টাকার অধিক না হয়, ও বিবেচনাধীন স্থলে কোন বিশেষত্ব না থাকে তাহা হইলে কমিশনর তাঁহার নিজের ক্ষমতাতেই বাকি পেনশন পাস করিতে পারিবেন। এমন কি যদি পেনশনধারির মৃত্যুর পুর্ব্বে পেনশন মঞ্জুর না হইয়া থাকে তাহা হইলে, পেনশনধারী জীবিত থাকিলে যে কর্ম্মচারী পেনশন মঞ্জুর করিতে সক্ষম হইতেন তাঁহার আদেশানুসারে পেনশন দেওয়া যাইতে পারিবে।

মৃত পেনশনধারির বাকী পেনশনের কথা।

২। ঐ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ২ ধারায় "২ পরিচ্ছেদের ৮ ধারা অনুসারে" এই কয়টী কথা উঠাইয়া দিতে হইবে।

৩। ঐ অধ্যায়ের ৫ পরিচ্ছেদের ৩ ধারাটি বাদ দিতে হইবে।

৪। ঐ অধ্যায়ের ও ঐ পরিচ্ছেদের ৬ ধারায় "২ পরিচ্ছেদের ২ ও ৩ ধারা অনুসারে" এইকথাগুলি বাদ দিতে হইবে।

৫। ৫ পরিচ্ছেদের ৪, ৫, ৬, ৭ ধারাগুলির নম্বর পরিবর্ত্তন করিয়া যথাক্রমে ৩, ৪, ৫, ৬ করিতে হইবে।

৬। রাজস্বকর্ম্মচারী সম্বন্ধীয় ১৮৮৮ সালের পুস্তকের ৪ পৃষ্ঠায় ১ পরিচ্ছেদের ৭ ধারায় "পেন্শনের অধ্যায় দেখ" এই শিরোভাগের পার্শ্বে "এক বৎসরেরও অধিককাল অগৃহীত" এই শব্দ সমূহের পরিবর্ত্তে "১০০০ টাকার অধিক" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে।

৭। ঐ পুস্তকের ৬ পৃষ্ঠায়, ঐ পরিচ্ছেদের ৮ ধারায় "পেনশনের অধ্যায় দেখ" এই শিরোভাগের পার্শ্বে "এক বৎসর পর্য্যন্ত অগৃহীত" এই শব্দসমূহের পরিবর্ত্তে "১০০০ টাকার অনধিক" এই সব্দসমূহ সন্নিবেশিত কর।

---

৫ নম্বর।

গবর্ণমেন্টের মহাল বিষয়ক বিধি সম্বন্ধে সালারীজ কমিশনের প্রস্তাবের উপলক্ষে, ১৮৮৮ সালের ২রা মার্চ্চ তারিখে বোর্ড যে রিপোর্ট করেন, সেই রিপোর্টের উপর গবর্ণমেন্টের ১৮৮৮ সালের ৫ জুলাই তারিখের আদেশোপলক্ষে, বোর্ডের ১৮৮৮ সালের বিধিপুস্তকের তৃতীয় অধ্যায়ের তৃতীয় পরিচ্ছেদে ও রাজস্ব কর্ম্মচারী সম্বন্ধীয় পুস্তকের ৩ পৃষ্ঠায় ১ পরিচ্ছেদে নিম্নলিখিত পরিবর্ত্তন করিতে হইবে:—

(১) বোর্ডের ১৮৮৮ সালের বিধিপুস্তকের ২৮ পৃষ্ঠায় তৃতীয় অধ্যায়ের তৃতীয় পরিচ্ছেদের ৪ ধারায় "কিন্তু বোর্ডের অনুমতি লইয়া" হইতে "করা যাইতে পারিবে" এই পর্য্যন্ত শব্দ সমূহের পরিবর্ত্তে "কিন্তু কালেক্টর দুই কিম্বা ততোধিক ক্ষুদ্র মহাল এক লাটে সন্নিবেশিত করিতে অথবা এক মহালকে অনেক লাটে বিভক্ত করিতে পারিবেন" এই শব্দসমূহ সন্নিবেশিত কর।

(২) ঐ পরিচ্ছেদের ৮ ধারায় "কিন্তু বোর্ড" হইতে "পারিবেন" পর্য্যন্ত শব্দসমূহের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত কর:—

"নীলামের সময় কালেক্টর প্রথম ডাক কত হইবে তাহা স্থির করিয়া দিবেন"

(৩) ঐ পরিচ্ছেদের ১০ ধারায় নীলামের নিয়মাবলির প্রথম পংক্তিতে "প্রথম ডাক" শব্দের পর "যাহা কালেক্টর কর্ত্তৃক নীলামের সময় নির্দ্ধারিত হইবে" এই শব্দগুলি সন্নিবেশিত কর।

উক্ত নিয়মাবলীতে সংযুক্ত টেবিলের আকারে প্রদত্ত বিবরণপত্রে "গবর্ণমেন্টের মহালের বিবরণপত্রে নম্বর" ও "প্রথম ডাক" এই দুইটী ঘর কাটিয়া দিতে হইবে।

(৪) ঐ পরিচ্ছেদের ১১ ধারা হইতে "উক্ত বিজ্ঞাপন" হইতে "ধার্য্য করিতে হইবে" পর্য্যন্ত শব্দ সমূহ উঠাইয়া দাও ও তৎপরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত কর:—

"কালেক্টর নির্দ্ধারিত পাঠে ঐ বিজ্ঞাপন একেবারে প্রিণ্টারের নিকট পাঠাইয়া দিবেন। কিন্তু যখন ঐ বিজ্ঞাপনে কোন বিশেষ নিয়ম সন্নিবেশিত হইবে তখন কালেক্টর উহা কমিশনরের মারফত বোর্ডে পাঠাইবেন। সম্ভবতঃ যে দিনে ঐ বিজ্ঞাপন গেজেটে প্রকাশিত হইতে পারে তাহার অন্ততঃ একমাস পরে নীলামের দিন ধার্য্য করিতে হইবে"।

(৫) ঐ পরিচ্ছেদের ১২ ধারায় "কিন্তু কমিশনরেরা সেই সকল মহালের নীলামের নিমিত্ত বিজ্ঞাপন বোর্ডে পাঠাইবেন না" এই সকল শব্দের পরিবর্ত্তে "কিন্তু কালেক্টরেরা সেই সকল মহালের নীলামের নিমিত্ত বিজ্ঞাপন প্রকাশিত করিবেন না" এই সকল শব্দ সন্নিবেশিত কর এবং ৫ম পংক্তিতে "করিবেন না" "এই শব্দদ্বয়ের পর শেষ বাক্যটি উঠাইয়া দাও। এবং "করিবেন না" এই শব্দদ্বয়ের পর দাঁড়ি দাও।

৬। রাজস্ব কর্ম্মচারী সম্বন্ধীয় পুস্তকের ৩ পৃষ্ঠায় প্রথম পরিচ্ছেদের ৭ ধারার (গ) চিহ্নিত "বোর্ডের ক্ষমতা" এই শিরোভাগ হইতে নিম্নলিখিত কথাগুলি উঠাইয়া দিতে হইবে।

নীলামের নিমিত্ত মহালের লাটবন্দি করণ।
মহালের প্রথম ডাক কমাইয়া দেওন। } গবর্ণমেন্ট মহাল সম্বন্ধীয় অধ্যায় দেখ।

শ্রীযুত এফ্, এম, হ্যালিডে সাহেব ।

---

৬ নম্বর ।

THIS preparation is an efficient substitute for Quinine, and can be pur[illegible]ed by Government officers for public and charitable purposes, and by any one taking [illegible]ty pound at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the fo[illegible]ing rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin, *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিঙ্কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানী বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪৷৷০

টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮।।০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬।।০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫।।০ টাকা; ৮ আউন্স টিন ১০।।০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাক মাসুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্কোনা।

লাল সিন্কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬।।০ টাকায়, ৮ ঔন্স টিন ১২।।০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানীর বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮।।০ টাকায় ৮ ঔন্স টীন ১৬।।০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ।।০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাসুল দিতে হইবে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্ত্র্যাণ্ড ওয়েষ্ট টৌন হালের তাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mofussil.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।			টাকা
সম্পূর্ণ গেজেট ...	...	বৎসর	১০৲
ডাকমাসুল ...	...	"	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) ...	..	"	৪৲
ডাকমাসুল ...	...	"	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য ...	...		।০
ডাকমাসুল ...	...		৵০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)...	...	...	/০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একং আনা।
ডাকমাসুল ...	...	...	/০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জোট সেক্রেটরী।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor F. Max Müller, M.A., in two Volumes. *Price Rs. 24; packing and postage Re. 1-12.*

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible. I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8 Hastings Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government office or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

Note—*Rates for Advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half "	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

বক্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখনং ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

কলিকাতা মুনিসিপালিটীর

বিজ্ঞাপন।

সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, কলিকাতা নগর কর্পোরেসনের বর্ত্তমান উপবিধিতে নিম্নলিখিত নূতন উপবিধি সংযোগ করিবার প্রস্তাব করা গিয়াছে, তাহার একখান নকল এই বিজ্ঞাপনের তারিখ অবধি এক মাসের মধ্যে যে কোন দিনে পূর্ব্বাহ্ণ ১০টা অবধি অপরাহ্ণ ৫ টার মধ্যে কোন সময়ে কমিশ্যনরদের আফিসে দেখা যাইতে পরিবে।

৫৯ক নং উপবিধি।

যেরূপ আবর্জ্জনা স্থানান্তর করা উচিত, কোন কর্ম্ম বাণিজ্য বা ব্যবসায় হইতে তদ্রূপ আবর্জনা উৎপন্ন হইলে তাহা স্থানান্তর করিবার স্বতন্ত্র কোন বন্দোবস্ত করা না গেলে ঐ আবর্জনা বাস্তবিক সং-কারী পথে জমা করা গেলে তাহা স্থানান্তর করিবার জন্য যে ফী লওয়া যাইত, যে ব্যক্তি উক্ত কর্ম, বাণিজ বা ব্যবসায় চালান কমিশনরেরা তাঁহার স্থানে ঐ আবর্জনা স্থানান্তর করণার্থে সেই ফী লইবেন।

মুনিসিপল আফিস,
৪, মুনিসিপল আফিস ষ্ট্রীট,
কলিকাতা ১৮৮৮ সাল
১১ সেপ্টেম্বর।

জান কৌই,
কর্পোরেসনের সেক্রেটরী।
(25—1)

INSOLVENCY NOTICES.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM NICHOLLS and others,
(NICHOLLS & Co.,) Insolvents.

NOTICE is hereby given that Saturday, the 24th day of November next is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Official Assignee from the 1st day of September 1885 until the 31st day of August 1888, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

The like Notice.—In the matter of SHAHZADAH MAHOMED MAMOOD SHAH, an Insolvent.—Wherein the account of the Official Assignee from 1st May 1879 to 31st August 1888, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of PURMESSUR KHAN and others, (PURMESSUR KHAN & Co.,) Insolvents.—Wherein the account of the Official Assignee from 4th June 1887 to 31st August 1888, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of LUKHOO alias LUKHOO CHOWDRY, an Insolvent.—Wherein the account of the Official Assignee from 3rd June 1880 to 31st August 1888 has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of BAMA CHAND & SODASOOK, Insolvents.—Wherein the account of the Official Assignee from 11th March 1882 to 31st August 1888, has been filed in the Chief Clerk's Office.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 14*th September* 1888.

A. B. MILLER,
Official Assignee.
(26—1)

কলিকাতা বেঙ্গল সেক্রেটেরিয়েট প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডটৈন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 24a 29-8-88--597—355

Numb. 2565 [২৫৬৫]

REGISTERED No 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 25, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২৫ সেপ্টেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

FOREST DEPARTMENT—BENGAL.

NOTIFICATION.

The 18th September 1888.—The Lieutenant-Governor is pleased to declare that the land within the boundaries described below, which was constituted a "Protected Forest" in the notification dated 7th December, 1878 (published at page 1299, Part I of the *Calcutta Gazette* of the 11th December, 1878), and was placed under the jurisdiction of the Conservator of Forests by the same notification, ceased to be "Protected Forest" with effect from 12th April, 1888, from which date it was retransferred to the charge of the Deputy Collector in charge of the Sunderbuns :—

Description of area.	Boundaries.
Second portion of Lot No. 110 of the Sunderbuns, district 24-Pergunnahs.	*North.*—By the south boundary of the north portion of Lot No. 110, which was leased on being declared to have ceased to be protected forest in the notification, dated 7th September, 1886 (*Calcutta Gazette*, Part I, page 973 of 8th idem), being a set of permanent boundary marks erected by the lessee as required by article XIII of the terms of grant, running east from a point on the bank of the Mooreegunga channel creek or Barratulla river, to a point on the Ghebattee Gang. *East.*—By a portion of the Ghebattee Gang, which also forms the west boundary of Lot No. 111. *South.*—By a set of boundary marks erected by the lessee as required by article XIII of the terms of grant running west from a point on the bank of Ghebattee Gang to a point on the bank of the Mooreegunga channel creek or Barratulla river. *West.*—By a portion of the Mooreegunga channel creek or Barratulla river.

H. J. S. Cotton,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3321A.

The 13th September 1888.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Serajgunge, in the district of Pubna; the first-named gentleman is vested with the powers of a Magistrate of the second class, and the others with the powers of a Magistrate of the third class:—

Baboo Durga Kant Sen.
„ Madhu Sudan Rai.
Kajeh Enaetullah Chauduri.
Munshi Emambasee Bhuyan.

Baboo Jadu Nath Mukerjee is appointed to be an Honorary Magistrate of the Sahebgunge Bench, in the district of the Sonthal Pergunnahs, and is vested with the powers of a Magistrate of the third class.

Baboo Jadub Chunder Ghose, of Gram Culna, thana Culna, in the district of Burdwan, is appointed to be an Honorary Magistrate, and is empowered to sit alone and to try such cases as may be referred to him by the Sub-divisional Officer of Culna.

Baboo Jadub Chunder Ghose is vested with the powers of a Magistrate of the second class.

J. Ware Edgar,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

বঙ্গদেশের বন সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৮ সেপ্টেম্বর।—১৮৭৮ সালের ডিসেম্বর মাসের ১৭ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ঐ মাসের ৭ তারিখের বিজ্ঞাপনে নিম্নলিখিত সীমার অন্তর্গত যে ভূমি রক্ষিত বন করিয়া উক্ত বিজ্ঞাপনক্রমে বনরক্ষকের বিচারাধিকারের অধীনে অর্পণ করা গিয়াছিল তাহা ১৮৮৮ সালের ১২ আপ্রিল অবধি আর "রক্ষিত বন" থাকিল না। উক্ত তারিখ অবধি উক্ত ভূমি সুন্দর বনের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টরের কর্তৃত্বাধীনে পুনরর্পিত হইল।

ভূমির বিবরণ।	সীমা।
২৪ পরগনা জিলার অন্তর্গত সুন্দরবনের ১১০নং লাটের দ্বিতীয় অংশ।	উত্তর সীমা।—১৮৮৬ সালের ১৪ সেপ্টেম্বরের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫৭৫ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ৭ তারিখের বিজ্ঞাপনে ১১০নং লাটের যে উত্তরাংশ রক্ষিত বন থাকিবে না বলিয়া প্রকাশ করিয়া পাট্টা দেওয়া গিয়াছিল তাহার দক্ষিণ সীমা, অর্থাৎ গ্রাণ্টের নিয়মের ১৩ দফার আদেশ অনুসারে মুরিগঙ্গা চানেল ক্রীক বা বরাতুল্লা নদীর তটের কোন স্থান হইতে যেবাতী গাঙ্গের বিশেষ স্থান পর্য্যন্ত পাট্টাদারের গাঁথা পূর্ব্বমুখগামী সীমার স্থায়ী চিহ্ন শ্রেণী। পূর্ব্বসীমা।—যেবাতী গাঙ্গের একাংশ ইহা ১১১নং লাটের পশ্চিম সীমা হয়। দক্ষিণ সীমা।—গ্রাণ্টের নিয়মের ১৩ দফার আদেশানুসারে যেবাতী গাঙ্গের তটের কোন স্থান হইতে মুরিগঙ্গা চানেল ক্রীকের বা বরাতুল্লা নদীর তটের কোন স্থান পর্য্যন্ত পাট্টাদারের গাঁথা সীমার চিহ্ন শ্রেণী। পশ্চিম সীমা।—মুরিগঙ্গা চানেল ক্রীকের বা বরাতুল্লা নদীর কতক অংশ।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৩২১ A নম্বর।

১৮৮৮ সাল ১৩ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইলেন। প্রথমোক্ত ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও অন্যান্য ব্যক্তি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুক্ত বাবু দুর্গাকান্ত সেন।	শ্রীযুক্ত খাজা এনায়েতুল্লা চৌধুরী।
„ „ মধুসূদন রায়।	„ মুনসী এমামবাসী ভূঞা।

শ্রীযুক্ত বাবু যদুনাথ মুখোপাধ্যায় সাঁওতালপরগনা জিলার অন্তর্গত সাহেবগঞ্জ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনা থানার সামিল গ্রাম কালনার শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষ অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া একক উপবিষ্ট হইবার ও কালনা মহকুমার কর্তৃপক্ষ কর্তৃক সমর্পণ করা মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইলেন।

শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জে, ওয়ার, এডওয়ার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

NOTIFICATION.

The 10th September 1888.—It is hereby notified for general information that, in the exercise of the powers conferred on him by section 1, Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor extends the provisions of the said Act to the Jehanabad Municipality, in the district of Hooghly, with effect from the 1st October 1888.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 14th September 1888.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the powers conferred on him by section 3, Act IV (B.C.) of 1865 (an Act for the prohibition of the practice of inoculation), to extend the provisions of the above Act to the thanas named in the margin, situated in the district of Chittagong, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the places to be affected by these orders.

1. Chittagong.
2. Raujan.
3. Mirserai.
4. Patiya.
5. Hathhazari.
6. Futtickcherry.
7. Kumira.
8. So much of thana Banskhally as lies to the north of the Sungoo.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th September 1888.—The Lieutenant-Governor sanctions the undermentioned changes in the Barrackpore sub-division of the 24-Pergunnahs district, with effect from the 1st of October 1888:—

I.—The out-post at Khardah has been converted into a police station.

II.—The town out-posts at Pulta, Chandanpukur, and Talpukur have been abolished, and in lieu thereof two new out-posts have been established, one near the Barrackpore railway station, to be called the Chanak out-post, and the other in the European quarter of the Barrackpore Cantonment to be called the Cantonment out-post.

III.—The independent out-post of Nawabgunge has been made a police station.

IV.—The Barrackpore sub-division will now consist of thanas Nawabgunge, Barrackpore, and Khardah, with jurisdiction over the villages mentioned in the accompanying lists A, B, and C. The boundaries of the three thanas are also described below:—

Thana Nawabgunge.

On the North.—The river Hooghly and the boundaries of villages Nuparrah, Ghur Shamnagar and Shamnagar.

On the East.—The boundaries of villages Shamnagar, Pultah and Mathurapur.

On the South.—The boundaries of the following villages, viz. Mathurapur, Khyrapur, Baubunpur, Echapur, Pultah, Sahiban Bageecha (Thakbust No. 23), and Sahiban Bageecha (Thakbust No. 33) to the Hooghly river.

On the West.—The river Hooghly.

Thana Barrackpore.

On the North.—The southern boundary of thana Nawabgunge as above described.

On the East.—The Noweye Nuddee from the village of Teylinipara on the north to that of Nauborand on the south.

On the South.—The boundaries of the following villages, viz. Nauborand, Surajpur, Rueya, Chanuk, Tittagurh, and Berhuzzaree to the Hooghly river.

on the West.—The river Hooghly.

বিজ্ঞাপন

১৮৮৮ সাল ১০ সেপ্টেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইনের বিধান ১৮৮৮ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদ মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

জে, ওয়ার, এডগার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৪ সেপ্টেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, এই আজ্ঞাদ্বারা যেং স্থানের ক্ষতিবৃদ্ধি আছে সেইং স্থানে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বসন্তবীজে টিকাদানের প্রথা নিষেধকরণার্থ ১৮৬৫ সালের বঙ্গীয় ৪ আইনের ৩ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইনের বিধান চট্টগ্রাম জিলায় স্থিত পার্শ্বলিখিত থানায় প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

১। চট্টগ্রাম।
২। রাওজান।
৩। মিরসরাই।
৪। পতিয়া।
৫। হাটহাজারী।
৬। ফটিকছেরী।
৭। কুমিরা।
৮। বাঁশখালী থানার যে অংশ সঙ্খ্যর উত্তরদিকে আছে সেই অংশ।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৮ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮৮ সালের ১ অক্টোবর অবধি ২৪পরগনা জিলার অন্তর্গত বারাকপুর মহকুমার নিম্নলিখিত পরিবর্ত্তন অনুমোদন করিলেন।

প্রথম।—খড়দহ ফাঁড়ি পোলীস থানা করা গেল।

দ্বিতীয়।—পলতা, চন্দনপুকুর ও তালপুকুর নগরের ফাঁড়ি উঠাইয়া দিয়া তৎপরিবর্ত্তে দুই নূতন ফাঁড়ি অর্থাৎ চানকের ফাঁড়ি নামে বারাকপুর রেলওয়ে ষ্টেশনের নিকট এক ও সেনানিবেশ ফাঁড়ি নামে বারাকপুর কান্টমেণ্টের ইউরোপীয় পল্লীতে অন্য ফাঁড়ি স্থাপন করা গেল।

তৃতীয়।—নবাবগঞ্জের স্বাধীন ফাঁড়ি পোলীস থানা করা গেল।

চতুর্থ।—বারাকপুর মহকুমার মধ্যে এইক্ষণে নবাবগঞ্জ, বারাকপুর ও খড়দহ থানা থাকিল, ঐং থানার এলাকা এতৎসংযুক্ত A. B. ও C. চিহ্নিত নির্ঘণ্টপত্রলিখিত গ্রামের উপর থাকিবে। উক্ত তিন থানার সীমাও পশ্চাৎ লেখা যাইতেছে।

নবাবগঞ্জ থানা।

উত্তর সীমা।—হুগলী নদী এবং নপাড়া, গড় শ্যামনগর ও শ্যামনগর গ্রামের সীমা।
পূর্ব্ব সীমা।—শ্যামনগর, পলতা ও মথুরাপুর গ্রামের সীমা।
দক্ষিণ সীমা।—হুগলী নদী পর্য্যন্ত এইং গ্রামের অর্থাৎ মথুরাপুর, খয়রাপুর, বৌনপুর, ইচ্ছাপুর, পলতা, সাহিবান বাগিচা (থাকবস্ত ২৩নং) এবং সাহিবান বাগিচা (থাকবস্ত ৩১নং) গ্রামের সীমা।
পশ্চিম সীমা।—হুগলী নদী।

বারাকপুর থানা।

উত্তর সীমা।—উপরোক্ত নবাবগঞ্জ থানার দক্ষিণ সীমা।
পূর্ব্ব সীমা।—উত্তরদিক তেলিনীপাড়া গ্রামহইতে দক্ষিণদিকে নারবোরাম পর্য্যন্ত নোই নদী।
দক্ষিণ সীমা।—হুগলী নদী পর্য্যন্ত এই গ্রামের অর্থাৎ নোবরন্দ, সূর্য্যপুর, রুইয়া, চার্ণক, টিটাগড়, এবং বেরহুজ্জারি গ্রাম।
পশ্চিম সীমা।—হুগলী নদী।

Thana Khardah.

On the North.—The southern boundary of the Barrackpore thana as above defined.

On the East.—The Noweye Nuddee from the village of Bulagur on the north to that of Koodaleea on the south.

On the South.—The boundaries of the following villages, viz, Kodaleea, Chak Chandpur, Mooragacha, Paikan-Tehgurree, Tehgurree, Ghola, Pautna Uslampur, Tarapukuria, and Agarpara to the Hooghly river.

On the West.—The Hooghly river.

NOTE.—The boundary of the Barrackpore sub-division is conterminous with the outer boundaries of the three thanas mentioned above.

NOTE.—In the above description the villages named are situated within the boundaries of the thanas to which reference is made.

A.

List of villages contained in thana Nawabgunge.

Serial number.	NAME OF VILLAGE.	Thakbust number.	Name of Pergunnah.
1	Khyrapur	40	Calcutta.
	Baunbunpur	9	Ditto.
	Kanagoda chak	37	Ditto.
	Mathurapur	88	Havilishubur.
5	Pultah	5	Ditto.
	Echapur	99	Ditto.
	Delesura	47	Calcutta.
	Pultah	37	Ditto.
	Sahiban Bageecha (Mr. Bayley's) ...	33	Ditto.
10	Sahiban Bageecha	23	Ditto.
	Ditto	46	Ditto.
	Garuleah	1	Havilishuhur.
	Nuparrah	2	Ditto.
	Ghur Shamnagar	3	Arsha.
15	Shamnagar	4	Ditto.

B.

List of villages contained in thana Barrackpore.

Serial number.	NAME OF VILLAGE.	Thakbust number.	Name of Pergunnah.
1	Berhuzaree	2	Calcutta.
	Tittaghur	26	Ditto.
	Chanuck Mirzapur *m*	39	Ditto.
	Barrackpore Park	36	Ditto.
5	Barrackpore Cantonment	35	Ditto.
	Munirampore *m*	38	Ditto.
	Gauntee (Lakraj)	4	Ditto.
	Sundalpur	49	Ditto.
	Dhitarah	28	Ditto.
10	Kubelessur	25	Ditto.

খড়দহ থানা।

উত্তর সীমা।—উপরের নির্দ্দিষ্ট বারাকপুর থানার দক্ষিণ সীমা।

পূর্ব্ব সীমা।—উত্তরদিকে বলাগড় গ্রামহইতে দক্ষিণদিকে কুলালিয়া পর্য্যন্ত নোয়েই নদী।

দক্ষিণ সীমা।—হুগলী নদী পর্য্যন্ত এই২ গ্রামের অর্থাৎ কোদালিয়া, চক চাঁদপুর, মুড়াগাছা, পাইকান তেহগরী, তেহগরী, ঘোলা, পোতলা, উসলামপুর, তারাপুকুরিয়া এবং আগরপাড়া।

পশ্চিম সীমা।—হুগলী নদী।

মন্তব্য।—বারাকপুর মহকুমার সীমা উপরোক্ত তিন থানার বহিঃসীমার সহিত মিলে।

মন্তব্য।—উপরোক্ত বিবরণপত্রে যে২ গ্রাম যে২ থানার সীমায় আছে বলিয়া লেখা গিয়াছে সেই২ গ্রাম সেই২ থানার সীমার মধ্যে ধরা গেল।

A

নবাবগঞ্জ থানার অন্তর্গত গ্রামের নির্ঘণ্টপত্র।

ক্রমিক নম্বর।	গ্রামের নাম।	থাকবস্ত নম্বর।	পরগনার নাম।
১	খয়রাপুর	৪০	কলিকাতা।
	বনবনপুর	৯	ঐ
	কানাগোদাচক	৩৭	ঐ
	মথুরাপুর	৮৮	হাবিলিশহর।
৫	পলতা	৫	ঐ
	ইচ্ছাপুর	৯৯	ঐ
	দেলেন্দুরা	৪৭	কলিকাতা।
	পলতা	৩৭	ঐ
	সাহিবান বাগিচা (বেলি সাহেবের) ...	৩৩	ঐ
১০	সাহিবান বাগিচা	২৩	ঐ
	ঐ	৪৬	ঐ
	গরুলিয়া	১	হাবিলিশহর।
	মুপাড়া	২	ঐ
	গড় শ্যামনগর	৩	আর্শা।
১৫	শ্যামনগর	৪	ঐ

B

বারাকপুর থানার অন্তর্গত গ্রামের নির্ঘণ্টপত্র।

ক্রমিক নম্বর।	গ্রামের নাম।	থাকবস্ত নম্বর।	পরগনার নাম।
১	বেরহুজারী	২	কলিকাতা।
	টিটাগড়	২৬	ঐ
	চাণক মির্জাপুর m	৩৯	ঐ
	বারাকপুর পার্ক	৩৬	ঐ
৫	বারাকপুর ক্যান্টনমেন্ট	৩৫	ঐ
	মণিরামপুর m	৩৮	ঐ
	গৌড়ি (লাখেরাজ)	৪	ঐ
	সুন্দনপুর	৩৯	ঐ
	ঘিভাড়া	২৮	ঐ
১০	কবিলেশ্বর	২৫.	ঐ

B—(*continued.*)

List of village contained in thana Barrackpore.

Serial number.	Name of village.	Thakbust-number.	Name of Pergunnah.
	Chandunpukuria	15	Calcutta.
	Jufferpore	10	Ditto.
	Nunnah	16	Ditto.
	Chak Kataleah	71	Ditto.
15	Boro Kataleah	70	Ditto.
	Chak Kataleah Chak	71	Ditto.
	Mahanpur *alias* Talsutia	63	Ditto.
	Teylinipara *m*	73	Ditto.
	Choto Kataleah	20	Ditto.
20	Puttee Chapuriah	58	Ditto.
	Ramchanderpur	48	Ditto.
	Goneshpur	19	Ditto.
	Rueya	41	Ditto.
	Surajpur	65	Ditto.
25	Nauborand	29	Ditto.
	Duttpukuria	30	Ditto.
	Nilgunge	72	Ditto.
28	Durebagati	64	Ditto.

C.

List of villages contained in thana Khardah.

Seria number.	Name of village.	Thakbust number.	Name of Porgunnah.
1	Balaguri Singherbere	108	Calcutta.
	Issurpur	92	Ditto.
	Dehti	79	Ditto.
	Jotenerion	87	Ditto.
5	Dangadigla	55	Ditto.
	Doperiah	59	Ditto.
	Putulia	66	Ditto.
	Chak Putulia	66	Ditto.
	Kismat Putulia	7	Ditto.
10	Kerulia	11	Ditto.
	Rehra	61	Ditto.
	Khardah *m*	18	Ditto.
	Kismat Khardah	8	Ditto.
	Barrackpore	3	Ditto.
15	Sukchar	14	Ditto.
	Nataguri Chak	101	Ditto.
	Ram Chandrabati *alias* Jugeenpara ...	43	Ditto.
	Panisala	44	Ditto.
	Kismat Baudipur *m*	90	Ditto.
20	Anandpur	60	Ditto.

C.—(*continued.*)

খড়দহ থানার অন্তর্গত গ্রামের নির্ঘণ্টপত্র।

ক্রমিক নম্বর।	গ্রামের নাম।	থাকবস্ত নম্বর।	পরগণার নাম।
	আনন্দপুর চক	৬০	কলিকাতা।
	নাটাগুড়ি	১০১	ঐ
	কৃষ্ণপুর	৭৫	ঐ
	কর্ণা	৮৬	ঐ
২৫	জেত্রপ	৮৮	ঐ
	ভাটপাড়া নওয়াপাড়া	৮২	ঐ
	মাধবপুর	৯১	ঐ
	বিলকান্দা m	১০০	ঐ
	মহেশপোতা	৩৪	ঐ
৩০	বেল্লিয়াঘর	৮০	ঐ
	বোদাই	৬২	ঐ
	শহরপুর	১০৫	ঐ
	ডালিয়ান্দা	১০৪	ঐ
	যুগবেড়িয়া	৯৫	ঐ
৩৫	চক চাঁদপুর চক	৭৭	ঐ
	মোসন্দহ	৯৬	ঐ
	বড় মোসন্দহ	৯৭	ঐ
	আহরমপুর	৯৮	ঐ
	কোদালিয়া	৯৩	ঐ
৪০	আগাপুর	৯৪	ঐ
	মুড়াগাছা	৭৮	ঐ
	তেহষরী	৭৬	ঐ
	পাইকান তেহষরী	৬৯	ঐ
	ঘোলা	১০৩	ঐ
৪৫	উসলামপুর	৫২	ঐ
	পোঁতলা	১০৬	ঐ
	তারাপুকুরিয়া	২৭	ঐ
	সাদেপুর	৪৫	ঐ
	পানিহাটী m	৩২	ঐ
৫০	আগরপাড়া	৩১	ঐ
৫১	চক চাঁদপুর	৭৭	ঐ

মন্তব্য।—রাজস্বের জরীপী কার্য্য বিভাগের কার্য্যকারকেরা চিহ্ন দিয়া জরীপ করিয়া স্ব২ মানচিত্রে ও রিকার্ডে যে২ গ্রামের যে২ নাম দিয়াছেন উপরোক্ত নির্ঘণ্টপত্রে সেই২ গ্রামের সেই২ নাম দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

B.—(*continued.*)

বারাকপুর থানার অন্তর্গত গ্রামের নির্ঘণ্ট পত্র।

ক্রমিক নম্বর।	গ্রামের নাম।	থাকবস্ত নম্বর।	পরগনার নাম।
	চন্দন পুকুরিয়া	১৫	কলিকাতা
	জফেরপুর	১০	ঐ
	মুন্না	১৬	ঐ
	চক কাঠালিয়া	৭১	ঐ
১৫	বড় কাঠালিয়া	৭০	ঐ
	চক কাঠালিয়া চক	৭১	ঐ
	মংমপুর বা তালমুটিয়া	৬৩	ঐ
	তেলিনীপাড়া m	৭৩	ঐ
	ছোট কাঠালিয়া	২০	ঐ
২০	পটী চাপুরিয়া	৫৮	ঐ
	রামচন্দ্রপুর	৩৮	ঐ
	গণেশপুর	১৯	ঐ
	কইয়া	৪১	ঐ
	সূর্য্যপুর	৬৫	ঐ
২৫	মোবরান	২৯	ঐ
	দত্তপুকুরিয়া	৩০	ঐ
	নীলগঞ্জ	৭২	ঐ
২৮	ভুরীবাগাতি	৬৪	ঐ

C.

খড়দহ থানার অন্তর্গত গ্রামের নির্ঘণ্টপত্র।

ক্রমিক নম্বর।	গ্রামের নাম।	থাকবস্ত নম্বর।	পরগনার নাম।
১	বলাগুড়ি সিঙ্গেড় বেড়	১০৮	কলিকাতা।
	ঈশ্বরপুর	৯২	ঐ
	দেকতি	৭৯	ঐ
	জোতিমেরিওন	৮৭	ঐ
৫	ডাঙ্গা দিঘিলা	৫৫	ঐ
	দোপেড়িয়া	৫৯	ঐ
	পুটুলিয়া	৩৬	ঐ
	চক পুটুলিয়া	৬৬	ঐ
	কিসমৎ পুটুলিয়া	৭	ঐ
১০	কেকলিয়া	১১	ঐ
	রেহ্যা	৬১	ঐ
	খড়দহ m	১৮	ঐ
	কিসমৎ খড়দহ	৮	ঐ
	বারাকপুর	৩	ঐ
১৫	সুখচর	১৪	ঐ
	নাটাগড়ি চক	১০১	ঐ
	রামচন্দ্রবাটী বা জুগিনপাড়া	৪৩	ঐ
	পানিশালা	৪৪	ঐ
	কিসমৎ বন্দিপুর m	৯০	ঐ
২০	আনন্দপুর	৬০	ঐ

C—(*continued.*)

List of village contained in thana Khardah.

Serial number.	NAME OF VILLAGE.	Thakbust number.	Name of Pergunnah.
	Anandpur Chak	60	Calcutta.
	Nataguri	101	Ditto.
	Kishenpur	75	Ditto.
	Karnah	86	Ditto.
25	Jetrup	88	Ditto.
	Bhatpara Nowpara	85	Ditto.
	Madhobpur	91	Ditto.
	Bilkanda *m*	100	Ditto.
	Maheshpotha	34	Ditto.
30	Belliaghur	80	Ditto.
	Bodye	62	Ditto.
	Shuhrpur	105	Ditto.
	Talleanda	104	Ditto.
	Jugberiah	95	Ditto.
35	Chak Chandpur Chak	77	Ditto.
	Mosundah	96	Ditto.
	Bar Mosunda	97	Ditto.
	Ahrampur	98	Ditto.
	Kodalea	93	Ditto.
40	Agapur	94	Ditto.
	Mooragacha	78	Ditto.
	Tehgurree	76	Ditto.
	Paikan Tehguree	69	Ditto.
	Ghola	103	Ditto.
45	Uslampur	42	Ditto.
	Pautna	106	Ditto.
	Tarapukuria	27	Ditto.
	Sadepur	45	Ditto.
	Panihati *m*	32	Ditto.
50	Agarpara	31	Ditto.
51	Chak Chandpur	77	Ditto.

NOTE.—In the above lists the names given are those of the villages as demarcated and surveyed by the Revenue Survey Department and as shown in their maps and records.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৮ সাল ২৫ সেপ্টেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি খানি ১৮৮৮ সালের ১২শে আগস্ট তারিখে উপাস্থিত করা হইয়াছিল।

১৮৮৮ সালের ৯ নম্বর।

১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন, প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন এবং আদালতের রসুমের ১৮৭০ সালের আইন সংশোধন করণার্থ এবং অপর কয়েকটি বিষয় সম্বন্ধে বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন, প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন এবং আদালতের রসুমের ১৮৭০ সালের আইন সংশোধন করা এবং অপর কয়েকটি বিষয় সম্বন্ধে বিধান করা বিহিত। অতএব এতদ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল:—

১ ধারা। (১) এই আইনটিকে প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮৮ সালের আইন বলা যাইতে পারিবে। এবং

নাম এবং আরম্ভের কথা।

(২) ইহা ১৮৮৯ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন।

২ ধারা। ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ২৫৪ ধারার শেষ চৌত্রিশটি শব্দের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে, অর্থাৎ:—

১৮৬৫ সালের ১০ আইনের ২৫৪ ধারা সংশোধন করিবার কথা।

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং এই প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাস কাল শেষ হইবার সময় বা শেষ হইবার পূর্ব্বে আদালতের আদেশমতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার একখানি যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং তাহা এই আদালতে দেখাইতে স্বীকার করিয়াছেন এবং তদ্রূপ আদেশক্রমে সেই তারিখ হইতে এক বৎসরের মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।"

৩ ধারা। সেই আইনের ২৫৫ ধারার শেষ পঁয়ত্রিশটি শব্দের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে, অর্থাৎ:—

১৮৬৫ সালের ১০ আইনের ২৫৫ ধারা সংশোধন করিবার কথা।

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং এই প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাস কাল শেষ হইবার সময় বা শেষ হইবার পূর্ব্বে এই আদালতের আদেশমতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার একখানি যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং তাহা এই আদালতে দেখাইতে স্বীকার করিয়াছেন এবং তদ্রূপ আদেশক্রমে সেই তারিখ হইতে এক বৎসরের মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।"

১৮৬৫ সালের ১০ আইনের ২৭৭ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৪ ধারা। সেই আইনের ২৭৭ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে, অর্থাৎ :—

তালিকা ও হিসাবের কথা।

"২৭৭ ধারা। (১) যে আদালত প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিয়াছেন তাঁহার আদেশ মতে অছি বা ধনাধ্যক্ষ প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার তারিখ হইতে ছয় মাসের মধ্যে অথবা তদতিরিক্ত যে সময় ঐ আদালত আপন আদেশপত্রে ধার্য্য করিয়া দেন সেই সময়ের মধ্যে ঐ আদালতে এমন একখানি তালিকা দেখাইবেন যাহাতে দখলস্থিত সমস্ত সম্পত্তির একখানি সম্পূর্ণ ও যথার্থ ইষ্টিমেট থাকে এবং সমস্ত পাওনা টাকার এবং কোন ব্যক্তি কর্ত্তৃক দেয় যে সমস্ত দেনার টাকা অছি বা ধনাধ্যক্ষ অছি বা ধনাধ্যক্ষ স্বরূপ পাইতে স্বত্ববান তাহার বিবরণ দেখাইবেন এবং তদ্রূপ আদেশমতে এবং সেই প্রকারে উপরি উক্ত তারিখ হইতে এক বৎসরের মধ্যে অথবা তদতিরিক্ত যে সময় আদালত আপন আদেশপত্রে ধার্য্য করিয়া দেন সেই সময়ের মধ্যে ইষ্টেটের এমন একখানি হিসাব দেখাইবেন যাহাতে তাঁহার হস্তে আগত সমস্ত সংস্থান এবং সেই সমস্ত সংস্থানের যে প্রয়োগাদি করা হইয়াছে তাহা প্রদর্শিত থাকে।

"(২) এই ধারানুসারে আদালতের তালিকা বা হিসাব দিবার আদেশ পালনে ক্রটি হইলে সেই ক্রটি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৬ ধারানুসারে অপরাধ বলিয়া গণ্য হইবে এবং ইচ্ছা করিয়া মিথ্যা তালিকা বা হিসাব অর্পণ করিলে সেই অর্পণ কার্য্য ঐ আইনের ১৯৩ ধারানুসারে অপরাধ বলিয়া গণ্য হইবে।"

"(৩) এই ধারানুযায়ী তালিকা বা হিসাব যে পাঠে দেখাইতে হইবে হাই কোর্ট তাহা সময়ে সময়ে নির্দ্দেশ করিয়া দিতে পারিবেন।"

প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন।

১৮৮১ সালের ৫ আইনের ৭৬ ধারা সংশোধন করিবার কথা।

৫ ধারা। প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮৮ সালের আইনের ৭৬ ধারার যে অংশের প্রারম্ভে "ও তিনি তাহা নির্ব্বাহ করিতে" এই শব্দগুলি আছে এবং শেষে "দিতে স্বীকার করিয়াছেন" এই শব্দগুলি আছে, সেই অংশের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে অর্থাৎ:—

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং এই প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাস কাল শেষ হইবার সময় বা শেষ হইবার পুর্ব্বে এই আদালতের আদেশমতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার একখানি যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং তাহা এই আদালতে দেখাইতে স্বীকার করিয়াছেন এবং তদ্রূপ আদেশ ক্রমে সেই তারিখ হইতে এক বৎসরের মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।"

১৮৮১ সালের ৫ আইনের ৭৭ ধারা সংশোধন করিবার কথা।

৬ ধারা। সেই আইনের ৭৭ ধারার যে অংশের প্রারম্ভে "ও তিনি তাহা নির্ব্বাহ করিতে" এই শব্দগুলি আছে এবং শেষে "দিতে স্বীকার করিয়াছেন" এই শব্দগুলি আছে, সেই অংশের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে অর্থাৎ :—

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং এই প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাস কাল শেষ হইবার সময় বা শেষ হইবার পুর্ব্বে এই আদালতের আদেশমতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার একখানি যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং তাহা এই আদালতে দেখাইতে স্বীকার করিয়াছেন এবং তদ্রূপ আদেশক্রমে সেই তারিখ হইতে এক বৎসরের মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তির ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।"

১৮৮১ সালের ৫ আইনের ৯০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৭ ধারা। সেই আইনের ৯০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসিবে, অর্থাৎ:—

অছি বা ধনাধ্যক্ষের সম্পত্তি সম্বন্ধে বিলিব্যবস্থা করিবার ক্ষমতার কথা।

"৯০ ধারা। (১) ৪ ধারানুসারে অছি বা ধনাধ্যক্ষ যে সময়ে যে সমস্ত সম্পত্তি বর্ত্তিত থাকে তিনি তাহার বা তন্মধ্যে যে কোন সম্পত্তির যে প্রকার বিলিব্যবস্থা করা উপযুক্ত মনে করেন এই ধারার বিধান মানিয়া সেই প্রকারে তাহার বিলিব্যবস্থা করিবার ক্ষমতা তাঁহার থাকিবে।

"(২) যে চরম পত্রানুসারে কোন ব্যক্তি অছি নিযুক্ত হন তাহাতে স্থাবর সম্পত্তির বিলিব্যবস্থা করিবার পক্ষে অছির ক্ষমতার যে সীমা নির্দ্দিষ্ট থাকে, যে স্থাবর সম্পত্তি অছিতে এইরূপে বর্ত্তে তাঁহার তাহা বিলিব্যবস্থা করিবার ক্ষমতা সেই সীমার অধীন হইবে। কিন্তু তাঁহাকে যদি প্রবেট দেওয়া হইয়া থাকে এবং যে আদালত প্রবেট দিয়াছেন তিনি যদি সেই সীমা নির্দ্দেশ সত্বেও একখানি লিখিত আদেশপত্র দিয়া তাঁহাকে এইরূপ অনুমতি করেন যে ঐ আদেশপত্রে যে স্থাবর সম্পত্তির উল্লেখ থাকে আদেশপত্রে তাহা যে প্রকারে বিলিব্যবস্থা করিবার অনুমতি থাকে তিনি তাহা সেই প্রকারে বিলিব্যবস্থা করিতে পারিবেন তাহা হইলে তাঁহার বিলিব্যবস্থা করিবার ক্ষমতা সেই সীমার অধীন হইবে না।

"(৩) যে আদালত কর্ত্তৃক ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছে অগ্রে তাঁহার অনুমতি না লইয়া ধনাধ্যক্ষ—

(ক) ৪ ধারানুসারে তাঁহাতে যখন যে স্থাবর সম্পত্তি বর্ত্তিত থাকে সে স্থাবর সম্পত্তি বন্ধক দিতে, দায়যুক্ত করিতে বা বিক্রয়, দান, বিনিময় বা অন্য কোন প্রকারে হস্তান্তর করিতে পারিবেন না। অথবা

(খ) পাঁচ বৎসরের অধিক মিয়াদে এরূপ কোন সম্পত্তির পাট্টা দিতে পারিবেন না।

"(৪) অছি বা ধনাধ্যক্ষ (২) প্রকরণ বা (৩) প্রকরণ লঙ্ঘন করিয়া সম্পত্তির বিলিব্যবস্থা করিলে ঐ সম্পত্তিতে স্বার্থবিশিষ্ট অপর কোন ব্যক্তির অনুষ্ঠানে সেই বিলিব্যবস্থা অসিদ্ধ হইতে পারিবে।

"(৫) এই আইনানুসারে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার পূর্ব্বে তাহার পৃষ্ঠে স্বস বিবেচনায় ( ), (২) এব (৪) প্রকরণের অথবা (১), (৩) এবং (৪) প্রকরণের নকল লিখিয়া দিতে হইবে।

"(৬) ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণে যে পৃষ্ঠলিপির ব্যবস্থা আছে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রে সেই পৃষ্ঠলিপি না লিখিত হইবার দরুণ প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র অসিদ্ধ হইবে না। এবং এইরূপ পৃষ্ঠলিপির অভাব অছি বা ধনাধ্যক্ষকে এই ধারার বিধানমতে ভিন্ন অন্য কোন প্রকারে কার্য্য করিতে সক্ষম করিবে না।"

১৮৮১ সালের ৫ আইনের ৯৮ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮ ধারা। সেই আইনের ৯৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসিবে, অর্থাৎ :—

তালিকা ও হিসাবের কথা।

"৯৮ ধারা। (১) যে আদালত প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিয়াছেন তাঁহার আদেশমতে অছি বা ধনাধ্যক্ষ প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার তারিখ হইতে ছয় মাসের মধ্যে অথবা তদতিরিক্ত যে সময় ঐ আদালত আপন আদেশপত্রে ধার্য্য করিয়া দেন সেই সময়ের মধ্যে ঐ আদালতে এমন একখানি তালিকা দেখাইবেন যাহাতে দখলস্থিত সমস্ত সম্পত্তির একখানি সম্পূর্ণ ও যথার্থ ইষ্টিমেট থাকে এবং সমস্ত পাওনা টাকার এবং কোন ব্যক্তি কর্ত্তৃক দেয় যে সমস্ত দেনার টাকা অছি বা ধনাধ্যক্ষ অছি বা ধনাধ্যক্ষ স্বরূপ পাইতে স্বত্ববান তাহার বিবরণ দেখাইবেন, এবং তদ্রূপ আদেশমতে এবং সেই প্রকারে উপরি উক্ত তারিখ হইতে এক বৎসর মধ্যে অথবা তদতিরিক্ত যে সময় আদালত আপন আদেশ পত্রে ধার্য্য করিয়া দেন সেই সময়ের মধ্যে ইষ্টেটের এমন একখানি হিসাব দেখাইবেন যাহাতে তাঁহার হস্তে আগত সমস্ত সংস্থান এবং সেই সমস্ত সংস্থানের যে প্রয়োগাদি করা হইয়াছে তাহা প্রদর্শিত থাকে।

"(২) এই ধারানুসারে আদালতের তালিকা বা হিসাব দিবার আদেশ পালনে ক্রটি হইলে সেই ক্রটি ভারতবর্ষের দণ্ড বিধির আইনের ১৭৬ ধারানুসারে অপরাধ বলিয়া গণ্য হইবে এবং ইচ্ছা করিয়া মিথ্যা তালিকা বা হিসাব অর্পণ করিলে সেই অর্পণ কার্য্য ঐ আইনের ১৯৩ ধারানুসারে অপরাধ বলিয়া গণ্য হইবে।

"(৩) এই ধারানুযায়ী তালিকা বা হিসাব যে পাঠে দেখাইতে হইবে হাই কোর্ট তাহা সময় সময়ে নির্দ্দেশ করিয়া দিতে পারিবেন।"

আদালতের রসুমের ১৮৭০ সালের আইন।

১৮৭০ সালের ৭ আইনের দ্বিতীয় তফসীলের ১৬ দফা রদ করিবার কথা।

৯ ধারা। আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৬ দফা (প্রবাসির সম্পাধিকারিত্ব সম্পর্কীয় নিবন্ধপত্র) এতদ্দ্বারা রদ করা গেল।

বিবিধ বিষয়।

পূর্ব্বপ্রদত্ত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রানুসারে যে সকল কার্য্য করা হইয়াছে তাহা সিদ্ধ করিবার কথা।

০ ধারা। ( ) হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনানুসারে যে অছি বা ধনাধ্যক্ষকে ১৮৮১ সালের এপ্রেল মাসের প্রথম দিবসের পূর্ব্বে প্রবেট বা চরমপত্রের নকল সংযুক্ত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছে, অথবা এই আইন আরম্ভ হইবার পূর্ব্বে প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনানুসারে যে অছি বা ধনাধ্যক্ষকে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছে, প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের বিধান সত্বেও সেই অছি বা ধনাধ্যক্ষ সম্বন্ধে এইরূপ বিবেচনা করা যাইবে যে মৃত ব্যক্তির যখন যে সমস্ত বা যে কোন সম্পত্তি তাঁহাতে বর্ত্তিত ছিল বা আছে তাহার যে প্রকারে বিলিব্যবস্থা করা তিনি বিহিত বুঝিয়াছিলেন বা বুঝেন সেই প্রকারে তাহার বিলিব্যবস্থা করিবার তাঁহার ক্ষমতা ছিল বা আছে।

(২) ১ প্রকরণের বিধানের এমন অর্থ করা যাইবে না যে এই আইন আরম্ভ হইবার পূর্ব্বে কোন উপযুক্ত আদালত কোন অছির বা ধনাধ্যক্ষের সম্পত্তি সম্বন্ধীয় যে বিলিব্যবস্থা অসিদ্ধ বলিয়া ব্যক্ত করিয়াছেন তাহা তদ্দ্বারা সিদ্ধ হইয়া পড়ে।

১৮৭০ সালের ৭ আইনানুসারে জরিমানার ও জব্দ করা টাকা আদায় করিবার কথা।

১১ ধারা। (১) কর্ত্তৃত্বকারী প্রধান রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষ সার্টিফিকিট দিলে আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের ১৯ G ধারা বা ১৯ H ধারা অনুযায়ী জরিমানার বা জব্দ করা টাকা ব্রিটিষ ভারতবর্ষের ভিতর যে কোন কালেক্টর কর্ত্তৃক ভূমির বাকি রাজস্ব স্বরূপ অছি বা ধনাধ্যক্ষের নিকট হইতে আদায় করা যাইতে পারিবে।

(২) কর্ত্তৃত্বকারী প্রধান রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষ এইরূপ কোন জরিমানা বা জব্দ করা টাকার সমস্ত বা কোন অংশ ছাড়িয়া দিতে পারিবেন।

১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৭ (৩) ধারার অংশ রদ হইবার কথা।

১২ ধারা। রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের আইন এই আখ্যা বিশিষ্ট মন্ত্রিসভা ধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৮০ সালের ৭ আইনের ৭ ধারার (৩) দফার নিম্নলিখিত অংশ, অর্থাৎ:—

"অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনের নিম্নলিখিত ধারায় ও অংশে, অর্থাৎ, আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ১৯ G ও ১৯ H ধারায়," এতদ্দ্বারা রদ করা গেল।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

অছি বা ধনাধ্যক্ষ মৃত ব্যক্তির সমস্ত সম্পত্তির বা উহার কোন অংশের যে প্রকারে বিলিব্যবস্থা করা বিহিত মনে করেন, যে আদালত কর্ত্তৃক প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছে তাহার সম্মতি লইয়া প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ৯০ ধারানুসারে তাঁহার সেই প্রকারে বিলিব্যবস্থা করিবার ক্ষমতা আছে।

ঐ ধারার একটি নিয়মবিধিতে এইরূপ বিধান করা হইয়াছে যে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার সময় মৃত ব্যক্তির সমস্ত সংস্থান বা উহার কোন নির্দ্দিষ্ট অংশ সম্বন্ধে এইরূপ সম্মতি গ্রহণ করিবার দায় হইতে আদালত অছি বা ধনাধ্যক্ষকে নিষ্কৃতি দিতে পারিবেন।

ভারতবর্ষের গবর্ণমেন্টকে এইরূপ অনুমান হইয়াছে যে এই ধারাটির যে একটি সঙ্কোচক ক্রিয়া আছে তাহা খুব সম্প্রতিই বুঝিতে পারা গিয়াছে এবং হিন্দুরা বরাবর এইভাবে প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র লইয়া আসিয়াছে ও তদনুসারে কার্য্য করিয়া আসিয়াছে যেন হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনানুসারে ১৮৮১ সালের এপ্রিল মাসের প্রথম দিবস পর্য্যন্ত প্রবেট এবং চরমপত্রের নকল সংযুক্ত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রের যে কার্য্যকারিতা ছিল তাহাদের লওয়া প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রেরও সেই কার্য্যকারিতা। এখন তাহারা দেখিতেছে যে তাহাদের সম্পত্তির হস্তান্তরের মধ্যে যে সকল হস্তান্তর করিবার ক্ষমতা হিন্দু আইনানুসারে তাহাদের ছিল না সেই সকল হস্তান্তর অসিদ্ধ হইতেছে। ইহাও দেখা যাইতেছে যে ১৮৮১ সালের ৫ আইন প্রবল হইবার পর কয়েক বৎসর কাল পবলিক ডেট আপিসে ইউরোপীয় ও আসিয়াজাত অছিদিগের ক্ষমতার কোন প্রভেদ করা হয় নাই।

১৮৮১ সালের আইনানুসারে প্রবেট ও ধনাধ্যক্ষতার যে সঙ্কীর্ণ আকারের ব্যবস্থা আছে তাহা হইতে এত গুরুতর রকম গোলযোগ উৎপন্ন হয় যে প্রামাণিক ব্যক্তিগণ এইরূপ বিবেচনা করেন যে অতীত কাল ও ভবিষ্যৎ কাল এই উভয় কাল সম্বন্ধে খাটে এমন একটি আইন প্রণয়ন করা আবশ্যক হইয়াছে।

এমত অবস্থায় এই পাণ্ডুলিপির ৭ ধারাক্রমে এইরূপ প্রস্তাব করা যায় যে প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ৯০ ধারার পরিবর্ত্তে একটি নূতন ধারা বসান যায় এবং সেই নূতন ধারায় এই বিধান থাকে যে অস্থাবর সম্পত্তির বিলিব্যবস্থা করা সম্বন্ধে অছি বা ধনাধ্যক্ষের সম্পূর্ণ বা অনিয়ন্ত্রিত ক্ষমতা থাকিবে, কিন্তু স্থাবর সম্পত্তি সম্বন্ধে যে চরমপত্র অনুসারে অছি নিযুক্ত হন তাহাতে যদি অছির উপর কোন সীমা নির্দ্দিষ্ট থাকে তবে অছি সাধারণতঃ সেই সীমার অধীন হইবেন এবং ১৮১৮ সালের ৪০ আইন ও ১৮৬৪ সালের ২০ আইনানুসারে অভিভাবক সম্বন্ধে যে সকল সীমা নির্দ্দিষ্ট আছে ধনাধ্যক্ষ সেই প্রকার সীমার অধীন হইবেন। অছি এবং ধনাধ্যক্ষকে হিন্দুদের চরমপত্র বিষয়ক আইনানুসারে কতকগুলি অনিয়ন্ত্রিত ক্ষমতা দেওয়া হইত এবং ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনানুসারে দেওয়া হয়। যে সকল ব্যক্তি ১৮৮১ সালের ৫ আইনানুসারে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র ইতিপূর্ব্বেই লইয়াছেন পাণ্ডুলিপির ১০ ধারানুসারে তাঁহাদিগকে সেই অনিয়ন্ত্রিত ক্ষমতাগুলি দিবার প্রস্তাব করা যাইতেছে। এবং ইহাও প্রস্তাব করা যাইতেছে যে অতীত কাল এবং ভবিষ্যৎ কাল উভয়কাল সম্বন্ধেই ঐ ক্ষমতাগুলি তাঁহাদিগকে বর্ত্তিবে।

১৮৮১ সালের এপ্রিল মাসের প্রথম দিবসের পরের হস্তান্তর কার্য্য উপলক্ষে ১৮৮১ সালের আইনের ৯০ ধারার অর্থ করিতে হইলে, ঐ দিবসের পূর্ব্বে হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনানুসারে যে সকল অছি ও ধনাধ্যক্ষকে প্রবেট এবং চরমপত্রের নকল সংযুক্ত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছিল, তাঁহাদিগের সম্বন্ধে ঐ ধারা খাটিবে কি না এইরূপ সন্দেহ প্রকাশ করা হইয়াছে। এই পাণ্ডুলিপির ১০ ধারাক্রমে সেই সন্দেহ দূর করিবার প্রস্তাব করা যাইতেছে।

২। পাণ্ডুলিপির অপর ধারাগুলির প্রয়োজনীয়তা গৌণ রকমের।

যে সকল আদালত রেবর্ড আদালত নয় এবং তালিকা বা হিসাব দিবার ত্রুটি স্বরূপ অবজ্ঞা বা অবমাননার দণ্ড বিধান করিতে অক্ষম ৪ এবং ৮ ধারানুসারে সেই সকল আদালত, রাজস্বের ক্ষতিনিবারণার্থ কিম্বা কোন ইষ্টেটের ধনাধ্যক্ষতায় স্বার্থবান কোন ব্যক্তির অনুষ্ঠানে বা প্রস্তাবনায়, ১৮৬৫ সালের ১০ আইন ও ১৮৮১ সালের ৫ আইন অনুসারে এখন যে সকল দলিল সকল স্থলেই অর্পণ করা আবশ্যক, সেই সকল দলিল অর্পণের নিমিত্ত উপযুক্ত স্থলে জেদ করিতে সক্ষম হইবে। কিন্তু ঐ সকল দলিল অর্পণ করিতে বাধ্য করাইবার স্পষ্ট বিধান ঐ দুই ধারায় করা গেল না।

২ ও ৩ ধারা ৪ ধারার আনুষঙ্গিক এবং ৫ ও ৬ ধারা ৮ ধারার আনুষঙ্গিক।

১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনানুযায়ী কিম্বা প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনানুযায়ী ধনাধ্যক্ষতার নিবন্ধপত্রে কত ইষ্টাম্প দেওয়া আবশ্যক তৎসম্বন্ধে ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের প্রথম তফসীলের ২ দফা প্রণীত হওয়া অবধি সন্দেহ আছে। সেই সন্দেহ দূর করিবার অভিপ্রায়ে ৯ ধারাটি রচিত হইয়াছে।

রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের বিধান বিবেচনা করিয়া ১১ ও ১২ ধারা রচনা করা গিয়াছে।

১৭ই আগষ্ট, ১৮৮৮ সাল।

আণ্ড্রু, আর, স্কোবল্।
এস, হার্বি, জেম্‌স্,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮৮ সালের ২২ আগষ্ট তারিখে উপস্থিত করা হয়।

১৮৮৮ সালের ১১ নম্বর।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন ও রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন ও রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল:—

১৮৮২ সালের ১৪ আইনের দ্বিতীয় তফসীল সংশোধন করিবার কথা।

১ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে তফসীল আছে তাহা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের দ্বিতীয় তফসীলের পরিবর্ত্তে বসিবে।

১৮৮২ সালের ১৫ আইন সংশোধন করিবার কথা।

২ ধারা। (১) রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইনের ২৩ ধারায় নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

"ঘটনা বিবেচনায় ঐ আদালত আবশ্যক বলিয়া দেখিলে ঐরূপ কর্তৃত্বের অধীন হইয়া তিনি এই ধারানুযায়ী কোন বিজ্ঞাপন তরমিম বা রদ করিতে পারিবেন।"

(২) এই আইনের দ্বিতীয় তফসীলে যে তফসীল আছে তাহা সেই আইনের দ্বিতীয় তফসীলের পরিবর্ত্তে বসিবে।

(৩) যে দিবস এই আইনটি পাস হয় তাহার পূর্ব্বে রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইনের ২৩ ধারার নিয়মবিধি অনুসারে যে নির্দ্দেশ বিজ্ঞাপিত হইয়াছে এবং ঐ দিবসের অব্যবহিত পূর্ব্বে যাহা প্রবল ছিল ঐ আদালতের ঐ ধারানুযায়ী ক্ষমতার অধীন তাহার যতদুর সম্ভব এইরূপ অর্থ করা যাইবে যে ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণক্রমে ঐ আইনের দ্বিতীয় তফসীলের পরিবর্ত্তে যে তফসীলটি বসান গেল তাহাতে সেই তফসীলটির সম্বন্ধ আছে।

১৮৮২ সালের ১৪ আইনের ৫৮৯ ধারার যাহা যোগ করিতে হইবে তাহার কথা।

৩ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৮৯ ধারার নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

"কিন্তু ৫৮৮ ধারার (১৭) দফার লিখিত কোন হুকুমের বিরুদ্ধে আপীল—

(ক) জেলার আদালতের অধীনস্থ কোন আদালত কর্তৃক হুকুমটি দেওয়া হইয়া থাকিলে জেলার আদালতে করিতে হইবে। এবং

(খ) অপরাপর স্থলে—হাই কোর্টে করিতে হইবে।"

রদ করিবার কথা।

৪ ধারা। (ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইনের মধ্যে একটি লিখিবার ভুল সংশোধন করণার্থ) ১৮৮০ সালের ৮ আইন এবং মফস্বলের ছোট আদালত বিষয়ক ১৮৮৭ সালের আইনের ২৬ ধারাটি এতদ্দ্বারা রদ করা গেল।

এই আইনের প্রথম তফসীল।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের দ্বিতীয় তফসীল।

(৫ ধারা দেখ।)

এই আইনের যেং অধ্যায় ও ধারা মফস্বলের ছোট আদালতে প্রচলিত হইবে তাহার নির্ঘণ্টপত্র।

উপক্রমণিকা।—১, ২, ৩ ও ৫ ধারা।

১ অধ্যায়।—আদালতের এলাকার ও পূর্ব্ব নিষ্পত্তি করা বিষয়ের কথা, ১১ ধারা ও ১৪ ধারার শেষ প্রকরণ ভিন্ন।

২ অধ্যায়।—মোকদ্দমা উপস্থিত করিবার স্থান বিষয়ক বিধি, ২০ ধারার ৪ প্রকরণ ও ২২ অবধি ২৪ পর্য্যন্ত ধারা ভিন্ন।

৩ অধ্যায়।—উভয়পক্ষ ও তাঁহাদের উপস্থিত হওন ও প্রার্থনাকরণ ও ক্রিয়াবিষয়ক বিধি।

৪ অধ্যায়।—মোকদ্দমার আকার বিষয়ক বিধি, ৪২ ধারা ও ৪৪ ধারার (ক) বিধি ভিন্ন।

৫ অধ্যায়।—মোকদ্দমা উপস্থিত করণ বিষয়ক বিধি।

৬ অধ্যায়।—সমন বাহির করণ ও জারীকরণ বিষয়ক বিধি, ৭৭ ধারা ভিন্ন।

৭ অধ্যায়।—উভয় পক্ষের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওনের ফল বিষয়ক বিধি।

৮ অধ্যায়।—লিখিত বর্ণনাপত্র ও দাওয়ার বিপরীত দাওয়া বিষয়ক বিধি।

৯ অধ্যায়।—আদালতের দ্বারা উভয় পক্ষের পরীক্ষা গ্রহণ বিষয়ক বিধি, ১১৯ ধারা ভিন্ন।

১০ অধ্যায়।—দলীলের সন্ধান লওন ও তাহা গ্রাহ্য প্রভৃতি করণ বিষয়ক বিধি।

১২ অধ্যায়।—১৫৫ ধারার ১ প্রকরণ। কোন পক্ষ প্রমাণ উপস্থিত না করিলে বিচারের কথা।

১৩ অধ্যায়।—মোকদ্দমা শ্রবণের দিনান্তর নিরূপণ বিষয়ক বিধি।

১৪ অধ্যায়।—সাক্ষিদের নামে সমন দেওন ও তাঁহাদের উপস্থিত হওন বিষয়ক বিধি।

১৫ অধ্যায়।—মোকদ্দমার শ্রবণ ও সাক্ষিদের সাক্ষ্য লওন বিষয়ক বিধি, ১৮২ অবধি ১৮৮ পর্য্যন্ত ধারা ভিন্ন।

১৬ অধ্যায়।—আফিডেবিট বিষয়ক বিধি।

১৭ অধ্যায়।—বিচার ও ডিক্রী বিষয়ক বিধি; ২০৪, ২০৭, ২১১, ২১২, ২১৩, ২১৪ ও ২১৫ ধারা ভিন্ন।

১৮ অধ্যায়।—খরচা বিষয়ক বিধির ২২০, ২২১ ও ২২২ ধারা।

১৯ অধ্যায়।—ডিক্রী জারীকরণ বিষয়ক বিধির ২২৩ অবধি ২৩৬ পর্য্যন্ত ও ২৩৯ অবধি ২৫৮ পর্য্যন্ত ধারা ও স্ত্রী পুনঃ প্রাপণ বিষয়ক কথা ছাড়া ২৫৯ ধারা ও স্থাবর সম্পত্তি বিষয়ক ভিন্ন ২৬৬ ধারা ও ২৬৭ অবধি ২৭২ পর্য্যন্ত সকল ধারা ও অস্থাবর সম্পত্তি বিষয়ক ডিক্রীর সহিত যত দূর সম্পর্ক থাকে ততদূর ২৭৩ ধারা ও ২৭৫ ধারা অবধি ২৮৩ পর্য্যন্ত সকল ধারা ও অস্থাবর সম্পত্তির বিষয়ে যত দূর সম্পর্ক থাকে তত দূর ২৮৪ ধারা ও ২৮৫, ২৮৬, ২৮৭, ২৮৮ ও ২৮৯ ধারা ও অস্থাবর সম্পত্তির বিষয়ে যতদূর সম্পর্ক থাকে ততদূর ২৯০ ধারা ও ২৯১ ও ২৯২ ধারা ও (২৯৭ ধারামত পুনঃ বিক্রয় করণ বিষয়ক কথা সম্পর্কে) ২৯৩ ধারা ও ২৯৪ অবধি ৩০৩ পর্য্যন্ত ও অস্থাবর সম্পত্তি বিষয়ে যতদূর সম্পর্ক থাকে ততদূর ৩২৮ অবধি ৩৩৩ পর্য্যন্ত সকল ধারা ও ৩৩৬ অবধি ৩৪৩ পর্য্যন্ত সকল ধারা।

২০ অধ্যায়।—৩৬০ ধারা।—কোন২ আদালতকে ঋণ শোধকরণাক্ষমতা সম্বন্ধীয় বিচারাধিপত্য প্রদানের কথা।

২১ অধ্যায়।—কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণ শোধকরণের অক্ষমতা হইলে, তদ্বিষয়ক বিধি।

২২ অধ্যায়।—মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোষে মিটাইয়া দেওন বিষয়ক বিধি।

২৩ অধ্যায়।—আদালতে টাকা দেওন বিষয়ক বিধি।

২৪ অধ্যায়।—খরচার জামিন লওন বিষয়ক বিধি।

২৫ অধ্যায়।—ক্ষমতাপত্র বিষয়ক বিধি, ৩৯৬ ধারা ভিন্ন।

২৬ অধ্যায়।—পাপরদের মোকদ্দমা বিষয়ক বিধি।

২৭ অধ্যায়।—গবর্ণমেন্টের কিম্বা রাজকীয় কার্য্যকারকদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

২৮ অধ্যায়।—ভিন্ন জাতীয় ব্যক্তিদের দ্বারা ও ভিন্ন দেশীয় বা এতদ্দেশীয় সরদারদের দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

২৯ অধ্যায়।—সমবায়ক্ত সমাজের ও কোম্পানির দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩০ অধ্যায়।—ট্রষ্টীদের ও অছি ও ধনাধ্যক্ষদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩১ অধ্যায়।—নাবালগদের ও অল্পবুদ্ধিমনা ব্যক্তিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩২ অধ্যায়।—সৈনিকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৩ অধ্যায়।—বাদপ্রতিবাদার্থক মোকদ্দমা বিষয়ক বিধি।

৩৪ অধ্যায়।—নিষ্পত্তির পূর্ব্বে ধৃত ও ক্রোককরণ বিষয়ক বিধি, স্থাবর সম্পত্তি বিষয়ক কথা ভিন্ন।

৩৬ অধ্যায়।—গ্রাহকদের নিযুক্ত করণ বিষয়ক বিধি।

৩৭ অধ্যায়।—সালিসীতে অর্পণ করণ বিষয়ক বিধি।

৩৮ অধ্যায়।—উভয় পক্ষের সম্মতিক্রমে আনুষ্ঠানিক কার্য্য বিষয়ক বিধি।

৪৬ অধ্যায়।—হাই কোর্টে প্রশ্ন করণ ও পুনরালোচনা করণ বিষয়ক বিধি।

৪৭ অধ্যায়।—বিচারের সমালোচন বিষয়ক বিধির ৬২৩, ৬২৬ ও ৬৩০ ধারা।

৪৯ অধ্যায়।—বিবিধ বিধি।

এই আইনের দ্বিতীয় তফসীল।

রাজধানীস্থ ছোট আদালত বিষয়ক ১৮৮২ সালের আইনের দ্বিতীয় তফসীল।

(২৩ ধারা দেখ।)

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের যে২ অংশ ছোট আদালতে বর্ত্তান গেল।

উপক্রমণিকা।—২ ধারা, অর্থকরণের ধারা।

১ অধ্যায়।—১১ ধারা ছাড়া আদালতের এলাকার ও পূর্ব্ব নিষ্পত্তি করা বিষয়ের কথা।

২ অধ্যায়।—১৫ অবধি ১৯ পর্য্যন্ত ধারা, ২০ ধারার ৪ প্রকরণ এবং ২২, ২৩ ও ২৪ ধারা, ও ২৫ ধারার ২ ও ৩ প্রকরণ ছাড়া মোকদ্দমা উপস্থিত করিবার স্থান বিষয়ক বিধি।

৩ অধ্যায়।—৩৭ ধারার (খ) ও শেষ প্রকরণ ছাড়া, উভয় পক্ষ ও তাঁহাদের উপস্থিত হওন ও প্রার্থনা করণ ও ক্রিয়া বিষয়ক বিধি।

৪ অধ্যায়।—৪২ ধারা ও ৪৪ ধারার ক বিধি ছাড়া মোকদ্দমার আকার বিষয়ক বিধি।

৫ অধ্যায়।—৫৩ ধারার (খ) প্রকরণের ৪ দফা, ৫৫ ধারা, ৫৭ ধারার (খ) প্রকরণ ও ৫৮ ও ৬২ ধারা ছাড়া, মোকদ্দমা উপস্থিত করণ বিষয়ক বিধি।

৬ অধ্যায়।—৬৪ ধারার "ও ৫৮ ধারার আদেশমতে তাহার নকল কি সংক্ষেপ বর্ণনাপত্র অর্পণ করা গেলে" এই ২ কথা ও ৬৫ ও ৬৬ ধারা ছাড়া, সমন বাহির করণ ও জারী করণ বিষয়ক বিধি।

৭ অধ্যায়।—উভয় পক্ষের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওনের ফল বিষয়ক বিধি।

Baboo Rajani Nath Ghose, Munsif of Raigunge, in the district of Dinagepore, is appointed to be a Munsif in the district of the 24-Pergunnahs, to be ordinarily stationed at Barripore.

মঙরাগাণী জিলার অন্তর্গত সুধারামের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু হরকুমার রায় বাখরগঞ্জ জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ পিরোজপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু হরকুমার রায় পিরোজপুর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইবেন।

বাখরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুরের তৃতীয় মুনসেফ শ্রীযুত বাবু যোগেন্দ্র নাথ মুখোপাধ্যায় মেদিনীপুর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ গড়বেতায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু যোগেন্দ্র নাথ মুখোপাধ্যায় গড়বেতা মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

এইক্ষণে ত্রিপুরার দ্বিতীয় সবর্ডিনেট জজের কর্ম্মকারি মেদিনীপুরের অন্তর্গত গড়বেতার মুনসেফ

শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী ত্রিপুরা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ চাঁদপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী চাঁদপুর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত চাঁদপুরের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু তারাচরণ সেন চট্টগ্রাম জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ পতিয়ায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু তারাচরণ সেন পতিয়া মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

চট্টগ্রাম জিলার অন্তর্গত পতিয়ার প্রথম মুনসেফ শ্রীযুত বাবু নৃত্যগোপাল সরকার মুরশিদাবাদ জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ লালবাগে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু নৃত্যগোপাল সরকার লালবাগ মুনসেফীর স্থানসীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

নদীয়া জিলার অন্তর্গত কুষ্টিয়ার প্রথম মুনসেফ শ্রীযুত বাবু গিরীন্দ্রমোহন চক্রবর্ত্তী ২৪ পরগনা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ আলিপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু গিরীন্দ্রমোহন চক্রবর্ত্তী আলীপুর মুনসেফীর স্থানসীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

চট্টগ্রাম জিলার অন্তর্গত ফটিকছেরির মুনসেফ শ্রীযুত বাবু দীনেশচন্দ্র রায় ফরীদপুর জিলায় মুনসে-সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ মাদারিপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু দীনেশ চন্দ্র রায় মাদারীপুর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

ঢাকা জিলার অন্তর্গত মাণিকগঞ্জের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায় মাণিক্যগঞ্জ মুনসেফীর স্থানসীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ২৫৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

রাজশাহী জিলার অন্তর্গত নাটোরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মিত্র ঢাকা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ মাণিকগঞ্জে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মিত্র মাণিকগঞ্জ মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচারকরণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

বীরভূম জিলার অন্তর্গত সুবরাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু অপূর্ব্ব কৃষ্ণ সেন রঙ্গপুর জিলায় মুনসে-ফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ নেলফামারিতে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু অপূর্ব্বকৃষ্ণ সেন নেলফামারি মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

রঙ্গপুর জিলার অন্তর্গত নেলফামারির প্রথম মুনসেফ শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র মজুমদার বাঁকুড়া জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বিষ্ণুপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র মজুমদার বিষ্ণুপুর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু শশীভূষণ চট্টোপাধ্যায় দিনাজপুর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ রাইগঞ্জে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু শশীভূষণ চট্টোপাধ্যায়, রাইগঞ্জ মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

দিনাজপুর জিলার অন্তর্গত রাইগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রজনীনাথ ঘোষ ২৪ পরগনা জিলায় মুন-সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বারুইপুরে অবস্থাপিত হইবেন।

Baboo Rajani Nath Ghose is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Baripore Munsifi.

Baboo Dina Nath Sircar, First Munsif of Baripore, in the district of the 24-Pergunnahs is appointed to be a Munsif in the district of Noakhally, to be ordinarily stationed at Begumgunge.

Bboo Dina Nath Sircar, is vested with the power of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Begumgunge Munsifi.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th September 1888.—It is hereby notified, under the provisions of section 15 of Act V of 1861, that as the villages of Chaguldi, Shantoshdi, and Choradi, in police-station Backergunge, in the district of Backergunge, are still in a disturbed and dangerous state, owing to the existence of disputes regarding the possession of lands and collection of rents, the Lieutenant-Governor has sanctioned the retention, for a further period of one year commencing from the 1st October 1888, of an increased special police force of one head-constable and four constables to be quartered in the abovementioned villages. The cost of the police force noted below will be assessed on, and levied from, the inhabitants of the aforesaid villages in proportion to their respective means :—

	Rs.	A.	P.
1 Head-constable, second grade	20	0	0
4 Constables, second grade, at Rs. 8 each	32	0	0
Pensionary charges at 2 annas per rupee	6	8	0
Contingencies at 10 per cent.	5	3	3
Total ...	63	11	3
Or for one year	764	7	0
Clothing allowance of five men for one year at Rs. 4 each ...	20	0	0
Cost of repair of a barrack and a cook-shed	30	0	0
GRAND TOTAL ...	814	7	0

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 20th September 1888.—It is hereby notified for general information that the head-quarters of thanas Kumargunge (in Bhagulpore), Jaffergunge (in Dacca), Madargunge, Attia and Madhupore (in Mymensingh), Bamni (in Noakhally), Pachamba (in Hazaribagh), and Myegunge (in Rungpore), having been removed to Sultangunge, Scaloo Aircha, Iswargunge, Tangail, Gopalpore, Companygunge, Giridi, and Rungpore, respectively, the thanas shall be called by the latter names.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

শ্রীযুত বাবু রজনীনাথ ঘোষ বারুইপুর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুরের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু দীননাথ সরকার নওয়াখালী জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বেগমগঞ্জে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু দীননাথ সরকার বেগমগঞ্জ মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

জে. ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৯ সেপ্টেম্বর।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাখরগঞ্জ জিলার অন্তর্গত বাখরগঞ্জ পোলীস থানার সাদিল চাগনদি, সন্তোষদি ও চোরাদি গ্রামের জমির দখল ও খাজানা আদায় লইয়া অদ্যাপি গোলযোগ ও আশঙ্কা বর্ত্তা থাকা প্রযুক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব একজন হেড কনষ্টেবল ও চারি জন কনষ্টেবলের বর্দ্ধিত বিশেষ পোলীস দল ১৮৮৮ সালের ১ অক্টোবর অবধি আর এক বৎসরের জন্য ঐ ঐ গ্রামে রাখিবার অনুমতি দিলেন। উক্ত পোলীস দলের নিম্নলিখিত খরচ ঐ ঐ গ্রামবাসিদের অবস্থানুসারে হারহারীমতে ধার্য্য হইয়া আদায় করা যাইবে।

	টাকা।
দ্বিতীয় শ্রেণীর একজন হেড কনষ্টেবল	২০৲
৮৲ টাকা করিয়া দ্বিতীয় শ্রেণীর চারিজন কনষ্টেবল	৩২৲
পেনশ্যনের উপলক্ষে টাকায় ৵০ আনার হিসাবে	৬।০
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	৫।৶৩
মোট ...	৬৩।।৶৩
অর্থাৎ এক বৎসরে	৭৬৪।৶০
জন প্রতি ৪৲ টাকার হিসাবে এক বৎসরে পাঁচ জনের কাপড়ের খরচ ...	২০৲
বারিক ও রান্নাঘর মেরামতের খরচ	৩০৲
সর্ব্বশুদ্ধ মোট ...	৮১৪।৶০

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২০ সেপ্টেম্বর।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে (ভাগলপুরের অন্তর্গত) কুমারগঞ্জ, ও (ঢাকার অন্তর্গত) জাফরগঞ্জ, ও (ময়মনসিংহের অন্তর্গত) মাদারগঞ্জ, আটিয়া ও মধুপুর, ও (নোয়াখালীর অন্তর্গত) বামনি, ও (হাজারীবাগের অন্তর্গত) পচম্বা এবং রঙ্গপুরের অন্তর্গত মাইগঞ্জ এই সকল থানার সদর স্থান ক্রমান্বয়ে সুলতানগঞ্জে, সেয়ালুতে, এচাঁর, ঈশ্বরগঞ্জে, ভাতেলে, গোপালপুরে, কোম্পানিগঞ্জে, গিরিধিতে এবং রঙ্গপুরে উঠিয়া যাওয়াতে ঐ ঐ থানা, শেষোক্ত সকল নামে খ্যাত হইবে।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট (মেরিন্)।

১৮৮৮ সালের ২৫ সেপ্টেম্বর তারিখের টেলিগ্রাম।

বোম্বাইর জেনরল সেক্রেটরী হইতে	বঙ্গদেশে, কলিকাতায়,

আলেকজাণ্ড্রিয়াস্থ ব্রিটিষ কনসল সাহেব এই মাসের ২৪ তারিখে এই টেলিগ্রাম করিয়াছেন বোম্বাইহইতে আগত জাহাজের উপর মিশরে কারান্টাইন ধার্য্য করা গিয়াছে।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 2, 1888.

মঙ্গলবার ১৮৮৮ সাল ২ অক্টোবর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

The 19th September 1888.—Whereas a notification, dated the 18th June 1888, was published at page 257, Part IB of the *Calcutta Gazette* of the 20th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of sections 237 to 244 and so much of section 273, clause I of Act III (B.C.) of 1884, as relates to sections 241 and 242 to the Bankoorah Municipality, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Bankoorah Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above provisions of the Municipal Act to the said Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th September 1888.—Whereas a notification, dated the 10th April 1888, was published at page 162, Part IB of the *Calcutta Gazette* of the 11th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of sections 252, 275, and 276 of Act III (B.C.) of 1884 to the Jessore Municipality, and whereas no valid objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Jessore Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above sections of the Municipal Act to the said Municipality. The provisions contained in the second clause of section 252 and in section 276 of the said Act shall come into operation within the limits of the Jessore Municipality after the expiration of a period of six months from the date of the publication of this notification in the *Calcutta Gazette.*

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৮ সেপ্টেম্বর।—যশোহর মুনিসিপালিটীতে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৫২, ২৭৫ ও ২৭৬ ধারার বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ১০ আপ্রিল তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ১১ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ১৬২ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে যুক্তিসিদ্ধ কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং যশোহর মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ঐ ঐ ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন। উক্ত আইনের ২৫২ ধারার দ্বিতীয় প্রকরণে ও ২৭৬ ধারায় যে বিধান আছে তাহা কলিকাতা গেজেটে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি ছয় মাসের পর যশোহর মুনিসিপালিটীর সীমার মধ্যে প্রচলিত হইবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৯ সেপ্টেম্বর।—১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৩১ অবধি ২৪৪ পর্য্যন্ত ধারার ও ১৭৩ ধারার ১ প্রকরণের যে পর্য্যন্ত ২৪১ ও ২৪২ ধারার সঙ্গে সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত বাঁকুড়া মুনিসিপালিটীতে প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ১৮ জুন তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ২০ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ২৫৭ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং বাঁকুড়া মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের উক্ত সকল বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৮ সাল ২ অক্টোবর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্য বিভাগ।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৮৮ সালের ২২ আগষ্ট তারিখে উপস্থিত করা হইয়াছিল।

১৮৮৮ সালের ১০ নম্বর।

উত্তরাধিকারিত্বের সার্টিফিকেট বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

উত্তরাধিকারিত্বক্রমে পাওনা টাকা আদায় করিবার সুবিধা করণার্থ এবং মৃত ব্যক্তিদিগের স্থলাভিষিক্তগণকে যাঁহারা পাওনা টাকা দেন তাঁহাদিগকে রক্ষা করণার্থ আইনের পাণ্ডুলিপি।

উত্তরাধিকারিত্বক্রমে পাওনা টাকা আদায় করিবার সুবিধা করা এবং মৃত ব্যক্তিদিগের স্থলাভিষিক্তগণকে যাঁহারা পাওনা টাকা দেন তাঁহাদিগকে রক্ষা করা বিহিত। অতএব এতদ্দারা নিম্নলিখিতমত বিধান করা গেল :—

১ ধারা। (১) এই আইনটিকে উত্তরাধিকারিত্বের সার্টিফিকেট বিষয়ক ১৮৮৮ সালের আইন বলা যাইতে পারিবে।

নাম, আরম্ভ, ব্যাপ্তি ও খাটিবার কথা।

(২) ইহা ১৮৮৯ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

(৩) ইহা উপরব্রহ্ম সহ সমস্ত ব্রিটিষ ভারতবর্ষে খাটিবে।

(৪) কিন্তু ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনানুসারে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দ্বারা অথবা যে চরমপত্র সম্বন্ধে হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইন খাটে সেই চরমপত্রের প্রবেট দ্বারা অথবা ঐ রূপ চরমপত্রের নকল সংযুক্ত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দ্বারা যে দেনা বা সিকিউরিটিতে স্বত্ব সাব্যস্ত করিতে পারা যায় তৎসম্বন্ধে এই আইন অনুসারে সার্টিফিকেট দেওয়া যাইবে না।

২ ধারা। (১) প্রথম তফসীলের তৃতীয় ঘরে যে যে পরিমাণের উল্লেখ আছে ঐ তফসীলের লিখিত আইনগুলি সেই সেই পরিমাণে রদ করা গেল।

রদ করিবার কথা।

(২) কিন্তু এই আইন আরম্ভ হইবার পূর্ব্বে ১৮৬০ সালের ২৭ আইনানুসারে বা ঐ আইনক্রমে রদ হওয়া কোন আইনানুসারে বা বোম্বাই কোডের ১৮২৭ সালের ৮ নম্বর আইনানুসারে যে সার্টিফিকেট দেওয়া হইয়াছে এই আইনে যাহা কিছু আছে তদ্দারা তাহার কোন ব্যাঘাত হইবে না।

(৩) প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ১৫২ ধারা ছাড়া যে আইনে অথবা যে দলীলে এই আইনের দ্বারা রদ হওয়া কোন আইনের উল্লেখ আছে তাহার যতদূর সম্ভব এইরূপ অর্থ করা যাইবে যে তাহাতে এই আইনের বা ইহার কোন অংশের উল্লেখ আছে।

৩ ধারা। বিষয় বিবেচনায় বা সংযুক্ত বাক্যাবলীতে বিরুদ্ধ ভাবের কিছু না থাকিলে এই আইনে—

অর্থ করিবার কথা।

(১) "ডিষ্ট্রিক্ট আদালত" বলিতে ডিষ্ট্রিক্ট জজাধিষ্ঠিত আদালত বুঝাইবে। এবং

(২) "সিকিউরিটি" বলিতে—

(ক) প্রমিসরিনোট, ডিবেঞ্চর, ষ্টক বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অপর কোন সিকিউরিটি ;

(খ) ইম্পিরিয়েল পার্লেমেণ্ট কর্ত্তৃক ভারতবর্ষের রাজস্বের উপর যে বাণ্ড, ডিবেঞ্চর বা আনুইটি চার্জ্জ করা হয় তাহা ;

(গ) কোন কোম্পানি বা অপর সমবায়িত সমিতির ষ্টক বা ডিবেঞ্চর বা সেয়ার ;

(ঘ) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষদ্বারা বা উহার পক্ষে যে ডিবেঞ্চর বা টাকার অপর সিকিউরিটি বাহির করা হয়, তাহা ;

(ঙ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া অপর যে কোন সিকিউরিটিকে এই আইনের প্রয়োজনার্থ সিকিউরিটি বলিয়া ব্যক্ত করেন, তাহা—

বুঝাইবে।

৪ ধারা। (১) যে ব্যক্তি কোন মৃত ব্যক্তির সম্পত্তিতে বা উহার কোন অংশে স্বত্ববান বলিয়া দাওয়া রাখেন তিনি প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র অথবা এই আইনানুসারে প্রদত্ত মৃত ব্যক্তির কোন দেনাদারের দেনার উল্লেখ যুক্ত সার্টিফিকেট বা ১৮৬০ সালের ২৭ আইনানুসারে বা ঐ আইনক্রমে রদ হওয়া কোন আইনানুসারে প্রদত্ত সার্টিফিকেট অথবা বোম্বাই কোডের ১৮২৭ সালের ৮ নম্বর আইনানুসারে প্রদত্ত সার্টিফিকেট উপস্থিত না করিলে কোন আদালত মৃত ব্যক্তির দেনদারকে দেনা তাঁহাকে দিবার জন্য বাধ্য করিবেন না।

মৃত ব্যক্তিদিগের দেনদারদের নিকট হইতে পাওনা টাকা আদায় করা সম্বন্ধে নিয়মের কথা।

(২) ১ প্রকরণে "দেনা" বলিতে কৃষিকার্য্যের নিমিত্ত ব্যবহৃত ভূমি সম্বন্ধে দেয় খাজানা, রাজস্ব বা উপস্বত্ব ছাড়া যে কোন দেনা বুঝাইবে।

৫ ধারা। মৃত ব্যক্তি মৃত্যুর সময়ে যে ডিষ্ট্রিক্ট আদালতের এলাকার মধ্যে সচরাচর বাস করিতেন অথবা সেই সময়ে তাঁহার যদি কোন নিরূপিত বাসস্থান না থাকিয়া থাকে তবে যে ডিষ্ট্রিক্ট আদালতের এলাকার মধ্যে তাঁহার সম্পত্তির কোন অংশ থাকিতে দেখা যায় সেই আদালত এই আইনানুসারে সার্টিফিকেট দিতে পারিবেন।

যে আদালতের সার্টিফিকেট দিবার অধিকার থাকিবে তাহার কথা।

৬ ধারা। (১) এইরূপ সার্টিফিকেটের দরখাস্ত একখানি আবেদনপত্র দিয়া ডিষ্ট্রিক্ট আদালতে করিতে হইবে। বাদী ক কর্ত্তৃক বা তাঁহার পক্ষে নালিশের আবেদনপত্র স্বাক্ষরিত ও সত্যপাঠযুক্ত হইবার যে প্রণালী দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে নির্দ্দিষ্ট হইয়াছে দরখাস্তকারীর দ্বারা বা তাহার পক্ষে ঐ আবেদনপত্র সেই প্রণালীতে স্বাক্ষরিত ও সত্যপাঠযুক্ত হইবে। এবং ঐ আবেদনপত্রে নিম্নলিখিত বিবরণগুলি থাকিবে, অর্থাৎ :—

সার্টিফিকেটের দরখাস্তের কথা।

(ক) যে সময়ে ও স্থানে মৃত ব্যক্তির মৃত্যু হয় এবং মৃত্যুর সময়ে তিনি যে স্থানে সচরাচর বাস করিতেন।

(খ) মৃত ব্যক্তির পরিবারের বা অপর সম্পর্কীয় ব্যক্তিদের নাম এবং তাঁহাদের কাহার কোন্ স্থানে বাস।

(গ) যে স্বত্বে দরখাস্তকারী দাওয়া করেন।

(ঘ) সার্টিফিকেট দিবার পক্ষে ১ ধারার (৪) প্রকরণানুসারে কোন প্রতিবন্ধক নাই এই কথা। এবং

(ঙ) যে যে দেনা ও সিকিউরিটির সম্বন্ধে সার্টিফিকেটের জন্য দরখাস্ত করা যায়।

(২) আবেদনপত্রে যদি এমন কোন উক্তি থাকে যাহা যে ব্যক্তি উহাতে সত্যপাঠ লেখেন তিনি মিথ্যা বলিয়া জানেন বা বিশ্বাস করেন তাহা হইলে মিথ্যা প্রমাণ দিলে বা প্রস্তুত করিতে তাহার দণ্ডের নিমিত্ত উপস্থিত সময়ের প্রচলিত আইনের বিধানানুসারে সেই ব্যক্তি দণ্ডাধীন হইবেন।

দরখাস্তের পর কার্য্যপ্রণালীর কথা।

৭ ধারা। (১) ডিষ্ট্রিক্ট আদালতের যদি বদ্বোধ হয় যে দরখাস্ত গ্রহণ করিবার হেতু আছে তাহা হইলে উহা শ্রবণ করিবার জন্য তিনি একটি দিন ধার্য্য করিবেন এবং দরখাস্তের ও শ্রবণ করিবার অবধারিত দিবসের একটি নোটিস—

(ক) আদালতের মতে যে ব্যক্তিকে দরখাস্তের বিশেষ নোটিস দেওয়া উচিত সেই ব্যক্তির উপর জারী করাইবেন। এবং

(খ) আদালত গৃহের কোন একটি প্রকাশ্য স্থলে লটকাইয়া দেওয়াইবেন এবং যদি অন্য কোন রকমে প্রকাশ করাইতে হয় তবে এতৎপক্ষে হাই কোর্টের প্রণীত বিধি মানিয়া আদালত যে প্রকারে প্রকাশ করান উপযুক্ত মনে করেন সেই প্রকারে প্রকাশ করাইবেন।

এবং অবধারিত দিবসে অথবা তাহার পর যত শীঘ্র সুবিধাজনক হয় সার্টিফিকেট পাইবার স্বত্ব নির্ণয় করিতে প্রবৃত্ত হইবেন।

(২) আবেদনপত্র দিয়া হাই কোর্টে দরখাস্ত করা গেলে এবং হাই কোর্টের সন্তোষজনকরূপে কারণ প্রদর্শন করা গেলে হাই কোর্ট ডিষ্ট্রিক্ট আদালত কর্ত্তৃক সার্টিফিকেট দেওয়া স্থগিত রাখিতে পারিবেন এবং সার্টিফিকেট পাইবার স্বত্ব সম্বন্ধে তদন্ত করণার্থ যে সমস্ত অতিরিক্ত কার্য্যানুষ্ঠান উপযুক্ত মনে করেন তাহা করিবার আদেশ করিতে পারিবেন।

সার্টিফিকেটে যাহা লিখিতে হইবে তাহার কথা।

৮ ধারা। ডিষ্ট্রিক্ট আদালত যখন সার্টিফিকেট দিবেন তখন তিনি তাহাতে সার্টিফিকেটের দরখাস্তের লিখিত দেনা ও সিকিউরিটির বিবরণ লিখিয়া দিবেন এবং যে ব্যক্তিকে সার্টিফিকেট দেওয়া হয় তাঁহাকে তদ্দ্বারা উল্লিখিত সিকিউরিটির বা তন্মধ্যে কোন কোনটির সুদ বা ডিবিডেণ্ড গ্রহণ করিবার অথবা ঐ সমস্ত সিকিউরিটি বা তন্মধ্যে কোন কোনটি বিক্রয়াদি করিবার ক্ষমতা দিতে পারিবেন।

সার্টিফিকেটের ফলের কথা।

৯ ধারা। ডিষ্ট্রিক্ট আদালতের সার্টিফিকেটের লিখিত দেনা ও সিকিউরিটি সম্বন্ধে ঐ সার্টিফিকেট, এই আইনের বিধানের অধীনে, যে ব্যক্তিকে সার্টিফিকেট দেওয়া হয় তাঁহার স্থলাভিষিক্ত হওনের সিদ্ধান্ত প্রমাণ হইবে এবং ১ ধারার (৪) প্রকরণের কোন উল্লঙ্ঘন বা অপর কোন দোষ সত্ত্বেও মৃত ব্যক্তির যে সকল দেনদার ঐ ব্যক্তিকে দেনা দেয় তাহাদিগকে সম্পূর্ণ ক্ষতিনিষ্কৃতি প্রদান করিবে।

যাহাকে সার্টিফিকেট দেওয়া যায় তাঁহার নিকট হইতে বাণ্ড চাহিবার কথা।

১০ ধারা। (১) ডিষ্ট্রিক্ট আদালত যে ব্যক্তিকে সার্টিফিকেট দিবার মঞ্জুর করেন সার্টিফিকেট দিবার পূর্ব্ববর্ত্তী সর্ত্তস্বরূপ তিনি সেই ব্যক্তিকে এইরূপ আদেশ করিতে পারিবেন যে তিনি যে সমস্ত দেনার টাকা ও সিকিউরিটি প্রাপ্ত হন তাহার হিসাব দিবার নিমিত্ত এবং ঐ সমস্ত দেনার টাকা ও সিকিউরিটিতে বা উহার কোন অংশে যে সমস্ত ব্যক্তি স্বত্ববান হন তাঁহাদের ক্ষতিপূরণ করিবার নিমিত্ত তিনি আদালতের উপস্থিত সময়ের জজের উপকারার্থ জজকে এক বা একাধিক জামিন সহ এক খানি বাণ্ড দেন।

(২) আবেদনপত্র দিয়া আদালতে দরখাস্ত করা গেলে এবং আদালতের সন্তোষজনক রূপে কারণ প্রদর্শন করা গেলে আদালত প্রতিভূ সম্বন্ধে যে রূপ সর্ত্ত করা বা প্রাপ্ত টাকা আদালতে দিবার যে রূপ ব্যবস্থা করা বা অপর যে প্রকার ব্যবস্থা করা উপযুক্ত মনে করেন তাহা করিয়া ঐ বাণ্ড কোন উপযুক্ত ব্যক্তিকে অর্পণ করিতে পারিবেন। এবং সেই ব্যক্তি তদনন্তর আপন নামে ঐ বাণ্ড সূত্রে এই ভাবে নালিশ করিতে স্বত্ববান হইবেন যেন উহা প্রথমতঃ আদালতের জজকে প্রদত্ত না হইয়া তাঁহাকেই প্রদত্ত হইয়াছিল এবং তদনুসারে যে টাকা আদায় করা যাইতে পারে সমস্ত স্বার্থবিশিষ্ট ব্যক্তির ট্রষ্টীস্বরূপ তাহা আদায় করিতে স্বত্ববান হইবেন।

উত্তরাধিকারিত্ব বিষয়ে বিবাদ থাকার স্থলে ট্রষ্টী নিযুক্ত করিবার কথা।

১১ ধারা। (১) যে সকল ব্যক্তি কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত বলিয়া একত্রে কোন সিকিউরিটির মালিক হইবার স্বত্ববান বলিয়া দাবি করেন তাঁহাদের মধ্যে বিবাদ থাকিলে, ডিষ্ট্রিক্ট আদালত, দাবিদারদিগের মধ্যে কাহারো দরখাস্তক্রমে এবং উহার সন্তোষজনক রূপ কারণ প্রদর্শন করা গেলে, এই ধারানুসারে ট্রষ্টীস্বরূপ কার্য্য করিবার নিমিত্ত আদালত কর্ত্তৃক নিযুক্ত কোন ব্যক্তিকে ঐ সিকিউরিটিগুলির সম্বন্ধে এই আইনানুসারে সার্টিফিকেট দিতে পারিবেন, এবং ঐ সার্টিফিকেটে সেই সিকিউরিটিগুলির এবং যেই ব্যক্তিকে ঐ ট্রষ্টীর ঐ সিকিউরিটিগুলির মালিক বলিয়া বোধ হয় সেই সেই ব্যক্তির এবং উহাতে তাহাদের যাহার যত অংশ আছে তাহার নির্দ্দেশ করিয়া দিবেন।

(২) এইরূপ সার্টিফিকেটেরবলে ট্রষ্টী সিকিউরিটির সুদ বা ডিবিডেণ্ড গ্রহণ করিতে ও তজ্জন্য রসিদ দিতে স্বত্ববান হইবেন, এবং সুদ বা ডিবিডেণ্ড পাইতে স্বত্ববান বলিয়া যেই ব্যক্তির নাম সার্টিফিকেটে লেখা থাকে উল্লিখিত অংশানুসারে সেই সেই ব্যক্তিকে সুদ বা ডিবিডেণ্ডের হিসাব দিয়া [illegible] দ বা ডিবিডেণ্ড দিবেন, এবং ঐ সকল সিকিউ[illegible] সম্বন্ধে অপর সকল বিষয়ে ঐ সকল ব্যক্তি[illegible] [illegible]স্বরূপ হ

কার্য্য করিতে পারিবেন, এবং তিনি যে সমস্ত টাকা প্রাপ্ত হন ও দেন তদুপরি শতকরা এক টাকার অধিক না হয় এমন যে কমিশন আদালত উপযুক্ত মনে করেন তাহা পাইবার স্বত্ববান হইবেন।

(৩) যে সকল ব্যক্তি কোন সিকিউরিটির মালিক হন বলিয়া দাবি করেন তাঁহাদের মধ্যে এইরূপ বিবাদ ১ প্রকরণানুসারে যে সার্টিফিকেট দেওয়া হয় তাহার তারিখ হইতে দুই বৎসরের মধ্যে যদি শেষ না হয় তাহা হইলে সার্টিফিকেট দৃষ্টে যে সকল ব্যক্তিকে সিকিউরিটির মালিক বলিয়া বোধ হয় ট্রষ্টী তাঁহাদিগের মধ্যে সিকিউরিটির আসল হারাহারি মতে বণ্টন করিয়া দিতে পারিবেন, এবং যে যে ব্যক্তি নূতন সিকিউরিটিতে স্বত্ববান বলিয়া নির্দ্দিষ্ট হন সেই২ ব্যক্তির নামে নূতন সিকিউরিটি বাহির করিতে যে উপযুক্ত কর্ম্মচারী নিযুক্ত থাকেন দরখাস্ত করিয়া তাঁহার নিকট হইতে নূতন সিকিউরিটি গ্রহণ করিতে পারিবেন।

(৪) যেং টাকার নিমিত্ত সিকিউরিটি বাহির করা হয় তাহাতে স্বত্ববান বলিয়া যে সকল বিবাদকারী ব্যক্তি দাবি করেন তাঁহাদের বিরুদ্ধে পুরাতন সিকিউরিটির পৃষ্ঠে লিখিয়া বা প্রকারান্তরে এইরূপ নূতন সিকিউরিটির জন্য ট্রষ্টী যে রসীদ দেন তাহা আইনসম্মত ফারখত হইবে।

(৫) যত টাকার সিকিউরিটি লইয়া বিবাদ তাহা বা তাহার কোন অংশ যদি এইরূপ সিকিউরিটি বাহির হওয়া সম্বন্ধে যে বিধি থাকে তদনুসারে সিকিউরিটিগুলি হারাহারিমতে বণ্টন করিয়া দিবার পক্ষে যথেষ্ট না হয় তাহা হইলে ট্রষ্টী বিবাদী সিকিউরিটি বা উহার যে অংশ আবশ্যক হয় তাহা বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ টাকা পাইতে স্বত্ববান বলিয়া যে সকল ব্যক্তি নির্দ্দিষ্ট হন তাঁহাদের মধ্যে উহা বণ্টন করিয়া দিতে পারিবেন।

(৬) ট্রষ্টীকে প্রদত্ত সার্টিফিকেটে যে সকল সিকিউরিটির নির্দ্দেশ থাকে কোন পূর্ব্ব প্রদত্ত সার্টিফিকেটের সহিত সেই সকল সিকিউরিটির সম্বন্ধ থাকিলে এই ধারানুসারে নিযুক্ত ট্রষ্টীকে প্রদত্ত সার্টিফিকেট সেই সকল সিকিউরিটি সম্বন্ধে পূর্ব্ব প্রদত্ত সার্টিফিকেটকে বাতিল করিবে।

সার্টিফিকেটের স্থানীয় ব্যাপ্তির কথা।

১২ ধারা। এই আইনানুযায়ী সার্টিফিকেট সমস্ত বৃটিষ ভারতবর্ষে কার্য্যকর হইবে।

আপীলের কথা।

১৩ ধারা। (১) এই আইনানুসারে সার্টিফিকেট দিবার বা না দিবার জন্য অথবা পুনরালোচনা ক্রমে প্রত্যাহার করিবার জন্য ডিষ্ট্রিক্ট আদালত যে হুকুম দেন তদ্বিরুদ্ধে হাই কোর্টে আপীল চলিবে এবং হাই কোর্ট আপীলক্রমে যে হুকুম দেন তাহাতে উপযুক্ত মনে করিলে কোন্ ব্যক্তিকে সার্টিফিকেট দিতে হইবে তাহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং আদেশের জন্য দরখাস্ত করা গেলে এইরূপ আদেশ করিতে পারিবেন যে ইতিপূর্ব্বে যদি কোন সার্টিফিকেট দেওয়া হইয়া থাকে তবে তাহা বাতিল করিয়া ডিষ্ট্রিক্ট আদালত ঐ নির্দ্দেশানুসারে সার্টিফিকেট দেন।

(২) ১ প্রকরণের বিধানের অধীনে এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৬৪৭ ধারানুসারে যে প্রকার প্রয়োগ করিবার বিধান আছে সেই প্রকারে প্রয়োগ করা ঐ আইনের ৪৬ ও ৪৭ অধ্যায়ের বিধানের অধীনে ডিষ্ট্রিক্ট আদালতের এই আইনানুযায়ী হুকুম চূড়ান্ত হইবে।

সার্টিফিকেটের উপর কোন পূর্ব্ব প্রদত্ত সার্টিফিকেটের বা পূর্ব্ব প্রদত্ত প্রবেটের বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রের ফলাফলের কথা।

১৪ ধারা। যদি এই আইনানুসারে কোন দেনা বা সিকিউরিটি সম্বন্ধে সার্টিফিকেট দেওয়া হয় আর পূর্ব্বে যদি সেই দেনা বা সিকিউরিটি সম্বন্ধে ঐরূপ সার্টিফিকেট দেওয়া হইয়া থাকে অথবা ঐ দেনা বা সিকিউরিটি যে ইষ্টেটের অন্তর্গত তৎসম্বন্ধে যদি পূর্ব্বে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়া থাকে তাহা হইলে এই আইনক্রমে ভিন্ন রকম বিধান থাকার স্থলে ভিন্ন এই আইনানুসারে কোন দেনা বা সিকিউরিটি সম্বন্ধে দেওয়া সেই সার্টিফিকেট অসিদ্ধ হইবে।

সার্টিফিকেটের উপর পরবর্ত্তী প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রের ফলাফলের কথা।

১৫ ধারা। (১) কোন ইষ্টেট সম্বন্ধে প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনানুসারে প্রদত্ত প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র ঐ ইষ্টেটভুক্ত কোন দেনা বা সিকিউরিটি সম্বন্ধে এই আইনানুসারে কোন পূর্ব্ব প্রদত্ত সার্টিফিকেটকে অসিদ্ধ করে বলিয়া বিবেচনা করা যাইবে।

(২) যখন প্রবেট বা ক্ষমতাপত্র দেওয়া যায় তখন যদি এইরূপ কোন দেনা বা সিকিউরিটি সম্বন্ধে সার্টিফিকেটধারী কর্ত্তৃক অনুষ্ঠিত কোন মোকদ্দমা বা অপর কার্য্য দায়ের থাকে তাহা হইলে যে ব্যক্তিকে প্রবেট বা ক্ষমতাপত্র দেওয়া হয় তিনি যে আদালতে ঐ মোকদ্দমা বা কার্য্য দায়ের থাকে সেই আদালতে দরখাস্ত করিলে ঐ মোকদ্দমায় বা কার্য্যে সার্টিফিকেটধারীর স্থান অধিকার করিতে স্বত্ববান হইবেন।

যাঁহারা অসিদ্ধ সার্টিফিকেট রাখেন তাঁহাদিগকে সরল বিশ্বাসে যে পেমেণ্ট করা হয় তাহা সিদ্ধ হইবার কথা।

১৬ ধারা। ১১ ধারানুসারে কোন ট্রষ্টীকে অথবা ১৩ ধারানুসারে হাই কোর্টের হুকুমে যে ব্যক্তির নাম থাকে তাঁহাকে সার্টিফিকেট দিবার দরুণ কিম্বা সার্টিফিকেটের প্রত্যাহার হইয়া থাকার দরুণ কিম্বা সার্টিফিকেট পূর্ব্বেই প্রমা হইয়া থাকার দরুণ কিম্বা প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদত্ত হইবার দরুণ কিম্বা অন্য কোন কারণ বশত এই আইনানুযায়ী কোন সার্টিফিকেট সম্পূর্ণরূপে কি আংশিক পরিমাণে বাতিল হইয়া থাকিলে বা অসিদ্ধ হইলে উহা যে বাতিল বা অসিদ্ধ হইয়াছে ইহা না জানিয়া বাতিল বা অসিদ্ধ সার্টিফিকেটধারীকে যে সকল পেমেণ্ট করা হইয়াছে ও তাঁহার সহিত যে সকল কাজকর্ম্ম করা হইয়াছে তাহা অন্য কোন সার্টিফিকেট অনুসারে বা প্রবে

বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র অনুসারে দাওয়ার বিরুদ্ধে সিদ্ধ বলিয়া গণ্য হইবে।

সার্টিফিকেট বাড়াইয়া দিবার কথা।

১৭ ধারা। (১) এই আইনানুযায়ী কোন সার্টিফিকেটে প্রথমত যে দেনার বা সিকিউরিটির উল্লেখ হয় নাই ঐ সার্টিফিকেটধারীর দরখাস্তমতে ডিষ্ট্রিক্ট আদালত সময়ে সময়ে সেই দেনা বা সিকিউরিটি সম্বন্ধে ঐ সার্টিফিকেট বাড়াইয়া দিতে পারিবেন এবং এইরূপ প্রত্যেক বাড়াইবার এইরূপ ফল হইবে যেন যে দেনা বা সিকিউরিটি সম্বন্ধে সার্টিফিকেট বাড়াইয়া দেওয়া হয় তাহা প্রথমতই তাহাতে লিখিত হইয়াছিল।

(২) প্রথম সার্টিফিকেট দিবার সময় যেরূপ ঠিক সেই রূপে কোন সার্টিফিকেট বাড়াইয়া দেওয়া গেলে যে সিকিউরিটি সম্বন্ধে সার্টিফিকেট বাড়াইয়া দেওয়া হয় তাহার সুদ বা ডিবিডেণ্ড গ্রহণ করা বা তাহা বিক্রয়াদি করা সম্বন্ধীয় ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে এবং ১০ ধারায় যে সকল প্রয়োজনের উল্লেখ আছে তজ্জন্য বাণ্ড দিবার আদেশ করা যাইতে পারিবে।

সার্টিফিকেট ও বাড়াইয়া দেওয়া সার্টিফিকেটের পাঠের কথা।

১৮ ধারা। দ্বিতীয় তফসীলে যে পাঠ দেওয়া গেল অবস্থা বিবেচনায় যত দূর সম্ভব সেই রকম পাঠে সার্টিফিকেট দেওয়া ও বাড়াইয়া দেওয়া যাইবে।

সিকিউরিটি বিষয়ক ক্ষমতা সম্বন্ধে সার্টিফিকেট সংশোধন করিবার কথা।

১৯ ধারা। যে স্থলে কোন ডিষ্ট্রিক্ট আদালত কোন সার্টিফিকেটধারীকে সার্টিফিকেটের লিখিত কোন সিকিউরিটি সম্বন্ধে কোন ক্ষমতা দেন নাই অথবা তাঁহাকে সিকিউরিটির কেবলমাত্র সুদ বা ডিবিডেণ্ড গ্রহণ করিবার ক্ষমতা দিয়াছেন, সে স্থলে আদালত আবেদনপত্র দিয়া দরখাস্ত করা গেলে এবং উহার সন্তোষজনক রূপে কারণ প্রদর্শন করা গেলে অবস্থানুসারে ৮ ধারার লিখিত ক্ষমতার মধ্যে একটি বা অপরগুলি প্রদান করিয়া কিম্বা সুদ বা ডিবিডেণ্ড গ্রহণ করিবার ক্ষমতার পরিবর্ত্তে সিকিউরিটি বিক্রয়াদি করিবার ক্ষমতা প্রদান করিয়া, সার্টিফিকেট সংশোধন করিতে পারিবেন।

১৮৭০ সালের ৭ আইনের প্রথম তফসীলের ১১ ও ১২ দফার পরিবর্ত্তে নূতন দফা বসাইবার কথা।

২০ ধারা। আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের প্রথম তফসীলের ১১ ও ১২ নম্বরের পরিবর্ত্তে নিম্নলিখিত নম্বর দুইটি বসিবে, অর্থাৎ ;—

নম্বর।		উপযুক্ত রসুম।
"১১। চরমপত্রের প্রবেট বা চরমপত্র সংযুক্ত বা চরমপত্রব্যতীত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র।	যে টাকা বা সম্পত্তি সম্বন্ধে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হয় সেই টাকা কি সেই সম্পত্তির মূল্য এক সহস্র টাকার অধিক হইলে।	সেই টাকা বা মূল্যের উপর শতকরা দুই টাকা। কিন্তু কোন ইষ্টেটভুক্ত কোন সম্পত্তি সম্বন্ধে উত্তরাধিকারিদের সার্টিফিকেট বিষয়ক ১৮৮৮ সালের আইনানুসারে বা ঐ আইনক্রমে রদ হওয়া কোন আইনানুসারে কোন সার্টিফিকেট দেওয়া গেলে পর, সেই ইষ্টেট সম্বন্ধে যদি প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হয় তাহা হইলে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র সম্বন্ধে দেয় ফী সার্টিফিকেট সম্বন্ধে প্রদত্ত ফীর টাকার পরিমাণে কম হইবে।
"১২। উত্তরাধিকারিদের সার্টিফিকেট বিষয়ক ১৮৮৮ সালের আইনানুসারে সার্টিফিকেট।	যে কোন স্থলে …	সার্টিফিকেটে এই আইনের ৮ ধারানুসারে লিখিত দেনা বা সিকিউরিটি যত টাকার বা মূল্যের তদুপরি শত করা দুই টাকা এবং যত টাকার বা মূল্যের দেনা বা সিকিউরিটি সম্বন্ধে এই আইনের ১৭ ধারানুসারে সার্টিফিকেট বাড়াইয়া দেওয়া হয় তদুপরি শতকরা তিন টাকা। মন্তব্য।—(১) যে তারিখে দেনা সার্টিফিকেটভুক্ত করিবার নিমিত্ত দরখাস্ত করা হয় সেই তারিখে যাহা সুদ দেনার টাকা সাধ্যমতে অনুসন্ধান করিয়া যত টাকার দেনার টাকা বলিতে তত টাকা বুঝাইবে। (২) কোন সার্টিফিকেটের লিখিত কোন সিকিউরিটি সম্বন্ধে এই আইনানুসারে কোন ক্ষমতা দেওয়া হইয়া থাকুক বা না থাকুক, এবং যে স্থলে এইরূপ ক্ষমতা এই প্রকারে প্রদত্ত হইয়াছে সেই স্থলে সেই ক্ষমতা সিকিউরিটির সুদ বা ডিবিডেণ্ড গ্রহণ করিবার নিমিত্তই হউক, কি সিকিউরিটি বিক্রয়াদি করিবার নিমিত্তই হউক, যে তারিখে সিকিউরিটি সার্টিফিকেটভুক্ত করিবার জন্য দরখাস্ত করা হয় সাধ্যমতে অনুসন্ধান করিয়া সেই তারিখে সিকিউরিটির বাজার মূল্য যত হয় তাহাই সিকিউরিটির মূল্য।"

সার্টিফিকেট সম্বন্ধে আদালতের রসুম আদায় করিবার প্রথার কথা।

২১ ধারা। (১) যে সার্টিফিকেটের জন্য বা সার্টিফিকেট বাড়াইবার জন্য দরখাস্ত করা হয় তৎসম্বন্ধে আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের প্রথম তফসীলের ১২ দফানুসারে যে ফী দেয় হয় সার্টিফিকেটের বা সার্টিফিকেট

বাড়াইবার প্রত্যেক দরখাস্তের সঙ্গে সেই ফীর তুল্য টাকা আমানত করিতে হইবে।

(২) সার্টিফিকেট দেওয়া সম্বন্ধে আপত্তি করার স্থলে আপত্তিকারী যদি তাঁহাকেই সার্টিফিকেট দিবার দাওয়া করেন কিন্তু তাঁহাকে সার্টিফিকেট দিবার জন্য দরখাস্ত না করেন তাহা হইলে আপত্তির সঙ্গে সেই রূপ আমানত করিতে হইবে।

(৩) দরখাস্ত বা দাবি যদি মঞ্জুর হয় তাহা হইলে দরখাস্তকারী বা আপত্তিকারী যিনিই টাকা আমানত করিয়া থাকুন, তাঁহার আমানত করা টাকা উপরি উক্ত মত দেয় ফী জ্ঞাপনার্থ যে ষ্ট্যাম্প ব্যবহার করিতে হইবে আদালতের আদেশানুসারে তাহা ক্রয় করিবার জন্য ব্যয় করা যাইবে।

(৪) ১ প্রকরণ বা (২) প্রকরণ অনুসারে যে কোন টাকা প্রাপ্ত হওয়া যায় এবং যাহা (৩) প্রকরণানুসারে ব্যয় করা না হয় যে ব্যক্তি আমানত করিয়াছেন তাঁহাকে তাহা ফিরাইয়া দেওয়া যাইবে।

বৈদেশিক রাজ্যে বৃটিষ প্রতিনিধি কর্ত্তৃক প্রদত্ত বা বাড়াইয়া দেওয়া সার্টিফিকেটে ফলাফলের কথা।

২২ ধারা। যে স্থলে কোন বিদেশীয় রাজ্যের অধিবাসীকে সেই রাজ্যে নিযুক্ত বৃটিষ প্রতিনিধি কর্ত্তৃক অবস্থা বিবেচনায় যতদূর সম্ভব দ্বিতীয় তফসীলের পাঠে সার্টিফিকেট দেওয়া হয় অথবা যে স্থলে এই প্রকারে প্রদত্ত সার্টিফিকেট ঐরূপ প্রতিনিধি কর্ত্তৃক ঐরূপ পাঠে বাড়াইয়া দেওয়া হয় সে স্থলে ঐ সার্টিফিকেট এই আইনানুযায়ী সার্টিফিকেট সম্বন্ধীয় আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের বিধান অনুসারে ষ্ট্যাম্প করা গেলে বৃটিষ ভারতবর্ষের ভিতর উহার কার্য্যকারিতা এই আইনানুসারে প্রদত্ত বা বাড়াইয়া দেওয়া সার্টিফিকেটের কার্য্যকারিতার সমান হইবে।

এই আইনানুসারে নিষ্পত্তির ফলাফলের এবং তদনুসারে সার্টিফিকেট ধারীদিগের দায়িত্বের কথা।

২৩ ধারা। (১) যদি কোন ব্যক্তিদিগের মধ্যে কোন স্বত্বের কথার এই আইনানুসারে নিষ্পত্তি করা হয় তাহা হইলে সে নিষ্পত্তি ঠিক সেই ব্যক্তিদিগের মধ্যে অপর কোন মোকদ্দমায় বা কার্য্যে সেই কথার বিচারের বাধা স্বরূপ হইবে না। এবং এই আইনে যাহা কিছু আছে তাহার এমন অর্থ করা যাইবে না যে যে ব্যক্তি কোন দেনা বা সিকিউরিটির সমস্ত বা কোন অংশ প্রাপ্ত হন আইনমতে তাহাতে যে ব্যক্তি স্বত্ববান তাঁহাকে তাঁহার তজ্জন্য হিসাব দিবার যে দায়িত্ব থাকে তদ্দ্বারা তাহার কোন ব্যত্যয় ঘটিবে।

(২) কিন্তু ১১ ধারানুসারে নিযুক্ত ট্রষ্টী ঐ ধারার বিধানানুসারে যাহা কিছু করেন তৎসম্বন্ধে তাঁহার বিরুদ্ধে মোকদ্দমা চলিবে না।

কিউরেটরগণ কর্ত্তৃক কোন কোন ক্ষমতা পরিচালিত হওয়া নিষেধ করিবার কথা।

২৪ ধারা। (১) যে স্থলে এই আইনানুসারে বা এই আইনক্রমে রদ হওয়া কোন আইনানুসারে সার্টিফিকেট প্রদত্ত হইয়াছে অথবা প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছে সে স্থলে আইনমতে যে ক্ষমতা সার্টিফিকেটধারীতে অথবা অছি বা ধনাধ্যক্ষতে থাকে ১৮৪১ সালের ১৯ আইন অনুসারে নিযুক্ত কিউরেটর তাহা পরিচালনা করিবেন না।

(২) কিন্তু আদালত যে কিউরেটরকে দেনা বা খাজানা গ্রহণ করিতে ক্ষমতা প্রদান করিয়াছেন সেই কিউরেটরকে যে সকল ব্যক্তি দেনা বা খাজানা দিয়াছেন তাঁহাদিগকে ক্ষতি নিষ্কৃতি দেওয়া হইবে এবং যে ব্যক্তি সার্টিফিকেট, প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র যে স্থলে যেটি হয় পাইয়াছেন তাঁহাকে সেই দেনা বা খাজানা দিতে কিউরেটর দায়ী হইবেন।

কোন কোন প্রবেট ও ক্ষমতাপত্রের ফলাফলের কথা।

২৫ ধারা। যে স্থলে কোন সুপ্রীম বা হাই কোর্টের চার্টারের অর্থানুসারে মৃত ব্যক্তি বৃটিষ প্রজা ছিলেন না এবং যে স্থলে মৃত ব্যক্তির কোন সংস্থান তাঁহার মৃত্যুর সময় ঐ আদালতের স্থানীয় এলাকার মধ্যে ছিল সে স্থলে ঐ আদালত কর্ত্তৃক ১৮৮১ সালের এপ্রেল মাসের প্রথম দিবসের পূর্ব্বে যে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছে, দেনা আদায় করণার্থ, যে সকল ব্যক্তি দেনার টাকা দেয় তাহাদের রক্ষার্থ এবং মৃত ব্যক্তির ইষ্টেটভুক্ত সিকিউরিটি বিক্রয়াদি করণার্থ, তৎসম্বন্ধে এই রূপ বিবেচনা করা যাইবে যে ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনানুসারে প্রদত্ত প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রের যে কার্য্যকারিতা আছে তাহারও সেই কার্য্যকারিতা আছে এবং ছিল।

কিন্তু এই ধারার যাহা কিছু আছে তাহার এমন অর্থ করা যাইবে না যে এই আইন আরম্ভ হইবার পূর্ব্বে কোন অছি বা ধনাধ্যক্ষ কর্ত্তৃক সম্পত্তির যে বিলি ব্যবস্থা কোন উপযুক্ত আদালত কর্ত্তৃক অসিদ্ধ বলিয়া ব্যক্ত করা হইয়াছে তাহা তদ্দ্বারা সিদ্ধ হইয়া যায়।

আদালতের রসুমের ১৮৭০ সালের আইন এবং ১৮২৭ সালের বোম্বাইয়ের ৮ আইন সংশোধন করিবার কথা।

২৬ ধারা। আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের ১৯ ধারার ৮ দফায় "চরমপত্রের প্রবেট" এই শব্দ গুলির এবং "ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র" এই শব্দগুলির মধ্যে "কিম্বা" এই শব্দটি সন্নিবিষ্ট হইবে, এবং বোম্বাই কোর্ডের ১৮২৭ সালের ৮ নম্বর আইনের ১১ ধারায় "৯ ও ১০ ধারা" এই অঙ্ক ও শব্দ গুলির পরিবর্ত্তে "১০ ধারা" এই অঙ্ক ও শব্দ বসিবে।

প্রথম তফ্সীল।

কোন্ কোন্ আইন রদ করা গেল।

(২ ধারা দেখ।)

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইন।

নম্বর ও বৎসর।	বিষয় বা নাম।	কি পরিমাণ রদ হইল।
১৮৬০ সালের ২৭ আইন ...	উত্তরাধিকারিত্ব ক্রমে দেনা আদায় ...	যতটা রদ করা হয় নাই।
১৮৭০ সালের ৭ আইন ...	আদালতের রসুমের ১৮৭০ সালের আইন।	১৯ ধারার ৮ দফার "এবং এই আইনে সংযোজিত প্রথম তফসীলের ১২ নম্বরে লিখিত সার্টিফিকেট "এই শব্দ গুলি এবং " বা সার্টিফিকেট" এই দুইটি শব্দ।
১৮৭৪ সালের ১৫ আইন ...	নানা স্থানে আইনের ব্যাপকতা বিষয়ক ১৮৭৪ সালের আইন।	১৮৬০ সালের ২৭ আইনের সহিত যতটুকুর সম্বন্ধ আছে।
১৮৮১ সালের ৫ আইন ...	প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন।	১৫১ ও ১৫৩ ধারা।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত আইন।

নম্বর ও বৎসর।	বিষয় বা নাম।	কি পরিমাণ রদ হইল।
১৮৮০ সালের ৭ আইন ...	রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের আইন।	৭ ধারার (৩) দফার " ও উক্ত আইনের ১ তফসীলের ১২ প্রকরণের মন্তব্যে" এই শব্দ গুলি।

বোম্বাই কোডের আইন।

নম্বর ও বৎসর।	বিষয় বা নাম।	কি পরিমাণ রদ হইল।
১৮২৭ সালের ৮ আইন ...	ইষ্টেটের ধনাধ্যক্ষতা ...	১০ ও ১১ ধারা এবং C চিহ্নিত ক্রোড়পত্র ছাড়া যতটা রদ করা হয় নাই।

দ্বিতীয় তফ্সীল।

সার্টিফিকেট এবং বাড়াইয়া দেওয়া সার্টিফিকেটের পাঠ।

(১৮ ধারা দেখ।)

——————————————র আদালত।

——————————————র প্রতি।

যে হেতুক তুমি　　　সনের　　　মাসের　　　দিবসে নিম্নলিখিত দেনা ও সিকিউরিটি সম্বন্ধে উত্তরাধিকারিত্বের সার্টিফিকেট বিষয়ক ১৮৮৮ সালের আইনানুসারে সার্টিফিকেটের জন্য দরখাস্ত করিয়াছিলে, অর্থাৎ:—

দেনা।

ক্রমিক নম্বর।	দেনদারের নাম।	সার্টিফিকেটের দরখাস্তের তারিখে সুদসহ যত টাকা দেনা।	দেনার কায়দার জন্য দস্তাবেজ থাকিলে উহার বিবরণ ও তারিখ।

সিকিউরিটি।

ক্রমিক নম্বর।	বিবরণ।			সার্টিফিকেটের দরখাস্তের তারিখে সিকিউরিটির বাজার মূল্য।
	সিকিউরিটির পরিচয়ার্থ নম্বর বা অক্ষর।	সিকিউরিটির নাম, আখ্যা বা শ্রেণী।	সিকিউরিটি যত টাকার বা উহার পর মূল্য।	

অতএব তোমাকে তদনুসারে এই সার্টিফিকেট দেওয়া গেল এবং ইহাদ্বারা তোমাকে ঐ সকল দেনা আদায় করিতে [এবং] [ঐ সকল সিকিউরিটির] [সুদ] [ডিবিডেণ্ড] [লইতে] [উহা বিক্রয়াদি করিতে] ক্ষমতা প্রদান করা হইল।

তারিখ সনের মাসের দিবস।

ডিষ্ট্রিক্ট জজ।

———

———————————র আদালত।

সনের মাসের দিবসে A. B. আমার নিকট দরখাস্ত করায় আমি এতদ্দ্বারা নিম্নলিখিত দেনা ও সিকিউরিটি সম্বন্ধে এই সার্টিফিকেট বাড়াইয়া দিলাম, অর্থাৎ :—

দেনা।

ক্রমিক নম্বর।	দেনদারের নাম।	সার্টিফিকেট বাড়াইবার দরখাস্তের তারিখে সুদ সহ যত টাকা দেনা।	দেনার কায়দার জন্য দস্তাবেজ থাকিলে উহার বিবরণ ও তারিখ।

সিকিউরিটি।

ক্রমিক নম্বর।	বিবরণ।			বাড়াইবার দরখাস্তের তারিখে সিকিউরিটির বাজার মূল্য।
	সিকিউরিটির পরিচয়ার্থ নম্বর বা অক্ষর।	সিকিউরিটির নাম, আখ্যা বা শ্রেণী।	সিকিউরিটি যত টাকার বা উহার পার মূল্য।	

এই বাড়ান ক্রমে A. B কে ঐ সকল দেনা আদায় করিতে [এবং] [ঐ সকল সিকিউরিটির] [সুদ] [ডিবিডেণ্ড] [লইতে] [উহা বিক্রয়াদি করিতে] ক্ষমতা প্রদান করা হইল।

তারিখ সনের মাসের দিবস।

ডিষ্ট্রিক্ট জজ।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

মান্যবর মেজর বেয়ারিং সাহেব তাঁহার প্রণীত উত্তরাধিকারিদের সার্টিফিকেট বিষয়ক ১৮৮৩ সালের পাণ্ডুলিপিতে যে প্রস্তাব করিয়াছিলেন তদনুসারে ১৮৬০ সালের ২৭ আইন নূতন করিয়া প্রণয়ন করা এবং আদালতের রসুমের ১৮৭০ সালের আইন সংশোধন করা এই পাণ্ডুলিপিখানির উদ্দেশ্য। এবং মান্যবর মেজর বেয়ারিং সাহেবের উক্ত পাণ্ডুলিপি দেখিয়া স্থানীয় গবর্ণমেন্ট সকল, হাই কোর্ট সকল এবং অন্যান্য কর্তৃপক্ষগণ যে সমস্ত প্রস্তাব করিয়াছিলেন ১৮৬০ সালের ২৭ আইন নূতন করিয়া প্রণয়ন করণোপলক্ষে সেই সমস্ত প্রস্তাব গ্রহণ করিয়া প্রণয়ন করা ও এই পাণ্ডুলিপিখানির উদ্দেশ্য।

২। মেজর বেয়ারিং সাহেব তাঁহার প্রণীত পাণ্ডুলিপিতে নিম্নলিখিত অভিপ্রায় ও হেতুর বিবরণ সংযুক্ত করিয়াছিলেন :—

"আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের প্রথম তফসীলের ১২ প্রকরণে অন্যান্য বিষয়ের মধ্যে এই বিধান আছে যে ১৮৬০ সালের ২৭ আইনমতে যে সম্পত্তি সম্বন্ধে সার্টিফিকেট দেওয়া যায়, তাহার টাকার বা মূল্যের উপর শতকরা ২ টাকা ফী আদায় করা যাইবে। ঐ প্রকরণে নিম্নলিখিত মন্তব্য সংযুক্ত আছে :—

'তদ্রূপ শংসিতপত্র যে ব্যক্তিকে দেওয়া যায়, তিনি কি তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি ঐ শংসিতপত্রক্রমে যে সকল টাকা আদায় কি সংগ্রহ করেন ঐ শংসিতপত্র পাইবার তারিখ অবধি দ্বাদশ মাস গত হইলে পর, ও তৎপশ্চাৎ ঐ শংসিতপত্রদাতা আদালত যে সময়ে আজ্ঞা করেন সেই সময়ে শপথক্রমে ঐ সকল টাকার বর্ণনাপত্র অর্পণ করিবেন।

'ঐ শংসিতপত্র যে ব্যক্তিকে দেওয়া গেল তিনি শপথক্রমে ঋণের যত টাকা কি অন্য সম্পত্তির যত মূল্য ব্যক্ত করিলেন তদধিক টাকা সংগৃহীত কি আদায় হইলে, আদালত সেই পত্র ব্যর্থ করিয়া তাঁহাকে নূতন শংসিতপত্র লইয়া এই তপসীল অনুসারে অধিক যত রসুম নির্দ্ধারিত হইয়াছে তাহা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

'নিরূপিত সময়ের মধ্যে ঐ বর্ণনাপত্র অর্পণ করা না গেলে, আদালত সেই শংসিতপত্র ব্যর্থ করিতে পারিবেন।'

"২। প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের ৫ আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে ব্যবস্থাপক সভায় যে বাদানুবাদ হয় তন্মধ্যে শ্রীযুত পিট, কেনেডি সাহেব এই প্রস্তাব করেন যে ১৮৬০ সালের ২৭ আইন ও কোর্ট ফী আইন এরূপ সংশোধন করা উচিত, যাহাতে মৃত ব্যক্তির সম্পত্তির কোন অংশ আদায় করিবার নিমিত্ত ঐ ২৭ আইনমতে যে কোন ব্যক্তি সার্টিফিকেট পান তাঁহার প্রতি ঐ সম্পত্তির মোট মূল্যের উপর শতকরা ২ টাকা হারে কোর্ট ফী দিবার আদেশ হয়।

"৩। তদনুসারে এই প্রস্তাব সম্বন্ধে মত চাহিয়া স্থানীয় গবর্ণমেন্টদের নিকট এক সরকুলার প্রেরিত হয়। যে সকল উত্তর পাওয়া গিয়াছে তাহা হইতে দেখা যাইতেছে যে অধিকাংশ কর্তৃপক্ষদের মত এই প্রস্তাব অবলম্বনের সম্পূর্ণ বিরুদ্ধ। কিন্তু তাঁহাদের মধ্যে অনেকে এই বৃত্তান্তের প্রতি মনোযোগ আকর্ষণ করিয়াছেন ও ইহা অনেকবার ভারতবর্ষীয় গবর্ণমেন্টের গোচরে আনা হইয়াছে যে পূর্ব্বোল্লিখিত কোর্ট ফী আইনের মন্তব্যের আদেশের প্রতি উপেক্ষা করা হয় অথবা তৎসম্বন্ধে ফাকি দেওয়া হয়; যে ব্যক্তিরা সার্টিফিকেট লন তাঁহারা ঐ মন্তব্যের নির্দ্দিষ্ট বর্ণনাপত্র দাখিল করেন না; দাখিল করাইবার নিমিত্ত আদালতের বল প্রয়োগ করিবার কোন উপযুক্ত উপায় নাই; এবং এইরূপে সামান্য টাকার জন্য সার্টিফিকেট লইয়া অনেক দেনা টাকা আদায় করা হয়।

"৪। উক্ত মন্তব্যের বিধান পালন প্রবল করণার্থ নানাপ্রকার প্রস্তাব হইয়াছে। কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেন্টের বোধ হয়, যে ব্যক্তি সার্টিফিকেট পান সার্টিফিকেট পাইবার পর সেই ব্যক্তির কোন কর্ত্তব্য কর্ম্ম করিতে হইবে, ফী আদায় করিবার যে কোন প্রণালীতে এইরূপ বিধান থাকে তৎসম্বন্ধে আপত্তি আছে।

"যে সকল লোকে সার্টিফিকেট লয়, তন্মধ্যে অধিকাংশ এত অলস বা অসাবধান বা নির্ব্বোধ যে ঐরূপ আইনের বিধান তাহাদের কর্তৃক পালিত হইবে এরূপ আশা করা বৃথা; এবং ইহার ফল এই হয় যে, বর্ত্তমান আইনের মত উক্ত আইন অকর্ম্মণ্য থাকিতে না দিলে সরকারী কার্য্যকারকদের এরূপ বহুসংখ্যক লোককে দণ্ড করিতে হইবে, যাহাদের মধ্যে অনেকে জানিয়া শুনিয়া অন্যায় করে নাই।

"৫। যে কর্ম্মচারিদের পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে তাঁহাদের মধ্যে কেহ কেহ আইনের বিধান না থাকিলেও যে প্রণালী অবলম্বন করিয়াছেন তাহাই ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সহজ বলিয়া বোধ হয়, অর্থাৎ যে দরখাস্তকারী সার্টিফিকেট প্রার্থনা করেন তিনি যেং ঋণের সম্বন্ধে সার্টিফিকেট চাহেন সেইং ঋণের এক তফসীল আপনার দরখাস্তের সহিত দাখিল করেন তাঁহার প্রতি এইরূপ আদেশ দেওয়া হয়, এবং এইরূপে ১৮৬০ সালের ২৭ আইন সংশোধন করা হয় যে ঐ তফসীলে যেং ঋণের কথা লেখা থাকে তৎসম্বন্ধেই কেবল ঐ সার্টিফিকেট সিদ্ধ হইবে; আর যদি তিনি পরে দেখেন যে অন্য ঋণের জন্য তাঁহার সার্টিফিকেটের প্রয়োজন আছে, তবে অতিরিক্ত মাশুল দিলে এবং (আদালত যদি আদেশ করেন) অতিরিক্ত প্রতিভূ দিলে সার্টিফিকেট বাড়াইয়া লইবার নিমিত্ত সার্টিফিকেট-প্রাপ্ত ব্যক্তিকে অনুমতি দেওয়া যাইবে।

"৬। কোর্ট ফী সংক্রান্ত আইনের পাণ্ডুলিপির ২০ নং কাগজপত্রে মুদ্রিত কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রারের ১৮৮০ সালের ১০ জানুয়ারির ৫৪ নং পত্রে কেবল এই বন্দোবস্ত সম্বন্ধে আপত্তি উত্থাপিত হইয়াছে। উক্ত কোর্টের আশঙ্কা এই যে তফসীল দাখিল করিবার সময়ে দরখাস্তকারী যে সকল প্রতারক দেনদারদের দেনার কথা জানিত না তাহারা ঐ তফসীলের অপব্যবহার করিতে পারে ও কোনরূপে বিঘ্ন ঘটিতে পারে।

"এক্ষণে এই বিষয়ে সন্দেহ নাই যে প্রতারক দেনদার এই কথা বলিবে এবং তাহাতে সার্টিফিকেটপ্রাপ্ত ব্যক্তির প্রথম তফসীলে ঐ ঋণের কথা না লিখিবার কারণ বুঝাইয়া দিতে হইবে। কিন্তু ইহাতে বিশেষ কষ্ট হইবে না, বরং

কিয়ৎপরিমাণ লাভ হইবে; কারণ সরকুলরের একটি উত্তরে যেরূপ লিখিত হইয়াছে, এইরূপ ঘটিবার ভয়ে সর্টিফিকেট পাইবার দরখাস্তকারীরা আপনং তফসীল প্রস্তুত করিবার সময়ে সাবধান হইবে।

"৭। প্রস্তাবিত প্রকারে আইন সংশোধন করিতে হইবে এই কথা স্বীকার করিয়া লইলে আর একটী প্রশ্ন উঠে অর্থাৎ সর্টিফিকেট পাইবার দরখাস্তকারী আপন দরখাস্তে কোন্ কোন্ ঋণের কথা লিখিতে বাধ্য হইবেন।

(ক) যে সকল ঋণের টাকা পাওনা আছে বলিয়া তিনি জানেন সর্টিফিকেট বিনাও যাহা আদায় হইতে পারিবে তৎসমেত এই সকল ঋণের টাকা তিনি কি লিখিতে বাধ্য হইবেন; অথবা

(খ) যে সকল ঋণের টাকা সর্টিফিকেট বিনা আদায় হইবে না বলিয়া তিনি বিশ্বাস করেন তাহাই কেবল ইচ্ছামতে লিখিবেন;

"বর্ত্তমান আইন যাঁহারা প্রণয়ন করেন প্রথমোক্ত প্রণালী তাঁহাদের মতের অধিকতর অনুযায়ী বলিয়া বিশ্বাস আছে; কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বোধ হয় যে দ্বিতীয় মূল্য নিরূপণ প্রণালী অবলম্বন করিয়া দরখাস্তকারী যেরূপ উচিত বোধ করেন সেইরূপ ঋণ সম্বন্ধে তাঁহাকে সর্টিফিকেট লইতে দিলেই চলিবে। মূল্য নিরূপণের অন্য প্রণালী অবলম্বন করিয়া নিঃসন্দেহ অধিকতর রাজস্ব পাওয়া যাইতে পারে; কিন্তু যে শ্রেণীর লোক সর্টিফিকেট লয় তাহাদিগের প্রতি দৃষ্টি রাখিলে আশঙ্কা হয় যে ঋণের সম্পূর্ণ ফর্দ্দ যে প্রণালীমতে দরখাস্তকারীর স্থানে চাহা যায় সেই প্রণালী সম্পূর্ণরূপে বলবৎ করিতে হইলে এরূপ কষ্টকর অনুসন্ধান প্রণালী অবলম্বন করা আবশ্যক হয়, যাহার নিমিত্ত উপযুক্ত বন্দোবস্তের উপায় নাই এবং প্রাপ্তব্য অতিরিক্ত রাজস্বের জন্য যে অনুসন্ধান লইতে লাভ বোধ হয় না।

"৮। এক্ষণে যে বিধি নির্দ্দেশ করিবার প্রস্তাব হইতেছে তাহাতে কষ্টকর অনুসন্ধান ভাবাপন্ন কিম্বা দণ্ডভাবাপন্ন কোন কার্য্যপ্রণালী না থাকিলেও এই দফায় কিয়ৎপরিমাণে রাজস্ব বৃদ্ধি হইবে যুক্তিসিদ্ধমতে এরূপ আশা করা যাইতে পারে; কারণ সর্টিফিকেটে যেং ঋণ নির্দ্দিষ্ট থাকে উহা কেবল তৎসম্বন্ধেই কার্য্যকর হইবে, স্পষ্টতঃ এরূপ নিয়ম থাকায় বিশেষ বন্ধু ভাবাপন্ন বা বিশ্বাসী ব্যক্তির স্থানে পাওনা ঋণ ছাড়া সমুদয় ঋণের কথা সর্টিফিকেটে লিখিবার আবশ্যকতা দরখাস্তকারী বুঝিবে এবং উহাতে যে ঋণের কথা লেখা না থাকে সেই ঋণ শোধ করিলে দেনদারদের যে ঝুকী থাকে তাহারাও বোধ হয় তাহা বুঝিবে।

"মূল্য নিরূপণের অন্যতর প্রণালী অবলম্বন করিলে যত অধিক রাজস্ব আদায় হইত, তত অধিক রাজস্ব আদায় হইবে না, এক্ষণেই বলা হইয়াছে; কিন্তু পূর্ব্বোক্ত যুক্তি অনুসারে গবর্ণমেণ্ট এইরূপ ফল গ্রহণ করিতে প্রস্তুত আছেন।

"৯। উপরিলিখিত উদ্দেশ্য সফল করণার্থ বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। ইহা আইন হইলে ফল এই হইবে যে ১৮৬০ সালের ২৭ আইনমতে যিনি সর্টিফিকেট পাইবার দরখাস্ত করেন তিনি যেং ঋণের টাকা সম্বন্ধে সর্টিফিকেট চাহেন আপন দরখাস্তে তাঁহার সেইং ঋণের টাকার উল্লেখ করিবার প্রয়োজন হইবে। তিনি যে কোন ঋণ ইচ্ছা করেন তন্মধ্যে ধরিতে পারিবেন। তিনি নির্ব্বাচন করিয়া যে সকল ঋণের কথা লিখেন কেবল তৎসম্বন্ধেই তাঁহার মাশুল দিতে হইবে, এবং ঐ সর্টিফিকেট কেবল ঐ সকল ঋণ সম্বন্ধেই কার্য্যকর হইবে। যদি তিনি পরে অন্য ঋণের কথা ঐ সর্টিফিকেটে লিখিতে চাহেন, তবে অতিরিক্ত মাসুল দিয়া ঐ সর্টিফিকেট বাড়াইয়া তৎপ্রতি বর্ত্তাইতে পারিবেন। কোর্ট ফী আইনের তফসীলের ১২ প্রকরণের মন্তব্য তাঁহার সম্বন্ধে খাটিবে না। এতদ্ভিন্ন ১৮৬০ সালের ২৭ আইনের এবং প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের যে সকল সংশোধন পাণ্ডুলিপিতে করা গিয়াছে, তৎসমুদয় গুরুতর নহে; আইনের সারগত উপরিলিখিত পরিবর্ত্তনহেতু যাহা আবশ্যক হইয়াছে কেবল তম্মাত্র।"

৩। স্থানীয় গবর্ণমেণ্ট সকল এবং হাই কোর্ট সকলের মধ্যে অধিকাংশের মত মেজর বেয়ারিং সাহেবের পাণ্ডুলিপির প্রধান প্রধান বিধানগুলির অনুকূল হইয়াছিল।

৪। কিন্তু অনেকগুলি কর্ত্তৃপক্ষ ও প্রামাণিক ব্যক্তি যথা উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যার গবর্ণমেণ্ট, উত্তর পশ্চিম প্রদেশের হাই কোর্ট, বঙ্গদেশের মান্যবর শ্রীযুত আডবোকেট জেনরল সাহেব, মান্দ্রাজের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব, পঞ্জাব প্রদেশের চীফ কোর্টের শ্রীযুত ট্রেমলেট সাহেব এবং এলাহাবাদের বারিষ্টার সম্প্রদায়ের মান্যবর শ্রীযুত কনলান সাহেব এই বলিয়া ১৮৬০ সালের ২৭ আইনের ২ ধারার শেষ চুয়াল্লিশটী শব্দ উঠাইয়া দিবার প্রস্তাব করিয়াছিলেন যে এ শব্দ গুলির অর্থ করা কঠিন, প্রকৃত পক্ষে ঐ শব্দ গুলির খামখেয়ালি রকম অর্থ করা হইয়া থাকে, মেজর বেয়ারিং সাহেবের পাণ্ডুলিপির অভিপ্রায়ের সহিত ঐ সকল শব্দের সঙ্গতি বা সামঞ্জস্য নাই এবং ঐ শব্দগুলি রাখিয়া দিলে রাজস্বহানি অবশ্যই ঘটিবে। এই প্রস্তাবানুসারে ঐ শব্দগুলি পাণ্ডুলিপির ৪ ধারা হইতে তুলিয়া দেওয়া হইয়াছে।

৫। মেজর বেয়ারিং সাহেবের পাণ্ডুলিপি অভিপ্রায় এই যে দরখাস্তকারী মৃত ব্যক্তির যেং দেনা ও সিকিউরিটি সার্টিফিকেটভুক্ত করা উপযুক্ত মনে করেন তাঁহাকে কেবল সেই দেনা ও সিকিউরিটি সার্টিফিকেটভুক্ত করিতে দেওয়া যাইবে। মেজর বেয়ারিং সাহেবের পাণ্ডুলিপির এই অভিপ্রায় বিবেচনা করিয়া আর একটী কথা বলা হইয়াছিল। সে কথাটি এই যে, এক সহস্র টাকার অনধিক মূল্যের দেনা ও সিকিউরিটি সম্বন্ধীয় সার্টিফিকেটে কোর্টফী না দিবার ব্যবস্থার সহিত ঐ অভিপ্রায়ের সঙ্গতি বা সামঞ্জস্য নাই। এই কথাটিও মান্য করা হইয়াছে এবং তদনুসারে ২০ ধারায় ও প্রথম তফসীলে আদালতের রসুম বিষয়ক আইন সংশোধন করিবার প্রস্তাব করা হইয়াছে।

৬। আর একটি প্রস্তাব এই করা হইয়াছিল যে যে সকল দেনা প্রথমত সার্টিফিকেট ভুক্ত করা হয় নাই এবং যে সকল দেনার সম্বন্ধে সার্টিফিকেট পরে বাড়াইয়া দিতে হইবে সেই সকল দেনা সম্বন্ধে কিছু বেশী ফী চার্জ করা কর্ত্তব্য। পাণ্ডুলিপির ২০ ধারায় এই প্রস্তাবটিও গ্রহণ করা হইয়াছে।

৭। পাণ্ডুলিপির অপর যে যে অংশ সম্বন্ধে কিছু বলা আবশ্যক তাহা নিম্নে দেওয়া গেল।

২ ধারা ।—প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন ও ১৮৮৩ সালের পাণ্ডুলিপি সম্বন্ধে পুনার ডিষ্ট্রিক্ট জজ শ্রীযুত কন্দো সাহেব যে কয়েক মন্তব্য লিপিবদ্ধ করিয়াছিলেন তাহা বিবেচনা করিয়া বোম্বাই কোডের ১৮২৭ সালের ৮নম্বর আইনটী রদ করার প্রস্তাব করা গেল। সিলেক্ট কমিটি যখন প্রস্তাবটি বিবেচনা করিয়া দেখিবেন তখন বোম্বাই গবর্ণমেণ্টের ও হাই কোর্টের মত অবশ্যই এই খুব প্রকাণ্ড হইবে।

৩ ধারা ।—বোম্বাই গবর্ণমেণ্টের ও মান্যবর শ্রীযুক্ত কমলান সাহেবের প্রস্তাব দৃষ্টে "সিকিউরিটি" শব্দের অর্থ নির্দ্দেশ করা হইয়াছে।

৯ ও ১৬ ধারা ।—সার্টিফিকেট বাতিল বা অন্য রকমে অসিদ্ধ হওয়া সত্ত্বেও যে সকল ব্যক্তি সরল অন্তঃকরণে সার্টিফিকেটধারীদিগের সহিত লেন দেন করেন তাঁহাদিগকে রক্ষা করিবার অভিপ্রায়ে এই দুইটী ধারা রচিত হইয়াছে।

১০ ধারা ।—উত্তর পশ্চিম প্রদেশের হাই কোর্টের মান্যবর জজ সাহেবেরা একমত হইয়া একটী প্রস্তাব করেন। সেই প্রস্তাব অনুসরণ করিয়া এই ধারাটি রচিত হইয়াছে।

১১ ধারা ।—এই ধারাটির এখন অতি অল্পই ব্যবহার করা হয়। অতএব এই ধারাটি রাখা যাইবে কিনা যে সিলেক্ট কমিটিতে এই পাণ্ডুলিপিখানি অর্পিত হইবে সেই কমিটি তাহা বিবেচনা করিয়া দেখিবেন।

১২ ধারা ।—সার্টিফিকেটকে সমস্ত বৃটিশ ভারতবর্ষে কার্য্যকর করিবার যে প্রস্তাব করা যাইতেছে তাহা মান্যবর শ্রীযুত কমলান সাহেবের পরামর্শানুসারে করা যাইতেছে। মান্যবর শ্রীযুত কমলান সাহেব দেখাইয়া দিয়াছেন যে ১৮৬০ সালের ২৭ আইনানুযায়ী সার্টিফিকেটের স্থানীয় কার্য্যকারিতা সীমাবদ্ধ হওয়ায় কখন কখন বিষম অসুবিধা ঘটিয়া থাকে।

১৩ ধারা ।—যে যে হুকুমের বিরুদ্ধে আপীল চলিবে তাহা নির্দ্দেশ করিবার এবং কোন আদালতের নিজের প্রদত্ত হুকুম পুনরালোচনা করিবার ক্ষমতা সম্বন্ধে সন্দেহ করিবার কারণ না থাকে এইরূপ বিধান করিবার প্রস্তাব এই ধারায় করা যাইতেছে।

২১ ধারা ।—গত দশ বৎসর যাবৎ উত্তরপশ্চিম প্রদেশে একটি রীতি অনুসরণ করা হইয়াছে। এই ধারায় সেই রীতিটি অনুসরণ করিবার ব্যবস্থা করা গেল।

২৩ ধারা ।—প্রথম প্রকরণের গোড়ার ভাগটুকু মান্যবর জজ ফীল্ড্ সাহেব প্রস্তাব করেন।

২৫ ধারা ।—প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ১৫০ ধারায় যে ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানের প্রতি লক্ষ্য আছে এই ধারা তাহার কার্য্যকারিতা বাড়াইয়া দিবে।

৮। এই পাণ্ডুলিপিখানির ৪ ধারার সম্ভবমত যে ফলাফল হইতে পারে তৎপ্রতি দৃষ্টি রাখিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এইরূপ ইচ্ছা করেন যে, যে স্থানে বোম্বাইয়ের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৬৯ সালের আইনের ১৬ ধারার ন্যায় কিম্বা অযোধ্যার দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭৯ সালের আইনের ২৫ও ২৬ ধারার ন্যায় কিম্বা পঞ্জাবের আদালত বিষয়ক ১৮৮৪ সালের আইনের ২৯ ধারার ন্যায় কিম্বা বঙ্গদেশের, উত্তরপশ্চিম প্রদেশের ও আসামের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৮৭ সালের আইনের ২৩ ও ২৪ ধারার ন্যায় কোন আইন প্রচলিত আছে, সেই স্থানে স্থানীয় গবর্ণমেণ্ট সকল ও হাই কোর্ট সকল এবং যে সকল কর্ম্মচারীর মত তাঁহারা জিজ্ঞাসা করিবেন সেই সকল কর্ম্মচারী ৪ ধারার বিধান যথেষ্ট হইয়াছে কি না তাহা বিবেচনা করিয়া দেখেন এবং যে স্থানে ওরূপ কোন আইন প্রচলিত নাই তথায় তাঁহারা বিবেচনা করিয়া দেখেন যে এরূপ একটি আইন আবশ্যক অথবা নিতান্ত পক্ষে সুবিধাজনক হইবে কি না।

জে, ওয়েষ্টলাণ্ড,

এস্, হার্বি, জেম্‌স্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮ ই আগষ্ট. ১৮৮৮ সাল।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৮ সাল, ২ অক্টোবর।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

রাজস্ব বিষয়ক সরকুলার।

১৮৮৮ সাল, আগষ্ট মাস।

শ্রীযুত রেনলডস সাহেব।

৫ নম্বর।

১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ১৩৫ পৃষ্ঠায় ৭ অধ্যায়ের ৯ পরিচ্ছেদের ৪ ধারার পরিবর্ত্তে নিম্ন-লিখিত ধারাটী সন্নিবেশ করিতে হইবে:—

"রাজস্ব আদালতে যে কোন কাগজপত্র দাখিল করা হয় তাহার অপ্রমাণিত নকল সকল স্থলে মোকদ্দমার কোন পক্ষকে বা তাহাদের এজেণ্টগণকে ১৮৮৮ সালের রিকার্ড বিষয়ক বিধি-পুস্তকের ৮ পরিচ্ছেদের বিধি বিধানানুসারে দিতে হইবে।

৬ নম্বর।

স্যালারিজ কমিশ্যনের রিপোর্টের ১৬৯ পারাগ্রাফে রাজস্ব সংক্রান্ত দরখাস্ত গ্রহণের প্রণালী সম্বন্ধে যে সকল পরামর্শ আছে তদনুসারে ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ১৩৫ পৃষ্ঠায় ৭ অধ্যায়ের ৯ পরিচ্ছেদের ১ ধারার পরিবর্ত্তে গবর্ণমেণ্টের প্রচারিত নিম্নলিখিত বিধিগুলি সন্নিবেশ করিতে হইবে:—

১। রাজস্ব সংক্রান্ত দরখাস্ত তৎপক্ষে যে সময় নির্দ্দিষ্ট হয় সেই সময়ে প্রত্যহ প্রকাশ্য আদালতে গ্রহণ করিতে হইবে।

But if at any time before the expiry of the period for which the ferry has been leased to me, I be removed therefrom for any breach of the terms and conditions of the lease, or for any wilful breach of any of the rules under section 15 of the Act, I shall be liable to pay rent up to and including the instalment due next after my removal.

8. If the rates of toll are reduced during the currency of my lease, or the exemptions from the payment of it are extended, this agreement is to be modified accordingly. I shall be given a fair opportunity of satisfying the Magistrate as to the effect of the change, and if the terms proposed by him thereafter are not such as I can reasonably accept, I will, according to the law, immediately carry into effect the order reducing the rates of toll, or extending the exemption from payment of it, but will at the same time state the amount of rent I may be willing to pay under the altered circumstances of the case. Should my offer appear to the Magistrate to be inadequate, it shall be competent to him to remove me and place another person in charge of the ferry, and for such time as I remain in charge of the ferry, after the issue of the order reducing the rates of tolls, or extending the exemption from payment of it, I shall pay rent in proportion to the amount of the reduction.

9. If I make default in the payment of the rent for the ferry, or of any penalty which may be lawfully imposed, or if I do not observe and perform the covenants herein contained, it shall be lawful for the Magistrate to remove me from the charge of the ferry, and to settle the same with some other person or hold it khas. After such removal I shall not be entitled to any part of the proceeds of the ferry, or to levy any toll therefor. And if the rent on re-letting the ferry fall short of the amount at which it was leased to me, and the Government or District Board or Municipality thereby incur loss, I shall be held responsible for such difference or loss, the amount of which may be deducted from my deposit. If the deposit does not cover the loss incurred, the rent due from me, and the amount of tolls refunded by the Magistrate under Rule 21 of the rules under section 15 of the Act, the total amount which is deficient shall be recoverable in the manner set forth in section 12 of the Act.

It shall be lawful for the Magistrate or the District Board (as the case may be) to deduct the amount of rent which I may default to pay, from my security deposit, and to direct me to recoup the same within a given time, and on my failure to do so to remove me from the charge of the ferry.

10. I will not assign, sublet or part with the possession of the ferry without the previous consent in writing of the Magistrate.

11. I shall not claim any compensation on account of roads being closed for repairs, or on account of inundations or the breaking down of bridges or deficiency of water in the river on which the ferry is situated.

NOTIFICATION.

The 25*th October* 1888.—The following rules, framed by the Commissioner of the Burdwan Division, under section 22 of the Bengal Ferries Act I (B.C.) of 1885, have been accepted by the Lieutenant-Governor, and are published for general information.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

(ঙ) জিলার পথকার্য্য বিভাগের এক্‌সেকিউটিব কর্ম্মচারী রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।
(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।
(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃত দেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

৬।—যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায়, অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, আমি তাহাদের নিকট মাসুল লইব না বা দাওয়া করিব না।

৭।—আমি এতদ্দ্বারা নিম্নলিখিত কিস্তিমতে খাজানা দিবার নিয়ম করিতেছি।—

	টাকা	আনা	পাই	তারিখ।
প্রথম ...	...	...		
দ্বিতীয় ...	...	...		
তৃতীয় ...	...	...		
চতুর্থ ...	...	...		

কিন্তু যে কালের জন্যে আমাকে খেয়াঘাট ইজারা দেওয়া হইয়াছে তাহা অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে এই ইজারার কোন নিয়ম ও সর্ত্ত লঙ্ঘন নিমিত্তে অথবা আইনের ১৫ ধারামত বিধির মধ্যে কোন বিধি ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন নিমিত্তে যদি আমাকে খেয়ার কার্য্যহইতে অপসারিত করা হয় তাহা হইলে আমাকে অপসারিত করিবার ঠিক পরেই যে কিস্তি দেয় হয় তাহা পর্য্যন্ত ও তাহা সুদ্ধ খাজানা দিতে আমি দায়ী থাকিব।

৮।—আমার ইজারা চলিবার মধ্যে যদি মাসুলের হার কমান হয় অথবা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়ান যায়, তবে এই চুক্তিপত্র তদনুসারে পরিবর্ত্তিত হইবে। ঐ পরিবর্ত্তনের ফল কি হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইবার জন্যে আমাকে ন্যায্যমতে সুযোগ করিয়া দিতে হইবে, এবং যদি তাহার পর তাঁহার প্রস্তাবিত সর্ত্ত এরূপ হয় যে আমি তাহাতে যুক্তি-সঙ্গতরূপে সম্মত হইতে না পারি তাহা হইলে, আইনানুসারে আমি মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা অবিলম্বে ফলবৎ করিব, কিন্তু সেই সময়েই উক্ত পরিবর্ত্তন হেতুক যত টাকা খাজানা দিতে ইচ্ছা করি তাহাও বলিব। মাজিষ্ট্রেট সাহেব আমার প্রস্তাব উপযুক্ত নহে বিবেচনা করিলে আমাকে অপসারিত করিয়া অন্য ব্যক্তিকে খেয়াঘাটের কার্য্যভার অর্পণ করিতে পারিবেন, এবং মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা বাহির হইবার পর যত কাল আমি খেয়াঘাটের ভারপ্রাপ্ত থাকি তত কালের জন্যে আমি কেবল আমার প্রস্তাবিত হারেই খাজানা দিব।

৯।—যদি আমি খেয়াঘাটের খাজানা অথবা আইনমতে নির্দ্ধারিত কোন অর্থদণ্ড দিতে ত্রুটি করি অথবা এই চুক্তিপত্রের লিখিত কোন নিয়ম পালন ও তদনুসারে কার্য্য না করি তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আমাকে খেয়াঘাটের কার্য্যভার হইতে অপসারিত করিয়া অন্য কোন ব্যক্তির সহিত উহার বন্দোবস্ত করিতে অথবা খাসে রাখিতে পারিবেন। ঐরূপে অপসারিত হইলে পর আমি খেয়াঘাটের আয়ের কোন অংশ পাইবার অথবা খেয়াঘাটের জন্যে কোন মাসুল আদায় করিবার স্বত্ববান হইব না। এবং যদি খেয়াঘাট যে খাজানায় পুনর্ব্বার ইজারা দেওয়া যায় তাহা আমাকে যত টাকায় ইজারা দেওয়া হইয়াছিল তদপেক্ষা কম হয় ও তাহাতে গবর্ণমেন্টের বা জিলা বোর্ডের বা মুনিসিপালিটির ক্ষতি হয় তবে ঐ বৈলক্ষণ্য বা ক্ষতির জন্য আমি দায়ী হইব ও যত টাকা বৈলক্ষণ্য বা ক্ষতি হয় তাহা আমার আমানতী টাকা হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে। যত টাকা ক্ষতি হইল আমার নিকট প্রাপ্য খাজানা ও আইনের ১৫ ধারানুযায়ী বিধির ২১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা মাসুল ফেরত দিলেন তৎসমুদয় যদি আমানতী টাকায় না কুলায় তাহা হইলে কমতী টাকা আইনের ১২ ধারার লিখিত প্রকারে আদায় করা যাইতে পারিবে।

আমি খাজানার যে টাকা দিতে ত্রুটি করি স্থল বিশেষে মাজিষ্ট্রেট সাহেব বা জিলাবোর্ড আমার জামিন স্বরূপ আমানতী টাকা হইতে তাহা কাটিয়া লইতে পারিবেন এবং নির্দ্দিষ্ট কালের মধ্যে ঐ টাকা পূরণ করিয়া দিবার আদেশ করিতে পারিবেন ও আমি ঐ টাকা পূরণ না করিলে খেয়াঘাটের কার্য্যভার হইতে আমাকে অপসৃত করিতে পারিবেন।

১০।—আমি মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি অগ্রে না লইয়া খেয়াঘাট কাহারো জিম্মা করিয়া দিব না অথবা উহার দরইজারা দিব না বা উহার দখল ছাড়িব না।

১১।—মেরামতের জন্যে রাস্তা বন্ধ হইয়াছে বা বন্যা হইয়াছে বা সেতু ভাঙ্গিয়া গিয়াছে বা যে নদীতে খেয়াঘাট আছে তাহার জল কমিয়া গিয়াছে বলিয়া আমি ক্ষতিপূরণের দাবী করিব না।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৫ অক্টোবর।—বর্দ্ধমান খণ্ডের কমিশনর সাহেবের কর্ত্তৃক বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ২২ ধারামত প্রণীত নিম্নলিখিত বিধি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদিত হওয়ায় তাহা সাধারণের অবগতি নিমিত্তে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

RULES UNDER SECTION 22, ACT I (B.C.) OF 1885, BURDWAN DIVISION.

Rule 1.—All private ferries shall be registered in the office of the Magistrate of the district in which they are situated, and particulars under the following heads shall be entered in the application for registration:—

(*a*). Name of the ferry and names of the villages and thannah in which, and the river across which, it is situated.

(*b*). The number and description of the boats to be maintained, and the strength of the crew to be employed on each.

(*c*). The rates of tolls to be levied.

(*d*). The maximum number of passengers, animals, vehicles and bulk or weight of goods to be carried by each boat.

(*e*). The periods or season during which the ferry is to be plied every year.

Rule 2.—Before a private ferry is registered, the Magistrate shall satisfy himself that the statements contained in the application are correct.

Rule 3.—If the proprietor of any private ferry shall not apply, as required by rule 1, for its registration within three months from the publication of these rules, the Magistrate of the district may serve upon him a written notice requiring him to furnish the particulars stated in Rule 1 within a stated period of not less than one month; and any proprietor on whom such a notice has been served in respect of any ferry shall not maintain the same, or allow it to be maintained, after the expiry of the period fixed in such notice, unless the particulars required by Rule 1 shall have been furnished to the Magistrate as ordered.

Rule 4.—The proprietor of every private ferry shall be bound to adhere to the terms of his application, or of any statement furnished by him under Rule 3, and shall not reduce the number of boats or crews to be maintained by him, or allow any of his boats to carry an excess number of passengers, animals, vehicles or weight or bulk of goods.

Rule 5.—The proprietor shall mark legibly in oilpaint on each boat the number of passengers, animals, and vehicles, and the bulk and weight of other things it is authorized to carry at a single trip.

Rule 6.—A board showing the rates of tolls legibly painted in oil, shall be permanently exhibited at each landing place.

Rule 7.—The ferry shall ordinarily ply between sunrise and sunset, but the proprietor may ply the boats after sunset, provided each boat carries a light, which must be placed in a conspicuous part of the boat.

Rule 8.—The ferry shall not ply when the current, wind, or state of the weather is such as to render the crossing unsafe, or to endanger the lives of the passengers.

Rule 9.—The Magistrate may direct that any boat used in any private ferry may be examined by such officer as he may depute, and may prohibit the use of such boat if he is satisfied that it is of such a kind, or in such a condition, that its use is dangerous to life or property.

Rule 10.—The owner of every private ferry shall report without delay, at the police station within whose jurisdiction the ferry is situated, the occurrence of any accident at the ferry resulting in serious injury or in loss of life.

Rule 11.—The Magistrate may require the owner of any private ferry to state the name of any person to whom such ferry may be leased, or who may be placed in charge of such ferry.

Rule 12.—The person in charge of a private ferry, and all persons employed in working a private ferry-boat, shall be responsible that such boat shall not be overladen; and every person having been directed not to enter a fully laden boat, or not to load animals and goods in it, shall be bound to obey such direction.

বৰ্দ্ধমান খণ্ডের নিমিত্ত ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ২২ ধারামত বিধি।

১ ধারা।—যে সরকারী খেয়াঘাট যে জিলায় থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের আপিসে তাহা রেজিষ্টরী করিতে হইবে এবং রেজিষ্টরী হইবার দরখাস্তে নিম্নলিখিত দফানুযায়ী বিশেষ কথাগুলি লিখিত হইবে।

(ক) খেয়াঘাটের নাম ও যে যে গ্রাম ও থানায় ও যে নদীর উপর ঐ খেয়াঘাট থাকে।

(খ) যত খান ও যে প্রকারের নৌকা রাখিতে হইবে ও প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি থাকিবে।

(গ) যে হারে পারাণি পয়সা লওয়া যাইবে।

(ঘ) প্রতি নৌকায় অত্যুচ্চ যে সংখ্যক আরোহী, জন্তু ও যান ও যে আয়তনের বা ওজনের মাল লইয়া যাইতে হইবে।

(ঙ) প্রতি বৎসর যে যে নির্দ্দিষ্ট কালে বা ঋতুতে খেয়া চালাইতে হইবে।

২ ধারা।—কোন বেসরকারী খেয়াঘাট রেজিষ্টরী করিবার পূর্ব্বে দরখাস্তের লিখিত কথা যে সত্য মাজিষ্ট্রেট সাহেব আপন হৃদ্বোধ মতে ইহা জানিয়া লইবেন।

৩ ধারা।—যদি কোন বেসরকারী খেয়াঘাটের মালিক এই সকল বিধি প্রকাশিত হইবার তিন মাসের মধ্যে ১ ধারার আদেশমতে ঐ খেয়াঘাট রেজিষ্টরী হইবার জন্য দরখাস্ত না করেন, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেব তাঁহার প্রতি এক মাসের অন্যূন কোন নির্দ্দিষ্ট কালের মধ্যে ১ ধারার লিখিত বিশেষ কথাগুলি জানাইবার আদেশ করিয়া একখানি লিখিত নোটিস জারী করিতে পারিবেন। এবং কোন খেয়াঘাট সম্বন্ধে যে মালিকের উপর ঐরূপ নোটিস জারী করা হইয়াছে, তিনি উক্ত নোটিসের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর ঐ খেয়াঘাট রাখিবেন না বা রাখিতে দিবেন না। কিন্তু ১ ধারামতে আবশ্যক বিশেষ কথা আদেশানুসারে মাজিষ্ট্রেট সাহেবকে জানান হইয়া থাকিলে ঐরূপ করিতে হইবে না।

৪ ধারা।—প্রত্যেক বেসরকারী খেয়াঘাটের মালিক আপন দরখাস্তের অথবা ৩ধারামতে যে বর্ণনা-পত্র দেন তাহার লিখিত সর্ত্ত অনুযায়ী কার্য্য করিতে বাধ্য হইবেন এবং তাঁহাকে যত খানি নৌকা বা যত জন দাঁড়ি মাঝি রাখিতে হইবে তাহা কমাইবেন না বা তাঁহার কোন নৌকায় নিয়মাতিরিক্ত আরোহী, জন্তু ও যান বা নিয়মাতিরিক্ত আয়তনের বা ওজনের মাল লইয়া যাইতে দিবেন না।

৫ ধারা।—মালিক প্রত্যেক নৌকায় যত আরোহী, জন্তু ও যান ও যে আয়তন ও ওজনের অন্য দ্রব্য এক২ বারে লইয়া যাইবার অনুমতি থাকে তাহা ঐ নৌকায় রং দিয়া স্পষ্ট রূপে চিহ্ন করিয়া দিবেন।

৬। নামিবার প্রত্যেক স্থানে মাশুলের হার বোর্ডে রং দিয়া স্পষ্টরূপে লিখিয়া স্থায়ীরূপে রাখিতে হইবে।

৭ ধারা।—খেয়া সাধারণতঃ সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে চলিবে, কিন্তু মালিক সূর্য্যাস্তের পর কোন সময়েও নৌকা চালাইতে পারিবেন, পরন্তু তাহা হইলে ঐরূপ প্রত্যেক যে নৌকা চালান যায় তাহার কোন সুপ্রকাশ স্থানে একটি আলোক রাখিয়া দেখাইতে হইবে।

৮ ধারা।—স্রোত, বায়ু বা আকাশের অবস্থা বিবেচনায় যখন পার করায় বিঘ্ন ও আরোহিদের প্রাণের আশঙ্কা আছে দেখা যায় তখন খেয়ার নৌকা যাতায়াত করিবে না।

৯ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব এরূপ আদেশ করিতে পারিবেন যে, কোন বেসরকারী খেয়াঘাটে যে নৌকার ব্যবহার হয় তাহা তাঁহার প্রেরিত কোন কর্ম্মচারী কর্ত্তৃক পরীক্ষিত হইতে পারিবে এবং ঐ নৌকা যে প্রকারের ও যে অবস্থায় আছে তাহাতে উহার ব্যবহার জীবন ও সম্পত্তির আশঙ্কাজনক তিনি ইহা হৃদ্বোধমতে বুঝিলে উহার ব্যবহার নিষেধ করিতে পারিবেন।

১০ ধারা। বেসরকারী খেয়ায় কোন আকস্মিক ঘটনা বশতঃ গুরুতর ক্ষতি বা প্রাণ নষ্ট হইলে যে পোলীস ষ্টেশনের এলাকার মধ্যে ঐ খেয়াঘাট আছে সেই পোলীস ষ্টেশনে ঐ প্রত্যেক খেয়াঘাটের মালিক অবিলম্বে তাহার রিপোর্ট করিবেন।

১১ ধারা।—যে ব্যক্তিকে কোন বেসরকারী খেয়াঘাটের ইজারা দেওয়া যাইতে পারিবে বা যাহার জিম্মায় ঐ খেয়াঘাট রাখা যাইতে পারিবে তাহার নাম জানাইবার জন্য মাজিষ্ট্রেট সাহেব ঐ রূপ কোন খেয়াঘাটের মালিকের প্রতি আদেশ করিতে পারিবেন।

১২। বেসরকারী খেয়াঘাটের ভারপ্রাপ্ত ব্যক্তি এবং বেসরকারী খেয়া নৌকার কার্য্যে নিযুক্ত সকল ব্যক্তি ঐ নৌকায় যাহাতে অতিরিক্ত বোঝাই না হয় তজ্জন্য দায়ী থাকিবেন, এবং যে ব্যক্তিকে কোন পুরা বোঝাই নৌকায় উঠিতে বা তাহাতে যন্ত ও মাল উঠাইতে নিষেধ করা যায় তিনি ঐ নিষেধ মানিতে বাধ্য থাকিবেন।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৮ সাল ১৩ নবেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক ১৮৮৮ সালের ৫ই সেপ্টেম্বর তারিখে অনুমোদিত হওয়ায় সর্ব্বসাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা গেল।

১৮৮৮ সালের ৮ আইন।

কোন কোন টোল আদায় করা আইনসঙ্গত কি না সেই বিষয় সম্বন্ধীয় সন্দেহ দূর করণার্থ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত (সরকারী রাস্তা ও সাঁকোর উপর মাসুল বসাইতে গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওনের) ১৮৫১ সালের ৮ আইন এবং (১৮৫১ সালের ৮ আইন সংশোধন করণার্থ) ১৮৬৪ সালের ১৫ আইনের কার্য্য সম্বন্ধে সন্দেহ প্রকাশ করা হইয়াছে। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল :—

পঞ্জাবে ১৮৫১ সালের ৮ আইন ও ১৮৬৪ সালের ১৫ আইন প্রবল করিবার কথা।

১ ধারা। ১৮৫১ সালের ৮ আইন এবং ১৮৬৪ সালের ১৫ আইন সম্বন্ধে এই রূপ বিবেচনা করা যাইবে যে পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক যে সকল প্রদেশ শাসিত হয় সেই সকল প্রদেশের ঐ দুইটী আইন প্রবল আছে এবং যথাক্রমে ১৮৫৭ সালের আগষ্ট মাসের একবিংশ দিবস হইতে ও ১৮৬৪ সালের মার্চ মাসের চতুর্বিংশ দিবস হইতে ঐ দুইটী আইন পঞ্জাবের অংশ স্বরূপ উপস্থিত সময়ে শাসিত প্রদেশে প্রবল ছিল।

পঞ্জাবে ও বৃটিশ ভারতবর্ষের অপর কোন কোন অংশে আইনটী কার্য্যকর হইবার কথা।

২ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত ফোর্ট সেণ্ট জর্জের শ্রীযুত গবর্ণর সাহেব এবং বঙ্গদেশ ও উত্তর পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্টেনাণ্ট গবর্ণর সাহেবদ্বয় যে সকল প্রদেশ শাসন করেন তাহার সীমার বাহিরে বৃটিশ ভারতবর্ষের যে কোন অংশে ১৮৬৪ সালের ১৫ আইন অনুসারে অথবা এই আইনক্রমে অথবা অন্য কোন আইনক্রমে বা অনুসারে ১৮৫১ সালের ৮ আইন এবং ১৮৬৪ সালের ১৫ আইন খাটান হয় বা খাটান হইয়া থাকে কিম্বা প্রবল আছে বলিয়া ব্যক্ত করা হয় বা ব্যক্ত করা হইয়াছে তথাকার স্থানীয় গবর্ণমেণ্ট সম্বন্ধে এইরূপ বিবেচনা করা যাইবে যে, ১৮৫১ সালের ৮ আইনের ২ ধারায় যে সকল স্থানীয় গবর্ণমেণ্টের উল্লেখ আছে উহা তাহার মধ্যে একটী হইলে তথায় উহার যে ক্ষমতা থাকিত তথায় উহার সেই ক্ষমতা আছে, এবং এই আইনটী পাস হওয়ার পূর্ব্বে ঐ দুইটী আইন প্রবল থাকার স্থলে, তথায় উহার সেই ক্ষমতা ছিল।

Act No. VIII of 1888.—The Tolls Validation Act, 1888.

(২) ১৮৫১ সালের ৮ আইনের ৮ ধারায় যে স্থলে "প্রেসিডেন্সি" শব্দটী আছে সেই স্থলে ঐ শব্দে কোন স্থানীয় গবর্ণমেণ্টের শাসনাধীন প্রদেশ বুঝায় ও বুঝাইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

৩ ধারা। পূর্ব্বে যে টোল আদায় করা হইয়াছে তাহা সিদ্ধ হইবার কথা। এই আইনটী পাস হইবার পূর্ব্বে ১৮৫১ সালের ৮ আইন ও ১৮৬৪ সালের ১৫ আইন অনুসারে কিম্বা ঐ দুই আইনের মধ্যে কোন আইন অনুসারে যে সকল টোল আদায় করা হইয়াছে বা আদায় করা হইয়াছে বলিয়া বুঝা যায় তাহা আইন সঙ্গতরূপে আদায় করা হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

৪ ধারা। বাঁচাইবার কথা। ১৮৮৮ সালের জুলাই মাসের প্রথম দিবসের পূর্ব্বে কোন দেওয়ানী আদালতে যে কোন কার্য্য আরম্ভ করা হইয়াছে উপরোক্ত ধারাগুলির বিধানক্রমে তাহার কোন হানি হইবে না।

৫ ধারা। ১৮৫১ সালের ৮ আইনের ২ ধারা সংশোধন করিবার কথা। ১৮৫১ সালের ৮ আইনের ২ ধারায় "এবং বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেব হুজুর কৌন্সেলে" এই শব্দগুলি রদ করা গেল।

এস, হার্বি জেমস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮৮ সালের ১২ই অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা গেল।

১৮৮৮ সালের ১২ আইন।

বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইনের ও কলিকাতার মুনিসিপাল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৯ সালের আইনের কোন কোন বিধানের পরিপূরণ করণার্থে আইন।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় আইন করিয়া বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইনের ও কলিকাতার মুনিসিপাল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৯ সালের আইনের কোন কোন বিধানের পরিপূরণ করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল :—

১ ধারা। বেঞ্চ, মাজিষ্ট্রেট ও ছোট আদালত সম্বন্ধে বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইন ও কলিকাতার মুনিসিপাল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৯ সালের আইন দৃঢ় করিবার কথা। (ক) বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইন ও কলিকাতার মুনিসিপাল আইন সংগ্রহ করণ বিষয়ক ১৮৮৯ সালের আইন দ্বারা মুনিসিপাল আপীল বেঞ্চকে এবং প্রেসিডেন্সি ও অপর মাজিষ্ট্রেটকে এবং ছোট আদালতকে বা ঐ রূপ আদালতের কোন জজকে যে বিচারাধিকার প্রদান করা হইয়াছে সেই বিচারাধিকার সম্বন্ধে, এবং

(খ) ঐ সকল বেঞ্চের, মাজিষ্ট্রেটের ও আদালতের বা সেরূপ কোন জজের নিষ্পত্তি, হুকুম এবং অপর কার্য্য সম্বন্ধে—

ঐ দুইটী আইন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আইন ও ব্যবস্থা করণার্থে একটী সভা করিয়া পাস করিলে যেরূপ সিদ্ধ হইত সেইরূপ সিদ্ধ হইবে।

২ ধারা। বোম্বাইয়ের ছোট আদালতের প্রধান জজ কর্ত্তৃক বোম্বাই হাইকোর্টে প্রশ্ন অর্পিত হইবার কথা। (১) বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইনের ২১৭ ধারানুযায়ী কোন আপীল শুনিবার পূর্ব্বে বা শুনিবার সময় যদি আইন বা আইনের ন্যায় প্রবল রীতি বা কোন দলিলের যে অর্থকরণে মোকদ্দমার গুণাগুণের ব্যতিক্রম ঘটিতে পারে সেই অর্থকরণ সম্বন্ধীয় এমন কোন প্রশ্ন উত্থিত হয় যাহার সম্বন্ধে বোম্বাইয়ের ছোট আদালতের প্রধান জজের মনে সঙ্গত রকম সন্দেহ উপস্থিত হয় তাহা হইলে প্রধান জজ আপন ইচ্ছায় কিম্বা দুই পক্ষের মধ্যে এক পক্ষের বা যে কোন পক্ষের দরখাস্ত মতে মোকদ্দমার বিবরণ ও যে বিষয়ে সন্দেহ উপস্থিত হয় সেই বিষয় লিখিয়া একখানি বর্ণনাপত্র প্রস্তুত করিবেন এবং সেই বিষয় সম্বন্ধে নিজের মত লিখিয়া বর্ণনাপত্রখানি বোম্বাইয়ের হাই কোর্টে নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করিবেন।

(২) যে স্থলে (১) প্রকরণানুসারে হাই কোর্টে প্রশ্নার্পণ করা হয় সে স্থলে দেওয়ানী মোকদ্দমার কার্য্য-প্রণালী বিষয়ক আইনের ৬১৮ ধারা হইতে ৬২১ ধারা পর্য্যন্ত ধারাগুলি যতদূর খাটান যাইতে

Act No. XII of 1888.—The Bombay and Calcutta Municipal Acts Supplementary Act, 1888.

পারে ততদূর ক্রমান্বয়ে ছোট আদালতের প্রধান জজ সম্বন্ধে এবং হাই কোর্ট সম্বন্ধে খাটিবে।

৩ ধারা। (১) বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইনের ৫০৩ ধারা বা ৫০৪ ধারা অনুসারে বোম্বাইয়ের ছোট আদালতের প্রধান জজ যে নিষ্পত্তি করেন সে নিষ্পত্তি দুই সহস্র টাকার অধিক টাকার দাবি সম্বন্ধে করা গেলে বোম্বাই হাই কোর্টে উহার বিরুদ্ধে আপীল চলিবে।

বোম্বাইয়ের ছোট আদালতের প্রধান জজের কোন কোন হুকুমের বিরুদ্ধে বোম্বাই হাই কোর্টে আপীল করিবার কথা।

(২) প্রথম ডিক্রীর বিরুদ্ধে আপীল সম্বন্ধীয় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানগুলি যতদূর খাটান যাইতে পারে (১) প্রকরণানুযায়ী আপীল সবন্ধে ততদূর খাটিবে। এবং সেই আপীলে হাই কোর্ট কর্ত্তৃক যে হুকুম দেওয়া হয়, ছোট আদালতের প্রধান জজের নিকট দরখাস্ত করা গেলে তাহা তাঁহাদ্বারা তাঁহার নিজের কৃত ডিক্রী স্বরূপ জারী করা যাইতে পারিবে।

(৩) বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইনের ৫০৩ ধারা কি ৫০৪ ধারানুসারে বোম্বাইয়ের ছোট আদালতের প্রধান জজ যে নিষ্পত্তি করেন (১) প্রকরণানুসারে তদ্বিরুদ্ধে আপীল না চলিলে তাহা চূড়ান্ত হইবে।

৪ ধারা। (১) বোম্বাই নগরের মুনিসিপালিটি বিষয়ক ১৮৮৮ সালের আইনের ৫১৫ ধারানুসারে কোন প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট যে হুকুম দেন বোম্বাই হাইকোর্টে তাহার আপীল চলিবে।

বোম্বাইয়ের প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট দিগের হুকুমের বিরুদ্ধে বোম্বাই হাইকোর্টে আপীল চলিবার কথা।

(২) ১ প্রকরণানুসারে আপীল গ্রহণের ও সেই আপীলের বিচারকার্য্যে যে কার্য্য প্রণালী অনুসরণ করিতে হইবে তাহার ব্যবস্থা করণার্থ হাই কোর্ট সময়ে সময়ে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(৩) এই ধারানুসারে হাই কোর্টে আপীল করা গেলে আপীল নিষ্পত্তি না হওয়া পর্য্যন্ত বোম্বাই নগরের মুনিসিপাল কমিশনর প্রেসিডেন্সি মাজিষ্ট্রেটের হুকুম মতে কার্য্য করিতে বিরত থাকিবেন।

(৪) কিন্তু আপীলের নিষ্পত্তি করা হইলে হাই কোর্ট তাহাতে যে হুকুম দেন তিনি তৎক্ষণাৎ তদনুসারে অথবা হাইকোর্ট যদি প্রেসিডেন্সি মাজিষ্ট্রেটের হুকুম অক্ষুণ্ন রাখিয়া থাকেন, তবে তাঁহার হুকুমানুসারে কার্য্য করিবেন।

(৫) এই ধারানুযায়ী আপীলের খরচা কে দিবে এবং সে সমস্ত খরচা দিবে কি কোন অংশ বা অনুপাত অনুসারে খরচা দিবে এবং সে অংশ বা অনুপাত কত আপীল নিষ্পত্তি করিবার সময় হাই কোর্টে তৎসম্বন্ধে আদেশ দিতে পারিবেন।

(৬) যে খরচা দিবার আদেশ এই প্রকারে করা হয়, কোন প্রেসিডেন্সি মাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করা গেলে, তাহা, হাই কোর্টের আদেশানুসারে তাঁহা দ্বারা তাঁহার নিজের কৃত জরিমানার স্বরূপ আদায় করা যাইতে পারিবে।

৫ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারা দুইটীর মধ্যে কোন ধারানুসারে বোম্বাই হাইকোর্টে যে আপীল করা যায় তাহা ভারতবর্ষের মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৫৬ নম্বরের প্রয়োজনার্থ ঐ তফসীলের ১৫১ নম্বরে ও ১৫৩ নম্বরে যে মোকদ্দমার বিধান করা হয় নাই সেই মোকদ্দমায় দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনানুযায়ী একটা আপীল বলিয়া গণ্য হইবে।

ঠিক পূর্ব্ববর্ত্তী ধারা দুইটী অনুসারে বোম্বাই হাইকোর্টে আপীল করিবার মিয়াদের কথা।

এস, হার্বি, জেমস,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 13, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ১৩ নবেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা খুলনা।

জমীদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে খুলনা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২১ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫,৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সমুদায় মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৯	কিং খলিসখালি পং ঐ।	৮৯৭ ৸০	সম্পূর্ণ মহাল	......	কৈলাস কামিনী দেবী দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১০৬৷৶৭	......
৭২	কিং দাতিয়া পরগনে ঐ।	৪৭৩২২৷/৬৷	ঐ	.....	সুরেন্দ্রনাথ পাল চৌধুরি দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ৩২৻৯৷৷	... .
১১১	কিং বাজিদপুর পং ঐ।	২১২১৷৷/১১	......	১ হিস্যা ৶৪৷৩৷৷	নিস্তারিণী দেবী...	৫২৬৷৷/৫	....	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৫০ ৸/১
১১৪	ঐ	২১২৪৷৭	.....	১ হিস্যা ৶৩৷১১	শীতলনাথ ভঞ্জ দিগর।	৪২০৶৮	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১১৷৷৬
১২৭	কিং ভালুকা পং ঐ।	১৫৯৪৩ ৸৶৮	......	১ হিস্যা ...	আজিলদ্দী সরদার দিগর।	৬৩৮৷৷৶২	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৪৬৷৷৶৫৷

R. M. WALLER,
Collector.

বিজ্ঞাপন। জেলা দিনাজপুর কালেক্টরি।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, দিনাজপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২৮ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোনঅংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৭১নং	পরগণে বাজিতপুর মৌজে বোনড়া গয়রহ।	৪০৩৯।৶:০।	পূরা মহল	......	সৈয়দ আবদুল রহমান মজফর প্রভৃতি।	...	২৯১৫ ৶/১০	...
১৭৫নং	পরগণে দেওড়া মৌজে বলরাম-পুর গয়রহ।	৩৮৩৮॥৶৫।।	পূরা মহল	......	তথা ...	...	২৭২০ ॥৶৬	...
১৭৬নং	পরগণে নূরপুরের মৌজে হরিহর পুর গয়রহ।	৪৩১৯॥৵১৮	...	।৶০ সাত আনা...	তথা ...	১৮৮৯৸/৫।	...	৩০৩৸৶৬
৯০৯নং	পরগণে পাঞ্জরা মৌজে ডাঙ্গা-পাড়া গয়রহ।	৯২৫॥৯।।	...	।০ চারি আনা ...	বিষ্ণুপ্রসাদ বড়াল	২৩১।৵২।।	...	৩০॥০

C. R. Marindin, *Collector.*

জিলা বীরভূম। জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভূম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে সেপ্টেম্বর কিস্তীর বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ৯ জানুয়ারি মোতাবেক ১২৯৫। ২৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২৭ অক্টোবর—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬ নং	মুকন্দী পং কুতব পুর।	১৫৩২/০	সম্পূর্ণ	......	পরমশুকচন্দ্র দিঃ..	০	২১৪	০
৭৪ নং	কীর্ত্তিহাট পং খড়গ্রাম।	১১২৬॥/	০	।১৬৸৵১৮	উম্মত তাহেবর বিবি দিঃ।	৬৭৫।৶২	০	৭৸/১১
২০৭নং	কীর্ণাহার পং কুতবপুর।	৭৯৩॥৶	সম্পূর্ণ	......	তারাসুন্দরী দেব্যা দিঃ।	০	৭৮১	০
২৪১নং ৫৬ নং প্রঃহিঃ	সিঙ্গান পং বারবকসিংহ।	২৯১৮/	০	।০	গোপালচন্দ্র চক্রবর্ত্তী দিঃ।	৭১৯॥৩	০	১৪/৫

C. J. S. Faulder, *Collector.*

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণকে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে, যে সুপ্রসিদ্ধ কার্ত্তিক বারুণী মেলা প্রতিবৎসর ঢাকা জেলার মধ্যে ধলেশ্বরী নদীর তীরে মুন্সিগঞ্জের নিকট হইয়া থাকে তাহা ইং ১৮৮৮ সালের ১৮ই নবেম্বর তারিখে অর্থাৎ সন ১২৯৫ সালের ৪ অগ্রহায়ণ তারিখে আরম্ভ হইয়া ইং ১৮৮৮ সালের ২৯শে ডিসেম্বর পর্য্যন্ত থাকিবে। ব্যবসাদার দোকানদার প্রভৃতি ঐ ছয় সপ্তাহকাল ক্রয় বিক্রয় করিতে পারিবে।

ঢাকা,
ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিস।
১১ই সেপ্টেম্বর ১৮৮৮ সাল।

আর, হেয়ার,
চেয়ারম্যান।

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেন্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেন্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪॥০ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮॥০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬॥০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তি-গণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫॥০ টাকা; ৮ আউন্স টিন ১০॥০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতা গণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ॥০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাক মাসুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্কোনা।

লাল সিন্কোনা ছাল হইতে গবর্ণমেন্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়ল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬॥০ টাকায়, ৮ ঔন্স টিন ১২॥০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব-সাধারণে কোম্পানীর বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮॥০ টাকায় ৮ ঔন্স টীন ১৬॥০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ॥০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাসুল দিতে হইবে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার ম্যাঙ্গো লেন ওয়েষ্ট টোন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেন্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mofussil.		Rs.	A.	P.	
Entire Gazette	...	10	0	0	per annum.
Postage ...	...	2	8	0	"
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	..	4	0	0	"
Postage ...	...	1	0	0	"
For a single copy—					
Entire Gazette	...	0	4	0	
Postage ...	...	0	1	0	
Parts III, IV, V, and VI ..	...	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage ...	...	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।			টাকা
সম্পূর্ণ গেজেট ...	...	বৎসর	১০৲
ডাকমাসুল ...	...	"	২৷৷০
৩ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) ...	..	"	৪৲
ডাকমাসুলে ...	...	"	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য ...	...		।০
ডাকমাসুল ...	...		/৹
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)...	...	...	/০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাসুল ...	...	...	/৹

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ডেপুটি সেক্রেটরী।

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৴০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government office or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half „	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন ।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্তৃপক্ষদের কর্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কোণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই।—

				টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	...	...	২০৲
আধ পৃষ্ঠা	...	...	...	১০৲
কখন২ ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি		...	...	।০

কলিকাতা বেঙ্গল সেক্রেটেরিয়েট প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এন্‌টইন মরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 29a—31-10-88—719—349

Numb. 2573 [২৫৭৩] REGISTERED No 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 20, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২০ নবেম্বর

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

FOREST DEPARTMENT—BENGAL.

NOTIFICATION.

The 13*th November*, 1888.—It is hereby notified, under section 19 of Act VII of 1878, (the Indian Forest Act), that the blocks of land described below, which it was proposed in the notifications of 29th July, 1887, and 18th August, 1887, to constitute "reserved forests," will from the 1st October, 1888, be "reserved forests" under the said Act:—

District.	Pergunnah.	Name of forest.	Boundaries.
Singbhoom ...	Sarunda ...	Rolamatia deserted village (spelt Ratamalia in notification under section 4).	On all sides by the Sarunda reserved forest.
Ditto ...	Ditto ...	Tonto deserted village ...	Ditto ditto.
Ditto ...	Ditto ...	Tambua deserted village (spelt Jumbua in notification under section 4).	*North*—The Karo river. *East*—, *South*—, *West*— } Sarunda reserved forest.
Ditto ...	Ditto ...	Sankojogoda	On all sides by the Sarunda reserved forest.

P. NOLAN,
Secretary to the Govt. of Bengal.

ERRATUM.

The 8*th November*, 1888.—In column 3 of Schedule II annexed to the Resolution of the 23rd May, 1888, on the subject of the preparation of price-lists of staple food-crops, under section 39 of the Bengal Tenancy Act, VIII of 1885, which was published at pages 444-449, Part I of the *Calcutta Gazette* of the same date, *for* "*makai* upland" *read* "*murwa* upland" against the Sudder and Madhubani sub-divisions of the district of Durbhunga, in the Patna Division.

P. NOLAN,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 13*th November*, 1888.—Under the powers conferred upon him by section 101 of the Bengal Tenancy Act, VIII of 1885, the Lieutenant-Governor is pleased to order that a survey shall be made and a record of rights prepared in respect of all lands included within the boundaries of the estates—

No. 5285, chur Joynugger,
" 5219, chur Lamchipata,
" 2724, taluq Biswanath Takurta,
" 5234, chur Padma,

in the district of Backergunge.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

বঙ্গদেশের বন সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৩ নবেম্বর।—ভারতবর্ষীয় বন বিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ১৯ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নিম্নলিখিত যেং ভূমিখণ্ড ১৮৮৭ সালের ২৯ জুলাই ও ১৮৮৭ সালের ১৮ আগষ্ট তারিখের বিজ্ঞাপনে রক্ষিত বন হইবে বলিয়া প্রস্তাব করা গিয়াছিল সেইং ভূমি খণ্ড উক্ত আইনমতে ১৮৮৮ সালের ১ অক্টোবর হইতে রক্ষিত বন হইবে।

জিলা।	পরগণা।	বনের নাম।	সীমা।
সিংহভূম ...	সরন্দা ...	রোলামাটিয়া পরিত্যক্ত গ্রাম (৪ ধারামত বিজ্ঞাপনে রতমলিয়া বানান করা গিয়াছে।)	চতুর্দ্দিকে সরন্দা রক্ষিত বন।
ঐ ...	ঐ ...	তোন্ত পরিত্যক্ত গ্রাম	ঐ ঐ
ঐ ...	ঐ ...	তাম্বুয়া পরিত্যক্ত গ্রাম (৪ ধারামত বিজ্ঞাপনে তাম্বুয়া বানান করা গিয়াছে।)	উত্তর।—কারো নদী। পূর্ব্ব।— দক্ষিণ।— } সরন্দা রক্ষিত বন। পশ্চিম।—
ঐ ...	ঐ ...	সঙ্কজোগোদা ...	চতুর্দ্দিকে সরন্দা রক্ষিত বন।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

অশুদ্ধ শোধন।

১৮৮৮ সাল ৮ নবেম্বর।—বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ৩৯ ধারামতে প্রধান উৎপাদ্য খাদ্য শস্যের দরের তালিকা প্রস্তুত করণ বিষয়ক ১৮৮৮ সালের মে মাসের ২৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২০৫ হইতে ২১৩ পর্য্যন্ত পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ২৩ তারিখের নির্দ্ধারণের দ্বিতীয় তফসীলের ৩ ঘরে পাটনা খণ্ডের অন্তর্গত দ্বারভঙ্গা জিলার সদর ও মধুবনি মহকুমার পার্শ্বে "মকাই উচ্চভূমি" এইং কথার পরিবর্ত্তে "মাড়ওয়া উচ্চভূমি" পাঠ করিতে হইবে।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৩ নবেম্বর।—শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ১০১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি এই আজ্ঞা করিলেন যে, বাখরগঞ্জ জিলার অন্তর্গত—

৫১৮৫ নং চর জয়নগর,
৫২১৯ নং চর কাকচিপাটা,
২৭২৪ নং তালুক বিশ্বনাথ টাকুর্ত্তা,
৫২৩৪ নং চর পদ্মা,

The particulars to be recorded in the survey and record of rights shall be the following:—

(*a*). The name of each tenant.

(*b*). The class to which he belongs, that is to say, whether he is a tenure-holder, raiyat holding at fixed rates, occupancy raiyat, non-occupancy raiyat or under-raiyat; and, if he is a tenure-holder, whether he is a permanent tenure-holder or not, and whether his rent is liable to enhancement during the continuance of his tenure.

(*c*). The situation, quantity and boundaries of the land held by him.

(*d*). The name of his landlord.

(*e*). The rent payable.

(*f*). The mode in which that rent has been fixed, whether by contract, by order of a court or otherwise.

(*g*). If the rent is a gradually increasing rent, the time at which, and the steps by which, it increases.

(*h*). The special conditions and incidents, if any, of the tenancy.

P. NOLAN,
Secretary to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3337A.

The 10th November 1888.—Baboo Karuna Das Bose, Munsif of Iswargunge, in the district of Mymensingh, on leave, is appointed to act as Subordinate Judge and Small Cause Court Judge of Pubna, during the absence, on leave, of Baboo Bolloram Mullick, or until further orders.

The 13th November 1888.—Baboo Umesh Chandra Sen, Second Munsif of Satkhira, in the district of Jessore, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Satkhira Munsifi, during the absence, on leave, of Baboo Kali Charan Ghoshal, First Munsif of that station.

J. WARE EDGAR,
Chief Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th November, 1888.—In exercise of the power conferred by section 5 of the Scheduled Districts Act XIV of 1874, His Honour the Lieutenant-Governor of Bengal is pleased, with the previous sanction of the Governor-General in Council, to extend the Civil Procedure Code Amendment Act VII of 1888, except so much thereof as amends the Indian Registration Act, 1877, and the Indian Limitation Act, 1877, which is already in force, to the undermentioned scheduled districts, namely—

the districts of Darjeeling and Julpigoree (called in Act XIV of 1874 the Darjeeling and Julpigoree Divisions); and

the mahal of Angul.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th November, 1888.—In exercise of the power conferred by section 5 of the Scheduled Districts Act XIV of 1874, His Honour the Lieutenant-Governor of Bengal is pleased, with the previous sanction of the Governor-General in Council, to extend the Civil

মহালের সীমাভুক্ত সমস্ত ভূমি সম্বন্ধে জরীপ করিয়া স্বত্বের লিখন প্রস্তুত করা যায়।

জরীপ ও স্বত্বের লিখনে এই২ বিশেষ বৃত্তান্ত লিখিতে হইবে।—

(ক) প্রত্যেক জন প্রজার নাম।

(খ) তিনি যে শ্রেণীর অর্থাৎ তিনি মধ্যস্বত্বাধিকারী কি মোকররী হারে ভূমি ভোগকারি রায়ত কি দখলীস্বত্ব বিশিষ্ট কি দখলীস্বত্ব শূন্য রায়ত কি কোর্ফা রায়ত এবং তিনি মধ্যস্বত্বাধিকারী হইলে কায়েমী মধ্যস্বত্বাধিকারী কি না ও তাঁহার মধ্যস্বত্ব থাকন কালে তাঁহার খাজানা বৃদ্ধি হইতে পারে কি না।

(গ) তিনি যে ভূমি ভোগ করেন তাহার অবস্থান, পরিমাণ ও চৌহদ্দী।

(ঘ) তাঁহার ভূম্যধিকারিরনাম।

(ঙ) দেয় খাজানা।

(চ) যেরূপে ঐ খাজানা ধার্য্য হইয়াছে অর্থাৎ চুক্তিক্রমে বা আদালতের আজ্ঞাক্রমে বা অন্য প্রকারে।

(ছ) খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইবার হইলে যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হয়।

(জ) প্রজাস্বত্বের বিশেষ কোন নিয়ম ও অনুষঙ্গ থাকিলে তাহা।

পি. নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৩৩৭ A নম্বর।

১৮৮৮ সাল ১০ নবেম্বর।—শ্রীযুত বাবু বলরাম মল্লিকের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ময়মনসিংহ জিলার অন্তর্গত ঈশ্বরগঞ্জের ছুটীপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত বাবু রুকনাদাস বসু, পাবনার সবর্ডিনেট জজের ও ছোট আদালতের জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৮ সাল ১৩ নবেম্বর।—যশোহর জিলার অন্তর্গত সাতক্ষীরা ষ্টেশনের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু কালীচরণ ঘোষালের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে সাতক্ষীরার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু উমেশচন্দ্র সেন কিয়ৎকালের নিমিত্ত সাতক্ষীরা মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৯ নবেম্বর।—বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের ১৪ আইনের ৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৮৮ সালের ৭ আইনের যে অংশ দ্বারা ভারতবর্ষীয় রেজিষ্টারীকরণ বিষয়ক ১৮৭৭ সালের আইন ও মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইন সংশোধিত হইয়াছে ও যে অংশ এইক্ষণে প্রবল আছে তদ্ভিন্ন উক্ত আইন নিম্নলিখিত তফসীলে লেখা প্রদেশে, অর্থাৎ—

১৮৭৪ সালের ১৪ আইনে দার্জিলিঙ্গ ও জলপাইগুড়ি খণ্ড নামে খ্যাত দার্জিলিঙ্গ ও জলপাইগুড়ি জিলায় এবং

অঙ্গুল মহালে প্রচলিত করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৯ নবেম্বর।—বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তফসীল লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের ১৪ আইনের ৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক

Procedure Code Amendment Act VII of 1888, except so much thereof as amends the Indian Registration Act, 1877, and the Indian Limitation Act, 1877, to the districts of Hazaribagh, Lohardugga, and Manbhum and the pergunnah of Dhalbhum in Singbhum.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th November 1888.—In exercise of the power conferred by section 3 of the Scheduled Districts Act XIV of 1874, His Honour the Lieutenant-Governor of Bengal is pleased, with the previous sanction of the Governor-General in Council, to declare that so much of the Civil Procedure Code Amendment Act VII of 1888 as amends the Indian Registration Act, 1877, and the Indian Limitation Act, 1877, is in force in the districts of Hazaribagh, Lohardugga, and Manbhum, and in the pergunnah of Dhalbhum and the Kolhan in Singbhum.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

আইন সংশোধনার্থ ১৮৮৮ সালের ৭ আইনের যে অংশ দ্বারা ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের আইন ও মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইন সংশোধিত হইয়াছে তদ্ভিন্ন উক্ত আইন হাজারীবাগ, লোহারডগা ও মানভূম জিলায় এবং সিংহভূমের অন্তর্গত ধলভূম পরগনায় প্রচলিত করিলেন ।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্ট প্রধান সেক্রেটরী ।

বিজ্ঞাপন ।

১৮৮৮ সাল ৯ নবেম্বর ।—বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের ১৪ আইনের ৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক এই কথা প্রকাশ করিলেন যে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৮৮ সালের ৭ আইনের যে অংশ দ্বারা ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের আইন ও মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইন সংশোধিত হইয়াছে সেই অংশ হাজারীবাগ, লোহারডগা ও মানভূম জিলায় এবং সিংহভূমের অন্তর্গত ধলভূম পরগনায় ও কোলহানে প্রবল আছে ।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্ট প্রধান সেক্রেটরী ।

TUESDAY, NOVEMBER 20, 1888.

মঙ্গলবার ১৮৮৮ সাল ২০ নবেম্বর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

The 9*th November*, 1888.—Whereas a notification, dated the 6th August 1888, was published at page 356, Part IB of the *Calcutta Gazette* of the 8th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of sections 224, 225, 231 to 234, 254 to 260 (regarding burning-ghâts only), 266, 270 (clause 3), 271 (so far as it relates to sections 225 and 231), and 274 (regarding burning-ghâts only) of Act III (B.C.) of 1884 to the Muktagacha Municipality, in the district of Mymensingh, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Muktagacha Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the above sections of the Municipal Act to the said Municipality.

H. J. S. COTTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৯ নবেম্বর।—ময়মনসিংহ জিলার অন্তর্গত মুক্তাগাছা মুনিসিপালিটীতে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২২৪, ২২৫, ২৩১, অবধি ২৩৪ পর্য্যন্ত ও (শবদাহ ঘাট মাত্র বিষয়ক) ২৫৪ অবধি ২৬০ পর্য্যন্ত ও ২৬৬ ধারার ও ২৭০ ধারার ৩ প্রকরণের ও ২২৫ ও ২৩১ ধারার সঙ্গে যে পর্য্যন্ত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত ২৭১ ধারার এবং (শবদাহ ঘাট মাত্র বিষয়ক) ২৭৪ ধারার বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ৬ আগষ্ট তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৮ তারিখে কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৩৫৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং মুক্তাগাছা মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধ ক্রমে মুনিসিপল আইনের উক্ত সকল ধারা উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 20, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২০ নবেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা খুলনা।

জমীদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে খুলনা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২১ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৯	১কং খলিসখালি পঃ ঐ।	৮৯৭ ৸০	সম্পূর্ণ মহাল	……	কৈলাস কামিনী দেবী দিগর।	……	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১০৬৷৴৭	……
৭২	কিং দাতিয়া পরগনে ঐ।	৪৭৩২২।/ ৬।	ঐ	……	সুরেন্দ্রনাথ পাল চৌধুরি দিগর।	……	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ৩২৲৯।।	……
১১১	কিং বাজিদপুর পঃ ঐ।	১১২১।।/ ১১	……	১ হিস্যা ৶৪।৩।।	নিস্তারিণী দেবী…	৪২৬।।/৫	……	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৫০ ৸/১
১১৪	ঐ	২১২৪।৭	……	১ হিস্যা ৶৩।১১	শীতলনাথ গুপ্ত দিগর।	৪২০৶৮	……	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১১।।৬
১২৭	কিং তালুকা পঃ ঐ।	১৪৯৪৩ ৸৶৮	……	১ হিস্যা …	আকিলদ্দী সরদার দিগর।	৬৩৮।।৶২	……	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৪৬।।৶৫।

R. M. WALLER,
Collector.

বিজ্ঞাপন। জেলা দিনাজপুর কালেক্টরি।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, দিনাজপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২৮ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোনঅংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৭১নং	পরগণে বাজিতপুর মৌজে বোনড়া গয়রহ।	৪০৩৯৷৶৹	পুরা মহল	......	সৈয়দ আবদুল রহমান মজফর প্রভৃতি।	...	২৯১৫ ৶১০	...
১৭৫নং	পরগণে দেওড়া মৌজে বলরাম পুর গয়রহ।	৩৮৩৮৷৶৫৷	পুরামহাল	......	তথা ...	...	২৭২০ ৷৶৩	...
১৭৬নং	পরগণে নূরপুরের মৌজে হরিহর পুর গয়রহ।	৪৩১৯৷৶১৮	...	।৶০ সাত আনা...	তথা ...	১৮৮৯৸৫৷	...	৩০৩৮৶৬
৯০৯নং	পরগণে পাঞ্জরা মৌজে ডাঙ্গাপাড়া গয়রহ।	৯২৫৷৯৷	...	।০ চারি আনা ...	বিষ্ণুপ্রসাদ বড়াল	২৩১৷৶২৷	...	৩০৷।০

C. R. MARINDIN, *Collector.*

জিলা বীরভূম। জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভূম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে সেপ্টেম্বর কিস্তীর বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ৯ জানুয়ারি মোতাবেক ১২৯৫। ২৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২৭ অক্টোবর—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নং।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬ নং	মুকন্দী পং কুতব পুর।	১৫১২৴০	সম্পূর্ণ	......	পরমশুকচন্দ্র দিঃ...	০	২১৪	০
৭৪ নং	কীর্ত্তিহাট পং খড়গ্রাম।	১১২৬৷৴	০	।১৬৸৶১৮	উম্মত তাহেবর বিবি দিঃ।	৬৭১৷৶২	০	৭৸৴১১
২০৭নং	কীর্ণাহার পং কুতবপুর।	৭৯৩৷৶	সম্পূর্ণ	......	তারাসুন্দরী দেব্যা দিঃ।	০	৭৸৩	০
২৪১নং ৫৬ নং প্রঃহিঃ	সিজান পং বারবকসিংহ।	২৯১৮৴	০	।০	গোপালচন্দ্র চক্রবর্ত্তী দিঃ।	৭১৯৷৩	০	১৪/৫

C. J. S. FAULDER, *Collector.*

জেলা হুগলী।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জেলা হুগলী।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারা বিধানানুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা হুগলীর অন্তর্গত নিম্নলিখিত মহাল বা মহালের অংশ সন ১৮৮৮ সালের ২৮শে সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায়ের নিমিত্ত সন ১৮৮৮ সালের ২০শে ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৯৫ সালের ৬ই পৌষ বৃহস্পতিবার দিবসে হুগলীর কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৮ সাল ২৭শে অক্টোবর।

তৌজির নম্বর।	মহাল ও পরগণা	সমুদয় ষ্টেটের সদর জমা।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবেক কি না।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার মালিকের নাম।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকী রাজস্ব।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব।
৪৯	হাতিশালা, পং চৌমাহা।	১১১৬৯।/	......	রকম ।/৬। = আনা অংশ পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে।	শ্যামাসুন্দরী দেবী অলি অছি জানবে নাবালগ পুত্র আশুতোষ গোস্বামী দিগর।	৩৮৫৬।৶০	......	৫৮৫৶৯
৫৯	মাখমডিহি, পং পাণ্ডুয়া।	৭০২৶১	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	রাজলক্ষ্মী দেব্যা দিগর।	১১৪ ৶৭	......	১॥৩
১০৯	হেপতি, পং আমিরাবাদ।	২৪৮৪৸৶১	......	রকম ৶৮ আনা অংশের পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে।	ব্রজনাথ ভট্টাচার্য্য ম্যানেজার জানবে উপেন্দ্র চন্দ্র রায় দিগর।	৪১৪৶০	......	৩
১১৭	রাজহাট, পং খোশালপুর।	৭২৬৲৩	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর।	২৬৫॥৶১	......	৩৩।০
১৫৩	মাল্লীক হাটী, প বোর।	২৯৬৮ ৲৮	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	প্রসাদ দাস গোস্বামী দিগর।	২০১২॥৶৮	......	৩৮৮ ৸৶৩
১৫৯	চাতরা বাদে, পং বোর।	৭৮০০।/৫	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	জেঃ সীঃ মেকরেগর সাহেব ম্যানেজর ষ্টেট ৺ রামচন্দ্র দে দিগর।	১৭৮।৶৫	......	১৯/০
১৯১	চরিপুর আয়মা পং চৌমাহা।	৮৫১৶২	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর।	৭২৮৶১	......	১১।০
৩৫২১	দিগড়া পং বোর	৫৩ ৶	সম্পূর্ণ	......	রামদয়াল বন্দ্যোপাধ্যায়।	......	১১৮৲	......
৩৫৪১	থরসরাই পং বোর।	১৩১১॥৶৬	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	রামদয়াল বন্দ্যোপাধ্যায়।	৬৫৫৸/৩	......	১৬২॥০
৩৯০৮	মাকড়দহা পং ধাড়শ।	১২৭১॥/৩	......	রকম ৲৩।৶ গণ্ডার অংশের পৃথক হিসাব হইয়া (বি) চিহ্ন হইয়াছে।	যোগীন্দ্রনাথ মুখোপাধ্যায় স্বয়ং ও অলি জানবে হরেন্দ্রনাথ মুখোপাধ্যায়।	১৩॥৶০	......	/০
৩৯৯৩	হাওড়াচর পং বোর।	৭২৬।৮।	......	রকম /০ আনা অংশ পৃথক হিসাব হইয়া (সি) চিহ্ন হইয়াছে	জেঃ সীঃ মেকরেগর সাহেব রিসীবর হাই কোর্ট জানবে ষ্টেট শ্রীমতি দাসী।	৪৫।৶০	......	৬৸/০

G. Toynbee,
Collector.

জিলা নোয়াখালি।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোয়াখালির মধ্যগত কালেক্টরির তৌজিভুক্ত নিম্নলিখিত মহাল ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বরের সূর্য্যাস্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৮ সনের ১২ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা ১২৯১ সনের ২৯ পৌষ শনিবার উক্ত জিলার কালেক্টরির কাছারিতে বিনা আপত্তো প্রকাশ্য নিলামে ধরা যাইবেক। ইতি ১৮৮৮ সন তারিখ ৩১ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহালের নাম এবং পরগণা।	সমুদয় মহালের সদর জমা।	সমুদয় অংশ নিলাম হইবে কি না।	যদি এক অংশ নিলাম হয় তবে কত অংশ।	যে সম্পত্তি নিলাম হইবে তাহার মালিকের নাম।	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার সদর জমা কত।	যদি সমুদয় অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত।
৪৫	কিসমত মহিন্দ্রনারায়ণ পরগণে সুন্দীপা।	৬৩৭৴১১	সম্পূর্ণ ...	...	ঈশানচন্দ্র নন্দি	...	১০৯।৵০	...

A. Borodah,
Offg Collector.

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণকে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে, যে সুপ্রসিদ্ধ কার্ত্তিক বারুণী মেলা প্রতিবৎসর ঢাকা জেলার মধ্যে ধলেশ্বরী নদীর তীরে মুন্সিগঞ্জের নিকট হইয়া থাকে তাহা ইং ১৮৮৮ সালের ১৮ই নবেম্বর তারিখে অর্থাৎ সন ১২৯৫ সালের ৪ অগ্রহায়ণ তারিখে আরম্ভ হইয়া ইং ১৮৮৮ সালের ২৯শে ডিসেম্বর পর্য্যন্ত থাকিবে। ব্যবসাদার দোকানদার প্রভৃতি ঐ ছয় সপ্তাহকাল ক্রয় বিক্রয় করিতে পারিবে।

ঢাকা,
ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিস। আর, হেয়ার,
১১ই সেপ্টেম্বর ১৮৮৮ সাল। চেয়ারম্যান।

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪।।০ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮।।০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬।।০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫।।০ টাকা; ৮ আউন্স টিন ১০।।০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাক মাশুল দিতে হইবে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার প্লেস্‌ ইষ্ট ষ্টোন হাউসের ছাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপক কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mofussil.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	"
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	"
Postage	1	0	0	"
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।		টাকা	
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲	
ডাকমাশুল	"	২॥০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	"	৪৲	
ডাকমাশুল	"	১৲	
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য		।০	
ডাকমাশুল		৴০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)... ...	...	৴০	৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একং আনা।
ডাকমাশুল	...	৴০	

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাশুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government office or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

Note—*Rules for Advertisements in the* Calcutta Gazette.

	Rs
Full page, per issue	20
Half „	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই।—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০,
আধ পৃষ্ঠা	১০,
কখনং ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

কলিকাতা বেঙ্গল সেক্রেটেরিয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 29a—31-10-88—722—349

Numb. 2574 [২৫৭৪]

REGISTERED No 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 27, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২৭ নবেম্বর ।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

NOTIFICATION.

The 9th November 1888.—The following rules, framed by the Board of Revenue, Lower Provinces, with the sanction of Government, under section 19A of Act VII (B.C.) of 1878, as amended by section 6 of Act I (B.C.) of 1888, for regulating the importation and sale of spirits manufactured in British India and imported by sea into Calcutta, and for the levy of Excise duty thereon, are published for general information :—

1. All spirit manufactured in British India and imported into Calcutta, whether imported by sea under bond or otherwise, shall be landed under Customs *green boat-note* and placed in the Custom-house godown, and will remain in the custody of the Collector of Customs until the importer, owner, or agent applies for its removal into the Excise godown.

2. Applications for removal shall be made in the usual bill-of-entry form, supported by the bill-of-lading or delivery order. The bill-of-entry will be made out "for removal into the Excise godown" instead of "into town" as at present, and the officer in charge of the Excise godown will give the Customs officer a receipt in full for the number of casks or packages received.

3. As soon as possible after the spirit has been received in the Excise godown, it will be tested and gauged by an officer appointed by the Superintendent of Excise Revenue, and in the case of spirit landed under bond, the result will be communicated to the officer holding the bond in Madras or elsewhere.

4. Excise duty shall be levied by the Superintendent of Excise Revenue on all such spirit landed under bond, subject to a wastage allowance similar to that laid down in section 116 of the Sea Customs Act.

5. In the case of duty-paid spirit, if the Excise duty at the port of exportation is lower than the duty chargeable in Calcutta, the differential duty under section 151 of the Sea Customs Act will be levied by the Superintendent of Excise Revenue at such rate as the Local Government may from time to time, by notification in the local Gazette, fix.

6. Passes for the removal of the spirit from the Excise godown will be issued by the Superintendent of Excise Revenue in accordance with section 18 of Act VII (B.C.) of 1878.

7. All charges incurred in the landing and removal of the spirit must be paid by the importer, owner or agent to the Collector of Customs, failing which the amount will be levied by him under section 119 of the Sea Customs Act, and no portion of the spirit shall be removed from the Excise godown until a "*No demand certificate*" has been received by the Superintendent of Excise Revenue from the Collector of Customs.

8. All charges on account of rent, cooperage, storing, removing, &c., incurred after such spirit has been received into the Excise godown must be paid by the importer, owner or agent, as the case may be, to the Superintendent of Excise Revenue before the spirit is removed from the Excise godown, at such rates as may, from time to time, be fixed by the Board of Revenue.

K. G. Gupta,
Offg. Secy. to the Board of Revenue.

NOTIFICATION.

The 9th November 1888.—Under section 151 of the Sea Customs Act, it is hereby notified that if country spirit manufactured in British India, upon which excise duty has been paid, is imported by sea into Calcutta, and the rate of excise duty at the port of exportation is lower than that chargeable in Calcutta, a differential duty will be levied by the Excise Superintendent of Calcutta at one rupee per gallon of spirit London Proof.

H. J. S. Cotton,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৯ নবেম্বর।—ব্রিটিষ ভারতবর্ষে মদিরা প্রস্তুত হইয়া সমুদ্রপথে কলিকাতায় আমদানী করা গেলে তাহা আমদানী ও বিক্রয় করণের বিধানকরণার্থ ও তাহার উপর আবকারী মাসুল আদায় করণার্থ ১৮৭৩ সালের বঙ্গীয় ১ আইনের ৬ ধারা দ্বারা সংশোধিত ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১৯ ক ধারামতে গবর্ণমেণ্টের অনুমোদন সহকারে বঙ্গ প্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের প্রণীত নিম্নলিখিত বিধি সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

১। যে সকল মদিরা ব্রিটিষ ভারতবর্ষে প্রস্তুত করিয়া কলিকাতায় আমদানী করা যায় তাহা বাণ্ডমতে বা অন্য প্রকারে সমুদ্রপথে আমদানী করা গেলে কষ্টমের গ্রীন-বোট-নোটমতে জাহাজ হইতে নামাইয়া কষ্টম হৌসের গুদামে রাখিতে হইবে, এবং আমদানীকারক বা স্বামী কিম্বা এজেণ্ট যত দিন একসাইজ গুদামে লইয়া যাইবার প্রার্থনা না করেন ততদিন তাহা কষ্টমের কালেক্টর সাহেবের জিম্মায় থাকিবে।

২। বিল অফ লেডিং বা ডিলিবরি অর্ডর সহযোগে নিয়মিত বিল অফ এটরির ফারমে লিখিয়া লইয়া যাইবার প্রার্থনা করিতে হইবে। এইরূপে "নগরের মধ্যে" লইয়া যাইবার প্রার্থনা যেমন করা গিয়া থাকে তাহা না করিয়া একসাইজ গুদামে লইয়া যাইবার নিমিত্ত বিল অফ এণ্টরি লিখিয়া দিতে হইবে ও একসাইজ গুদামের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ম্মচারী যত পিপা বা প্যাকেজ পাইয়াছেন কষ্টমের কর্ম্মচারিকে তাহার সম্পূর্ণ রসীদ দিবেন।

৩। মদিরা একসাইজ গুদামে গৃহীত হইবার পর যত শীঘ্র হইতে পারে আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব কর্ত্তৃক নিযুক্ত কর্ম্মচারী তাহা পরীক্ষা ও মাপ করিবেন। মদিরা বাণ্ডমতে জাহাজহইতে নামান গেলে পরীক্ষারফল মান্দ্রাজের বা অন্য স্থানের বাণ্ডধারী কর্ম্মচারিকে জানাইতে হইবে।

৪। সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১১৬ ধারামতে যত ঝরতী বাদ দিবার নিয়ম আছে আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব তদনুসারে বাদ দিয়া বাণ্ডমতে জাহাজহইতে নামান সকল মদিরার উপর আবকারী মাসুল আদায় করিবেন।

৫। কলিকাতায় যে মাসুল লওয়া যায় রপ্তানীর বন্দরে মদিরার উপর দত্ত আবকারী মাসুল যদি তদপেক্ষা কম হয়, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট স্থানীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়ে সময়ে যে হার ধার্য্য করেন আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই হারে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৫১ ধারামতে কমতী মাসুল আদায় করিয়া লইবেন।

৬। আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১৮ ধারানুসারে একসাইজ গুদামহইতে মদিরা লইয়া যাইবার ছাড়পত্র দিবেন।

৭। মদিরা জাহাজহইতে নামাইতে বা স্থানান্তর করিতে যত খরচ হয় সেই খরচ কষ্টমের কালেক্টর সাহেবকে আমদানীকারকের বা স্বামির কিম্বা এজেণ্টের দিতে হইবে, না দিলে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১১৯ ধারামতে ঐ টাকা আদায় করা যাইবে, এবং আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব কষ্টমের কালেক্টর সাহেবের স্থানে "না দাবির সার্টিফিকেট" না পাইলে একসাইজ গুদাম হইতে মদিরার কোন অংশ ছাড়িয়া দিবেন না।

৮। মদিরা একসাইজ গুদামে গৃহীত হইবার পর, ভাড়া ও কুপরেজের জন্য এবং গুদামজাত ও স্থানান্তর প্রভৃতি করণ জন্য যে খরচ হয়, রেবিনিউ বোর্ড সময়ে সময়ে যে হার ধার্য্য করেন একসাইজ গুদাম হইতে মদিরা লইয়া যাইবার পূর্ব্বে আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবকে স্থল বিশেষে আমদানীকারকের বা স্বামির কিম্বা এজেণ্টের সেই খরচ দিতে হইবে।

কে, জি, গুপ্ত,
রেবিনিউ বোর্ডের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৯ নবেম্বর।—সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৫১ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ব্রিটিষ ভারতবর্ষে প্রস্তুত দেশীয় যে মদিরার উপর আবকারী মাসুল দেওয়া গিয়াছে সেই মদিরা যদি সমুদ্র পথে কলিকাতায় আমদানী করা যায়, এবং কলিকাতা অপেক্ষা রপ্তানীর বন্দরের আবকারীর মাসুলের হার কম হয় তাহা হইলে কলিকাতার আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব লণ্ডন প্রুফের তুল্য তীব্র মদিরার গ্যালন প্রতি এক টাকার হিসাবে কমতী মাসুল আদায় করিয়া লইবেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

JUDICIAL DEPARTMENT.

NOTIFICATION.

The 17*th November* 1888.—It is hereby notified, under the provisions of section XV of Act V of 1861, that from the conduct of the villagers of Elingi, situated within the jurisdiction of Raigunge outpost, in the district of Dinagepore, it appears to the Lieutenant-Governor expedient to sanction the retention of a special police force of one head-constable and three constables for the period of one year, from the 1st December 1888, to be quartered there for the purpose of preserving peace.

The total cost of the force, which is shown below, will be assessed and levied from the inhabitants of the village in proportion to their respective means :—

		Rs.	A.	P.
1 Head-constable, 4th grade, at Rs. 10	... ...	10	0	0
3 Constables, 4th grade, at Rs. 6 each	... ...	18	0	0
Total monthly cost	...	28	0	0
For 12 months	... ...	336	0	0
Contingencies at 10 per cent.	... ...	33	9	0
Clothing ...	... ...	16	0	0
House-rent	... ...	60	0	0
Total cost for 12 months	...	473	9	0

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৭ নবেম্বর।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, দিনাজপুর জিলার অন্তর্গত রাইগঞ্জ ফাঁড়ির এলাকার মধ্যে স্থিত এলিঙ্গি গ্রামের লোকদের আচরণ দেখিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত গ্রামের শান্তি রক্ষার্থ ১৮৮৮ সালের ১ ডিসেম্বর অবধি এক বৎসরের জন্যে একজন হেড কনষ্টাবল ও তিনজন কনষ্টাবলের এক বিশেষ পোলীসদল ঐ গ্রামে রাখিবার অনুমতি দেওয়া বিহিত বোধ করিলেন।

নিম্নপ্রদর্শিত উক্ত দলের মোট খরচ উক্ত গ্রামবাসিদের স্ব২ অবস্থানুসারে হারহারী ধার্য্য হইয়া তাহাদের স্থানে আদায় করা যাইবে।

১০৲ টাকা করিয়া চতুর্থ শ্রেণীর একজন হেড কনষ্টাবল	১০৲
৬৲ টাকা করিয়া চতুর্থ শ্রেণীর তিনজন কনষ্টাবল	১৮৲
মাসিক মোট খরচ ...	২৮৲
বার মাসের	৩৩৬৲
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	৩৩৸৶০
কাপড়ের খরচ	১৬৲
ঘরভাড়া	৬০৲
বার মাসের মোট খরচ ...	৪৭৩৸৶০

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 27, 1888.

মঙ্গলবার ১৮৮৮ সাল ২৭ নবেম্বর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

The 12th November 1888.—It is hereby notified that, in the exercise of the power conferred upon him by section 342 of Act IV (B.C.) of 1876, the Lieutenant-Governor is pleased to confirm the following bye-law, which has been framed by the Commissioners of the Calcutta Municipality, under section 340 of the Act, and published in the English and Bengalee Government Gazettes in the manner prescribed by section 343 of the said Act :—

No. 59A. When no separate arrangements are made for the removal of refuse, resulting from any business, trade, or profession, which refuse is of a description that ought to be removed, the Commissioners will charge the person carrying on such business, trade, or profession the same fee for its removal as if it had actually been deposited in the public streets.

H. J. S. Cotton,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th November 1888.—It is hereby notified for general information that, in exercise of the power conferred on him by section 86 of the Bengal Municipal Act III (B.C.) of 1884, and in accordance with the recommendation of the Commissioners of the Joynagore Municipality, in the district of the 24-Pergunnahs, made at a meeting, the Lieutenant-Governor intends to sanction the levy by the Commissioners, under section 181 of the Act, of a tax on carriages and on horses and other animals mentioned in the fifth schedule of the Act, unless good reasons are shown to the contrary within one month from the date of publication of this notification within the Municipality.

H. J. S. Cotton,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th November 1888.—Whereas a notification, dated the 27th August 1888, was published at page 372, Part IB of the *Calcutta Gazette* of the 29th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Parts VI, VII and IX of Act III (B. C) of 1884 to the Kurseong Municipality, in the district of Darjeeling, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Kurseong Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the Parts of the Municipal Act mentioned above to the Kurseong Municipality.

H. J. S. Cotton,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১২ নবেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৩৪২ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি, উক্ত আইনের ৩৪০ ধারামতে কলিকাতা মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রণীত নিম্নলিখিত যে উপবিধি উক্ত আইনে ৩৪৩ ধারার নির্দিষ্টমতে ইংরাজী ও বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত হইয়াছে তাহা দৃঢ় করিলেন।

"৫৯ A নং—যেরূপ আবর্জনা স্থানান্তর করা উচিত, কোন কর্ম্ম বাণিজ্য বা ব্যবসায় হইতে তদ্রূপ আবর্জনা উৎপন্ন হইলে তাহা স্থানান্তর করিবার স্বতন্ত্র কোন বন্দোবস্ত করা না গেলে ঐ আবর্জনা বাস্তবিক সরকারী পথে জমা করা গেলে তাহা স্থানান্তর করিবার জন্য যে ফী লওয়া যাইত, যে ব্যক্তি উক্ত কর্ম্ম, বাণিজ্য বা ব্যবসায় চালান কমিশ্যনরেরা তাঁহার স্থানে ঐ আবর্জনা স্থানান্তর করণার্থে সেই ফী লইবেন।

এচ, জে, এস, কটন.
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৯ নবেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগণা জিলার অন্তর্গত অরনগর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তি সিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৮৬ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধ ক্রমে তিনি, উক্ত আইনের পঞ্চম তফসীলের লিখিত গাড়ী, ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর টাক্স উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের দ্বারা উক্ত আইনের ১৩১ ধারামতে আদায় হইবার অনুমতি দিতে কল্পনা করিয়াছেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৯ নবেম্বর।—দার্জ্জিলিঙ্গ জিলার অন্তর্গত কর্সিয়ঙ্গ মুনিসিপালিটীতে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ষষ্ঠ, সপ্তম ও নবম পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ২৭ আগস্ট তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ২৯ তারিখের কলিকাতা গেজেটের ১ B. খণ্ডের ৩৭২ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং কর্সিয়ঙ্গ মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে মুনিসিপল আইনের উক্ত কএক পরিচ্ছেদ উক্ত কর্সিয়ঙ্গ মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION.

The 25th October 1888.—The following rules, framed by the Magistrate of Hooghly with the approval of the Commissioner of the Burdwan Division, under section 15 of the Bengal Ferries Act I (B.C.) of 1885, have been accepted by the Lieutenant-Governor and are published for general information.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

RULES UNDER SECTION 15, ACT I (B.C.) OF 1885, FOR THE DISTRICT OF HOOGHLY.

Rule 1.—In these rules the term "Magistrate" includes—

(*a*) the District Magistrate of Hooghly and any Magistrate subordinate to him and appointed by him in that behalf;
(*b*) the District Board of Hooghly in respect of any public ferry, the management of which has been vested in it under section 35 of Act I (B.C.) of 1885; and any Local Board in the district of Hooghly when legally vested with powers in respect of any public ferry by the district Board of Hooghly.

Rule 2.—Every public ferry in the district of Hooghly shall either be held khas by the Magistrate, or be leased by public auction.

Rules for the management of public ferries held khas.

Rule 3.—For every public ferry which is held khas, the Magistrate shall from time to time—

(*a*) provide such boats, landing-stages, rest-houses, and other appliances as he shall think proper;
(*b*) appoint a suitable person to superintend the plying of the ferry, provide and pay boatmen, receive the authorised tolls, and remit the same to the treasury;
(*c*) fix, with the approval of the Commissioner, the tolls to be levied from persons using the ferry;
(*d*) cause a schedule of such tolls, legibly painted in oil-paint in the vernacular, to be fixed up at every landing-place;
(*e*) determine the maximum number of passengers, animals, carts, vehicles, and goods which each ferry-boat shall carry, and cause a notice to this effect to be affixed to each boat;
(*f*) determine the hours within which the boats shall ply, and the minimum number of journeys to be made every day;
(*g*) provide for the prompt conveyance of the mails at all times across the ferry.

Rule 4.—Any person may compound for tolls payable for the use of the ferry; and if the ferry should be closed before the expiry of the period for which such person has compounded for tolls payable for its use, he shall be entitled to a refund, the amount of which shall bear the same proportion to the whole sum paid by him as the period remaining bears to the whole period for which he compounded. Such refund shall be made under the orders of the Magistrate.

Rules for leasing out ferries.

Rule 5.—When it has been determined to lease the tolls of any public ferry by auction, under section 9 of Act I (B.C.) of 1885, the Magistrate shall, at least 30 days before the auction is held, cause an advertisement of such auction to be published, both in English and in the vernacular, in such place and in such manner as to him shall seem expedient.

(*a*) Such auction may be adjourned from day to day by notice given in open court without the issue of any fresh advertisement.

Rule 6.—The advertisement shall specify—

(*a*) the time and place of the sale;
(*b*) the period for which the ferry is to be leased, and the dates between which the lessee shall be bound to ply the ferry every year.

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৫ অক্টোবর।—বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারামতে বর্দ্ধমান খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের প্রণীত নিম্নলিখিত বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়াতে, তাহা সাধারণের অবগতির নিমিত্তে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

হুগলী জিলার নিমিত্ত ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারামত বিধি।

১ ধারা।—এই বিধিতে "মাজিষ্ট্রেট" শব্দে নিম্নলিখিত ব্যক্তিও গণ্য।

(ক) হুগলী জিলার মাজিষ্ট্রেট ও তাঁহার অধীন যে কোন মাজিষ্ট্রেটকে তিনি তদর্থে নিযুক্ত করেন তিনি,

(খ) ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ৩৫ ধারামতে যে সরকারী খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা হুগলী জিলাবোর্ডের প্রতি অর্পিত হইয়াছে সেই সরকারী খেয়াঘাট সম্পর্কে ঐ জিলাবোর্ড এবং হুগলী জিলাবোর্ড কর্ত্তৃক কোন সরকারী খেয়াঘাট সম্পর্কে হুগলী জিলার অন্তর্গত কোন স্থানীয় বোর্ড আইনমতে ক্ষমতাপ্রাপ্ত হইলে সেই স্থানীয় বোর্ড।

২ ধারা। হুগলী জিলার অন্তর্গত প্রত্যেক সরকারী খেয়াঘাট হয় মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক খাসে রাখা যাইবে নয় প্রকাশ্য নীলাম ইজারা দেওয়া যাইবে।

যে সকল সরকারী খেয়াঘাট খাসে থাকে তাহার কার্য্যাধ্যক্ষতা বিষয়ক বিধি।

৩ ধারা।—যে প্রত্যেক সরকারী খেয়াঘাট খাসে থাকে তন্নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব সময়ে২—

(ক) যেরূপ সকল নৌকা, নামিবার স্থান, বিশ্রামের ঘর ও অন্য সরঞ্জামাদির বিধান করা উচিত বোধ করেন তদ্রূপ বিধান করিবেন,

(খ) খেয়ার নৌকার পারাপার কার্য্য তত্ত্বাবধান করিবার জন্যে একজন উপযুক্ত লোক নিযুক্ত করিবেন, দাঁড়ি মাঝি যোগাইবেন ও তাহাদের বেতন দিবেন, অনুমোদিত মাসুল গ্রহণ করিবেন, ও তাহা খাজানাখানায় পাঠাইয়া দিবেন,

(গ) কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে ঐ খেয়ায় যাতায়াতকারি ব্যক্তিদের নিকট যত মাসুল আদায় করিতে হইবে তাহা ধার্য্য করিবেন,

(ঘ) দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া রংদিয়া লিখিত ঐ মাসুলের একখানি ফর্দ্দ দুই পারেরই নামিবার স্থানে লাগাইয়া দিবেন,

(ঙ) খেয়ার প্রত্যেক নৌকায় অত্যুচ্চ যে সংখ্যক আরোহী, জন্তু, গরুরগাড়ী, যান ও মাল লইয়া যাওয়া যাইবে তাহা স্থির করিয়া দিবেন ও ঐ মর্ম্মের এক নোটিস প্রত্যেক নৌকায় লাগাইয়া দিবেন,

(চ) যে২ ঘণ্টার মধ্যে নৌকা যাতায়াত করিবে ও প্রতিদিন অতি কম যত বার পারাপার করিতে হইবে তাহা স্থির করিয়া দিবেন,

(ছ) সকল সময়েই ডাক লইয়া সত্বর পারাপার করিবার বিধান করিবেন।

৪ ধারা।—কোন ব্যক্তি খেয়াঘাট ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে এককালীন চুক্তি করিতে পারিবেন, এবং যে কালের জন্যে ঐরূপ চুক্তি করিয়াছেন তাহা অতীত হইবার পূর্ব্বে ঐ খেয়াঘাট বন্ধ করা গেলে তিনি টাকা ফেরত পাইবার স্বত্ববান হইবেন। সমুদয় যে কালের জন্যে তিনি চুক্তি করিলেন বাকী কাল সেই কালের যে অংশ যত টাকা তাঁহার প্রদত্ত সমুদয় টাকার সেই অংশ হয় তিনি তত টাকা ফেরত পাইবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশক্রমে ঐরূপ ফেরত টাকা দেওয়া যাইবে।

খেয়াঘাট ইজারা দেওন বিষয়ক বিধি।

৫ ধারা।—১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ৯ ধারামতে কোন সরকারী খেয়াঘাটের মাসুল নীলামক্রমে ইজারা দেওয়া যাইবে স্থির করা গেলে, মাজিষ্ট্রেট সাহেব নীলাম হইবার অন্ততঃ ৩০ দিন পূর্ব্বে যে স্থানে ও যে প্রকারে বিহিত বোধ করেন সেই স্থানে ও সেই প্রকারে ইংরাজী ও দেশীয় ভাষায় ঐ নীলামের এক বিজ্ঞাপন প্রকাশ করাইবেন।

(ক) নূতন কোন বিজ্ঞাপন প্রকাশ না করিয়া প্রকাশ্য আদালতে পর দিনের নোটিস দিয়া ঐ নিলাম স্থগিত রাখিতে পারিবেন।

৬ ধারা। ঐ বিজ্ঞাপনে এই২ কথার নির্দ্দেশ থাকিবে—

(ক) যে সময়ে ও স্থানে নীলাম হইবে,

(খ) যে কালের জন্যে খেয়াঘাট ইজারা দিতে হইবে ও প্রতিবৎসর যে২ তারিখের মধ্যে ইজারাদার খেয়া চালাইতে বাধ্য হইবেন,

(*c*) the number and description of the boats to be maintained, the strength of the crew to be employed on each, and the maximum number of passengers, animals, vehicles, and the bulk or weight of goods each is authorised to carry;

(*d*) the liability or otherwise of the lessee to provide the boats and to keep them in repair;

(*e*) the liability or otherwise of the lessee to provide and keep in order the landing-stages and the rest-houses or travellers' sheds, if any, at either or both termini of the crossing;

(*f*) the minimum number of crossings to be made daily at any particular season of the year;

(*g*) the rate of tolls to be levied;

(*h*) the persons and things to be ferried over free of toll as provided in Rule 14.

(*i*) the instalments in which the rent for the ferry is to be paid; and

(*j*) such other particulars as the Magistrate shall consider necessary.

Rule 7.—A copy of the advertisement, and of the Rules and the Form of Agreement required to be executed under section 9 of the Act, shall be posted up in a conspicuous place in the Magistrate's office and shall be duly notified on the day of the auction.

Rule 8.—On the day of the auction the lessee to whom the ferry has been knocked down shall deposit one quarter's rent as security for the due fulfilment by him of the conditions of his lease. This deposit may, however, at the discretion of the Magistrate, be dispensed with in the case of small ferries in which boats or canoes are not provided by Government.

Rule 9.—In cases in which the ferry is leased for only a year, or part of a year, the lessee shall be held liable for the rent for the entire period the moment the ferry has been knocked down to him. In cases in which the ferry is leased for a number of years, the liability for each year's rent shall accrue from the first day of the year.

Rule 10.—The contract which the lessee will be required to execute under section 9 of the Act shall be in the form appended to these rules. If not executed within two months from date of sale, the Magistrate may re-sell the ferry.

Rule 11.—As soon as the contract has been executed by the lessee, the Magistrate shall furnish him, free of charge, with a copy of these rules, a list of the authorized tolls duly signed under section 19 of the Act, and two notice-boards having legibly painted on them in oil-paint in the vernacular the schedule of tolls applicable to the ferry, the number of boats which the lessee is bound to keep plying, the number of men by whom each boat is to be manned, and the maximum number of passengers, &c., each boat is allowed to carry. The notice-boards shall be fixed by the lessee in a conspicuous place at both ends of the ferry, and shall be kept by him in a proper condition. On the expiry of his lease they shall be returned by him to the Magistrate.

Rules for the management of ferries leased by public auction and for regulating their traffic.

Rule 12.—The lessee shall be bound to ferry over diligently, carefully, and with the least possible delay, all passengers, vehicles, animals and goods which may come to the ferry ghât to be ferried over.

Rule 13.—The rate of tolls to be levied shall be those fixed by the Magistrate, with the approval of the Commissioner under section 18 of the Act.

Rule 14.—The lessee shall not charge or demand tolls for ferrying over—

(*a*) Mails, mail carts, dâk-runners, and Government telegraph messengers on duty.

(*b*) Commissariat stores, animals, and vehicles, when accompanied by a challan from the Commissariat officer.

(*c*) Military officers, soldiers, and their followers
(*d*) Police and other public officers and process-serving peons.
} when travelling on duty with their *bonâ fide* baggage, horses, palkies or other conveyances.

(*e*) Executive officers of the District Road Department when travelling on duty.

(*f*) Coolies engaged in repairing roads, with their tools and instruments.

(*g*) Persons carrying dead bodies or property sent in by the police.

(গ) যত ও যে প্রকার নৌকা রাখিতে হইবে, প্রত্যেক নৌকায় যতজন দাড়ি মাঝি রাখিতে হইবে ও প্রত্যেক নৌকায় অত্যুচ্চ সংখ্যক যত আরোহী জন্তু, ও যান ও যে আয়তনের বা ওজনের মাল লইয়া যাইবার অনুমতি থাকে,

(ঘ) নৌকা যোগাইয়া দিবার ও তাহা সারাইয়া রাখিবার সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(ঙ) নামিবার স্থান ও খেয়ার এক বা দুই পারেই বিশ্রামের ঘর বা পথিকদিগের ঘর থাকিলে তাহার বিধান করণ ও তাহা ভাল করিয়া রাখণ সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(চ) বৎসরের বিশেষ কোন ঋতুতে প্রতি দিন অতিকম যতবার পারাবার করিতে হইবে।

(ছ) যে হারে মাশুল আদায় করিতে হইবে,

(জ) এই বিধির ১৪ ধারার বিধানমতে মাশুল না লইয়া যে যে ব্যক্তি ও দ্রব্য পার করিতে হইবে,

(ঝ) খেয়াঘাটের খাজানা যেং কিস্তিতে দিতে হইবে, এবং

(ঞ) অন্য যেং বিশেষ কথা মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক বিবেচনা করেন।

৭ ধারা। এই বিজ্ঞাপনের এবং বিধির ও আইনের ৯ ধারামতে যে চুক্তিপত্র সম্পাদন করা আবশ্যক তাহার পাঠের একখানি নকল মাজিষ্ট্রেট সাহেবের আফিসের কোন সুপ্রকাশ স্থানে লটকাইয়া দিতে হইবে এবং নীলামের দিনে যথারীতি ঘোষণা করিতে হইবে।

৮ ধারা। নীলামের দিনে যে ইজারদারকে খেয়াঘাট নীলামে বিক্রয় করা হয়, তিনি যে আপন ইজারার সর্ত্তগুলি উপযুক্ত মতে পালন করিবেন ইহা জানিনসরূপ তিন মাসের খাজানার টাকা আমানত করিবেন। কিন্তু যে সকল ক্ষুদ্রং খেয়াঘাটে গবর্ণমেন্ট নৌকা বা ডোঙ্গা যোগাইয়া দেন না তাহাদের বেলা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে এই আমানত না করিলেও চলিবে।

৯ ধারা।—যে সকল স্থলে খেয়াঘাট কেবল এক বৎসর বা এক বৎসরের কোন অংশের জন্য ইজারা দেওয়া যায়, সেই সকল স্থলে যে মুহূর্ত্তে ইজারদারকে খেয়াঘাট নীলাম বিক্রয় করা যায় সেই মুহূর্ত্তেই তিনি ঐ সমুদয় কালের খাজানার নিমিত্তে দায়ী হইবেন। কএক বৎসরের জন্য খেয়াঘাট ইজারা দেওয়া গেলে, প্রতি বৎসরের প্রথম দিবস হইতে ঐ বৎসরের খাজানা দিবার দায়িত্ব জন্মিবে।

১০ ধারা।—আইনের ৯ ধারামতে ইজারদারের প্রতি যে চুক্তিপত্র সম্পাদন করিবার আদেশ হইবে তাহা এই বিধিসংযুক্ত পাঠে লিখিত হইবে। নীলামের তারিখ হইতে দুই মাসের মধ্যে সম্পাদন করা না গেলে মাজিষ্ট্রেট সাহেব খেয়াঘাট পুনরায় নীলাম করিতে পারিবেন।

১১ ধারা।—ইজারদার চুক্তিপত্র সম্পাদন করিবা মাত্র, মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে বিনা মূল্যে এই সকল বিধির এক খানি নকল ও আইনের ১৯ ধারামতে যথারীতি স্বাক্ষরিত অনুমোদিত মাশুলের একখানি নির্ঘণ্টপত্র এবং দুইখানি নোটিস বোর্ড দিবেন। ঐ খেয়াঘাট সম্বন্ধীয় মাশুলের ফর্দ্দ, ইজারদার যত খানি নৌকা চালাইতে বাধ্য, প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি থাকিবে এবং প্রত্যেক নৌকায় অত্যধিক সংখ্যক যত জন আরোহী প্রভৃতি থাকিবার অনুমতি আছে ঐ নোটিস বোর্ডে এই সকল কথা দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া রং দিয়া লেখা থাকিবে। ইজারদার খেয়ার দুই পারেই কোন সুপ্রকাশ স্থানে ঐ নোটিস বোর্ড লাগাইয়া দিবেন এবং উহা উপযুক্ত অবস্থায় রক্ষা করিবেন। ইজারা অতীত হইলে তিনি উহা মাজিষ্ট্রেট সাহেবকে ফিরাইয়া দিবেন।

প্রকাশ্য নীলামে ইজারা দেওয়া খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা বিষয়ক ও উহাতে পারাপারের কার্য্য নিয়মিত করিবার বিধি।

১২ ধারা।—যে সকল আরোহী, যান, জন্তু ও মাল পার হইবার জন্যে খেয়াঘাটে আইসে ইজারদার তাহাদিগকে যত্নপূর্ব্বক সাবধানে ও যত শীঘ্র সম্ভব পার করিয়া দিতে বাধ্য থাকিবেন।

১৩ ধারা।—কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে আইনের ১৮ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব মাশুলের যে হার ধার্য্য করেন সেই হারে মাশুল আদায় করা যাইবে।

১৪ ধারা।—নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্য ইজারদার মাশুল লইবেন না বা দাওয়া করিবেন না—

(ক) ডাক ও ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেন্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়।

(খ) কমিসেরিয়াটের কর্ত্তৃপক্ষের নিকট হইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি জন্তু ও যান।

(গ) সামরিক কর্ত্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক } আপনং প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোঁড়া পালকী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।

(ঘ) পোলীস ও অন্য সরকারী কর্ম্মচারী ও পরওয়ানা জারী কারী পেয়াদা। } আপনং প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোঁড়া পালকী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।

(ঙ) জিলার পথ কার্য্য বিভাগের একসিকিউটিব কর্ম্মচারী রাজ কার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।

(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃতদেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

Rule 15.—The lessee shall not charge or demand tolls from persons who wade or swim across, or take cattle or other animals or property across at their own cost and risk, or from persons who cross themselves, or take other persons across without charge, in their own boats.

Rule 16.—The ferry shall ordinarily ply between sunrise and sunset; but the lessee may employ the boats in ferrying passengers across at any time after sunset, provided each boat so employed carries a light, which must be displayed in a conspicuous part of the boat.

Rule 17.—The Magistrate may, if necessary, fix the times for the crossing of the mails and dâk-runners, and may, as occasion arises, vary such times. He shall in all such cases give notice in writing to the lessee of the times at which the mails are to be ferried over, and it shall thereupon become the duty of the lessee to see that arrangements are specially made for the crossing of the mails immediately on their arrival at the ferry ghât, and that no delay is allowed to occur in their transit.

Rule 18.—The lessee shall provide and keep in proper order, to the satisfaction of the Magistrate, the landing-stages on both sides of the ferry, and shall move them when necessary according to the rise and fall of the water. He shall also provide proper rest-houses or travellers' sheds on the banks of the ferry as required by the Magistrate, and shall make all proper arrangements and provide all suitable accommodation on the ferry-boats for passenger and goods traffic. He shall also keep in such order the slopes or approaches for a distance not exceeding 100 feet.

Rule 19.—The lessee shall mark on each boat in oil-paint the number of passengers, animals, and vehicles, and the bulk and weight of other things it is authorised to carry at a single trip.

Rule 20.—When any ferry which has been leased for a given period is discontinued under the orders of the Magistrate before the expiry of that period, the lessee shall be allowed a deduction in the rent payable for the unexpired portion of the term of the lease. If it be shown to the satisfaction of the Magistrate that the lessee has suffered any loss consequent on the discontinuance of the ferry, the Magistrate may allow him such compensation as he think is deserved. But if the discontinuance of the ferry is due to the lowness of water in the river, no compensation should be allowed to the lessee.

Rule 21.—In the event of the ferry being discontinued before the expiry of the lease either by order of the Magistrate or otherwise, all persons who have compounded for the tolls for its use shall be entitled to receive a refund calculated as in Rule 4, and unless the claims of all such persons have been satisfied by the lessee, the Magistrate shall have authority to satisfy the claims out of the deposit made by the lessee under Rule 8.

Rule 22.—The lessee shall furnish to any police officer or other person empowered by the Magistrate, all information in his power regarding suspicious persons or classes of persons who may have been, or may come to be, ferried over.

Rule 23.—The lessee shall be bound to furnish such returns of traffic as may from time to time be called for by an order in writing by the Magistrate, and for this purpose he shall keep up a register of traffic in the form to be prescribed by the Magistrate.

Rule 24.—If the lessee desires to establish communication across the ferry by means of a bridge of any kind, he shall first obtain the sanction, in writing, of the Magistrate, and shall, on obtaining such sanction, carry out any orders which the Magistrate may make, regarding the opening of such bridge for the through passage of vessels and rafts. Such bridge shall on no account obstruct the free passage of the stream.

Rule 25.—The Magistrate may at any time require the lessee to repair or replace any boat which he considers to be in a dangerous state of disrepair, and the lessee shall thereupon be bound to repair or replace it as directed. And if the lessee fails to carry out the work the Magistrate may cause the same to be done and recover the cost in the same manner as other public demands.

Rule 26.—Police officers will report at once to the Magistrate of the District any instance of mismanagement of a public ferry, the insecurity of the boats, landing-stages, slopes or approaches, and any other defect in the working of the ferry which may come to their notice.

Rule 27.—The ferry boats belonging to any public ferry shall not be plied when the current, wind or state of the weather is such as to render the crossing unsafe and endanger the lives of the passengers.

১৫ ধারা।—যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায় অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, ইজারদার তাহাদের নিকট মাসুল লইবেন না বা দাওয়া করিবেন না।

১৬ ধারা।—খেয়া সাধারণতঃ সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে চলিবে, কিন্তু ইজারদার সূর্য্যাস্তের পর কোন সময়েও আরোহী পারাপার করিবার জন্য খেয়ার নৌকা চালাইতে পারিবেন, পরন্তু তাহা হইলে ঐরূপে প্রত্যেক যে নৌকা চালান যায় তাহার কোন সুপ্রকাশ স্থানে একটী আলোক রাখিয়া দেখাইতে হইবে।

১৭ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক হইলে ডাক ও ডাকহরকরা পারাপার করিবার জন্য সময় স্থির করিয়া দিতে এবং প্রয়োজন হইলে ঐ সময় পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তিনি এইরূপ সকল স্থলে যেং সময়ে ডাক পার করিতে হইবে ইজারদারকে তাহার লিখিত নোটিস দিবেন। তাহা হইলে খেয়াঘাটে ডাক পহুঁছিবার অব্যবহিত পরেই যাহাতে তাহা পার করিয়া দিবার বিশেষ বন্দোবস্ত করা হয় এবং পার করিবার সময়ে কোন বিলম্ব হইতে না দেওয়া হয় ইজারদারের ইহা দেখা কর্ত্তব্য হইবে।

১৮ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ছন্দোমতে ইজারদার খেয়াঘাটের উভয় পারেই নামিবার স্থানের বিধান করিবেন ও তাহা উপযুক্ত অবস্থায় রাখিবেন এবং জলের হ্রাস ও বৃদ্ধি অনুসারে আবশ্যকমতে তাহা সরাইয়া দিবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশমতে খেয়াঘাটের তটে তিনি উপযুক্ত বিশ্রামের ঘর বা পথিকদের ঘর করিয়া দিবেন এবং আরোহী ও মাল লইয়া যাইবার জন্য খেয়ার নৌকার উপযুক্ত বন্দোবস্ত ও যথোপযুক্ত স্থান করিয়া দিবেন। তিনি ১০০ ফুটের অনধিক দূর পর্য্যন্ত ঢালু স্থান ও ঘাটে আসিবার পথ উক্তরূপ উপযুক্ত অবস্থায় রাখিবেন।

১৯ ধারা।—ইজারদার প্রত্যেক নৌকায় যত আরোহী, জন্তু ও যান ও যে আয়তন ও ওজনের অন্য দ্রব্য একবারে লইয়া যাইবার অনুমতি থাকে তাহা ঐ নৌকায় চিহ্ন করিয়া দিবেন।

২০।—কোন নির্দ্দিষ্ট কালের জন্য যে খেয়াঘাটের ইজারা দেওয়া হইয়াছে তাহা উক্ত কাল অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বন্ধ করিয়া দেওয়া গেলে, ইজারদার ইজারার অবশিষ্ট কালের নিমিত্তে দেয় খাজানা হইতে বাদ পাইবেন। খেয়াঘাট বন্ধ করিয়া দেওয়াতে ইজারদারের কোন ক্ষতি হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেবের ছন্দোমতে ইহা দেখান গেলে, মাজিষ্ট্রেট সাহেব যে ক্ষতি পূরণ দেওয়া উপযুক্ত বিবেচনা করেন ইজারদারকে তাহা দিতে পারিবেন। কিন্তু নদীর জল কমিয়া যাওয়াতে খেয়া বন্ধ হইলে ইজারদারকে ক্ষতি পূরণ দেওয়া যাইবে না।

২১ ধারা।—ইজারা অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বা প্রকারান্তরে খেয়াঘাট বন্ধ করিয়া দেওয়া গেলে, খেয়া ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে যাঁহারা এককালীন চুক্তি করিয়াছেন তাঁহারা ৪ ধারামতে হিসাব করিয়া টাকা ফেরত পাইবার স্বত্ববান হইবেন, এবং ইজারদার ঐরূপ সকল ব্যক্তির দাওয়া শোধ করিয়া না দিয়া থাকিলে, তিনি ৮ ধারামতে যে টাকা আমানত করেন তাহাহইতে মাজিষ্ট্রেট সাহেব ঐ সকল দাওয়া শোধ করিতে পারিবেন।

২২ ধারা।—যে ব্যক্তিদের বা যে শ্রেণীর ব্যক্তিদের বিষয়ে বিশেষসন্দেহ থাকে তাহারা পার হইয়া থাকিলে বা পার হইবার জন্যে আসিলে ইজারদার কোন পোলীস কর্ম্মচারিকে অথবা মাজিষ্ট্রেট কর্ত্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তিকে তাহাদের সম্বন্ধে সাধ্যমত সমস্ত সন্ধান জানাইবেন।

২৩ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব সময়েং লিখিত আজ্ঞা দ্বারা পারাবারের কার্য্য সম্বন্ধীয় যে সকল চাহেন ইজারদার রিট তাহা দিতে বাধ্য থাকিবেন এবং এই নিমিত্তে তিনি মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্ট পাঠে উক্ত কার্য্যের একখানি রেজিষ্টরী রাখিবেন।

২৪ ধারা।—ইজারদার কোন প্রকার সেতু দ্বারা খেয়ার উপর দিয়া যাতায়াতের পথ করিবার ইচ্ছা করিলে তিনি অগ্রে মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি লইবেন এবং অনুমতি পাইলে উক্ত সেতুর ভিতর দিয়া নৌকাদি ও দাঁড় যাইবার জন্য উহা যেরূপে খুলিতে হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেব যে কোন আজ্ঞা করেন তদনুযায়ী কার্য্য করিবেন। উক্ত সেতুর দ্বারা কোন প্রকারেই নদী দিয়া অবাধে গমনাগমনের বাধা জন্মাইতে দেওয়া হইবে না।

২৫ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব কোন নৌকা আশঙ্কাজনক বেমেরামতী অবস্থায় আছে বিবেচনা করিলে যে কোন সময়ে ইজারদারের প্রতি তাহা মেরামত করিবার বা বদলাইয়া দিবার জন্য আদেশ করিতে পারিবেন। তাহা হইলে ইজারদার ঐ আদেশমতে তাহা মেরামত করিতে বা বদলাইয়া দিতে বাধ্য হইবেন। ইজারদার সেই কার্য্য করিতে ত্রুটি করিলে মাজিষ্ট্রেট সাহেব তাহা করাইয়া দিতে ও অন্যান্য রাজকীয় প্রাপ্যের ন্যায় সেই খরচ আদায় করিয়া লইতে পারিবেন।

২৬ ধারা।—কোন সরকারী খেয়াঘাটের কোন বেবন্দোবস্ত, বা নৌকাগুলির বা নামিবার স্থানের বা ঢালু স্থানের বা খেয়াঘাটে যাইবার পথের আশঙ্কাজনক অবস্থা, অথবা খেয়াঘাটের কার্য্য চালাইবার সম্বন্ধে কোন ত্রুটি দেখিতে পাইলে পোলীসের কর্ম্মচারিরা তাহা মাজিষ্ট্রেট সাহেবের নিকট তৎক্ষণাৎ রিপোর্ট করিবেন।

২৭ ধারা।—স্রোত, বায়ু বা আকাশের অবস্থা বিবেচনায় যখন পার করায় বিঘ্ন ও আরোহীদের প্রাণের আশঙ্কা আছে দেখা যায় তখন সরকারী খেয়াঘাটের কোন খেয়ার নৌকা চালান যাইবে না।

Rule 28.—A register in the following form, showing the demand and collection on account of rents payable for tolls of public ferries, shall be kept up by the Magistrate:—

Receipts an account of ferry , farmed by at an annual rent of Rs.
[Signature of officer holding sales.]

Serial number.	Details of payments.	Amount.	Amount.	PAYMENT.				REMARKS.
				Date.	Number of challan.	Initials of Magistrate or Vice-Chairman.	Initials of Treasury officer.	
		Rs.	Rs.					

Rule 29.—A quarterly statement shall also be kept showing the demand, collection and arrears up to date on account of rents for public ferries.

Form of Agreement.

The Secretary of State for India in Council doth hereby lease to me hereinafter called the lessee, son of
resident of mouzah , pergunnah , thana ,
district ; and I, the said lessee, do hereby, take the lease of the public ferry across the river , and situated on the road from to at the rent of Rs.
upon and under the following terms and conditions, viz.—

1. I, the lessee, have deposited with the intent that the Magistrate shall hold the same, until the determination of the lease, as partial security for the due performance by me of the stipulations herein contained, and for the observance by me of the provisions of the Bengal Ferries Act I (B.C.) of 1885, and the rules framed under it, and may deduct therefrom any rent which may become due, or penalties which may be awarded under sections 23, 24, and 25 of the said Act.

2. I, the lessee, do hereby acknowledge to have received a copy of the rules under section 15 of the Act aforesaid, and to be aware of the provisions of section 10 of the Act, under which I am legally bound to conform to them. I also acknowledge to have received a list of the tolls to be levied at the ferry.

3. The lease to me is to be for , namely, from the to the , and during this period I shall be bound to ply the ferry from the to the every year.

4. I hereby agree—

(*a*) (to provide boats for the ferry and) to keep the boats (provided by the Magistrate for the ferry) in proper repair;
(*b*) to employ a crew of men on each boat;
(*c*) to make arrangements that the boats shall start at the hours from the landing places;
(*d*) to (provide and) keep in order the landing-stages and slopes or approaches on both banks of the river.

5. I shall not charge or demand tolls for ferrying over—

(*a*) Mails, mail-carts, dâk-runners and Government telegraph messengers on duty.
(*b*) Commissariat stores, animals and vehicles, when accompanied by a challan from the Commissariat officer.

২৮ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব সরকারী খেয়াঘাটের মাসুলের জন্য দেয় খাজানার তলব ও আদায় প্রদর্শক নিম্নলিখিত পাঠে একখানি রেজিষ্টরী রাখিবেন।

বার্ষিক টাকা খাজানায় অমুক কর্ত্তৃক ইজারা দেওয়া অমুক খেয়াঘাটের হিসাবে আয়।
[নীলামকারি কর্ম্মচারির স্বাক্ষর।]

[illegible]	টাকা দিবার বিশেষ বিবরণ।	যত টাকা।	টাকা দেওন।				খাজানা, থানার কর্ত্তৃপক্ষের নামের আদ্যক্ষর।	মন্তব্য।
			যত টাকা।	তারিখ।	চালানের নম্বর।	মাজিষ্ট্রেট বা প্রতিনিধি সভাপতির নামের আদ্যক্ষর।		
		টাকা।	টাকা।					

২৯ ধারা।—সরকারী খেয়াঘাটের খাজানার হিসাবে হাত নাগাইদতলব, আদায় ও বাকী প্রদর্শক। একখানি ত্রৈমাসিক বর্ণনাপত্রও রাখিতে হইবে।

চুক্তিপত্রের পাঠ।

অমুক জিলার অমুক থানার অমুক পরগনার অমুক মৌজাবাসি অমুকের পুত্র (যাহাকে পরে ইজারদার বলিয়া লেখা হইয়াছে) আমি শ্রীঅমুককে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব অমুক স্থান হইতে অমুক স্থানগামী পথে স্থিত অমুক নদীর সরকারী খেয়াঘাট এত টাকা——— খাজানায় নিম্নলিখিত নিয়ম ও সর্ত্তে এতদ্দ্বারা ইজারা দিলেন এবং উক্ত ইজারদার আমি উক্ত সরকারী খেয়াঘাটের ইজারা এতদ্দ্বারা গ্রহণ করিতেছি, অর্থাৎ—

১। ইজারদার আমি এত টাকা এই অভিপ্রায়ে আমানত করিয়াছি যে, মাজিষ্ট্রেট সাহেব যাবৎ এই ইজারা শেষ না হয় তাবৎ আমার কর্ত্তৃক এই চুক্তিপত্রের লিখিত সকল নিয়মের উপযুক্তমতে কার্য্য হইবার আংশিক জামিনস্বরূপ ও বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ও ঐ আইনমতে প্রণীত বিধির বিধানগুলি আমার কর্ত্তৃক পালিত হইবার নিমিত্ত ঐ টাকা রাখিবেন এবং কোন খাজানা প্রাপ্য হইলে অথবা উক্ত আইনের ২৩, ২৪ ও ২৫ ধারামতে কোন অর্থদণ্ড বিধান করা গেলে তাহা ঐ টাকা হইতে কাটিয়া লইতে পারিবেন।

২। ইজারদার আমি পূর্ব্বোক্ত আইনের ১৫ ধারানুযায়ী বিধির একখানি নকল পাইয়াছি বলিয়া এবং ঐ আইনের ১০ ধারার যে বিধানানুসারে আমি আইনমতে উক্ত বিধিমতে কার্য্য করিতে বাধ্য তাহা জানি বলিয়া এতদ্দ্বারা স্বীকার করিতেছি। আরো খেয়াঘাটে যে মাসুল আদায় করা যাইবে তাহার একখানি ফর্দ্দ পাইয়াছি স্বীকার করিতেছি।

৩। আমার ইজারা এতকালের জন্য অর্থাৎ অমুক তারিখ হইতে অমুক তারিখ পর্য্যন্ত হইবে এবং এই কালের মধ্যে আমি প্রতি বৎসর অমুক তারিখ হইতে অমুক তারিখ পর্য্যন্ত খেয়া চালাইতে বাধ্য থাকিব।

৪। আমি এতদ্দ্বারা নিম্নলিখিত নিয়ম করিতেছি।—

(ক) (খেয়াঘাটের নিমিত্ত এতখান নৌকা যোগাইয়া দিবার ও) নৌকাগুলি (যাহা খেয়াঘাটের নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব যোগাইয়া দেন) উপযুক্তরূপ মেরামত করিয়া রাখিবার নিয়ম;

(খ) প্রতি নৌকায় এতজন দাঁড়ি মাঝি নিযুক্ত করিবার নিয়ম;

(গ) নামিবার স্থান হইতে অমুক অমুক ঘণ্টায় খেয়ার নৌকা ছাড়িবার বন্দোবস্ত করিবার নিয়মও

(ঘ) নদীর এক বা উভয় তটে নামিবার স্থান চালু স্থান বা ঘাটে আসিবার পথের (বিধান করিবার ও) তাহা ভাল অবস্থায় রাখিবার নিয়ম।

৫। আমি নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্যে মাসুল লইব না বা দাওয়া করিব না,—

(ক) ডাক, ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেণ্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়।

(খ) কমিসেরিয়াটের কর্ত্তৃপক্ষের নিকট হইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি জন্তু ও যান।

(c) Military officers, soldiers and their followers (d) Magistrate, police and other public officers and process-serving peons	when travelling on duty with their *bonâ fide* baggage, horses, palkies or other conveyances.

(e) Executive officers of the District Road Department when travelling on duty.
(f) Coolies engaged in repairing roads, with their tools and instruments.
(g) Persons carrying dead bodies or property sent in by the police.

6. I shall not charge or demand tolls from persons who wade or swim across, or take cattle or other animals or property across at their own cost and risk, or from persons who cross themselves, or take other persons across without charge, in their own boats.

7. I hereby agree to pay the rent in the following instalments:—

	Rs. A. P.	Date.
1st		
2nd		
3rd		
4th		

But if at any time before the expiry of the period for which the ferry has been leased to me, I be removed therefrom for any breach of the terms and conditions of the lease, or for any wilful breach of any of the rules under section 15 of the Act, I shall be liable to pay rent up to and including the instalment due next after my removal.

8. If the rates of toll are reduced during the currency of my lease, or the exemptions from the payment of it are extended, this agreement is to be modified accordingly. I shall be given a fair opportunity of satisfying the Magistrate as to the effect of the change, and if the terms proposed by him thereafter are not such as I can reasonably accept, I will, according to the law, immediately carry into effect the order reducing the rates of toll, or extending the exemption from payment of it, but will at the same time state the amount of rent I may be willing to pay under the altered circumstances of the case. Should my offer appear to the Magistrate to be inadequate, it shall be competent to him to remove me and place another person in charge of the ferry, and for such time as I remain in charge of the ferry after the issue of the order reducing the rates of tolls, or extending the exemption from payment of it, I shall pay rent in proportion to the amount of the reduction.

9. If I make default in the payment of the rent for the ferry, or of any penalty which may be lawfully imposed, or if I do not observe and perform the covenants herein contained, it shall be lawful for the Magistrate to remove me from the charge of the ferry, and to settle the same with some other person or hold it khas. After such removal I shall not be entitled to any part of the proceeds of the ferry or to levy any toll therefor. And if the rent on re-letting the ferry fall short of the amount at which it was leased to me, and the Government or District Board or Municipality thereby incur loss, I shall be held responsible for such difference or loss, the amount of which may be deducted from my deposit. If the deposit does not cover the loss incurred, the rent due from me, and the amount of tolls refunded by the Magistrate under Rule 21 of the rules under section 15 of the Act, the total amount which is deficient shall be recoverable in the manner set forth in section 12 of the Act.

It shall be lawful for the Magistrate or the District Board (as the case may be) to deduct the amount of rent which I may default to pay from my security deposit, and to direct me to recoup the same within a given time, and on my failure to do so to remove me from the charge of the ferry.

10. I will not assign, sublet or part with the possession of the ferry without the previous consent, in writing, of the Magistrate.

11. I shall not claim any compensation on account of roads being closed for repairs or on account of inundations, or the breaking down of bridges or deficiency of water in the river on which the ferry is situated.

(গ) সামরিক কর্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) ম্যাজিষ্ট্রেট সাহেব পোলীস ও অন্য সরকারী কর্মচারী ও পরওয়ানা জারীকারি পেয়াদা } আপন আপন প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোঁড়া, পাল্কী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(ঙ) জিলার পথকার্য্য বিভাগের এক্সেকিটিব কর্মচারী রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।
(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সমেত।
(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃত দেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

৬। যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায়, অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, আমি তাহাদের নিকট মাসুল লইব না বা দাওয়া করিব না।

৭। আমি এতদ্দ্বারা নিম্নলিখিত কিস্তিমতে খাজানা দিবার নিয়ম করিতেছি—

	টাকা	আনা	পাই	তারিখ
প্রথম ...	...	...		
দ্বিতীয় ...	...	...		
তৃতীয় ...	...	...		
চতুর্থ ...	...	...		

কিন্তু যে কালের জন্য আমাকে খেয়াঘাট ইজারা দেওয়া হইয়াছে তাহা অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে এই ইজারার কোন নিয়ম ও সর্ত্ত লঙ্ঘন নিমিত্তে অথবা আইনের ১৫ ধারামত বিধির মধ্যে কোন বিধি ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন নিমিত্তে যদি আমাকে খেয়ার কার্য্য হইতে অপসারিত করা হয় তাহা হইলে আমাকে অপসারিত করিবার ঠিক পরেই যে কিস্তি দেয় হয় তাহা পর্য্যন্ত ও তাহা সুদ্ধ খাজানা দিতে আমি দায়ী থাকিব।

৮। আমার ইজারা চলিবার মধ্যে যদি মাসুলের হার কমান হয় অথবা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়ান যায়, তবে এই চুক্তিপত্র তদনুসারে পরিবর্ত্তিত হইবে। ঐ পরিবর্ত্তনের ফল কি হইবে তৎসম্বন্ধে ম্যাজিষ্ট্রেট সাহেবের বোধ জন্মাইবার জন্য আমাকে ন্যায়মতে সুযোগ করিয়া দিতে হইবে, এবং যদি তাহার পর তাঁহার প্রস্তাবিত সর্ত্ত এরূপ হয় যে আমি তাহাতে যুক্তিসঙ্গতরূপে সম্মত হইতে না পারি, তাহা হইলে, আইনানুসারে আমি মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা অবিলম্বে ফলবৎ করিব, কিন্তু সেই সময়েই উক্ত পরিবর্ত্তন হেতুক যত টাকা খাজানা দিতে ইচ্ছা করি তাহাও বলিব। ম্যাজিষ্ট্রেট সাহেব আমার প্রস্তাব উপযুক্ত নহে বিবেচনা করিলে আমাকে অপসারিত করিয়া অন্য ব্যক্তিকে খেয়াঘাটের কার্য্যভার অর্পণ করিতে পারিবেন, এবং মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা বাহির হইবার পর যতকাল আমি খেয়াঘাটের ভারপ্রাপ্ত থাকি তত কালের জন্য যে পরিমাণে মাসুলের হার কম করা হয় সেই পরিমাণ আমি কম খাজানা দিব।

৯। যদি আমি খেয়াঘাটের খাজানা অথবা আইনমতে নির্দ্ধারিত কোন অর্থদণ্ড দিতে ত্রুটি করি অথবা এই চুক্তিপত্রের লিখিত কোন নিয়ম পালন ও তদনুসারে কার্য্য না করি তাহা হইলে ম্যাজিষ্ট্রেট সাহেব আমাকে খেয়াঘাটের কার্য্যভার হইতে অপসারিত করিয়া অন্য কোন ব্যক্তির সহিত উহার বন্দোবস্ত করিতে অথবা খাস রাখিতে পারিবেন। ঐরূপে অপসারিত হইলে পর আমি খেয়াঘাটের আয়ের কোন অংশ পাইবার অথবা খেয়াঘাটের জন্য কোন মাসুল আদায় করিবার স্বত্ববান হইব না। এবং যদি খেয়াঘাট যে খাজানায় পুনর্ব্বার ইজারা দেওয়া যায় তাহা আমাকে যত টাকায় ইজারা দেওয়া হইয়াছিল তদপেক্ষা কম হয় ও তাহাতে গবর্ণমেণ্টের কিম্বা জিলা বোর্ডের বা মুনিসিপালিটীর ক্ষতি হয়, তবে ঐ বৈলক্ষণ্য বা ক্ষতির জন্য আমি দায়ী হইব ও যত টাকা বৈলক্ষণ্য বা ক্ষতি হয় তাহা আমার আমানতী টাকা হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে। যত টাকা ক্ষতি হইল আমার নিকট প্রাপ্য খাজানা ও আইনের ১৫ ধারানুযায়ী বিধির ২১ ধারামতে ম্যাজিষ্ট্রেট সাহেব যত টাকা মাসুল ফেরত দিলেন তৎসমুদয় যদি আমানতী টাকায় না কুলায় ত তাহা হইলে কমতী টাকা আইনের ১২ ধারার লিখিত প্রকারে আদায় করা যাইতে পারিবে।

আমি খাজানার যে টাকা দিতে ত্রুটি করি তৎপরিবর্ত্তে ম্যাজিষ্ট্রেট সাহেব বা জিলাবোর্ড তাহা আমার জামিনীস্বরূপ আমানতী টাকা হইতে কাটিয়া লইতে পারিবেন এবং নির্দ্দিষ্ট কালের মধ্যে ঐ টাকা পূরণ করিয়া দিবার আদেশ করিতে পারিবেন ও আমি ঐ টাকা পূরণ না করিলে খেয়াঘাটের কার্য্যভার হইতে আমাকে অপসৃত করিতে পারিবেন।

১০। আমি ম্যাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি অগ্রে না লইয়া খেয়াঘাট কাহারো জিম্মা করিয়া দিব না অথবা উহার দর ইজারা দিব না বা উহার দখল ছাড়িব না।

১১। মেরামতের জন্য রাস্তা বন্ধ হইয়াছে বা বন্যা হইয়াছে বা সেতু ভাঙ্গিয়া গিয়াছে বা যে নদীতে খেয়াঘাট আছে তাহার জল কমিয়া গিয়াছে বলিয়া আমি ক্ষতিপূরণের দাবী করিব না।

NOTIFICATION.

The 25th October 1888.—The following rules, framed by the Magistrate of Howrah, with the approval of the Commissioner of the Burdwan Division, under section 15 of the Bengal Ferries Act, I (B.C.) of 1885, have been accepted by the Lieutenant-Governor, and are published for general information.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

RULES UNDER SECTION 15, ACT I (B.C.) OF 1885, FOR THE DISTRICT OF HOWRAH.

Rule 1.—In these rules the term "Magistrate" includes—

(*a*) the District Magistrate of Howrah, and any Magistrate subordinate to him and appointed by him in that behalf;

(*b*) the District Board of Howrah in respect of any public ferry, the management of which has been vested in it under section 35 of Act I (B.C.) of 1885; and any Local Board in the district of Howrah when legally vested with powers in respect of any public ferry by the District Board of Howrah.

Rule 2.—Every public ferry in the district of Howrah shall either be held khas by the Magistrate, or be leased by public auction.

Rules for the management of public ferries held khas.

Rule 3.—For every public ferry which is held khas, the Magistrate shall from time to time—

(*a*) provide such boats, landing-stage, rest-houses, and other appliances as he shall think proper;

(*b*) appoint a suitable person to superintend the plying of the ferry, provide and pay boatmen, receive the authorised tolls, and remit the same to the treasury;

(*c*) fix, with the approval of the Commissioner, the tolls to be levied from persons using the ferry;

(*d*) cause a schedule of such tolls, legibly painted in oil-paint in the vernacular, to be fixed up at every landing-place;

(*e*) determine the maximum number of passengers, animals, carts, vehicles, and goods which each ferry-boat shall carry, and cause a notice to this effect to be affixed to each boat;

(*f*) determine the hours within which the boats shall ply, and the minimum number of journeys to be made every day;

(*g*) provide for the prompt conveyance of the mails at all times across the ferry.

Rule 4.—Any person may compound for tolls payable for the use of the ferry; and if the ferry should be closed before the expiry of the period for which such person has compounded for tolls payable for its use, he shall be entitled to a refund, the amount of which shall bear the same proportion to the whole sum paid by him as the period remaining bears to the whole period for which he compounded. Such refund shall be made under the orders of the Magistrate.

Rules for leasing out ferries.

Rule 5.—When it has been determined to lease the tolls of any public ferry by auction under section 9 of Act I (B.C.) of 1885, the Magistrate shall, at least 30 days before the auction is held, cause an advertisement of such auction to be published, both in English and in the vernacular, in such place and in such manner as to him shall seem expedient.

(*a*) Such auction may be adjourned from day to day by notice given in open court without the issue of any fresh advertisement.

Rule 6.—The advertisement shall specify—

(*a*) the time and place of the sale;

(*b*) the period for which the ferry is to be leased, and the dates between which the lessee shall be bound to ply the ferry every year;

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১৫ অক্টোবর।—বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারামতে বর্দ্ধমান খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমোদনসহকারে হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবের প্রণীত নিম্নলিখিত বিধি শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক গ্রাহ্য হওয়াতে, তাহা সাধারণের অবগতির নিমিত্তে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হাবড়া জিলার নিমিত্ত ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারামত বিধি।

১ ধারা।—এই বিধিতে " মাজিষ্ট্রেট" শব্দে নিম্নলিখিত ব্যক্তিও গণ্য।

(ক) হাবড়া জিলার মাজিষ্ট্রেট ও তাঁহার অধীন যে কোন মাজিষ্ট্রেটকে তিনি তদর্থে নিযুক্ত করেন তিনি,

(খ) ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ৩৫ ধারামতে যে সরকারী খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা হাবড়ার জিলা বোর্ডের প্রতি অর্পিত হইয়াছে সেই সরকারী খেয়াঘাট সম্পর্কে ঐ জিলাবোর্ড এবং হাবড়ার জিলা বোর্ড কর্ত্তৃক কোন সরকারী খেয়াঘাট সম্পর্কে হাবড়ার জিলার অন্তর্গত কোন স্থানীয় বোর্ড আইনমতে ক্ষমতা প্রাপ্ত হইলে সেই স্থানীয় বোর্ড।

২ ধারা।—হাবড়া জিলার অন্তর্গত প্রত্যেক সরকারী খেয়াঘাট হয় মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক খাসে রাখা যাইবে নয় প্রকাশ্য নীলাম ইজারা দেওয়া যাইবে।

যে সকল সরকারী খেয়াঘাট খাসে থাকে তাহার কার্য্যাধ্যক্ষতা বিষয়ক বিধি।

৩ ধারা।—যে প্রত্যেক সরকারী খেয়াঘাট খাসে থাকে তন্নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব সময়ে২—

(ক) যেরূপ সকল নৌকা, নামিবার স্থান বিশ্রামের ঘর ও অন্য সরঞ্জামাদির বিধান করা উচিত বোধ করেন তদ্রূপ বিধান করিবেন।

(খ) খেয়ার নৌকার পারাপার কার্য্যের তত্ত্বাবধান করিবার জন্য একজন উপযুক্ত লোক নিযুক্ত করিবেন, দাঁড়ি মাঝি যোগাইবেন ও তাহাদের বেতন দিবেন, অনুমোদিত মাসুল গ্রহণ করিবেন, ও তাহা খাজানাখানায় পাঠাইয়া দিবেন।

(গ) কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে ঐ খেয়ার যাতায়াতকারি ব্যক্তিদের নিকট যে মাসুল আদায় করিতে হইবে তাহা ধার্য্য করিবেন।

(ঘ) দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া রংদিয়া লিখিত ঐ মাসুলের একখানি ফর্দ্দ দুই পারেরই নামিবার স্থানে লাগাইয়া দিবেন।

(ঙ) খেয়ার প্রত্যেক নৌকায় অত্যুচ্চ যে সংখ্যক আরোহী, জন্তু, গরুর গাড়ী, যান ও মাল লইয়া যাওয়া যাইবে তাহা স্থির করিয়া দিবেন ও ঐ মর্ম্মের এক নোটিস প্রত্যেক নৌকায় লাগাইয়া দিবেন।

(চ) যে যে ঘন্টার মধ্যে নৌকা যাতায়াত করিবে ও প্রতিদিন অতি কম যত বার পারাপার করিতে হইবে তাহা স্থির করিয়া দিবেন।

(ছ) সকল সময়েই ডাক লইয়া সত্বর পারাপার করিবার বিধান করিবেন।

৪ ধারা।—কোন ব্যক্তি খেয়াঘাট ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে এককালীন চুক্তি করিতে পারিবেন, এবং যে কালের জন্য ঐরূপ চুক্তি করিয়াছেন তাহা অতীত হইবার পূর্ব্বে ঐ খেয়াঘাট বন্ধ করা গেলে তিনি টাকা ফেরত পাইবার অধিকারী হইবেন। সমুদয় যে কালের জন্য তিনি চুক্তি করিলেন বাকী কাল সেই কালের যে অংশ যত টাকা তাঁহার প্রদত্ত সমুদয় টাকার সেই অংশ হয় তিনি তত টাকা ফেরত পাইবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশক্রমে ঐরূপ ফেরত টাকা দেওয়া যাইবে।

খেয়াঘাট ইজারা দেওন বিষয়ক বিধি।

৫ ধারা।—১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ৯ ধারামতে কোন সরকারী খেয়াঘাটের মাসুল নীলামক্রমে ইজারা দেওয়া যাইবে স্থির করা গেলে, মাজিষ্ট্রেট সাহেব নীলাম হইবার অন্ততঃ ৩০ দিন পূর্ব্বে যে স্থানে ও যে প্রকারে বিহিত বোধ করেন, সেই স্থানে ও সেই প্রকারে ইংরাজী ও দেশীয় ভাষায় ঐ নীলামের এক বিজ্ঞাপন প্রকাশ করাইবেন।

(ক) নূতন কোন বিজ্ঞাপন প্রচার না করিয়া প্রকাশ্য আদালতে পরদিনের নোটিস দিয়া উক্ত নীলাম স্থগিত রাখিতে পারিবেন।

৬ ধারা।—ঐ বিজ্ঞাপনে এই২ কথা নির্দ্দেশ থাকিবে—

(ক) যে সময়ে ও স্থানে নীলাম হইবে,

(খ) যে কালের জন্য খেয়াঘাট ইজারা দিতে হইবে, ও প্রতি বৎসর যে২ তারিখের মধ্যে ইজারদার খেয়া চালাইতে বাধ্য হইবেন।

(c) the number and description of the boats to be maintained, the strength of the crew to be employed on each, and the maximum number of passengers, animals, vehicles, and the bulk or weight of goods each is authorised to carry;
(d) the liability or otherwise of the lessee to provide the boats and to keep them in repair;
(e) the liability or otherwise of the lessee to provide and keep in order the landing-stages and the rest-houses or travellers' sheds, if any, at either or both termini of the crossing;
(f) the minimum number of crossings to be made daily at any particular season of the year;
(g) the rate of tolls to be levied;
(h) the persons and things to be ferried over free of toll as provided in Rule 14;
(i) the instalments in which the rent for the ferry is to be paid; and
(j) such other particulars as the Magistrate shall consider necessary.

Rule 7.—A copy of the advertisement, and of the Rules and the Form of Agreement required to be executed under section 9 of the Act, shall be posted up in a conspicuous place in the Magistrate's office, and shall be duly notified on the day of the auction.

Rule 8.—On the day of the auction, the lessee to whom the ferry has been knocked down, shall deposit one quarter's rent as security for the due fulfilment by him of the conditions of his lease. This deposit may, however, at the discretion of the Magistrate, be dispensed with in the case of small ferries in which boats or canoes are not provided by Government.

Rule 9.—In cases in which the ferry is leased for only a year, or part of a year, the lessee shall be held liable for the rent for the entire period the moment the ferry has been knocked down to him. In cases in which the ferry is leased for a number of years, the liability for each year's rent shall accrue from the first day of the year.

Rule 10.—The contract which the lessee will be required to execute under section 9 of the Act shall be in the form appended to these rules. If not executed within two months from date of sale, the Magistrate may re-sell the ferry.

Rule 11.—As soon as the contract has been executed by the lessee, the Magistrate shall furnish him, free of charge, with a copy of these rules, a list of the authorised tolls duly signed under section 19 of the Act, and two notice-boards having legibly painted on them in oil-paint in the vernacular the schedule of tolls applicable to the ferry, the number of boats which the lessee is bound to keep plying, the number of men by whom each boat is to be manned, and the maximum number of passengers, &c., each boat is allowed to carry. The notice-boards shall be fixed by the lessee in a conspicuous place at both ends of the ferry, and shall be kept by him in a proper condition. On the expiry of his lease, they shall be returned by him to the Magistrate.

Rules for the management of ferries leased by public auction, and for regulating their traffic.

Rule 12.—The lessee shall be bound to ferry over diligently, carefully, and with the least possible delay, all passengers, vehicles, animals, and goods which may come to the ferry ghât to be ferried over.

Rule 13.—The rate of tolls to be levied shall be those fixed by the Magistrate, with the approval of the Commissioner, under section 18 of the Act.

Rule 14.—The lessee shall not charge or demand tolls for ferrying over—

(a) Mails, mail-carts, dâk-runners, and Government telegraph messengers on duty.
(b) Commissariat stores, animals, and vehicles, when accompanied by a challan from the Commissariat officer.
(c) Military officers, soldiers, and their followers
(d) Police and other public officers and process-serving peons
} when travelling on duty with their *bonâ fide* baggage, horses, palkies, or other conveyances.
(e) Executive officers of the District Road Department when travelling on duty.
(f) Coolies engaged in repairing roads, with their tools and instruments.
(g) Persons carrying dead bodies or property sent in by the police.

Rule 15.—The lessee shall not charge or demand tolls from persons who wade or swim across, or take cattle or other animals or property across at their own cost and risk, or from

(গ) যত ও যে প্রকারের নৌকা রাখিতে হইবে, প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি রাখিতে হইবে ও প্রত্যেক নৌকায় অত্যুচ্চ সংখ্যক যত আরোহী, জন্তু, ও যান ও যে আয়তনের বা ওজনের মাল লইয়া যাইবার অনুমতি থাকে।

(ঘ) নৌকা যোগাইয়া দিবার ও তাহা সারাইয়া রাখিবার সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(ঙ) নামিবার স্থান, ও খেয়ার এক বা দুই পারেই বিশ্রামের ঘর বা পান্থিকদিগের ঘর থাকিলে তাহার বিধান করণ ও তাহা ভাল করিয়া রাখণ সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(চ) বৎসরের বিশেষ কোন ঋতুতে প্রতিদিন অতিকম যত বার পারাবার করিতে হইবে.

(ছ) যে হারে মাসুল আদায় করিতে হইবে,

(জ) এই বিধির ১৪ ধারার বিধানমতে মাসুল না লইয়া যেং ব্যক্তি ও দ্রব্য পার করিতে হইবে,

(ঝ) খেয়াঘাটের খাজানা যে যে কিস্তিতে দিতে হইবে, এবং

(ঞ) অন্য যে যে বিশেষ কথা মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক বিবেচনা করেন।

৭ ধারা।—এই বিজ্ঞাপনের এবং বিধির ও আইনের ৯ ধারামতে যে চুক্তিপত্র সম্পাদন করা আবশ্যক তাহার পাঠের একখানি নকল মাজিষ্ট্রেট সাহেবের আফিসের কোন সুপ্রকাশ স্থানে লটকাইয়া দিতে হইবে এবং নীলামের দিনে যথারীতি ঘোষণা করিতে হইবে।

৮ ধারা।—নীলামের দিনে যে ইজারদারকে খেয়াঘাট নীলামে বিক্রয় করা হয়, তিনি যে আপন ইজারার সর্ত্তগুলি উপযুক্তমতে পালন করিবেন ইহার জামিনস্বরূপ তিন মাসের খাজানার টাকা আমানত করিবেন। কিন্তু যে সকল ক্ষুদ্রং খেয়াঘাটে গবর্ণমেণ্ট নৌকা বা ডোঙ্গা যোগাইয়া দেন না তাহাদের বেলা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে এই আমানত না করিলেও চলিবে।

৯ ধারা।—যে সকল স্থলে খেয়াঘাট কেবল এক বৎসর বা এক বৎসরের কোন অংশের জন্য ইজারা দেওয়া যায়, সেই সকল স্থলে যে মুহূর্ত্তে ইজারদারকে খেয়াঘাট নীলামে বিক্রয় করা যায় সেই মুহূর্ত্তেই তিনি ঐ সমুদয় কালের খাজানার নিমিত্তে দায়ী হইবেন। কএক বৎসরের জন্য খেয়াঘাট ইজারা দেওয়া গেলে, প্রতি বৎসরের প্রথম দিবসহইতে ঐ বৎসরের খাজানা দিবার দায়িত্ব জন্মিবে।

১০ ধারা।—আইনের ৯ ধারামতে ইজারদারের প্রতি যে চুক্তিপত্র সম্পাদন করিবার আদেশ হইবে তাহা এই বিধিসংযুক্ত পাঠে লিখিতে হইবে। নীলামের তারিখ হইতে দুই মাসের মধ্যে সম্পাদন করা না গেলে মাজিষ্ট্রেট সাহেব খেয়াঘাট পুনরায় নীলাম করিতে পারিবেন।

১১ ধারা।—ইজারদার চুক্তিপত্র সম্পাদন করিবামাত্র মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে বিনা মূল্যে এই সকল বিধির একখানি নকল ও আইনের ১৯ ধারামতে যথারীতি স্বাক্ষরিত অনুমোদিত মাসুলের একখানি নির্ঘণ্টপত্র এবং দুইখানি নোটিস বোর্ড দিবেন। ঐ খেয়াঘাট সম্বন্ধীয় মাসুলের কর্দ্দ, ইজারদার যত খান নৌকা চালাইতে বাধ্য, প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি থাকিবে, এবং প্রত্যেক নৌকায় অত্যধিক সংখ্যক যত জন আরোহী প্রভৃতি থাকিবার অনুমতি আছে ঐ নোটিস বোর্ডে এই সকল কথা দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া রং দিয়া লেখা থাকিবে। ইজারদার খেয়ার দুই পারেই কোন সুপ্রকাশ স্থানে ঐ নোটিস বোর্ড লাগাইয়া দিবেন এবং উহা উপযুক্ত অবস্থায় রক্ষা করিবেন। ইজারা অতীত হইলে তিনি উহা মাজিষ্ট্রেট সাহেবকে ফিরাইয়া দিবেন।

প্রকাশ্য নীলামে ইজারা দেওয়া খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা বিষয়ক ও উহাতে পারাপারের কার্য্য নিয়মিত করিবার বিধি।

১২ ধারা।—যে সকল আরোহী, যান, জন্তু ও মাল পার হইবার জন্যে খেয়াঘাটে আইসে ইজারদার তাহাদিগকে যত্নপূর্ব্বক সাবধানে ও যত শীঘ্র সম্ভব পার করিয়া দিতে বাধ্য থাকিবেন।

১৩ ধারা।—কমিশ্যনর সাহেবের অনুমোদনসহকারে আইনের ১৮ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব মাসুলের যে হার ধার্য্য করেন সেই হারে মাসুল আদায় করা যাইবে।

১৪ ধারা।—নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্য ইজারদার মাসুল লইবেন না বা দাওয়া করিবেন না—

(ক) ডাক ও ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেণ্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়।

(খ) কমিসেরিয়াটের কর্ত্তৃপক্ষের নিকট হইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি জন্তু ও যান।

(গ) সামরিক কর্ত্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) পোলীস ও সরকারী অন্যান্য কর্ম্মচারী ও পরওয়ানা জারিকারি পেয়াদা
} আপনং প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোড়া পালকী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।

(ঙ) জিলার পথকার্য্যবিভাগের একসেকিটিব কর্ম্মচারী রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।

(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃতদেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

১৫ ধারা।—যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায় অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা ধরচ

persons who cross themselves, or take other persons across without charge, in their own boats.

Rule 16.—The ferry shall ordinarily ply between sunrise and sunset; but the lessee may employ the boats in ferrying passengers across at any time after sunset, provided each boat so employed carries a light, which must be displayed in a conspicuous part of the boat.

Rule 17.—The Magistrate may, if necessary, fix the times for the crossing of the mails and dâk-runners, and may, as occasion arises, vary such times. He shall in all such cases give notice in writing to the lessee of the times at which the mails are to be ferried over, and it shall thereupon become the duty of the lessee to see that arrangements are specially made for the crossing of the mails immediately on their arrival at the ferry ghât, and that no delay is allowed to occur in their transit.

Rule 18.—The lessee shall provide and keep in proper order, to the satisfaction of the Magistrate, the landing-stages on both sides of the ferry, and shall move them when necessary according to the rise and fall of the water. He shall also provide proper rest-houses or travellers' sheds on the banks of the ferry as required by the Magistrate, and shall make all proper arrangements and provide all suitable accommodation on the ferry-boats for passenger and goods traffic. He shall also keep in such order the slopes or approaches for a distance not exceeding 100 feet.

Rule 19.—The lessee shall mark on each boat in oil-paint the number of passengers, animals, and vehicles, and the bulk and weight of other things it is authorised to carry at a single trip.

Rule 20.—When any ferry which has been leased for a given period is discontinued under the orders of the Magistrate before the expiry of that period, the lessee shall be allowed a deduction in the rent payable for the unexpired portion of the term of the lease. If it be shown to the satisfaction of the Magistrate that the lessee has suffered any loss, consequent on the discontinuance of the ferry, the Magistrate may allow him such compensation as he thinks is deserved. But if the discontinuance of the ferry is due to the lowness of water in the river, no compensation should be allowed to the lessee.

Rule 21.—In the event of the ferry being discontinued before the expiry of the lease, either by order of the Magistrate or otherwise, all persons who have compounded for the tolls for its use shall be entitled to receive a refund calculated as in Rule 4, and unless the claims of all such persons have been satisfied by the lessee, the Magistrate shall have authority to satisfy the claims out of the deposit made by the lessee under Rule 8.

Rule 22.—The lessee shall furnish to any police officer or other person empowered by the Magistrate, all information in his power regarding suspicious persons or classes of persons who may have been, or may come to be, ferried over.

Rule 23.—The lessee shall be bound to furnish such returns of traffic as may from time to time be called for by an order in writing by the Magistrate, and for this purpose he shall keep up a register of traffic in the form to be prescribed by the Magistrate.

Rule 24.—If the lessee desires to establish communication across the ferry by means of a bridge of any kind, he shall first obtain the sanction, in writing, of the Magistrate, and shall, on obtaining such sanction, carry out any orders which the Magistrate may make regarding the opening of such bridge for the through passage of vessels and rafts. Such bridge shall on no account obstruct the free passage of the stream.

Rule 25.—The Magistrate may at any time require the lessee to repair or replace any boat which he considers to be in a dangerous state of disrepair, and the lessee shall thereupon be bound to repair or replace it as directed. And if the leessee fails to carry out the work the Magistrate may cause the same to be done and recove the cost in the same manner as other public demands.

Rule 26.—Police officers will report at once to the Magistrate of the District any instance of mismanagement of a public ferry, the insecurity of the boats, landing-stages, slopes or approaches, and any other defect in the working of the ferry, which may come to their notice.

Rule 27.—The ferry boats belonging to any public ferry shall not be plied when the current, wind, or state of the weather is such as to render the crossing unsafe and endanger the lives of the passengers.

Rule 28.—A register in the following form, showing the demand and collection on account of rents payable for tolls of public ferries, shall be kept up by the Magistrate:—

না লইয়া অন্য ব্যক্তিকে আপনার নৌকায় পার করিয়া দেয়, ইজারদার তাহাদের নিকট মাসুল লইবেন না বা দাওয়া করিবেন না।

১৬ ধারা।—খেয়া সাধারণতঃ সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে চলিবে। কিন্তু ইজারদার সূর্য্যাস্তের পর কোন সময়েও আরোহী পারাপার করিবার জন্য খেয়ার নৌকা চালাইতে পারিবেন, পরন্তু তাহা হইলে ঐরূপে প্রত্যেক যে নৌকা চালান যায় তাহার কোন সুপ্রকাশ স্থানে একটী আলোক রাখিয়া দেখাইতে হইবে।

১৭ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক হইলে ডাক ও ডাকহরকরা পারাপার করিবার জন্য সময় স্থির করিয়া দিতে এবং প্রয়োজন হইলে ঐ সময় পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তিনি এইরূপ সকল স্থলে যেং সময়ে ডাক পার করিতে হইবে ইজারদারকে তাহার লিখিত নোটিস দিবেন। তাহা-হইলে খেয়াঘাটে ডাক পহুঁছিবার অব্যবহিত পরেই যাহাতে তাহা পার করিয়া দিবার বিশেষ বন্দোবস্ত করা হয় এবং পার করিবার সময়ে কোন বিলম্ব হইতে না দেওয়া হয় ইজারদারের ইহা দেখা কর্ত্তব্য।

১৮ ধারা।—মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে তিনি খেয়াঘাটের উভয় পারেই নামিবার স্থানের বিধান করিবেন ও তাহা উপযুক্ত অবস্থায় রাখিবেন এবং জলের হ্রাস ও বৃদ্ধি অনুসারে আবশ্যক মতে তাহা সরাইয়া দিবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশমতে খেয়াঘাটের তটে তিনি উপযুক্ত বিশ্রামের ঘর বা পথিকদের ঘর করিয়া দিবেন এবং আরোহী ও মাল লইয়া যাইবার জন্যে খেয়ার নৌকায় উপযুক্ত বন্দোবস্ত ও যথোপযুক্ত স্থান করিয়া দিবেন। তিনি ১০০ ফুটের অনধিক দূর পর্য্যন্ত চালুস্থান ও ঘাটে আসিবার পথ ও উক্তরূপ উপযুক্ত অবস্থায় রাখিবেন।

১৯ ধারা।—ইজারদার প্রত্যেক নৌকায় যত আরোহী, জন্তু ও যান ও যে আয়তন ও ওজনের অন্য দ্রব্য একেবারে লইয়া যাইবার অনুমতি থাকে তাহা ঐ নৌকায় রংদিয়া চিহ্ন করিয়া দিবেন।

২০ ধারা।—কোন নির্দ্দিষ্ট কালের জন্য যে খেয়াঘাটের ইজারা দেওয়া হইয়াছে উক্ত কাল অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বন্ধ করিয়া দেওয়া গেলে, ইজারদার ইজারার অবশিষ্ট কালের নিমিত্তে দেয় খাজানা হইতে বাদ পাইবেন। খেয়াঘাট বন্ধ করিয়া দেওয়াতে ইজারদারের কোন ক্ষতি হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহা দেখান গেলে, মাজিষ্ট্রেট সাহেব যে ক্ষতিপূরণ দেওয়া উপযুক্ত বিবেচনা করেন ইজারদারকে তাহা দিতে পারিবেন। কিন্তু নদীর জল কমিয়া যাওয়াতে খেয়া বন্ধ হইলে ইজারদারকে ক্ষতিপূরণ দেওয়া যাইবে না।

২১ ধারা।—ইজারা অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বা প্রকারান্তরে খেয়া-ঘাট বন্ধ করিয়া দেওয়া গেলে, খেয়া ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে যাঁহারা এককালীন চুক্তি করিয়াছেন তাঁহারা ৪ ধারামতে হিসাব করিয়া টাকা ফেরত পাইবার স্বত্ববান হইবেন, এবং ইজারদার ঐরূপ সকল ব্যক্তির দাওয়া শোধ করিয়া না দিয়া থাকিলে, তিনি ৮ ধারামতে যে টাকা আমানত করেন তাহাহইতে মাজিষ্ট্রেট সাহেব ঐ সকল দাওয়া শোধ করিতে পারিবেন।

২২ ধারা।—যে ব্যক্তিদের বা যে শ্রেণীর ব্যক্তিদের বিষয়ে বিশেষ সন্দেহ থাকে তাহারা পার হইয়া থাকিলে বা পার হইবার জন্যে আসিলে ইজারদার কোন পোলীস কর্ম্মচারিকে বা মাজিষ্ট্রেট কর্ত্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তিকে তাহাদের সম্বন্ধে তাঁহার সাধ্যমত সমস্ত সন্ধান জানাইবেন।

২৩ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব লিখিত আজ্ঞাদ্বারা সময়েং পারাপারের কার্য্য সম্বন্ধীয় যে সকল রিটর্ণ চাহেন ইজারাদার তাহা দিতে বাধ্য থাকিবেন এবং এই নিমিত্তে তিনি মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্টপাঠে উক্ত কার্য্যের একখানি রেজিষ্টরী রাখিবেন।

২৪।—ইজারদার কোন প্রকার সেতু দ্বারা খেয়ার উপর দিয়া যাতায়াতের পথ করিবার ইচ্ছা করিলে তিনি অগ্রে মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি লইবেন এবং অনুমতি পাইলে উক্ত সেতুর ভিতর দিয়া নৌকাদি ও মাড় যাইবার জন্য উহা যেরূপে খুলিতে হ বে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেব যে কোন আজ্ঞা করেন তদনুযায়ী কার্য্য করিবেন। উক্ত সেতুর দ্বারা কোন প্রকারেই নদী দিয়া অবাধে গমনাগমনের বাধা জন্মাইতে দেওয়া হইবে না।

২৫ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব কোন নৌকা আশঙ্কাজনক বেমেরামতী অবস্থায় আছে বিবেচনা করিলে তাহা মেরামত করিবার বা বদলাইয়া দিবার জন্যে যে কোন সময়ে ইজারদারের প্রতি আদেশ করিতে পারিবেন। তাহা হইলে ইজারদার ঐ আদেশমতে তাহা মেরামত করিতে বা বদলাইয়া দিতে বাধ্য হইবেন। ইজারদার সেই কার্য্য করিতে ত্রুটি করিলে মাজিষ্ট্রেট সাহেব তাহা করাইয়া দিয়া অন্যান্য রাজকীয় প্রাপ্যের ন্যায় সেই খরচ আদায় করিয়া লইতে পারিবেন।

২৬ ধারা।—কোন সরকারী খেয়াঘাটের কোন বেবন্দোবস্ত, বা নৌকাগুলির বা নামিবার স্থানের বা চালু স্থানের বা খেয়াঘাটে যাইবার পথের আশঙ্কাজনক অবস্থা, অথবা খেয়াঘাটের কার্য্য চালাইবার সম্বন্ধে কোন ত্রুটি দেখিতে পাইলে পোলীসের কর্ম্মচারিরা তাহা তৎক্ষণাৎ রিপোর্ট করিবেন।

২৭ ধারা।—স্রোত, বায়ু বা আকাশের অবস্থা বিবেচনায় যখন পার করায় বিঘ্ন ও আরোহিদের প্রাণের আশঙ্কা আছে দেখা যায় তখন সরকারী খেয়াঘাটের কোন খেয়ার নৌকা চালান যাইবে না।

২৮ ধারা—মাজিষ্ট্রেট সাহেব সরকারী খেয়াঘাটের মাসুলের জন্যে দেয় খাজানার তলব ও আদায় প্রদর্শক নিম্নলিখিত পাঠে একখানি রেজিষ্টরী রাখিবেন।

Receipts on account of ferry , farmed by , at an annual rent of Rs.
[Signature of officer holding sales.]

Serial number.	DETAILS OF PAYMENTS.	Amount.	Amount.	PAYMENT.				
				Date.	Number of challan.	Initials of Magistrate or Vice-Chairman.	Initials of Treasury Officer,	REMARKS.
		Rs.	Rs.					

Rule 29.—A quarterly statement shall also be kept showing the demand, collection and arrears up to date on account of rents for public ferries.

Form of Agreement.

The Secretary of State for India in Council doth hereby lease to me , hereinafter called the lessee, son of resident of mouzah , pergunnah , thana , district ; and I, the said lessee, do hereby take the lease of the public ferry across the river , and situated on the road from to at the rent of Rs. upon and under the following terms and conditions, viz.—

1. I, the lessee, have deposited with the intent that the Magistrate shall hold the same until the determination of the lease, as partial security for the due performance by me of the stipulations herein contained, and for the observance by me of the provisions of the Bengal Ferries Act, I (B.C.) of 1885, and the rules framed under it, and may deduct therefrom any rent which may become due, or penalties which may be awarded under sections 23, 24, and 25 of the said Act.

2. I, the lessee, do hereby acknowledge to have received a copy of the Rules under section 15 of the Act aforesaid, and to be aware of the provisions of section 10 of the Act, under which I am legally bound to conform to them. I also acknowledge to have received a list of the tolls to be levied at the ferry.

3. The lease to me is to be for , namely, from the to the , and during this period I shall be bound to ply the ferry from the to the every year.

4. I hereby agree—
 (*a*) (to provide boats for the ferry and) to keep the boats (provided by the Magistrate for the ferry) in proper repair;
 (*b*) to employ a crew of men on each boat;
 (*c*) to make arrangements that the boats shall start at the hours from the landing-places;
 (*d*) to (provide and) keep in order the landing-stages and slopes or approaches on both banks of the river.

5. I shall not charge or demand tolls for ferrying over—
 (*a*) Mails, mail-carts, dâk-runners and Government telegraph messengers on duty.
 (*b*) Commissariat stores, animals and vehicles, when accompanied by a challan from the Commissariat officer.
 (*c*) Military officers, soldiers, and their followers } when travelling on duty with
 (*d*) Magistrate, police and other public officers and process-serving peons } their *bonâ fide* baggage, horses, palkies or other conveyances.

বার্ষিক টাকা খাজানায় অমুক কর্ত্তৃক ইজারা দেওয়া অমুক খেয়াঘাটের হিসাবে আয়

[নীলামকারি কর্ম্মচারির স্বাক্ষর।]

ক্রমিক নম্বর।	টাকা দিবার বিশেষ বিবরণ।	যত টাকা।	যত টাকা	টাকা দেওন।				মন্তব্য।
				তারিখ।	চালানের নম্বর।	মাজিষ্ট্রেট বা প্রতিনিধি সভাপতির নামের আদ্যাক্ষর।	খাজানাখানার কর্ত্তৃপক্ষের নামের আদ্যাক্ষর।	
		টাকা।	টাকা।					

২৯ ধারা।—সরকারী খেয়াঘাটের খাজানার হিসাবে হাতনাগাইদ তলব, আদায় ও বাকীপ্রদর্শক একখানি ত্রৈমাসিক বর্ণনাপত্রও রাখিতে হইবে।

চুক্তিপত্রের পাঠ।

অমুক জিলার অমুক থানার অমুক পরগনার অমুক মৌজাবাসী অমুকের পুত্র (যাহাকে পরে ইজারদার বলিয়া লেখা হইয়াছে) আমি শ্রীঅমুককে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব অমুক স্থান হইতে অমুক স্থানগামী পথে স্থিত অমুক নদীর সরকারী খেয়াঘাট এত টাকা——খাজানায় নিম্নলিখিত নিয়ম ও সর্ত্তে এতদ্দ্বারা ইজারা দিলেন এবং উক্ত ইজারদার আমি উক্ত সরকারী খেয়াঘাটের ইজারা এতদ্দ্বারা গ্রহণ করিতেছি, অর্থাৎ—

১।—ইজারদার আমি এত টাকা এই অভিপ্রায়ে আমানত করিয়াছি যে, মাজিষ্ট্রেট সাহেব যাবৎ এই ইজারা শেষ না হয় তাবৎ আমার কর্ত্তৃক এই চুক্তিপত্রের লিখিত সকল নিয়মের উপযুক্তমতে কার্য্য হইবার আংশিক জামীনস্বরূপ ও বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ও ঐ আইনমতে প্রণীত বিধির বিধানগুলি আমার কর্ত্তৃক পালিত হইবার নিমিত্ত ঐ টাকা রাখিবেন এবং কোন খাজানা প্রাপ্য হইলে অথবা উক্ত আইনের ২৩, ২৪ ও ২৫ ধারামতে কোন অর্থদণ্ড বিধান করা গেলে তাহা ঐ টাকা হইতে কাটিয়া লইতে পারিবেন।

২।—ইজারদার আমি পূর্ব্বোক্ত আইনের ১৫ ধারানুযায়ী বিধির একখানি নকল পাইয়াছি বলিয়া এবং ঐ আইনের ১০ ধারার যে বিধানানুসারে আমি আইনমতে উক্ত বিধিমতে কার্য্য করিতে বাধ্য তাহা জানি বলিয়া এতদ্দ্বারা স্বীকার করিতেছি। আমি আরো খেয়াঘাটে যে মাসুল আদায় করা যাইবে তাহার একখানি ফর্দ্দ পাইয়াছি স্বীকার করিতেছি।

৩।—আমার ইজারা এতকালের জন্য অর্থাৎ অমুক তারিখ হইতে অমুক তারিখ পর্য্যন্ত হইবে এবং এই কালের মধ্যে আমি প্রতি বৎসর অমুক তারিখ হইতে অমুক তারিখ পর্য্যন্ত খেয়া চালাইতে বাধ্য থাকিব।

৪।—আমি এতদ্দ্বারা নিম্নলিখিত নিয়ম করিতেছি।—

(ক) (খেয়াঘাটের নিমিত্ত এতখানি নৌকা যোগাইয়া দিবার ও) নৌকাগুলি (যাহা খেয়াঘাটের নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব যোগাইয়া দেন) উপযুক্তরূপ মেরামত করিয়া রাখিবার নিয়ম;

(খ) প্রতি নৌকায় এত জন দাঁড়ি মাঝি নিযুক্ত করিবার নিয়ম;

(গ) নামিবার স্থান হইতে অমুক অমুক ঘণ্টায় খেয়ার নৌকা ছাড়িবার বন্দোবস্ত করিবার নিয়ম ও

(ঘ) নামিবার স্থান ও নদীর এক বা উভয় তটের ঘর (করিয়া দিবার ও তাহা) ভাল অবস্থায় রাখিবার নিয়ম।

৫।—আমি নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্যে মাসুল লইব না বা দাওয়া করিব না,—

(ক) ডাক, ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেন্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়।

(খ) কমিসেরিয়াটের কর্ত্তৃপক্ষের নিকট হইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি, জন্তু ও যান।

(গ) সামরিক কর্ত্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) মাজিষ্ট্রেট সাহেব পোলীস ও অন্য সরকারী কর্ম্মচারী ও পরওয়ানা জারীকারী পেয়াদা } আপন আপন প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোড়া পাল্কী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(*e*) Executive officers of the District Road Department when travelling on duty.
(*f*) Coolies engaged in repairing roads, with their tools and instruments.
(*g*) Persons carrying dead bodies or property sent in by the police.

6. I shall not charge or demand tolls from persons who wade or swim across, or take cattle or other animals or property across at their own cost and risk, or from persons who cross themselves, or take other persons across without charge, in their own boats.

7. I hereby agree to pay the rent in the following instalments :—

	Rs. A. P.	Date.
1st		
2nd		
3rd		
4th		

But if at any time before the expiry of the period for which the ferry has been leased to me, I be removed therefrom for any breach of the terms and conditions of the lease, or for any wilful breach of any of the rules under section 15 of the Act, I shall be liable to pay rent up to and including the instalment due next after my removal.

8. If the rates of toll are reduced during the currency of my lease, or the exemptions from the payment of it are extended, this agreement is to be modified accordingly. I shall be given a fair opportunity of satisfying the Magistrate as to the effect of the change, and if the terms proposed by him thereafter are not such as I can reasonably accept, I will, according to the law, immediately carry into effect the order reducing the rates of toll, or extending the exemption from payment of it, but will at the same time state the amount of rent I may be willing to pay under the altered circumstances of the case. Should my offer appear to the Magistrate to be inadequate, it shall be competent to him to remove me and place another person in charge of the ferry, and for such time as I remain in charge of the ferry after the issue of the order reducing the rates of tolls, or extending the exemption from payment of it, I shall pay rent in proportion to the amount of the reduction.

9. If I make default in the payment of the rent for the ferry, or of any penalty which may be lawfully imposed, or if I do not observe and perform the covenants herein contained, it shall be lawful for the Magistrate to remove me from the charge of the ferry, and to settle the same with some other person or hold it khas. After such removal, I shall not be entitled to any part of the proceeds of the ferry or to levy any toll therefor. And if the rent on reletting the ferry fall short of the amount at which it was leased to me, and the Government or District Board or Municipality thereby incur loss, I shall be held responsible for such difference or loss, the amount of which may be deducted from my deposit. If the deposit does not cover the loss incurred, the rent due from me, and the amount of tolls refunded by the Magistrate under Rule 21 of the rules under section 15 of the Act, the total amount which is deficient shall be recoverable in the manner set forth in section 12 of the Act.

It shall be lawful for the Magistrate or the District Board (as the case may be) to deduct the amount of rent, which I may default to pay, from my security deposit, and to direct me to recoup the same within a given time, and on my failure to do so to remove me from the charge of the ferry.

10. I will not assign, sublet or part with the possession of the ferry without the previous consent in writing of the Magistrate.

11. I shall not claim any compensation on account of roads being closed for repairs, or on account of inundations, or the breaking down of bridges or deficiency of water in the river on which the ferry is situated.

(ঙ) জিলার পথকার্য্যবিভাগের এক্‌সেকিটিব কর্ম্মচারী রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।
(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।
(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃত দেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

৬।—যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায়, অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, আমি তাহাদের নিকট মাসুল লইব না বা দাওয়া করিব না।

৭।—আমি এতদ্দ্বারা নিম্নলিখিত কিস্তিমতে খাজানা দিবার নিয়ম করিতেছি।—

	টাকা	আনা	পাই	তারিখ।
প্রথম				
দ্বিতীয়				
তৃতীয়				
চতুর্থ				

কিন্তু যে কালের জন্যে আমাকে খেয়াঘাট ইজারা দেওয়া হইয়াছে তাহা অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে এই ইজারার কোন নিয়ম ও সর্ত্ত লঙ্ঘন নিমিত্তে অথবা আইনের ১৫ ধারামত বিধির মধ্যে কোন বিধি ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন নিমিত্তে যদি আমাকে খেয়ার কার্য্যহইতে অপসারিত করা হয় তাহা হইলে আমাকে অপসারিত করিবার ঠিক পরেই যে কিস্তি দেয় হয় তাহা পর্য্যন্ত ও তাহা সুদ্ধ খাজানা দিতে আমি দায়ী থাকিব।

৮।—আমার ইজারা চলিবার মধ্যে যদি মাসুলের হার কমান হয় অথবা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়ান যায়, তবে এই চুক্তিপত্র তদনুসারে পরিবর্ত্তিত হইবে। ঐ পরিবর্ত্তনের ফল কি হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইবার জন্যে আমাকে ন্যায়মতে সুযোগ করিয়া দিতে হইবে, এবং যদি তাহার পর তাঁহার প্রস্তাবিত সর্ত্ত এরূপ হয় যে আমি তাহাতে যুক্তিসঙ্গতরূপে সম্মত হইতে না পারি তাহা হইলে, আইনানুসারে আমি মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা অবিলম্বে ফলবৎ করিব, কিন্তু সেই সময়েই উক্ত পরিবর্ত্তন হেতুক যত টাকা খাজানা দিতে ইচ্ছা করি তাহাও বলিব। মাজিষ্ট্রেট সাহেব আমার প্রস্তাব উপযুক্ত হেন বিবেচনা করিলে আমাকে অপসারিত করিয়া অন্য ব্যক্তিকে খেয়াঘাটের কার্য্যভার অর্পণ করিতে পারিবেন, এবং মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা বাহির হইবার পর যত কাল আমি খেয়াঘাটের ভারপ্রাপ্ত থাকি তত কালের জন্যে মাসুল যে পরিমাণে কমান গেল সেই পরিমাণে আমি কম খাজানা দিব।

৯।—যদি আমি খেয়াঘাটের খাজানা অথবা আইনমতে নির্দ্ধারিত কোন অর্থদণ্ড দিতে ত্রুটি করি অথবা এই চুক্তিপত্রের লিখিত কোন নিয়ম পালন ও তদনুসারে কার্য্য না করি তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আমাকে খেয়াঘাটের কার্য্যভার হইতে অপসারিত করিয়া অন্য কোন ব্যক্তির সহিত উহার বন্দোবস্ত করিতে অথবা খাসে রাখিতে পারিবেন। ঐরূপে অপসারিত হইলে পর আমি খেয়াঘাটের আয়ের কোন অংশ পাইবার অথবা খেয়াঘাটের জন্যে কোন মাসুল আদায় করিবার স্বত্ববান হইব না। এবং যদি খেয়াঘাট যে খাজানায় পুনর্ব্বার ইজারা দেওয়া যায় তাহা আমাকে যত টাকায় ইজারা দেওয়া হইয়াছিল তদপেক্ষা কম হয় ও তাহাতে গবর্ণমেণ্টের বা ডিষ্ট্রিক্ট বোর্ডের বা মুনিসিপালিটীর ক্ষতি হয় তবে ঐ বৈলক্ষণ্য বা ক্ষতির জন্য আমি দায়ী হইব ও যত টাকা বৈলক্ষণ্য বা ক্ষতি হয় তাহা আমার জমানতী টাকাহইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে। যত টাকা ক্ষতি হইল আমার নিকট প্রাপ্য খাজানা ও আইনের ১৫ ধারানুযায়ী বিধির ২১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা মাসুল ফেরত দিলেন তৎসমুদয় যদি আমানতী টাকায় না কুলায় তাহা হইলে কমতী টাকা আইনের ১২ ধারার লিখিত প্রকারে আদায় করা যাইতে পারিবে।

আমি খাজানার যে টাকা দিতে ত্রুটি করি স্থল বিশেষে মাজিষ্ট্রেট সাহেব বা জিলাবোর্ড আমার জামিন স্বরূপ আমানতী টাকা হইতে তাহা কাটিয়া লইতে পারিবেন এবং নির্দ্দিষ্ট কালের মধ্যে ঐ টাকা পূরণ করিয়া দিবার আদেশ করিতে পারিবেন ও আমি ঐ টাকা পূরণ না করিলে খেয়াঘাটের কার্য্যভার হইতে আমাকে অপসৃত করিতে পারিবেন।

১০।—আমি মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি অগ্রে না লইয়া খেয়াঘাট কাহারো জিম্মা করিয়া দিব না অথবা উহার দরইজারা দিব না বা উহার দখল ছাড়িব না।

১১।—মেরামতের জন্যে রাস্তা বন্ধ হইয়াছে বা বন্যা হইয়াছে বা সেতু ভাঙ্গিয়া গিয়াছে বা যে নদীতে খেয়াঘাট আছে তাহার জল কমিয়া গিয়াছে বলিয়া আমি ক্ষতিপূরণের দাবী করিব না।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১ জুলাই।—সর্ব্বসাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা বিজ্ঞাপিত হইতেছে যে বঙ্গদেশের স্থানীয় স্বায়ত্ত শাসন বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ৩ আইনের ১৩৮ ধারার (ঝ) ও (দ) দফানুসারে যে সকল বিধি প্রণীত হইয়াছিল তাহার ৩ ধারা রহিত করিয়া শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত ধারার (ঝ) দফানুসারে নিম্নলিখিত অতিরিক্ত বিধিগুলি প্রণয়ন করিয়াছেন :—

নবম ক ভাগ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের হিসাবের কথা।

১। যে ষ্টেশনে ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিস থাকে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র নিয়ত তথায় থাকায় তাঁহার পৃথক টাকার সিন্দুক থাকা অনাবশ্যক, সুতরাং তাঁহার পৃথক খরচকারীর ক্যাসবহি রাখা বা খরচকারী স্বরূপ হিসাব দেওয়াও অনাবশ্যক। টাকা দেওয়া সম্বন্ধে তাঁহার কর্ত্তব্য কর্ম্ম যত দূর সম্বন্ধ এই মাত্র হইবে যে প্রকৃতপক্ষে যে সকল ব্যক্তির টাকা পাওনা থাকে তাহাদিগকে টাকা দিবার নিমিত্ত ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিসে সার্টিফিকিট ও বিল দাখিল করণার্থ তিনি ঐ সকল সার্টিফিকিট ও বিল ঠিক বলিয়া পাশ করিবেন।

২। বোর্ড সময়ে সময়ে যত টাকা ধার্য্য করেন বোর্ড ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রকে তত টাকার একখানি ইম্প্রেষ্ট দিতে পারিবেন। কিন্তু উহা কখনই ১০০০৲ টাকার অধিক হইতে পারিবে না।

৩। ইম্প্রেষ্ট ক্যাসবহি ১ নং পাঠে রাখা যাইবে। আবশ্যক হইলে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র কোন অধস্তন কর্ম্মচারীকে সব ইম্প্রেষ্ট দিতে পারিবেন এবং দিলে তাহা তাঁহার নিজের ইম্প্রেষ্ট হইতে পূরণ করিয়া দিবেন।

৪। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র এবং তাঁহার অধস্তন কর্ম্মচারিগণের কৃত খরচ সম্বন্ধে নিয়ম এই যে তাঁহারা ২০৲ টাকার বেশী পেমেন্ট করিতে পারিবেন না। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র এবং তাঁহার অধস্তন কর্ম্মচারীগণ যে সকল নগদ টাকা দেন তাহা ইম্প্রেষ্ট হইতে দেওয়া হইবে।

৫। মালমসলা বা উৎপন্ন দ্রব্যের মূল্যস্বরূপ, জরিমানাস্বরূপ বা ফেরত টাকাস্বরূপ নানা প্রকারের যে সকল টাকা প্রাপ্ত হওয়া যায় তাহা তৎক্ষণাৎ খাজানাখানায় পাঠাইতে হইবে। এইরূপ প্রেরিত টাকার সঙ্গে টাকাপ্রেরকের নামের আদ্যাক্ষরযুক্ত (২নং পাঠে) এক খানি চালান তিন প্রস্ত করিয়া পাঠাইতে হইবে। খাজানাখানার কর্ত্তৃপক্ষ আসল চালানখানি রাখিয়া দিবেন। এবং অপর চালানগুলিতে যথারীতি রসীদ লেখা হইবে এবং ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রকে ফেরত দেওয়া যাইবে। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র দ্বিতীয়প্রস্ত চালান খানি ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিসে পাঠাইয়া দিবেন এবং তৃতীয় প্রস্ত চালান খানি আপনার আপিসে রাখিয়া দিবেন।

৬। কর্ম্ম যতদূর সম্ভব চুক্তির প্রণালীতে বা পিসওয়ার্কের প্রণালীতে করা যাইবে। এবং এরূপ কর্ম্ম চুক্তির প্রণালীতে করা গেলে তজ্জন্য ৩নং পাঠের সার্টিফিকিটক্রমে টাকা দেওয়া যাইবে এবং পিস-ওয়ার্কের প্রণালীতে করা গেলে তজ্জন্য ৪নং পাঠের সার্টিফিকিট ক্রমে টাকা দেওয়া যাইবে।

৭। যদি রোজের হিসাবে মজুর প্রভৃতি নিযুক্ত করা হয় তাহা হইলে হাজিরা বহি রাখা হইবে এবং ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসে ফাইল করা হইবে। এবং যে অধস্তন কর্ম্মচারীর হাতে কর্ম্মের ভার থাকে তিনি ঐ হাজিরা বহির নকল রাখিয়া দিবেন। সরকার, পেয়াদা, চৌকিদার এবং অপর যে সকল সামান্য ভৃত্য বিশেষ বিশেষ কর্ম্মে বিশেষরূপে নিযুক্ত হয় তাহাদের সম্বন্ধে রোজের হিসাব মজুর বলিয়া চার্জ করা গেলেও রসীদ বহিতে তাহাদের সহি লইয়া মাসে মাসে তাহাদিগকে টাকা দেওয়া যাইবে।

৮। যে সকল মালমসলা খরিদ করা হয় তাহার বউচরের স্বরূপ (৫ ও ৬ নং পাঠের) বিল বা খরিদের ফর্দ্দ থাকা চাই।

৯। প্রত্যেক কর্ম্মে যে খরচ হয় তাহা (৭ নং পাঠের) এক খানি আদায় বহিতে একত্র করিয়া লিখিতে হইবে। কর্ম্মে যত খরচ হয়, যে পরিমাণ কর্ম্ম করা হয়, এবং প্রত্যেক দফায় কর্ম্মের হার—এই গুলি আদায় বহিতে দেখাইতে হইবে। ডিষ্ট্রিক্ট-ইঞ্জিনিয়র কর্ত্তৃক পাশ করা বউচরে যে সকল বিশেষ বিবরণ থাকে তাহা হইতে খরচ আদায় লেখা হইবে।

১০। যথারীতি অনুমোদিত আপিস খরচা মাসে মাসে বিলে প্রদর্শন করিতে হইবে এবং সম্ভব হইলে যাহারা টাকা পাইবে তাহাদিগের নিকট হইতে উপযুক্ত রসীদ লইয়া অথবা (৮ নং পাঠের) রসীদ বহিতে তাহাদের সহি লইয়া ঐ বিলের টাকা সাক্ষাৎসম্বন্ধে ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিস হইতে দেওয়া যাইবে।

১১। ডিষ্ট্রিক্টওয়ের হিসাবে "ষ্টক" বলিয়া কোন সস্পেন্সের ঘর রাখিবার ব্যবস্থা করা হয় নাই। অতএব তাল মালমসলা প্রয়োজন হইলে তাহা খরিদ করা যখনি সম্ভব হইবে তখন যাহাতে "ষ্টক" প্রস্তুত করিতে ও রাখিয়া দিতে না হয় তাহা করিতে হইবে। কোন কর্ম্মের নিমিত্ত যে মালমসলা প্রয়োজন হয় কর্ম্মের ইষ্টিমেটের (ব্যয়ের আনুমানিক হিসাবের) গায়ে "উপস্থিত মালমসলা" বলিয়া তজ্জন্য চার্জ করা যাইবে। যে বিশেষ বিশেষ স্থলে "উপস্থিত" বলিয়া মালমসলার জন্য চার্জ করিতে পারা না যায় সেই সেই স্থলে প্রত্যেক প্রকার মালমসলার নিমিত্ত এক একটি ছোট ঘর খুলিয়া "অগ্রিম দানের" হিসাবে মূল্য চার্জ করা যাইবে।

১২। ৯ নং পাঠে রাস্তার মালমসলার হিসাব দর্শাইতে হইবে। এবং আবশ্যক হইলে অতিরিক্ত বিশেষ বিবরণ ১০ ও ১১ নম্বর পাঠে প্রদর্শন করিতে হইবে। ঐ ১০ ও ১১ নম্বর পাঠদ্বয় ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসে লিখিত হইবে।

১৩। ডিষ্ট্রিক্ট-ইঞ্জিনিয়র এবং তাঁহার অধস্তন কর্ম্মচারীরা (১২ নং পাঠে) মাপের বহি এবং মোট-বহি রাখিবেন। পিসওয়ার্কের প্রণালীতে, ক্ষুদ্র চুক্তির প্রণালীতে বা চুক্তির প্রণালীতে যে কোন প্রণালীতেই কর্ম্ম করা হউক মাপের বহি সকল কর্ম্মের পরিমাণের হিসাবের ভিত্তি। অতএব মাপের বহিতে যাহা লেখা যায় তাহা সাবধানে লিখিতে হইবে। সকল পরিমাণ মাপের বহি হইতে হিসাবে পরিষ্কাররূপে ধরিতে পারা যাওয়া চাই। এবং মাপের বৃদ্ধি অর্থাৎ হাত নাগাদ প্রত্যেক কর্ম্মের বাবৎ যত মোট পরিমাণ সম্পন্ন হয় তাহা মাপের বহিতে পরিষ্কাররূপে প্রদর্শন করিতে হইবে। নিয়ম করা গেল যে মাপের বহি মহকুমার কর্ত্তৃপক্ষের বিলের সঙ্গে যাইবে এবং উহা ঐ বিলের সহিত সাবধানে মিলাইতে হইবে এবং মঞ্জুর করা ইষ্টিমেটের লিখিত বিশেষ বিবরণের সহিতও মিলাইতে হইবে। ভ্রম-জনিত কোন বৈলক্ষণ্য, অতিরিক্ত পরিমাণ বা কর্ম্মের কোন অননুমোদিত দফা দৃষ্ট হইলে, তদ্বিষয়ে তৎক্ষণাৎ তদন্ত করা যাইবে। এবং মাপের বহি যে হাত নাগাদ মিলান ও পরীক্ষা করা হইয়াছে এবং যে যে প্রকার কর্ম্মের নিমিত্ত সার্টিফিকেট দেওয়া হইয়াছে উহা যে তৎসম্বন্ধে সম্পূর্ণ লিখন, ইহার নিদর্শন স্বরূপ ডিষ্ট্রিক্ট-ইঞ্জিনিয়র উহাতে আপন নামের আদ্যক্ষর সংযোগ করিবেন।

১৪। নোটবহী বা মাপের বহী বাহির করিয়া দিবার সময় যে অধস্তন কর্ম্মচারীকে উহা বাহির করিয়া দেওয়া হয় তাঁহার নাম এবং বাহির করিয়া দিবার তারিখ উহার উপর লিখিয়া দিতে হইবে এবং ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র আপন স্বাক্ষর যোগ করিয়া ঐ নাম ও তারিখ তসদিক করিবেন। যে সকল বহি বাহির করিয়া দেওয়া যায় প্রয়োজন শেষ হইলে তাহা যাহাতে তৎপর তলব করিয়া আনা ও ফাইল করা যাইতে পারে তজ্জন্য ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসে তাহার একখানি ফর্দ্দ রাখা যাইবে।

১৫। ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিসে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রকে যে সমস্ত দলিল ও হিসাব দিতে হইবে নিম্নে তাহার বিবরণ দেওয়া গেল:—

(ক) খরচকারী যে মাসে যে সকল টাকা দেন (বা পেমেণ্ট করেন) তাহা যাহাতে সেই মাসের হিসাবে উঠিতে পারে তজ্জন্য ইম্প্রেষ্ট পুরণ করার প্রয়োজনমতে সময়ে সময়ে অথবা ইম্প্রেষ্ট এক কালে নিঃশেষিত না হইলেও মাসে এক বারের কম নয় ইম্প্রেষ্ট ক্যাস বহির ডুপ্লিকেট বউচরসহ দিতে হইবে।

(খ) যে কর্ম্ম সম্পন্ন হইয়াছে বা যে মালমসলা সরবরাহ করা হইয়াছে তাহার সার্টিফিকেট বা বিল যথারীতি মিলান হইলে পর ও ঠিক বলিয়া সার্টিফিকেটযুক্ত হইলে পর।

(গ) সকল আপিসের ঠিক বলিয়া সার্টিফিকেটযুক্ত বেতনের বিল।

(ঘ) মাসের মধ্যে যে সকল কর্ম্ম ও মেরামত চলিতে থাকে তাহার প্রত্যেকের এক এক খানি জাব্দা বহি।

(ঙ) জাব্দা বহি কোন্ খানি কত টাকার তাহা প্রদর্শন করিয়া সমস্ত জাব্দা বহির একখানি তকসীল বা ফর্দ্দ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসের এক জন একাউণ্টাণ্ট কর্ত্তৃক এই গুলি সঙ্কলিত হইবে। ঐ একাউ-ণ্টাণ্টের বঙ্গদেশের স্থানীয় স্বায়ত্ত শাসন বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ৩ আইনের ১৩৮ ধারার (ছ) (ঠ) ও (ড) দফানুসারে প্রণীত বিধির মধ্যে ৬ বিধির নির্দ্দেশমত যোগ্যতা থাকা চাই।

১৬। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসে সমস্ত বিল ও সার্টিফিকেট সার্টিফিকেটযুক্ত সকল রাখা যাইবে। যে সকল বিল ও সার্টিফিকেটের টাকা ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিস হইতে দিতে হইবে তৎসম্বন্ধে নিয়ম এই যে, ঐ সকল আসল বিল ও সার্টিফিকেট, ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র কর্ত্তৃক ঠিক বলিয়া সার্টিফিকেটযুক্ত হই-বার পর, যাহারা টাকা পাইবে পেমেণ্টের জন্য তাহাদের দ্বারা ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিসে উপস্থিত কর-ণার্থ তাহাদিগকে ফেরত দেওয়া যাইবে এবং সার্টিফিকেট যুক্ত সকল ইঞ্জিনিয়র কর্ত্তৃক একেবারে ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিসে জ্ঞাপনার্থ প্রেরিত হইবে। পেমেণ্টের পর, আসলগুলি ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিসে পেমে-ণ্টের বউচরেরস্বরূপ ফাইল করা যাইবে এবং সার্টিফিকেটযুক্ত সকল রসীদযুক্ত হইয়া ডিষ্ট্রিক্ট ইঞ্জি-নিয়রকে ফেরত দেওয়া যাইবে। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র তদ্দৃষ্টে অপর সার্টিফিকেট সম্বন্ধে কার্য্য করিবেন কিন্তু যে কর্ম্মচারী বা অধস্তন কর্ম্মচারীর এ বিষয়ের সহিত সংস্রব থাকে তিনি যদি স্থলভেদে কর্ম্ম বিশিষ্টরূপে সম্পন্ন করা হইয়াছে বা দ্রব্যাদি পাওয়া গিয়াছে এইরূপ স্বীকার করিয়া এই সকল বিল ও সার্টিফিকেটের পোষকতা না করেন তাহা হইলে এই সকল বিল ও সার্টিফিকেটক্রমে কোন পেমেণ্ট করা যাইবে না।

১৭। ইম্প্রেষ্ট ক্যাস বহি ছাড়া ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসে যে সকল বহি রাখিতে হইবে তাহা এই এই—

পাশ করা বিলের রেজেষ্টরী বহি ... ... (১৩ নং পাঠ)

কর্ম্মের রেজেষ্টরী বহি ... ... (১৪ নং ঐ)

যন্ত্র ও কল প্রভৃতির রেজেষ্টরী বহি ... ... (১৫ নং ঐ)

রাস্তার মসলার রেজেষ্টরী বহি ... ... (১৬ নং ঐ)

অগ্রিম দানের হিসাব ... ... (১৭ নং ঐ)

আমানতী টাকার হিসাব ... ... (১৮ নং ঐ)

১৮। আপিসে যে সমস্ত বিল ও সার্টিফিকিট প্রাপ্ত হওয়া যায় তাহা পাস করা বিলের রেজেষ্টরী বহিতে লিখিয়া রাখিতে হইবে।

১৯। ক্যাসবহি ছাড়িয়া দিলে কর্ম্মের রেজেষ্টরী বহির মতন দরকারি বহি আর নাই। অতএব কর্ম্মের রেজেষ্টরী বহি যাহাতে এমন করিয়া লেখা হয় যে উহা সম্পূর্ণরূপে ভ্রমশূন্য হয় এবং প্রত্যেক কর্ম্ম সম্বন্ধে যাহা যাহা লেখা হয় তাহা যাহাতে মঞ্জুর করা ইষ্টিমেটের ঠিক অনুযায়ী হয় তদ্বিষয়ে যত্নবান হইতে হইবে। কর্ম্মের দফা লেখা ছাড়া, সংক্ষিপ্ত ইষ্টিমেটের প্রত্যেক ছোট ঘরে নম্বর দিতে হইবে, এবং ঐ নম্বর গুলি রেজেষ্টরীতে লিখিতে হইবে। যথা—১নং, খনন কার্য্য; ২নং, মাটির কাজ; ৩নং, ইটপাতা, ইত্যাদি।

কর্ম্মের যে সকল দফার নিমিত্ত কর্ম্মের মঞ্জুর করা ইষ্টিমেটে কোন ব্যবস্থা করা হয় নাই, গুরুতর প্রয়োজন বিবেচনায় কিম্বা ক্ষতি বা খেশারৎ নিবারণার্থ যদি কর্ম্মের সেই সকল দফায় টাকা খরচ হয়, তাহা-হইলে কর্ম্মের রেজেষ্টরীতে সেই টাকা পৃথক ভাবে দেখাইতে হইবে। এবং অপর যে কোন ছোট ঘরে খরচ বাঁচে তাহার গায়ে ঐ টাকা চার্জ করা যাইবে না। এবং অবিলম্বে পরবর্ত্তী মঞ্জুরির জন্য দরখাস্ত করিতে হইবে।

নূতন কাজ ও মেরামতের স্থলে ইষ্টিমেটের ২০০৲ টাকার কম কোন দফার বিশেষ বিবরণ কর্ম্মের রেজেষ্টরী বহিতে লিখিতে হইবে না। এবং যে কর্ম্ম বা মেরামতের খরচা ২৫০০৲ টাকার কম হইবে বলিয়া ইষ্টিমেট করা হয় ছোট ঘর দিয়া তাহার হিসাব করিতে হইবে না। তবে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র যে যে স্থলে ইচ্ছা করেন যে ছোট ঘর দিয়া তাহার হিসাব করিতে হইবে সেই সেই স্থলে ছোট ঘর দিয়া তাহার হিসাব হইবে।

কোন কর্ম্ম সম্পূর্ণ হইলে, শেষের লেখার নীচে লাল কালিতে একটি যোড়া লাইন কল করিয়া দিতে হইবে এবং নিম্নলিখিত মন্তব্যটি লিখিতে হইবে:—"কর্ম্ম সম্পূর্ণ হইয়াছে এবং সম্পূর্ণ হওয়ার রিপোর্ট তারিখের নম্বরের সহিত চেয়ারম্যানের নিকট পাঠান হইয়াছে।"

২০। যন্ত্র ও কল প্রভৃতির ও রাস্তার মশলার যাথাযিক রেজেষ্টরী বহি ক্রমান্বয়ে ১৫ নং ও ১৬ নং পাঠে রাখিতে হইবে। যন্ত্র ও কল প্রভৃতির খরচ ঠিক কর্ম্ম ও মেরামতের খরচ লিখিবার প্রণালীতে (১৪ নং পাঠের) রেজেষ্টরীতে লিখিতে হইবে। প্রত্যেক দফা, যত টাকারই হউক, তন্ন তন্ন করিয়া প্রদর্শন করিতে হইবে। এবং প্রত্যেক ছয় মাসের শেষে একজন দায়িত্ববিশিষ্ট কর্ম্মচারী হিসাব লইবেন, এবং তিনি যে হিসাব লইয়াছেন রেজেষ্টরীর ভিতর তিনি এই মর্ম্মে সার্টিফিকিট লিখিবেন। এবং "এই বিবরণ অনুযায়ী" ও "গণনামত একচুয়াল বা যাহা ঠিক" এই দুই ঘরের অঙ্কের মধ্যে ছয় মাসের শেষে বাকিতে যে প্রভেদ দৃষ্ট হয় তাহা তিনি সম্পূর্ণরূপে বুঝাইবেন।

২১। ডিষ্ট্রিক্ট ফণ্ডের হিসাবে কর্ম্মের নিমিত্ত যে সকল টাকা অগ্রিম দেওয়া যায় তাহা "অগ্রিম দানের" পৃথক সসপেন্স হিসাবে চার্জ করা যাইবে, কেন না ঐ অগ্রিম দানের পৃথক সসপেন্স হিসাবে স্থলভেদে সম্পাদিত কর্ম্মের মূল্য, প্রাপ্ত দ্রব্যাদি বা কৃত মজুরি জমা দেওয়া হয়।

২২। কন্ট্রাক্টর এবং অপর সকলকে যে সমস্ত অগ্রিম টাকা দেওয়া যায় তাহা ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিস হইতে দেওয়া যাইবে। এবং সমস্ত আমানতী টাকা একেবারে ঐ আপিসে দিতে হইবে। কিন্তু বিশেষ বিশেষ স্থলে নির্দ্দিষ্ট সীমার মধ্যে যে সকল সামান্য সামান্য অগ্রিম টাকা দেওয়া আবশ্যক বিবেচনা হয় তাহা দিবার জন্য বোর্ড ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রকে ক্ষমতা প্রদান করিতে পারেন। অতএব ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসে অগ্রিম ও আমানতী টাকার যে হিসাব রাখিতে হইবে তাহা পেমেণ্টের জন্য সার্টিফিকিট দেওয়া সম্বন্ধে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের সাহায্যার্থ স্মারকলিপি মাত্র হইবে। প্রত্যেক হিসাবের জন্য পৃথক পাতা খুলিয়া ১৭ নং ও ১৮ নং পাঠে হিসাব রাখিতে হইবে এবং হিসাবে প্রতি মাসে বাকী কাটিতে হইবে।

২৩। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রেরা এমন করিয়া হিসাব দাখিল করিবেন যেন যে মাসের হিসাব বোর্ডের আপিসে পঁহুছিতে তাহার পরের মাসের ১৭ই তারিখ অতীত না হয়।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১ নং পাঠ।

জিলা।————

মহকুমা।————

ইম্প্রেষ্ট ক্যাস বহী নং———— ————

র ইম্প্রেষ্ট ক্যাস বহী।

মন্তব্য।

১। ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র ও তাঁহার অধীনস্থ কর্ম্মচারিদের ক্যাস হিসাব এই যোজা পাঠে রাখিতে হইবে। এই পাঠ দুই প্রস্তকরিয়া রাখা হইয়াছে।

২। যে যে কর্ম্মচারী বা অধস্তন কর্ম্মচারিদের সহিত ইম্প্রেষ্ট একৌণ্ট খুলা হইবে তাঁহাদের প্রত্যেক জন জিলা বোর্ড বা ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের নিকট হইতে প্রথমে স্থায়ী আগাম বা ইম্প্রেষ্টস্বরূপ ভাজাভর্ত্তি নয় এইরূপ টাকা পান। ঐ টাকা তৎক্ষণাৎ ক্যাস বহিতে তুলিতে হয়। এই আগাম টাকা হইতে যে খরচ করা হয় তাহা যেমনি খরচ করা হয় তেমনি প্রতিদিন পরিষ্কার ও বিস্তৃত ভাবে লিখা হয় ও সময়ে সময়ে ইম্প্রেষ্টধারী যখন আবশ্যক বোধ করেন তখন হিসাব শেষ করা ও বাকী কাটা হয় ও ডানদিকের অর্দ্ধ পৃষ্ঠা যে কর্ম্মচারির নিকট হইতে ইম্প্রেষ্ট লওয়া হয় তাঁহার নিকট পাঠান হয় ও অপরার্দ্ধ খরচকারী নিজের কাছে রাখেন। এই হিসাব আবশ্যক বউচরের দ্বারা সমর্থিত হয়। এই সকল বউচরে এইরূপ ভাবে নম্বর দিতে ও বউচরগুলি সংযুক্ত করিয়া দিতে হইবে যেন "বউচরের নম্বর" নামক ২ ঘরের দফাগুলির পর্য্যায়ের সহিত তাহা মিলে। যে কর্ম্মচারীর নিকট হিসাব সমর্পিত হয় তিনি যে সকল টাকা দেওয়া হইয়াছে তাহা যে ন্যায্য, দফাগুলি যে পরিষ্কার ও শুদ্ধরূপে লিখিত হইয়াছে ও বউচরগুলি যে যথেষ্ট ইহা নির্ণয়ার্থ সাবধানে হিসাব পরীক্ষা করিয়া যাহাতে হাতের ইম্প্রেষ্ট ক্যাস পূর্ব্বের টাকার সমান হয় তজ্জন্য ইম্প্রেষ্টধারীকে ঠিক যে টাকা খরচ হইয়াছে তাহা পুনরায় যোগাইবেন।

৩। খরচ করা টাকা পূরণার্থ যে টাকা পাওয়া যায় তদ্ভিন্ন অন্য কোন জমা অথবা ইম্প্রেষ্টধারী নিজে আপন ইম্প্রেষ্টের টাকা হইতে সাক্ষাৎ সম্বন্ধে যে টাকা দেন তদ্ভিন্ন অন্য কোন খরচ হিসাবে লিখিতে হইবে না। সুতরাং ইম্প্রেষ্টের নির্দ্দিষ্ট সীমা কখনই অতিক্রম করিতে হইবে না।

৪। ইম্প্রেষ্ট ক্যাস বহীর লিখিত খরচ যাহাতে সহজে উদ্ধৃত করা যাইতে পারে তজ্জন্য ৬ ঘরের বিধান করা হইয়াছে। ঐ ঘরে যে শীর্ষের নিম্নে প্রত্যেক খরচ শ্রেণীবদ্ধ করিতে হইবে তাহা প্রদর্শিত হইয়াছে। ক্যাস বহীতে খরচ লিখিতে পারিবার নিমিত্ত ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র যে পাঠ লইয়া কার্য্য হইতেছে এরূপ প্রত্যেক পাঠের পৃষ্ঠে লাল সেহাই দিয়া নানা শীর্ষের নিম্নে খরচের দফাগুলির চুম্বক লিখিবেন।

১

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১ নং পাঠ।
র ইম্প্রেষ্ট ক্যাস বহী।

মাসের দিবস।	বৌচর নং।	লেন দেন প্রভৃতি।	প্রত্যেক পেমেণ্টের টাকা।			মোট।			যে শীর্ষে খরচ লিখিতে হইবে।
১	২	৩	৪			৫			৬
			টাকা।	আঃ	পাঃ	টাকা।	আঃ	পাঃ	

২

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১নং পাঠ।
র ইম্প্রেষ্ট ক্যাস বহী।

মাসের দিবস।	বৌচর নং।	লেন দেন প্রভৃতি।	প্রত্যেক পেমেণ্টের টাকা।			মোট।			যে শীর্ষে খরচ লিখিতে হইবে।
১	২	৩	৪			৫			৬
			টাকা।	আঃ	পাঃ	টাকা।	আঃ	পাঃ	

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ২ নং পাঠ।

আসল চালান।

নং——

[খাজানাখানার কর্ত্তৃপক্ষ ইহা রাখিবেন।]

——খাজানাখানা, তারিখ ১৮ সাল——।

যে ব্যক্তি আনিলেন।	যে হিসাবে।	যত টাকা।		
		টাকা	আ	পা
	মোট টাকা ...			

পৃষ্ঠে লিখিতমত নোট ...				যত টাকা (অক্ষরে)
টাকা ও পয়সা ...				
মোট টাকা ...				

——খাজাঞ্চী।

পরীক্ষা করিয়া লেখা গেল——আকৌন্টাণ্ট।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ২ নং পাঠ।

দোকর চালান।

নং——

[ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিসে পাঠাইতে হইবে।]

——খাজানাখানা, তারিখ ১৮ সাল——।

যে ব্যক্তি আনিলেন	যে হিসাবে।	যত টাকা।		
		টাকা	আ	পা
	মোট টাকা ...			

পৃষ্ঠে লিখিতমত নোট ...				যত টাকা (অক্ষরে)
টাকা ও পয়সা ...				
মোট টাকা ...				

——খাজাঞ্চী।

পরীক্ষা করিয়া লেখা গেল——আকৌন্টাণ্ট।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ২ নং পাঠ।

তেকর চালান।

নং——

[ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আপিসে ফেরত দিতে হইবে।]

——খাজানাখানা, তারিখ ১৮ সাল——।

যে ব্যক্তি আনিলেন	যে হিসাবে।	যত টাকা।		
		টাকা	আ	পা
	মোট টাকা ...			

পৃষ্ঠে লিখিতমত নোট ...				যত টাকা (অক্ষরে)
টাকা ও পয়সা ...				
মোট টাকা ...				

——খাজাঞ্চী।

পরীক্ষা করিয়া লেখা গেল——অকৌন্টাণ্ট।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৩ নং পাঠ।

জিলা————

মহকুমা————

যে শীর্ষে খরচ লিখিতে হইবে————

কন্ট্রাক্ট সার্টিফিকেট, ১৮৮ ।

এই সার্টিফিকেটের নং

ক্যাসবহী নং

আজ্ঞা নং

কর্ম্মের নাম

কন্ট্রাক্টরের নাম

কর্ম্মের নিমিত্ত অনুমতি

এই কার্য্যের নিমিত্ত প্রদত্ত শেষ সার্টিফিকেটের

নম্বর ও তারিখ———১৮৮ সালের মাসের নং।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের মন্তব্য।

(যে ভাবে পরীক্ষার নিমিত্ত মাপ লইয়া হইয়াছে অথবা কার্য্য দেখিয়া লওয়া হইয়াছে তাহা এবং উকরণ দেখিয়া লইবার কল এই স্থানে লিখিতে হইবে।)

———— ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

———— আকৌণ্টাণ্ট।

যে সকল পেমেণ্ট করা যায় তাহার স্মারক লিপি।	টা	আ	পা	টা	আ	পা
যত কাজ হয় তাহার মোট মূল্য						
শেষ নং সার্টিফিকেট হইতে যতটাকা পূর্ব্বে পেমেণ্ট করা হইয়াছে র নিমিত্ত হিসাব স্মৃত						
এক্ষণে যত পেমেণ্ট করা গেল ... { নগদ ... ... টাকা; ———নং চ্যাক দ্বারা ... ,,; প্রদত্ত মাল মসলার মূল্য দ্বারা ,, }						
বাকী দেনা ...						

† নিম্নলিখিত বিস্তারিত বিবরণ মত এই কর্ম্মের জন্য ————টাকা মাত্র পাইলাম, অর্থাৎ

নগদ ... ... টাকা

প্রদত্ত মাল মসলার মূল্য ,, (যতটাকা তাহা দেশীয় ভাষায় লিখিতে হইবে)

উপরি লিখিত মত মোট ...

———— কন্ট্রাক্টর [ইষ্টাম্প।]

১৮৮ সাল তাং

টাকা * (সাক্ষী) {————

† ফেরত

* আনে

মন্তব্য।

১। যে পরিমাণ কার্য্য হয় সাধারণতঃ তাহার মোট মূল্যের ৯⁄১০ অংশ পর্য্যন্ত মূল্য দেওয়া যাইবে। বাকী টাকা জামীন স্বরূপ রাখা যাইবে, কিন্তু কন্ট্রাক্টর অন্য জামীন দিয়া থাকিলে নয়।

২। চেকমারা বা সুপরিচিত কুলী প্রভৃতিকে পেমেণ্ট করা গেলে তাহা সত্যদিক্ করিবার আবশ্যক নাই।

৩। টাকা গ্রহীতা দেশীয় ভাষায় নাম স্বাক্ষর করিলে, যত টাকার রসীদ দেওয়া হয় তাহা ইংরাজীতে ও দেশীয় ভাষাতেও লিখিতে হইবে।

৪। খরিত্রা বর্ণের কাগজে মুদ্রিত যে এক খানি বিশেষ পাঠের মধ্যে "সমস্ত দাবী দাওয়া চুকাইয়া শেষ পেমেণ্ট স্বরূপ" এই কথা গুলি মুদ্রিত আছে, সেই পাঠখানি কন্ট্রাক্টরকে সমস্ত টাকা চুকাইয়া দিবার সময় ব্যবহার করিতে হইবে। এই বিশেষ পাঠ গুলি ইংরাজিতে ও জিলার প্রচলিত দেশীয় ভাষায় ছাপিতে হইবে, এবং কন্ট্রাক্টর লিখিতে পারিলে উক্ত পেমেণ্টক্রমে সমস্ত দাবী দাওয়া সম্পূর্ণ রূপে চুকিয়া গেল তাঁহাকে এই মর্ম্মের কথা স্বহস্তে লিখিয়া দিতে আদেশ করিতে হইবে।

৫। ২০ টাকার অধিক প্রত্যেক পেমেণ্টের জন্য এক খানি রসীদের টিকিট দেওয়া আবশ্যক।

৬। কন্ট্রাক্টর নিজে আপনার বিল প্রস্তুত করিলে তিত-রের শীর্ষের "কন্ট্রাক্টরের প্রার্থনাক্রমে প্রস্তুত করা গেল" এই কথা গুলি কাটিয়া দিতে হইবে।

৭। যে টাকা গ্রহীতারা লিখিতে পড়িতে জানে না তাহাদের চিহ্ন বা মোহর দুই জন উপযুক্ত সাক্ষীদ্বারা সত্যদিক করিয়া লইতে হইবে। ঐ সাক্ষীদের সমক্ষে পেমেণ্ট কি ভাবের তাহা সম্পূর্ণ রূপে বুঝাইয়া দিতে হইবে।

৮। সবডিবিজনাল কর্ত্তৃপক্ষ বিলের মধ্যে "মন্তব্যের" ঘরে কন্ট্রাক্টরকে যত মাল মসলা দেওয়া হইয়াছে তাহা লিখিয়া দিবেন। উহার মূল্য পেমেণ্টের সময় বাদ দিতে হইবে

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৩নং পাঠ।

কন্ট্রাক্টরের প্রার্থনামতে প্রস্তুত করা গেল। *

ইউনিট।	শেষ সার্টিফিকেটের সময় হইতে যে পরিমাণ করা হইয়াছে।	মাপ অনুসারে হাত নাগাইদ যে পরিমাণ করা হইয়াছে।	দফা।	হার।			যত টাকা।						মন্তব্য।
							হাত নাগাইদ।			শেষ সার্টিফিকেটের সময় হইতে।			
				টাকা।	আঃ	পাঃ	টাকা।	আঃ	পাঃ	টাকা।	আঃ	পাঃ	
			হাত নাগাইদ যত কাজ হইয়াছে তাহার মোট মূল্য										
			শেষ সার্টিফিকেটে প্রদর্শিত কার্য্যের মূল্য বাদ দেও শেষ সার্টিফিকেটের সময় হইতে যত কাজ হইয়াছে তাহার নিট মূল্য।										

কন্ট্রাক্টর।

১৮৮ সাল তাং ।

কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মচারী।

এই সর্টিফিকেট দেওয়া যাইতেছে যে, পূর্ব্বোক্ত দাওয়া ঠিক, ও আমি ১৮৮ সালের মাসের তারিখে আবশ্যক মাপসকল করিয়াছি এবং আমার নং মাপের বহীর পৃষ্ঠায় তাহা লিখিত আছে, এবং উক্ত কর্ম্ম সন্তোষজনকরূপে সম্পাদিত হইয়াছে।

সাল তাং

সবডিবিসনাল কর্তৃপক্ষ।

* কন্ট্রাক্টর নিজে কন্ট্রাক্ট সার্টিফিকেট প্রস্তুত করিলে এই কথাগুলি কাটিয়া দিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৩ নং পাঠ।

জিলা—

মহকুমা

যে শীর্ষে খরচ লিখিত হইবে—

চূড়ান্ত কন্ট্রাক্ট সর্টিফিকেট, ১৮ সাল।

এই সর্টিফিকেটের নং—

ক্যাস বহী নং

ভাব্দা নং

কর্ম্মের নাম—

কন্ট্রাক্টরের নাম—

কর্ম্মের জন্য অনুমতি—

এই কর্ম্মের নিমিত্তে প্রদত্ত শেষ সর্টিফিকেটের নম্বর ও তারিখ———১৮ সালের মাসের নং

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের মন্তব্য।

(যে ভাবে পরীক্ষার্থ মাপ সকল লওয়া হয় অথবা অন্য কোন রূপে কার্য্যের পরীক্ষা হয় তাহা এবং উক্ত পরীক্ষার ফল এই স্থানে লিখিতে হইবে।)

আকৌণ্টাণ্ট।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

কৃত পেমেণ্টের স্মারক লিপি।	টা	আ	পা	টা	আ	পা
যত কাজ হয় তাহার মোট মূল্য						
র হিসাবের সহিত প্রেরিত ১৮ সালের মাসের নং শেষ সার্টিফিকেটের সময় হইতে অগ্রে যত পেমেণ্ট হয়						
একণে যত পেমেণ্ট হইল ... { নগদ ... ... টাকা; নং চেক দ্বারা ... „; প্রদত্ত দ্রব্যাদির মূল্য ... „ }						
বাকী পাওনা...						

এই কর্ম্মের নিমিত্ত নিম্নলিখিত বিবরণমত সমস্ত দাবী দাওয়া চুকাইয়া শেষ পেমেণ্ট স্বরূপ টাকা * মাত্র পাইলাম, অর্থাৎ—

নগদ ... টাকা

প্রদত্ত দ্রব্যাদির মূল্য

উপরি লিখিত মত মোট ...

(দেশীয় ভাষায়)

কন্ট্রাক্টর [ইষ্টাম্প]

তারিখ ১৮ সাল {

টাকা + (সাক্ষী) {

* অক্ষরে। + অঙ্কে।

মন্তব্য।

১। চেক দ্বারা অথবা সুপরিচিত কুঠি প্রভৃতিকে পেমেণ্ট করা গেলে তাহা তজদিক করিবার আবশ্যক নাই।

২। টাকা গ্রহীতা দেশীয় ভাষায় নাম সহী করিলে যত টাকার রসীদ দেওয়া যায় তাহা দেশীয় ভাষায় ও ইংরেজী ভাষায় লিখিতে হইবে।

৩। ২০ টাকার অধিক প্রত্যেক পেমেণ্টের নিমিত্ত এক খানি রসীদ ইষ্টাম্প দেওয়া আবশ্যক।

৪। ভিতরকার শীর্ষের "কন্ট্রাক্টরের প্রার্থনামতে প্রস্তুত" এই কথাগুলি, কন্ট্রাক্টর নিজে আপনার বিল প্রস্তুত করিলে, কাটিয়া দিতে হইবে।

৫। যে টাকা গ্রহীতারা লিখিতে পড়িতে জানে না তাহাদের বেলা, তাহাদের চিহ্ন বা মোহর দুইজন উপযুক্ত সাক্ষী দ্বারা তজদিক করিতে হইবে। উক্ত সাক্ষীদের সমক্ষে পেমেণ্টের ভাব সম্পূর্ণরূপে বুঝাইয়া দিতে হইবে।

৬। কন্ট্রাক্টরের সমুদয় টাকা চুকাইয়া দেওয়া হইলে হরিদ্রা বর্ণের কাগজে মুদ্রিত এই বিশেষ পাঠ ব্যবহার করিতে হইবে। কন্ট্রাক্টর লিখিতে জানিলে উক্ত পেমেণ্টে সমুদয় দাবী দাওয়া সম্পূর্ণরূপে মিটিয়া গেল, এই মর্ম্মে তাঁহাকে স্বহস্তে লিখিয়া দিবার আদেশ হইবে।

৭। এই পাঠ হরিদ্রা বর্ণের কাগজে কার্য্য চলিবার স্থানেই ইংরাজিতে ও দেশীয় ভাষায় ছাপাইয়া লইবার বন্দোবস্ত করিতে হইবে, এবং এই জন্য কেবল পুরা তক্তের পাঠই ব্যবহার করা উচিত, অথবা আবশ্যক বিবেচিত হইলে "মন্তব্য" গুলি বাদ দিয়া ও সেই জায়গায় দেশীয় ভাষায় লিখিত কথাগুলি মুদ্রিত করিয়া আধতক্তের পাঠও ছাপান যাইতে পারে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৩ নং পাঠ।

কন্ট্রাক্টরের প্রার্থনামতে প্রস্তুত। *

ইউনিট।	শেষ সার্টিফিকেটের সময় হইতে যে পরিমাণ কার্য্য হয়।	মাপ অনুযায়ী হাত নাগাইদ যে পরিমাণ কার্য্য হয়।	দফা।	হার।			যত টাকা।						মন্তব্য।
							হাত নাগাইত।			শেষ সার্টিফিকেটের সময় হইতে।			
				টাকা।	আনা।	পাই।	টাকা।	আনা।	পাই।	টাকা।	আনা।	পাই।	
			হাত নাগাইদ কৃত কার্য্যের মোট মূল্য ...										
			শেষে সার্টিফিকেটের প্রদর্শিত কার্য্যের মূল্য বাদ দাও ...										
			শেষ সার্টিফিকেটের সময় হইতে কৃত কার্য্যের নিট মূল্য ...										

কার্য্যের ভারপ্রাপ্ত কর্ম্মচারী।

কন্ট্রাক্টর।

১৮৮ সাল তাং ।

এই সার্টিফিকেট দেওয়া গেল যে, পূর্ব্বোক্ত দাবী ঠিক ও আমি ১৮৮ সালের মাসের তারিখে আবশ্যক মাপ সকল করিয়াছি ও তাহা আমার নং মাপের বহীর পৃষ্ঠায় লিখিত হইয়াছে এবং কার্য্য সন্তোষজনকরূপে সম্পাদিত হইয়াছে।

মহকুমার কর্ম্মচারী।

১৮৮ সাল তাং ।

* কন্ট্রাক্টর নিজে কন্ট্রাক্টের সার্টিফিকেট প্রস্তুত করিলে এইকথাগুলি কাটিয়া দিতে হইবে।

মন্তব্য।

১। কাজ সত্বর মাপিয়া মূল্য দিতে হইবে। যাহাতে চলতি হিসাব না রাখিতে হয় যত দূর সম্ভব তাহাই করিতে হইবে।

২। টাকা গ্রহীতা দেশীয় ভাষায় নাম সহী করিলে যত টাকার রসীদ দেওয়া যায় তাহা দেশীয় ভাষায় ও ইংরাজীতেও লখিতে হইবে।

৩। ২০ টাকার অধিক প্রত্যেক পেমেণ্টের জন্য একখানি রসীদ ইষ্টাম্প দেওয়া আবশ্যক।

৪। যে টাকা গ্রহীতারা লিখিতে পড়িতে জানে না তাহাদের চিহ্ন বা মোহর দুইজন উপযুক্ত সাক্ষী দ্বারা তজদিক করিয়া হইতে হইবে। ঐ সাক্ষীদের সমক্ষে পেমেণ্টের ভাব সম্পূর্ণরূপে বুঝাইয়া দিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৪ নং পাঠ।

জিলা—

মহকুমা—

যে শীর্ষে খরচ লিখিতে হইবে—

ছোট কন্ট্রাক্টরের বিল ১৮৮   সাল   ।

এই বিলের নং—

ক্যাসবহী নং

জাবদা নং

যে রকম কাজ—

কন্ট্রাক্টরের নাম—

অনুমতি পত্র —

এই কার্য্যের নিমিত্ত উক্ত কন্ট্রাক্টরের শেষ বিলের নং ও তারিখ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের মন্তব্য।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

কন্ট্রাক্টরের রসীদ।

নিম্নলিখিত স্মারকলিপি অনুসারে উপরিউক্ত কার্য্যের নিমিত্ত (   ) টাকা প্রাপ্ত হইলাম।

যত টাকা (দেশীয় ভাষায়)—

ইষ্টাম্প।

সাক্ষী {

ছোট কন্ট্রাক্টর।

১৮৮   সাল   তাং   ।

যত কাজ ও পেমেণ্ট হইল তাহার স্মারকলিপি।

	টাঃ। আঃ। পাঃ।	টাঃ। আঃ। পাঃ।
হাত নাগাইদ যত কাজ হয় তাহার মোট মূল্য ...		
১৮৮ সালের মাসের তারিখের নং		
বৌচর অনুসারে অগ্রে কৃত পেমেণ্ট ...		
এক্ষণে কৃত পেমেণ্ট ...		
বাকী পাওনা ...		

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৪নং পাঠ ।

কন্ট্রাক্টরের প্রার্থনামতে প্রস্তুত ।*

পরিমাণ ।		বিশেষ বিবরণ ।	হার ।		যত টাকা ।		মন্তব্য ।
মাসের মধ্যে ।	মাসের শেষ পর্য্যন্ত ।		যত টাকা ।	যে পরিমাণ প্রতি ।	মাসের মধ্যে ।	মাসের শেষ পর্য্যন্ত ।	
			টাঃ আ পা		টাঃ আ পা	টাঃ আ পা	
			মোট ...				

কার্য্যের ভারপ্রাপ্ত কর্ম্মচারী।

ছোট কন্ট্রাক্টর

এই সার্টিফিকেট দেওয়া গেলযে, পূর্ব্বোক্ত দাবী ঠিক ও আমি ১৮ সালের মাসের তারিখে আবশ্যক মাপ সকল করিয়াছি ও তাহা আমার নং মাপের বহীর পৃষ্ঠায় লিখিত হইয়াছে এবং উক্ত কার্য্য সন্তোষজনকরূপে সম্পাদিত হইয়াছে ।

১৮ সাল তাং

মহকুমার কর্ম্মচারী ।

* কন্ট্রাক্টর নিজে কন্ট্রাক্ট সার্টিফিকেট প্রস্তুত করিলে এই কথাগুলি কাটিয়া দিতে হইবে ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৫ নং পাঠ।

জিলা— নং

মহকুমা— নং

যে শীর্ষে খরচ লিখিতে হইবে—

মালমশলার নিমিত্ত বিল।

মন্তব্য।

১। বিক্রেতারা যে মালমশলা দেয় তন্নিমিত্ত তাহারা এই পাঠ ব্যবহার করিবে।

২। যাহাতে ব্যবসাদারেরা এই পাঠে তাহাদের বিল পাঠায় সেই জন্য তাহাদিগকে উৎসাহ দিতে হইবে এবং তাহাদিগকে এই জন্য ছাপা পাঠ দিতে হইবে।

৩। মালমশলার খরিদ হয় যন্ত্র ও কল প্রভৃতি বলিয়া খরচ লেখা যায় নয় বিশেষ কোন কার্য্য বাবত খরচ বলিয়া লিখিতে হয়। যখন একজন বিক্রেতা সমস্ত দ্রব্যই সরবরাহ করেন তখন প্রত্যেক শ্রেণীর দ্রব্যের জন্য স্বতন্ত্র বিল লওয়া আবশ্যক।

৪। প্রত্যেক কার্য্যের জন্য যে সমস্ত খরীদ হয় সেই সকল খরচ একত্র করিয়া উক্ত কার্য্য সম্বন্ধীয় আব্দায় তাহার হিসাব লিখিতে হইবে।

৫। মালমশলার নিমিত্ত পেমেন্ট করিবার সময় মহকুমার কর্ত্তৃপক্ষ অথবা তাঁহার সহকারী প্রকৃতই যে উহার ডেলিবরী লইয়াছেন ইহা সাবধানে দেখিতে হইবে (পাঠের ৯ ঘর দেখ।) একস্থলে একজন কণ্ট্রাক্টর কোন এক রেলওয়ে ষ্টেশনে রাশিপ্রমাণ কয়লা মৌজুদ করিয়া দিয়াই টাকা লয়, এবং কোন কোম্পানীকে টাকা না দিয়া পলায়ন করে। কোম্পানী ঐ কয়লা উহার বলিয়া দাবী করে, এবং কয়লা যথারীতি গবর্ণমেণ্টের দখলে দেওয়া হয় নাই এই হেতুতে আপনার দাবী বজায় রাখে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের মন্তব্য।

১৮৮ সাল তাং ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

কণ্ট্রাক্টরের বা সরবরাহকারীর রসীদ।

এই বিলে * বিশেষমতে বর্ণিত মালমশলার নিমিত্ত ( )————

————টাকা প্রাপ্ত হইলাম।

মত টাকা (দেশীয় ভাষায়)————

সাক্ষী ... ...

ইষ্টাম্প :

কণ্ট্রাক্টরের সহী।

১৮ সাল তাং।

* শেষ পেমেন্ট হইলে, "সমুদয় দাবী চুকাইয়া শেষ পেমেন্ট স্বরূপ" এই কথা গুলি যোগ করিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৫ নং পাঠ।

শ্রী ডিষ্ট্রিক্ট বোর্ড কর্ত্তৃক সরবরাহ করা মালমশলার নিমিত্ত দাবী। জিলার

মালমশলার বিবরণ।	মূল্য।				পেমেণ্ট।		কোন হিসাবে খরীদ।	কে লইল ও সংযুক্ত রসীদের নম্বর।
	দর।	প্রতি।	যত টাকা।	প্রত্যেক প্রকারের মোট।	যত টাকা।	কখন দেওয়া গেল।		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	টাকা আ পা		টাকা আ পা	টাকা আ পা	টাকা আ পা			
এই বিলের মোট—টাকা ...			...					

১৮৮ সাল———তাং।

সরবরাহকারকের সহী।

এই সার্টিফিকিট দেওয়া গেল যে, উপরোক্ত দাবী—ঠিক ও "কে লইল ইত্যাদি" শীর্ষক ঘরের লিখিত ব্যক্তি কর্ত্তৃক মালমশলা লওয়া হইয়াছে।

১৮৮ সাল তাং———।

মহকুমার কর্ত্তৃপক্ষ।

মন্তব্য।

১। যে ব্যক্তিরা নিয়মিত পাঠে তাহাদের বিল দাখিল করিতে পারে না তাহাদের নিকট যত খরীদ হয় তাহা একত্র দেখাইবার তালিকা স্বরূপ এই পাঠ ব্যবহৃত হইল।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৬নং পাঠ।

জিলা—

মহকুমা—

মাস—

মালমশলা সরবরাহকারী ব্যক্তিদের নিকট মাসে মধ্যে যে সকল খরীদের নিমিত্ত বিল নিয়মিত পাঠে পাওয়া যায় নাই তাহার তালিকা।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৬ নং পাঠ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৬ নং পাঠ।

——————জিলা

১৮৮ সালের মাসের মধ্যে কৃত যে সকল খরিদের জন্য মাল মশলা সরবরাহকারী ব্যক্তিদের নিকট নিয়মিত পাঠে বিল প্রাপ্ত হওয়া যায় নাই সেই সকল খরীদের তালিকা।

বিশেষ বিবরণ।	যে হিসাবে খরিদ হইল।	বিক্রেতার বিলের নম্বর।	পরিমাণ।	মূল্য।				পেমেণ্ট। *	
				হার।	প্রতি।	যত টাকা।	প্রত্যেক বিক্রেতার নিকট মোট।	যত টাকা।	যখন প্রদত্ত।
				টাঃ আ পা		টাঃ আ পা	টাঃ আ পা	টাঃ আ পা	

* ডিষ্ট্রিক্ট বোর্ড পেমেণ্ট করিয়া থাকিলে এই ঘরের কথাগুলি লাল সেহাই দিয়া লিখিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৬ নং পার্ট।

বিশেষ বিবরণ।	যে হিসাবে খরিদ হইল।	বিক্রেতার বিলের নম্বর।	পরিমাণ।	মূল্য।											পেমেন্ট।*			
				হার।			প্রতি।	যত টাকা।			প্রত্যেক বিক্রেতার নিকট মোট।			যত টাকা।			যখন প্রদত্ত।
				টাঃ	আঃ	পাঃ		টাঃ	আঃ	পাঃ	টাঃ	আঃ	পাঃ	টাঃ	আঃ	পাঃ	
							মাসের মোট ...										
							মোট ...										
							পেমেন্ট বাদ দাও ...										
							যত টাকা বাকী ...										

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

আকৌণ্টাণ্ট।

মহকুমার কর্তৃপক্ষ।

* ডিষ্ট্রিক্ট বোর্ড পেমেণ্ট করিয়া থাকিলে এই ঘরের কথা গুলি লাল সেহাই দিয়া লিখিতে হইবে।

মন্তব্য।

১। যে সকল কার্য্য প্রধানতঃ ভিন্ন২ কন্ট্রাক্টর অথবা পেটি কন্ট্রাক্টরদের দ্বারা এবং সামান্যাংশই রোজে মজুরী দ্বারা সম্পাদিত হয় সেই সকল কার্য্যের নিমিত্ত এই জাব্দা অভিপ্রেত হইয়াছে। যে সকল বিল ও বৌচরের পেমেণ্ট করা হয় তাহা হইতে দিন২ এই বহী লিখিতে হইবে। রোজে মজুরির খরচ সম্বন্ধে দৈনিক রিপোর্ট বা হাজিরার ফর্দ্দই প্রমাণ। এই বহীতে নিম্নলিখিত বিষয় প্রদর্শিত হইবে।

১ম।—কার্য্য সম্বন্ধে ক্যাস চার্জ।

২য়।—প্রকৃত পক্ষে যত মাল মশলা খরচ হইয়াছে।

৩য়।—কার্য্যের প্রতি উপশিরোভাগ সম্বন্ধে কার্য্য যতদূর চলিয়াছে ও যত হইল তাহার চুম্বক।

৪র্থ। কার্য্যের হিসাবে যত টাকা দেনা আছে।

২। কার্য্যের ভারপ্রাপ্ত কর্ম্মচারী মাসের শেষে যে পরিশিষ্ট বর্ণনাপত্র দেন তাহা হইতে কার্য্য যতদূর অগ্রসর হইয়াছে তাহা ও প্রাপ্ত ও বাহির করিয়া দেওয়া মাল মশলার পরিমাণ জানিতে পারা যায়। এই বর্ণনাপত্রের লিখিত মাল মশলার মূল্য ও মূল্যের হার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে পুরণ করিয়া দিতে হইবে।

৩। এই আদেশ করা যাইতেছে যে, প্রতি দিন এই জাব্দা লিখিয়া রাখিতে হইবে, এবং মাপা কার্য্যের ও প্রাপ্ত মাল মশলার পূর্ণ পরিমাণ, তন্নিমিত্ত টাকা দেওয়া হইয়া থাকুক বা না থাকুক, "খরচ" শীর্ষক ঘরে লিখিতে হইবে। মাসের শেষে যত বাকী টাকা অদত্ত থাকে তাহা তন্নদেশে বাদ দিয়া দেখাইতে হইবে।

৪। রোজে মজুর নিযুক্ত করা হইলে নিযুক্ত মজুরের সংখ্যা আর একখানি পরিশিষ্ট বর্ণনাপত্রে দেখাইতে হইবে। ঐ বর্ণনাপত্র জাব্দার সহিত থাকিবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৭ নং পাঠ।

জিলা—

মহকুমা—

যে শীর্ষে খরচ লিখিতে হইবে।

সালের মাসের জাব্দা

কার্য্যের নাম—

অনুমতি—

ইষ্টিমেট নং

টাকার নিমিত্ত।

[কার্য্য চলিতেছে কি শেষ হইয়াছে তাহা এই স্থানে লিখ]

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের মন্তব্য।

(ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র কার্য্য পরীক্ষা করিয়াছেন কি না মাল মশলা গণনা করিয়াছেন কি না, ও মাপ সকল চেক করিয়াছেন কি না, তাহা এবং কোন মন্তব্য লেখা আবশ্যক বোধ করিলে তাহাও এই স্থানে লিখিবেন।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৭ নং পাঠ।

জাব্দা।

১৮৮ সাল মাস।

কার্য্যের নাম————

তারিখ।	পেমেণ্ট।			বৌচরের নম্বর।	বিশেষ বিবরণ।	চার্জ্জ।			চার্জ্জর নম্বর।	ইষ্টিমেটের সব হেড।
	টাঃ	আঃ	পাঃ			টাঃ	আঃ	পাঃ		

মন্তব্য।—সংক্ষেপ করিয়া লইবার নিমিত্ত চার্জ্জগুলির পর ২ নম্বর দিতে হইবে।

১৮৮ সাল তাং————।

মহকুমার কর্ত্তৃপক্ষে।

কার্য্য যতদূর অগ্রসর হইয়াছে।

অবচ্ছেদ।	হাত নাগাইদ।	শেষ রিপোর্ট করা।	মাসের মধ্যে।

উপরে যে কার্য্য চলনের কথা লিখিত হইল তাহা আমার　　নং মাপের বহীর　　পৃষ্ঠায় লিখিত হইয়াছে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৭ নং পাঠ।

(১ম পরিশিষ্ট)

জিলা—
মহকুমা—
যে শীর্ষে খরচ লিখিতে হইবে—
মাস—

জাবার ১ম পরিশিষ্ট।

কার্য্যের নাম __________

মহকুমার কর্ত্তৃপক্ষ।

১৮৮ সাল　　তাং ______

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের মন্তব্য।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

আকৌন্টান্ট।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৭ নং পাঠ।

(১ম পরিশিষ্ট)

যত মাল মশলা প্রাপ্ত হওয়া যায় ও বাহির করিয়া দেওয়া হয় তাহার হিসাব।

যত মাল মশলা প্রাপ্ত হওয়া যায়।				প্রত্যেক সংহেড অনুযায়ি যত মাল মশলা বাহির করিয়া দেওয়া হয়।							
প্রত্যেক প্রকার মাল মশলার বিশেষ বিবরণ।	পরিমাণ।	হার।	মূল্য।	বিশেষ বিবরণ।	পরিমাণ।	হার।	মূল্য।	বিশেষ বিবরণ।	পরিমাণ।	হার।	মূল্য।
			টাকা। আ। পা।				টাকা। আ। পা।				টা। আ। পাঃ।
গত মাসের শেষে যত হাতে থাকে।	......	......									

মন্তব্য।—মহকুমার কর্ত্তৃপক্ষ সমস্ত পরিমাণগুলি লিখিবেন, কিন্তু সকল হার ও যত টাকা তাহা ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে পূরণ করিয়া দিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৭ নং পাঠ।

(১ম পরিশিষ্ট।)

কার্য্যের স্থানের মাল মশলা।

বিশেষ বিবরণ।	হাতে যত থাকে।	প্রাপ্ত।	মোট।	ব্যবহৃত*।	হাতে যত থাকে।				
					পরিমাণ।	হার।	আনুমানিক মূল্য।		
							টাকা।	আনা।	পাই।
					মাসের শেষে হাতে যত থাকে। ...				
					গত মাসের শেষে কার্য্যের স্থানের মাল মশলার মূল্য .				
					কার্য্যের স্থানের মাল মশলার মূল্য হ্রাস/বৃদ্ধি— ..				

* "বৃদ্ধি" বা "হ্রাস", যেখানে যেমন হয় লিখ।

মন্তব্য।

১। মহকুমার কর্ত্তৃপক্ষের বা ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের যে স্থানে আফিস আছে তথায় কেবল ডিপার্টমেণ্টের লোকদ্বারা যখন এরূপ কোন বড় কাজ করা হয় যাহাতে নিযুক্ত মিস্ত্রী ও সব-ওবরসীয়রেরা ভাল মিস্ত্রী হইলেও বিস্তারিত হিসাব দিতে অক্ষম, তখন জাব্দার এই পাঠ ব্যবহার করা অভিপ্রেত। এইরূপ হইলে, উক্ত কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টেরা দৈনিক রিপোর্টের পাঠে যে সন্ধান জানান তাহা হইতে অথবা তাঁহাদের নোট বহী হইতে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র বা মহকুমার কর্ত্তৃপক্ষের আফিসে জাব্দারলিখিতে হইবে।

২। এই প্রকারে প্রত্যেক সব-হেড অনুযায়ী যত মজুরী ও মাল মশলা লাগে তাহা দিনং বিস্তারিতরূপে লিখিত হইবে এবং মাসের শেষে ১ ভাগে প্রদত্ত এবং পূর্ব্বোক্ত জাব্দার ও ক্যাস ও মাপের বহীতে প্রদত্ত সন্ধান হইতে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে ২, ৩, ৪ ও ৫ ভাগের চুম্বক করা যাইবে।

৩। এইটি লক্ষ্য করিতে হইবে যে, পেমেণ্ট করা হইয়া থাকুক বা না থাকুক ১ ভাগের লিখিত কথাগুলির সহিত উহার কোন সম্পর্কই নাই। কার্য্যের পুরা মূল্য এবং ঐ কার্য্যের হিসাবে যে পেমেণ্ট করা হয় এই দুইয়ের বিশেষ ৩ ভাগে লিখিত আছে। ঐ স্থানেই বাকী দেনার সম্পূর্ণ বিবরণ দিতে হইবে। মহকুমার কর্ত্তৃপক্ষের আফিসে ১ ভাগ লিখিত হইলে মালমশলার মূল্য না লিখিয়া খালী রাখিতে হইবে, উহা ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে লিখিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৭ নং পাঠ।

২য় পরিশিষ্ট।

জিলা—

মহকুমা—

যে শীর্ষে খরচ লিখিতে হইবে—

মাস—

জাব্দার দ্বিতীয় পরিশিষ্ট।

কার্য্যের নাম—

অনুমতি—

ইষ্টিমেট নং—

টাকার নিমিত্ত।

[কার্য্য চলিতেছে কি শেষ হইয়াছে তাহা এই স্থানে লিখ।]

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের মন্তব্য।

(ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র কার্য্য পরীক্ষা করিয়াছেন কি না, মালমসলা গণনা করিয়াছেন কি না, ও মাপ সকল চেক করিয়াছেন কি না, তাহা এবং কোন মন্তব্য লেখা আবশ্যক বোধ করিলে তাহাও এই স্থানে লিখিবেন।)

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

আ, কোণ্টাণ্ট।

৩ ভাগ।—ডিপার্টমেণ্টাল এজেন্সীদ্বারা কৃত কার্য্যের হিসাবে বাকী দেনার স্মারকলিপি।

	যত টাকা দেনা।															বাকীর বিবরণ।	টাঃ	আ	পা
	মহকুমার কর্তৃপক্ষের।						ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের।						মোট।						
	মজুরী।			মাল মশলা।			মজুরী।			মাল মশলা।									
	টাকা	আ	পা	টাকা	আ	পা	টাকা	আ	পা	টাকা	আ	পা	টাকা	আ	পা				
১।—১ ও ২ ভাগ অনুসারে কৃত কার্য্যের মূল্য																			
২।—গত মাসের জাব্দা অনুযায়ী বাকী যোগ কর।																			
মোট ...																			
৩।—২ ভাগ অনুসারে কৃত পেমেণ্ট বাদ দেও																			
৪।—পার্শ্বলিখিত বিবরণ মত এই মাসের শেষে বাকী দেনা।																			
৫।—বৃদ্ধি বা হ্রাস ...																			
																৪ লাইন মত মোট ...			

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৭নং পাঠ।

(২য় পরিশিষ্ট।)

৪ ভাগ।—মাসের মধ্যে কার্য্য যতদূর চলিয়াছে তাহার এবং কৃত কার্য্যের মূল্যের চুম্বক ইষ্টিমেটের নামা সবহেড অনুসার পৃথক করিয়া প্রদর্শিত।

ইষ্টিমেট ও কর্ম্মের রেজেষ্টরী অনুযায়ী সবহেডের নম্বর ও বিবরণ।	মাসের মধ্যে কার্য্য যতদূর চলিয়াছে।	খরচ।												মোট			ইষ্টিমেটের বহীর নং পৃষ্ঠা মত ইষ্টিমেট।			কর্ম্মের রেজেষ্টরীতে যে মোট লিখিতে হইবে।					
		মহকুমার কর্তৃপক্ষ দ্বারা।						ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের দ্বারা।												পরিমাণ।			যত টাকা।		
		মজুরি।			ক্ষুদ্র২ বাজে খরচ।			মজুরি।			মাল মশলা।									হাত নাগাইদ।	শেষ যত রিপোর্ট করা গেল।	মাসের মধ্যে।			
		টাকা	আ	পা	টাকা	আ	পা	টাকা	আ	পা	টাকা	আ	পা	টাকা	আ	পা	টাকা	আ	পা				টাকা	আ	পা
যত কার্য্য হয় তাহার মোট মূল্য ...	......																								
৩ ভাগ মত দেয় বাকীর বৃদ্ধি ...	......																								
মোট যত পেমেন্ট করা হয় এবং যে ষ্টাক দেওয়া হয় ...	......																								

কার্য্য যতদূর চলিয়াছে বলিয়া উপরে লিখিত হইল তাহা মহকুমার কর্তৃপক্ষের নং মাপের বহীর পৃষ্ঠায় লিখিত হইয়াছে।

৫ ভাগ।—কার্য্যস্থানস্থিত মাল মশলার হিসাব।

বিশেষ বিবরণ।	যত হাতে থাকে।	প্রাপ্ত।	মোট।	ব্যবহৃত।	হাতে যত থাকে।			
					পরিমাণ।	মূল্য।		
						টাকা	আ	পা
					মোট ...			
					বাদ দাও—গত মাসের শেষে যত হাতে থাকে তাহার মূল্য ...			
					বৃদ্ধি বা হ্রাস			

১৮৮ সাল তাং ।

মহকুমার কর্ত্তৃপক্ষ।

মন্তব্য।

১। আকুইটান্স রোলে প্রত্যেক ব্যক্তিকে যে বেতন বা পথ খরচ দেওয়া যায় তাহা তাঁহার নামের পার্শ্বে প্রদর্শিত হয়। মাসের মধ্যে যত টাকা দেওয়া হয় তাহা "বেতন" বা "পথ খরচ" এই ঘরের মোট হইবে। অনুপস্থিত ব্যক্তিরা বা যাহারা অন্য কোন হেতুতে নিয়মিত আকুইটান্স রোল সহী করিতে অক্ষম তাহাদের স্বতন্ত্র রসীদ দেওয়া চাই। এই রসীদগুলি আকুইটান্স রোলে সংযুক্ত করিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৮ নং পাঠ।

জিলা——

মাস—— ১৮৮ সাল।

বৌচর নং

আকুইটান্স রোল।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৮নং পাঠ।

১৮৮　সালের　　　মাসের আকুইটান্সরোল।

নাম।	পদ।	যত টাকা বেতন বা পথখরচ। *			সহী এবং ২০ টাকার অধিক টাকার প্রত্যেক পেমেণ্টের জন্য ইষ্টাম্প।	বাদ দিবার কৈফিয়ৎ।			
						বিশেষ বিবরণ।	যত টাকা।		
		টাকা।	আনা।	পাই।			টাকা।	আঃ	পাঃ
	জের টানা গেল—								

* বেতন ও পথ খরচ একত্র করিতে হইবে না, স্বতন্ত্র করিয়া দেওয়া গেলে সর্ব্বস্থলেই প্রত্যেকের জন্য একখানি স্বতন্ত্র আকুইটান্সরোল প্রস্তুত করিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৮ নং পাঠ।

১৮৮ সালের মাসের আকুইটান্স রোল।

পদ।	যত টাকা বেতন বা পথখরচ।*			সহী এবং ২০ টাকার অধিক টাকার প্রত্যেক পেমেণ্টের জন্য ইষ্টাম্প।	বাদ দিবার কৈফিয়ৎ।			
					বিশেষ বিবরণ।	যত টাকা।		
জের ...	টাকা।	আনা।	পাই।			টাকা।	টা।	পা।
মোট ...								

* ও পথখরচ একত্র করিতে হইবে না, স্বতন্ত্র করিয়া দেওয়া গেলে সর্ব্বস্থলেই প্রত্যেকের জন্য একখানি স্বতন্ত্র আকুইটান্স রোল প্রস্তুত করিতে হইবে।

নাং ।

আকৌণ্টাণ্ট।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৯ নং পাঠ।

জিলা—

মাস—

রাস্তার মাল মশলা যত প্রাপ্ত হওয়া যায়, যত বাহির করিয়া দেওয়া হয় ও যত হাতে থাকে তৎসম্বন্ধীয় বিবরণপত্র।

মন্তব্য।

১। একত্র করিবার নিমিত্ত সংগ্রহ করা মালমশলার মাইল মাইল করিয়া যেরূপ বিলি ব্যবস্থা করা হয় তাহারই বিবরণ স্বরূপ এই রিটর্ণ থানি রাখা হয়। ইহা ১০ নং পাঠের বিস্তারিত বিবরণ হইতে সংগৃহীত হইবে। যে স্থলে মাল মশলা যোগাইয়া দিবার ও তাহা বিছাইয়া দিবার নিমিত্ত মোট টাকায় কন্ট্রাক্ট দেওয়া যায় সে স্থলে এই পাঠের প্রয়োজন হইবে না।

২। রাস্তার মালমশলা সম্বন্ধে নম্বর অনুযায়ী প্রত্যেক মাইলের স্বতন্ত্র হিসাব রাখা অত্যাবশ্যক। মালমশলা এক স্থান হইতে স্থানান্তর করিতে হইবে না যে স্থানে প্রথমে জমা করা হয় উহা সেই স্থানেই থাকা উচিত। ইষ্টিমেট অনুযায়ী মাল মশলা জমা করিবার স্থলে উপযুক্তরূপ চেক করিবার নিমিত্ত ইহা প্রয়োজন যে, যে মাইলে উহা জমা করা যাইতেছে তাহা নির্দ্দেশ করিতে হইবে। তাহা না হইলে, ইষ্টিমেটের নির্দ্দিষ্ট হার অতিক্রম না করিয়া মালমশলা সরবরাহ করা হইতেছে কি না, ইহা বলা অসম্ভব।

৩। যে জিলায় রাস্তাগুলি সম্পূর্ণ হইয়া আছে সেই জিলার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের পক্ষে মাল মশলা ক্রয় করা ও তাহা বিছান একটী গুরুতর ও প্রধান কর্ত্তব্য কর্ম্ম। অতএব ঐ দুই কার্য্যের ফলের প্রতি লক্ষ্য রাখা ও উহা লিপিবদ্ধ করার আবশ্যকতার প্রতি তাঁহার মনোযোগ আকর্ষণ করা উচিত।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ৯নং পাঠ ।

জিলা———————

১৮৮ সালের মাসের মধ্যে রাস্তার মালমসলা যত প্রাপ্ত হওয়া যায়, যত বাহির করিয়া দেওয়া হয় ও যত হাতে থাকে তৎসম্বন্ধীয় বিবরণপত্র ।

কার্য্যের নাম ।	মাসের প্রারম্ভে রাস্তার ধারে যত মালমশলা হাতে থাকে ।	মাসের মধ্যে প্রাপ্ত ।	মোট ।	মাসের মধ্যে খরচ ।	মাসের শেষে রাস্তার ধারে যত মালমশলা হাতে থাকে ।	মন্তব্য ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১০ নং পাঠ।

জিলা—

মহকুমা—

মাস—

মাসের মধ্যে সরবরাহ করা রাস্তার মাল মশলার বিবরণপত্র।

বিলের সহিত মিলাইয়া দেখা গিয়াছে।

আকৌণ্টাণ্ট।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র।

মন্তব্য।

১। জমা করা রাস্তার মাল মশলার মাইল প্রতি হিসাব এই পাঠে প্রদত্ত হইয়াছে। যদি কোন স্থলে ডিপার্টমেণ্টাল মজুরী দ্বারা মাল মশলা জমা করা হইয়া থাকে (কিন্তু এই কার্য্যপ্রণালী যাহাতে অবলম্বন না করিতে হয় তাহারই চেষ্টা করিতে হইবে।) তাহা হইলে "কণ্ট্রাক্টরের নাম" এই ঘরে "ডিপার্টমেণ্টাল মজুরী" এই কথা লিখিতে হইবে। এরূপ স্থলে ডিপার্টমেণ্টাল মজুরীর স্বতন্ত্র একখানি জাবদা রাখা আবশ্যক হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১০ নং পাঠ।

মাইল।	কন্ট্রাক্টর।	যে খনি হইতে খনন করা হইয়াছে বা যে খানে প্রস্তুত করা হইয়াছে।	যত দূর লইয়া যাওয়া হয়।		মাইল প্রতি বহনীর হার।			১০০ কিউবিক ফুট প্রতি খরচ।									যত কিউবিক ফুট।	মূল্য।			মন্তব্য।
			মাইল।	ফরলঙ্গ।				খুঁড়িবার ও রাস্তার ধারে জমা করিবার।			বহনী।			মোট।							
					টাঃ	আ	পা	টাঃ	আ	পা	টাঃ	আ	পা	টাঃ	আ	পা		টাঃ	আ	পা	

১৮৮ সাল　　তাং　　।　　মহকুমার কর্ত্তৃপক্ষ।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের ৭১ নং ফার্ম।

জিলা———

রাস্তার মালমশলার দরের বহী, জিলার সর্ব্বত্র রাস্তার ধারে নিম্নতম যে হারে মালমশলা সরবরাহ করা যাইতে পারে তৎপ্রদর্শক হারের টেবিল।

মন্তব্য।

১। রাস্তার মালমশলার দরের বহী ধরিয়া মালমশলার খরীদ চেক করিতে হইবে। পুরাতন খনি নিঃশেষিত হইলে, নূতন খনি খুলা গেলে অথবা অন্য কোন কারণে দরের হ্রাস বৃদ্ধি হইলে উক্ত বহী সময়ে ২ পরিবর্ত্তিত করা যাইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১২ নং ফার্ম।

_______________ জিলা।

মাপের বহী। _______________

_______________ মহকুমা।

কর্ম্মচারীর নাম।

____

____

প্রথম লিখনের তারিখ _______________

শেষ লিখনের তারিখ _______________

বিধি।

১ম। কন্ট্রাক্টরের কার্য্যের মাপ সকল, ঐ কার্য্য নিয়মিত বা ক্ষুদ্র কন্ট্রাক্টক্রমে বা টাস্ক ওয়ার্ক স্বরূপ যেরূপেই করা হউক, এইবহীতে লিখিতে হইবে। প্রাপ্ত মালমশলার মাপও ইহাতে লিখিতে হইবে।

২য়। সর্ব্বস্থলেই যে তারিখে মাপ করা হয় তাহার নোট করিতে হইবে এবং যৎকালে মাপ করা হয় তাহা তৎকালেই এই বহীতে লেখা যাইবে।

৩য়। বড় ২ কার্য্যের বেলা প্রত্যেক কার্য্যের নিমিত্ত একখানি স্বতন্ত্র বহী রাখা পরামর্শসিদ্ধ।

৪র্থ। যে সকল মাপ লওয়া হয় ও এই বহীতে লিখিত হয় তাহাই হিসাবের ভিত্তিস্বরূপ হইবে এবং অধীন কর্ম্মচারির হিসাবের মধ্যে যে সকল পরিমাণ লিখিত হয় তাহার স্পষ্ট সন্ধান এই বহী হইতেই পাওয়া উচিত।

৫ম। প্রয়োজন হইলে, অধীন কর্ম্মচারিদের হিসাবের সঙ্গে এইবহী ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে পাঠাইতে হইবে।

৬ষ্ঠ। এই বহী পরিপূর্ণ হইয়া গেলে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে ফাইল করিতে হইবে।

বিশেষ বিবরণ।	নম্বর।	দীর্ঘ।	প্রস্থ।	উচ্চ।	কালি।

বিশেষ বিবরণ।	নম্বর।	দীর্ঘ।	প্রস্থ।	উচ্চ।	কালি।

মন্তব্য।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে যে সমস্ত বিল ও সার্টি-ফিকেট প্রাপ্ত হওয়া যায় তাহা এই রেজেষ্টরীতে লিখিতে হইবে। ইহাতে নিম্নলিখিত বিষয়গুলি স্পষ্টরূপে প্রদর্শিত হইবে, অর্থাৎ—(১ম) বিল পাইবার তারিখ, (২য়) বিলের নম্বর, (৩য়) যে কার্য্য বা মজুরীর জন্য বিল করা হয়, (৪র্থ) পেয়ীর নাম, (৫ম) যত টাকার জন্য বিল উপস্থিত করা হয়, (৬ষ্ঠ) বিলের যত টাকা পেমেণ্টের নিমিত্ত পাস করা হয়, (৭ম) পেয়ীকে আসল বিল ফিরাইয়া দিবার তারিখ, (৮ম) পেমেণ্টের পর ডিষ্ট্রিক্ট বোর্ডের আফিস হইতে সার্টিফিকেটযুক্ত নকল পাইবার তারিখ এবং যে জাবদায় ঐ খরচ খতা হইয়াছে তাহার নম্বর।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১৩ নং পাঠ।

পাস করা বিলের রেজেষ্টরী।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১৩ নং পাঠ।

পাস করা বিলের রেজেষ্টরী।

পাইবার তারিখ।	বিলের নম্বর।	যে কার্য্য বা মজুরীর জন্য।	পেয়ীর নাম।	যত টাকার জন্য বিল উপস্থিত করা হয়।	বিলের যত টাকা পেমেণ্টের নিমিত্ত পাস করা হয়।	পেয়ীকে আসল বিল ফিরাইয়া দিবার তারিখ।	পেমেণ্টের পর ডিষ্ট্রিক্ট বোর্ডের আফিস হইতে সার্টিফিকেটযুক্ত নকল পাইবার তারিখ।	যে জাকায় খরচ হওয়া হইয়াছে তাহার নম্বর।	মন্তব্য।
				টাঃ আঃ পাঃ	টাঃ আঃ পাঃ				

মন্তব্য।

১। কর্ম্মের রেজেষ্টরী খানি ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের পৃ
কৃত কার্য্যের স্থায়ী ও একত্রীকৃত বিবরণ স্বরূপ। এই পা
কৃত কার্য্যের প্রত্যেক হেড বা সবহেডের পরিমাণ ও খরচে
নিমিত্ত ঘর আছে, এবং শেষ ঘরে মোট খরচ দেখাইতে হইবে
লাল সেহাই দ্বারা প্রথম লাইনে “ইষ্টিমেটের চুম্বক” অনুযা
কর্ম্মের ও খরচের ইষ্টিমেট প্রদর্শিত হইবে। ইহার নি
মাসের মধ্যে প্রকৃত যে খরচ হইয়াছে, এবং প্রতি মাসের শে
পর্য্যন্ত মোট যত কার্য্য হইয়াছে ও মোট যত খরচ হইয়া
তাহা আরম্ভ হইতে মাস২ করিয়া লিখিত হইবে। আন্দ
“কর্ম্ম যত দূর চলিয়াছে” বলিয়া লিখিত হয় তাহা হই
পরিমাণ সম্বন্ধীয় লিখনগুলি এবং “খরচের চুম্বক’ হই
খরচ সম্বন্ধীয় লিখন গুলি লইতে হইবে।

২। যে নূতন কার্য্যে বা মেরামতী কার্য্যে ২০০ টাক
অধিক খরচ হইবে বলিয়া ইষ্টিমেট হয় কর্ম্মের রেজেষ্টরীতে এর
প্রত্যেক কার্য্যের একটি বিবরণ থাকা উচিত। উহাতে ই
মেটের সহিত মিলাইয়া এবং যে সকল কার্য্যের খরচ ২৫
টাকার অধিক হইবে বলিয়া ইষ্টিমেট হয় তাহার বেলা ইষ্টি
মেটের সবহেডের সহিত মিলাইয়া মাস ২ করিয়া খরচ দেখাই
হইবে।

৩। রেজেষ্টরীর একখানি সূচীপত্র থাকিবে,
ডিপার্টমেন্টের নানা শীর্ষক অনুযায়ী বিভাগ করিয়া সহ
দেখিতে পারিবার নিমিত্তে পরিষ্কার করিয়া রাখিতে হই
এই রেজেষ্টরী ঠিক২ সময়ে হাল্‌আগাইদ লিখিয়া রাখি
হইবে, অর্থাৎ যখন মাসিক হিসাবগুলি প্রেরিত হয় ত
রেজেষ্টরীর লিখন সম্পূর্ণ হইয়া থাকা উচিত।

৪। নূতন কার্য্যের বেলা বৎসরের নিমিত্তে নিরূ
টাকা রেজেষ্টরীতে কার্য্যের অনুমতি এই লিখনের পর প
শিরোভাগে লিখিত হইবে, এবং বৎসরের মধ্যে কিছু ব

যাহা বাহির করিয়া দেওয়া হয় তাহার বিস্তারিত বিবরণ।

শ্রেণী।	দফা নম্বর।	দ্রব্যের নাম।	যেরূপ বিলি বন্দোবস্ত হইল এবং বিক্রয়াদির অনুমতিপত্র।	নম্বর।	মোট।	মাস।	মন্তব্য।

সর্টিফিকেট।

এই সার্টিফিকেট দেওয়া গেল যে, "প্রকৃত পক্ষে গণনা করিয়া" এই ঘরের লিখিত অঙ্কগুলি আমি সালের মাসের তারিখে প্রকৃতপক্ষে যে সকল দ্রব্য গণনা করিয়াছি তাহার সংখ্যা।

সালি তাং ———— ———— ষ্টোরকীপর। ———— মঃ কুমার কর্তৃপক্ষ।

মন্তব্য। যে সকল মাসিক হিসাবে দ্রব্যগুলি ক্রীত, বিক্রীত প্রভৃতি বলিয়া প্রদর্শিত হইয়াছে "মাস" এইঘরে সেই সকল হিসাবের উল্লেখ করিতে হইবে। ইহাতে রিটর্ণের লিখনগুলির সহিত মাসিক হিসাবের লিখনগুলি মিলাইবার সুবিধা হইবে।

মন্তব্য।

১। "ঠিক বাকীর জের" এই শিরোভাগযুক্ত ৪ ঘরটির সম্বন্ধে এই রিটর্ণখানি শেষ রিটর্ণের ("এই রিটর্ণ অনুযায়ি বাকী") এই শিরোভাগযুক্ত যে ২০ ঘরটি আছে তাহা হইতে লিখিতে হইবে। এবং মাসিক যাহা পাওয়া যায় এবং যাহা বাহির করিয়া দেওয়া হয় তৎসম্বন্ধে ৯ নং পাঠ হইতে লিখিতে হইবে।

২। ১৯ ঘরের প্রদর্শিত বাকী প্রত্যেক স্থলেই প্রকৃত পক্ষে গণনা না করণ পর্য্যন্ত ২০ ঘরটি ("প্রকৃতপক্ষে গণনা করিয়া বাকী") পুরণ করিতে হইবে না। ১৯ ও ২০ ঘরের মধ্যে যে বৈলক্ষণ্য হয় ২১ ঘরে পরিষ্কার করিয়া ও সম্পূর্ণরূপে তাহার কৈফিয়ৎ দিতে হইবে এবং ঐ বৈলক্ষণ্য মিটাইবার জন্য কি করা হইয়াছে তাহা ২২ ঘরে বর্ণনা করিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১৬ নং পাঠ।

জিলা—

মহকুমা—

১৮৮ সালের মাসের তারিখে যে ছয় মাস শেষ হয় সেই ছয় মাসে র জিম্মাস্থিত রাস্তার মাল মশলার রেজেষ্টরী।

মন্তব্য।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে অগ্রিম দানের যে হিসাব রাখিতে হইবে তাহা এই পাঠে রাখিতে হইবে।

কর্ম্মের নিমিত্তে যে সমস্ত আগাম টাকা দেওয়া যায় তাহা "অগ্রিম দত্ত টাকার" স্বতন্ত্র সস্পেন্স হিসাবের মধ্যে খরচ লিখিতে হইবে। ঐ হিসাবে কৃত কার্য্যের, প্রাপ্ত দ্রব্যাদির ও কৃত মজুরীর (যেখানে যেমন হয়) মূল্য জমা করা হইয়া থাকে।

কণ্ট্রাক্টর ও অন্য ব্যক্তিদিগকে যে অগ্রিম টাকা দেওয়া হয় তাহা ডিষ্ট্রিক্ট বোর্ডের আফিস হইতে দিতে হইবে। কেবল বিশেষং স্থলেই বোর্ড ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের প্রতি যে রূপ সামান্য অগ্রিম টাকা আবশ্যক বিবেচিত হয় নির্দ্দিষ্ট সীমার মধ্যে তদ্রূপ টাকা দিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

অতএব ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসে অগ্রিম দানের যে হিসাব রাখিতে হইবে তাহা ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র পেমেণ্টের জন্য যে সকল সর্টিফিকেট দেন তৎসম্বন্ধে উপদেশার্থ কেবল স্মারকলিপিমাত্র হইবে। প্রতি মাসে এই হিসারের বাকী কাটিয়া রাখিতে হইবে।

কোন কর্ম্মের ইষ্টিমেটের পার্শ্বে "কার্য্য স্থানস্থিত মালমশলা" বলিয়া প্রাপ্ত মাল মশলাদির খরচ লিখিতে পারা না গেলে, "অগ্রিম দানের হিসাবের মধ্যে ঐ খরচে লিখিতে হইবে। প্রত্যেক প্রকার মাল মশলার নিমিত্ত একটি সবহেড খুলিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১৭ নং পাঠ।

জিলা———

অগ্রিম দানের হিসাব।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের ১৮ নং পাঠ

জিলা———

আমানতী টাকার হিসাব।

মন্তব্য।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের আফিসের আমানতী টাকার হিসাব এই পাঠে রাখিতে হইবে।

ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র পেমেণ্টের জন্য যে সকল সার্টিফিকেট দেন তৎসম্বন্ধে এই হিসাব তাঁহার উপদেশার্থ স্মারকলিপি স্বরূপ হইবে। এই হিসাবের প্রতি মাসে বাকী কাটিয়া রাখিতে হইবে।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 27, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ২৭ নবেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা খুলনা।

জমীদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে খুলনা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২১ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ বিক্রয় হইলে তাহার বাকী।
২৯	কিং খলিসখালি পং ঐ।	৮৯৭ ৸৩	সম্পূর্ণ মহাল	......	কৈলাস কামিনী দেবী দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১০৬৷৶৭	......
৭২	কিং দাতিয়া পরগনে ঐ।	৪৭৩২২৷/৬৷	ঐ	......	সুরেন্দ্রনাথ পাল চৌধুরি দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ৩২৲৯৷৷	......
১১১	কিং বাজিদপুর পং ঐ।	১২১৷৷/১১	......	১ হিস্যা ৶৪৷৩৷৷	নিস্তারিণী দেবী...	৪২৬৷৷/৫	....	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৫০ ৸/১
১১৪	ঐ	২১২৪৷৭	......	১ হিস্যা ৶৩৷১১	শীতলনাথ ভক্ত দিগর।	৪২০৵৮	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১১৷৷৬
১২৭	কিং তালুকা পং ঐ।	১৫৯৪৩ ৸৶৮	......	১ হিস্যা ...	আফিলদ্দী সরদার দিগর।	৬৩৮৷৷৵২	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৪৬৷৷৵১৷

R. M. Waller,
Collector.

বিজ্ঞাপন। জেলা দিনাজপুর কালেক্টরি।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, দিনাজপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২৮ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোনঅংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৭১নং	পরগণে বাজিতপুর মৌজে বোনড়া গয়রহ।	৪০৩৯।৶১০।	পুরা মহল	......	সৈয়দ আবদুল রহমান মজফর প্রভৃতি।	...	২৯১৫ ৸/১০	...
১৭৫নং	পরগণে দেওড়া মৌজে বলরামপুর গয়রহ।	৩৮৩৮॥৶৫।।	পুরামহাল	......	তথা ..	...	২৭২০ ॥৶৩	...
১৭৬নং	পরগণে নূরপুরের মৌজে হরিহরপুর গয়রহ।	৪৩১৯॥৶১৸	...	।৶০ সাত আনা...	তথা ...	১৮৮৯৸/৫।	...	৩০৩৸৶৩
৯০৯নং	পরগণে পাঞ্জরা মৌজে ডাঙ্গাপাড়া গয়রহ।	৯২৫॥৯।।	...	।০ চারি আনা ...	বিষ্ণুপ্রসাদ বড়াল	২৩১।৶২॥	...	৩৫॥০

C. R. MARINDIN, *Collector.*

জিলা বীরভূম।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভুম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে সেপ্টেম্বর কিস্তীর বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ৯ জানুয়ারি মোতাবেক ১২৯৫। ২৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২৭ অক্টোবর—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজি নং।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬ নং	মুকুন্দা পং কুতবপুর।	১৫১২/০	সম্পূর্ণ ...	......	পরমশুকচন্দ্র দিঃ ..	০	২১৪	০
৭৪ নং	কীর্ত্তিহাট পং খড়গ্রাম।	১২২৬॥/	০	।১৬৸৶১৮	উম্মত তাহেবর বিবি দিঃ।	৬৭১।৶২	০	৭৸/১১
২০৭নং	কীর্ণাহার পং কুতবপুর।	৭৯৩॥৶	সম্পূর্ণ ...	... ..	তারাসুন্দরী দেব্যা দিঃ।	০	৭৸১	০
২৪১নং ৫৬ নং প্রঃহিঃ	সিঙ্গান পং বারবকসিংহ।	২৯১৮/	০	।০	গোপালচন্দ্র চক্রবর্ত্তী দিঃ।	৭১৯॥১	০	১৪/৫

C. J. S. F[illegible]DER, *Collector.*

জেলা হুগলী ।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জেলা হুগলী ।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারার বিধানানুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা হুগলীর অন্তর্গত নিম্নলিখিত মহাল বা মহালের ভগ্নাংশ সন ১৮৮৮ সালের ২৮শে সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায়ের নিমিত্ত সন ১৮৮৮ সালের ২০শে ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৯৫ সালের ৬ই পৌষ বৃহস্পতিবার দিবসে হুগলীর কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৮ সাল ২৭শে অক্টোবর ।

তৌজির নম্বর ।	মহাল ও পরগণা	সমুদয় ষ্টেটের সদর জমা ।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবেক কি না ।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ ।	যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার মালিকের নাম ।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা ।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকী রাজস্ব ।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব ।
৪৯	হাতিশালা, পং চৌমাহা ।	১১৫৬৯।/	......	রকম ।/৬॥ = আনা অংশ পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে ।	শ্যামাসুন্দরী দেবী অলি অছি জানবে নাবালগ পুত্র আশুতোষ গোস্বামী দিগর ।	৩৮৫৬।৶০	......	৫৮৫৶৯
৫৯	মাথালডিহি, পং পাণ্ডুয়া ।	৭২২৶১	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ ।	রাজলক্ষ্মী দেব্যা দিগর ।	১১৪৸৶৭	......	১॥৩
১০৯	হেপতি, পং আমিরাবাদ ।	২৪৮৪৸৶১	......	রকম ৶৮ আনা অংশের পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে ।	ব্রজনাথ ভট্টাচার্য্য ম্যানেজার জানবে উপেন্দ্র চন্দ্র রায় দিগর ।	৪১৪৶০	......	৻৩
১১৭	রাজহাট, পং খোশালপুর ।	৭২৬৻৩	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ ।	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর ।	২৬৫॥৶১	......	৩১।০
১৫৩	মল্লীক হাটী, পং বোর ।	২৯৬৮৻৮	......	পৃথক হিসাব বাদে বিক্রীঅংশ ।	প্রসাদ দাস গোস্বামী দিগর ।	২০১২॥৶৮	......	৩৮৮৸৶৩
১৫৯	চাতরা বাদে, পং বোর ।	৭৪০॥/৫	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ ।	জেঃ সীঃ মেকরেগর সাহেব ম্যানেজর ষ্টেট ৺ রামচন্দ্র দে দিগর ।	১৭৮॥৶৫	......	১৯/০
১৯১	হরিপুর আয়মা পং চৌমাহা ।	৮৫১৶২	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ ।	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর ।	৭২৮৶২	......	১১।০
৩৫২১	দিগড়া পং বোর	৫৩০৶৫	সম্পূর্ণ	......	রামদয়াল বন্দ্যোপাধ্যায় ।	......	১১৮৲	.....
৩৫৪১	খরসরাই পং বোর ।	১৩১১॥৶৬	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ ।	রামদয়াল বন্দ্যোপাধ্যায় ।	৬৫৫৸/৩	......	১৬২॥০
৩৯০৮	মাকড়দহা পং ধাড়শ ।	১২৭১॥/৩	......	রকম ৻৩।৶ গণ্ডার অংশের পৃথক হিসাব হইয়া (বি) চিহ্ন হইয়াছে।	যোগীন্দ্রনাথ মুখোপাধ্যায় স্বয়ং ও অলি জানবে হরেন্দ্রনাথ মুখোপাধ্যায় ।	১৩১।৶০	......	/০
৩৯৯৩	হাওড়াচর পং বোর ।	৭২৬।৮।	......	রকম /০ আনা অংশ পৃথক হিসাব হইয়া (সি) চিহ্ন হইয়াছে	জেঃ সীঃ মেকরেগর সাহেব রিসীবর হাই কোর্ট জানেবে ষ্টেট শ্রীমতি দাসী ।	৪৫।৶০	......	৬৸/০

G. TOYNBEE,
Collector.

জিলা নোয়াখালি।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোয়াখালির মধ্যগত কালেক্টরির তৌজিভুক্ত নিম্নলিখিত মহাল ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বরের পূর্ব্বান্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৮ সনের ১২ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা ১২৯১ সনের ২৯ পৌষ শনিবার উক্ত জিলার কালেক্টরির কাছারিতে বিনা আপত্ত্যে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক। ইতি ১৮৮৮ সন তারিখ ৩১ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
8. If the rates of toll are reduced during the currency of my lease, or the exemptions from the payment of it are extended, this agreement is to be modified accordingly. I shall be given a fair opportunity of satisfying the Magistrate as to the effect of the change, and if the terms proposed by him thereafter are not such as I can reasonably accept, I will, according to the law, immediately carry into effect the order reducing the rates of toll, or extending the exemption from payment of it, but will at the same time state the amount of rent I may be willing to pay under the altered circumstances of the case. Should my offer appear to the Magistrate to be inadequate, it shall be competent to him to remove me and place another person in charge of the ferry, and for such time as I remain in charge of the ferry after the issue of the order reducing the rates of tolls, or extending the exemption from payment of it, I shall pay rent in proportion to the amount of the reduction.

9. If I make default in the payment of the rent for the ferry, or of any penalty which may be lawfully imposed, or if I do not observe and perform the covenants herein contained, it shall be lawful for the Magistrate to remove me from the charge of the ferry, and to settle the same with some other person or hold it khas. After such removal I shall not be entitled to any part of the proceeds of the ferry or to levy any toll therefor. And if the rent on reletting the ferry fall short of the amount at which it was leased to me, and the Government or District Board or Municipality thereby incur loss, I shall be held responsible for such difference or loss, the amount of which may be deducted from my deposit. If the deposit does not cover the loss incurred, the rent due from me, and the amount of tolls refunded by the Magistrate under Rule 21 of the rules under section 15 of the Act, the total amount which is deficient shall be recoverable in the manner set forth in section 12 of the Act.

It shall be lawful for the Magistrate or the District Board (as the case may be) to deduct the amount of rent which I may default to pay, from my security deposit, and to direct me to recoup the same within a given time, and on my failure to do so to remove me from the charge of the ferry.

10. I will not assign, sublet or part with the possession of the ferry without the previous consent, in writing, of the Magistrate.

11. I shall not claim any compensation on account of roads being closed for repairs, or on account of inundations, or the breaking down of bridges or deficiency of water in the river on which the ferry is situated.

(গ) সামরিক কর্ত্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) মাজিষ্ট্রেট সাহেব পোলীস ও অন্য সরকারী কর্ম্মচারী ও পরওয়ানা জারীকারি পেয়াদা

} আপন আপন প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোড়া পাল্কী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(ঙ) জিলার পথকার্য্য বিভাগের এক্সেকিউটিব কর্ম্মচারী রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।
(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।
(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃত দেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

৬। যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায়, অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, আমি তাহাদের নিকট মাসুল লইব না বা দাওয়া করিব না।

৭। আমি এতদ্দ্বারা নিম্নলিখিত কিস্তিমতে খাজানা দিবার নিয়ম করিতেছি।—

	টাকা	আনা	পাই	তারিখ
প্রথম ...	...	...		
দ্বিতীয় ...	...	...		
তৃতীয় ...	...	...		
চতুর্থ ...	...	...		

কিন্তু যে কালের জন্য আমাকে খেয়াঘাট ইজারা দেওয়া হইয়াছে তাহা অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে এই ইজারার কোন নিয়ম ও সর্ত্ত লঙ্ঘন নিমিত্তে অথবা আইনের ১৫ ধারামত বিধির মধ্যে কোন বিধি ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন নিমিত্তে যদি আমাকে খেয়ার কার্য্য হইতে অপসারিত করা হয় তাহা হইলে আমাকে অপসারিত করিবার ঠিক পরেই যে কিস্তি দেয় হয় তাহা পর্য্যন্ত ও তাহা সুদ্ধ খাজানা দিতে আমি দায়ী থাকিব।

৮। আমার ইজারা চলিবার মধ্যে যদি মাসুলের হার কমান হয় অথবা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়ান যায়, তবে এই চুক্তিপত্র তদনুসারে পরিবর্ত্তিত হইবে। ঐ পরিবর্ত্তনের ফল কি হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইবার জন্য আমাকে ন্যায্যমতে সুযোগ করিয়া দিতে হইবে, এবং যদি তাহার পর তাঁহার প্রস্তাবিত সর্ত্ত এরূপ হয় যে আমি তাহাতে যুক্তিসঙ্গতরূপে সম্মত হইতে না পারি তাহা হইলে, আইনানুসারে আমি মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা অবিলম্বে ফলবৎ করিব, কিন্তু সেই সময়েই উক্ত পরিবর্ত্তন হেতুক যত টাকা খাজানা দিতে ইচ্ছা করি তাহাও বলিব। মাজিষ্ট্রেট সাহেব আমার প্রস্তাব উপযুক্ত নহে বিবেচনা করিলে আমাকে অপসারিত করিয়া অন্য ব্যক্তিকে খেয়াঘাটের কার্য্যভার অর্পণ করিতে পারিবেন, এবং মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা বাহির হইবার পর যতকাল আমি খেয়াঘাটের ভারপ্রাপ্ত থাকি তত কালের জন্য যে পরিমাণে মাসুলের হার কম করা হয় সেই পরিমাণে আমি কম খাজানা দিব।

৯। যদি আমি খেয়াঘাটের খাজানা অথবা আইনমতে নির্দ্ধারিত কোন অর্থদণ্ড দিতে ত্রুটি করি অথবা এই চুক্তিপত্রের লিখিত কোন নিয়ম পালন ও তদনুসারে কার্য্য না করি তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আমাকে খেয়াঘাটের কার্য্যভার হইতে অপসারিত করিয়া অন্য কোন ব্যক্তির সহিত উহার বন্দোবস্ত করিতে অথবা উহা খাসে রাখিতে পারিবেন। এরূপে অপসারিত হইলে পর আমি খেয়াঘাটের আয়ের কোন অংশ পাইবার অথবা খেয়াঘাটের জন্য কোন মাসুল আদায় করিবার স্বত্ববান হইব না। এবং যদি খেয়াঘাট যে খাজানায় পুনর্ব্বার ইজারা দেওয়া যায় তাহা আমাকে যত টাকায় ইজারা দেওয়া হইয়াছিল তদপেক্ষা কম হয় ও তাহাতে গবর্ণমেণ্টের কি জিলাবোর্ডের কি মুনিসিপালিটীর ক্ষতি হয়, তবে ঐ বৈলক্ষণ্য বা ক্ষতির জন্য আমি দায়ী হইব ও যত টাকা বৈলক্ষণ্য বা ক্ষতি হয় তাহা আমার আমানতী টাকা হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে। যত টাকা ক্ষতি হইল আমার নিকট প্রাপ্য খাজানা ও আইনের ১৫ ধারানুযায়ী বিধির ২১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা মাসুল ফেরত দিলেন তৎসমুদয় যদি আমানতী টাকায় না কুলায় তাহা হইলে কমতী টাকা আইনের ১৭ ধারার লিখিত প্রকারে আদায় করা যাইতে পারিবে।

আমি খাজানার যে টাকা দিতে ত্রুটি করি স্থলবিশেষে মাজিষ্ট্রেট সাহেব বা জিলাবোর্ড আমার জামিনীস্বরূপ আমানতী টাকা হইতে কাটিয়া তাহা লইতে পারিবেন এবং নির্দ্দিষ্ট কালের মধ্যে ঐ টাকা পূরণ করিয়া দিবার আজ্ঞা করিতে ও আমি ঐ টাকা পূরণ না করিলে খেয়াঘাটের কার্য্যভার হইতে আমাকে অপসৃত করিতে পারিবেন।

১০। আমি মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি অগ্রে না লইয়া খেয়াঘাট কাহারো জিম্মা করিয়া দিব না অথবা উহার দর ইজারা দিব না বা উহার দখল ছাড়িব না।

১১। মেরামতের জন্য রাস্তা বন্ধ হইয়াছে বা বন্যা হইয়াছে বা সেতু ভাঙ্গিয়া গিয়াছে বা যে নদীতে খেয়াঘাট আছে তাহার জল কমিয়া গিয়াছে, বলিয়া আমি ক্ষতিপূরণের দাবী করিব না।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৮ সাল ৪ ডিসেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮৮ সালের ১২ই অক্টোবর তারিখ উপস্থিত করা হইয়াছিল।

১৮৮৮ সালের ১৭ নম্বর।

কান্টনমেণ্ট বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

কাণ্টনমেণ্ট বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

কাণ্টনমেণ্ট বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।—

প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। (১) এই আইনটীকে "কাণ্টনমেণ্ট বিষয়ক ১৮৮৯ সালের আইন" বলা যাইতে পারিবে।

নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

(২) ইহা সমস্ত বৃটিশ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে। এবং

(৩) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া ইহা প্রবল হইবার জন্য যে দিবস ধার্য্য করেন সেই দিবসে ইহা প্রবল হইবে।

২ ধারা। (১) প্রথম তফসীলের তৃতীয় ঘরে যে পরিমাণের উল্লেখ আছে সেই দিবসে ও সেই দিবস হইতে উক্ত তফসীলের লিখিত আইনগুলি সেই পরিমাণে রহিত হইবে।

রহিত করিবার কথা।

(২) যে আইনে বা নিদর্শনপত্রে এই আইন দ্বারা রহিত হওয়া কোন আইনের অথবা এই আইন দ্বারা রহিত করা হইয়াছে এমন কোন আইন দ্বারা রহিত হওয়া আইনের উল্লেখ আছে তাহার যতদূর পারা যায় এইরূপ অর্থ করা যাইবে যে তাহাতে এই আইনের অথবা ইহার কজু অংশের উল্লেখ আছে।

৩ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিরুদ্ধভাবের কিছু না থাকিলে, এই আইনে—

অর্থকরণের কথা।

(১) "কর্ম্মচারী" শব্দের অর্থ—

(ক) যে ব্যক্তি সৈন্য বিষয়ক ১৮৮১ সালের আইনের অর্থানুসারে কর্ম্মচারী হইয়া, ঐ আইনে শ্রীশ্রীমতীর নিয়মিত সৈন্যদলের যেরূপ অর্থ করা হইয়াছে, সেই অর্থানুযায়ী শ্রীশ্রীমতীর নিয়মিত সৈন্যদলে কমিশনপ্রাপ্ত ও বেতনভোগী কর্ম্মচারীর ন্যায় সামরিক কার্য্যে নিযুক্ত থাকেন অথবা ঐ সৈন্যদলের কোন খণ্ডে, শাখায় বা অংশে কর্ম্মচারী স্বরূপ এরূপ কার্য্যে নিযুক্ত থাকেন। এবং

(খ) যে ব্যক্তি, সৈন্য বিষয়ক ১৮৮১ সালের আইনের অর্থানুসারে কর্ম্মচারী হইয়া হউক বা না হইয়া হউক, ঐ সৈন্যদলে বা উহার কোন খণ্ডে, শাখায় বা অংশে ওয়ারাণ্ট কর্ম্মচারী স্বরূপ সামরিক কার্য্য করেন।

(২) "সৈনিক" শব্দের অর্থ যে ব্যক্তি সৈন্য বিষয়ক ১৮৮১ সালের আইনের অর্থানুসারে শ্রীশ্রীমতীর নিয়মিত সৈন্যদলের সৈনিক হয়েন এবং এই আইনের অর্থানুসারে কর্ম্মচারী না হয়েন।

(৩) "উগ্র শরাব" ইহার অর্থ গাঁজলা শরাব, সুরাসারযুক্ত চোয়ান মদিরা, এবং কোন রকম তালজাতীয় বৃক্ষের রস, এবং সুরাসারবিশিষ্ট অপর যে কোন মদিরাকে স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আইনের প্রয়োজনার্থ উগ্র শরাব বলিয়া ব্যক্ত করেন ইহাতে তাহাও বুঝাইবে।

(৪) "মাদক দ্রব্য" বলিতে অহিফেন, গাঁজা, ভাঙ, চরস, এবং তাহা হইতে প্রস্তুত এবং তাহার মিশ্রণ লব্ধ প্রত্যেক দ্রব্য বুঝাইবে এবং এই আইনের প্রয়োজনার্থ স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া অপর যে কোন মাদক বস্তু বা মদিরাকে মাদক দ্রব্য বলিয়া ব্যক্ত করেন তাহাও বুঝাইবে। এবং

(৫) যে ব্যক্তি নিজের বলিয়া কিম্বা এজেণ্ট বা ট্রষ্টী স্বরূপ কোন বাড়ীর ভাড়া পান কিম্বা ঐ বাড়ী প্রজাকে ভাড়া দিলে যে ব্যক্তি এইরূপে ভাড়া পাইত "অধিকারী" বলিতে সেই ব্যক্তিকেও বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়।

কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট, ছোট আদালত ও পুলিসের কথা।

কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটের কথা।

৪ ধারা। (১) ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের প্রয়োজনার্থ প্রেসিডেন্সি নগরের সীমার বাহিরের প্রত্যেক কাণ্টনমেণ্টকে উহা যে জেলায় থাকে সেই জেলার মহকুমা বলিয়া গণ্য করা যাইবে এবং একজন প্রথম বা দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটকে মহকুমার মাজিষ্ট্রেটের স্বরূপ উহার ভার দেওয়া যাইবে এবং তাঁহাকে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট বলিয়া ডাকা যাইবে।

কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটের কথা।

(২) যে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট এই আইন আরম্ভ হইবার সময় কোন কাণ্টনমেণ্টে পদ ধারণ করেন তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ১২ ধারানুসারে নিযুক্ত হইয়াছেন এবং ঐ আইনের ১৩ ধারানুসারে কাণ্টনমেণ্টের ভারপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।

কাণ্টনমেণ্টের ছোট আদালতের কথা।

৫ ধারা। (১) মফস্বলের ছোট আদালত বিষয়ক ১৮৮৭ সালের আইনানুসারে কোন কাণ্টনমেণ্টের মধ্যে যে ছোট আদালত স্থাপন করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটকে তাহার জজ নিযুক্ত করিবেন।

কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটকে কাণ্টনমেণ্টের ছোট আদালতের জজ নিযুক্ত করিবার কথা।

(২) কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটকে এরূপ আদালতের জজ নিযুক্ত করিয়া যে হুকুম দিবেন স্থানীয় গবর্ণমেণ্ট তাহাতে পাঁচশত টাকার অনধিক যত মূল্যের মোকদ্দমা মফস্বলের ছোট আদালত বিষয়ক ১৮৮৭ সালের আইনানুসারে তাঁহার বিচার্য্য হইবে তাহা ব্যক্ত করিবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া মফস্বলের ছোট আদালত বিষয়ক ১৮৮৭ সালের আইনানুসারে পাঁচশত টাকার অনধিক তাঁহার বিচার্য্য মোকদ্দমার মূল্য পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন।

(৩) কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট যে ছোট আদালতের জজ সে ছোট আদালত সম্বন্ধে এই আইনের ১৫ ধারার (২) প্রকরণের বিধান খাটিবে না।

বর্ত্তমান কাণ্টনমেণ্টের ছোট আদালতের জজদিগের কথা।

৬ ধারা। এই আইন আরম্ভ হইবার সময় যে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট কোন কাণ্টনমেণ্টের ছোট আদালতের অধ্যক্ষতায় নিযুক্ত থাকেন তিনি মফস্বলের ছোট আদালত বিষয়ক ১৮৮৭ সালের আইনের ৬ ধারানুসারে নিযুক্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্টের কোন বিপরীত হুকুম না থাকিলে, এবং যে সকল মোকদ্দমা ঐ আইনানুসারে ছোট আদালতের বিচার্য্য এবং যাহার মূল্য পাঁচশত টাকার বেশী নয় সেই সকল মোকদ্দমা সম্বন্ধে তাঁহার বিচারাধিকার আছে বলিয়া বিবেচনা করা যাইবে।

জজের বিচারাধিকার হ্রাস হওয়া সত্ত্বেও কোন কোন স্থলে কাণ্টনমেণ্টের ছোট আদালতের বিচারাধিকার অক্ষুণ্ণ থাকিবার কথা।

৭ ধারা। কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট ছোট আদালতের জজরূপে যে সকল মোকদ্দমার বিচার করিতে পারিতেন তাহার মূল্য কম করা গেলেও কোন মোকদ্দমা উপস্থিত করিবার সময় আদালতের অধ্যক্ষতাকারী জজের বিচারাধিকারের আর্থিক সীমার মধ্যে ঐ মোকদ্দমা থাকিলে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট ঐ রূপ জজরূপে ঐ মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন এবং সেরূপ কোন মোকদ্দমায় ডিক্রীর পর কোন অনুষ্ঠান গ্রাহ্য করিতে ও তাহার মীমাংসা করিতে পারিবেন।

কাণ্টনমেণ্টের পুলিসের কথা।

পুলিসের কথা।

৮ ধারা। (১) (ফোর্টসেণ্ট জর্জ প্রেসিডেন্সির অধীন প্রদেশের মধ্যে পুলিসের আরো ভাল ব্যবস্থা করণার্থ) ১৮৫৯ সালের ২৪ আইন (পুলিসের ব্যবস্থা করণার্থ) ১৮৬১ সালের ৫ আইন এবং বোম্বাইয়ের ডিষ্ট্রিক্ট পুলিস বিষয়ক ১৮৬৭ সালের আইন এই তিনটী আইনের মধ্যে যে স্থলে যে আইনটীর সম্পর্ক থাকে সে স্থলে সেই আইনটীর প্রয়োজনার্থ কোন প্রেসিডেন্সি নগরের সীমার বাহিরের কোন কাণ্টনমেণ্টে যে পুলিসের দল নিযুক্ত থাকে সেই পুলিসের দলকে যে স্থানীয় গবর্ণমেণ্টের অধীন প্রদেশে কাণ্টনমেণ্টটী থাকে সেই স্থানীয় গবর্ণমেণ্টের তত্ত্বাবধানের অধীন যে সাধারণ পুলিস সেরেস্তা থাকে তাহার অংশ বলিয়া গণ্য করিতে হইবে।

(২) যে যে প্রদেশের প্রতি ১৮৫৯ সালের ২৪ আইন, ১৮৬১ সালের ৫ আইন এবং বোম্বাইয়ের ডিষ্ট্রিক্ট পুলিস বিষয়ক ১৮৬৭ সালের আইন যথাক্রমে খাটে স্থানীয় গবর্ণমেণ্ট সেই সেই প্রদেশস্থিত যে কোন কাণ্টনমেণ্টের প্রতি যথাক্রমে ১৮৫৯ সালের ২৪ আইনের ৪৮ ধারা ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারা এবং বোম্বাইয়ের ডিষ্ট্রিক্ট পুলিস বিষয়ক ১৮৬৭ সালের আইনের ৩১ ধারা খাটাইয়া দিতে পারিবেন।

তৃতীয় অধ্যায়।

উগ্র শরাব ও মাদক দ্রব্যের কথা।

অনুমতি বিনা উগ্র শরাব বা মাদক দ্রব্য বিক্রয় করিবার কথা।

৯ ধারা। যে ব্যক্তি সামরিক আইনের অধীন হয়েন কিম্বা যে ব্যক্তি কোন কর্ম্মচারী বা সৈনিক হইতে ভিন্ন রকমে সামরিক আইনের অধীন হয়েন সেই ব্যক্তি যদি কোন কাণ্টনমেণ্টের মধ্যে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া কাণ্টনমেণ্টের চতুষ্পার্শ্বের যে সীমা এতৎপক্ষে নির্দ্দিষ্ট করিয়া দেন সেই সীমার মধ্যে কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর লিখিত অনুমতি ব্যতীত কিম্বা কমাণ্ডিং কর্ম্মচারী যে ব্যক্তিকে এইরূপ অনুমতি দিবার ক্ষমতা দেন তাঁহার লিখিত অনুমতি ব্যতীত জানিয়া শুনিয়া কোন ইউরোপীয় সৈনিককে কি সৈনিকের ব্যবহারের জন্য কিম্বা অনুচর বা সৈনিকের স্ত্রী হয়েন এমন কোন ইউরোপীয় বা ইউরেশীয়কে কি এমন কোন ইউরোপীয় বা ইউরেশীয়ের ব্যবহারের জন্য কোন উগ্র শরাব বা মাদক দ্রব্য বিনিময় বিক্রয়, বা সরবরাহ করেন বা বিনিময়, বিক্রয় বা সরবরাহ করিতে চান বা চেষ্টা করেন তাহা হইলে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত জরিমানা দণ্ড, অথবা তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড, অথবা কশাঘাত দণ্ড হইতে পারিবে।

অনুমতি বিনা উগ্র শরাব দখলে রাখিবার কথা।

১০ ধারা। যদি কোন কাণ্টনমেণ্টের সীমার মধ্যে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া কাণ্টনমেণ্টের চতুষ্পার্শ্বের যে সীমা এতৎপক্ষে নির্দ্দিষ্ট করিয়া দেন সেই সীমার মধ্যে যে ব্যক্তি কোন কর্ম্মচারী বা সৈনিক হইতে ভিন্ন রকমে সামরিক আইনের অধীন হয়েন সেই ব্যক্তি কিম্বা এরূপ কোন ব্যক্তির বা কোন সৈনিকের স্ত্রী, কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর লিখিত অনুমতি ব্যতীত, কিম্বা কমাণ্ডিং কর্ম্মচারী যে ব্যক্তিকে এরূপ অনুমতি দিবার ক্ষমতা দেন তাঁহার লিখিত অনুমতি ব্যতীত, গবর্ণমেণ্টের পক্ষে কিম্বা কোন কর্ম্মচারীর নিজের ব্যবহারার্থ ভিন্ন গাঁজাল মলট শরাব ছাড়া অন্য কোন উগ্র শরাবের এক কুয়াটের বেশী আপন দখলে রাখেন তাহা হইলে এই ধারার বিরুদ্ধে প্রথম অপরাধের স্থলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত জরিমানা হইবে এবং এই ধারার বিরুদ্ধে কোন পরবর্ত্তী অপরাধের স্থলে তাঁহার একশত টাকা পর্য্যন্ত জরিমানা কিম্বা তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড হইবে।

১১ ধারা। (১) যদি কোন পুলিস কর্ম্মচারী কোন ব্যক্তিকে ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটী ধারার মধ্যে কোন ধারার বিরুদ্ধে কোন অপরাধ করিতে দেখেন তাহা হইলে কোন মাজিস্ট্রেটের হুকুম ব্যতীত এবং ওয়ারেণ্ট ব্যতীত তিনি সেই ব্যক্তিকে গ্রেপ্তার করিতে পারিবেন এবং যে উগ্র শরাব বা মাদক দ্রব্য সম্বন্ধে এরূপ অপরাধ করা হয় তাহা এবং যে পাত্র বা চাকুনিতে সেই শরাব বা দ্রব্য থাকে তাহা ধৃত করিয়া আটক করিয়া রাখিতে পারিবেন।

ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটী ধারার বিরুদ্ধে অপরাধের জন্য লোককে গ্রেপ্তার ও জিনিস ধৃত ও জব্দ করিবার কথা।

(২) যে ব্যক্তি ৯ ধারার বিরুদ্ধে অপরাধ করিয়াছেন বলিয়া অভিযুক্ত হন ঐ ধারার বিরুদ্ধে কোন অপরাধ তাঁহার বিরুদ্ধে পূর্ব্বে সাব্যস্ত হইয়া থাকিলে, কোন পুলিস ইষ্টেশনের ভারপ্রাপ্ত কর্ম্মচারী, কোন মাজিস্ট্রেটের লিখিত অনুমতি লইয়া, কান্টনমেণ্টের মধ্যে কিম্বা ৯ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যে যে উগ্র শরাব বা মাদক দ্রব্য কথিত পরবর্ত্তী অপরাধ কৃত হইবার সময় সেই ব্যক্তির ছিল বা তাঁহার দখলে ছিল তাহা ধৃত করিয়া আটক করিয়া রাখিতে পারিবেন।

(৩) যে আদালত কোন ব্যক্তি ৯ ধারার বা ১০ ধারার বিরুদ্ধে অপরাধ করিয়াছে বলিয়া অপরাধী সাব্যস্ত করেন সেই আদালত (১) প্রকরণ বা (২) প্রকরণ অনুসারে ধৃত সমস্ত জিনিস বা উহার কোন অংশ জব্দ করিবার হুকুম দিতে পারিবেন।

(৪) যাহা কিছু (১) প্রকরণ বা (২) প্রকরণ অনুসারে ধৃত করা যায় তাহা (৩) প্রকরণানুসারে জব্দ করা না গেলে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৪৩ অধ্যায়ের বিধানের অধীনে, যে ব্যক্তির নিকট হইতে লওয়া হইয়াছিল তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে।

১২ ধারা। কোন চিকিৎসক, রসায়নবিৎ বা ভৈষজ্য দ্রব্যব্যবসায়ী কর্ত্তৃক ঔষধ স্বরূপ কোন দ্রব্য বিক্রয় বা সরবরাহ করা সম্বন্ধে এই অধ্যায়ের পূর্ব্ববর্ত্তী বিধানগুলি খাটিবে না।

যে সকল দ্রব্য ঔষধ স্বরূপ বিক্রয় বা সরবরাহ করা হয় তাহা বাদ দিবার কথা।

চতুর্থ অধ্যায়।

টেক্স স্থাপন, কান্টনমেণ্টের ফণ্ড এবং কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের কথা।

টেক্স স্থাপনের কথা।

১৩ ধারা। (১) অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি লইয়া স্থানীয় গবর্ণমেণ্ট, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, ঐ বিজ্ঞাপনের তারিখে প্রচলিত কোন আইনে যে টেক্স ঐ গবর্ণমেণ্টের শাসিত প্রদেশস্থিত কোন মুনিসিপালিটিতে বসান যাইতে পারে বলিয়া লিখিত থাকে সেই টেক্স কোন কান্টনমেণ্টে বসাইতে পারিবেন এবং এইরূপে বসান কোন টেক্স উঠাইয়া দিতে পারিবেন।

টেক্স স্থাপন করিবার সাধারণ ক্ষমতার কথা।

(২) যখন কোন টেক্স (১) প্রকরণানুযায়ী বিজ্ঞাপনানুসারে কোন কান্টনমেণ্টে আদায়ের যোগ্য হয়, তখন স্থানীয় গবর্ণমেণ্ট, তদ্রূপ মঞ্জুরি লইয়া এবং তদ্রূপ বিজ্ঞাপন দিয়া, ঐ গবর্ণমেণ্টের শাসিত প্রদেশস্থিত কোন মুনিসিপালিটির মধ্যে কোন টেক্স ধার্য্য ও আদায় করা সম্বন্ধে ঐ বিজ্ঞাপনের তারিখে যে আইন বা বিধি প্রচলিত থাকে তাহার বিধান ঐ কান্টনমেণ্ট সম্বন্ধে খাটাইবেন বা ঐ কান্টনমেণ্টের উপযোগী করিয়া দিবেন।

১৪ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, বৃটিশ ভারতবর্ষের যে কোন অংশে (বাঙ্গালাদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি শহরে ও নগরে ও মোকামে ও শহরতলীতে ও বাজারে পোলীসের চৌকীদারদিগকে নিযুক্ত ও প্রতিপালন করিবার আরো উত্তম বিধান করিবার) ১৮৫৬ সালের ২০ আইন প্রবল থাকে সেই অংশস্থিত যে কোন কান্টনমেণ্টে ঐ আইনের বিধান খাটাইতে পারিবেন। এবং কেবল মাত্র জেলার মাজিস্ট্রেট ও স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বের অধীন হইয়া কান্টনমেণ্টের মাজিস্ট্রেট মাজিস্ট্রেটের ঐ আইনানুযায়ী সমস্ত ক্ষমতা পরিচালন করিতে পারিবেন।

কোন কোন কান্টনমেণ্টে ১৮৫৬ সালের ২০ আইন খাটাইবার কথা।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট এইরূপ হুকুম দিতে পারিবেন যে, যে কান্টনমেণ্টে ১৮৫৬ সালের ২০ আইনের বিধান খাটান যায় তাহা কতকগুলি কান্টনমেণ্ট বিভাগে বিভক্ত করা যাইবে এবং ঐ আইনের ১০ ধারানুসারে এইরূপ প্রত্যেক বিভাগে যে টেক্স আদায় করা যাইবে সে টেক্স কি রকমের হইবে তাহা অবধারিত করিয়া দিতে পারিবেন।

১৫ ধারা। যে সকল ব্যক্তি কোন টেক্স দিবার জন্য দায়ী তাঁহাদের অবস্থা ও তাঁহাদের যে সম্পত্তি রক্ষা করিতে হইবে সেই সম্পত্তি বিবেচনা করিয়া কিম্বা বাড়ী ও জমির বাৎসরিক মূল্য বিবেচনা করিয়া ঐ টেক্স ধার্য্য করা হইলে ঐ টেক্স যতদিন ১৮৫৬ সালের ২০ আইনানুসারে কোন কান্টনমেণ্টে আদায় করা যায় ততদিন যে সকল ব্যক্তি কোন বৃত্তি বা শিল্প কার্য্যে নিযুক্ত থাকেন অথবা কোন ব্যবসা বা কর্ম্ম চালান তাঁহাদের উপর কোন টেক্স অথবা বিল্ডিং বা জমির উপর কোন টেক্স, যে থানে যে টেক্সটী হয় সেখানে সে টেক্সটী এই আইনের ১৩ ধারানুসারে ঐ কান্টনমেণ্টে বসান যাইবে না।

যে কান্টনমেণ্টে ১৮৫৬ সালের ২০ আইন প্রবল থাকে তথায় টেক্স বসাইবার ক্ষমতার সীমার কথা।

১৬ ধারা। (১) উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনে যাহা কিছু আছে তাহা সত্ত্বেও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব, ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া, কোন কান্টনমেণ্টে যে কোন টেক্স বসান হয় তাহার সমস্ত বা কোন অংশ আদায় করা

টেক্স বসান নিষেধ করিবার বা টেক্স হইতে নিষ্কৃতি দিবার ক্ষমতার কথা।

নিষেধ করিতে পারিবেন, অথবা এরূপ কোন টেক্স হইতে কোন ব্যক্তিকে নাম ধরিয়া কিম্বা তাঁহার পদোপলক্ষে কিম্বা কোন শ্রেণীর ব্যক্তিকে কিম্বা কোন সম্পত্তিকে বা কোন শ্রেণীর সম্পত্তিকে নিষ্কৃতি দিতে পারিবেন, এবং তদ্রূপ বিজ্ঞাপন দিয়া এরূপ কোন নিষেধ বা নিষ্কৃতির আজ্ঞা রহিত করিতে পারিবেন।

(২) যে স্থান মুনিসিপাল টেক্স বিষয়ক ১৮৮১ সালের আইনের ২ ধারার ব্যাখ্যামত মুনিসিপাল কমিটীর ক্ষমতার অধীন একটী সমগ্র কাণ্টনমেণ্ট বা উহার কোন অংশ সেই স্থানের অন্তর্গত হইলে, সেই স্থানের যতটা সেই কাণ্টনমেণ্টভুক্ত থাকে ততটা সম্বন্ধে ঐ আইনের ৪ ধারার বা ৫ ধারার বিধান অথবা উপস্থিত সময়ের প্রচলিত তদ্রূপ কোন আইনের বিধান খাটিবে না।

কাণ্টনমেণ্টের ফণ্ড ও কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের কথা।

কাণ্টনমেণ্টের ফণ্ডের কথা।

১৭ ধারা। (১) প্রত্যেক কাণ্টনমেণ্টের নিমিত্ত একটী কাণ্টনমেণ্টের ফণ্ড করা হইবে এবং অপর টাকার মধ্যে নিম্নলিখিত টাকা ঐ ফণ্ডে জমা দেওয়া যাইবে, অর্থাৎঃ—

(ক) কাণ্টনমেণ্টের মধ্যে কৃত অপরাধ সম্বন্ধে যে সকল অভিযোগ এই আইনানুসারে বা এই আইনানুযায়ী কোন বিধি অনুসারে বা এরূপ কোন বিধি দ্বারা খাটান কোন আইন অনুসারে কিম্বা ১৮৫৯ সালের ২৪ আইনের ৪৮ ধারানুসারে, ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারানুসারে বা বোম্বাইয়ের ডিষ্ট্রিক্ট পুলিস বিষয়ক ১৮৬৭ সালের আইনের ৩১ ধারানুসারে, কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৩ অধ্যায় বা ১৪ অধ্যায় অনুসারে কিম্বা সৈন্য বিষয়ক ১৮৮১ সালের আইনের ১৫৬ ধারানুসারে কিম্বা পরের ভূমিতে গো মেষাদির প্রবেশ বিষয়ক ১৮৭১ সালের আইন অনুসারে উপস্থিত করা হয় তাহাতে যে সমস্ত জরিমানার টাকা আদায় করা যায়, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৫৪৫ ধারানুসারে বা উপস্থিত সময়ের প্রচলিত অপর কোন আইনানুসারে বা স্থানীয় গবর্ণমেণ্টের কোন হুকুমানুসারে যাহা বাদ দেওয়া যাইতে পারে তাহা বাদ দিবার নিয়মে, সেই সমস্ত জরিমানার টাকা। এবং

(খ) ১৩ ধারা বা ১৪ ধারানুসারে কাণ্টনমেণ্টের মধ্যে যে সকল টেক্স লওয়া যায় তাহা আদায় করিয়া যে টাকা পাওয়া যায় সেই টাকা।

(২) কোন টেক্সের দরুণ আদায় করা টাকা যে যে প্রয়োজনে লাগান যাইবে তৎসম্বন্ধে কোন আইনে যে কোন বিধান থাকে তাহা সত্ত্বেও, এই আইনানুযায়ী বিধির অধীনে, কাণ্টনমেণ্টের ফণ্ড কাণ্টনমেণ্টের মধ্যে নিযুক্ত পুলীসের দল পোষণ এবং কাণ্টনমেণ্টের মধ্যে এই আইনের অপর প্রয়োজনে এবং যে সকল স্থলে কাণ্টনমেণ্টের সীমার বাহিরে ঐ ফণ্ড প্রয়োগ করিলে স্থানীয় গবর্ণমেণ্টের মতে কাণ্টনমেণ্টের অধিবাসীদিগের কিম্বা তথায় সচরাচর রাখা হয় এমন কোন সেনা দলের বা সেরূপ কোন সেনাদলের কোন খণ্ডদলের উপকার হইবে সেই সকল স্থলে, স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ বা বিশেষ মঞ্জুরি লইয়া, বৃটিশ ভারতবর্ষের ভিতরে বা বাহিরে কাণ্টনমেণ্টের সীমার বাহিরে তদ্রূপ প্রয়োজনে প্রয়োগ করা যাইতে পারিবে।

কাণ্টনমেণ্টের ফণ্ডের হেপাজতের কথা।

১৮ ধারা। (১) যে স্থলে কোন কাণ্টনমেণ্টে বা কাণ্টনমেণ্টের নিকট গবর্ণমেণ্টের ট্রেজরী বা সব-ট্রেজরি বা গবর্ণমেণ্টের ট্রেজরির কাজের ভারপ্রাপ্ত কোন ব্যাঙ্ক থাকে সে স্থলে কাণ্টনমেণ্টের ফণ্ড সেই ট্রেজরি, সব-ট্রেজরি বা ব্যাঙ্কে রাখা যাইবে।

(২) যে স্থলে এরূপ কোন ট্রেজরি, সব-ট্রেজরি বা ব্যাঙ্ক না থাকে সে স্থলে কাণ্টনমেণ্টের ফণ্ড এমন কোন ব্যাঙ্করের বা ব্যাঙ্করের ন্যায় কার্য্য করেন এমন কোন ব্যক্তির নিকট আমানত রাখা যাইবে যিনি এইরূপে আমানত করা ফণ্ড নিরাপদে রাখা সম্বন্ধে ও চাহিবামাত্র ফেরত দেওয়া সম্বন্ধে জেলার ম্যাজিষ্ট্রেট প্রত্যেক স্থলে যে সিকিউরিটি উপযুক্ত মনে করেন সেই সিকিউরিটি দেন।

কাণ্টনমেণ্টের ফণ্ড কাহাতে বর্ত্তিবে এবং কে তাহার কার্য্য করিবে সেই কথা।

১৯ ধারা। কাণ্টনমেণ্টের ফণ্ড শ্রীশ্রীমতীতে বর্ত্তিবে এবং এই আইনের বিধানের এবং তদনুসারে প্রণীত বিধির বিধানের এবং স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বের অধীনে ফণ্ডের কার্য্য করিবার ভার কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের হস্তে অর্পিত হইবে।

কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের কথা।

২০ ধারা। (১) এই আইনে বা এই আইন আরম্ভ হইবার কালে প্রচলিত কোন আইনে ব্যবহৃত "কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষ" এই কথায় কাণ্টনমেণ্টের কমিটী, অথবা যে কাণ্টনমেণ্টের জন্য সেরূপ কমিটী গঠিত হয় নাই সেই কাণ্টনমেণ্ট সম্বন্ধে, কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী বুঝাইবে।

(২) যে সকল কাণ্টনমেণ্টে উপস্থিত সময়ের নিমিত্ত সৈন্য রাখা হয়, তাহার প্রত্যেক কাণ্টনমেণ্ট সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট স্থির করিবেন যে একটী কাণ্টনমেণ্ট কমিটীকে কাণ্টনমেণ্টের সেই কর্ত্তৃপক্ষ করা যাইবে কি না।

অন্যান্য আইনের সম্বন্ধে কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের এবং কাণ্টনমেণ্টের ফণ্ডের যে ভাব হইবে তাহার কথা।

২১ ধারা। স্থানীয় কর্ত্তৃপক্ষের ঋণ বিষয়ক ১৮৭৯ সালের আইনে, ভারতবর্ষের টেলিগ্রাফ বিষয়ক ১৮৮৫ সালের আইনে এবং সাধারণ ধারা বিষয়ক ১৮৮৭ সালের আইনে যেরূপ অর্থ করা হইয়াছে তদনুসারে কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষকে স্থানীয় কর্ত্তৃপক্ষ বলিয়া গণ্য করা যাইবে এবং ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের ৬ ধারার নিয়মবিধির অর্থানুসারে কাণ্টনমেণ্ট ফণ্ড "সরকারী রাজস্ব" বলিয়া গণ্য হইবে, এবং কাণ্টনমেণ্টের ফণ্ডের টাকা খরচ করিয়া যে সম্পত্তি অর্জ্জন করা যায় তাহা শ্রীশ্রীমতীতে বর্ত্তিবে।

পঞ্চম অধ্যায়।

কাণ্টনমেণ্টের মধ্যে স্থাবর সম্পত্তির কথা।

২২ ধারা। এই অধ্যায়ের অন্যান্য বিধান ও এই আইনানুযায়ী বিধির অধীনে কাণ্টনমেণ্টের সীমার অন্তর্গত জমি সম্বন্ধে নিম্নলিখিত বিধানগুলি খাটিবে, অর্থাৎ :—

কাণ্টনমেণ্টের মধ্যে জমি রাখিবার কথা।

(ক) বিপরীত কথা প্রমাণ না হওয়া পর্য্যন্ত এইরূপ অনুমান করা যাইবে যে, জমি গবর্ণমেণ্ট কর্ত্তৃক দান করা হইয়াছিল এবং দানের সময় কাণ্টনমেণ্টের সম্বন্ধে যে সকল নিয়ম, বিধি, ব্যবস্থা এবং হুকুম খাটিয়াছিল তদধীনে জমি রাখা হইয়াছিল ও রাখা হয়। এবং

(খ) বিপরীত কথা প্রমাণ না হওয়া পর্য্যন্ত এইরূপ অনুমান করা যাইবে যে সৈন্য সম্বন্ধীয় ব্যবস্থা নামক গ্রন্থের (সুনিয়ম রক্ষার্থ শাসন বিষয়ক) দ্বিতীয় বালমের কাণ্টনমেণ্ট বিষয়ক ১৭ পরিচ্ছেদের লিখিত যে সকল নিয়ম, বিধি, ব্যবস্থা ও হুকুম ১৮৮৭ সালে ভারতবর্ষের গবর্ণমেণ্ট কর্ত্তৃক মিলিটারি বিভাগে প্রকাশ করা হইয়াছিল এবং যাহার উক্তাংশ এই আইনের দ্বিতীয় তফসীলে পুনর্মুদ্রিত করিয়া দেওয়া গেল সেই সকল নিয়ম, বিধি, ব্যবস্থা ও হুকুম জমি দান করিবার সময় কাণ্টনমেণ্ট সম্বন্ধে খাটিবার যোগ্য ছিল এবং তদধীনে জমি রাখা হইয়াছিল ও রাখা হয়।

২৩ ধারা। (১) কোন কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী আপন ডিষ্ট্রিক্টের অধ্যক্ষতাকারী জেনরল কর্ম্মচারী না হইলে তিনি যদি অগ্রে সেই ডিষ্ট্রিক্টের অধ্যক্ষতাকারী জেনরল কর্ম্মচারীর মঞ্জুরি লইয়া এরূপ লিখিত সার্টিফিকেট দেন যে কাণ্টনমেণ্টের মধ্যে সামরিক কার্য্যে নিযুক্ত কোন কর্ম্মচারীর উহার সীমার মধ্যে বাস করা কর্ত্তব্য, এবং ঐ সীমার মধ্যে কমাণ্ডিং কর্ম্মচারীর মতে সেই কর্ম্মচারীর বাসের যোগ্য বাড়ী খালি আছে, অথবা ঐ সীমার মধ্যে সেরূপ বাড়ী খালি না থাকিলেও, সামরিক আইনের অনধীন কোন ব্যক্তির দখলে সেই সীমার মধ্যে এমন একটী বাড়ী আছে যাহা কমাণ্ডিং কর্ম্মচারীর মতে সেই কর্ম্মচারীর বাসের যোগ্য এবং সেই কর্ম্মচারীর কার্য্যের স্থান বিবেচনায় তাঁহার বাসের যোগ্য এবং তদ্রূপ দখল করা অন্য কোন বাড়ী অপেক্ষা বেশী সুবিধাজনকরূপে অবস্থিত, তাহা হইলে, কমাণ্ডিং কর্ম্মচারীর সার্টিফিকেট উপস্থিত করা গেলে এবং সেই কর্ম্মচারী লিখিত দরখাস্ত দিলে, কাণ্টনমেণ্টের ম্যাজিষ্ট্রেট—

কাণ্টনমেণ্টের মধ্যে কর্ম্মচারীদিগের অপর সকলের পূর্ব্বে বাড়ী দখল করিবার দাওয়ার কথা।

(ক) সার্টিফিকেটের লিখিত বাড়ী খালি থাকিলে বাড়ীর অধিকারীর উপর, এবং

(খ) সার্টিফিকেটের লিখিত বাড়ী সামরিক আইনের অনধীন কোন ব্যক্তির দখলে থাকিলে সেই ব্যক্তির উপর এবং বাড়ীর অধিকারীর উপর—

এইরূপ আদেশ করিয়া নুটিস জারী করিবেন যে বাড়ী খালি থাকার স্থলে নুটিস জারী করিবার তারিখ হইতে সাত দিনের মধ্যে এবং বাড়ী কাহারো দখলে থাকার স্থলে ঐ তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে বাড়িখানি সেই কর্ম্মচারীর অধীনে স্থাপন করা হয়।

(২) কর্ম্মচারী ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণানুসারে কাণ্টনমেণ্টের ম্যাজিষ্ট্রেটের নিকট যে দরখাস্ত করিবেন তাহাতে তিনি কাণ্টনমেণ্টের কর্তৃপক্ষের অনুমোদনসহ বাড়ীখানির জন্য যে মাসিক ভাড়া দিতে চাহেন তাহার উল্লেখ করিবেন, এবং ঐ প্রকরণানুসারে বাড়ীর অধিকারীর উপর যে নুটিস জারী করা হয় তাহাতে কাণ্টনমেণ্টের ম্যাজিষ্ট্রেট সেই টাকার উল্লেখ করাইবেন।

(৩) ১ প্রকরণানুসারে নুটিস জারী করিবার তারিখ হইতে পনর দিনের মধ্যে যে কোন সময়ে বাড়ীর অধিকারী মাসে কত টাকা ভাড়া দিতে হইবে তাহা স্থির করণার্থ একটী সালীশি কমিটী আহ্বান করিবার জন্য কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারির নিকট দরখাস্ত করিতে পারিবেন। এবং কমাণ্ডিং কর্ম্মচারী তদনন্তর সেইরূপ একটী কমিটী আহ্বান করিবেন। সে কমিটীতে এই এই ব্যক্তি থাকিবেন—

(ক) জেলার ম্যাজিষ্ট্রেট বা এতৎপক্ষে তৎকর্ত্তৃক নিযুক্ত কোন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট।

(খ) যে কর্ম্মচারীর দখলের নিমিত্ত বাড়ী প্রয়োজন হয় তাঁহা দ্বারা নামোল্লেখ হওয়া এক ব্যক্তি।

(গ) বাড়ীর অধিকারী দ্বারা নামোল্লেখ হওয়া এক ব্যক্তি, অথবা তাঁহাকে যে তারিখে নামোল্লেখ করিবার আদেশ করা হয় সেই তারিখ হইতে এক সপ্তাহের মধ্যে তিনি কোন ব্যক্তির নামোল্লেখ না করিলে, কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী দ্বারা নামোল্লেখ হওয়া এক ব্যক্তি।

(৪) জেলার ম্যাজিষ্ট্রেট অথবা তাঁহার পরিবর্ত্তে কার্য্য করিবার নিমিত্ত তাঁহা দ্বারা নিযুক্ত ম্যাজিষ্ট্রেট কমিটীর সভাপতি হইবেন।

(৫) কমিটীর প্রত্যেক মেম্বরের উপর কমিটীর অধিবেশনের সময়ের ও স্থানের নোটিস জারী করিয়া যে অধিবেশন হয় তাহাতে যে সকল মেম্বর উপস্থিত থাকেন তাঁহাদের অধিকাংশের ভোটের দ্বারা কমিটীর নিষ্পত্তি অবধারিত হইবে। এবং প্রতি মাসে যে ভাড়া দিতে হইবে তৎসম্বন্ধে দুই দিকে যদি সমান ভোট হয় তাহা হইলে সভাপতি আর একটী বা মীমাংসার্থ ভোট দিতে পারিবেন।

(৬) অধিকারী যদি কমিটীর নিষ্পত্তিতে ক্ষতিগ্রস্ত বোধ করেন, তাহা হইলে নিষ্পত্তির তারিখ হইতে এক মাসের মধ্যে তিনি উহার বিরুদ্ধে স্থানীয় গবর্ণমেণ্টে আপীল করিতে পারিবেন, এবং আপীলে স্থানীয় গবর্ণমেণ্টের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

(৭) ৩ প্রকরণের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে অধিকারী যদি ঐ প্রকরণানুসারে সালিশী কমিটী আহ্বান করিবার জন্য কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর নিকট দরখাস্ত না করেন তাহা হইলে (২) প্রক-

রূপে যে মাসিক ভাড়া উল্লেখ আছে তিনি তাহাতে সম্মত হইয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে।

(৮) বাড়ী খালি থাকিলে, যে কর্ম্মচারীর দখলের নিমিত্ত উহা প্রয়োজন হয়, তিনি, (১) প্রকরণানুসারে অধিকারীর উপর নুটিস জারীর তারিখ হইতে সাত দিবস গত হইলে, অপর সকল ব্যক্তি বর্জ্জিত থাকার নিয়মে, উহা দখল পাইবার স্বত্ববান হইবেন। কিন্তু তিনি যদি এইরূপে বাড়ী দখল প্রাপ্ত হন এবং (৩) প্রকরণানুসারে একটী সালিশি কমিটী আহূত হয়, তাহা হইলে যত সময় তিনি বাড়ী দখল করেন তত সময়ের নিমিত্ত কমিটীর নিষ্পত্তিতে বাধ্য হইবেন কিম্বা যদি সেই নিষ্পত্তির বিরুদ্ধে আপীল করা হয়, তবে আপীলে স্থানীয় গবর্ণমেণ্টের নিষ্পত্তিতে বাধ্য হইবেন।

(৯) বাড়ী কাহারো দখলে থাকিলে, যে কর্ম্মচারীর দখলের নিমিত্ত উহা প্রয়োজন হয় তিনি, অপর সকল ব্যক্তি বর্জ্জিত থাকিবার নিয়মে,—

(ক) ৩ প্রকরণানুসারে সালিশী কমিটীর জন্য দরখাস্ত করা না হইয়া থাকিলে, অথবা এই রূপে দরখাস্ত করা হইয়া থাকিলে এবং অধিকারীর উপর (১) প্রকরণানুসারে নুটিস জারীর তারিখ হইতে ত্রিশ দিন গত হইলে পর বা গত হইবার পূর্ব্বে কমিটী আপন নিষ্পত্তি জ্ঞাপন করিয়া থাকিলে, অধিকারীর উপর (১) প্রকরণানুসারে নুটিসজারীর তারিখ হইতে ত্রিশ দিন গত হইলে পর, কিম্বা

(খ) ৩ প্রকরণানুসারে সালিশী কমিটীর জন্য দরখাস্ত করা হইয়া থাকিলে এবং অধিকারীর উপর (১) প্রকরণানুসারে নুটিস জারীর তারিখ হইতে ত্রিশ দিন গত হইলে পর বা গত হইবার পূর্ব্বে কমিটী আপন নিষ্পত্তি জ্ঞাপন করিয়া না থাকিলে, কমিটীর নিষ্পত্তি জ্ঞাপিত হইবার পর,—

উহা দখল পাইবার স্বত্ববান হইবেন।

(১০) যে স্থলে কমিটীর নিষ্পত্তি জ্ঞাপিত হইবার পর কর্ম্মচারী দখল প্রাপ্ত হন এবং স্থানীয় গবর্ণমেণ্টে আপীল করা হয়, সেই স্থলে তিনি যে সময়ের নিমিত্ত বাড়ী দখল করেন সেই সময়ের নিমিত্ত আপীলে স্থানীয় গবর্ণমেণ্টের নিষ্পত্তিতে বাধ্য হইবেন।

(১১) কর্ম্মচারী বাড়ী পাইবার স্বত্ববান হইলে, কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট, কর্ম্মচারীর লিখিত দরখাস্ত মতে তাঁহাকে বাড়ী ছাড়াইয়া দেওয়াইবেন।

(১২) কোন বাড়ীর অধিকারীর উপর (১) প্রকরণানুসারে যে নুটিস জারী করা হয় তদনুগামী কোন কার্য্য করিবার দরুণ কোন ব্যক্তিকে ক্ষতিপূরণ দিবার জন্য তাঁহাকে দায়ী হইতে হইবে না।

(১৩) যদি কোন বাড়ী ব্যাঙ্কের স্বরূপ দখল করা হয়, কিম্বা কোন সরকারী কর্ম্মচারীর ব্যবহারার্থ গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট থাকে, কিম্বা কোন রেলওয়ের অধিকারে বা কর্ত্তৃত্বাধীনে থাকে, কিম্বা হোটেল বা দোকান স্বরূপ দখল করা হয় এবং যে সময় (১) প্রকরণানুসারে সার্টিফিকেট দেওয়া আবশ্যক হইয়া পড়ে সেই সময়ের অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত তিন বৎসর কাল এইরূপে দখল করা হইয়া থাকে, তাহা হইলে (১) প্রকরণানুযায়ী সার্টিফিকেটে উহার উল্লেখ করা যাইবে না।

(১৪) এই ধারার প্রয়োজনার্থ "বাড়ী" শব্দে বাড়ীর সংলগ্ন জমি ও বিলডিংও বুঝাইবে। এবং কোন জমি বা বিলডিং বাড়ীর সংলগ্ন কি না এরূপ প্রশ্ন উত্থিত হইলে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট তাহার নিষ্পত্তি করিবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক পুনরালোচিত হইবার নিয়মে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

কাণ্টনমেণ্টের মধ্যে কর্ম্মচারীদিগের দখলস্থিত বাড়ীর ভাড়া বিলির কথা।

২৪ ধারা। (১) কোন বাড়ীর অধিকারী এবং যে কর্ম্মচারী সেই বাড়ী দখল করেন এই দুই জনের মধ্যে কোন এগ্রীমেণ্টের সর্ত্তের অধীনে, এবং এই ধারার বিধানের অধীনে কোন কর্ম্মচারীকে প্রদত্ত কাণ্টনমেণ্টের মধ্যস্থিত কোন বাড়ীর ভাড়া বিলি সম্বন্ধে এই রূপ বিবেচনা করা যাইবে যে ঐ কর্ম্মচারীর সর্ব্বিসের গতিকে কাণ্টনমেণ্ট হইতে বদলী হওয়ার স্থলে ঐ ভাড়া বিলি বিনা নুটিসে শেষ হইবার যোগ্য মাস মাস ভাড়া বিলি হইবে এবং অন্য কোন স্থলে ঐ ভাড়া বিলি পনর দিনের নুটিস ক্রমে শেষ হইবার যোগ্য ভাড়া বিলি হইবে।

(২) ১ প্রকরণানুযায়িক নুটিস কর্ম্মচারী দ্বারা বা তাঁহার পক্ষে স্বাক্ষরিত লিখিত নোটিস হওয়া চাই, এবং কর্ম্মচারী ইচ্ছা করিলে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট বিনা খরচায় তাহা অধিকারীর উপর জারী করাইতে পারিবেন।

(৩) কোন কর্ম্মচারী কাণ্টনমেণ্ট স্থিত কোন বাড়ী কোন মাসের পনর দিন কিম্বা তদধিক কাল দখল করিলে সেই মাসের প্রথম দিবস হইতে আরম্ভ করিয়া শেষ দিবস পর্য্যন্ত সমস্ত মাসের সমস্ত মাসিক ভাড়ার জন্য দায়ী হইবেন এবং এই রূপ যে মাসের মধ্যে পনর দিন অপেক্ষা কম সময়ের নিমিত্ত তিনি বাড়ী দখল করেন সেই মাসের অর্দ্ধেক মাসিক ভাড়ার জন্য দায়ী হইবেন।

(৪) কর্ম্মচারিদিগের ভাড়ার দায়িত্ব সম্বন্ধে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার (৮) ও (১০) প্রকরণ দুইটীকে এই ধারার পূর্ব্ববর্ত্তী বিধানের অধীন করিয়া পড়িতে হইবে।

কাণ্টনমেণ্টের মধ্যে কর্ম্মচারীদিগের দখলস্থিত বাড়ী মেরামত করিবার কথা।

২৫ ধারা। (১) যদি কোন কর্ম্মচারী, কাণ্টনমেণ্টস্থিত কোন বাড়ীর প্রজা হইয়া, যে মেরামত আবশ্যক বিবেচনা করেন তাহা সম্পন্ন করিবার জন্য বাড়ীর অধিকারীকে সম্মত করিতে অপারগ হন, তাহা হইলে, কোন মেরামত আবশ্যক কি না এবং আবশ্যক

হইলে কি কি মেরামত আবশ্যক ইহা নিষ্পত্তি করিবার জন্য একটি সালীশি কমিটী আহ্বান করণার্থ তিনি কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিতে পারিবেন এবং কমাণ্ডিং কর্ম্মচারী যেরূপ তদন্ত করা উপযুক্ত মনে করেন সেইরূপ তদন্ত করিবার পর সেইরূপ একটী কমিটী আহ্বান করিতে পারিবেন। সেই কমিটীতে এই এই ব্যক্তি থাকিবেন, অর্থাৎ—

(ক) যে কর্ম্মচারীর দখলে বাড়ী থাকে তাঁহাদ্বারা যে ব্যক্তির নামোল্লেখ হয় সেই ব্যক্তি।

(খ) বাড়ীর অধিকারী দ্বারা যে ব্যক্তির নামোল্লেখ হয় সেই ব্যক্তি। অথবা নামোল্লেখ করিবার জন্য তাঁহাকে যে তারিখে আদেশ করা যায় সেই তারিখ হইতে এক সপ্তাহের মধ্যে তিনি কোন ব্যক্তির নামোল্লেখ না করিলে, কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী যে ব্যক্তির নামোল্লেখ করেন সেই ব্যক্তি। এবং

(গ) এই প্রকরণের (ক) ও (খ) দফা অনুসারে যে ব্যক্তিদ্বয়ের নামোল্লেখ করা হয় তাঁহাদের দ্বারা নিযুক্ত এক তৃতীয় ব্যক্তি। কিম্বা তৃতীয় ব্যক্তিকে নিযুক্ত করিবার জন্য ঐ ব্যক্তিদ্বয়কে যে তারিখে আদেশ করা যায় সেই তারিখ হইতে এক সপ্তাহের মধ্যে তাঁহারা কোন ব্যক্তিকে নিযুক্ত না করিলে, কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী কর্ত্তৃক নিযুক্ত একটী তৃতীয় ব্যক্তি।

(২) ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণের (গ) দফানুসারে নিযুক্ত ব্যক্তি কমিটীর সভাপতি হইবেন।

(৩) কমিটীর প্রত্যেক মেম্বরের উপর কমিটীর অধিবেশনের সময়ের ও স্থানের নুটিস জারী করিয়া যে অধিবেশন হয় তাহাতে যে সকল মেম্বর উপস্থিত থাকেন তাঁহাদের অধিকাংশের ভোটের দ্বারা কমিটীর নিষ্পত্তি অবধারিত হইবে। এবং কোন মেরামত আবশ্যক হইলে তৎসম্বন্ধে দুই দিকে যদি সমান ভোট হয় তাহা হইলে সভাপতি আর একটী বা মীমাংসার্থ ভোট দিতে পারিবেন।

(৪) কমিটীর নিষ্পত্তি চূড়ান্ত হইবে এবং উহার তারিখ হইতে বার মাসের মধ্যে কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী, তাঁহার ঠিক উপরিতন কর্ম্মচারীর মঞ্জুরি ব্যতীত, বাড়ীর মেরামত আবশ্যক কিনা এই কথা বিবেচনা করিবার জন্য আর একটী সালীশি কমিটী আহ্বান করিবেন না।

(৫) কমিটী যদি নিষ্পত্তি করেন যে মেরামত আবশ্যক তাহা হইলে তিনি মেরামতের পরিমাণ নির্দ্দেশ করিয়া দিবেন। এবং বাড়ীর অধিকারী যদি তৎক্ষণাৎ সেই সকল মেরামত কার্য্য আরম্ভ না করেন এবং কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটের মতে মেরামত কার্য্য যে প্রকারে ও যত শীঘ্র সম্পন্ন করা যুক্তিযুক্ত সেই প্রকারে ও তত শীঘ্র সম্পন্ন না করেন তাহা হইলে কাণ্টনমেণ্টের মধ্যে গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রদত্ত হারের অনধিক হারে প্রজা ঐ সকল মেরামত কার্য্য সম্পন্ন করাইতে পারিবেন এবং বাড়ীর দরুণ তখন বা পরে তাঁহার নিকট যে ভাড়া পাওনা হয় তাহা হইতে ঐ সকল মেরামত কার্য্যের খরচ বাদ দিতে পারিবেন।

(৬) ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণানুসারে মেরামত কার্য্য সম্পন্ন করিতে প্রজাকে যে খরচ করিতে হয় তিনি যদি তাহা কোন কারণে ঐ ধারার লিখিত প্রকারে আদায় করিতে না পারেন তাহা হইলে খরচের জন্য বা উহার যত টাকা অনাদায় থাকে তজ্জন্য তিনি বাড়ীর অধিকারীর বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

অযোগ্য বিল্ডিঙের কথা।

২৬ ধারা। (১) যে স্থলে কোন বিল্ডিঙ এমন অবস্থা প্রাপ্ত হয় যে, যে প্রয়োজনে উহা নির্ম্মিত হইয়াছিল বা ব্যবহৃত হইয়াছে কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের মতে উহা সেই প্রয়োজনের অযোগ্য হয়, সে স্থলে সেই কর্ত্তৃপক্ষ অগ্রে স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি লইয়া, বিল্ডিঙের অধিকারীকে এইরূপ আদেশ করিয়া তাঁহার উপর নুটিস জারী করাইতে পারিবেন যে হয় তিনি নুটিসের লিখিত সময়ের মধ্যে বিল্ডিঙটীকে ঐ সকল প্রয়োজনের মধ্যে কোন একটী প্রয়োজনের উপযোগী করুন নয় উপরের লিখিতমত মঞ্জুরি লইয়া কণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষ নিম্নলিখিত আদেশগুলির মধ্যে যে আদেশটী করা উপযুক্ত মনে করেন সেই আদেশটী পালন করুন, অর্থাৎ:—

(ক) যে জমির উপর ঐ বিল্ডিঙ থাকে তাহা গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রদত্ত হইয়া থাকিলে, ঐ বিল্ডিঙের এবং উহার সংলগ্ন কোন বিল্ডিঙের মালমসলা উঠাইয়া লইয়া গবর্ণমেণ্টের প্রদত্ত যে জমিতে এরূপ কোন বিল্ডিঙ থাকে বা যে জমি এরূপ বিল্ডিঙের সংলগ্ন হয় সেই জমি ছাড়িয়া দেওয়া।

(খ) জমি গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রদত্ত হইয়া থাকুক বা না থাকুক, বিল্ডিঙের মালমশলা উঠাইয়া লওয়া।

(২) অধিকারী যদি নুটিসে ক্ষতিগ্রস্ত বোধ করেন তাহা হইলে যে প্রয়োজনে বিল্ডিঙটী নির্ম্মিত হইয়াছিল বা ব্যবহৃত হইয়াছে উহা তাহার অযোগ্য হইয়াছে কি না এই কথার নিষ্পত্তির জন্য একটী সালিসী কমিটী আহ্বান করণার্থ তিনি কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিতে পারিবেন। এবং তদনন্তর কমাণ্ডিং কর্ম্মচারী সেইরূপ একটী কমিটী আহ্বান করিবেন। সেই কমিটীতে এই এই ব্যক্তি থাকিবেন।—

(ক) কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক নামোল্লেখ করা এক ব্যক্তি।

(খ) অধিকারী কর্ত্তৃক নামোল্লেখ করা এক ব্যক্তি। অথবা নামোল্লেখ করিবার জন্য তাঁহাকে যে তারিখে আদেশ করা যায় সেই তারিখ হইতে এক সপ্তাহের মধ্যে তিনি নামোল্লেখ না করিলে, কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী কর্ত্তৃক নামোল্লেখ করা এক ব্যক্তি। এবং

(গ) এই প্রকরণের (ক) ও (খ) দফানুসারে যে ব্যক্তিদ্বয়ের নামোল্লেখ করা হয় তাঁহাদের

দ্বারা নিযুক্ত এক তৃতীয় ব্যক্তি। কিম্বা তৃতীয় ব্যক্তিকে নিযুক্ত করিবার জন্য ঐ ব্যক্তিদ্বয়কে যে তারিখে আদেশ করা যায় সেই তারিখ হইতে এক সপ্তাহের মধ্যে তাঁহারা কোন ব্যক্তিকে নিযুক্ত না করিলে কান্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী কর্ত্তৃক নিযুক্ত একটী তৃতীয় ব্যক্তি।

(৩) ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণের (গ) দফানুসারে নিযুক্ত ব্যক্তি কমিটীর সভাপতি হইবেন।

(৪) কমিটীর প্রত্যেক মেম্বরের উপর কমিটীর অধিবেশনের সময়ের ও স্থানের নুটিস জারী করিয়া যে অধিবেশন হয় তাহাতে যে সকল মেম্বর উপস্থিত থাকেন তাঁহাদের অধিকাংশের ভোটের দ্বারা কমিটীর নিষ্পত্তি অবধারিত হইবে। এবং বিল্ডিঙের অবস্থা সম্বন্ধে দুই দিকে যদি সমান ভোট হয় তাহা হইলে সভাপতি আর একটী বা মীমাংসার্থ ভোট দিতে পারিবেন।

(৫) কমিটী যদি নিষ্পত্তি করেন যে, যে প্রয়োজনে বিল্ডিঙ নির্ম্মাণ করা হইয়াছিল বা ব্যবহার করা হইয়াছে উহা তাহার অযোগ্য হইয়াছে তাহা হইলে (১) প্রকরণানুসারে জারী করা-নুটিসে যে সময় ধার্য্য করা থাকে তদপেক্ষা কম না হয় এমন একটী সময় নিরূপণ করিয়া কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষ অধিকারীর উপর এই মর্ম্মে আর একখানি নুটিস জারী করাইবেন যে, বিল্ডিঙকে ঐ প্রয়োজনগুলির মধ্যে কোন একটী প্রয়োজনের জন্য কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের সন্তোষজনক রূপে উপযোগী করা না গেলে, যে সকল মালমষলা ও জমি থাকিলে জমির কথা ঐ প্রকরণানুসারে জারী করা নুটিসে লিখিত থাকে তাহা যথাক্রমে উঠাইয়া লওয়া হয় ও ছাড়িয়া দেওয়া হয়।

(৬) নিম্নলিখিত স্থলের মধ্যে অর্থাৎ :—

(ক) যে স্থলে অধিকারী (২) প্রকরণানুসারে সালীশি কমিটী আহ্বান করিবার জন্য কান্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর নিকট দরখাস্ত না করেন এবং কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের সন্তোষজনকরূপে (১) প্রকরণানুসারে জারী করা নুটিসানুসারে কার্য্য না করেন। এবং

(খ) যে স্থলে অধিকারী এরূপ কমিটীর জন্য দরখাস্ত করেন এবং কমিটী নিষ্পত্তি করেন যে যে প্রয়োজনে বিল্ডিঙটী নির্ম্মিত হইয়াছিল বা ব্যবহার করা হইয়াছে উহা তাহার অযোগ্য হইয়াছে, এবং (৫) প্রকরণানুসারে যে অতিরিক্ত নুটিস জারী করা হয় অধিকারী কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের সন্তোষজনকরূপে তদনুসারে কার্য্য না করেন—

এই দুই স্থলের মধ্যে যে কোন স্থলে কান্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর দরখাস্তমতে কান্টনমেণ্টের মাজিষ্ট্রেট মাল মষলা প্রকাশ্য নিলামে বিক্রয় করাইবেন এবং কোন জমি ছাড়িয়া দিবার জন্য অধিকারী আদিষ্ট হইয়া থাকিলে, গবর্ণমেণ্টকে তাহা ছাড়াইয়া দেওয়াইবেন।

(৭) মালমষলা বিক্রয় করিবার খরচ বাদ দিয়া বিক্রয়লব্ধ টাকার যে বাকী টাকা ভূতপূর্ব্ব অধিকারীকে দেয় হয় কান্টনমেণ্টের মাজিষ্ট্রেট আপন আপিসে নুটিস লটকাইয়া দিয়া তাহা বিজ্ঞাপিত করিবেন।

(৮) কোন বিল্ডিঙ বা জমি এই ধারার অর্থানুসারে কোন বিল্ডিঙের সংলগ্ন কি না এরূপ প্রশ্ন উপস্থিত হইলে কান্টনমেণ্টের মাজিষ্ট্রেট তাহার নিষ্পত্তি করিবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক পুনরালোচিত হইতে পারিবার নিয়মে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

সালীশি কমিটীর নামোল্লেখ করা ও নিযুক্ত করা মেম্বরদিগের যোগ্যতার কথা।

২৭ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ববর্ত্তী ধারানুসারে কোন সালীশি কমিটীর মেম্বর স্বরূপ যে ব্যক্তির নামোল্লেখ করিতে হইবে বা যে ব্যক্তিকে নিযুক্ত করিতে হইবে তাঁহার এমন ব্যক্তি হওয়া চাই যে কমিটীর প্রয়োজনার্থ তাঁহাকে তৎক্ষণাৎ পাওয়া যায় এবং যে ব্যক্তিকে এ প্রকারে পাওয়া না যায় তাঁহার নামোল্লেখ বা নিয়োগ সম্বন্ধে এইরূপ বিবেচনা করা যাইবে যে ঐ সকল ধারা অনুসারে তাহা স্থলভেদে নামোল্লেখ বা নিয়োগ করিবার ত্রুটি বলিয়া গণ্য হওয়া অভিপ্রেত।

রেজিষ্টরী করণের কথা।

২৮ ধারা। (১) রেজেষ্টরী করণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনের ৯ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—

কান্টনমেণ্টের কথা।

"পূর্ব্ববর্ত্ত ধারাগুলিতে যাহা কিছু আছে তাহা সত্ত্বেও প্রত্যেক কান্টনমেণ্ট সব-ডিষ্ট্রিক্ট হইবে এবং কান্টনমেণ্টের মাজিষ্ট্রেট তাহার সব-রেজিষ্ট্রার হইবেন।"

(২) সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক ১৮৮২ সালের আইনের ৫৪ ধারার দ্বিতীয় ও তৃতীয় পদ এবং ৫৯, ১০৭ ও ১২৩ ধারা এই আইন আরম্ভ হইবার সময়ে ও সময় হইতে বৃটিশ-ভারতবর্ষস্থিত প্রত্যেক কান্টনমেণ্টে খাটিবে।

ষষ্ঠ অধ্যায়।

বিধি ও পরিশিষ্ট বিধান।

যে সকল বিষয় সম্বন্ধে বিধি করা যাইতে পারিবে তাহার কথা।

২৯ ধারা। নিম্নলিখিত সমস্ত বা যে কোন বিষয়ের ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনের সহিত সঙ্গতি রক্ষা করিয়া বিধি প্রস্তুত করিতে পারিবেন, অর্থাৎ :—

(১) কান্টনমেণ্টের মধ্যে জমি দখল করিবার অনুমতির দরখাস্ত যে প্রকারে ও যে কর্ত্তৃপক্ষকে করিতে হইবে।

(২) এরূপ দরখাস্তানুসারে যে অনুমতি দেওয়া হয় তাহাতে যে ব্যক্ত বা অব্যক্ত নিয়ম সংযুক্ত থাকিবে বলিয়া গণ্য করা যাইবে।

(৩) এরূপ কোন নিয়ম কিম্বা এই আইন আরম্ভ হইবার পূর্ব্বে কান্টনমেণ্টের মধ্যে জমির গ্রাণ্টের সংযুক্ত কোন নিয়ম যে প্রকারে পালন করাইতে হইবে, এবং সেই নিয়ম পালন করাইবার জন্য কান্টনমেণ্টের ম্যাজিষ্ট্রেট, কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের দরখাস্তমতে, যে সকল ক্ষমতা পরিচালন করিতে পারিবেন।

(৪) কান্টনমেণ্টের মধ্যস্থিত জমির চৌহদ্দি সম্বন্ধীয় বিবাদ মীমাংসা করা এবং এরূপ বিবাদ সম্বন্ধে দেওয়ানী আদালতের বিচারাধিকার বর্জ্জন করা।

(৫) সালীশি কমিটীর গঠন ও কার্য্যপ্রণালী, নিদর্শনপত্র উপস্থিত করিবার জন্য ও সাক্ষী উপস্থিত হইবার জন্য তাহাদের আদেশ করিবার ক্ষমতা এবং এরূপ কমিটির সহিত কান্টনমেণ্টের ম্যাজিষ্ট্রেটের ও কান্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর সম্বন্ধ।

(৬) কান্টনমেণ্টের কমিটীর গঠন, তৎকর্ত্তৃক যে সকল কার্য্য সম্পন্ন করা হইবে, তাঁহাদের কার্য্য করিবার পদ্ধতি এবং সেই কার্য্যের উপর যে কর্ত্তৃত্ব পরিচালন করিতে হইবে, এবং এরূপ কমিটীর মেম্বরদিগের মধ্যে কার্য্য ভাগ করিয়া দেওয়া।

(৭) যে স্থলে কান্টনমেণ্টের কমিটী গঠিত হয় নাই কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের হুকুমানুসারে আর নাই কিম্বা কোন কারণে আহ্বান করা যাইতে পারে না সে স্থলে কান্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী যে সকল কার্য্য করিবেন।

(৮) কান্টনমেণ্টের ম্যাজিষ্ট্রেটের অথবা কান্টনমেণ্টের মধ্যে বিচারাধিকারপ্রাপ্ত কোন কন্সেপিয়াল ম্যাজিষ্ট্রেটের কর্ত্তব্য কর্ম্ম এবং কান্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারীর সম্বন্ধে তাঁহার পদ।

(৯) কান্টনমেণ্টের মধ্যে নিযুক্ত পুলীস দলের ব্যয় নির্ব্বাহ করিয়া কান্টনমেণ্টের ফণ্ড যে সকল প্রয়োজনে লাগান যাইতে পারিবে।

(১০) যে অনুমতিক্রমে কান্টনমেণ্টের ফণ্ড হইতে টাকা দেওয়া যাইতে পারিবে।

(১১) ঐ ফণ্ডের বাকী টাকা খাটান।

(১২) কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের দ্বারা বা পক্ষে চুক্তি সম্পন্ন করা।

(১৩) কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের দ্বারা যে সকল হিসাব রাখা হইবে এবং সেই সকল হিসাব যে প্রকারে অডিট ও প্রকাশ করা যাইবে।

(১৪) কোন মুনিসিপালিটীর অন্তর্গত নয় এমন কোন কান্টনমেণ্টের অবস্থা বিবেচনা করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের কোনসীমা বা পরিবর্ত্তন আবশ্যক বোধ হইলে সেই সীমা ও পরিবর্ত্তনের অধীন করিয়া বৃটিশ ভারতবর্ষস্থিত কোন মুনিসিপালিটিতে উপস্থিত সময়ের প্রচলিত কোন আইন কোন মুনিসিপালিটীর অন্তর্গত নয় এমন কোন কান্টনমেণ্টে খাটান।

(১৫) যে সকল অনিষ্টের নিমিত্ত ঠিক পূর্ব্ববর্ত্তী দফানুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের মতে যথেষ্ট বিধান করা হয় নাই তাহা নির্ণয় করিয়া দেওয়া ও তাহা হ্রাস করা।

(১৬) ময়লামাটী নর্দ্দমা বা অপর যে সকল বস্তু হইতে অনিষ্ট উৎপন্ন হয় বা হওয়া সম্ভব তদুপরি যে সকল ব্যক্তির কর্ত্তৃত্ব থাকে তাহাদিগকে যে সকল আদেশ করা যাইতে পারিবে এবং সেই সকল আদেশ পালন করাইবার পদ্ধতি।

(১৭) কান্টনমেণ্টের মধ্যে বিল্ডিঙে ওঁছাদে অনত্য নিবারণ করা।

(১৮) কান্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের সন্তোষজনকরূপে বিল্ডিঙ ও সীমানার প্রাচীর ও বেড়া নির্ম্মাণ করা ও রাখা।

(১৯) কান্টনমেণ্টের মধ্যে কৃষিকার্য্যের ও জল সেচন কার্য্যের ব্যবস্থা করা, বিল্ডিঙের সংলগ্ন জমি উপযুক্ত ভাবে রাখা, এরূপ জমিতে যে সকল গাছ থাকে তাহা কাটিয়া ফেলা, তাহার শাখা কাটা এবং তাহা ছাঁটিয়া দেওয়া।

(২০) তাঁবু ফেলিবার ভূমি, খোঁয়াড়, সরাই, হাট ও কসাইখানা এবং রাস্তার ট্রাফিক সম্বন্ধে ব্যবস্থা করা।

(২১) গোরস্থান ও শ্মশান ব্যবহার করা ও তাহার কার্য্য নির্ব্বাহ করা।

(২২) যে সকল সরকারী কূপ, পুষ্করিণী, নদী, জলস্রোত, নির্ঝর বা অপর স্থান হইতে সাধারণের ব্যবহারার্থ জল পাওয়া যায় বা পাওয়া যাইতে পারে তাহা তত্ত্বাবধান করা এবং তাহার ব্যবহার সম্বন্ধে ব্যবস্থা করা।

(২৩) যে সকল ব্যক্তি কোন বৃত্তি অনুসরণ করেন বা কোন ব্যবসা বা পেশা চালান সেই বৃত্তি অনুসরণ করিবার জন্য ও সেই ব্যবসা বা পেশা চালাইবার জন্য সেই সকল ব্যক্তিকে কান্টনমেণ্টের যে সকল অংশে বাস করিতে আদেশ করা যাইতে পারিবে, এবং সেই সকল ব্যক্তিকে কোন নিয়ম পালন করিতে হইলে যে সকল নিয়ম পালন করিতে হইবে।

(২৪) যে সকল ব্যক্তি কোন স্পর্শাক্রামক বা সংক্রামক পীড়ায় ভুগিতেছেন বা ভুগিতেছেন বলিয়া সন্দেহ করা যায় তাঁহাদিগকে কান্টনমেণ্ট হইতে সরাইয়া দেওয়া ও বর্জ্জিত রাখা এবং পীড়াগ্রস্ত ব্যক্তিদিগকে রাখিবার ও চিকিৎসা করিবার জন্য কান্টনমেণ্টের ভিতরে বা বাহিরে হাঁসপাতাল বা অপর স্থান নিরূপণ করিয়া দিয়া তৎসম্বন্ধে ব্যবস্থা করা।

(২৫) যে সকল জন্তু কোন স্পর্শাক্রামক বা সংক্রামক পীড়া ভুগিতেছে বা ভুগিতেছে বলিয়া সন্দেহ করা যায় সে সমস্ত জন্তুকে কান্টনমেণ্ট হইতে সরাইয়া দেওয়া বা বর্জ্জিত রাখা বা বিনাশ করা।

(২৬) ভিক্ষাবৃত্তি দমন করা এবং বেশ্যাগমনার্থ এদিক ওদিক করিয়া বেড়ান বা অনুরোধ করা এবং উচ্ছৃঙ্খল ব্যক্তিদিগকে, ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের বা সৈন্য বিষয়ক ১৮৮১ সালের আইনের ১৫৬ ধারার বিরুদ্ধে কোন অপরাধ যে সকল ব্যক্তির বিরুদ্ধে সাব্যস্ত করা হইয়াছে সেই সকল ব্যক্তিকে বা উত্তম আচরণের জন্য যে সকল ব্যক্তিকে ফৌজদারী

মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে বণ্ড লিখিয়া দিবার হুকুম করা হইয়াছে সেই সকলব্যক্তিকে এবং কমাণ্ডিং কর্ম্মচারী যে সকল ব্যক্তিকে কাণ্টনমেণ্ট হইতে বর্জ্জন করা বিহিত বিবেচনা করেন সেই সকল ব্যক্তিকে কাণ্টনমেণ্ট হইতে সরাইয়া দেওয়া ও বর্জ্জিত রাখা।

(২৭) জন্তুর প্রতি নিষ্ঠুরতা নিবারণ করা।

(২৮) অগ্নি নিবারণ ও নির্ব্বাপিত করা।

(২৯) জন্ম ও মৃত্যু রেজেষ্টরী করা।

(৩০) যে সকল বাড়ীর অধিকারী কাণ্টনমেণ্টে অনুপস্থিত থাকেন তাঁহাদের দ্বারা এই আইনের বা এই আইনানুযায়িক কোন বিধির বা এইরূপ কোন বিধি দ্বারা খাটান কোন আইনের সমস্ত বা যে কোন প্রয়োজনার্থ তাঁহাদের এজেণ্ট স্বরূপ কার্য্য করিবার জন্য কাণ্টনমেণ্টের মধ্যে বাস করেন এমন ব্যক্তিদিগের নিযুক্ত হওন।

(৩১) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারায় যে সকল প্রয়োজনের উল্লেখ আছে তাহার যে কোন প্রয়োজন সাধন করিতে পরিদর্শন, প্রবেশ ও তল্লাশ করিবার যে সমস্ত ক্ষমতা পরিচালন করা যাইতে পারিবে, এবং যে সকল স্থলে এই ধারানুযায়িক বিধির উল্লঙ্ঘন কার্য্য বিচার্য্য অপরাধ হইবে।

(৩২) যে সকল ব্যক্তির নামে সমন, নোটিস, আদেশপত্র ও অপর নিদর্শনপত্র লেখা যায় তাহাদের উপর তাহা জারী করিবার পদ্ধতি।

(৩৩) এই আইন অনুসারে বা এই আইনানুযায়িক কোন বিধি অনুসারে বা এরূপ কোন বিধি দ্বারা খাটান কোন আইনানুসারে যে সকল হুকুম দেওয়া হয় যে সকল স্থলে, যে সকল কর্ত্তৃপক্ষের নিকটে এবং যে সকল নিয়মে তদ্বিরুদ্ধে আপীল করা যাইতে পারিবে।

(৩৪) সাধারণত এই আইনের উদ্দেশ্য সাধন করা।

বিধি সম্বন্ধে পরিশিষ্ট বিধানের কথা।

৩০ ধারা। (১) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে বিধি করিবার ক্ষমতা এই নিয়মের অধীন হইবে যে অগ্রে প্রকাশ করিয়া তবে বিধি গুলি করা হইবে এবং ইণ্ডিয়া গেজেটে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব অপর যে প্রকার নির্দ্দেশ করেন সেই প্রকারে প্রকাশিত না হওয়া পর্য্যন্ত বিধি গুলি কার্য্যকর হইবে না।

(২) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুযায়িক কোন বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের আদেশানুসারে বৃটিশ ভারতবর্ষস্থিত সমস্ত কাণ্টনমেণ্ট সম্বন্ধে বা উহার কার্য্য হইতে স্পষ্টভাষায় বাদ দেওয়া হয় নাই এমন সমস্ত কাণ্টনমেণ্ট সম্বন্ধে সাধারণ বিধি হইতে পারিবে অথবা কোন একটী বা একাধিক কাণ্টনমেণ্টের সমস্ত বা কোন অংশ সম্বন্ধে বিশেষ বিধি হইতে পারিবে।

(৩) কাণ্টনমেণ্টে উপস্থিত সময়ে যে সকল বিধি প্রচলিত থাকে তাহার একখানি নকল কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটের আপিসে এবং উপস্থিত সময়ে কাণ্টনমেণ্টের মধ্যে বিচারাধিকারসম্পন্ন প্রত্যেক ইন্স্পেক্টিং মাজিষ্ট্রেটের আপিসে বিনা খরচায় সকল সময়ে পরিদর্শনার্থ রাখা হইবে।

(৪) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার (১৪) দফা বা তাহার পরের কোন দফানুসারে বিধি করিবার সময় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এইরূপ আদেশ করিতে পারিবেন যে ঐ বিধি লঙ্ঘন করিলে পঞ্চাশ টাকা পর্য্যন্ত জরিমানা অথবা আট দিন পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে, এবং লঙ্ঘন ক্রিয়া চলিতে থাকার স্থলে প্রথম দিনের পর যে যে দিন লঙ্ঘন ক্রিয়া চলে তাহার প্রত্যেক দিনের জন্য উপরোক্ত মত জরিমানা ও কারাদণ্ডের উপর, পাঁচ টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

কাণ্টনমেণ্টের বহির্ভূত স্থানে কোন কোন বিধি খাটাইবার কথা।

৩১ ধারা। ২৯ ধারার (১৪) দফা বা তাহার পরের কোন দফা অনুযায়ী যে সমস্ত বা যে কোন বিধি কাণ্টনমেণ্টে প্রবল থাকে এবং ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার (৪) প্রকরণানুসারে যে সমস্ত বা যে কোন আদেশ তন্মধ্যে প্রবল থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, কাণ্টনমেণ্টের বাহিরের এবং উহার সন্নিকটস্থ কোন স্থানে তাহা খাটাইতে পারিবেন। এবং বিজ্ঞাপনটী যত দিন রহিত করা না হয় তত দিন উল্লিখিত বিধি ও আদেশ ঐ স্থান সম্বন্ধে এমনি ভাবে খাটিবে যেন ঐ স্থান কাণ্টনমেণ্টের অন্তর্গত আছে।

বিধি লঙ্ঘন করার বিচারের নিষ্পত্তি চূড়ান্ত হইবার কথা।

৩২ ধারা। যে মাজিষ্ট্রেট ২৯ ধারানুযায়িক কোন বিধি বা ঐ ধারানুযায়িক কোন বিধি দ্বারা খাটান কোন আইন লঙ্ঘন করা অপরাধের বিচার করেন ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৩২ অধ্যায়ের বিধানের অধীনে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

এই আইন বা এই আইনানুযায়িক বিধির বিরুদ্ধে অপরাধের বিচার সম্বন্ধে ১৮৮২ সালের ১০ আইনের ৫৫৫ ধারা না খাটিবার কথা।

৩৩ ধারা। কোন জজ বা মাজিষ্ট্রেট কোন কাণ্টনমেণ্টের কমিটীর মেম্বর হন বলিয়া, অথবা, যে স্থলে এরূপ কমিটী নাই, সে স্থলে কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী হন বলিয়া, অথবা এই আইনের বা এই আইনানুযায়িক কোন বিধির বা এরূপ কোন বিধি দ্বারা খাটান কোন আইনের বিরুদ্ধে কোন অপরাধের অভিযোগের হুকুম করিয়াছেন বা অনুমোদন করিয়াছেন বলিয়া, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৫৫৫ ধারার অর্থানুসারে, তাঁহাকে ঐ অভিযোগের কোন পক্ষ বা স্বয়ং উহাতে স্বার্থযুক্ত বলিয়া গণ্য করা যাইবে না।

প্রেসিডেন্সি নগরস্থিত কাণ্টনমেণ্টের কথা।

৩৪ ধারা। এই আইন বা এই আইনানুযায়িক কোন বিধি বা এরূপ কোন বিধিদ্বারা খাটান কোন আইন ক্রমে যে সকল কার্য্য কোন কর্ত্তৃপক্ষকে নির্দ্দেশ করিয়া দেওয়া হয় তাহা, কোন কাণ্টনমেণ্ট কোন প্রেসিডেন্সি নগরের সীমার মধ্যে

অবস্থিত থাকার স্থলে উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনের বিধানের অধীনে, স্থানীয় গবর্ণমেন্ট কর্ত্তৃক এতৎপক্ষে নিযুক্ত কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক সম্পাদিত হইবে।

এই আইনের কার্য্যে সীমারোপ করিবার কথা।

৩৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব, ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া, কোন কাণ্টনমেণ্টের সমস্তটুকু বা উহার কোন অংশ এই আইনের সমস্তটুকুর বা ইহার কোন অংশের কার্য্য হইতে বাদ দিতে পারিবেন।

প্রথম তফসীল।

যে সকল আইন রহিত করা গেল।

(২ ধারা দেখ)

নম্বর ও সন।	বিষয় বা নাম।	কি পরিমাণ রহিত করা গেল।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইন।

নম্বর ও সন।	বিষয় বা নাম।	কি পরিমাণ রহিত করা গেল।
১৮৫৩ সালের ১৮ আইন।	কাণ্টনমেণ্টে মদিরা বিক্রয়।	যতটা রহিত করা হয় নাই সেই সমস্তটা।
১৮৫৪ সালের ৪ আইন।	বাজারের সুপারিণ্টেণ্ডেণ্টদিগের প্রদত্ত দণ্ডাজ্ঞা।	যতটা রহিত করা হয় নাই সেই সমস্তটা।
১৮৬০ সালের ৪৫ আইন।	ভারতবর্ষের দণ্ডবিধির আইন।	১৯৩ ধারার ১ব্যাখ্যায় "কিম্বা মিলিটারী কোর্ট রিকেষ্ট" এই শব্দ গুলি।
১৮৬৯ সালের ৫ আইন।	যুদ্ধসম্বন্ধীয় ভারতবর্ষীয় আর্টিকেল।	তৃতীয়ভাগের(c) প্রকরণ এবং প্রথমভাগের শেষের পঁচিশটী ইংরাজি শব্দের পরিবর্ত্তে নিম্নলিখিত ইংরাজি শব্দগুলি বসিবে অর্থাৎ— "and officers in charge of the police in cantonments are defined and controlled."
১৮৭০ সালের ৭ আইন।	১৮৭০ সালের আদালতের রসুম বিষয়ক আইন।	১৯ ধারার ৪ দফা এবং দ্বিতীয় তফসীলের ১ দফার (ক) প্রকরণে "কিম্বা ১৮৬৯ সালের ৩ আইন মতে দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা বিশিষ্ট আদালত স্বরূপ সৈন্যাবাস স্থানের যে মাজিষ্ট্রেট উপবিষ্ট হন তাঁহাকে" এই শব্দ গুলি।
১৮৭৪ সালের ১৫ আইন।	নানা স্থানে আইনের ব্যাপকতা বিষয়ক ১৮৭৪ সালের আইন।	১৮৩২ সালের মান্দ্রাজের ১৪ আইনের সহিত দ্বিতীয় তফসীলের যতটার সম্বন্ধ আছে। ১৮২৭ সালের বোম্বাইয়ের ২২ আইনের ১৮, ১৯, ২০, ৪৫, ৪৬ ও ৪৭ ধারার সহিত তৃতীয় তফসীলের যতটার সম্বন্ধ আছে। এবং ১৮১০ সালের বঙ্গীয় ২০ আইনের সহিত চতুর্থ ও পঞ্চম তফসীলের যতটার সম্বন্ধ আছে।
১৮৭৫ সালের ২০ আইন।	মধ্য প্রদেশের আইন বিষয়ক ১৮৭৫ সালের আইন।	১৮১০ সালের বঙ্গীয় ২০ আইনের সহিত যতটার সম্বন্ধ আছে।
১৮৭৬ সালের ১৮ আইন।	অযোধ্যা প্রদেশের আইন বিষয়ক ১৮৭৬ সালের আইন।	১৮১০ সালের বঙ্গীয় ২০ আইনের সহিত যতটার সম্বন্ধ আছে।
১৮৭৯ সালের ১৪ আইন।	ছকড়া গাড়ি বিষয়ক ১৮৭৯ সালের আইন।	৪ ধারার " and the Governor-General in council' may এই শব্দ গুলি হইতে " in which British troops are cantoned' এই শব্দ গুলি পর্য্যন্ত।
১৮৮০ সালের ৩ আইন।	কাণ্টনমেণ্ট বিষয়ক ১৮৮০ সালের আইন।	যতটা রহিত করা হয় নাই।
১৮৮১ সালের ২২ আইন।	আবকারী বিষয়ক ১৮৮১ সালের আইন।	৫৩ ধারার নিয়মবিধি।
১৮৮২ সালের ১০ আইন।	ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক ১৮৮২ সালের আইন।	১ ধারার (খ) দফা।
১৮৮২ সালের ১৪ আইন।	দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন।	৬ ধারার (ক) দফা, ৪৬৮ ধারায় "সেনাপতি কি" এই শব্দ দুয়, এবং সমস্ত ৪৬৯ ধারাটী।

বঙ্গীয় কোডের আইন।

নম্বর ও সন।	বিষয় বা নাম।	কি পরিমাণ রহিত করা গেল।
১৮১০ সালের ২০ আইন।	মিলিটারীবাজার	যতটা রহিত করা হয় নাই।

বোম্বাই কোডের আইন।

নম্বর ও সন।	বিষয় বা নাম।	কি পরিমাণ রহিত করা গেল।
১৮২৭ সালের ২২ আইন।	মিলিটারী কর্ত্তৃপক্ষ	৪০, ৪১, ৪২, এবং ৪৩ ধারা ছাড়া যতটা রহিত করা হয় নাই।

মন্ত্রিসভাধিষ্ঠিত ফোর্ট সেণ্ট জর্জের শ্রীযুত গবর্ণর সাহেবের প্রণীত আইন।

নম্বর ও সন।	বিষয় বা নাম।	কি পরিমাণ রহিত করা গেল।
১৮৬৫ সালের ৪ আইন।	মান্দ্রাজের কাণ্টনমেণ্ট।	যতটা রহিত করা হয় নাই সেই সমস্তটা।
১৮৬৬ সালের ১ আইন।	মান্দ্রাজের কাণ্টনমেণ্ট।	যতটা রহিত করা হয় নাই।

মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের প্রণীত আইন।

নম্বর ও সন।	বিষয় বা নাম।	কি পরিমাণ রহিত করা গেল।
১৮৬৭ সালের ৩ আইন।	বোম্বাইয়ের কাণ্টনমেণ্ট বিষয়ক ১৮৬৭ সালের আইন।	যতটা রহিত করা হয় নাই

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত আইন।

নম্বর ও সন।	বিষয় বা নাম।	কি পরিমাণ রহিত করা গেল।
১৮৭৮ সালের ৭ আইন।	বঙ্গদেশের আবকারী বিষয়ক ১৮৭৮ সালের আইন।	৮১ ধারার নিয়ম বিধি।

ইষ্টাটুট ৩৩ বিক্টোরিয়া তৃতীয় অধ্যায়ানুযায়িক আইন।

১৮৭৭ সালের ৩ আইন।	আজমীরের আইন বিষয়ক ১৮৭৭ সালের আইন।	৩৯ ধারা এবং ১৮৭০ সালের বঙ্গীয় ২০ আইনের সহিত যতটার সম্বন্ধ আছে।

দ্বিতীয় তফসীল।

ভারতবর্ষের সৈন্য বিষয়ক ব্যবস্থা নামক পুস্তকের (সুনিয়ম রক্ষার্থ শাসন বিষয়ক) দ্বিতীয় বালমের (কান্টনমেন্ট বিষয়ক) ১৭ পরিচ্ছেদ হইতে উদ্ধৃতাংশ।

(২২ ধারা দেখ)

সুনিয়ম রক্ষার্থ শাসন।

১৭ পরিচ্ছেদ।—কান্টনমেন্টের কথা।

১।—সাধারণ বিধি। | ২।—জমির গ্রান্ট।

* * * *

১।—সাধারণ বিধি।

(বঙ্গদেশ ও বোম্বাই)

কান্টনমেন্ট সম্বন্ধীয় বিধি ও ব্যবস্থা কড়াকড় রকমে জারী হইবার কথা।

১৯১৯। সামরিক কান্টনমেন্টের শাসনকার্য্য নির্ব্বাহার্থ গবর্ণমেন্ট কর্ত্তৃক যে সকল বিধি ও ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা যে কান্টনমেন্টে খাটে সেই কান্টনমেন্টে কড়াকড় রকমে পালন করিতে হইবে। কান্টনমেন্টের ম্যাজিষ্ট্রেটের আপিসের কোন প্রকাশ্য স্থলে অথবা স্থানীয় গবর্ণমেন্ট বা কমাণ্ডিং কর্ম্মচারী যে স্থান নির্দ্দেশ করেন সেই স্থানে এইরূপ সমস্ত বিধি ও ব্যবস্থার ইংরাজি ভাষায় ও ব্যবহার বিবেচনায় প্রধান দেশীয় ভাষায় একখানি নকল ঝুলাইয়া রাখিতে হইবে।

* * * *

কান্টনমেন্টের সীমা নিরূপিত হইবার কথা।

১৯২১। সকল সামরিক কান্টনমেন্টের সীমা ইষ্টক নির্ম্মিত থাম দিয়া নির্ণয় করিতে হইবে। সীমানা রেখার প্রত্যেক কোণের জায়গায় ঐ সকল থাম নির্ম্মাণ করিতে হইবে এবং ঐ সকল থাম নষ্ট হইলে বা দেখা না গেলে পুনর্নির্ম্মাণ করিতে হইবে।

বাজারের চৌহদ্দি নির্ণীত হইবার কথা।

১৯২২। সদর, ইষ্টেশন এবং রেজিমেন্টের বাজার এবং কান্টনমেন্টের সীমার মধ্যস্থিত কোন পল্লিগ্রামের চৌহদ্দিও ইষ্টক নির্ম্মিত থাম দিয়া নির্ণয় করিতে হইবে। এবং মঞ্জুর করা চৌহদ্দির বাহিরে যে সকল বাড়ী, প্রাচীর বা বেড় অযথারূপে নির্ম্মিত হয় তাহা ভাঙ্গিয়া ফেলিতে হইবে এবং যে মালিক বা যে সকল ব্যক্তি দ্বারা তাহা নির্ম্মিত হয় তাঁহার বা তাঁহাদের খরচে ভগ্নাবশেষ ও বেড় সরাইয়া ফেলা হইবে।

ধার্য্য সীমার ব্যতিক্রম নিষিদ্ধ হইবার কথা।

১৯২৩। গবর্ণমেন্টের মঞ্জুরি ব্যতীত কান্টনমেন্টের ধার্য্য সীমার ব্যতিক্রম করিতে দেওয়া যাইবে না। এবং কোয়ার্টার মাষ্টার জেনরলের বিভাগ দিয়া ঐরূপ মঞ্জুরির নিমিত্ত দরখাস্ত করিতে হইবে। প্রধান সেনাপতির অনুমতি ব্যতীত লাইন, বাজার ও কম্পৌণ্ডের সীমার পরিবর্ত্তন করা যাইতে পারিবে না।

অনাবশ্যক জমির বিলি ব্যবস্থার কথা।

১৯২৪। বঙ্গদেশে সামরিক প্রয়োজনার্থ গৃহীত কোন জমিখণ্ড যখন কোন কারণে সেই প্রয়োজনার্থ আর আবশ্যক বলিয়া বোধ না হয় তখন কমাণ্ডিং কর্ম্মচারী কোয়ার্টার মাষ্টার জেনরলকে সেই মর্ম্মে এই জন্য রিপোর্ট করিবেন যে উহা সিবিল কর্ত্তৃপক্ষদিগকে অর্পণ করা যায়।

* * * *

বাড়ীতে নম্বর দিবার কথা।

১৯২৭। ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারিদিগের কান্টনমেন্টস্থিত বাড়ী ও কম্পৌণ্ডে নম্বর দিবার আদেশ করিবার ক্ষমতা থাকিবে। এবং যে সকল বিল্‌ডিং সরকারী প্রয়োজনার্থ প্রকৃতপক্ষে ব্যবহার করা হয় অথবা যে সকল বিল্‌ডিং গবর্ণমেন্টের সম্পত্তি তৎসম্বন্ধে ছাড়া নম্বর দিবার খরচ অধিকারীকে কিম্বা কান্টনমেন্টের ফণ্ড হইতে দিতে হইবে।

অধিবাসীদিগের নাম লিখিবার কথা।

অধিবাসীদিগকে বাড়ী, কম্পৌণ্ডের প্রাচীর বা ফটকের উপর আপন আপন নাম ও আখ্যা লিখিবার জন্যও আদেশ করা যাইতে পারিবে।

কান্টনমেন্টের মধ্যে খাতের কথা।

১৯২৮। বিল্‌ডিঙের মালমসলা প্রস্তুত করিবার জন্য অনুমতিক্রমে যে সকল খাত করা যায় এবং প্রয়োজন ফুরাইলে সংশ্লিষ্ট ব্যক্তির খরচে যাহা পুনরায় ভরাট করিতে হয় তাহা ছাড়া চৌহদ্দির মধ্যস্থিত কোন জমিতে অন্য কোন খাত করিতে সামরিক কান্টনমেন্টের অধিবাসীদিগকে নিষেধ করা গেল।

* * * *

কান্টনমেন্ট সম্বন্ধীয় কার্য্য যে সকল কর্ম্মচারীর কর্ত্তৃক সম্পাদিত হইবে তাহার কথা।

১৯৩৫। কান্টনমেন্টের জমি ও চৌহদ্দি সম্বন্ধীয় সমস্ত বিষয় কোয়ার্টার মাষ্টার জেনরলের বিভাগের ইষ্টেশনস্থ কর্ম্মচারী কর্ত্তৃক, এবং তিনি অনুপস্থিত থাকিলে, কান্টনমেন্টের ম্যাজিষ্ট্রেট বা ইষ্টেশনের ষ্টাফ কর্ম্মচারির কর্ত্তৃক, আবশ্যক হইলে, এক্‌জিকিউটিব্‌ ইঞ্জিনিয়রের সাহায্যে কমাণ্ডিং কর্ম্মচারির আজ্ঞাধীনে সম্পাদিত হইবে। যে সকল কথা সম্বন্ধে উচ্চতর কর্ত্তৃপক্ষের নিষ্পত্তি আবশ্যক হয় তাহা কোয়ার্টার মাষ্টার জেনরলের মারফত হেডকোয়ার্টরে অর্পণ করিতে হইবে (২২ পরিচ্ছেদের ২৫০৫ পদ।)

বেসরকারি বিল্‌ডিঙের ভাড়া বা বিক্রয়ের কথা।

কাণ্টন মেণ্টস্থিত বাটীতে যে সকল কর্ম্মচারী ও অপর ব্যক্তির অগ্রগণ্য স্বত্ব আছে তাঁহাদের কথা।

১৯৩৬। যে সকল সামরীক ও চিকিৎসা সংক্রান্ত কর্ম্মচারী, চাপলেন, সৈনিক, সৈন্যদলের সংযুক্ত অধস্তন কর্ম্মচারী এবং সৈনিকদিগের বাড়ী ও দ্রব্যাদি সরবরাহ কার্য্য সংশ্লিষ্ট সকল বিভাগের কর্ম্মচারী ও অধস্তন কর্ম্মচারীর জন্য সামরিক কাণ্টনমেণ্টের সীমার মধ্যস্থিত বাড়ী স্বত্বের অগ্রগণ্যতা হেতু প্রাপ্তব্য সামরিক কাণ্টনমেণ্ট প্রধানতঃ তাহাদের নিমিত্ত স্বতন্ত্র করিয়া রাখা স্থান, এবং সামরিক কাণ্টনমেণ্ট আখ্যার অর্থও তাই। রেজিমেণ্টের কর্ম্মচারিদিগের সাধারণত আপন আপন কোরের বারাক বা লাইনের নিকটে থাকা আবশ্যক।

কর্ম্মচারীদিগকে কাণ্টনমেণ্টের ভিতর বাস করিতে দিবার কথা।

১৯৩৭। সরকারের মঙ্গলার্থ যখন গবর্ণমেণ্টের সিবিল ও পোলিটিকেল কর্ম্মচারিদিগের এবং পব্‌লিক ওয়ার্কস্ ডিপার্টমেণ্টের ও রেলওয়ের কর্ম্মচারিদিগের সামরিক কাণ্টনমেণ্টের সীমার মধ্যে বাস করা আবশ্যক হয় অথবা যখন তাঁহাদিগকে এইরূপে বাস করিতে দিবার পক্ষে অপর প্রাপ্তব্য আশ্রয় স্থানের অভাব বা বিপদের আশঙ্কা হইতে তাঁহাদের শরীর রক্ষা করার আবশ্যকতা স্বরূপ বিশেষ হেতু থাকে তখন তাঁহাদিগকে এইরূপে বাস করিতে দেওয়া যাইবে। কিন্তু ইষ্টেশনে কার্য্যে নিযুক্ত সামরিক কর্ম্মচারী ও অপর ব্যক্তিদিগের ইষ্টেশনের চৌহদ্দির মধ্যস্থিত বাড়ী সম্বন্ধে যে অগ্রগণ্য স্বত্ব থাকে, এই সকল বিশেষ ব্যবস্থার দরুণ তাহার কোন ব্যতিক্রম ঘটিবেনা।

নিতান্ত অনিবার্য্য অবস্থা না ঘটিলে বাড়ী হইতে উঠাইয়া না দিবার কথা।

১৯৩৮। কোন অসামরিক অধিবাসীর দখলস্থিত কাণ্টনমেণ্টের ভিতরের কোন বাড়ী কোন কর্ম্মচারীর নিমিত্ত আবশ্যক হইলে, দখিলকার একটী নির্দ্দিষ্ট তারিখের মধ্যে বাড়ী ছাড়িয়া দেন এই আদেশ করিয়া এবং তিনি এই আদেশ পালন করিতে অস্বীকার বা ত্রুটি করিলে আদেশ পালন করাইবার জন্য আইনানুযায়িক কার্য্যের অনুষ্ঠান করা যাইবে এইরূপে সতর্ক করিয়া তাঁহার উপর একখানি দস্তুরমত নুটিস জারী করা যাইবে। এই যে নুটিস খানি সম্ভব হইলে স্বয়ং দখিলকারের উপর জারী করিতে হইবে ইহা ব্যর্থ হইলে, এই বিষয়ে আবশ্যকীয় উপায় অবলম্বন করিবার উদ্দেশে সেই কথা স্থানীয় গবর্ণমেণ্টকে জানাইতে হইবে। যে স্থলে আইনমতে বাড়ীর জন্য দাওয়া করা যাইতে পারে এবং ইষ্টেশনে যে সকল কর্ম্মচারীর কাজ করা যথার্থই আবশ্যক এবং যাঁহাদিগের কাজ করিবার স্থান হইতে সঙ্গতরকম দূরে আশ্রয়স্থান পাওয়া না যায়, যেস্থলে তাঁহাদের থাকিবার জন্য বাড়ী নিতান্তপক্ষে প্রয়োজন হয়, এইরূপ অনিবার্য্য অবস্থায় না পড়িলে কমাণ্ডিং কর্ম্মচারীরা এই উপায় অবলম্বন করিবেন না। ১৯৩৭ পদে যে সকল কর্ম্মচারির উল্লেখ আছে তাঁহাদিগকে উঠাইয়া দিবার দরখাস্ত গবর্ণমেণ্টের নিকট দিবার জন্য কোয়ার্টার মাষ্টার জেনরলের মারফত প্রধান সেনাপতির কাছে করিতে হইবে।

বাড়ীর ভাড়া বা বাড়ী বিক্রয় সম্বন্ধে বিবাদ উপস্থিত হইলে সালিশী কমিটি আহূত হইবার কথা।

১৯৩৯। কাণ্টনমেণ্টের ভিতরের যে বাড়ী ইষ্টেশনে কার্য্যে নিযুক্ত সৈন্যদলের কোন ব্যক্তির অথবা যে ব্যক্তি উহাতে বাস করিবার জন্য গবর্ণমেণ্টের আদেশ বা অনুমতি প্রাপ্ত হইয়াছেন (১৯৩৭ পদ) সেই ব্যক্তির দখলে না থাকে সেই বাড়ীর অধিকারিকে ইষ্টেশনের যে সামরিক কর্ম্মচারির সেই বাড়ী বাস করিবার জন্য আবশ্যক হয় সেই কর্ম্মচারিকে তাহা ভাড়া দিবার জন্য আদেশ করা যাইতে পারিবে। কিন্তু যিনি বাড়ী চাহেন তাঁহার পদ এবং তাঁহাকে যে কার্য্য করিতে হয় তাহা যথোপযুক্ত রূপে বিবেচনা করিয়া ইষ্টেশনে যে কর্ম্মচারী অধ্যক্ষতা করেন তিনি যদি বুঝেন যে অন্য কোন যথাযোগ্য বাড়ী পাওয়া যাইতে পারে না তাহা হইলেই এরূপ আদেশ করা যাইতে পারিবে, নচেৎ নয় কিন্তু এরূপ প্রত্যেক স্থলে, যে কর্ম্মচারী এইরূপে বাড়ী প্রাপ্ত হইয়াছেন তাঁহাকে অধিকারী যদি পূর্ব্বেই বাড়ী ভাড়া না দিয়া বিক্রয় করিবার ইচ্ছা জানাইয়া থাকেন এবং তিনি বিক্রয়ের প্রস্তাব গ্রাহ্য না করিয়া থাকেন, তাহা হইলে ইষ্টেশনে কার্য্যে নিযুক্ত অপর যে সামরিক কর্ম্মচারির নিজের বাসের জন্য ঐ বাড়ী আবশ্যক সেই অপর সামরিক কর্ম্মচারিকে ঐ বাড়ী ইষ্টেশনের কমাণ্ডিং কর্ম্মচারির সম্মতি সহকারে বিক্রয় করা হইয়াছে ইষ্টেশনের ইষ্টাফ কর্ম্মচারির মারফত্ তাঁহার এই নুটিস পাইবার পর এক সপ্তাহের মধ্যে যে কোন সময়ে তাঁহাকে ঐ বাড়ী ছাড়িয়া দিবার জন্য আদেশ করা যাইতে পারিবে। এরূপ স্থলে যে ভাড়া দিতে হইবে অথবা বাড়ীর দাওয়াকারী অধিকারীর ইচ্ছানুসারে বাড়ী ক্রয় করিতে সম্মত হইলে, যে দাম দিতে হইবে, তাহা কত হইবে, এই কথা লইয়া পক্ষগণ এক মত না হইলে ডিবিজান বা ডিষ্ট্রিক্টের অধ্যক্ষতাকারী কর্ম্মচারির হুকুমে আহূত একটি সালীশি কমিটী দ্বারা তাহা ধার্য্য করা হইবে। সালিশী কমিটী যে আবশ্যক এবং কমিটীর জন্য যে দরখাস্ত করা হয় তাহা যে গবর্ণমেণ্টের হুকুমের (১৯৪১ পদ) বিরুদ্ধ নয় ডিবিজান বা ডিষ্ট্রিক্টের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর ইহা সম্পূর্ণ প্রতীতি হইলে পর তবে তিনি ঐ রূপ সালীশি কমিটী আহ্বান করিবেন।

অধিকারী ভাড়া দিবেন কি বিক্রয় করিবেন তাহা তাঁহার স্থির করিবার কথা।

১৯৪০। বিবাদের স্থলে, সালিশী কমিটী বসিবার পূর্ব্বে, অধিকারীকে জিজ্ঞাসা করা হইবে যে বাড়ী ভাড়া দেওয়া ও বিক্রয় করা এই দুই কার্য্যের মধ্যে তিনি কোনটা করিতে ইচ্ছা করেন। তিনি যদি ভাড়া দিতে ইচ্ছা করেন তাহা হইলে কমিটী তাঁহাকে তাহা বিক্রয় করিতে বাধ্য করিতে পারিবেন না।

যে সকল বাড়ী কেবল মাস হিসাবে ভাড়া দেওয়া যাইবে তাহার কথা।

১৯৪১। সামরিক কাণ্টনমেণ্টের সীমার মধ্যে অবস্থিত যে সকল বাড়ী কেবল ভাড়া দেওয়া যাইবে বলিয়া উক্ত হয় এই সকল ব্যবস্থা ও আচার অনুসারে, তাহা কেবল মাস হিসাবে ভাড়া দেওয়া যাইতে পারিবে।

প্রজাদের ভাড়া কমাইবার দাওয়া করিতে না পারিবার কথা।

১৯৪২। যে প্রজা কোন বাড়ীর দখল একবার লইয়াছেন অথবা কোন বাড়ী দখল করিতেছেন, তিনি যে ভাড়া দিতে স্বীকার করিয়াছেন তাহা কমাইবার প্রার্থনা করিতে পারিবেন না এবং এই বিষয়ে সালীশি করিবার নিমিত্ত কমিটী আহ্বান করা যাইতে পারিবে না।

কমিটীর গঠনের কথা।

১৯৪৩। সালীশি কমিটীতে এক জন সিবিল কর্ম্মচারী (সম্ভব হইলে ইষ্টেশনে বা ইষ্টেশনের নিকটের প্রধান সিবিল কর্ম্মচারী), কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী এবং (সিবিল সর্ব্বিস কি মিলিটরি সর্ব্বিস কোন সর্ব্বিসের লোক না হইলেও চলে) এমন অপর যে ব্যক্তিকে বাড়ীর মালিক মনোনীত করেন সেই ব্যক্তি থাকিবেন। ইষ্টেশনের কমাণ্ডিং কর্ম্মচারী স্বার্থবিশিষ্ট পক্ষ হইলে তাঁহার পরিবর্ত্তে কমিটীর মেম্বর স্বরূপ তাঁহার ঠিক পরের পদজ্যেষ্ঠ কর্ম্মচারীর নামোল্লেখ করিতে হইবে।

কর্ম্মের ভার ছাড়িয়া দেওয়া উপলক্ষে বাড়ী হস্তান্তর করিবার কথা।

১৯৪৪। যেস্থলে কর্ম্মের ভার ছাড়িয়া দেওয়া উপলক্ষে কোন বাড়ী এক জন কর্ম্মচারীর হস্ত হইতে আর এক জন কর্ম্মচারীর হস্তে যায় এবং সর্ত্ত লইয়া মত ভেদ উপস্থিত হয়, সে স্থলে উপরোক্তমতে গঠিত কমিটীদ্বারা দাম বা ভাড়া ধার্য্য করা যাইবে। কিন্তু যিনি দখিলকার বা ক্রেতা হইতে ইচ্ছা করেন তাঁহাদ্বারা নামোল্লেখ করা একজন অতিরিক্ত মেম্বর ঐরূপ কমিটীতে থাকিবেন।

কমিটীর নিষ্পত্তি চূড়ান্ত হইবার কথা।

১৯৪৫। ১৯৩৯ পদের উল্লিখিত স্থলে সালীশি কমিটীর নিষ্পত্তি, গবর্ণমেণ্ট কর্ত্তৃক রহিত করা না হইলে সিদ্ধান্ত নিষ্পত্তি হইবে, এবং যখনই প্রেমিসের মালিক রায়ে অসন্তুষ্ট হন তখনই গবর্ণমেণ্টের হুকুম পাইবার জন্য সালীশি কমিটীর কার্য্য নিয়মিত পথ দিয়া গবর্ণমেণ্টের নিকট অর্পণ করিতে হইবে। কিন্তু ১৯৪৪ পদের উল্লিখিত স্থলে কমিটীর নিষ্পত্তির বিরুদ্ধে আপীল চলিবে না এবং সে নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

অধিকারীকে কমিটী বসিবার নুটিস দিবার কথা।

১৯৪৬। কোন প্রেমিস সম্বন্ধে কমিটী বসাইবার অভিপ্রায় হইলে প্রত্যেক স্থলে কাণ্টনমেণ্টের কমাণ্ডিং কর্ম্মচারী কর্ত্তৃক প্রেমিসের মালিককে কিম্বা তাহার এজেণ্টকে সেই অভিপ্রায়ের নুটিস প্রদত্ত হইবে। এবং অধিকারী কিম্বা এজেণ্ট কাণ্টনমেণ্ট কিম্বা উহার নিকটবর্ত্তী স্থানের অধিবাসী না হইলে ঐ নুটিস বলিতে যে দিবস কমিটী বসিবে তাহার একমাস পূর্ব্বের তারিখযুক্ত রাজকীয় বিজ্ঞাপন বুঝাইবে। নুটিস পাইবার পর অধিকারী কিম্বা এজেণ্ট যদি ঐরূপ কমিটীর মেম্বর হইবার জন্য এক ব্যক্তির নামোল্লেখ না করেন তাহা হইলে, যে কর্ম্মচারী ডিবিজন কিম্বা ডিষ্ট্রিক্টের অধ্যক্ষতা করেন তাঁহার হুকুমক্রমে কমাণ্ডিং কর্ম্মচারী ঐ মালিকের প্রতিনিধি রূপে কমিটীর মেম্বর হইবার জন্য এক ব্যক্তির নামোল্লেখ করিবেন, এবং তদনন্তর কমিটী সালীশি করিতে প্রবৃত্ত হইবেন।

ছুটী প্রভৃতি হইতে ফিরিয়া আসিলে বিশেষ রূপে নির্দ্দিষ্ট বাড়ী পাইবার দাওয়া না থাকিবার কথা।

১৯৪৭। কাণ্টনমেণ্টের ভিতরের কোন বাড়ী যে কর্ম্মচারীকে এই সকল ব্যবস্থানুসারে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হয় তিনি যদি ছুটী পাইয়া চলিয়া যাইবার সময় কিম্বা কিয়ৎকালের জন্য কোন কার্য্যে চলিয়া যাইবার সময় ঐ বাড়ী ছাড়িয়া দিয়া যান তাহা হইলে তিনি ফিরিয়া আসিলে কোন সুবিধাজনক বাড়ী ভাড়া পাওয়া না গেলে একটী বাড়ী তাঁহাকে বিশেষ ভাবে নির্দ্দিষ্ট করিয়া দিবার দাওয়া করিবার স্বত্ব তাঁহার থাকিবে না। যদি কোন বিশেষ কারণে এই বিধির ব্যতিক্রম করা আবশ্যক হয় তাহা হইলে প্রধান সেনাপতি দ্বারা নিষ্পন্ন হইবার জন্য বিষয়টী কোয়ার্টার মাষ্টার জেনরলের নিকট অর্পণ করিতে হইবে।

মেরামত আবশ্যক হইলে এবং ভুস্বামী তাহা করিয়া দিতে অস্বীকার করিলে যে কার্য্য প্রণালী অবলম্বন করিতে হইবে তাহার কথা।

১৯৪৮। যদি কোন বাড়ীর প্রজা বিবেচনা করেন যে বাড়িটী মেরামত করা আবশ্যক কিন্তু মেরামত করিয়া দিতে অধিকারীকে সম্মত করিতে অপারগ হন তাহা হইলে বিষয়টী নিষ্পত্তি করণার্থ একটি সালীশি কমিটী নিযুক্ত করিবার নিমিত্ত তাঁহার সহিত মিলিত হইবার জন্য তিনি তাঁহার ভুস্বামীকে বলিবেন। কাণ্টনমেণ্টের বিধি প্রবল থাকার স্থলে একজন সিবিলিয়ান, ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারী, দুইজন কর্ম্মচারী বা ইউরোপীয় অধিবাসী যাঁহাদের মধ্যে এক জন ভুস্বামী কর্ত্তৃক এবং অপর জন দখিলকার কর্ত্তৃক নিযুক্ত হইবেন, এই কয় জনকে লইয়া কমিটী গঠিত হইবে। অন্য স্থলে ভুস্বামীকে একজন সালীশের নাম করিবার আদেশ করা যাইবে। সেই সালীশ দখিলকারকে যে একজন সালীশের নাম করিতে হইবে সেই সালীশের সহিত কার্য্য করিবে। এবং মতভেদ হওয়ার স্থলে তাঁহারা একত্রে এক তৃতীয় সালীশ নিযুক্ত করিবেন। উভয় স্থলেই ভুস্বামীকে এইরূপ অবগত করা যাইবে যে-যে সময়ের উল্লেখ করিয়া দেওয়া হয় সেই সময়ের মধ্যে তিনি যদি প্রয়োজনীয় মেরামত না করিয়া দেন কিম্বা কথাটী কমিটীতে অর্পণ করণার্থ দখিলকারের সহিত মিলিত না হন তাহা হইলে দখিলকার ভুস্বামীর হিসাবে ও ঝুঁকিতে পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের হারে মেরামত করাইয়া লইবেন এবং খরচা ভাড়ায় মিনাহ পড়িবে।

ভগ্ন বিল্ডিং নষ্ট করিবার কথা।

১৯৪৯। যে সকল ইষ্টেশনে কাণ্টনমেণ্টের কমিটী নাই সেই সকল ইষ্টেশনে স্বাস্থ্যরক্ষার্থ বা অপর অভিপ্রায়ে যে সকল ভগ্ন বিল্ডিং নষ্ট করিয়া সরাইয়া ফেলা যুক্তিসিদ্ধ বিবেচনা করা হয় সেই সকল ভগ্ন বিল্ডিঙের মূল্য অবধারণ করিবার জন্য সালীশি কমিটী আহ্বান করিবার পূর্ব্বে কমাণ্ডিং কর্ম্মচারীদিগকে প্রধান সেনাপতির মারফৎ গবর্ণমেণ্টের মঞ্জুরি লইতে হইবে।

সরকারী প্রয়োজনে বিল্ডিং ক্রয় করিবার কথা।

১৯৫০। কাণ্টনমেণ্ট স্থিত বিল্ডিং সরকারী প্রয়োজনে আবশ্যক হওয়ার স্থলে পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের একজিকিউটিব ভারপ্রাপ্ত কর্ম্মচারী, ডিবিজান বা ডিষ্ট্রিক্টের অধ্য

কর্ত্তাকারী কর্ম্মচারীর অনুমতি লইয়া, পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের বিধি অনুসারে তাহার মূল্য অবধারণ করিবার ও তাহা ক্রয় করিবার বন্দোবস্ত করিবেন এবং কেবল মাত্র মতভেদ হওয়ার স্থলে এবং একজিকিউটিব ইঞ্জিনিয়ার বা জিনিসের মালিকের দরখাস্তমতে সালীশি কমিটী নিযুক্ত করা যাইবে।

সরকারী প্রয়োজনে বিল্ডিঙ ভাড়া দেওয়ার স্থলে যে কার্য্য প্রণালী অবলম্বন করিতে হইবে তাহার কথা।

১৯৫১। সৈনিকদিগের ব্যবহারার্থ বিল্ডিঙ ভাড়া করা আবশ্যক হইলে পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের উপস্থিত কর্ম্মচারী সকল স্থানীয় সামরিক কর্ত্তৃপক্ষদিগকে জানাইয়া এবং তাঁহাদের সাহায্যে ঐ সকল বিল্ডিং ভাড়া করিবার বন্দোবস্ত করিবেন এবং বন্দোবস্ত সম্বন্ধে মঞ্জুরি গ্রহণ করিবেন। এবং ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীদিগকে এই কথা স্মরণ রাখিতে হইবে যে তাঁহারা স্বয়ং কার্য্য করিতে এবং তাঁহাদের কার্য্য অনুমোদিত না হওয়ার স্থলে গুরুতর আর্থিক দায়িত্ব গ্রহণ করিতে বাধ্য হওয়া অপেক্ষা সম্ভব হইলেই বিশেষ প্রয়োজনের সময় সৈনিকদিগের বাসের জন্য সমস্ত আবশ্যকীয় ব্যবস্থা করিবার নিমিত্ত তাঁহারা পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের কর্ম্মচারীকে আদেশ করিতে বেশী বাধ্য। কিন্তু একজিকিউটিব ইঞ্জিনিয়র ইষ্টেশনে অনুপস্থিত থাকিবার দরুণ স্থানীয় সামরিক কর্ত্তৃপক্ষগণ স্বয়ং কার্য্য করিতে বাধ্য হওয়ার স্থলে, আপন জ্ঞান ও ভূয়োদর্শনের বলে বন্দোবস্তের যেরূপ পরিবর্ত্তন সৈনিকের পক্ষে আরো ভাল এবং গবর্ণমেণ্টের পক্ষে আরো মঙ্গলজনক হইবে বোধ হয় তাঁহাদিগের নিকট সেইরূপ পরিবর্ত্তনের প্রস্তাব করা এবং বন্দোবস্ত প্রথমে যেন তিনি নিজেই করিয়াছিলেন এই ভাবে তাহা মঞ্জুরির জন্য অর্পণ করা ফিরিয়া আসিবার পর সেই কর্ম্মচারীর কর্ত্তব্য কর্ম্ম হইবে।

বিবাদ রিপোর্ট করিবার কথা।

১৯৫২। ক্যাণ্টনমেণ্টস্থিত বাড়ী ও জমি সম্বন্ধে বিবাদ উপস্থিত হওয়ার স্থলে ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীদিগকে এই আদেশ করা গেল যে তৎসম্বন্ধে কোন কার্য্য করিবার পূর্ব্বে তাঁহারা আপনাদের মতামতের সহিত সেই বিষয়গুলি স্থানীয় অধ্যক্ষতাপ্রাপ্ত জেনরল অফিসরের বিবেচনা ও অনুমোদনের নিমিত্ত অর্পণ করিবেন। স্থানীয় অধ্যক্ষতাপ্রাপ্ত জেনরল অফিসর সেই বিষয়গুলি স্বয়ং নিষ্পত্তি করিতে অপারগ হইলে কোয়ার্টার মাষ্টার জেনরলের নিকট পাঠাইয়া দিবেন।

মসজিদ প্রভৃতি দখল না করিবার কথা।

১৯৫৩। ধর্ম্মার্থ ব্যবহৃত গির্জ্জায়, চাপেলে, মসজীদে, মন্দিরে, সমাধিমন্দিরে বা অপর বিল্ডিঙে যে সকল ব্যক্তির স্বার্থ থাকে তাঁহাদিগের সম্পূর্ণ ও স্বাধীনভাবে প্রদত্ত সম্মতি এবং উপস্থিত প্রধান সিবিল বা পোলিটিকাল কর্ত্তৃপক্ষের মঞ্জুরি ব্যতীত ধর্ম্মার্থ ব্যবহৃত গির্জ্জা, চাপেল, মসজীদ, মন্দির, সমাধিমন্দির বা অপর বিল্ডিঙ বাসগৃহ স্বরূপ বা অন্য কোন প্রয়োজনে দখল করা যাইবে না।

(বোম্বাই।)

ক্যাণ্টনমেণ্টের সীমার কথা।

১৯৫৪। স্থানীয় ম্যাজিষ্ট্রেট কিম্বা পোলিটিকাল এজেণ্ট এবং কমাণ্ডিং কর্ম্মচারী দুই জনে একত্রে ক্যাণ্টনমেণ্ট বা বাজারের সীমা চিহ্নিত করিবেন। নূতন ক্যাণ্টনমেণ্টের সীমা চিহ্নিত করিবার সময় বেসরকারী সম্পত্তি তদন্তর্গত করা হইবে না।

রিপোর্ট ও নকসা প্রস্তুত করিবার কথা।

১৯৫৫। স্থানীয় ম্যাজিষ্ট্রেট ও কমাণ্ডিং কর্ম্মচারী একত্রে সীমা চিহ্নিত করিলে তাহার একখানি রিপোর্ট ও নকসা দুইজন কর্ম্মচারী কর্ত্তৃকই স্বাক্ষরিত হইবে এবং গবর্ণমেণ্টের অনুমোদনের নিমিত্ত এবং প্রকাশিত হইবার জন্য কোয়ার্টার মাষ্টার জেনরলের মারফৎ অর্পিত হইবে। জেনরল অর্ডারে অনুমোদিত হইলে পর সীমা থাম দিয়া বা অন্য কোন তদ্রূপ স্থায়ী উপায়ে চিহ্নিত করা হইবে।

পরিবর্ত্তন রেজেষ্টরী করিবার কথা।

১৯৫৬। প্রত্যেক ক্যাণ্টনমেণ্টের এই প্রকার চিহ্নিত ও স্বাক্ষরিত নক্সা কোয়ার্টার মাষ্টার জেনরলের আপিসে রাখা যাইবে। তথায় উহা যথারীতি রেজেষ্টরী করা যাইবে এবং ডিবিজনাল বা ডিষ্ট্রিক্ট আসিষ্টাণ্ট কোয়ার্টার মাষ্টার জেনরল উহার একখানি নকল সমভিব্যাহারী কাগজপত্রের একখানি রেজেষ্টরী সহ প্রত্যেক ব্রিগেডিয়র বা ইষ্টেশনের কমাণ্ডিং কর্ম্মচারীকে দিবেন। এবং সীমানা বা দখল সম্বন্ধে যখন যে পরিবর্ত্তন ঘটে ব্রিগেডিয়র বা ইষ্টেশনের কমাণ্ডিং কর্ম্মচারী তখন তাহা ডিবিজনাল হেড কোয়ার্টারে রিপোর্ট করিবেন। কোয়ার্টার মাষ্টার জেনরলের আপিসে যে সকল রেজেষ্টরী ও মান নক্সা থাকে তাহা সংশোধন করিতে তাঁহাকে সমর্থ করণার্থ এরূপ সমস্ত পরিবর্ত্তন ডিবিজনাল আসিষ্টাণ্ট কর্ত্তৃক তাঁহার নিকট রিপোর্ট করা হইবে।

সীমা পরিবর্ত্তন করিবার কথা।

১৯৫৭। যে ক্যাণ্টনমেণ্টের সীমা নিয়মিতরূপে চিহ্নিত হইয়া প্রকাশিত করা হইয়াছে তাহার কোন অংশে কোন পরিবর্ত্তন আবশ্যক হইলে, পরিবর্ত্তন দ্বারা সমস্ত সীমা যেরূপ করিবার প্রস্তাব করা হয় ম্যাজিষ্ট্রেট এবং কমাণ্ডিং কর্ম্মচারীকে তাহার একখানি রিপোর্ট ও নক্সা প্রস্তুত ও স্বাক্ষর করিতে হইবে। এবং তাহার পর জেনরল অর্ডরে একটী নূতন বিবরণ প্রকাশিত করা যাইবে। এবং সেই নূতন বিবরণ পূর্ব্ববর্ত্তী নক্সা ও রেজেষ্টরীকে অতিক্রম ও রহিত করিতেছে বলিয়া বিবেচনা করা যাইবে।

সীমা বাড়াইবার কথা।

১৯৫৮। যখন ক্যাণ্টনমেণ্টের সীমা বাড়াইবার বা অপর সামরিক প্রয়োজনার্থ জমি লইবার প্রস্তাব করা হয় তখন (সিবিল কর্ত্তৃপক্ষগণের সহিত পরামর্শ করিয়া) সংশ্লিষ্ট ডিবিজনের অধ্যক্ষতাকারী জেনরল অফিসর প্রার্থিত জমি প্রদর্শন করিয়া একখানি ইষ্কেচনক্সা এবং সেই সঙ্গে সেই জমির একটী বিবরণ প্রস্তুত করিবেন। যে সকল কারণে জমি লইবার জন্য অনুরোধ করা হয় তাহার সবিশেষ বৃত্তান্ত এবং দখল লইতে যে খরচ হওয়া সম্ভব্য তাহার একটী বর্ণনাসহ ঐ নক্সা ও বিবরণ মন্ত্রিবর

শ্রীযুত প্রধান সেনাপতি মহাশয়ের অবগতির নিমিত্ত অর্পণ করা যাইবে। এবং যে অভিপ্রায় সিদ্ধ করিবার জন্য জমি গ্রহণ করিবার প্রস্তাব করা হয় তাহা জমি গ্রহণ করিবার উপযুক্ত হেতু বলিয়া বোধ হইলে মহিমবর শ্রীযুত প্রধান সেনাপতি মহাশয় গবর্ণমেণ্টের মঞ্জুরির নিমিত্ত ঐ নক্সা ও বিবরণ পাঠাইয়া দিবেন।

অনুমতি না লইয়া বিল্‌ডিং করিবার কথা।

১৯৫৯। পরিচ্ছন্নতা রক্ষা একান্তপক্ষে আবশ্যক এবং এই অভিপ্রায়ে, গবর্ণমেণ্টের মঞ্জুরি না লইয়া খোলার ঘর বা দোকান নির্ম্মাণ করিবার জন্য চিহ্নিত স্থানের বাহিরে খোলার ঘর বা দোকান অস্থায়ীভাবে বা অন্য রকমে নির্ম্মাণ করা কিম্বা বেড়া বা উঠান বাড়াইয়া দেওয়া বিশেষ রূপে নিবারণ করিতে হইবে। এই যে প্রয়োজনীয় মঞ্জুরি ইহা না লইয়া কোন ব্যক্তি এরূপ বিল্‌ডিং নির্ম্মাণ করিলে তাহা ভাঙ্গিয়া দেওয়া যাইতে পারিবে এবং তাঁহার নিজের খরচে মাল মসলা উঠাইয়া লইয়া যাইবার জন্য তাঁহাকে আদেশ করা যাইতে পারিবে।

নর্দ্দমা ওজল প্রণালীর কথা।

১৯৬০। সামরিক কাণ্টনমেণ্টের সকল অধিবাসীকে তাঁহাদের প্রেমিসেস ভিতরের ও নিকটের সমস্ত নর্দ্দমাও জল প্রণালীকে বাধাবিমুক্ত অবস্থায় রাখিতে হইবে, ম্যালেরিয়ার সমস্ত কারণ দুরীভূত করিতে হইবে, এবং তাঁহাদের ভিতরের ও বাহিরের বেড়া রাস্তার লেবেল হইতে চারিফুট উচ্চ করিয়া কাটিয়া এবং অনধিক দুই ফুট চওড়া করিয়া এবং গাছের ডাল মাটি হইতে ছয় ফুট পর্য্যন্ত উচ্চ রাখিয়া কাটিয়া রাখিতে হইবে।

সিবিলিয়ানদিগের বিধি মানিবার কথা।

১৯৬১। পরিচ্ছন্নতা, সুনিয়ম এবং বাড়ী ও বাড়ীর সংলগ্ন জমি অগ্নিদাহ হইতে রক্ষা পাওয়া সম্বন্ধে সামরিক কাণ্টনমেণ্টের অপর সমস্ত অধিবাসীর নিমিত্ত যে সকল সাধারণ কাণ্টনমেণ্টের বিধি নির্দ্দিষ্ট হইয়াছে কাণ্টনমেণ্টের মধ্যে যে সকল সিবিল কর্ম্মচারী বাস করেন বা যে সকল সিবিল কর্ম্মচারীর আপিস থাকে তাঁহাদিগকে সেই সকল বিধি মানিয়া চলিতে হইবে।

খালি বাড়ীর কথা।

১৯৬২। কাণ্টনমেণ্টস্থিত খালি বাড়ী ও জমির অধিকারীরা ঐ সকল বাড়ী ও জমি উপযুক্ত মত সুব্যবস্থিত ও মেরামত করিয়া রাখিবেন। যথোচিতরূপে সতর্ক করিয়া দিবার পরও যদি এরূপ বাড়ী ও জমি এত দূর বেমেরামত অবস্থায় রাখা হয় যে তজ্জন্য স্বাস্থ্যের হানি হয় বা কাণ্টনমেণ্টের দৃশ্য খারাপ হয়, তাহা হইলে বাড়ী বিক্রয় করিয়া ভাঙ্গিয়া পরিষ্কার করিবার এবং জমি কিনাইয়া লইবার আদেশ করিবার জন্য গবর্ণমেণ্টের নিকট দরখাস্ত করিতে হইবে। ভাঙ্গিয়া পরিষ্কার করিবার খরচের টাকা দিয়া বিক্রয়লব্ধ টাকা অধিকারীকে দেওয়া যাইবে।

বাহিরের ঘরের কথা।

১৯৬৩। কাণ্টনমেণ্টে অফিসরদিগের লাইনে ছাওয়া বা ঘাসের বা দর্মার বাহিরের ঘর নির্ম্মাণ করা হইবে না।

রেজিমেণ্টের ও ডিপার্টমেণ্টের লাইনের কথা।

১৯৬৪। যে সকল কোর বা ডিপার্টমেণ্টের জন্য রেজিমেণ্টের ও ডিপার্টমেণ্টের লাইন রাখা হয় সেই সকল কোর বা ডিপার্টমেণ্টের সহিত যে সকল ব্যক্তির কোন সংস্রব নাই সেই সকল ব্যক্তি যেন ঐ সকল লাইনে এবং সামরিক কাণ্টনমেণ্টস্থিত খালি জমিতে প্রবেশ করিতে না পারে এই অভিপ্রায়ে ঐ সকল লাইন ও খালি জমি প্রহরাধীন রাখিতে হইবে।

নিবাসীদিগের রেজেষ্টরী বহির কথা।

১৯৬৫। অননুমোদিত প্রবেশ নিবারণ করিবার উপায় স্বরূপ এবং Statistical অনুসন্ধানের সুবিধা করিবার জন্য (বক্ত ভাগ দেখ) পূর্ব্বোল্লিখিত প্রত্যেক সদরের ও রেজিমেণ্টের বাজারের নিবাসিদিগের একখানি রেজেষ্টরী বহী প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

বৃক্ষ রক্ষা করিবার কথা।

১৯৬৬। কাণ্টনমেণ্ট সীমার মধ্যস্থিত বাড়ীর কম্পৌণ্ডে যে সকল বৃক্ষ থাকে তাহা বেসরকারী সম্পত্তি নয়। স্বাস্থ্য সম্বন্ধীয় বা অপর কারণে এরূপ বৃক্ষের ডাল কাটিয়া দেওয়া বা এরূপ বৃক্ষ কাটিয়া ফেলা বাঞ্ছনীয় হইলে সেই কাষ্ঠ বাড়ীর অধিকারীর সম্পত্তি বলিয়া বিবেচনা করা যাইবে। কাণ্টনমেণ্টের কমিটির সম্মতি ব্যতীত অধিকারী বা দাখিলকারীদিগকে কম্পৌণ্ডের ভিতরের বৃক্ষের ডাল কাটিয়া দিতে বা বৃক্ষ কাটিয়া ফেলিতে নিষেধ করা গেল।

সামরিক প্রয়োজনে বেসরকারী জমি ব্যবহার করিবার কথা।

১৯৬৭। সামরিক প্রয়োজনে বেসরকারী জমি ব্যবহার করিবার অধিকার কোয়ার্টার মাষ্টার জেনেরল মারফত লাভ করিতে হইবে।

পরিবর্ত্তনের সাময়িক রিপোর্টের কথা।

১৯৬৮। প্রতি বৎসর ১লা জানুয়ারিতে ২১ নম্বর বোম্বাই পাঠে সাময়িক রিপোর্ট দোকরসহ অর্পণ করিতে হইবে। ঐ সময়ের মধ্যে কোন বিল্‌ডিং বাড়ী প্রভৃতি নির্ম্মিত হইয়াছে কি না, কোন বিল্‌ডিং, বাড়ী প্রভৃতি ভাঙ্গিয়া ফেলা হইয়াছে কি না, এবং কোন্ কোন্ সম্পত্তির হস্তান্তর হইয়াছে প্রত্যেক কাণ্টনমেণ্ট সম্বন্ধে ঐ রিপোর্টে প্রদর্শিত হইবে। ঐ সকল নিদর্শনপত্র কাণ্টনমেণ্টের অধ্যক্ষতাকারী কর্ম্মচারী এবং কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট বা রেজেষ্টরীর ভারপ্রাপ্ত ইষ্টাফ কর্ম্মচারীকর্তৃক স্বাক্ষরিত হইবে। এবং বিশেষ বিবরণগুলি প্রত্যেক বিষয় সম্বন্ধে সম্পূর্ণ হওয়া না হওয়া সম্বন্ধে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট বা অধ্যক্ষতাকারী কর্ম্মচারী এবং কাণ্টনমেণ্টের রেজেষ্টরীর ভারপ্রাপ্ত ইষ্টাফ কর্ম্মচারী দায়ী হইবেন।

(মান্দ্রাজ)

কাণ্টনমেণ্ট সম্বন্ধীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের কথা।

১৯৬৯। মান্দ্রাজ প্রেসিডেন্সির সৈন্যদিগের অধিকৃত কাণ্টনমেণ্টগুলি নিম্নলিখিত মত বিধির অধীন:—

সেকন্দ্রাবাদ ...	১৮৮০ সালের বঙ্গীয় ৩ আইনের, ভূতপূর্ব্ব ১৮৬৪ সালের বঙ্গীয় ২২ আইনের নির্দ্দিষ্ট বিধির অধীন।
কম্পটী ...	
রাইপুর ...	
কটক ...	
রেঙ্গুন ...	
টঙ্গু ...	
থায়েটমায়ো ...	
মুলমীন ...	

বেলগাঁও—১৮৮০ বঙ্গীয় ৩ আইন অনুযায়িক বিধি বাদিয়া গণ্য ১৮৬৭ সালের বোম্বাইয়ের ৩ আইনের নির্দ্দিষ্ট বিধির অধীন।

সেণ্ট তামস মৌণ্ট	...	১৮৬৬ সালের মান্দ্রাজের ১ আইনে নির্দ্দিষ্ট বিধির অধীন।
পুনামলী	...	
ওয়েলিংটন	...	
পল্লয়েরাম	...	
কনানোর	...	উপরোক্ত আইনের কেবল মাত্র পঞ্চম ও ষষ্ঠ অধ্যায় খাটিবে।
বেলরী	...	

ত্রিচিনপলি—উপরোক্ত আইনের কেবল মাত্র ষষ্ঠ অধ্যায় খাটিবে।

যে সকল কান্টনমেণ্টের নাম লেখা গেল না তৎসম্বন্ধে উপরোক্ত আইনগুলি খাটে না।

অতিরিক্ত সামরিক ব্যবস্থার কথা।

১৯৭০। এই আইনগুলিতে যে সকল বিধি আছে সাধারণ স্বাস্থ্য, নিরাপদাবস্থা, সুশীলতা প্রভৃতি সম্বন্ধীয় বিষয়ের সহিত তাহার বিশেষ সম্পর্ক আছে। তাহা ছাড়া নিম্নলিখিত সামরিক বিধি গুলি অনুসারে কার্য্য করা হইবে বলিয়া তাহা নির্দ্দিষ্ট হইল।

সামরিক কান্টনমেণ্টের অর্থের কথা।

১৯৭১। গবর্ণমেণ্টের অনুমতি অনুসারে যে স্থানের সামরিক সীমা নিরূপণ করিয়া দেওয়া হয় এবং ঐ সীমার মধ্যে যে সকল সামরিক ও চিকিৎসা সম্বন্ধীয় কর্ম্মচারী, চাপলেন, সৈনিক, ইউরোপীয় ও ইষ্ট ইণ্ডিয়াজাত অধস্তন কর্ম্মচারী ও তাঁহাদের পরিবারের নিমিত্ত স্বত্বের অগ্রগণ্যতা ক্রমে বাড়ী পাওয়া যায় প্রধানত তাঁহাদের জন্য যে স্থান স্বতন্ত্র করিয়া রাখা হয় তাহাকেই সামরিক কান্টনমেণ্ট বলে এবং সামরিক কান্টনমেণ্ট আখ্যার অর্থও তাই। কিন্তু সামরিক কান্টনমেণ্টের মধ্যে কবেনাণ্টেড সিবিল সর্ব্বিসের লোকেরা সচরাচর যে সকল বাড়ী দখল করিয়া থাকেন তৎসম্বন্ধে ঐ সকল লোকের সহিত এই বিধির কোন সংস্রব থাকিবে না।

কর্ম্মচারী দিগের বাসস্থানের কথা।

১৯৭২। রেজিমেণ্টের কর্ম্মচারী তাঁহাদের লাইন বা বারাকের যত নিকটে থাকিতে পারেন তত নিকটে থাকিবেন। তজ্জন্য স্থানীয় কমাণ্ডিং কর্ম্মচারীরা প্রত্যেক রেজিমেণ্টের জন্য প্রত্যেক কান্টনমেণ্টে কতকগুলি করিয়া বাড়ী স্বতন্ত্র করিয়া রাখিবেন। এবং সকল ষ্টেশনই যাহাতে সময়ক্রমে উপরোক্ত বন্দোবস্তের অধীন হয়, তদুদ্দেশে কান্টনমেণ্ট কর্ম্মচারীদিগের বাসস্থানের এখন যে অসুবিধাজনক বিলি ব্যবস্থা আছে সুবিধা পাইলেই তাহার সংশোধন করিতে হইবে। ইষ্টাফ কর্ম্মচারীদিগকে কান্টনমেণ্টের যে কোন অংশ থাকিতে দেওয়া যাইতে পারিবে।

অন্য লোকের নিমিত্ত বাড়ীর বন্দোবস্তের কথা।

১৯৭৩। ভদ্র লোক ও অপর লোকের নিমিত্ত বাড়ীর বন্দোবস্তের জন্য পার্শ্বের লিখিত* অপর দাওয়া যথোপযুক্তরূপে তাঁহাদের পদ বিবেচনা করিয়া এবং কান্টনমেণ্টের মধ্যে তাঁহাদের রক্ষার্থ বাড়ী পাইতে পারা যায় কি না তাহা বিবেচনা করিয়া ষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারী বিচার করিয়া তৎসম্বন্ধে বন্দোবস্ত করিয়া দিবেন। কিন্তু ষ্টেশনস্থিত সৈনিক দলের কোন কর্ম্মচারীর জন্য যে বাড়ী নিতান্তপক্ষে প্রয়োজন হয় এই সকল লোকে তাহা রাখিতে পারিবেনা।

* পবলিক ওয়ার্কস ও অপর ডিপার্টমেণ্টের কর্ম্মচারী।
সিবিল বা পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টে উরোপীয় ও ইষ্ট ইণ্ডিয়া জাত অধস্তন কর্ম্মচারী।
মিশনরি ও অপর অধিবাসী।

বাড়ী রাখিবার কথা।

১৯৭৪। কান্টনমেণ্টের সীমার মধ্যস্থিত যে সকল বাড়ী গবর্ণমেণ্টের জমিতে নির্ম্মিত থাকে তাহা ভাড়া করিয়া রাখা হইলেই কিম্বা হইলেই কি ষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর কর্ত্তৃত্বাধীনে উপরোক্ত মতে অধিকৃত হইতে পারে। যে জমি গবর্ণমেণ্টের সম্পত্তি নয় তদুপরি যে সকল বাড়ী নির্ম্মিত হয় এবং যে সকল বাড়ী ক্রী হোল্ডের নিয়মে রাখা হয় কিম্বা দোকানের স্বরূপ অধিকৃত হয় তাহা এই দায় হইতে মুক্ত থাকিবে।

অসামরিক প্রজাদিগকে উঠাইয়া দিবার কথা।

১৯৭৫। কোন কর্ম্মচারীর বাসের জন্য কোন অসামরিক প্রজাকে উঠাইয়া দেওয়া আবশ্যক হয় এমন অবস্থা উপস্থিত হইলে বাড়ীর অধিকারী ও প্রজা দুই জনকেই বাড়ীটা প্রয়োজন হইয়াছে বলিয়া অন্যূন এক মাসের লিখিত নুটিস দিতে হইবে। বলপ্রকাশ স্বরূপ সংক্ষিপ্ত প্রণালীতে কখনই বাড়ী হইতে উঠাইয়া দিতে দেওয়া যাইবে না। এবং যে দখিলকারকে সরকারী হেতুতে উঠাইয়া দেওয়া আবশ্যক হইয়া পড়ে তাঁহার সম্বন্ধে যতদূর সদ্বিবেচনা করা যাইতে পারে তাহা করা যাইবে। অবস্থা বিবেচনায় এরূপ নুটিসের সময় বাড়াইয়া দিতে পারা গেলে সময় বাড়াইয়া দেওয়া যাইতে পারিবে এবং উপরোক্ত মতে কোন ব্যক্তিকে উঠাইয়া দেওয়া গেলে সম্ভব হইলেই তাঁহার জন্য অন্য বাসস্থানের ব্যবস্থা করিয়া দেওয়া যাইবে।

কান্টনমেণ্টের নকসার কথা।

১৯৭৬। যে স্থানে স্পষ্টলক্ষ্য স্বাভাবিক সীমানা নাই সে স্থানে সীমানার পাথর বা থাম নির্ম্মাণ করিয়া প্রত্যেক সামরিক কান্টনমেণ্টের সীমা পরিষ্কার করিয়া নিরূপণ করিতে হইবে। কান্টনমেণ্টস্থিত প্রত্যেক বিলডিঙ প্রদর্শিত হওয়ার পক্ষে যে ইস্কেল যথেষ্ট হয় প্রত্যেক কান্টনমেণ্টের সেই ইস্কেলে প্রস্তুত এক এক খানি নক্সা কোয়ার্টার মাষ্টার জেনরলের আপিসে এবং ডিবিজনাল কোয়ার্টার মাষ্টার জেনরলের বা ষ্টেশনের ইষ্টাফ কর্ম্মচারীর আপিসে রাখিতে হইবে।

বাজারের চৌহদ্দি নির্ণীত হইবার কথা।

১৯৭৭। সদর, ষ্টেশন এবং রেজিমেণ্টের বাজার এবং কান্টনমেণ্টের সীমার মধ্যস্থিত কোন পল্লিগ্রামের চৌহদ্দও ইষ্টক নির্ম্মিত থাম দিয়া স্থির করিতে হইবে। এবং ঠিক চৌহদ্দির বা নির্দ্দিষ্ট সীমার বাহিরে নির্ম্মিত সমস্ত বিলডিঙ

ভাজিয়া ফেলিতে হইবে এবং মালিকের খরচে ভগ্নাবশেষ সরাইয়া ফেলা হইবে।

ধার্য্য সীমার ব্যতিক্রম নিষিদ্ধ হইবার কথা।

১৯৭৮। গবর্ণমেন্টের মঞ্জুরি ব্যতীত কান্টনমেন্টের ধার্য্য সীমার কিম্বা লাইনের বাজারের বা গবর্ণমেন্টের বিল্‌ডিঙের বেড়ের ধার্য্য সীমার ব্যতিক্রম করিতে দেওয়া যাইবে না। এবং কোয়ার্টার মাষ্টার জেনরলের বিভাগ দিয়া ঐরূপ মঞ্জুরির নিমিত্ত দরখাস্ত করিতে হইবে।

অনাবশ্যক জমির বিলি ব্যবস্থার কথা।

১৯৭৯। যে স্থলে কোন বর্ত্তমান কান্টনমেন্টভুক্ত স্থানের কোন অংশ কোন কারণে সামরিক প্রয়োজনার্থ আর আবশ্যক নয় বলিয়া দেখা যায় সে স্থলে কমাণ্ডিং কর্ম্মচারী কোয়ার্টার মাষ্টার জেনরলকে সেই মর্ম্মে এইজন্য রিপোর্ট করিবেন যে উহা সিবিল কর্ত্তৃপক্ষদিগকে অর্পণ করা যায়।

বাড়ীর রেজেষ্টরী বহির কথা।

১৯৮০। ইষ্টেশনের ষ্টাফ আপিসে অধিকৃত ও খালি বাড়ীর একখানি রেজিষ্টরী বহি রাখিতে হইবে। তাহাতে প্রত্যেক বাড়ীর ভাড়া প্রদর্শন করিতে হইবে এবং সময়ে সময়ে পরিবর্ত্তন করিতে হইবে। এবং ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর সম্মতি ব্যতীত কোন অসামরিক কর্ম্মচারী কোন বাড়ী লইবেন না এবং সেই বাড়ী এইরূপ অধিকৃত হইবার দরুণ যাহাতে সরকারী সুবিধার ব্যাঘাত না ঘটে তাহার উপায় করা সেই কর্ম্মচারীর কর্ত্তব্য হইবে।

বাস করিবার জন্য বাড়ি রাখিবার কথা।

১৯৮১। সিবিল ও সামরিক কর্ম্মচারী, সরকারী ডিপার্টমেন্ট সকলের কর্ম্মচারী, মিশনরি এবং অপর ব্যক্তিদিগের নিমিত্ত কান্টনমেন্টে যে সকল বাস করিবার বাড়ী পাওয়া যাইতে পারে তাহার সংখ্যা যাহাতে অযথারূপে কমিয়া না যায় সেই জন্য এ পর্য্যন্ত উপরোক্তমতে অধিকৃত এবং গবর্ণমেন্টের নিজের ব্যবহারার্থ গবর্ণমেন্টের জমীতে বা গবর্ণমেন্টের নিকট হইতে ভাড়া করিয়া লওয়া জমীতে নির্ম্মিত বাড়ী বা গবর্ণমেন্টকে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া বাড়ী ইষ্টেশনের কমাণ্ডিং কর্ম্মচারীর মঞ্জুরি ক্রমে ভিন্ন দোকানে পরিণত করা হইবে না বা অন্য রকমে বাসের অযোগ্য করা হইবে না। কিন্তু যে সকল বাড়ী দোকানের স্বরূপ অধিকৃত হয় তাহা অধিকারীগণ ইচ্ছা না করিলে কিম্বা মহিমবর শ্রীযুত প্রধান সেনাপতি মহাশয় নিতান্ত আবশ্যক বিবেচনা না করিলে, বাস করিবার বাড়ী বলিয়া রেজিষ্টরী করা যাইতে পারিবে না।

কোন কোন ইষ্টেশনে এই সকল বিধি না খাটিবার কথা।

১৯৮২। সেকেন্দ্রাবাদের ন্যায় ইষ্টেশন, যথায় জমি ভিন্ন রাজ্যের কিন্তু নিজামের গবর্ণমেন্টের কর্ত্তৃক সামরিক প্রয়োজনে শ্রীশ্রীমতীর গবর্ণমেন্টকে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে, বাড়ীর ভাড়া এবং কান্টনমেন্টে কর্ম্মচারী বিলি করা সম্বন্ধে উপরের বিধিগুলি সমান কার্য্যকর হইবে। বাঙ্গালোরকে এই সকল বিধির কার্য্য হইতে বিশেষ করিয়া বাদ দেওয়া গেল। কম্পাটী ও কটক কান্টনমেন্ট বিষয়ক বঙ্গীয় বিধির অধীন।

আপীলের কথা।

১৯৮৩। সচরাচর উপস্থিত হয় এমন সকল স্থলে ইষ্টেশনের কমাণ্ডিং কর্ম্মচারীর নিষ্পত্তির চূড়ান্ত হইবে বলিয়া বিবেচনা করা যাইবে। কিন্তু ডিবিজানে বা ডিষ্ট্রিক্টের অধ্যক্ষতাকারী কর্ম্মচারী আপীল শুনিতে ও নিষ্পত্তি করিতে পারিবেন। এবং আবশ্যক হইলে প্রধান সেনাপতির হুকুমের নিমিত্ত আপীল অর্পণ করা যাইতে পারিবে। কিন্তু সিবিল সার্ব্বিসের লোকেরা যে সকল আপীল অর্পণ করেন তাহা গবর্ণমেন্ট কর্ত্তৃক চূড়ান্ত রূপে মীমাংসিত হইবার জন্য মহিমবর শ্রীযুত প্রধান সেনাপতি মহাশয়ের মন্তব্য সহ প্রেরিত হইবে।

* • • *

বাড়ীতে নম্বর দিবার কথা।

১৯৮৬। ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারিদিগের কান্টনমেন্টস্থিত বাড়ী ও কম্পৌণ্ডে নম্বর দিবার আদেশ করিবার ক্ষমতা থাকিবে। এবং যে সকল বিল্‌ডিঙ সরকারী প্রয়োজনার্থ প্রকৃতপক্ষে ব্যবহার করা হয় অথবা যে সকল বিল্‌ডিঙ গবর্ণমেন্টের সম্পত্তি তৎসম্বন্ধে ছাড়া নম্বর দিবার খরচ অধিকারীকে কিম্বা কান্টনমেন্টের ফণ্ড হইতে দিতে হইবে। অধিবাসিদিগকে বাড়ী, কম্পৌণ্ডের প্রাচীর বা ফটকের উপর আপন আপন নাম ও আখ্যা লিখিবার জন্যও আদেশ করা যাইতে পারিবে।

কান্টনমেন্টের মধ্যে খাতের কথা।

১৯৮৭। বিল্‌ডিঙের মালমসলা প্রস্তুত করিবার জন্য অনুমতিক্রমে যে সকল খাত করা যায় এবং প্রয়োজন ফুরাইলে সংশ্লিষ্ট ব্যক্তির খরচে যাহা পুনরায় ভরাট করিতে হয় তাহা ছাড়া চৌহদ্দির মধ্যস্থিত কোন জমিতে অন্য কোন খাত করিতে সামরিক কান্টনমেন্টের অধিকারীদিগকে নিষেধ করা গেল।

† † † †

কান্টনমেন্ট সম্বন্ধীয় কার্য্য যে সকল কর্ম্মচারী কর্ত্তৃক সম্পাদিত হইবে তাহার কথা।

১১৯৩। কান্টনমেন্টের জমি ও চৌহদ্দি সম্বন্ধীয় সমস্ত বিষয় কোয়ার্টার মাষ্টার জেনেরলের বিভাগের ইষ্টেশনস্থ কর্ম্মচারীর কর্ত্তৃক, এবং তিনি অনুপস্থিত থাকিলে, কান্টনমেন্টের মাজিষ্ট্রেট বা ইষ্টেশনের কর্ম্মচারী কর্ত্তৃক, আবশ্যক হইলে, এক্‌জিকিটিব ইঞ্জিনিয়রের সাহায্যে, কমাণ্ডিং কর্ম্মচারীর আজ্ঞাধীনে সম্পাদিত হইবে। যে সকল কথা সম্বন্ধে উচ্চতর কর্ত্তৃপক্ষের নিষ্পত্তি আবশ্যক হয় তাহার কোয়ার্টার মাষ্টার জেনেরলের মারফত হেড কোয়ার্টরে অর্পণ করিতে হইবে।

২।—জমির গ্রান্ট।

(বঙ্গদেশ ও বোম্বাই)

জমি দখল করিতে প্রধান সেনাপতির মঞ্জুরি আবশ্যক হইবার কথা।

১৯৯৪। প্রধান সেনাপতির মঞ্জুরি ব্যতীত কোন স্থলেই কান্টনমেন্টের জমি ঘেরিয়া লওয়া হইবে না বা দখল করা যাইবে না। এবং এই রূপে মঞ্জুরি আফিসাল প্রণালীতে না পাওয়া পর্য্যন্ত যে কোন কারণে হউক না কেন কোন ব্যক্তিকে কোন জায়গা দখল

করিতে দিতে কমাণ্ডিং কর্ম্মচারীদিগকে বিশেষরূপ নিষেধ করা গেল। এবং সেইরূপ অনুমতি ব্যতীত কম্পৌণ্ডের চৌহদ্দি পরিবর্ত্তন করা যাইবে না, পুরাতন রাস্তা বন্দ করিয়া দেওয়া যাইবে না বা নূতন রাস্তা খোলা হইবে না। বিল্‌ডিঙ নির্ম্মাণ করিবার জন্য সামরিক কাণ্টনমেণ্টের কর্ম্মচারীদিগকে যে জায়গা দেওয়া হয় তাহা যত বড় না হইলে একবারেই চলে না তদপেক্ষা বড় হইবে না এবং পবলিকওয়ার্কস কোডে যে আয়তন নির্দ্দিষ্ট তাহা যত দুর সম্ভব সেই আয়তনে হইবে।

জমির দরখাস্ত দিবার কথা।

১৯৯৫। ঘেরিয়া লইবার জন্য, বিলডিঙ নির্ম্মাণ করিবার জন্য, কিম্বা বেসরকারী প্রয়োজনে কান রকমে নিয়োজিত করিবার জন্য অনধিকৃত জমির নিমিত্ত যে সকল দরখাস্ত করা যায় তাহা ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর নিকট চালাইয়া দিবার জন্য কোয়ার্টর মাষ্টর জেনরলের বিভাগের ইষ্টেশনস্থিত কর্ম্মচারীর মারফত, অথবা তিনি অনুপস্থিত থাকিলে, কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট বা ইষ্টেশনের ইষ্টাফ কর্ম্মচারী যেখানে যিনি থাকেন সেখানে তাঁহার মারফৎ, পাঠাইয়া দিতে হইবে।

কমাণ্ডিং কর্ম্মচারীর সার্টিফিকেটের কথা।

১৯৯৬। সৈনিকদিগের স্বাস্থ্য ও স্বাচ্ছন্দ্য সর্ব্বাপেক্ষা গুরুতর বিষয় এবং অপর সকল বিষয় উহার কাছে সুদূরপরাহত থাকিবে। এবং কোন রকমে সৈনিকদিগের স্বাস্থ্যের কি স্বাচ্ছন্দ্যের অথবা কাণ্টনমেণ্টের দৃশ্যের হানিজনক হয় এমন করিয়া কোন জমি যাহাতে অধিকৃত না হয় তজ্জন্য কমাণ্ডিং কর্ম্মচারীকে দায়ী গণ্য করা হইবে। গ্রাণ্টের নিমিত্ত দরখাস্ত কোয়ার্টরমাষ্টার জেনরলের নিকট পাঠাইবার সময় তাঁহাকে এই রূপ সার্টিফিকেট দিতে হইবে যে এই সকল বিষয় বা অপর কোন বিষয় সম্বন্ধে উহার বিরুদ্ধে কোন আপত্তি হইতে পারে না।

দরখাস্তের পাঠ এবং একজিকিউটিব ইঞ্জিনিয়রের সার্টিফিকেটের কথা।

১৯৯৭। এরূপ সমস্ত দরখাস্ত বঙ্গীয় ৮নং এবং বোম্বাইয়ের ২১২নং পাঠে করিতে হইবে এবং যে জায়গার জন্য দরখাস্ত করা হয় কাণ্টনমেণ্টের যে অংশ তাহার নিকটে থাকে সেই অংশ সুদ্ধ সেই জায়গার এমন একখানি খসড়া নকসা এইরূপ দরখাস্তের সঙ্গে দিতে হইবে যাহাতে ঐ জায়গার চৌহদ্দি স্বরূপ যে সকল রাস্তা, সরকারী বিল্‌ডিঙ, বা বেসরকারী ইষ্টেট থাকে তাহা এবং কাণ্টনমেণ্টের ভিতর দিয়া যে রেলের রাস্তা করিবার প্রস্তাব করা হয় বা প্রকৃত পক্ষে চলে তাহাও প্রদর্শিত হয়, এবং যে জমির নিমিত্ত দরখাস্ত করা হয় রেলের রাস্তা ঠীক তাহার পার্শ দিয়া না যাওয়ার স্থলে, উহা কোন দিকে ও কত দূরে থাকে তাহা দেখাইতে হইবে। এই নকসাটী কোয়ার্টর মাটর জেনরলের বিভাগের ইষ্টেশনস্থিত কোন কর্ম্মচারী কর্ত্তৃক অথবা সেরূপ কোন কর্ম্মচারী উপস্থিত না থাকিলে, ডি. জনের একজিকেউটিব ইঞ্জিনিয়র কর্ত্তৃক এই মর্ম্মে প্রমাণীকৃত হইবে যে দরখাস্ত সম্বন্ধে ডিপার্টমেণ্টের কোন আপত্তি আছে বলিয়া জানা নাই এবং যদি গ্রাণ্টটী করা যায় তাহা হইলে তদ্দারা যে কোন বিল্‌ডিং আছে বা প্রয়োজন হ. হওয়া সম্ভব বোধ হয় না।

জমির গ্রাণ্ট রেজেষ্টরী করিবার কথা।

১৯৯৮। যে স্থলে কাণ্টনমে. সে স্থলে ও. অন্যান্য স্থলে ইষ্টে. কর্ম্মচারী দ্বারা সমস্ত রেজেষ্টরী করা হইবে (পবলিক ওয়ার্কস কোডের ২০: পৃষ্ঠা, ১৬২ পদ)। এবং কোয়ার্টর মাষ্টর জেনরলের আপিসে কাণ্টনমেণ্টের যে নকসা থাকে তাহাতে সমস্ত গ্রাণ্টের কথা তৎক্ষণাৎ লিখিয়া রাখিতে হইবে।

যে সকল নিয়ম জমি দেওয়া হয় তাহার কথা।

১৯৯৯। নিম্নলিখিত নিয়মে ভিন্ন কোন জমি দেওয়া যাইবে না এবং প্রত্যেক জমি গৃহীতাকে এবং তাঁহার গ্রাণ্ট পরে যাহাদিগকে হস্তান্তরিত করা হইতে পারে তাঁহাদিগকে নিয়মগুলি স্বীকার করা স্বরূপ স্বাক্ষর করিতে হইবে। নিয়মগুলি এই:—

(ক) এক মাসের নুটিস দিয়া এবং যে সকল বিল্‌ডিঙ নির্ম্মাণ করিবার অনুমতি দেওয়া হইয়া থাকে তাহার মূল্য দিয়া গবর্ণমেণ্ট যে কোন সময়ে ফিরাইয়া লইবার ক্ষমতা রাখিবেন।

(খ) জমিটী প্রত্যেক স্থলে গবর্ণমেণ্টের সম্পত্তি হওয়া বশতঃ জমিগৃহীতা উহা বিক্রয় করিতে পারিবেন না। কিন্তু তদুপরি যে বাড়ী বা অপর সম্পত্তি থাকে একজন সামরিক বা চিকিৎসা সম্বন্ধীয় কর্ম্মচারী বা চাপলেন তাহা আর একজন সামরিক বা চিকিৎসা সম্বন্ধীয় কর্ম্মচারীকে বা চাপলেনকে হস্তান্তর করিতে পারিবেন। কিন্তু এরূপ করিতে হইলে দুইজনকে, একত্র হইয়া ইষ্টাফ কর্ম্মচারীর নিকট একখানি রিপোর্ট করিতে হইবে। ইষ্টাফ কর্ম্মচারী সেই রিপোর্ট পাওয়া রেজেষ্টরী বহিতে আবশ্যকীয় দফাটী লিখিবেন। কিন্তু বদলি হওয়া বশতঃ অন্য ব্যক্তি কার্য্যভার লওয়ার স্থলে, আবশ্যক হইলে, বিক্রয় বা হস্তান্তর করণের শর্ত্ত একটী সালীশি কমিটীদ্বারা অবধারিত হইবে।

(গ) জমির উপর যদি বিল্‌ডিঙ নির্ম্মাণ করা হইয়া থাকে তাহা হইলে অগ্রে ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর স্বাক্ষরযুক্ত সম্মতি না লইয়া সৈন্য সংক্রান্ত নয় এমন কোন ব্যক্তিকে বিল্‌ডিঙ বিলি করিয়া দেওয়া যাইবে না।

(ঘ) যেস্থলে কমাণ্ডিং কর্ম্মচারীর সম্মতি সহ কোন দেশীয় লোককে দখল হস্তান্তর করিবার প্রস্তাব করা যায় সে স্থলে সপ্তম পরিচ্ছেদের ৭২৪ পদে নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে। এই বিধিটী কেবল গবর্ণমেণ্টের চাকুরিতে নিযুক্ত কর্ম্মচারী এবং অপর ব্যক্তির প্রতি খাটে। কিন্তু কাণ্টনমেণ্টস্থিত কোন বাড়ীর বিক্রয় বা হস্তান্তর প্রথমে স্থানীয় সামরিক কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক মঞ্জুর হওয়া চাই।

* ১৮৭৮ সালের সংস্করণ।

(ঙ) জমি যদি বার মাসের মধ্যে নির্দ্দিষ্ট প্রয়োজনার্থ ব্যবহার করিতে আরম্ভ করা না হয় তাহা হইলে কমাণ্ডিং কর্ম্মচারীর গ্রাণ্ট রদ করিবার ক্ষমতা থাকিবে।

(মান্দ্রাজ)

২০০০। কাণ্টনমেণ্ট বা কেল্লার সীমার মধ্যস্থিত জমির গ্রাণ্টের নিমিত্ত দরখাস্ত প্রথমতঃ নিম্নলিখিত পাঠে ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর নিকট করিতে হইবে। জমিতে কর্ম্মচারীদিগের নিমিত্ত বাসগৃহ বা অধিবাসীদিগের সুবিধার নিমিত্ত দোকান করা ছাড়া অন্য কোন অভিপ্রায়ে জমির গ্রাণ্ট দেওয়া যাইবে না। এবং এই অভিপ্রায় মত যাহাতে কার্য্য করা হয় সেই চেষ্টা করা ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর কর্ত্তব্য হইবে।

জমির গ্রাণ্টের কথা।

ষ্টেশনের

অধ্যক্ষতাকারী কর্ম্মচারী সমীপেষু।

মহাশয়!

এই পত্রে যে জমি বর্ণিত হইল তজ্জন্য আমার একখানি গবর্ণমেণ্টের গ্রাণ্ট পাইতে হইলে যে সকল উপায় অবলম্বন করা আবশ্যক আমার অনুরোধ যে মহাশয় তাহা অনুগ্রহ করিয়া অবলম্বন করিবেন।

জমির কিরূপ অবস্থিতি।	কোন সময় হইতে ছেড়িয়া লওয়া হইয়াছে।	কি সত্তে জমি রাখা হয় এবং উহা গবর্ণমেণ্টের কি ব্যক্তিবিশেষের সম্পত্তি।	জমির পরিমাণ। বর্গগজ।	কি রকমের মাটি।	জমির কি প্রকার ব্যবহার করা হইয়াছে এবং উহা পতিত কিম্বা জঙ্গলে আবৃত কিনা।	চৌহদ্দি। উত্তরে।	দক্ষিণে।	পূর্ব্বে।	পশ্চিমে।

[জমির দরুণ কোন কাওয়ায়েদ বা সামরিক কার্য্যের ব্যাঘাত হয় না ইষ্টেশনের কমাণ্ডিং কর্ম্মচারী এই মর্ম্মে যে সার্টিফিকেট দেন এই স্থলে তাহা লিখিতে হইবে]।

মহাশয়ের অনুগত ভৃত্য।

২০০১। দরখাস্তকারীর জমি দখল করা সম্বন্ধে সামরিক হিসাবে কোন আপত্তি নাই এবং জমি কোন সরকারী এবং জমি কোন সরকারী রাস্তার উপর চাপিয়া পড়ে নাই কিম্বা কোন কাওয়ায়েদ বা সামরিক কার্য্যের ব্যাঘাত করে না ইষ্টেশনের অধ্যক্ষতাকারী কর্ম্মচারী ইহা আপন সন্তোষজনকরূপে বুঝিয়া জিলার কালেক্টরের নিকট এই কথা জানিবেন যে জমিটী যদি গবর্ণমেণ্টের সম্পত্তি হয় তবে তাঁহার হিসাবে উহা কি ভাবে লিখিত আছে এবং এপর্য্যন্ত উহার কত খাজানা ধার্য্য করা হইয়াছে। তাহার পর তিনি কালেক্টরের প্রত্যুত্তর খানি এবং জমির চৌহদ্দি ও উহার নিকটবর্ত্তী স্থানের একখানি খসড়া নক্সা এবং সেই সঙ্গে তাঁহার নিকট পূর্ব্ব প্রদত্ত দরখাস্তখানি ডিবিজান, ডিষ্ট্রিক্ট বা সৈন্যদলের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর মারফত কোয়ার্টার মাষ্টার জেনরলের নিকট অর্পণ করিবেন। কোয়ার্টার মাষ্টার জেনরল তাহা প্রধান সেনাপতির বিবেচনার্থ অর্পণ করিবেন। ইহা যদি মঞ্জুর করা হয় তাহা হইলে কোয়ার্টার মাষ্টার জেনরল নিম্নলিখিত শর্ত্তগুলি সন্নিবেশ করিয়া একখানি পাট্টা প্রস্তুত করিবেন:—

পাট্টার কথা।

(১) গবর্ণমেণ্টের ইচ্ছানুসারে পাট্টা পঞ্চাশ বৎসরের নিমিত্ত রাখা যাইবে এবং দশ বৎসর অন্তর নবীকৃত হইতে পারিবে।

(২) কালেক্টরের মূল্যাবধারণ অনুসারে বাৎসরিক জমির খাজনা দিতে হইবে। কোন প্রজা উচ্চ হারে খাজানা দিয়া প্রেমিস ও সংলগ্ন জমি প্রভৃতি দখল করিতে হইলে উহা উত্তম ও কায়েমি রকমে মেরামত করিয়া রাখিবার জন্য উহা যত ভাল করিয়া ও প্রচুর পরিমাণে মেরামত, রক্ষা ও সংস্কার করা আবশ্যক তাহা করিতে হইবে। প্রেমিসের যে সকল নর্দ্দামা ও জলপ্রণালী থাকে তাহার ময়লা তুলিয়া পরিষ্কার করিতে হইবে এবং তাহা বাধামুক্ত অবস্থায় রাখিতে হইবে। প্রেমিস হইতে ডেকাঁটাশিরে ও মুসব্বর এবং ম্যালেরিয়ার সমস্ত কারণ অপসারিত করিতে হইবে এবং প্রেমিস তাহা হইতে মুক্ত রাখিতে হইবে। প্রেমিসের সম্মুখে বা প্রেমিসে যাইবার যে সরকারী রাস্তা থাকে বেড়া তাহার লেবেল হইতে চারি ফুটের বেশী উচ্চ হইবে না। এখন যে সকল আছে এবং ভবিষ্যতে যে সকল বৃক্ষ জন্মিবে তাহার যে সকল ডাল মাটি হইতে ছয় ফুটের কম উচ্চ হইবে তাহা কাটিয়া ফেলিতে হইবে *।

(৩) উপরোক্ত প্রণালীতে প্রেমিস রাখা হইলেও আবশ্যক হইলে, যে কোন সময়ে গবর্ণমেণ্টকে দিতে হইবে।

(৪) প্রেমিসের নক্সা লইবার জন্য এবং উহার অবস্থা পরীক্ষা করিবার জন্য গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষগণ সকল সময়ে উহাতে প্রবেশ করিতে পারিবেন।

(৫) যে সমস্ত কার্য্য করা আবশ্যক দেখা যায় অথবা আবশ্যক কার্য্যের যে অংশগুলি সম্পন্ন করা প্রয়োজন হয় তৎসম্বন্ধে একখানি লিখিত নুটিস প্রেমিসে দিতে হইবে এবং পঞ্জিকানুযায়িক তিন মাস কালের মধ্যে পাট্টাদার তাহা সম্পন্ন করিবেন।

(৬) গবর্ণমেণ্টের কিম্বা গবর্ণমেণ্টের প্রজাদের বিরক্তিকর অনিষ্টজনক, বা ক্ষতিজনক বা অশান্তিকর হয় প্রেমিসে বা তদুপরি এমন কোন কার্য্য বা জিনিস করা হইবে না বা ইচ্ছা করিয়া করান হইবে না বা করিতে দেওয়া হইবে না।

(৭) অপর কোন ব্যক্তিকে প্রেমিস অর্পণ করা হইলে, কাণ্টনমেণ্টের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীকে পঞ্জিকানুযায়ীক তিন মাস কালের মধ্যে সম্পূর্ণ বিবরণ সহ অর্পণ সম্বন্ধে লিখিত নুটিস দিতে হইবে।

---

* রেঙ্গুন, টঙ্গু ও থায়েটমায়োতে মোকররি খাজানা চার্জ করা হয় না. কিন্তু মুলমীনে সিবিল কর্ত্তৃপক্ষেরা এই বাৎসরিক পেমেণ্টটী হয় মোকররি খাজানা নয় বাড়ীর টেক্সরূপে আদায় করিয়া থাকেন।

(৮) স্থানীয় ইঞ্জিনিয়রের সার্টিফিকেট মতে বিলডিঙের যাহা প্রকৃত মূল্য হয় তাহার বৎসরে শতকরা পনর টাকার হিসাবে যত টাকা হয় মাসিক ভাড়া তাহার বার অংশের এক অংশের বেশী হইবে না।

(৯) উক্ত টাকা এবং এক শত টাকার মধ্যে যে টাকাটী কম হয় কর্ম্মচারীদিগের সম্বন্ধে মাসিক ভাড়া কোন স্থলেই সেই টাকার বেশী হইবে না। ইহার অর্থ এই যে বিলডিঙের প্রকৃত মূল্য এক শত টাকার বেশী হইলেও প্রতি মাসে এক শত টাকার অধিক ভাড়া দাওয়া করা যাইতে পারিবে না।

(১০) যদি কোন সময়ে প্রজা বিবেচনা করেন যে ভাড়া পূর্ব্ববর্ত্তী দফার লিখিত টাকার বেশী হইয়াছে এবং ইঞ্জিনিয়র যদি সেই মর্ম্মে সার্টিফিকেট দেন, তাহা হইলে, প্রজা যদি সামরিক কর্ম্মচারী হন তবে ইঞ্জিনিয়র যত টাকা ধার্য্য করিয়া দেন পাট্টাদার ভাড়া কমাইয়া তত টাকা করিবেন।

মন্তব্য। এতদ্দ্বারা হাউস বোর্ড না বসাইবার ব্যবস্থা করা অভিপ্রেত নয়।

(১১) যদি কখন ভাড়া দিবার বা বিক্রয় করিবার ইচ্ছা করা যায়, তাহা হইলে কাণ্টনমেণ্টের সামরিক কর্ম্মচারীগণ থাকিতে অন্য কোন ব্যক্তিকে ভাড়া দেওয়া বা বিক্রয় করা যাইবে না।

(১২) কাণ্টনমেণ্টের কোন কর্ম্মচারীর বাসের জন্য বাড়ী আবশ্যক হইলে অধিকারিকে লিখিত নুটিস দিতে হইবে এবং সেই কর্ম্মচারী দখল করিবেন বলিয়া ত্রিশদিনের পর বাড়ী ছাড়িয়া দিতে হইবে।

(১৩) যদি কোন সময়ে গবর্ণমেণ্টের জমিটীর প্রয়োজন হয় তাহা হইলে বিলডিঙের যে মূল্য ন্যায্য মূল্য বলিয়া ইঞ্জিনিয়র ধার্য্য করেন তাহা দেওয়া গেলে জমিটী ফিরাইয়া দেওয়া হইবে। সেই মূল্য লইতে অস্বীকার করিলে, গবর্ণমেণ্ট মূল্য ধার্য্য করিবেন এবং গবর্ণমেণ্টের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

(১৪) পাট্টাদার গবর্ণমেণ্টের বর্ত্তমান ও ভবিষ্যৎ হুকুম ও ব্যবস্থা অনুসারে কার্য্য করিবেন ও তাহা মানিয়া চলিবেন।

(১৫) যদি গবর্ণমেণ্টের প্রাপ্য বার্ষিক ভাড়া নির্দ্দিষ্ট দিবসের পর ত্রিশ দিনের মধ্যে দেওয়া না হয় কিম্বা পাট্টাদার যদি দেউলিয়া বা যোগ্যহীন হইয়া পড়েন এবং পাট্টাদারের বিরুদ্ধে যদি এমন কোন ডিক্রীর পরওয়ানা বাহির হইয়া থাকে যে জন্য পাট্টা ক্রোক করা যাইবে, কিম্বা যদি পাট্টার লিখিত কোন নিয়ম ভঙ্গ করা হয় বা পালন করা না হয় তাহা হইলে প্রেমিসের মূল্য দিয়া পুনরায় উহার দখল লাভ করা গবর্ণমেণ্টের পক্ষে আইন সঙ্গত কার্য্য হইবে।

(১৬) যদি বারমাস কালের মধ্যে জমির উপর বিলডিঙ নির্ম্মাণ করা না হয় কিম্বা নির্দ্দিষ্ট প্রয়োজনে জমি ব্যবহার করিতে আরম্ভ করা না হয় তাহা হইলে মহিমবর শ্রীযুত প্রধান সেনাপতি মহাশয়ের হুকুমানুসারে পাট্টা রহিত করা যাইতে পারিবে।

২০০২। অতঃপর কোন ব্যক্তিকে কোন কেল্লা বা কাণ্টনমেণ্টের সরহদ্দের মধ্যস্থিত কোন জমি পাওয়ার নিমিত্ত চিরকালের গ্রাণ্ট দেওয়া যাইবে না। জমির জন্য যদি কোন দরখাস্ত করা হয় এবং যদি এরূপ জানিতে পারা যায় যে ঐ জমি দিলে যে কোন রকমে হউক সাধারণের সুবিধার ব্যাঘাত হইবে তাহা হইলে তদ্রূপ জানিতে পারাই সেই দরখাস্ত অগ্রাহ্য করিবার পক্ষে যথেষ্ট কারণ হইবে। গবর্ণমেণ্টের সম্পত্তি নয় কেল্লা বা কাণ্টনমেণ্টের মধ্যস্থিত এমন কোন জমির জন্য দরখাস্ত করিতে হইলে কালেক্টর ও রিবিনিউ বোর্ডের মারফত গবর্ণমেণ্টের নিকট দরখাস্ত করিতে হইবে। এবং সেই উপলক্ষে কমাণ্ডিং কর্ম্মচারীর নিকট হইতে এই মর্ম্মের এক খানি সার্টিফিকেট উপস্থিত করিতে হইবে যে জমিটী যে প্রকারে দখল করিবার প্রস্তাব করা যায় তৎসম্বন্ধে সামরিক হিসাবে কোন আপত্তি নাই।

গ্রাণ্ট চিরকালের নিমিত্ত না হইবার কথা।

২০০৩। উপরোক্ত বিধানানুসারে গবর্ণমেণ্ট জমির যে সকল গ্রাণ্ট দেন তাহা গবর্ণমেণ্টের গ্রাণ্টের রেজিষ্ট্রারের আপিসে লিখিয়া রাখা হইবে। গ্রাণ্টগুলি তাঁহার আপিসে লিখিয়া রাখা হইয়াছে এই কথা স্বীকার করার চিহ্নস্বরূপ রেজিষ্ট্রার গ্রাণ্টগুলিতে আপন নাম আড়ে সহি করিয়া গ্রাণ্টগুলি অবিলম্বে ফিরাইয়া দিবেন। এই কার্য্য করিবার জন্য কোন চার্জ্জ করা যাইবে না। সৈন্যের যে সকল কর্ম্মচারীর জমি আবশ্যক তাঁহাদিগকে নিম্নলিখিত অনুপাতে জমি দেওয়া যাইবে।

যে অনুপাতে জমি দেওয়া যাইবে তাহার কথা।

ফিল্ড কর্ম্মচারী	...	২২,৫০০ বর্গগজ।
কাপ্তেন ...	...	১২,০০০ ঐ
সবলতারণ ...	...	৭,০০০ ঐ

উপরোক্ত ইস্কেলটীকে সাধারণ ইস্কেল বলিয়া বিবেচনা করিতে হইবে সত্য। কিন্তু কখন কখন এরূপ ঘটিতে পারে যে জমির অসমতা প্রযুক্ত বা অপর স্থানীয় কারণে ইস্কেলটী বাড়াইবার পক্ষে আপত্তি না থাকিতে পারে।

২০০৪। যে জমির নিমিত্ত গ্রাণ্ট দেওয়া হইয়াছে যে সকল কর্ম্মচারী সেই জমির উপর নির্ম্মিত বাড়ী দখল করিয়া থাকেন তাঁহারা যদি বিবেচনা করেন যে তাঁহাদের উপর অতিরিক্ত ভাড়া চার্জ করা হইয়াছে তাহা হইলে হাউস বোর্ডের নিমিত্ত ডিবিজানের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিবার পক্ষে তাঁহাদের কোন বাধা থাকিবে না। হাউস বোর্ডেরও যদি সেই মত হয় তাহা হইলে গ্রাণ্টের সর্ত্তানুসারে বাড়ী বা বিলডিঙের মূল্যের একটী ইষ্টিমেট প্রস্তুত করিবার নিমিত্ত ডিবিজানের ইঞ্জিনিয়রকে আদেশ করা যাইবে। ইষ্টিমেট করিবার সময় ইঞ্জিনিয়র তাঁহার ডিপার্টমেণ্টের বিধি দ্বারা পরিচালিত হইবেন এবং প্রত্যেক বিলডিঙে যে সকল

হাউস বোর্ডের কথা।

মাল্‌মসলা * থাকে তাহার কত মূল্য হইতে পারে তাহা এবং মেরামত সম্বন্ধে উহা কি রূপ অবস্থায় আছে তাহা এবং উহাতে দখিলকারের যেরূপ সমাবেশ হয় তাহা এবং তৎসক্রান্ত সকল রকম সুবিধার কথা বিবেচনা করিয়া দেখিবেন। যে ভাড়া চার্জ করা হইয়াছে তাহা যদি বিল্‌ডিঙের প্রকৃত মূলের শত করা পনর টাকার অধিক হইয়াছে দেখা যায়, তাহা হইলে ভাড়া কমাইয়া ঐ মানে ধার্য্য করা যাইবে। ইহা বুঝিতে হইবে যে বাড়ীর অধিকারী যে সকল বার্ষিক ও আবশ্যকীয় মেরামতাদি করিয়া দিতে বাধ্য তাহার খরচ এই শতকরার অন্তর্গত। বোর্ডের কার্য্য এবং ইঞ্জিনিয়রের ইষ্টিমেট উপরের নির্দ্দিষ্ট পথ দিয়া কোয়ার্টার মাষ্টার জেনেরলের নিকট পাঠান হইবে, এবং আবশ্যক হইলে, অবশেষে গবর্ণমেণ্টের নিকট পাঠান হইবে।

মেরামতাদির কথা।

২০০৫। বাড়ীর অধিকারী যদি তাঁহার পাট্টার সর্ত্তানুসারে তাঁহার ভাড়া কমাইতে অস্বীকার করেন তাহা হইলে তাঁহার পাট্টা রদ করা যাইতে পারিবে। যদি তিনি আবশ্যকীয় মেরামত করিয়া দিতে অস্বীকার করেন তাহা হইলে কি রূপ মেরামত যথার্থ আবশ্যক এবং তাহাতে কত খত খরচ হইবে এই বিষয়ে একটী নিষ্পত্তি করিবার জন্য একটী হাউস বোর্ড বসান যাইবে। হাউস বোর্ডের নিষ্পত্তি অনুসারে বাড়ীটী মেরামত করা যাইবে এবং প্রকৃত খরচ ভাড়া হইতে বাদ দেওয়া যাইবে।

* অর্থাৎ যে সময়ে ঐ বিল্‌ডিঙ নির্ম্মাণ করা হইয়াছিল সেই সময়ের মালমসলা ও মজুরির মূল্য।

অধিকারিগণের কার্য্য করিতে অস্বীকার করি, বার স্থলের কথা।

২০০৬। যে জমির নিমিত্ত গ্রাণ্ট দেওয়া হয় নাই সেই জমির উপর যে সকল ব্যক্তি বিল্‌ডিঙ দখল করেন তাঁহাদের সম্বন্ধে উপরোক্ত সর্ত্ত সকল সমান ভাবে পালনীয় হইবে। কিন্তু তাঁহারা যদি তদনুসারে কার্য্য করিতে অস্বীকার করেন তাহা হইলে জমি হইতে বিল্‌ডিঙ অপসারিত করিবার হুকুম প্রাপ্তির তারিখ হইতে ছয় মাসের মধ্যে তাঁহারা জমি হইতে বিল্‌ডিঙ অপসারিত করিতে বাধ্য হইবেন।

মঞ্জুরি ব্যতীত কোন বিল্‌ডিঙ নির্ম্মিত হইতে না পারিবার কথা।

২০০৭। প্রধান সেনাপতি মহাশয়ের মঞ্জুরি ব্যতীত কাণ্টনমেণ্টের মধ্যে কোন রকমের বিল্‌ডিঙ নির্ম্মাণ করা যাইতে পারিবে না। সেই মঞ্জুরির নিমিত্ত ষ্টেশনের ও ডিবিজানের কর্ত্তৃপক্ষদিগের মারফত কোয়ার্টার মাষ্টার জেনরলের নিকট দরখাস্ত করিতে হইবে। ইহা সরকারী ডিপার্টমেণ্টের বিল্‌ডিঙ সম্বন্ধে খাটে এবং অপর সকল বিল্‌ডিঙ সম্বন্ধেও খাটে। যে বিল্‌ডিঙ নির্ম্মাণ করিবার প্রস্তাব করা যায় তাহার একটী বিবরণ এবং তাহা কতবড় হইবে এবং কি প্রয়োজনে উহ আবশ্যক হয় তাহা স্পষ্ট করিয়া দরখাস্তে লিখিতে হইবে এবং প্রস্তাবিত জায়গার নিকটেই যে সকল বিল্‌ডিঙ ও রাস্তা প্রভৃতি থাকে তাহা প্রদর্শন করিয়া প্রস্তাবিত জায়গার একখানি নকসা প্রস্তুত করিয়া ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবে।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

সামরিক কর্ম্মচারীরা তাঁহাদের লাইনের কিম্বা অপর কর্ম্মস্থানের নিকটে কিম্বা কাণ্টনমেণ্টের সীমার মধ্যেও বাড়ী পাইতে অত্যন্ত কষ্ট পাইয়া থাকেন এবং সেই কষ্ট বাড়িতেছে। সেই কষ্ট নিবারণ বা অতিক্রম করা এই পাণ্ডুলিপি খানির মুখ্য উদ্দেশ্য। পাণ্ডুলিপির পঞ্চম অধ্যায়ে এই বিষয় সম্বন্ধে ব্যবস্থা করা গিয়াছে। ঐ অধ্যায়ে সাধারণতঃ এইরূপ বিধান করা হইয়াছে বটে যে কাণ্টনমেণ্টস্থিত বাড়ী দখল করা সম্বন্ধে সামরিক কর্ম্মচারীদিগের দাওয়া অগ্রগণ্য হইবে। কিন্তু উহাতে এই রূপ বিশেষ বিধান করা হইয়াছে যে যে সকল বাড়ী ব্যাঙ্ক স্বরূপ দখল করা হয় কিম্বা হোটেল বা দোকান স্বরূপ তিনবৎসরকাল দখল করা হইয়াছে তৎসম্বন্ধে ঐ দাওয়া খাটিবে না এবং সামরিক কর্ম্মচারীরা যে সকল বাড়ী দাওয়া করেন তাহার ভাড়া সম্বন্ধীয় বিবাদ সালীশি কমিটী দ্বারা নিষ্পন্ন হইবে এবং বাড়ীর অধিকারীরা ইচ্ছা করিলে ঐ সকল কমিটিতে সিবিলিয়ান কর্ম্মচারীর সংখ্যা বেশী হইবে। কাণ্টনমেণ্টে বাস করা সম্বন্ধে সিবিল সর্ব্বিসের লোকেরা এবং অপর সিবিলিয়ানেরা ভারতবর্ষের কোন কোন অংশে যে সকল বিশেষ অধিকার ভোগ করিয়া থাকেন তাহা আর থাকিবে না। এবং কেবলমাত্র উপরের লিখিত বাড়ীগুলি এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের অধিকারে বা কর্ত্তৃত্বাধীনে যে সকল বাড়ী থাকে এবং সর্ব্বসাধারণের সুবিধার্থ পোষ্টমাষ্টার এবং টেলিগ্রাফের কর্ম্মচারীর ন্যায় যে সকল কর্ম্মচারী কাণ্টনমেণ্টে বাস করা আবশ্যক তাঁহাদের ব্যবহারার্থ যে সকল বাড়ী গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিয়োজিত হয় তাহা সামরিক কর্ম্মচারীদিগের অগ্রগণ্য দাওয়ার অধীন হইবে না।

কাণ্টনমেণ্টে যে সমস্ত জমিতে বাড়ী আছে সেই জমির প্রায় সমস্তই গবর্ণমেণ্ট কর্ত্তৃক বাড়ীর অধিকারীদিগকে কিম্বা তাঁহাদের স্বার্থ বিষয়ক পূর্ব্বাধিকারীদিগকে দেওয়া হইয়াছে। যে সকল বিধি এখন কাণ্টনমেণ্ট সম্বন্ধে খাটিয়াছে এবং যাহা এই পাণ্ডুলিপির দ্বিতীয় তফসীলের লিখিত বিধির সহিত এক কিম্বা তাহার অনুরূপ সেই সকল বিধি অনুসারে ঐ সমস্ত জমি গবর্ণমেণ্ট কর্ত্তৃক দেওয়া হইয়াছে। স্থানীয় গবর্ণমেণ্ট গুলি যে যে প্রদেশ শাসন করেন তন্মধ্যে যথাক্রমে কোন ব্যতিক্রম স্থল থাকিলে কি কি ব্যতিক্রম স্থল আছে পঞ্চম অধ্যায় এবং ৩৫ ধারার প্রয়োজনার্থ তাহা বলিবার জন্য ঐ গবর্ণমেণ্ট গুলিকে অনুরোধ করা হইয়াছে।

২। পাণ্ডুলিপি খানির অপরাপর অংশের মধ্যে কেবল নিম্নলিখিত অংশগুলি সম্বন্ধে মন্তব্য প্রকাশ করা আবশ্যক দেখা যায়:—

(১) ২ ধারা।—বৃটিস ভারতবর্ষে কাণ্টনমেণ্ট বিষয়ক যে সমস্ত আইন এখন প্রবল আছে তাহা এবং কাণ্টনমেণ্ট ও অপর সামরিক বিষয় সংক্রান্ত অনেকগুলি অপ্রচলিত আইন রদ করিবার প্রস্তাব করা গেল।

(২) ৩ ধারা।—যথাক্রমে পঞ্চম ও তৃতীয় অধ্যায়ের প্রয়োজনার্থ "কর্ম্মচারী" এবং "সৈনিক" শব্দের অর্থ করা গেল। এবং বর্ত্তমান আইন গুলিতে "উগ্র সরাব" কথার অর্থ করিতে যে গোল যোগ উপস্থিত হইয়াছে তাহা দূর করিবার উদ্দেশে ঐ কথার অর্থ করিয়া দেওয়া গেল।

(৩) ৪ হইতে ৭ ধারা পর্য্যন্ত।—এইরূপ প্রস্তাব করা যাইতেছে যে কোন কাণ্টনমেণ্ট যে জেলায় থাকে উহা তাহার একটী মহকুমা হয় এবং মহকুমার মাজিষ্ট্রেটকে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট বলা হয়। মাজিষ্ট্রেট রূপে কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটের যদি সাহায্য আবশ্যক হয় তাহা হইলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ১৪ ধারানুসারে একজন ইস্পেশিয়াল মাজিষ্ট্রেট নিযুক্ত করিয়া সাহায্য দেওয়া যাইতে পারিবে। ছোট আদালতের জজ রূপে যদি তাঁহার সাহয্য আবশ্যক হয় তাহা হইলে মফস্বলের ছোট আদালত বিষয়ক ১৮৮৭ সালের আইনের ৮ ধারানুসারে তাঁহাকে সাহায্য দেওয়া যাইতে পারিবে। বিধিভঙ্গ করা অপরাধের বিচার করিবার জন্য যে সকল কর্ম্মচারীকে এখন মাজিষ্ট্রেটস্বরূপ নয় কিন্তু ১৮৮০ সালের ৩ আইনের ১৮ ধারা, ১৮৬৬ সালের মান্দ্রাজের ১ আইনের ২০ ধারা কিম্বা ১৮৬৭ সালের বোম্বাইয়ের ৩ আইনের ১২ ধারানুযায়িক স্থানীয় গবর্ণমেণ্টের হুকুমানুসারে ক্ষমতা অর্পণ করা আছে তাঁহাদিগকে ইস্পেশিয়াল মাজিষ্ট্রেট নিযুক্ত করিতে হইবে এবং সমন দিয়া যে সকল মোকদ্দমার বিচার করা হয় তাহার বিচারের জন্য ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের বিংশ অধ্যায়ে যে অল্প কয়েকটী বিধি নির্দ্দিষ্ট হইয়াছে ঐ সকল কর্ম্মচারীরা ইস্পেশিয়াল মাজিষ্ট্রেটরূপে তাহা মানিয়া চলিবেন।

(৪) ৮ ধারা।—এই ধারাক্রমে কাণ্টনমেণ্টের পুলীসের কার্য্যভার জেলার মাজিষ্ট্রেটের সাধারণ কর্ত্তৃত্ব ও আদেশের অধীনে ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টের হাতে দেওয়া গেল। কাণ্টনমেণ্টের ভিতর জারী করণার্থ আদালত কর্ত্তৃক যে সকল পরওয়ানা দেওয়া হয় তাহা জারী করিবার ভার এখন অকারণে কাণ্টনমেণ্টের অধ্যক্ষতাকারী কর্ম্মচারীদিগের উপর ন্যস্ত আছে। সেই ভার হইতে ঐ সকল কর্ম্মচারীকে মুক্তি দিতে হইবে।

(৫) ১৭ হইতে ২১ ধারা পর্য্যন্ত।—কাণ্টনমেণ্টের ফণ্ড এবং কাণ্টনমেণ্টের কমিটীকে আইন গণ্য করিবার অভিপ্রায়ে এই ধারাগুলি রচিত হইয়াছে। এইরূপ আইন গণ্যতার অভাবে অনেক সময় অসুবিধা ঘটিয়াছে।

(৬) ২৮ ধারা।—এই ধারাক্রমে রেজেষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের প্রয়োজনার্থ প্রত্যেক কাণ্টনমেণ্টকে সব-ডিষ্ট্রিক্ট করা যাইবে এবং কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেটকে ঐ সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্ট্রার করা যাইবে এবং নিদর্শনপত্র রেজেষ্টরী করা সম্বন্ধে সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক ১৮৮২ সালের বিধান গুলি প্রত্যেক কাণ্টনমেণ্টে প্রতিপালন করিবার ব্যবস্থা করা গিয়াছে। কাণ্টনমেণ্টে স্থাবর সম্পত্তির রেজেষ্টারী বহী রাখিবার পক্ষে এখন যে গোলযোগ হইয়া থাকে তাহা কমাইবার অভিপ্রায়ে এই বিধান করা গেল।

(৭) ২৯ ধারা।—বিধি প্রণয়ন করিবার নিমিত্ত যে সকল ক্ষমতা গ্রহণ করিবার প্রস্তাব করা যাইতেছে তন্মধ্যে অনেক গুলি এক্ষণকার প্রচলিত আইনে প্রদত্ত হয় নাই।

১২ ই অক্টোবর ১৮৮৮ সাল।

জি, চেস্নি।
এস্, হার্বি, জেমস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

BILL No. XVII OF 1888.—The Cantonment Bill.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্য বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮৮ সালের ১৮ অক্টোবর তারিখে উপস্থিত করা হয়।

১৮৮৮ সালের ১৯ নম্বর।

বাণিজ্যদ্রব্যের প্রতারণাজনক মার্কা সম্বন্ধীয় আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বাণিজ্যদ্রব্যের প্রতারণাজনক মার্কা সম্বন্ধীয় আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত-মত বিধান করা গেল :—

১ ধারা। (১) এই আইনটীকে ভারতবর্ষীয় বাণিজ্য-দ্রব্যের মার্কা বিষয়ক ১৮৮৯ সালের আইন বলা যাইতে পারিবে।

নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

(২) ইহা সমস্ত বৃটিশ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে। এবং

(৩) ইহা ১৮৮৯ সালের এপ্রেল মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

২ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিপরীত ভাবের কিছু না থাকিলে এই আইনে—

অর্থ করণের কথা।

(১) এই আইন দ্বারা সংশোধিত ভারতবর্ষের দণ্ডবিধি আইনের ৪৭৮ ধারায় "ব্যবসায়ের মার্কা" এই কথার যে অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে "ব্যবসায়ের মার্কা" এই কথার সেই অর্থ হইবে।

(২) "ব্যবসায়ের বিবরণ" এই কথার অর্থ—

(ক) কোন মালের সংখ্যা, পরিমাণ, মাপ, জুৎ বা ওজন সম্বন্ধীয়, বা

(খ) যে স্থানে বা দেশে কোন মাল তৈয়ার করা বা উৎপন্ন করা হইয়াছে সেই স্থান বা দেশ-সম্বন্ধীয়, বা

(গ) কোন মাল গড়িবার বা উৎপন্ন করিবার প্রণালী সম্বন্ধীয়, বা

(ঘ) কোন মাল যে জিনিষ দিয়া নির্ম্মিত হয় তৎসম্বন্ধীয়, বা

(ঙ) কোন মাল কোন বর্ত্তমান পেটেণ্ট, অধিকার বা কপিরাইটের বিষয় হওয়া সম্বন্ধীয়—

কোন সাক্ষাৎ ভাবের বা পরোক্ষ ভাবের বিবরণ বর্ণনা বা অপর নিদর্শন।

এবং যে কোন মূর্ত্তি, শব্দ বা মার্কা ব্যবসায়ের রীতি অনুসারে উপরোক্ত কোন বিষয়ের নিদর্শন বলিয়া সাধারণতঃ বুঝা হয় তাহার ব্যবহারকে এই আইনের অর্থানুসারে ব্যবসায়ের বিবরণ গণ্য করা যাইবে।

(৩) "ব্যবসায়ের মিথ্যা বিবরণ" ইহার অর্থ যে ব্যবসায়ের বিবরণ যে মালে প্রয়োগ করা হয় সেই মাল সম্বন্ধে তাহা বিশেষভাবে অসত্য হইলে সেই ব্যবসায়ের বিবরণ। এবং যোগ করিয়া, মুছিয়া ফেলিয়া বা অন্য কোন প্রকারে কোন ব্যবসায়ের বিবরণ পরিবর্ত্তন করিলে যে স্থলে সেই বিবরণ বিশেষ ভাবে অসত্য হইয়া পড়ে "ব্যবসায়ের মিথ্যা বিবরণ" বলিতে সেই পরিবর্ত্তিত ব্যব-

Bill No. XIX of 1888.—Bill to amend the Laws relating to Fraudulent Marks or Merchandise.

সায়ের বিবরণও বুঝাইবে। এবং কোন ব্যবসায়ের বিবরণ কোন ব্যবসায়ের মার্কা বা ব্যবসায়ের মার্কার অংশ হয় বলিয়া এই আইনের অর্থানুসারে উহার ব্যবসায়ের মিথ্যা বিবরণ হইবার পক্ষে প্রতিবন্ধক হইবে না।

(৪) "মাল" শব্দের অর্থ যাহা কিছু ব্যবসা বা শিল্পের বিষয়। এবং

(৫) "নাম শব্দ সংক্ষেপ নামও বুঝাইবে।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন সংশোধন করিবার কথা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৭৮ হইতে ৪৮৯ পর্যন্ত ধারাগুলির পরিবর্তে নূতন ধারা বসাইবার কথা।

৩ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৮ অধ্যায়ের ব্যবসা ও স্বামিত্বের মার্কা সম্বন্ধীয় অংশের পরিবর্তে নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে, অর্থাৎ:—

"ব্যবসা ও স্বামিত্বের মার্কার কথা।"

ব্যবসায়ের মার্কার কথা।

"৪৭৮ ধারা। কোন মাল কোন ব্যক্তি বিশেষ দ্বারা বা কোন বিশেষ সময়ে বা স্থানে গড়া হইয়াছে বা কলে প্রস্তুত করা হইয়াছে কিম্বা ভালমন্দ বিবেচনায় উহা কোন বিশেষ রকমের এই কথা জ্ঞাপন করণার্থ যে মার্কা ব্যবহার করা হয় তাহাকে ব্যবসায়ের মার্কা বলে, এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের প্রয়োজনার্থ "ব্যবসায়ের মার্কা" এই কথায় পেটেণ্ট, ছক ও ব্যবসায়ের মার্কা বিষয়ক ১৮৮৩ সালের আইনানুসারে ব্যবসায়ের মার্কার যে রেজেষ্টরী বহি রাখা হয় তাহাতে যে কোন ব্যবসায়ের মার্কা রেজেষ্টরী করা হয় তাহা এবং মন্ত্রিসভাধিষ্ঠিত হইয়া প্রদত্ত হুকুম অনুসারে যে বৃটিশ অধিকারে বা ভিন্নরাজ্যে পেটেণ্ট, ছক ও ব্যবসায়ের মার্কা বিষয়ক ১৮৮৩ সালের আইনের ১০৩ ধারার বিধান উপস্থিত সময়ে খাটান যাইতে পারে তথায় যে ব্যবসায়ের মার্কা রেজেষ্টরী হইয়া হউক বা না হইয়াই হউক আইন দ্বারা রক্ষিত হয় তাহাও বুঝাইবে।

স্বামিত্বের মার্কার কথা।

"৪৭৯ ধারা। কোন অস্থাবর সম্পত্তি কোন ব্যক্তি বিশেষের সম্পত্তি এই কথা জ্ঞাপনার্থ যে মার্কা ব্যবহার করা হয় তাহাকে স্বামিত্বের মার্কা বলে।

ব্যবসায়ের মিথ্যা মার্কা ব্যবহার করিবার কথা।

"৪৮০ ধারা। যদি কোন ব্যক্তি কোন মালে কিম্বা কোন মালভরা বাক্সে, বস্তায় বা অপর আধারে এমন করিয়া কোন মার্কা দেন কিম্বা মার্কাবিশিষ্ট কোন বাক্স, বস্তা বা অপর আধার এমন করিয়া ব্যবহার করেন যে তজ্জন্য এরূপ বিশ্বাস জন্মা সম্ভব যে এইরূপে মার্কা করা মাল বা এই রূপে মার্কা করা আধারস্থিত মাল যে ব্যক্তি দ্বারা গড়া বা কলে প্রস্তুত করা হয় নাই সেই ব্যক্তি দ্বারা উহা গড়া বা কলে প্রস্তুত করা হইয়াছে অথবা যে সময়ে বা স্থানে উহা গড়া বা কলে প্রস্তুত করা হয় নাই সেই সময়ে বা স্থানে উহা গড়া বা কলে প্রস্তুত করা হইয়াছে অথবা ভালমন্দ বিবেচনায় উহা যে রকমের নয় উহা সেই রকমের তাহা হইলে তিনি ব্যবসায়ের মিথ্যা মার্কা ব্যবহার করেন এই কথা বলা যায়।

স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করিবার কথা।

"৪৮১ ধারা। যদি কোন ব্যক্তি অস্থাবর সম্পত্তিতে বা মালে কিম্বা অস্থাবর সম্পত্তি বা মালভরা কোন বাক্সে, বস্তায় বা অপর আধারে এমন করিয়া মার্কা দেন অথবা কোন মার্কাযুক্ত বাক্স, বস্তা বা অপর আধার এমন করিয়া ব্যবহার করেন যে তজ্জন্য এরূপ বিশ্বাস জন্মা সম্ভব যে এইরূপে মার্কা করা সম্পত্তি বা মাল বা এইরূপে মার্কা করা আধারস্থিত সম্পত্তি বা মাল যে ব্যক্তির নয় উহা সেই ব্যক্তির তাহা হইলে তিনি স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করেন এই কথা বলা যায়।

ব্যবসায়ের বা স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করিবার দণ্ডের কথা।

"৪৮২ ধারা। যে ব্যক্তি ব্যবসায়ের মিথ্যা মার্কা অথবা স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করেন তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি এরূপ করেন নাই তাহা হইলে তাঁহার এক বৎসরের অনধিক কালের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

অপর ব্যক্তি কর্তৃক ব্যবহৃত ব্যবসায়ের বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার কথা।

"৪৮৩। যদি কোন ব্যক্তি অপর কোন ব্যক্তি কর্তৃক ব্যবহৃত কোন ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করেন তাহা হইলে তাঁহার দুই বৎসরের অনধিক কালের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

কোন রাজকীয় কার্য্যকারক কর্তৃক ব্যবহৃত কোন মার্কা কৃত্রিম করিবার কথা।

"৪৮৪ ধারা। কোন রাজকীয় কার্য্যকারক যে স্বামিত্বের মার্কা ব্যবহার করেন যদি কোন ব্যক্তি তাহা কৃত্রিম করেন কিম্বা কোন সম্পত্তি কোন ব্যক্তি বিশেষ দ্বারা অথবা কোন বিশেষ সময়ে বা স্থানে কলে প্রস্তুত করা হইয়াছে কিম্বা সম্পত্তিটী ভালমন্দ বিবেচনায় কোন একটী বিশেষ রকমের বা কোন একটা বিশেষ আপিসের ভিতর দিয়া চলিয়া গিয়াছে কিম্বা উহা কোন নিষ্কৃতি পাইতে স্বত্ববান এই কথা জ্ঞাপন করিবার নিমিত্ত কোন রাজকীয় কার্য্যকারক যে কোন মার্কা ব্যবহার করেন যদি কোন ব্যক্তি তাহা কৃত্রিম করেন কিম্বা এরূপ কোন মার্কা কৃত্রিম ইহা জানিয়া যদি কোন ব্যক্তি তাহা প্রকৃত বলিয়া ব্যবহার করেন তাহা হইলে তাঁহার অনধিক তিন বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড হইবে এবং জরিমানাও হইতে পারিবে।

ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার জন্য কোন যন্ত্র প্রস্তুত করিবার বা দখলে রাখিবারকথা।

"৪৮৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার জন্য কোন ছেনি, পট্টি বা অপর যন্ত্র প্রস্তুত করেন বা আপন দখলে রাখেন কিম্বা যে ব্যক্তি বা কুঠী বিশেষ দ্বারা কোন মাল তৈয়ার বা কলে প্রস্তুত করা হয় নাই উহা সেই ব্যক্তি

বা কুঠী বিশেষ দ্বারা তৈয়ার বা কালে প্রস্তুত করা হইয়াছে অথবা যে সময়ে ও স্থানে উহা তৈয়ার করা হয় নাই সেই সময়ে ও স্থানে উহা তৈয়ার করা হইয়াছে অথবা ভাল মন্দ বিবেচনায় উহা যে রকমের নয় উহা সেই রকমের অথবা উহা যে ব্যক্তির নয় উহা সেই ব্যক্তির এই কথা জ্ঞাপন করিবার জন্য কোন ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা আপন দখলে রাখেন তাঁহার অনধিক তিন বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

কৃত্রিম ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কাযুক্ত মাল বিক্রয় করিবার কথা।

"৪৮৬ ধারা। যে মালে অথবা যে মালের বাক্সে, বস্তায় বা অপর আধারে কোন কৃত্রিম ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা সংযুক্ত বা ছাপ দেওয়া থাকে যদি কোন ব্যক্তি সেই মাল বিক্রয় করেন অথবা বিক্রয় করিবার নিমিত্ত কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনে প্রকাশ্য স্থানে রাখিয়া দেন বা আপন দখলে রাখেন তাহা হইলে তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে—

(ক) এই ধারার বিরুদ্ধে পাছে অপরাধ করা হয় তজ্জন্য সমস্ত যুক্তিযুক্তরূপ সতর্কতা অবলম্বন করিয়াও কথিত অপরাধ করিবার সময় মার্কার প্রকৃততা সন্দেহ করিবার তাঁহার কোন হেতু ছিল না। এবং

(খ) অভিযোগকারীর দ্বারা বা পক্ষে চাওয়া হইলে পর যে সকল ব্যক্তির নিকট হইতে তিনি ঐ সকল মাল বা দ্রব্য পাইয়াছিলেন তাহাদের সম্বন্ধে যত সন্ধান দেওয়া তাঁহার ক্ষমতায় ছিল তিনি তত সন্ধান দিয়াছেন। অথবা।

(গ) অন্যান্য বিষয়ে তিনি নির্দ্দোষভাবে কার্য্য করিয়াছেন তবে তাঁহার অনধিক এক বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

যে আধারে মাল থাকে তদুপরি মিথ্যা মার্কা দিবার কথা

"৪৮৭ ধারা। যে বাক্স, বস্তা বা অপর আধারে মাল থাকে যদি কোন ব্যক্তি তদুপরি এমন করিয়া কোন মিথ্যা মার্কা দেন যে তজ্জন্য কোন রাজকীয় কার্য্যকারক বা অপর ব্যক্তির এরূপ বিশ্বাস জন্মান সম্ভব হয় যে ঐ আধারে যে মাল নাই উহাতে সেই মাল আছে কিম্বা যে মাল উহাতে আছে সে মাল উহাতে নাই অথবা ঐ আধারে যে মাল আছে তাহা প্রকৃত পক্ষে যে প্রকৃতির বা ভাল মন্দ বিবেচনায় যে রকমের উহা তাহা হইতে ভিন্ন প্রকৃতির বা রকমের তাহা হইলে যদি তিনি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি কার্য্য করেন নাই তবে তাঁহার অনধিক তিন বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

এরূপ মিথ্যা মার্কা ব্যবহার করিবার দণ্ডের কথা।

"৪৮৮ ধারা। ঠিক পূর্ব্বে যে প্রকার লিখিত হইয়াছে যদি কোন ব্যক্তি সেই প্রকারে এরূপ কোন মিথ্যা মার্কা ব্যবহার করেন তাহা হইলে তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি কার্য্য করেন নাই তবে তাঁহাকে এই ভাবে দণ্ডিত করা যাইবে যেন তিনি ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিরুদ্ধে অপরাধ করিয়াছেন।

হানি করিবার অভিপ্রায়ে স্বামিত্বের মার্কা বিকৃত করিবার কথা।

"৪৮৯ ধারা। কোন স্বামিত্বের মার্কা তুলিয়া, ফেলিয়া নষ্ট করিয়া বা বিকৃত করিয়া কোন ব্যক্তির হানি করিবার অভিপ্রায়ে অথবা উহা তুলিয়া ফেলিলে, নষ্ট করিলে বা বিকৃত করিলে কোন ব্যক্তির হানি হওয়া সম্ভব জানিয়া যদি কোন ব্যক্তি উহা তুলিয়া ফেলেন, নষ্ট করেন বা বিকৃত করেন তাহা হইলে তাঁহার অনধিক এক বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।"

ব্যবসায়ের বিবরণের কথা।

ব্যবসায়ের মিথ্যা বিবরণের অর্থ সম্পূর্ণ করণার্থ বিধানের কথা।

৪ ধারা। (১) যে সকল অঙ্ক ও মূর্ত্তি, শব্দ বা মার্কা বা উহার বিন্যাস বা সংযোগ দেখিলে লোকের মনে এরূপ বিশ্বাস হওয়া যুক্তিসঙ্গত যে, ব্যবসায়ের মার্কা উহার অন্তর্গত হউক বা বা না হউক, উহা যে মালে লাগান যায় সে মাল প্রকৃতপক্ষে যে ব্যক্তির কলে প্রস্তুত করা বা বাণিজ্যদ্রব্য, তাহা সেই ব্যক্তি হইতে কোন ভিন্ন ব্যক্তির কলে প্রস্তুত করা বা বাণিজ্যদ্রব্য, মালে সেই সকল অঙ্ক ও মূর্ত্তি, শব্দ বা মার্কা বা উহার বিন্যাস বা সংযোগ লাগান সম্বন্ধে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান সম্বন্ধীয় এই আইনের বিধান সকল খাটিবে।

(২) মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান সম্বন্ধে কিম্বা যে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান হয় তৎসম্বন্ধে এই আইনের যে সকল বিধান আছে তাহা এই ভাবে মালে কোন ব্যক্তির মিথ্যা নাম বা মিথ্যা নামের আদ্যক্ষর লাগান সম্বন্ধে এবং কোন ব্যক্তির মিথ্যা নাম বা মিথ্যা নামের আদ্যক্ষর যুক্ত মাল সম্বন্ধে খাটিবে যেন ঐ নাম বা নামের আদ্যক্ষরও ব্যবসায়ের বিবরণ হয়। এবং এই আইনের প্রয়োজনার্থ মিথ্যা নাম বা মিথ্যা নামের আদ্যক্ষর এই কথা মাল সম্বন্ধে ব্যবহৃত হইলে ইহাতে যে নাম বা নামের আদ্যক্ষর—

(ক) ব্যবসায়ের মার্কা বা ব্যবসায়ের মার্কার অংশ নয় সেই নাম বা নামের আদ্যক্ষর, এবং

(খ) সেই রকম মালের কারবারে যে ব্যক্তি নিযুক্ত থাকেন এবং যিনি আপন নাম বা নামের আদ্যক্ষর ব্যবহার করিবার অনুমতি দেন নাই তাঁহার নামের বা নামের আদ্যক্ষরের সহিত এক হয় বা তাহার ভাল রকম অনুকরণ হয় সেই নাম বা নামের আদ্যক্ষর—

বুঝাইবে।

(৩) যে ব্যবসায়ের বিবরণ এইরূপ জ্ঞাপন করে বা যাহার অর্থ এইরূপ যে, যে মালে উহা লাগান হয় তাহাতে যত মাপ গজ, মাপ ফুট ও মাপ ইঞ্চি আছে তাহাতে তদপেক্ষা বেশী গজ, ফুট বা ইঞ্চি আছে সেই ব্যবসায়ের বিবরণ ব্যবসায়ের মিথ্যা বিবরণ।

ব্যবসায়ের বিবরণ লাগাইবার কথা।

৫ ধারা। (১) যে ব্যক্তি—

(ক) মালের গায়ে ব্যবসায়ের বিবরণ লাগান। বা

(খ) যে আবরণ, লেবেল, রীল বা অপর জিনিষে বা জিনিষের সহিত মাল বিক্রয় করা হয় অথবা বিক্রয় করিবার জন্য কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনার্থ প্রকাশ্যস্থানে রাখিয়া দেওয়া হয় বা দখলে রাখা হয় তাহাতে ব্যবসায়ের বিবরণ লাগান। বা

(গ) যে আবরণ, লেবেল, রীল বা অপর জিনিষে ব্যবসায়ের বিবরণ লাগান হইয়াছে তাহাতে বা তাহা দিয়া যে মাল বিক্রয় করা হয় অথবা বিক্রয় করিবার জন্য কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনার্থ প্রকাশ্য স্থানে রাখিয়া দেওয়া হয় বা দখলে রাখা হয় সেই মাল রাখেন, মুড়েন বা সংলগ্ন করেন। বা

(ঘ) এমন করিয়া কোন ব্যবসায়ের বিবরণ ব্যবহার করেন যে তজ্জন্য এরূপ বিশ্বাস উৎপন্ন হওয়া সম্ভব যে, যে মাল সম্বন্ধে উহ ব্যবহার করা হয় তাহা ঐ ব্যবসায়ের বিবরণ দ্বারা আখ্যাত বা বর্ণিত হয়—

তিনি মালে ব্যবসায়ের বিবরণ লাগান বলিয়া বিবেচনা করা যাইবে।

(২) কোন ব্যবসায়ের বিবরণ মালে বা কোন আবরণে, লেবেলে, রীলে বা অপর জিনিষে বুনিয়া দেওয়া হইলেই কি, ছাপিয়া দেওয়া হইলেই কি অথবা প্রকারান্তরে বসাইয়া, সংযোগ করিয়া বা যুড়িয়া দেওয়া হইলেই কি উহা লাগান হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

(৩) "আবরণ" শব্দে ছিপি "পিপে" বোতল "পাত্র" বাক্স "মোড়ক" কেপসুল "কেস" ফ্রেম বা রেপারও বুঝাইবে এবং "লেবেল" শব্দে বন্দ বা টিকিটও বুঝাইবে।

ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগাইবার দণ্ডের কথা।

৬ ধারা। যদি কোন ব্যক্তি মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান তাহা হইলে এই আইনের অধীনে এবং যদি তিনি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি কার্য্য করেন নাই তবে তাঁহার অনধিক তিন মাসের নিমিত্ত কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক জরিমানা হইবে। এবং তাঁহার বিরুদ্ধে দ্বিতীয় বার কিম্বা পরে অপরাধ সাব্যস্ত হইলে অনধিক দুই বৎসরের নিমিত্ত কারাদণ্ড কিম্বা পাঁচশত টাকার অনধিক জরিমানা হইবে।

যে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান থাকে তাহা বিক্রয় করিবার দণ্ডের কথা।

৭ ধারা। যে মালে বা দ্রব্যে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান হইয়াছে যদি কোন ব্যক্তি তাহা বিক্রয় করেন অথবা বিক্রয় করিবার নিমিত্ত কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনার্থ প্রকাশ্য স্থানে রাখিয়া দেন বা দখলে রাখেন তাহা হইলে তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে—

(ক) এই ধারার বিরুদ্ধে পাছে অপরাধ করা হয় তজ্জন্য সমস্ত যুক্তিযুক্তরূপ সতর্কতা অবলম্বন করিয়াও কথিত অপরাধ করিবার সময় ব্যবসায়ের বিবরণের প্রকৃততা সন্দেহ করিবার তাঁহার কোন হেতু ছিল না। এবং

(খ) অভিযোগকারীর দ্বারা বা পক্ষে চাওয়া হইলে পর যে সকল ব্যক্তির নিকট হইতে তিনি ঐ সকল মাল বা দ্রব্য পাইয়াছিলেন তাহাদের সম্বন্ধে যত সন্ধান দেওয়া তাঁহার ক্ষমতায় ছিল তিনি তত সন্ধান দিয়াছেন। অথবা

(গ) অন্যান্য বিষয়ে তিনি নির্দ্দোষভাবে কার্য্য করিয়াছেন—

তবে তাঁহার অনধিক তিন মাসের নিমিত্ত কারাদণ্ড কিম্বা দুইশত টাকার অনধিক জরিমানা হইবে। এবং তাঁহার বিরুদ্ধে দ্বিতীয়বার কিম্বা পরে অপরাধ সাব্যস্ত হইলে অনধিক দুই বৎসরের নিমিত্ত কারাদণ্ড কিম্বা পাঁচশত টাকার অনধিক জরিমানা হইবে।

মার্কা ও বিবরণ সম্বন্ধীয় আইন উল্লঙ্ঘন করিবার অভিপ্রায়ে উল্লঙ্ঘন না করিবার কথা।

মার্কা ও বিবরণ সম্বন্ধীয় আইন উল্লঙ্ঘন করিবার অভিপ্রায়ে উল্লঙ্ঘন না করিবার কথা।

৮ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮০ ধারা বা ৪৮১ ধারার মধ্যে যেখানে যে ধারা খাটে সেখানে সেই ধারায় যে প্রকার লিখিত আছে কোন ব্যক্তি সেই প্রকারে কোন মালে, সম্পত্তিতে কিম্বা আধারে কোন মার্কা লাগাইবার দরুন যদি ঐ আইনের ৪৮২ ধারানুসারে তাঁহার নামে এইরূপ অভিযোগ করা হয় যে তিনি ব্যবসায়ের মিথ্যা মার্কা বা স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করিয়াছেন, অথবা মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগাইয়াছেন বলিয়া যদি কোন ব্যক্তির নামে এই আইনের ৬ ধারানুসারে অভিযোগ করা হয়, অথবা ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার জন্য কোন ছেনি। পট্ট বা অপর যন্ত্র প্রস্তুত করিয়াছেন বলিয়া যদি কোন ব্যক্তির নামে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮৫ ধারানুসারে অভিযোগ করা হয়, এবং সেই ব্যক্তি যদি এরূপ প্রমাণ করেন যে—

(ক) তিনি তাঁহার কর্ম্মের গতিকে অপর ব্যক্তিদিগের পক্ষে ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা বা ব্যবসায়ের বিবরণ লাগাইবার জন্য, কিম্বা যদি সেরূপ হয় তবে ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা দিবার নিমিত্ত বা দিবার জন্য ব্যবহার করিবার নিমিত্ত ছেনি। পট্ট বা অপর যন্ত্র প্রস্তুত করিবার জন্য নিযুক্ত আছেন এবং যে বিষয় সম্বন্ধে অভিযোগ হইয়াছে সেই বিষয়ে তিনি ঐরূপে নিযুক্ত ছিলেন এবং মাল বা অপর দ্রব্য বিক্রয় হইলে তিনি উপস্বত্ব বা কমিশন পাইবার নিয়মে ঐ মালে বা অপর দ্রব্যে স্বার্থযুক্ত ছিলেন না। এবং

(খ) যে অপরাধের অভিযোগ হইয়াছে পাছে তাহা করিয়া ফেলেন সেই জন্য তিনি যুক্তিযুক্তরূপ সতর্কতা অবলম্বন করিয়াছেন। এবং

(গ) যে সময়ে কথিত অপরাধ করা হইয়াছিল সেই সময়ে তাঁহার মার্কা বা বিবরণের প্রকৃততা সন্দেহ করিবার কোন হেতু ছিল না। এবং

(ঘ) অভিযোগকারীর দ্বারা বা পক্ষে চাওয়া হইলে পর যে সকল ব্যক্তির পক্ষে মার্কা বা বিবরণ লাগান হইয়াছিল তাহাদের সম্বন্ধে যত সন্ধান দেওয়া তাঁহার ক্ষমতায় ছিল তিনি তত সন্ধান দিয়াছেন—

তাহা হইলে তাঁহাকে মুক্ত করিয়া দেওয়া যাইবে।

মাল জব্দ করিবার কথা।

৯ ধারা। (১) যদি কোন ব্যক্তি ব্যবসায়ের মিথ্যা মার্কা ব্যবহার করিয়াছেন বলিয়া ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮২ ধারানুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা ব্যবসায়ের কৃত্রিম মার্কা যুক্ত মাল বিক্রয় করিয়াছেন বা বিক্রয় করিবার জন্য কিম্বা ব্যবসা বা শিল্পের প্রয়োজনার্থ প্রকাশ্যস্থানে রাখিয়া দিয়াছেন বা দখলে রাখিয়াছেন বলিয়া ঐ আইনের ৪৮৬ ধারানুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা মিথ্যা মার্কা দিয়াছেন বা ব্যবহার করিয়াছেন বলিয়া ঐ আইনের ৪৮৭ বা ৪৮৮ ধারা অনুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগাইয়াছেন বলিয়া অথবা যে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান থাকে তাহা বিক্রয় করিয়াছেন বা বিক্রয় করিবার জন্য বা ব্যবসায় বা শিল্পের প্রয়োজনার্থ প্রকাশ্য স্থানে রাখিয়া দিয়াছেন বা দখলে রাখি-য়াছেন বলিয়া এই আইনের ৬ ধারা বা ৭ ধারা অনুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮৬ ধারায় বা এই আইনের ৭ ধারা বা ৮ ধারায় যে বিষয় বা বিষয়গুলির নির্দ্দেশ আছে তাহা প্রমাণে হওয়াক্রমে মুক্তিলাভ করেন, তাহা হইলে যে আদালত তাঁহাকে অপরাধী সাব্যস্ত করেন বা মুক্ত করিয়া দেন সেই আদালত এইরূপ আদেশ করিতে পারিবেন যে যে সকল মাল ও দ্রব্য সম্বন্ধে অপরাধ করা হইয়াছে, অথবা, উপরোক্তমতে প্রমাণের অভাবে, করা হইত সেই সকল মাল ও দ্রব্য শ্রীশ্রীমতীর পক্ষে জব্দ করা যাইবে।

মাল জব্দ করিবার কথা।

(২) ১ প্রকরণের বিধানের এরূপ অর্থ করা যাইবে না যে তদ্দ্বারা ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী-বিষয়ক ১৮৮২ সালের আইনের ৪৩ অধ্যায়ের বিধানের ব্যতিক্রমে ঘটিবে।

(৩) আদালত যখন এই ধারানুসারে জব্দ করিবার আদেশ দেওয়া না দেওয়ার কথা বিবেচনা করিবেন তখন আদালত কর্ত্তৃক পালিত হইবার জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে উপদেশ দেন আদালত তাহা পালন করিবেন।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন সংশোধন করিবার কথা।

১০ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৮ ধারার (ঘ) দফার পরিবর্ত্তে নিম্নলিখিত দফা দুইটি বসিবে, অর্থাৎ:—

১৮৭৮ সালের ৮ আইনের ১৮ ধারা সংশোধন করিবার কথা।

"(ঘ) যে মালে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের অর্থানুসারে ব্যবসায়ের কৃত্রিম মার্ক লাগান থাকে কিম্বা ভারতবর্ষীয় বাণিজ দ্রব্যের মার্কা বিষয়ক ১৮৮৯ সালের আইনের অর্থানুসারে ব্যবসায়ের মিথ্যা বিবর লাগান থাকে।

(ঙ) যে মাল ইউনাইটেড কিংডম ও বৃটিশ ভারত বর্ষের সীমার বাহিরে তৈয়ার বা উৎপন্ন করা হইয়াছে এবং যাহাতে এমন নাম বা ব্যবসায়ের মার্কা লাগান থাকে যাহা ইউনাইটেড কিংডম বা বৃটিশ ভারতবর্ষস্থিত কোন শিল্পকার, কারবারী বা ব্যবসায়ীর নাম বা ব্যবসায়ের মার্কা হয় কিম্বা নাম ব ব্যবসায়ের মার্কা হয় বলিয়া বুঝা যায় কিম্বা নাম বা ব্যবসায়ের মার্কার জাল রকম অনুকরণ হয়। কিন্তু—

(১) যে যে স্থলে নাম বা ব্যবসায়ের মার্কা লাগান হয় সেই সেই স্থলেই যদি তাহার সঙ্গে ইউনাইটেড কিংডম ও বৃটিশ ভারতবর্ষের সীমার বাহিরের কোন স্থানে তৈয়ার বা উৎপন্ন হওয়ারএকটি নির্দ্দিষ্ট নিদর্শন থাকে। এবং

(২) নাম বা ব্যবসায়ের মার্কার কোন অক্ষর যত বড় ও জাজ্জ্বল্যমান থাকে যদি তত বড়া ও জাজ্জ্বল্যমান অক্ষরে সেই স্থানে এবং উহা যে দেশে অবস্থিত তাহ সেই নিদর্শনে প্রদর্শিত হয়—

তাহা হইলে মাল বৃটিশ ভারতবর্ষে আনা যাইতে পারিবে।"

১১ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৯ ধারার পর নিম্নলিখিত ধারাটী যোগ করিতে হইবে অর্থাৎ:—

১৮৭৮ সালের ৮ আইনের ১৯ ধারার পরে একটী ধারা যোগকরিবার কথা।

"১৯ক ধারা। (১) ১৮ ধারা ও ১৯ ধারার মধ্যে যেখানে যে ধারা খাটে সেখানে সেই ধারানুসারে যে কোন মাল নিষিদ্ধ হয় বা হইতে পারে তাহা আটক করিবার পূর্ব্বে অথবা এই আইনানুসারে তাহা জব্দ করিবার অভিপ্রায়ে অন্য কোন কার্য্যের অনুষ্ঠান করিবার পূর্ব্বে কষ্টমের প্রধান কর্ম্মচারী বা স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এতৎপক্ষে নিযুক্ত অপর কর্ম্মচারী এই রূপ আদেশ করিতে পারিবেন যে, এই ধারানুযায়ী সম্বাদ সম্বন্ধীয়ই কি, সিকিউরিটি সম্বন্ধীয়ই কি, নিয়ম সম্বন্ধীয়ই কি, আর অপর বিষয় সম্বন্ধীয়ই কি, সমস্ত ব্যবস্থানুসারে কার্য্য করিতে হইবে, এবং যে প্রকারের মাল আমদানি করা নিষিদ্ধ মালগুলি যে সেই প্রকারের মাল তদ্বিষয়ে যাহাতে নিজের প্রতীতি হয় ঐ সকল ব্যবস্থানুসারে তাহা করিতে পারিবেন।

(২) যে মাল আমদানি করা নিষেধ করা যায় তাহা আটক ও জব্দ করা সম্বন্ধীয় এবং আটক

বা জব্দ করিবার পূর্ব্বে যদি কোন নিয়ম প্রতিপালন করিতে হয় তবে সেই নিয়ম সম্বন্ধীয় সাধারণ বা বিশেষ ব্যবস্থা সকল মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব প্রণয়ন করিতে, রহিত করিতে ও পরিবর্ত্তন করিতে পারিবেন। এবং যে সম্বাদ নুটিস ও সিকিউরিটি দিতে হইবে এবং এই ধারার কোন প্রয়োজনার্থে যে প্রমাণ আবশ্যক হইবে এবং যে প্রণালীতে সেই প্রমাণের সত্যতা নিরূপিত হইবে মন্ত্রি-সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা ঐ সকল ব্যবস্থায় স্থির করিয়া দিবেন।

(৩) যদি কোন মালের উপর এমন কোন নাম থাকে যাহা ইউনাইটেড কিংডম বা বৃটিশ ভারতবর্ষস্থিত কোন স্থানের নামের সহিত এক হয় বা উহার ভাল রকম অনুকরণ হয় এবং ঐ স্থলে যে দেশে থাকে যদি সেই দেশের নাম ঐ নামের সঙ্গে তেমনি বড় ও জাজ্বল্যমান অক্ষরে দেওয়া না থাকে তাহা হইলে ১৮ ও ১৯ ধারার প্রয়োজনার্থে ঐ নামটীকে ইউনাইটেড কিংডম বা বৃটিশ ভারতবর্ষস্থিত কোন স্থানের নাম গণ্য করিয়া কার্য্য করা যাইবে।

(৪) ১৮ ধারা বা ১৯ ধারা অনুসারে যে সমস্ত মাল আমদানি করা নিষিদ্ধ হয় ঐ সকল ব্যবস্থা সেই সমস্ত মাল সম্বন্ধে খাটিতে পারিবে অথবা এরূপ মালের ভিন্ন ভিন্ন শ্রেণী সম্বন্ধে বা এরূপ মাল সম্বন্ধীয় ভিন্ন ভিন্ন শ্রেণীর অপরাধ সম্বন্ধে ভিন্ন ভিন্ন ব্যবস্থা করা যাইতে পারিবে।

(৫) কোন সম্বাদদাতার সম্বাদ দেওয়া মতে কোন মাল আটক করা সম্বন্ধে এবং ঐরূপ আটক করিবার দরুণ কোন কার্য্যানুষ্ঠান করা সম্বন্ধে যে সমস্ত খরচ ও খেসারৎ দিতে হয় কোন সরকারী কর্ম্মচারী এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবকে সম্বাদদাতা তাহা ফেরত দিবেন, ব্যবস্থাগুলিতে এইরূপ বিধান করা যাইতে পারিবে।

(৬) এই ধারানুযায়ী সমস্ত ব্যবস্থা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে।

পরিশিষ্ট বিধান।

মার্কাযুক্ত মাল বিক্রয়ে ভাবত ওয়ারান্টীর কথা।

১২ ধারা। যে মালে কোন ব্যবসায়ের মার্কা বা মার্কা বা ব্যবসায়ের বিবরণ লাগান হইয়াছে তাহা বিক্রয় করিলে কিম্বা বিক্রয় করিবার চুক্তি করিলে মার্কটী যে প্রকৃত মার্কা এবং কৃত্রিম বা মিথ্যা করিয়া ব্যবহৃত মার্কা নয় অথবা ব্যবসায়ের বিবরণটী এই আইনের অর্থানুসারে যে ব্যবসায়ের মিথ্যা বিবরণ নয় বিক্রেতা তাহা ওয়ারান্ট করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে। কিন্তু বিক্রেতাদ্বারা বা তাঁহার পক্ষে স্বাক্ষরিত এবং বিক্রয় বা চুক্তির সময় ক্রেতাকে প্রদত্ত এবং তাঁহা দ্বারা গৃহীত কোন লিখনে যদি বিপরীত কথা ব্যক্ত করা হয় তাহা হইলে ঐরূপ বিবেচনা করা যাইবে না।

বাঁচাইবার কথা।

১৩ ধারা। (১) এই আইনের বিধানের অভাবে কোন ব্যক্তির বিরুদ্ধে যে মোকদ্দমা বা অপর অনুষ্ঠান উপস্থিত করা যাইতে পারিত এই আইন তাঁহাকে তাহা হইতে নিষ্কৃতি দিবে না।

(২) এই আইনের কোন বিধান কোন মোকদ্দমায় বা অপর অনুষ্ঠানে সমস্ত কথা প্রকাশ করিতে বা কোন প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করিতে কোন ব্যক্তিকে স্বত্ববান করিবে না। কিন্তু যে সকল কথা এই রূপে প্রকাশ করা হয় অথবা এরূপ উত্তর এই আইনের বিরুদ্ধে কোন অপরাধের অভিযোগে ঐ ব্যক্তির বিরুদ্ধে প্রমাণ স্বরূপ গ্রহণ করা যাইতে পারিবে না।

(৩) বৃটিশ ভারতবর্ষে বাস করেন এমন প্রভুর যে চাকর সরল ভাবে ঐ প্রভুর আদেশ মানিয়া কার্য্য করেন এবং কোন অভিযোগকারী দ্বারা বা তাঁহার পক্ষে চাওয়া হইলে তাঁহার প্রভু সম্বন্ধে সমস্ত সম্বাদ দেন এই আইনের কোন বিধানের যেরূপ অর্থ করিলে সেই চাকরকে অভিযোগের দায়ে পড়িতে হয় বা দণ্ডনীয় হইতে হয় এই আইনের কোন বিধানের সেরূপ অর্থ করা যাইবে না।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

বাণিজ্যদ্রব্যের প্রতারণাজনক মার্কা বিষয়ক ভারতবর্ষের আইনকে ভারতবর্ষের অবস্থা বিবেচনা করিয়া বাণিজ্যদ্রব্যের মার্কা বিষয়ক ১৮৮৭ সালের আইনে বিধিবদ্ধ ঐ বিষয় সম্বন্ধীয় ইংলণ্ডের আইনের সহিত যত দূর এক করা যাইতে পারে তত দূর এক করা এই পাণ্ডুলিপিখানির উদ্দেশ্য। ব্যবসায়ের মিথ্যা বিবরণ বিষয়ক ঐ আইনের বিধান গুলি পাণ্ডুলিপিতে গ্রহণ করা হইয়াছে। এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের যে অংশে ব্যবসায়ের মার্কা ও সম্পত্তির মার্কার কথা আছে তাহা এবং সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের যে অংশে মিথ্যা বিবরণ বা মার্কাযুক্ত মাল বৃটিশ ভারতবর্ষে আমদানি করা নিষেধ করিবার কথা আছে তাহা উক্ত বাণিজ্যদ্রব্যের মার্কা বিষয়ক ১৮৮৭ সালের ইংলণ্ডীয় আইনের প্রণালীতে এই পাণ্ডুলিপিতে সংশোধন করা হইয়াছে।

১৭ই অক্টোবর ১৮৮৮ সাল।

এণ্ড আর, স্কোবল।
এম, হার্বি জেমস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 4, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ৪ ডিসেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা খুলনা।

জমীদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে খুলনা জিলার অন্তর্গত নম্ন লিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২১ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৯	কিং থলিসখালি পাং ঐ।	৮৯৭ ৸০	সম্পূর্ণ মহাল	......	কৈলাস কামিনী দেবী দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১০৬৷৵৭	......
৭২	কিং দাতিয়া পরগনে ঐ।	৪৭৩২২৷/৬৷	ঐ	......	সুরেন্দ্রনাথ পাল চৌধুরি দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ৩২৲৯৷৷	......
১১১	কিং বাজিদপুর পাং ঐ।	১১২১৷৷/৲১১	......	১ হিস্যা ৵৪৷৩৷৷	নিস্তারিণী দেবী...	৪২৬৷৷/৫	....	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৫০ ৸/১
১১৪	ঐ	২১২৪৷৭	.....	১ হিস্যা ৵৩৷১১	শীতলনাথ ভঞ্জ দিগর।	৪২০৵৮	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১১৷৷৬
১২৭	কিং ভ্লালুকা পাং ঐ।	১৪৯৪৩ ৸৶৮	......	১ হিস্যা ...	আকিলদ্দী সরদার দিগর।	৬৩৮৷৷৵২	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৪৬৷৷৵৫৷

R. M. Waller,
Collector.

জিলা বীরভূম।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভুম জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে সেপ্টেম্বর কিস্তার বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ৯ জানুয়ারি মোতাবেক ১২৯৫। ২৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২৭ অক্টোবর—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬ নং	মুকন্দী পং কুতবপুর।	১৫৩২/০	সম্পূর্ণ ...	......	পরমশুকচন্দ্র দিঃ...	০	২:৪	০
৭৪ নং	কীর্ত্তিহাট পং খড়গ্রাম।	১১২৬৷৷/	০	৷১৬৸৶১৮	উম্মত তাহেবর বিবি দিঃ।	৬৭৮৷৶২	০	৭৸/১১
২০৭নং	কীর্ণাহার পং কুতবপুর।	৭৯৩৷৶	সম্পূর্ণ ...	......	তারাসুন্দরী দেব্যা দিঃ।	০	৭৸৩	০
২৪৫নং ৫৬ নং প্রঃহিঃ	সিজান পং বারবকসিংহ।	২৯১৮/	০	৷০	গোপালচন্দ্র চক্রবর্ত্তী দিঃ।	৭২৯৷৷০	০	১৪/৫

C. J. S. Faulder, *Collector.*

জিলা মালদহ

জমীদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মালদহ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আপিসে বাকি রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকি রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ সালের ১১ই জানুয়ারি তারিখে নিলাম বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎ সংযুক্ত বর্ণনা পত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহালের নাম ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকি।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	মন্তব্য।
৩	তরফ আমারক পরগণে চান্দলাই।	১৭৭২৷৷/০	সম্পূর্ণ মহাল।	......	রমণী নাথ ফৌজদার—লবঙ্গমনিদাস্যা অলিমাতা কেশবেশ্বর সাটীয়ার নাবালগ ব্রজকিশোর সাটীয়ার।	......	৩১৬৷০	......	১২৯৫ সালের বাগায়েদ কিস্তিভাদ্রের বাকি রাজস্ব আদায় জন্য

মালদহ কালেক্টর আপীস,
তারিখ ২৭ নবেম্বর ১৮৮৮ সাল।

H. G. Sharp,
Collector.

জেলা হুগলী।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জেলা হুগলী।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারার বিধানানুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা হুগলীর অন্তর্গত নিম্নলিখিত মহাল বা মহালের অংশ সন ১৮৮৮ সালের ২৮শে সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায়ের নিমিত্ত সন ১৮৮৮ সালের ২০শে ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৯৫ সালের ৬ই পৌষ বৃহস্পতিবার দিবসে হুগলীর কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৮ সাল ২৭শে অক্টোবর।

তৌজির নম্বর।	মহাল ও পরগণা।	সমুদয় ষ্টেটের সদর জমা।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবেক কি না।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার মালিকের নাম।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকী রাজস্ব।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব।
৪৯	হাতিশালা, পং চৌমাহা।	১১৫৬৯।/	......	রকম ।/৬॥= আনা অংশ পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে।	শ্যামাসুন্দরী দেবী অলি অছি জানবে নাবালগ পুত্র আশুতোষ গোস্বামী দিগর।	৩৮৫৬।৶০	......	৫৮৫৶৯
৫৯	মাখালডিহি, পং পাণ্ডুয়া।	৭২২৶১	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	রাজলক্ষ্মী দেব্যা দিগর।	১১৪৮৶৭	.. ...	১॥৩
১০৯	হেপতি, পং আমিরাবাদ।	২৪৮৪৸৶১	......	রকম ৶৮ আনা অংশের পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে।	ব্রজনাথ ভট্টাচার্য্য ম্যানেজার জানবে উপেন্দ্র চন্দ্র রায় দিগর।	৪১৪৶০	......	৺৩
১১৭	রাজহাট, পং খোশালপুর।	৭২৬৲৩	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর।	২৬৫॥৶১	......	৩৩।০
১৫৩	মল্লীক হাটী, পং বোর।	২৯৬৮৲৮	......	পৃথক হিসাব বাদে বিক্রীঅংশ।	প্রসাদ দাস গোস্বামী দিগর।	২০১২॥৶৮	......	৩৮৮৸৶৩
১৫৯	চাতরা বাদে, পং বোর।	৭৪০॥/৫	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	জেঃ সীঃ মেকরেগর সাহেব ম্যানেজর ষ্টেট ৺ রামচন্দ্র দে দিগর।	১৭৮॥৶৫	......	১৯/০
১৯১	করিপুর আয়মা পং চৌমাহা।	৮৫১৶২	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর।	৭২৮৶২	......	১১।০
৩৫২৭	দিগড়া পং বোর	৫৩০৶৫	সম্পূর্ণ	......	রামদয়াল বন্দ্যোপাধ্যায়।	......	১১৮৲	.....
৩৫৪১	থরসরাই পং বোর।	১৩১১॥৶৬	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	রামদয়াল বন্দ্যোপাধ্যায়।	৬৫৫৸/৩	......	১৬২॥০
৬৯০৮	মাকড়দহা পং ধাড়ুশ।	১২৭১॥/৩	......	রকম ৲৩।৶ গণ্ডার অংশের পৃথক হিসাব হইয়া (বি) চিহ্ন হইয়াছে।	যোগীন্দ্রনাথ মুখোপাধ্যায় স্বয়ং ও অলি জানবে হরেন্দ্রনাথ মুখোপাধ্যায়।	১৩॥৶০	......	/০
৩৯৯৩	হাওড়াচর পং বোর।	৭২৬।৮।	......	রকম /০ আনা অংশ পৃথক হিসাব হইয়া (সি) চিহ্ন হইয়াছে	জেঃ সীঃ মেকরেগর সাহেব রিসীবর হাই কোর্ট জানেবে ষ্টেট শ্রীমতি দাসী।	৪৫।৶০	......	৬৸/০

G. Toynbee,
Collector.

জিলা নোয়াখালি।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোয়াখালির মধ্যগত কালেক্টরির তৌজিভুক্ত নিম্নলিখিত মহাল ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বরের পূর্ব্বোক্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৮ সনের ১২ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা ১২৯৫ সালের ২৯ পৌষ শনিবার উক্ত জিলার কালেক্টরির কাছারিতে বিনা আপত্তো প্রকাশ্য নিলামে ধরা যাইবেক। ইতি ১৮৮৮ সন তারিখ ৩১ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহালের নাম এবং পরগণা।	সমুদয় মহালের সদর জমা।	সমুদয় অংশ নিলাম হইবে কি না।	যদি এক অংশ নিলাম হয় তবে কত অংশ।	যে সম্পত্তি নিলাম হইবে তাহার মালিকের নাম।	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার সদর জমা কত।	যদি সমুদয় অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত।
৪৫	কিসমত মহিন্দ্র-নারায়ণ পরগণে সুন্দীপ।	৬৩৭৴১১	সম্পূর্ণ ...	...	ঈশানচন্দ্র নন্দি	...	১৩৭।৵৩	...

A. Boroоah,
Off'g. Collector.

জিলা যশোহর।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যশোহর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ২০ ডিসেম্বর মোতাবেক সন ১২৯৫ সালের ৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎ সংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহলের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না ১৮৮৮ সাল তারিখ ১৫ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিক গণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৩	বিষ্ণুপুর পরগনা ইশফপুর।	৯১৪॥/০	০	১ হিস্যা ২কম ১৫ পাই।	মতিলাল বসু দিগর।	৭৬৶৪॥	০	২৭॥/১॥
১২৫	যোড়াদহা পরগনা মকিমপুর।	৫৮৯৫৲১	সম্পূর্ণ	,,	মেঃ জেমস রবট সেরিফ দিগর।	,,	২৭।৶৯	,,
৪৮১৯	বাঁশবাড়ীয়া ডিহি পরগনা মুন্দর।	৩৫৪৬৸৴২	,,	১ হিস্যা ৷রকম ৶৪ পাই।	রামেশ্বর মুখোপাধ্যায় দিঃ	০০৯।৶০॥	,,	৩২৬।১১৬০
৫০৭৩	ভবানীপুর পরগনা কাথুলিয়া।	৬২২১।৶৭	,,	১ হিস্যা ...	কৈলাশচন্দ্র পাল চৌধুরি।	২০৭৩৸৯।।	,,	৮৮॥৶৭॥

যশোহর কালেক্টারি আফিস।
২০ নবেম্বর ১৮৮৮।

P. H. O'Brien, *Collector.*

জিলা নদীয়া।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত সন ১৮৮৮। ৩১ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কিনা।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোনঅংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৪০	বেতাই পং বেতাই	৮০০৫।৶২ পুলিস ১১৬৵৫	......	৪০।১ নং রকম ।৶০ আনা।	দিননাথ মুখোপাধ্যায় দিগর।	৩৩০২৷৮ পুঃ—৪১৷৵১	......	৪৪/১০
১১৭	ডিহি চণ্ডী পং পাজনোর।	১০২৯৬৶৮ পুঃ—১২৯৶৪	......	১১৭।০ নং রুঃ ৶৩৮৫	সুরেশচন্দ্র মল্লিক দিগর।	১৪৯৭৸/৬ পুঃ—১৯৷৮	......	১৪২৷/৭
				১১৭।২ নং রুঃ ৴১৪।১৬'।৶	রাখালমণি দাসী দিগর।	২০০৬৸৩ পুঃ—২২/৩	......	১৯৸৶৮
১৬৭	ডিহি ডুবড়া পাং পাজনোর।	১৯৪১৩।৶১ পুঃ—২১৩।/৪	......	১৬৭।৫।১ নং রুঃ ।১।২৶৪	বর্ণময়ী দাসী ...	৪৯২২।/ পুঃ ৫৪৷৯		১৫৯১।০
				৩৩৭।০ নং রুঃ ৶৩৭।১।—	আনন্দগোপাল মুখোপাধ্যায় দিগর।	২৫৯৭।৬॥ পুঃ—২৪৶৩	.....	২৫৭/১০
৩৩৭	মামজোয়ানী পং মামজোয়ানী।	২৬২৯৭।৶৬ পুলিস ২৪৫/৫	......	৩৩৭।১ নং রুঃ ।৮৸৫ দন্তী।	বর্ণময়ী দাসী ...	৭৩০৪৸/৭॥ পুঃ—৬৮/৪	......	২৯০২।৶৷৩॥
				৩৩৭।২নং রুঃ ।/১৭৸৶	সত্যবালা দেব্যা দিগর।	১০২২৬৸/ পুঃ—৯৫।/	......	১২২৪৶১
২৪৫০	চর কোদাইলকাটী পং রাজপুর।	৬৭৯।০	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।	......	মধুসুন্দরী দাসী	......	১৬৮॥০	...

A. H. COLLINS,
Offg. Collector.

জিলা ময়মনসিংহ।

বাকী খাজনার জ্ঞাপন পত্রের পাঠ।

ইহাদ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ও ১৩ ধারা এবং ১৮৬৮ সালের ৭ আইনানুসারে জেলা ময়মনসিংহের তৌজী ভুক্ত নিম্নলিখিত মহাল সকল ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্যবাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আষ্টর মন্ম অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদার নিমিত্ত ১৮৮৯ সনের ৪ঠা জানুয়ারি মোতাবক ১২৯৫ সনের ২১শে পৌষ শুক্রবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে ইতি ১৮৮৮।১০ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	অংশ বিক্রয় হইলে সেই অংশ বা অংশ সকলের বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	অংশ বিক্রয় হইলে, তাহার জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার কত বাকী।	অংশ বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬	জমিদারী পরগনে হুসেনসাহী।	৪৫,৪৫৭৸৶	......	১৮৫৯ সনের ১১ আইনের ১০ ধারা এবং ১৮৭৬ সনের ৭ আইনে ৭০ ধারা মতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে এজমালী।	শরতচন্দ্র রায়-চৌধুরী গয়রহ।	১৫০৭০৸০	......	৮২৬৶০
৯৬	জমিদারী হিস্যে।১০ আনী পরগনে নসীরুজীয়াল।	৭১৯৭৷৵০	......	১৮৫৯ সনের ১১ আইনের ১০ ও ১১ ধারা এবং ১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারামতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে এজমাল।	বসন্তকুমারী দেব্যা গয়রহ।	২১১৪৷৴	......	১৪৯।৩
ঐ	ঐ	ঐ	......	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে কিসামত গয়েশা কৃষ্ণপুর গয়রহ ১৬৷ = ক্রান্তি।	শরতকুমারী দেব্যা।	১৮/০	......	৩৷৹
৯৬	জমিদারি হিস্যা।১০ আনী পরগনে নসীরুজীয়াল।	৭১৯৭৷৷৶০	......	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে কিসামত সাঁৎধার ।/১৮। গণ্ডা।	রতনকৃষ্ণ দাস চৌধুরী।	১৯।/০	......	৩৲
ঐ	ঐ	ঐ	......	/৫ গণ্ডা ...	হরিশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়।	৪৬১৷৷/০	......	১২২৷৶০
ঐ	ঐ	ঐ	......	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে কিসামত কিরাটম ওরফে টামনীর /৯।/ ক্রান্তি।	নন্দকুমার দাস রায়।	৪৲	......	১৲
ঐ	ঐ	......	......	বিবরণ তথা শ্রীরাম পাসার /০ আনা।	হরেন্দ্র কিশোর আচার্য্য চৌধুরী	৬/০	......	১৷৹
ঐ	ঐ	ঐ	......	বিবরণ তথা শ্রীরামপুরের ৶০ আনা।	বরদাকিশোর আচার্য্য চৌধুরী।	১২৶০	......	৩৶০

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহালের ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	অংশ বিক্রয় হইলে সেই অংশ বা অংশ সকলের বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম	অংশ বিক্রয় হইলে তাহার জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার কত বাকী।	অংশ বিক্রয় হইলে তাহার বাকী।
১১৬	তালুক নেওয়াজআলি তপে রণভাওয়াল।	২৬৩৮৸৶০		১৮৫৯ সনের ১১ আইনের ১১ ধারা এবং ১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে এজমালি।	রাজা সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর ও গয়রহ।	৭৩৮॥৶০	......	৭৬॥৵০
১১৬	তালুক নেওয়াজ আলী তপে রণভাওয়াল।	২৬৩৮৸৶০	...	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারামতে স্বতন্ত্র হিসাব হওয়া হিস্যা।	রহমত মৃধা ...	১৸৴০	......	১৲
১২১	মৌজে থানেশ্বর বাদলা পরগণে নসীরুজীয়াল।	৭২৯॥৵	...	৬৶১২৷৷ গণ্ডা ...	আবদুল ভূঞা গয়রহ।	৭১২॥৴০	......	২২১৷৶০
ঐ	ঐ	ঐ	...	৲২॥ গণ্ডা ...	ছুন্দনজান বিবি ...	৫॥৶০	......	১৸০
১৩৭	জমিদারী পরগণে শুশঙ্গ।	১৯৮৮৷০	...	৲১৫॥=১৬ তিল...	জয়নাথ রায় ...	৯৬৴০	......	৪০৶
১৪৪	জমিদারী পরগণে সেরপুর।	২৬৪৩॥০	...	॥৴১৫৷৫ দ্বিপ ...	ধরণীকান্ত লাহীড়ী চৌধুরী গয়রহ।	১৬১৪৷৵০	......	৭৬৷৵৩
১৫১	জমিদারী তপে সাঁধা মরজীবাজু।	২১৭৩ ৶	সম্পূর্ণ	......	সৈয়দ আবদুল্লা গয়রহ।	......	৪৬৷৵০	......
১৭৬১	তালুক রূপচন্দ্র রত্নগর্ভ মজুমদার পরগণে হুসেনসাহী।	৬২৭৷৴	ঐ	......	মাহিমাচন্দ্র রায় চৌধুরী গয়রহ।	......	৩৬৭৶	......
২১২৯	তাং কৃষ্ণরাম দত্ত তপে হাজারাদি।	১৬০৫৷৴০	......	৲৬॥ গণ্ডা ...	তারক নারায়ণ ওরফে তারকচন্দ্র চৌধুরী গং।	৩০৷৫ পাই	......	১১॥৶৩
ঐ	ঐ	ঐ	......	৵১০ আনা ...	কামিনীশঙ্কর রায় গং।	২৫০৸৴৩	......	৬০॥০
ঐ	ঐ	ঐ	......	তৈরগাতি ওলজটীয়াক্ক ৴১০ আনা।	গৌরীশঙ্কর দত্ত গং।	৮৸০	......	২৲
ঐ	ঐ	ঐ	......	৲৭॥ গণ্ডা ...	তথা ...	৩৭॥৵০	......	৯৶০
ঐ	ঐ	ঐ	......	৲১। কড়া ...	কুমুদিনী দাস্যা	৬৷০	......	১৷৴০
২১৭১	তালুক কৃষ্ণজীবন ময় বেজাবেদা ১১৮৯৷০ নং কিং, তাং তথা তপে হাজরাদি।	৭৭০৸৴০	......	১৮৫৯ সনের ১১ আইন মতে স্বতন্ত্র হিসাব বাদে এজমালী।	আনন্দকিশোর হম রায় গং।	৬১৩৶৩	......	৮৮৶২
৪০৮২	জমীদারি পং সেরপুর।	৪২৬৫৴০	সম্পূর্ণ	......	কিশোরীমোহন চৌধুরী।	......	২৭॥০	......
৪৯১১	চর হাজিপুর পং হুশেনসাহী।	৫১৮॥৴০	ঐ	......	দীননাথ চক্রবর্ত্তী চৌধুরী গং।	......	৭৴০	......
৫০৭০	চর তেরটেকীয়া তপে কুড়িখাই।	১৩৫৭৸৶০ মালিকানা ১৫০৸৵০	......	৸১৬ গণ্ডা ...	তারক নারায়ণ ওরফে তারকচন্দ্র চৌধুরী গং।	১৮৬৷৵০ মালিকানা ১২০॥৶০	......	২৭১॥৴০ মালিকানা ৩০৶০

R. C. DUTT, *Collector.*

নিলামের সূচীর।—এস্তেহার নাম্বা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা মতে সংবাদ দেওয়া যাইতেছে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৮ সালের ২৮ সেপ্টেম্বর কিস্তীর বাকী বাবত সন ১৮৮৯ সালের ৩রা জানুয়ারি তারিখে ঐ জেলার কালেক্টরিতে বিনা ওজর নিলাম করা যাইবেক ইতি সন ১৮৮৮ সাল তারিখ ১০ই নবেম্বর ।

প্রথম শ্রেণীর এজমুয়ারি জমা খার্য্য হওয়া মহাল ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	পুরা ষ্টেটের সদর জমা।	পুরা ষ্টেট বিক্রয় হইবে কিনা।	যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয়, তাহার কত সদর জমা।	যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ।	যদি অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ।
৬৩	পরগনে মাগুরা কিঃ বাস দ্রোণী ও গয়রহ।	৯১৩৫।৶১৷৷	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৷৷৴১৩।৯৷৷ আনা।	আদিত্য নাথ রায় চৌধুরি ও গয়রহ।	৫৫১৭।৶১১৷৷	...	১২৮৫।৯৷৷
১৫১	পরগনে বরিদহাটী ও গয়রহ কিঃ চক হাটুরিয়া ও গয়রহ।	৩৯৯৩০৷৷৶-১১৷৷	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৫৷৷ ১২৷৷০ আনা।	ত্রৈলোক্যনাথ বিশ্বাস ও গয়রহ।	৩১১৭৪৴১১৷৷	...	৭৭৷৷১৷৷
৩৪২	পরগনে ঘড় ও গয়রহ কিঃ রায়পুর ও গয়রহ।	৭৮১৭৶৪।	পুরা মহালি	......	কালীকৃষ্ণ মণ্ডল ও গয়রহ।	...	২০২৷৷৶১৷৷	...
৩৮৫	পরগনে আজীমাবাদ ছুদা রসখালী ও গয়রহ	১৯৪২৪৷৷১৷৷	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭৷৷ আনা।	রাধা মোহন মণ্ডল ও গয়রহ।	১৮০৫৮৷৷৶৩৷৷	...	১১৭৶১০
৩৮৯	পরগনে বালিয়া কিঃ সন্তোষ পুর ও গয়রহ।	৯৪৩৪৷৷৴৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭৷৷ আনা।	রাধামোহন মণ্ডল ও গয়রহ।	৮৭৭১৶৮।	...	৯৮৸৶১১
৩৯৪	পরগনে আজিমাবাদ তরফ কিশোর ·র ও গয়রহ।	৭১০৮৸১১	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭৷৷ আনা।	রাধামোহন মণ্ডল ওগয়রহ।	৬৬০৮৸৶৬	...	৮৯।৶৬
৪০১	পরগনে আজীমাবাদ ছুদা রায় কৃষ্ণপুর ও গয়রহ।	৮৯৪১৷৷৴৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭৷৷ আনা।	রাধামোহন মণ্ডল ওগয়রহ।	৮৩১২৸৶৩৷৷	...	১৩৭৸৬
৬২৪	পরগনে বালিয়া তরফ যত্নরাটী ও গয়রহ।	৮৭১৬৸৶৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৷৷৶১৩।— আনা।	কেদার নাথ বসু ওগয়রহ।	৫৮১।১০	...	৫০৸৶৯৷৷
১৫৩৪	পরগনে ময়দা তরফ বাট্টরা ও গয়রহ।	৪৬৮।৶৪	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।০।!= আনা।	সুরত মোহিনীদাশী ওগয়রহ।	৩৭০০৸৶৯	...	৩৫৸৴৬
১৫৩৪।৫	পরগনে ময়দা তরফ বাট্টরা ও গয়রহ।	১৪৬৮১।৶৪	...	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা মতে স্বতন্ত্র হিসাব অংশ ৶১৬—আনা।	কিশোরী মোহন রায়।	২৯৩২।৶৪	...	২৬১৷৷৴৩
২১৬১	পরগনে উথড়া ডিহি কুসন্তী ও গয়রহ।	২৫৭৪৷৷৴৩	পুরা মহাল	. ...	সত্য দয়াল বন্দ্যোপাধ্যায় ওগয়রহ।	...	২৯।৶১১	...

C. W. BOLTON, *For Collector.*

বিজ্ঞাপন।

বাখরগঞ্জ জিলার জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮১৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামর্ম্মে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে বাখরগঞ্জ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৮৮ সালের ২৮শে [illegible] পর্য্যন্ত বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯। ৯ জানুয়ারি মোঃ ১২৯৫। ২৬ পৌষ বুধবার তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২০ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১২১৬	বাঞ্ছারাম বসু তালুক হিঃ ৷৷০ আনা পং বোজর্গ উমেদপুর।	১৫৫০।/৩	......	হিসাব পৃথক হিঃ ৵০ আনা ...	নবিনচন্দ্র চক্রবর্ত্তী ...	২৯০।১০৬	......	৮৪।৶০৬
১৪৩২	বাগদেশ্বর জোতালীব তালুক পং ঐ।	১২৮০২।৶৬৷৷	......	এজমালী হিঃ ।০ আনা ...	গোলাম আরশীল কাজীগং ...	৩২০০৷৷/৬৮	......	৯৪৩।৶৩৮
১৪৮৭	জিবনকৃষ্ণ সেন ও হরেকৃষ্ণ সেন ও কমলকৃষ্ণ সেন ও গোবিন্দ দেবরায় ও প্রাণমাণিক্য চন্দ্ররায় ও দর্প নারায়ণ রায় ও মৃত্যুঞ্জয় মুখোপাধ্যায় তালুক পং ঐ।	২৩১৯৷৷/৫৷৷	ষোল আনা	......	উমাচরণ চট্টোপাধ্যায় গং ...	......	২৩৬।৶৮৷০	০
১২৫৮	মহম্মদ হামজা তালুক পং ঐ	১১১৯৮	......	এজমালী হিঃ ৷৷০ আনা ...	গিরিশচন্দ্র মুখোপাধ্যায় ...	৫৭৯৷৷/১০	......	১০৬।৶০
১৫৮৮	প্যানাটী আলকজণ্ডর তালুক পং ঐ।	৪০৩৫৮৷৷	......	হিসাব পৃথক হিঃ ৵০ আনা ...	তারামণী দেব্যা ...	৯০৬।/৪	......	২৬৮৮৴৫
১৫৮৫	রাধাকৃষ্ণ রায় ও হরানন্দ রায় ও কালীদাস সিদ্ধান্ত তালুক পং ঐ।	২৪৩৬।৶১০	......	এজমালী হিঃ ।/১৪৶/১০ ...	বৃন্দাবনচন্দ্র চক্রবর্ত্তী রায় চৌধুরি।	৮৭৫৷৷৶৭	......	৪২৮৶০৷৷
১৬৩৩	রামরাজা দে ও তালুক পং ঐ	২৩৫২৶১১৷৷	......	হিসাব পৃথক হিঃ ৵০ আনা ...	তারামণী দেব্যা ...	৩৮৬৷৷৶৭	......	১১৪৮৫

১৬৫২	রোমজান বিবি ও করজানা বিবি ও ছদরদ্দীন কাজী তালুক পং ঐ—	৫৬৫।০৭॥	......	হিসাব পৃথক হিঃ ।০ আনা...	উকিলদ্দী কাজি ...	১৪:১/৮	......	২৭।৶১১
১৬৫১	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ৶০ আনা ..	রহমজান বিবি ..	৭০॥৶১০	......	১৪৲৯॥
১৭২৭	চিকনীকান্দী মৌজা হিঃ ।৶০ আনা পং চন্দ্রদ্বিপ ওগয়রহ।	২৮১৫৫৸৶১০	......	এজমালী হিঃ ।৶৭/১৬ দন্তী .	গোলোকচন্দ্র মহীম্বা গং ...	১৩৭১৫৶২	......	১০১॥৶৬॥
১৭৩৯	খাজেনুর তালুক হিঃ ।/৬৫ গণ্ডা পং চন্দ্রদ্বিপ।	২৫২২৶১॥	ষোল আনা...	... ..	ওয়াজেদনেছা খানম গং ..	......	৮৭৫॥৶৭॥	......
১৭৪৪	কৃষ্ণরাম সেন তালুক পং ঐ—	৮২৩।৶০॥	......	এজমালী হিঃ ॥৶০ আনা ...	করিমদ্দী তালুকদার গং ...	৩১৬।৭॥	... ..	১৬৸/৮
১৭৪৭	মাহাম্মদ হায়াত তালুক হিঃ ৶১ আনা পং ঐ—	১৮০৮৸৶০॥	... ..	ষোল আনা রকমের হিসাব পৃথক হিঃ ৶১৩৸/ কাগ।	গোপী কোঁওর উচ্চীকলিবে বিদায় করায় ও মুকুন্দরাম পাণ্ডা নাবালগদ্বয়।	৩৪৩/৫	......	৪,৭
১৯১৬	হাবেলী সিলিমাবাদ তপ্পা হিঃ ১০ গণ্ডা।	১০৪৫৲৶৯॥	......	এজমালী হিঃ ৵১০ গণ্ডা ..	বামাসুন্দরি গং ...	৩৫৭।৶২।	......	৪৭৲৬৸
১৯৯৭	ফতেমাহাম্মদ তালুক পং খাঞ্জা বাহাদুর নগর।	৭৩৮৶৯	ষোল আনা...	......	কালীপ্রসন্ন চট্টপাধ্যায় ...	......	৯২৴	......
২৭৪৯	দুর্গাগঙ্গেশ্বর তালুক পং উত্তর সাহাজপুর।	১০৩৭॥৶২॥	......	হিসাব পৃথক হিঃ ॥০ আনা ..	অন্নদাসুন্দরি গং ...	৫১৮৸/৮	......	৪২।৶১।
২৭৫৯	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ৶১৩—ক্রান্ত	আবদুল আজীজ চৌধুরি ...	১৭২২৸৲২॥	......	৬২।০॥
৩২৫৭	রত্নুলী কালীকাপুর পং হিঃ ।০ আনা।	৬৩০৯।৶১০	......	হিসাব পৃথক হিঃ ১২ গণ্ডা ..	তারামণী দেব্যা স্বয়ং ও কার্য্যাধ্যক্ষ পক্ষে রাজেশ্বরি দেব্যা।	২৯৫৫৸১	......	৪৪৶৩
৩২৫৮	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ১০ গণ্ডা ...	ঐ	১৯৭৶৯	......	৫১৸/৯
৩৩০৫	সাইস্তানগর পং হিঃ ।/৬৫ গণ্ডা।	৬৪৪।৶৫	......	হিসাব পৃথক হিঃ ৶২। কড়া ...	শরৎচন্দ্র রায় চৌধুরি ...	১২৫৲/৯	......	৩৮৶৩
৩৩০৫	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ৶১ আনা	দক্ষীণা দেব্যা ...	৯০॥/১১	......	২৬৸/২॥
৩৩১৩	আমাতুল্লা তালুক হিঃ ॥৶১৮ গণ্ডা পং সাইস্তানগর।	৮৭১॥৶৪।	......	এজমালী হিঃ ৶১৮।৶১৬ ছটাক	রাজা আগাবদ্দীন ওরফে জঙ্গবর মিঞা গং।	২১৩॥৶৮৲।	......	২৫৲

তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩১৫৮	তপে সুলতানাবাদ জমিদারি	২৩১২৮৫/৫	......	হিসাব পৃথক হিঃ ৶১১৮৮=১০ ক্রান্ত।	সৈদমাজমালী চৌধুরী ...	২৯০৭।১০	.....	৯৩৭৩
৩৮৪৬	সিলিমাবাদ পঃ হিঃ ১২। গণ্ডা	৩৬৮২৶৫	......	এজমালি হিঃ ।৵১০ আনা ...	উমাচরণ চক্রবর্ত্তী ...	২৪১৬।৶২	......	৮৩৭৶৫
৩৮৬৫	আবদুল্লাপুর তপপা হিঃ ।৶১৩। গণ্ডা।	২৩৬৭৸০	ষোল আনা	......	দুর্গাচরণ পাল ...	......	৬২।১১	......
৪৫৩৯	বাজারাজীদরি আবাদ অন্নপূর্ণা চৌধুরাণী ও পার্ব্বতি দাসী তালুক পঃ চন্দ্রদ্বিপা।	৫৯৯৪	......	এজমালী হিঃ ৸০ আনা ...	রাসমনী ...	৪৪৯৬।০	......	১৯৩৪।।০
৪৫৪৬	পদ্মা ওরফে রসুলাপুর চর পঃ কাশীমপুর সেহাপট্টী।	৫০৮৩	ষোল আনা	......	আমিরন্নেছা খাতুন গয়রহ ...	......	২০২৪৲	......
৪৬৪৪	কালীবাড়ি আবাদ এছমাইল খাঁ তালুক পঃ আওরঙ্গপুর	২০৮৩৲	ঐ	......	বিশ্বেশ্বর রায় চৌধুরি গয়রহ	......	৪০।০	......
৫১৯৩	রামদেব দত্ত তালুক মৌজে বারাহীপুর পঃ গোপালপুর ব্রহ্মাণপুর।	৬৯২৲ রাস্তাখরচ ৭৲ ৬৯৯৲	ঐ	......	জেঘারদ্দী হাওলাদার গয়রহ	......	১৸০	......
৫২১১	কুমরিয়াচক হিঃ ৸১৮।—ক্রান্ত পঃ উত্তর সাহাবাজপুর।	১১৫৭।।৶১ রাস্তাখরচ ১১।১১ ১১৬৯৲	......	এনালভী হিঃ।১৭।=২৮ ...	গোলামালী চৌধুরি গয়রহ ...	৩৮০৫৫	......	৩৭।।৩।।
৬৪১২	তপে তাজীমপুর ও পঃ বাঙ্গাপুরের অন্তর্গতঃ ১৩২নং থাক মৌঃ দরিচর লক্ষ্মীপুর ওরফে পানাশী চরের গত সরবের অতিরিক্ত জুমী মহাল।	৫২৮৲	ষোল আনা	......	আবদুল মজীদ কাজী চৌধুরি	......	১৯৮৲	......

A. L. CLAY,
Collector.

বিজ্ঞাপন।

জেলা ঢাকার কালেক্টরির নিম্নলিখিত মহাল।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ঢাকা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯।৭ই জানুয়ারি তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	[illegible]	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৪	পং বন্দরখোলা হিঃ ।।০ আনা মঃ মহাম্মদ রাজা।	১৬৭০৬৶১০৷৷	.....	কিং রাজাবাড়ী মাকুহাটী গয়রহ।	পুর্ণচন্দ্র ও উমেশচন্দ্র সরকার দীগর।	২৫৩।।০	...	৮৫।।৶১০৬১
১০৬	পং নরুল্লাপুর হিং ।।৶১৩।/ ক্রান্ত মৌলবী আবদুল আলী।	২১৯৯।১১।।	......	হিং ৶০ আনী	মির মহম্মদ মকারদ হোসেন এবং ফ মিলন মিঞা দীঃ।	২৭৪৮৶৭।।	......	১৩৭।।৶৬
১৯৪	পং রাজনগর চাং নুরপুর নুরন্নেছা।	৭০৮।।/১১৮	......	অবশিষ্ট ...	নুসনি খনম ও সাহাজাদি বেগম গয়রহ।	৩১৪।১১৮	......	১০৫।।/৫।।
২৭২	পং সাহেবাবাদ পেশকোষ দেওয়ানি বঃ মৃজা হয়দর আলী।	৫৩৩।/৪	সম্পূর্ণ মহাল	......	জগচ্চন্দ্র ধর এবং সাস্তমনী দাস্যা মেনেজার পক্ষে বিপীন বেহারি পোদ্দার ওগয়রহ	......	২৮।।৶১	......
১৯৩	তাং বৃন্দাবন চন্দ্র রাধা কিশোর সেন হিং ।।০ আনা।	১৪৫২।।/১	......	অবশিষ্ট ..	রূপলাল ও রঘুনাথ দাস এবং ওগয়রহ।	৫১৪।।৶২।।	......	৫৪৲৪৶০
৫৬২	সহর চান্দিনা ময় পেশকোষ চান্দিনা মৌ বি আব্দুল আলী।	১৮৯৮।।৶৮	......	ঐ	প্রতাপ চন্দ্র দাস দীগর।	৬৬৪।।১	......	১১১/৬
৫৬৯	পং বিক্রমপুর তাং রামগঙ্গা বসু।	৬৮৪৶০	......	ঐ	সিতামনী ও বিশ্বেশ্বরী গয়রহ।	৩৪১/৬	....	৩১।।৶১
৪৩৪২	পং চান্দ প্রতাপ খালিসা তাং নন্দরাম মজুমদার।	৫১৫।৶৩	......	ঐ	নিতাই হরি ও কালা চন্দ্র রায় ওগয়রহ	১৭০৮/১০।	......	২৫৮৶৯।
৪৩৪৯	পং পাট পাসার তাং গোলাম হোসেন চৌধুরী।	৯৩০৶১১।০	....	অবশিষ্ট ...	লোকনাথ সাহা গয়রহ	৩৫৯/৯	......	১৬।।৶১০
৮৪৩৪	চর বক্তাবলি ...	৫৮৪৲	সম্পূর্ণ মহাল	......	প্রাণনাথ পাঁড়ে এবং প্রসন্নকুমারী দেব্যা গয়রহ।	.....	১৫৪৲	......
৯০৮৪	চর জামনা কামতার মধ্যগত চর হরগঞ্জ।	২২৯৬৲	ঐ	......	নিলমাধব রায় গয়রহ	......	৫৭৫৲	.....
৯১০১	চর মৃজাপুরের মধ্যগত চরতিল্লি।	১১৮৭৲	ঐ	......	বৈকুণ্ঠচন্দ্র মেত্রাণী গয়রহ।	......	২৯১৲	......
৯৬৭৫	প উত্তরসাহাপুর চর দিঘনদী।	১১২১৲	.....	হিং ৭৶/২ দন্তী	চন্দ্রকলা চৌধরানী গয়রহ।	২৭।।৶০	......	৬৸৶০
৯৭৬২	পং বরদাখাত চর দেলওয়ারপুর।	৪১৯৯৲	সম্পূর্ণ মহাল।	......	মুন্সী গোলাম মণ্ডল গয়রহ।	......	১০৪০৸৶.	......
১০৫০৭	পং বিরাহিমপুর তাং দেতো।	৮১৬৸০	ঐ	......	রাসমনী চৌধুরী গয়রহ।	......	৯৬৲	....

L. HARE, offg. Collector.

জিলা পাবনা।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬।৭।১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা পাবনার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৮৮ সালের কিস্তী সেপ্টেম্বরের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮। ২৯ ডিসেম্বর মোং ১২৯৫ সালের ১৫ পৌষ শনিবার দিবসে বিক্রয় করা যাইবেক। ১৮৮৮। ১৪ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলামে বিক্রয় হইবে কিনা।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	কেবল অংশমাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কেবল অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	মন্তব্য কথা।
৩২০.	কিঃ এরণ্ড বহতি পঃ বড়বাজু।	৮৫৪।৶	অংশ ...	আমির ছেছা খাতুন দিগের এজমালি অংশ।	আমির ছেছা খাতুন মাদরে অলি মহাফেজ আবদুল হাই প্রভৃতি।	৭০৲৵০	......	১৪।/০	এই মহালের হিসাব পৃথক আছে প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক। বাকী না পড়া অংশ — বাকীপড়া অংশ যাহার এস্তাহার ৫০০ টাকার ন্যূন জন্য গেজেটে দেওয়া হইল না। জাহ্নবী চৌরাণী ৪৮।১/০ মহিমাচন্দ্র জোয়ারদার একাব্বর ফকির ২৭।।৶ ২৭।১/০ ওহিমদ্দি মুন্সী প্রভৃতি ৫৫।/০
৩২৭	জমিদারী হিস্যা ১৯৮ গণ্ডা পঃ বড়বাজু।	৭৬৪৸৶	......	ব্রজময়ী চৌধুরাণী দিগরের এজমালী অংশ।	ব্রজময়ী চৌধুরাণী প্রভৃতি।	০৬৩	......	৪৬৶০	এই মহালের হিসাব পৃথক আছে প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক। বাকি না পড়া অংশ। গঙ্গাচরণ মজুমদার ১৸৶০

RAJANI KUMAR DATTA,
for Collector.

জিলা ঢাকা।—নীলামের বিজ্ঞাপন।

এতদ্দ্বারা জ্ঞাত করান যাইতেছে যে ঢাকা জিলার অন্তঃপাতী নিম্নলিখিত মহালের ২৶ আট কড়া তিন কাগ অংশ লালবাগ থানার স্বাধীন পলাসোণা গ্রাম নিবাসী নিবারণচন্দ্র ঘোষ আসামী ফেরার হওয়ায় ১৮৮২ সনের ১০ আইনের ৮৮ ধারার বিধানমতে সরকারে জব্দ হইয়াছে। ঐ সম্পত্তি ১৮৮৯ সনের ৭ জানুয়ারি মোতাবেক ১২৯৫ সনের ২৪ পৌষ ঢাকার কালেক্টরির কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা যাইবে। ইতি সন ১৮৮৮ সাল। তারিখ ২১ নবেম্বর।

নিলাম খরিদদার নিম্নলিখিত নিয়মে বাধ্য থাকিবেন।

১। যাহার ডাক সর্ব্বাপেক্ষা অধিক হইবে তাহার নিকট বিক্রয় করা যাইবে।

২। মহালে ইতিপূর্ব্বে উক্ত ফেরারী আসামীর যে স্বত্ব ছিল নিলাম খরিদদার সেই স্বত্বে স্বত্ববান হইবেন।

৩। মূল্য ১০০৲ একশত টাকার অনধিক হইলে সমস্ত টাকা এক কালে সেই সময়ে দিতে হইবে।

৪। মূল্য ১০০৲ টাকার অধিক হইলে যত টাকা ডাক হইবে তাহার এক চতুর্থাংশ তখনই দিতে হইবে নিলামের তারিখ অবধি পঞ্চদশ দিবসের মধ্যাহ্ন পর্য্যন্ত, সেই দিবস আফিস বন্ধ থাকিলে তৎপরবর্ত্তী, আফিস খুলিবার প্রথম দ্বিপ্রহরের মধ্যে বাকী টাকা না দিলে নিলাম বাতিল হইয়া জমার টাকা সরকারে জব্দ হইবে, এবং প্রথম নিলাম কালের ন্যায় ইস্তাহার জারি পূর্ব্বক মহাল পুনরায় নিলাম করা যাইবে। পরের নিলাম ডাক কম হইলে পূর্ব্ব ক্রেতা তজ্জন্য দায়ী থাকিবে ইতি।

তপসীল।

তৌজির নম্বর।	মহালের নাম।	মোট মহালের সদর জমা।	যে অংশ নিলাম হইবে।	আপসেট প্রাইছ।
৮৩৭০	পং রণভাওয়াল হিস্যা ৶০ আনী লাখেরাজ বাজেয়াপ্ত সরকার বাহাদুর দায়মি বন্দোবস্ত তালুক রঘুনাথ ঘোষ ও কালাচাঁদ ঘোষ মৌজে পলাসোণা ও রুদ্রপুর।	১২৲৭॥	২৶ অষ্ট কড়া তিন কাগ।	১০৲

Dacca Collectorate
The 22d. November, 1888.

L. HARE,
Offg. Collector.

জিলা বর্দ্ধমান।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের সর্ত্ত অনুসারে বর্দ্ধমান জেলাস্থিত সব-ডিভিসন রাণিগঞ্জের এলাকা ভুক্ত শীতারামপুর গ্রামের পুরাতন পোষ্ট আপীসের জায়গায় গবর্ণমেন্টের যে স্বত্ব আছে তাহা নিষ্কর স্বরূপে জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে ১৮৮৯ সালের ১২ জানুয়ারি মোং বাঙ্গালা ১২৯৫।২৯ পৌষ শনিবার তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদদারগণ নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্য যাহা নিলাম কালিন স্থির হইবেক তদপেক্ষায় যে ব্যক্তি মূল্য দিতে স্বীকার করিবেন তাহাকে বিক্রয় করা যাইবেক।

২। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে মূল্যের সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণন করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হওয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ত্রুটীকারি খরিদদারের ঝুকিতে পুনরায় নিলাম করা যাইবেক।

৪। নিলাম মঞ্জুর হইলে খরিদারদিগকে দখল দেওয়া যাইবেক। ইতি ১৮৮৮ সাল ৮ নবেম্বর।

লাটের তৌজির নম্বর।	জেলা।	মৌজা পরগণা।	একর হিসাবে জমির পরিমাণ।		জমির বাউণ্ডরি।
১	বর্দ্ধমান	সীতারামপুর পং সেরগড়।	এঃ গ্রোঃ পোল ০।০।২৭	০	উত্তর।—মেশেশ লাল বিহারি মিস্ত্রীর দোকান। দক্ষিণ।—উকলট সাহেবের বাটী পশ্চীম।—কিডর রোড। পূর্ব্ব।—কানাঞী গোপের আবাদী জমী।

H. SAVAGE,
Offg. Collector.

বিজ্ঞাপন।

জিলা ত্রিপুরার জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ত্রিপুরা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ ই, ৭ জানুয়ারি তারিখে নিলাম বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮ ইং ৬ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐং অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	[illegible]
১৮৯	নওরা মহাল পং মহচাইন।	৭০॥/১	না	৴ অংশ ...	হাকিমান্নেছা বিবি চৌধুরাইন ও গয়রহ	৮৮৵১৲২৬	.....	মাং ভাদ্র ১২৯৫ সাল ১॥৶৬৲১৩॥
২৩৬	রামধন মজুমদার তালুক পং মহবতপুর।	১১৮৯৸/১০	ঐ	॥৶১৩।/ ...	আলমরাজা ওরফ ইদনগাজী চৌধুরি গয়রহ।	৭৯৩৶১১	......	মাং ভাদ্র ১২৯৫ সাল ১০৪৸৶৭
২৫৩	নাঃ রহিম মজুমদার তালুক পং মহবতপুর।	২৬১৪॥৵৪	ঐ	১২//৬ জব ...	মৌলবি মহাম্মদ কজেম খাঁ।	১০১৷৵৩৲৮।	......	মাং ভাদ্র ১২৯৫ সাল ২৬॥৶.।
১৮৯৮	কাজি আরা কিসমত গয়রহ ১৭ নং ডিহি পং মেহার।	৯৬।৵১	পুরা জাম।	.....	শ্রীমতি কৃষ্ণমণী চৌধুরাইন ও গয়রহ	......	কিং আগষ্ট ১৮৮৮ইং ।৮	......
১৯৩৩	পং নরদাখাত হিং ॥৶১৩।/ ক্রান্ত বহুল্যাবাদ জোতার	৩২৬৯৬৵১১	ঐ	.....	কমলাকান্ত পোদ্দার ও গয়রহ।	......	কিং তথা ৬২০।৭	......
ঐ	পং হিং তথা তিন্ন চিট্টাজোতার।	৬৬৩৮৩	ঐ	......	দুর্গাচরণ দাস মজুমদা গয়রহ।	......	কিং তথা ১০৩॥৶০	......
ঐ	পং হিং তথা টামট পুটীয়া জোতার	২২৯৩	ঐ	.....	রাজকুমার দত্ত গয়রহ।	......	কিং তথা ৩৫৮	......
ঐ	পং হিং তথা সাঁজুনা জোতার।	১২০৪	ঐ	......	শ্রীমতি মক্তাকেশী গুপ্ত গয়রহ।	.....	কিং তথা ১৭৮৶	......
ঐ	পং তথা দেয়ারাচারিপারা যোজা।	১৪৫১/৩	ঐ	......	কালীদাস ভদ্র গয়রহ।	......	কিং তথা ২২৬॥৶৯	......

KALI SUNKER SEN,
Dy. Collector in Charge.

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণকে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে, যে সুপ্রসিদ্ধ কার্ত্তিক বারুণী মেলা প্রতিবৎসর ঢাকা জেলার মধ্যে ধলেশ্বরী নদীর তীরে মুন্সিগঞ্জের নিকট হইয়া থাকে তাহা ইং ১৮৮৮ সালের ১৮ই নবেম্বর তারিখে অর্থাৎ সন ১২৯৫ সালের ৪ অগ্রহায়ণ তারিখে আরম্ভ হইয়া ইং ১৮৮৮ সালের ২৯শে ডিসেম্বর পর্য্যন্ত থাকিবে। ব্যবসাদার দোকানদার প্রভৃতি ঐ ছয় সপ্তাহকাল ক্রয় বিক্রয় করিতে পারিবে।

ঢাকা,
ডিষ্ট্রিক্ট বোর্ডের আপিস।
১২ই সেপ্টেম্বর ১৮৮৮ সাল।

আর, হেয়ার,
চেয়ারম্যান।

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; por eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিনকোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪।। টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮।।০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬।।০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫।। টাকা; ৮ আউন্স টিন ১০।।০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টিনে ৸০ বার আনা ডাক মাশুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবাঁধা সিনকোনা।

লাল সিনকোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিনকোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬।।০ টাকায়, ৮ ঔন্স টিন ১২।।০ টাকায়, ও ১ পোণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানীর বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকটে নগদ মূল্য দিলে এই হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮।।০ টাকায় ৮ ঔন্স টীন ১৬।।০ টাকায় ও ১ পোণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ।।০ আনা, ও ১ পোণ্ড টিনের ৸০ আনা ডাক মাশুল দিতে হইবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

F. Max Müller, M.A., in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study hese ancient documents more accessible. I doubt not that the time will come when no one in India ill call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8 Hastings Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ৷/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* wil henceforward be at the following rates, payable in advance:—

For the Mofussil.		Rs.	A.	P.	
Entire Gazette		10	0	0	per annum.
	Postage	2	8	0	"
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal		4	0	0	"
	Postage	1	0	0	"
For a single copy—					
Entire Gazette		0	4	0	
	Postage	0	1	0	
Parts III, IV, V, and VI		0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
	Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,

Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।

		টাকা
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	"	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	"	৪৲
ডাকমাশুল	"	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য		।০
ডাকমাশুল		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)... ...	...	৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাশুল	...	৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাশুল লাগিবে না।

ই, এস, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং জোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

Note—*Rates for Advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half "	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ১০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই২।—

				টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	...	...	২০৲
আধ পৃষ্ঠা	...	...	...	১০৲
কথন২ ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি		...	...	।০

INSOLVENCY NOTICES.

Court for the Relief of Insolvent Debtors at Calcutta.

In the matter of ALFRED RITZ and another, (RITZ REINHOLD and FEILMANN), Insolvents.

Notice is hereby given that Saturday, the 12th day of January next is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Official Assignee from the 19th day of April until the 20th day of November 1888, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

The like Notice.—In the matter of MANUK THEODORE MANUK, 2nd Insolvency, an Insolvent.—Wherein the account of the Official Assignee from 1st September 1886 to 20th November 1888, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of JOHN THOMAS HORNETT, an Insolvent.—Wherein the account of the Official Assignee from 3rd August to 20th November 1888, has been filed in the Chief Clerk's Office.

Official Assignee's Office,
Calcutta, 30th November 1888.

A. B. Miller,
Official Assignee.

(28—1)

কলিকাতা বেঙ্গল সেক্রেটারিয়েট প্রেসে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস মুইন সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 2576 [২৫৭৬]

REGISTERED No. 30.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 11, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ১১ ডিসেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No 3342A.

REGISTRATION.—*The 3rd December* 1888.—Baboo Mohim Chunder Roy Chowdhry, Rural Sub-Registrar, Kooshtea, is appointed to act as Special Sub-Registrar of Bogra, during the absence, on leave, of Moulvi Syed Mohamad Hossain, or until further orders.

The 4th December 1888.—Munshi Syed-uz-Zaman is appointed to be Rural Sub-Registrar of Dewangunge, in the district of Mymensingh, with effect from the 1st October 1888.

J. WARE EDGAR,
Chief Secretary to the Govt. of Bengal.

FOREST DEPARTMENT—BENGAL.

NOTIFICATION.

The 26th November 1888.—Under the provisions of section 25 (*i*) of the Indian Forest Act (VII of 1878), the Lieutenant-Governor is pleased to sanction the closing of the reserved forests of the Darjeeling Terai and lower hills (Kurseong and Teesta sub-divisions of the Darjeeling Forest Division), as well as those of the district of Julpigoree (Julpigoree and Buxa forest sub-divisions) against hunting, shooting, and fishing from the 15th December, 1888, to the 1st June, 1889, except with the written permission of the Conservator of Forests or of the Local Government.

P. NOLAN,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th November 1888.—Under the provisions of section 25 (*i*) of the Indian Forest Act (VII of 1878), the Lieutenant-Governor is pleased to sanction the closing of the reserved forests in the Palamow and Hazaribagh sub-divisions of the Chota Nagpore Forest Division against hunting, shooting, and fishing from the 15th December, 1888, to the 1st June 1889, except with the written permission of the Conservator of Forests or of the Local Government.

P. NOLAN,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 3rd December 1888.—Under the powers vested in him by section 3 of Act V (B.C.) of 1875, the Lieutenant-Governor is pleased to order that a survey shall be made, and that the boundaries of estates, tenures, mouzahs, and fields shall be demarcated, of the lands comprised in old thana Ramoo, in the district of Chittagong, with the exception of the Island of Moheshkhal, and bounded as follows:—

North.—By Meda river and hills on the north of mouzah Khoontakhally.
South.—By Rizoo river.
West.—By the sea and the Moheshkhal channel.
East.—By the boundary line between the regulation district of Chittagong and the Hill Tracts as laid down by notification of 3rd September, 1880, published at page 816 of the *Calcutta Gazette* of 8th September, 1880.

P. NOLAN,
Secretary to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩৩৪২ A নম্বর।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮৮ সাল ৩ ডিসেম্বর।—শ্রীযুত মৌলবী সৈয়দ মহম্মদ হুসেনের ছুটী প্রযুক্ত অনুপস্থিত কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় কুষ্টিয়ার গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু মহিমচন্দ্র রায় চৌধুরী বগুড়ার বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৮ সাল ৪ ডিসেম্বর।—শ্রীযুত মুনুশী সৈয়দ উজ-জামান ১৮৮৮ সালের ১ অক্টোবর অবধি ময়মনসিংহ জিলার অন্তর্গত দেওয়ানগঞ্জের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশে গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বঙ্গদেশের বন সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৬ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় বন বিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ২৫ (ঝ) ধারার বিধানানুসারে দার্জ্জিলিঙ্গ তেরাইর ও নিম্নতর পাহাড়ের (দার্জ্জিলিঙ্গ বন খণ্ডের অন্তর্গত কর্সিয়ঙ্গ ও তিস্তা উপখণ্ডের) এবং জলপাইগুড়ি জিলার অন্তর্গত (জলপাইগুড়ি ও বক্স বনোপখণ্ডের) রক্ষিত বনে বনরক্ষকের বা স্থানীয় গবর্ণমেণ্টের লিখিত অনুমতি বিনা ১৮৮৮ সালের ডিসেম্বর মাসের ১৫ তারিখ হইতে ১৮৮৯ সালের জুন মাসের ১ তারিখ পর্য্যন্ত শিকার করণ, বন্দুকদ্বারা পক্ষ্যাদি মারণ ও মৎস্য ধরণ বন্ধ করিবার অনুমতি দিলেন।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৬ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় বন বিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ২৫ (ঝ) ধারার বিধানানুসারে ছোট নাগপুর বনখণ্ডের অন্তর্গত পালামৌ ও হাজারীবাগ উপখণ্ডের রক্ষিত বনে, বনরক্ষকের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের লিখিত অনুমতি ভিন্ন ১৮৮৮ সালের ১৫ ডিসেম্বর হইতে ১৮৮৯ সালের ১ জুন পর্য্যন্ত শিকারকরণ, বন্দুক দ্বারা পক্ষ্যাদি মারণ ও মৎস্য ধরণ বন্ধ করিবার অনুমতি দিলেন।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৩ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনের ৩ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি এই আজ্ঞা করিলেন যে, চট্টগ্রাম জিলার অন্তর্গত পুরাতন রামু থানার সামিল মহেশখাল দ্বীপ ভিন্ন সকল জরীপ করিয়া তদন্তর্গত ভূমি মহালের, মধ্যস্বত্বের, মৌজার, ও ক্ষেত্রের সীমার চিহ্ন দেওয়া যায়। উক্ত ভূমির সীমা এই২,—

উত্তর সীমা।—মেদানদী এবং খুঁটাখালী মৌজার উত্তরদিকস্থ পাহাড়।

দক্ষিণ সীমা।—খজু নদী।

পশ্চিম সীমা।—সমুদ্র ও মহেশখাল খাড়ি।

পূর্ব্ব সীমা।—১৮৮০ সালের ডিসেম্বর মাসের ৭ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ১১৬৫ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮০ সালের ৩ সেপ্টেম্বর তারিখের বিজ্ঞাপনে লিখিত আইনের অধীন চট্টগ্রাম জিলার ও পর্ব্বতীয় প্রদেশের মধ্যগত সীমার রেখা।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

NOTIFICATION.

The 3rd December 1888.—It is hereby notified that, under section 2 of Act IX (B.C.) of 1880, the Lieutenant-Governor has been pleased to exempt from the operation of that Act all land which is held by the Government as part of, or for the purposes of, the Sone Canals.

H. J. S. COTTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3343A.

The 3rd December, 1888.—Baboo Gopal Chandra Bosé, Munsif of Anwara, in the district of Chittagong, is appointed to be a Munsif in that district, to be ordinarily stationed at Patiya.

Baboo Gopal Chandra Bose is also vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Patiya Munsifi.

The 4th December, 1888.—Baboo Binod Behari Mitter, Second Munsif of Basirhat, in the district of the 24-Pergunnahs, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Basirhat Munsifi, during the absence, on leave, of Baboo Durga Churn Ghose or until further orders.

NOTIFICATION.

The 30th November 1888.—The following rule, which has been added with the approval of the Lieutenant-Governor to the rules framed under section 69 of Act III of 1877 (the Indian Registration Act), is published for general information :—

33A.—All processes issued under the above rules to any district, the vernacular of which differs from that in which the process is written, should invariably be accompanied by a translation in English.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৩ ডিসেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, সোণ খালের অংশস্বরূপ কিম্বা সোণ খালের কার্য্যার্থে যত ভূমি গবর্ণমেণ্টের অধিকারে আছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের ২ ধারামতে সেই সমুদয় ভূমি উক্ত আইনের কার্য্য হইতে মুক্ত করিলেন।

এচ, জে, এস, কটন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৩৪৩ A নম্বর।

১৮৮৮ সাল ৩ ডিসেম্বর।—চট্টগ্রাম জিলার অন্তর্গত আনওয়ারার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র বসু, উক্ত জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ পতিয়ায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র বসু পতিয়া মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

১৮৮৮ সাল ৪ ডিসেম্বর।—শ্রীযুত বাবু দুর্গাচরণ ঘোষের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ২৪ পরগনা জিলার অন্তর্গত বশীরহাটের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু বিনোদ বিহারী মিত্র বশীরহাট মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের নিমিত্তে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশর গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৩০ নবেম্বর।—ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৬৯ ধারা মতে প্রণীত বিধিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদন সহকারে নিম্নলিখিত যে ধারা যোগ করা গিয়াছে তাহা সাধারণের অবগতার্থে প্রকাশ করা গেল।

৩৩ক।—কোন জিলায় উপরোক্ত ধারামতে যে সকল পরওয়ানা দেওয়া যায়, পরওয়ানা যে চলিত ভাষায় লিখিত হইল সেই ভাষা হইতে উক্ত জিলার চলিত ভাষা ভিন্ন হইলে, সর্ব্বদাই তাহার সঙ্গে ইংরাজী ভাষার অনুবাদ দিতে হইবে।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 11, 1888.

মঙ্গলবার ১৮৮৮ সাল ১১ ডিসেম্বর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

The 12th November 1888.—It is hereby notified that, in the exercise of the power conferred upon him by section 342 of Act IV (B.C.) of 1876, the Lieutenant-Governor is pleased to confirm the following bye-law, which has been framed by the Commissioners of the Calcutta Municipality, under section 340 of the Act, and published in the English and Bengalee Government Gazettes in the manner prescribed by section 343 of the said Act :—

No. 59A. When no separate arrangements are made for the removal of refuse, resulting from any business, trade, or profession, which refuse is of a description that ought to be removed, the Commissioners will charge the person carrying on such business, trade, or profession the same fee for its removal as if it had actually been deposited in the public streets.

H. J. S. COTTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28th November 1888.—Whereas a notification, dated the 6th August 1888, was published at page 356, Part IB of the *Calcutta Gazette* of the 8th August 1888, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Act IV (B.C.) of 1871, the Pooree Lodging-house Act, as amended by Act II (B.C.) of 1879 and Act I (B.C.) of 1884, to the places of pilgrimage known as (*a*) Surja Kund and Labona Kund, (*b*) Sita Kund, (*c*) Barab Kund, and the lines of road leading to them, within the boundaries specified below, and whereas no valid objections have been raised to the proposal, it is hereby notified, for general information, that, under section 3, Act II (B.C.) of 1879, the Lieutenant-Governor extends the provisions of the above Act to the places mentioned.—

North.—From a point on the Trunk Road 440 yards north of the Labanokhya Bazar westwards for 440 yards and eastwards to a point 440 yards north of the Surja Kund, thence east till it meets the eastern boundary.

West.—A line 440 yards west of the Trunk Road starting in the north from the end of the northern boundary and meeting the southern boundary as defined below.

South.—From a point on the Trunk Road 440 yards south of the Khatghur Bazar, the southern boundary runs both ways east and west on the east till it meets the eastern boundary at a point 440 yards south of the Barab Kund on the west till it meets the western boundary.

East.—By a line drawn from north to south falling 440 yards east of the Surja Kund, Sita Kund, and Barab Kund, and extended till it meets the north and south boundaries.

H. J. S. COTTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 2nd December 1888.—Whereas a notification, dated the 4th August 1888, was published at page 354, Part IB of the *Calcutta Gazette* of the 8th August 1888, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of clause 1, section 273 of Act III (B.C.) of 1884, to the Hazaribagh Municipality, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Hazaribagh Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of clause 1, section 273 of the Municipal Act to the said Municipality.

H. J. S. COTTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২ নবেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৩৪২ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইনের ৩৪০ ধারামতে কলিকাতা মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রণীত নিম্নলিখিত যে উপবিধি উক্ত আইনের ৩৪৩ ধারার নির্দ্দিষ্টমতে ইংরাজী ও বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত হইয়াছে তাহা দৃঢ় করিলেন।

"৫৯ A নং—যেরূপ আবর্জনা স্থানান্তর করা উচিত, কোন কর্ম্ম বাণিজ্য বা ব্যবসায় হইতে তদ্রূপ আবর্জনা উৎপন্ন হইলে তাহা স্থানান্তর করিবার স্বতন্ত্র কোন বন্দোবস্ত করা না গেলে ঐ আবর্জনা বাস্তবিক সরকারী পথে জমা করা গেলে তাহা স্থানান্তর করিবার জন্য যে ফী লওয়া যাইত, যে ব্যক্তি উক্ত কর্ম্ম, বাণিজ্য বা ব্যবসায় চালান কমিশনরেরা তাঁহার স্থানে ঐ আবর্জনা স্থানান্তর করণার্থে সেই ফী লইবেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৮ নবেম্বর।—(ক) সূর্য্যকুণ্ড ও লবণকুণ্ড (খ) সীতাকুণ্ড (গ) বাড়বকুণ্ড নামে খ্যাত তীর্থ স্থানে ও নিম্ননির্দ্দিষ্ট সীমার অন্তর্গত সেই সেই স্থানে যাইবার পথে ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইন ও ১৮৮৪ সালের বঙ্গীয় ১ আইনের দ্বারা সংশোধিত পুরীর বাসাবাড়ী বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ৬ আগষ্ট তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৮ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৩১৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত প্রস্তাব সম্বন্ধে যুক্তিসিদ্ধ কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনের ৩ ধারামতে উক্ত আইনের বিধান নিম্নলিখিত সকল স্থানে প্রচলিত করিলেন।

উত্তর সীমা।—লবণাক্ষ বাজারের ৪৪০ গজ উত্তর ট্রঙ্ক রোডের কোন বিন্দু হইতে পশ্চিম মুখে ৪৪০ গজ ও পূর্ব্ব মুখে সূর্য্য কুণ্ডের ৪৪০ গজ উত্তর কোন বিন্দু পর্য্যন্ত যায়, তথা হইতে পূর্ব্ব সীমায় না মিলন পর্য্যন্ত পূর্ব্বমুখে যায়।

পশ্চিম সীমা।—উত্তর সীমার শেষ হইতে উত্তরদিকে উত্থিত হইয়া নিম্নলিখিত মত দক্ষিণ সীমায় মিলে, ট্রঙ্ক রোডের ৪৪০ গজ পশ্চিমে এমত এক রেখা।

দক্ষিণ সীমা।—খাটুগড় বাজারের ৪৪০ গজ দক্ষিণ ট্রঙ্ক রোডের কোন বিন্দু হইতে পশ্চিম সীমায় না মিলন পর্য্যন্ত পশ্চিম মুখে, ও পূর্ব্বমুখে বাড়ব কুণ্ডের ৪৪০ গজ দক্ষিণ কোন বিন্দুতে পূর্ব্বসীমায় না মিলন পর্য্যন্ত যায়।

পূর্ব্ব সীমা।—সূর্য্যকুণ্ড, সীতাকুণ্ড ও বাড়ব কুণ্ডের ৪৪০ গজ পূর্ব্ব দিয়া উত্তর, দক্ষিণ টানা এক রেখা। উত্তর ও দক্ষিণ সীমায় না মিলন পর্য্যন্ত ঐ রেখা যায়।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২ ডিসেম্বর।—হাজারীবাগ মুনিসিপালিটীতে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭৩ ধারার ১ প্রকরণের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ৪ আগষ্ট তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৮ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৩৫৪ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং হাজারীবাগ মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধ ক্রমে মুনিসিপাল আইনের উক্ত ২৭৩ ধারার ১ প্রকরণের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION.

The 2nd December 1888.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 221 of Act III (B.C.) of 1884, and in accordance with the recommendation of the Commissioners of the Sherepore Municipality, in the district of Mymensingh, made at a meeting, to extend the provisions of Part VI of the said Act to the above Municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

H. J. S. Cotton,
Offg. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২ ডিসেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ময়মনসিংহ জিলার অন্তর্গত শেরপুর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২২১ ধারা মতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর কমিশনরদিগের অনুরোধক্রমে উক্ত আইনের ষষ্ঠ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

এচ, জে, এস, কটন,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION.

The 25th October 1888.—The following rules, framed by the Magistrate of Beerbhoom, with the approval of the Commissioner of the Burdwan Division, under section 15 of the Bengal Ferries Act, I (B.C.) of 1885, have been accepted by the Lieutenant-Governor, and are published for general information.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

RULES UNDER SECTION 15, ACT I (B.C.) OF 1885, FOR THE DISTRICT OF BEERBHOOM.

Rule 1.—In these rules the term "Magistrate" includes—

(*a*) the District Magistrate of Beerbhoom and any Magistrate subordinate to him and appointed by him in that behalf;

(*b*) the District Board of Beerbhoom in respect of any public ferry the management of which has been vested in it under section 35 of Act I (B.C.) of 1885; and any Local Board in the district of Beerbhoom when legally vested with powers in respect of any public ferry by the District Board of Beerbhoom.

Rule 2.—Every public ferry in the district of Beerbhoom shall either be held khas by the Magistrate or be leased by public auction.

Rules for the management of public ferries held khas.

Rule 3.—For every public ferry which is held khas, the Magistrate shall from time to time—

(*a*) provide such boats, landing-stage, rest-houses, and other appliances as he shall think proper;

(*b*) appoint a suitable person to superintend the plying of the ferry, provide and pay boatmen, receive the authorised tolls, and remit the same to the treasury;

(*c*) fix, with the approval of the Commissioner, the tolls to be levied from persons using the ferry;

(*d*) cause a schedule of such tolls, legibly painted in oil-paint in the vernacular, to be fixed up at every landing-place;

(*e*) determine the maximum number of passengers, animals, carts, vehicles, and goods which each ferry-boat shall carry, and cause a notice to this effect to be affixed to each boat;

(*f*) determine the hours within which the boats shall ply, and the minimum number of journeys to be made every day;

(*g*) provide for the prompt conveyance of the mails at all times across the ferry.

Rule 4.—Any person may compound for tolls payable for the use of the ferry; and if the ferry should be closed before the expiry of the period for which such person has compounded for tolls payable for its use, he shall be entitled to a refund, the amount of which shall bear the same proportion to the whole sum paid by him as the period remaining bears to the whole period for which he compounded. Such refund shall be made under the orders of the Magistrate.

Rules for leasing out ferries.

Rule 5.—When it has been determined to lease the tolls of any public ferry by auction under section 9 of Act I (B.C.) of 1885, the Magistrate shall, at least 30 days before the auction is held, cause an advertisement of such auction to be published, both in English and in the vernacular, in such place and in such manner as to him shall seem expedient.

(*a*) Such auction may be adjourned from day to day by notice given in open court without the issue of any fresh advertisement.

Rule 6.—The advertisement shall specify—

(*a*) the time and place of the sale;

(*b*) the period for which the ferry is to be leased, and the dates between which the lessee shall be bound to ply the ferry every year;

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ২৫ অক্টোবর।—বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারা-মতে বর্দ্ধমান খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে বীরভূমের মাজিষ্ট্রেট সাহেবের প্রণীত নিম্নলিখিত বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়াতে, তাহা সাধারণের অবগতির নিমিত্তে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বীরভূম জিলার নিমিত্ত ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ১৫ ধারামতে প্রণীত বিধি।

১ ধারা।—এই বিধিতে "মাজিষ্ট্রেট" শব্দে

(ক) বীরভূম জিলার মাজিষ্ট্রেট ও তাঁহার অধীন যে কোন মাজিষ্ট্রেটকে তিনি তদর্থে নিযুক্ত করেন তিনি,

(খ) ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ৩৫ ধারামতে যে সরকারী খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা বীরভূম জিলাবোর্ডের প্রতি অর্পিত হইয়াছে সেই সরকারী খেয়াঘাট সম্পর্কে ঐ জিলাবোর্ড এবং বীরভূম জিলাবোর্ড কর্ত্তৃক কোন সরকারী খেয়াঘাট সম্পর্কে বীরভূম জিলার অন্তর্গত কোন স্থানীয়বোর্ড আইনমতে ক্ষমতাপ্রাপ্ত হইলে সেই স্থানীয় বোর্ড।

২ ধারা। বীরভূম জিলার অন্তর্গত প্রত্যেক সরকারী খেয়াঘাট হয় মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক খাসে রাখা যাইবে, নয় প্রকাশ্য নীলাম ইজারা দেওয়া যাইবে।

যে সকল সরকারী খেয়াঘাট খাসে থাকে তাহার কার্য্যাধ্যক্ষতা বিষয়ক বিধি।

৩ ধারা।—যে প্রত্যেক সরকারী খেয়াঘাট খাসে থাকে তন্নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব সময়ে২—

(ক) যেরূপ সকল নৌকা, নামিবার স্থান, বিশ্রামের ঘর ও অন্য সরঞ্জামাদির বিধান করা উচিত বোধ করেন তদ্রূপ বিধান করিবেন,

(খ) খেয়ার নৌকার পারাপার কার্য্য তত্ত্বাবধান করিবার জন্য এক জন উপযুক্ত লোক নিযুক্ত করিবেন, দাঁড়ি মাঝি যোগাইবেন ও তাহাদের বেতন দিবেন, অনুমোদিত মাসুল গ্রহণ করিবেন, ও তাহা খাজানাখানায় পাঠাইয়া দিবেন,

(গ) কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে ঐ খেয়ায় যাতায়াতকারি ব্যক্তিদের নিকট যে মাসুল আদায় করিতে হইবে তাহা ধার্য্য করিবেন,

(ঘ) দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া রং দিয়া লিখিত ঐ মাসুলের একখানি ফর্দ্দ দুই পারেরই নামিবার স্থানে লাগাইয়া দিবেন,

(ঙ) খেয়ার প্রত্যেক নৌকায় অত্যুচ্চ যে সংখ্যক আরোহী, জন্তু, গরুরগাড়ী, যান ও মাল লইয়া যাওয়া যাইবে তাহা স্থির করিয়া দিবেন ও ঐ মর্ম্মের এক নোটিস প্রত্যেক নৌকায় লাগাইয়া দিবেন,

(চ) যে২ ঘণ্টার মধ্যে নৌকা যাতায়াত করিবে ও প্রতিদিন অতি কম যত বার পারাপার করিতে হইবে তাহা স্থির করিয়া দিবেন,

(ছ) সকল সময়েই ডাক লইয়া সত্বর পারাপার করিবার বিধান করিবেন।

৪ ধারা।—কোন ব্যক্তি খেয়াঘাট ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে এককালীন চুক্তি করিতে পারিবেন, এবং যে কালের জন্য ঐরূপ চুক্তি করিয়াছেন তাহা অতীত হইবার পূর্ব্বে ঐ খেয়াঘাট বন্ধ করা গেলে তিনি টাকা ফেরত পাইবার স্বত্ববান হইবেন। সমুদয় যে কালের জন্য তিনি চুক্তি করিলেন বাকী কাল সেই কালের যে অংশ যত টাকা তাঁহার প্রদত্ত সমুদয় টাকার সেই অংশ হয় তিনি তত টাকা ফেরত পাইবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশক্রমে ঐরূপ ফেরত টাকা দেওয়া যাইবে।

খেয়াঘাট ইজারা দেওন বিষয়ক বিধি।

৫ ধারা।—১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ৯ ধারামতে কোন সরকারী খেয়াঘাটের মাসুল নীলাম-ক্রমে ইজারা দেওয়া যাইবে স্থির করা গেলে, মাজিষ্ট্রেট সাহেব নীলাম হইবার অন্ততঃ ৩০ দিন পূর্ব্বে যে স্থানে ও যে প্রকারে বিহিত বোধ করেন সেই স্থানে ও সেই প্রকারে ইংরাজী ও দেশীয় ভাষায় ঐ নীলামের এক বিজ্ঞাপন প্রকাশ করাইবেন।

(ক) নূতন কোন বিজ্ঞাপন প্রচার না করিয়া প্রকাশ্য আদালতে পর দিনের নোটিস দিয়া উক্ত নীলাম স্থগিত রাখিতে পারিবেন।

৬ ধারা। ঐ বিজ্ঞাপনে এই২ কথার নির্দ্দেশ থাকিবে—

(ক) যে সময়ে ও স্থানে নীলাম হইবে,

(খ) যে কালের জন্য খেয়াঘাট ইজারা দিতে হইবে ও প্রতি বৎসর যে২ তারিখের মধ্যে ইজারাদার খেয়া চালাইতে বাধ্য হইবেন,

(*c*) the number and description of the boats to be maintained, the strength of the crew to be employed on each, and the maximum number of passengers, animals, vehicles, and the bulk or weight of goods each is authorised to carry;
(*d*) the liability or otherwise of the lessee to provide the boats and to keep them in repair;
(*e*) the liability or otherwise of the lessee to provide and keep in order the landing-stages, and the rest-houses or travellers' sheds, if any, at either or both termini of the crossing;
(*f*) the minimum number of crossings to be made daily at any particular season of the year;
(*g*) the rate of tolls to be levied;
(*h*) the persons and things to be ferried over free of toll as provided in Rule 14;
(*i*) the instalments in which the rent for the ferry is to be paid; and
(*j*) such other particulars as the Magistrate shall consider necessary.

Rule 7.—A copy of the advertisement, and of the Rules and the Form of Agreement required to be executed under section 9 of the Act, shall be posted up in a conspicuous place in the Magistrate's office, and shall be duly notified on the day of the auction.

Rule 8.—On the day of the auction the lessee to whom the ferry has been knocked down shall deposit one quarter's rent as security for the due fulfilment by him of the conditions of his lease. This deposit may, however, at the discretion of the Magistrate, be dispensed with in the case of small ferries in which boats or canoes are not provided by Government.

Rule 9.—In cases in which the ferry is leased for only a year, or part of a year, the lessee shall be held liable for the rent for the entire period the moment the ferry has been knocked down to him. In cases in which the ferry is leased for a number of years, the liability for each year's rent shall accrue from the first day of the year.

Rule 10.—The contract which the lessee will be required to execute under section 9 of the Act shall be in the form appended to these rules. If not executed within two months from date of sale, the Magistrate may re-sell the ferry.

Rule 11.—As soon as the contract has been executed by the lessee, the Magistrate shall furnish him, free of charge, with a copy of these rules, a list of the authorised tolls duly signed under section 19 of the Act, and two notice-boards having legibly painted on them in oil-paint in the vernacular the schedule of tolls applicable to the ferry, the number of boats which the lessee is bound to keep plying, the number of men by whom each boat is to be manned, and the maximum number of passengers, &c., each boat is allowed to carry. The notice-boards shall be fixed by the lessee in a conspicuous place at both ends of the ferry, and shall be kept by him in a proper condition. On the expiry of his lease, they shall be returned by him to the Magistrate.

Rules for the management of ferries leased by public auction, and for regulating their traffic.

Rule 12.—The lessee shall be bound to ferry over diligently, carefully, and with the least possible delay, all passengers, vehicles, animals and goods which may come to the ferry ghât to be ferried over.

Rule 13.—The rate of tolls to be levied shall be those fixed by the Magistrate, with the approval of the Commissioner, under section 18 of the Act.

Rule 14.—The lessee shall not charge or demand tolls for ferrying over—

(*a*) Mails, mail carts, dâk-runners and Government telegraph messengers on duty.
(*b*) Commissariat stores, animals and vehicles, when accompanied by a challan from the Commissariat officer.
(*c*) Military officers, soldiers, and their followers } when travelling on duty with
(*d*) Police and other public officers and process-serving peons } their *bonâ fide* baggage, horses, palkies or other conveyances.
(*e*) Executive officers of the District Road Department when travelling on duty.
(*f*) Coolies engaged in repairing roads, with their tools and instruments.
(*g*) Persons carrying dead bodies or property sent in by the police.

(গ) যত ও যে প্রকার নৌকা রাখিতে হইবে, প্রত্যেক নৌকায় যতজন দাড়িমাঝি রাখিতে হইবে ও প্রত্যেক নৌকায় অত্যুচ্চ সংখ্যক যত আরোহী জন্তু ও যান ও যে আয়তনের বা ওজনের মাল লইয়া যাইবার অনুমতি থাকে,

(ঘ) নৌকা যোগাইয়া দিবার ও তাহা সারাইয়া রাখিবার সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(ঙ) নামিবার স্থান ও খেয়ার এক বা দুই পারেই বিশ্রামের ঘর বা পথিকদিগের ঘর থাকিলে তাহার বিধান করণ ও তাহা ভাল করিয়া রাখণ সম্বন্ধে ইজারদারের যে দায়িত্ব বা তদ্বিপরীত যে কিছু থাকে,

(চ) বৎসরের বিশেষ কোন ঋতুতে প্রতি দিন অতিকম যতবার পারাবার করিতে হইবে।

(ছ) যে হারে মাসুল আদায় করিতে হইবে,

(জ) এই বিধির ১৪ ধারার বিধানমতে মাসুল না লইয়া যে যে ব্যক্তি ও দ্রব্য পার করিতে হইবে,

(ঝ) খেয়াঘাটের খাজানা যেং কিস্তিতে দিতে হইবে, এবং

(ঞ) অন্য যেং বিশেষ কথা মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক বিবেচনা করেন।

৭ ধারা।—এই বিজ্ঞাপনের এবং বিধির ও আইনের ৯ ধারামতে যে চুক্তিপত্র সম্পাদন করা আবশ্যক তাহার পাঠের একখানি নকল মাজিষ্ট্রেট সাহেবের আফিসের কোন সুপ্রকাশ স্থানে লটকাইয়া দিতে হইবে, এবং নীলামের দিনে যথারীতি ঘোষণা করিতে হইবে।

৮ ধারা।—নীলামের দিনে যে ইজারদারকে খেয়াঘাট নীলামে বিক্রয় করা যায়, তিনি যে আপন ইজারার সর্ত্তগুলি উপযুক্তমতে পালন করিবেন ইহার জামিনস্বরূপ তিন মাসের খাজানার টাকা আমানত করিবেন। কিন্তু যে সকল ক্ষুদ্রং খেয়াঘাটে গবর্ণমেণ্ট নৌকা বা ডোঙ্গা যোগাইয়া দেন না তাহাদের বেলা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে এই আমানত না করিলেও চলিবে।

৯ ধারা।—যে সকল স্থলে খেয়াঘাট কেবল এক বৎসর বা এক বৎসরের কোন অংশের জন্য ইজারা দেওয়া যায়, সেই সকল স্থলে যে মুহূর্ত্তে ইজারদারকে খেয়াঘাট নীলাম বিক্রয় করা যায় সেই মুহূর্ত্তেই তিনি ঐ সমুদয় কালের খাজানার দিবিতে দায়ী হইবেন। কএক বৎসরের জন্য খেয়াঘাট ইজারা দেওয়া গেলে, প্রতি বৎসরের প্রথম দিবস হইতে ঐ বৎসরের খাজানা দিবার দায়িত্ব জন্মিবে।

১০ ধারা।—আইনের ৯ ধারামতে ইজারদারের প্রতি যে চুক্তিপত্র সম্পাদন করিবার আদেশ হইবে তাহা এই বিধিসংযুক্ত পাঠে লিখিত হইবে। নীলামের তারিখ হইতে দুই মাসের মধ্যে সম্পাদন করা না গেলে, মাজিষ্ট্রেট সাহেব খেয়াঘাট পুনরায় নীলাম করিতে পারিবেন।

১১ ধারা।—ইজারদার চুক্তিপত্র সম্পাদন করিবা মাত্র মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে বিনা মূল্যে এই সকল বিধির এক খানি নকল ও আইনের ১৯ ধারামতে যথারীতি স্বাক্ষরিত অনুমোদিত মাসুলের একখানি নির্ঘণ্টপত্র এবং দুইখানি নোটিস বোর্ড দিবেন। ঐ খেয়াঘাট সম্বন্ধীয় মাসুলের ফর্দ্দ, ইজারদার যত খানি নৌকা চালাইতে বাধ্য, প্রত্যেক নৌকায় যত জন দাঁড়ি মাঝি থাকিবে এবং প্রত্যেক নৌকায় অত্যধিক সংখ্যক যত জন আরোহী প্রভৃতি থাকিবার অনুমতি আছে ঐ নোটিস বোর্ডে এই সকল কথা দেশীয় ভাষায় স্পষ্ট করিয়া রং দিয়া লেখা থাকিবে। ইজারদার খেয়ার দুই পারেই কোন সুপ্রকাশ্য স্থানে ঐ নোটিস বোর্ড লাগাইয়া দিবেন এবং উহা উপযুক্ত অবস্থায় রক্ষা করিবেন। ইজারা অতীত হইলে তিনি উহা মাজিষ্ট্রেট সাহেবকে ফিরাইয়া দিবেন।

প্রকাশ্য নীলামে ইজারা দেওয়া খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা বিষয়ক ও উহাতে পারাপারের কার্য্য নিয়মিত করিবার বিধি।

১২ ধারা।—যে সকল আরোহী, যান, জন্তু ও মাল পার হইবার জন্য খেয়াঘাটে আইসে ইজারদার তাহাদিগকে যত্নপূর্ব্বক সাবধানে ও যত শীঘ্র সম্ভব পার করিয়া দিতে বাধ্য থাকিবেন।

১৩ ধারা।—কমিশ্যনর সাহেবের অনুমোদন সহকারে আইনের ১৮ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব মাসুলের যে হার ধার্য্য করেন সেই হারে মাসুল আদায় করা যাইবে।

১৪ ধারা।—নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্য ইজারদার মাসুল লইবেন না বা দাওয়া করিবেন না—

(ক) ডাক ও ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেণ্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়।

(খ) কমিসেরিয়াটের কর্ত্তৃপক্ষের নিকট হইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি জন্তু ও যান।

(গ) সামরিক কর্ত্তৃপক্ষ সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) পোলীস ও অন্য সরকারী কর্মচারী ও পরওয়ানা জারী কারী পেয়াদা।
} আপনং প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোড়া পালকী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণকালে।

(ঙ) জিলার পথ কার্য্যবিভাগের একসিকিউটিব কর্ম্মচারী রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।

(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃতদেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

Rule 15.—The lessee shall not charge or demand tolls from persons who wade or swim across, or take cattle or other animals or property across at their own cost and risk, or from persons who cross themselves, or take other persons across without charge, in their own boats.

Rule 16.—The ferry shall ordinarily ply between sunrise and sunset; but the lessee may employ the boats in ferrying passengers across at any time after sunset, provided each boat so employed carries a light, which must be displayed in a conspicuous part of the boat.

Rule 17.—The Magistrate may, if necessary, fix the times for the crossing of the mails and dâk-runners, and may, as occasion arises, vary such times. He shall in all such cases give notice in writing to the lessee of the times at which the mails are to be ferried over, and it shall thereupon become the duty of the lessee to see that arrangements are specially made for the crossing of the mails immediately on their arrival at the ferry ghât, and that no delay is allowed to occur in their transit.

Rule 18.—The lessee shall provide and keep in proper order, to the satisfaction of the Magistrate, the landing-stages on both sides of the ferry, and shall move them when necessary according to the rise and fall of the water. He shall also provide proper rest-houses or travellers' sheds on the banks of the ferry as required by the Magistrate, and shall make all proper arrangements and provide all suitable accommodation on the ferry-boats for passenger and goods traffic. He shall also keep in such order the slopes or approaches for a distance not exceeding 100 feet.

Rule 19.—The lessee shall mark on each boat in oil-paint the number of passengers, animals and vehicles, and the bulk and weight of other things it is authorised to carry at a single trip.

Rule 20.—When any ferry which has been leased for a given period is discontinued under the orders of the Magistrate before the expiry of that period, the lessee shall be allowed a deduction in the rent payable for the unexpired portion of the term of the lease.

If it be shown to the satisfaction of the Magistrate that the lessee has suffered any loss, consequent on the discontinuance of the ferry, the Magistrate may allow him such compensation as he thinks is deserved. But if the discontinuance of the ferry is due to the lowness of water in the river, no compensation should be allowed to the lessee.

Rule 21.—In the event of the ferry being discontinued before the expiry of the lease, either by order of the Magistrate or otherwise, all persons who have compounded for the tolls for its use shall be entitled to receive a refund calculated as in Rule 4, and unless the claims of all such persons have been satisfied by the lessee, the Magistrate shall have authority to satisfy the claims out of the deposit made by the lessee under Rule 8.

Rule 22.—The lessee shall furnish to any police officer or other person empowered by the Magistrate, all information in his power regarding suspicious persons or classes of persons who may have been, or may come to be, ferried over.

Rule 23.—The lessee shall be bound to furnish such returns of traffic as may from time to time be called for by an order in writing by the Magistrate, and for this purpose he shall keep up a register of traffic in the form to be prescribed by the Magistrate.

Rule 24.—If the lessee desires to establish communication across the ferry by means of a bridge of any kind, he shall first obtain the sanction in writing of the Magistrate, and shall, on obtaining such sanction, carry out any orders which the Magistrate may make regarding the opening of such bridge for the through passage of vessels and rafts. Such bridge shall on no account obstruct the free passage of the stream.

Rule 25.—The Magistrate may at any time require the lessee to repair or replace any boat which he considers to be in a dangerous state of disrepair, and the lessee shall thereupon be bound to repair or replace it as directed. And if the lessee fails to carry out the work, the Magistrate may cause the same to be done and recover the cost in the same manner as other public demands.

Rule 26.—Police officers will report at once to the Magistrate of the district any instance of mismanagement of a public ferry, the insecurity of the boats, landing-stages, slopes of approaches, and any other defect in the working of the ferry which may come to their notice.

Rule 27.—The ferry boats belonging to any public ferry shall not be plied when the current, wind or state of the weather is such as to render the crossing unsafe and endanger the lives of the passengers.

১৫ ধারা।—যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায় অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, ইজারদার তাহাদের নিকট মাসুল লইবেন না বা দাওয়া করিবেন না।

১৬ ধারা।—খেয়া সাধারণতঃ সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যে চলিবে, কিন্তু ইজারদার সূর্য্যাস্তের পর কোন সময়েও আরোহী পারাপার করিবার জন্য খেয়ার নৌকা চালাইতে পারিবেন, পরন্তু তাহা হইলে ঐরূপে প্রত্যেক যে নৌকা চালান যায় তাহার কোন সুপ্রকাশ স্থানে একটী আলোক রাখিয়া দেখাইতে হইবে।

১৭ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক হইলে ডাক ও ডাকহরকরা পারাপার করিবার জন্য সময় স্থির করিয়া দিতে এবং প্রয়োজন হইলে ঐ পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তিনি এইরূপ সকল স্থলে যে২ ডাক পার করিতে হইবে ইজারদারকে তাহার লিখিত নোটিস দিবেন। তাহা হইলে খেয়াঘাটে ডাক পহুঁছিবার অব্যবহিত পরেই যাহাতে তাহা পার করিয়া দিবার বিশেষ বন্দোবস্ত করা হয় এবং পার করিবার সময়ে কোন বিলম্ব হইতে না দেওয়া হয় ইজারদারের ইহা দেখা কর্ত্তব্য।

১৮ ধারা।—মাজিষ্ট্রেট সাহেবের হুবোধমতে ইজারদার খেয়াঘাটের উভয় পারেই নামিবার স্থানের বিধান করিবেন ও তাহা উপযুক্ত অবস্থায় রাখিবেন এবং জলের হ্রাস ও বৃদ্ধি অনুসারে আবশ্যকমতে তাহা সরাইয়া দিবেন। মাজিষ্ট্রেট সাহেবের আদেশমতে খেয়াঘাটের তটে তিনি উপযুক্ত বিশ্রামের ঘর বা পথিকদের ঘর করিয়া দিবেন এবং আরোহী ও মাল লইয়া যাইবার জন্য খেয়ার নৌকায় উপযুক্ত বন্দোবস্ত ও যথোপযুক্ত স্থান করিয়া দিবেন। তিনি ১০০ ফুটের অনধিক দূর পর্য্যন্ত চালু স্থানের ও ঘাটে আসিবার পথের উক্তরূপ বন্দোবস্তও করিয়া রাখিবেন।

১৯ ধারা।—ইজারদার প্রত্যেক নৌকায় যত আরোহী, জন্তু ও যান ও যে আয়তন ও ওজনের অন্য দ্রব্য একবারে লইয়া যাইবার অনুমতি থাকে তাহা ঐ নৌকায় রং দিয়া চিহ্ন করিয়া দিবেন।

২০।—কোন নির্দ্দিষ্ট কালের জন্য যে খেয়াঘাটের ইজারা দেওয়া হইয়াছে তাহা উক্ত কাল অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বন্ধ করিয়া দেওয়া গেলে, ইজারদার ইজারার অবশিষ্ট কালের নিমিত্ত দেয় খাজানা হইতে বাদ পাইবেন। খেয়াঘাট বন্ধ করিয়া দেওয়াতে ইজারদারের কোন ক্ষতি হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেবের হুবোধমতে ইহা দেখান গেলে, মাজিষ্ট্রেট সাহেব যে ক্ষতি পূরণ দেওয়া উপযুক্ত বিবেচনা করেন ইজারদারকে তাহা দিতে পারিবেন। কিন্তু নদীর জল কমিয়া যাওয়া প্রযুক্ত খেয়া বন্ধ হইলে ইজারদারকে ক্ষতিপূরণ দেওয়া যাইবে না।

২১ ধারা—ইজারা অতীত হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বা প্রকারান্তরে খেয়াঘাট বন্ধ করিয়া দেওয়া গেলে, খেয়া ব্যবহার করণার্থে দেয় মাসুল সম্বন্ধে যাঁহারা এককালীন চুক্তি করিয়াছেন তাঁহারা ৪ ধারামতে হিসাব করিয়া টাকা ফেরত পাইবার স্বত্ববান হইবেন, এবং ইজারদার ঐরূপ সকল ব্যক্তির দাওয়া শোধ করিয়া না দিয়া থাকিলে, তিনি ৮ ধারামতে যে টাকা আমানত করেন তাহা হইতে মাজিষ্ট্রেট সাহেব ঐ সকল দাওয়া শোধ করিতে পারিবেন।

২২ ধারা—যে ব্যক্তিদের বা যে শ্রেণীর ব্যক্তিদের বিষয়ে বিশেষ সন্দেহ থাকে তাহারা পার হইয়া থাকিলে বা পার হইবার জন্যে আসিলে ইজারদার কোন পোলীস কর্ম্মচারিকে বা মাজিষ্ট্রেট কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তিকে তাহাদের সম্বন্ধে তাঁহার সাধ্যমত সমস্ত সন্ধান জানাইবেন।

২৩ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব লিখিত আজ্ঞাদ্বারা সময়ে২ পারাপারের কার্য্য সম্বন্ধীয় যে সকল রিটর্ণ চাহেন ইজারদার তাহা দিতে বাধ্য থাকিবেন এবং এই নিমিত্তে তিনি মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্ট পাঠে উক্ত কার্য্যের একখানি রেজিষ্টরী রাখিবেন।

২৪ ধারা।—ইজারদার কোন প্রকার সেতু দ্বারা খেয়ার উপর দিয়া যাতায়াতের পথ করিবার ইচ্ছা করিলে তিনি অগ্রে মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি লইবেন এবং অনুমতি পাইলে উক্ত সেতুর ভিতর দিয়া নৌকাদি ও মাড় যাইবার জন্য উহা যেরূপে খুলিতে হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেব যে কোন আজ্ঞা করেন তদনুযায়ী কার্য্য করিবেন। উক্ত সেতুর দ্বারা কোন প্রকারেই নদী দিয়া অবাধে গমনাগমনের বাধা জন্মাইতে দেওয়া হইবে না।

২৫ ধারা।—মাজিষ্ট্রেট সাহেব কোন নৌকা আশঙ্কাজনক বেমেরামতী অবস্থায় আছে বিবেচনা করিলে তাহা মেরামত করিবার বা বদলাইয়া দিবার জন্য যে কোন সময়ে ইজারদারের প্রতি আদেশ করিতে পারিবেন। তাহা হইলে ইজারদার ঐ আদেশমতে তাহা মেরামত করিতে বা বদলাইয়া দিতে বাধ্য হইবেন। ইজারদার সেই কার্য্য করিতে ত্রুটি করিলে মাজিষ্ট্রেট সাহেব তাহা করাইয়া দিয়া রাজকীয় অন্যান্য প্রাপ্যের ন্যায় তাহার খরচ আদায় করিয়া লইতে পারিবেন।

২৬ ধারা।—কোন সরকারী খেয়াঘাটের কোন বেবন্দোবস্ত, বা নৌকাগুলির বা নামিবার স্থানের বা চালু স্থানের বা খেয়াঘাটে যাইবার পথের আশঙ্কাজনক অবস্থা, অথবা খেয়াঘাটের কার্য্য চালাইবার সম্বন্ধে কোন ত্রুটি দেখিতে পাইলে পোলীসের কর্ম্মচারিরা তাহা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট তৎক্ষণাৎ রিপোর্ট করিবেন।

২৭ ধারা।—স্রোত, বায়ু বা আকাশের অবস্থা বিবেচনায় যখন পার করায় বিঘ্ন ও আরোহীদের প্রাণের আশঙ্কা আছে দেখা যায় তখন সরকারী খেয়াঘাটের কোন খেয়ার নৌকা চালান যাইবে না।

Rule 28.—A register in the following form, showing the demand and collection on account of rents payable for tolls of public ferries, shall be kept up by the Magistrate :—

Receipts on account of ferry , *farmed by* , *at an annual rent of Rs.*
[*Signature of officer holding sales.*]

Serial number.	Details of payments.	Amount.	Amount	Payment.				Remarks.
				Date.	Number of challan.	Initials of Magistrate or Vice-Chairman.	Initials of Treasury Officer.	
		Rs.	Rs.					

Rule 29.—A quarterly statement shall also be kept showing the demand, collection, and arrears up to date on account of rents for public ferries.

Form of Agreement.

The Secretary of State for India in Council doth hereby lease to me hereinafter called the lessee, son of , resident of mouzah pergunnah , thana , district , and I, the said lessee, do hereby take the lease of the public ferry across the river , , and situated on the road from to , at the rent of Rs. upon and under the following terms and conditions, viz.—

1. I, the lessee, have deposited with the intent that the Magistrate shall hold the same until the determination of the lease, as partial security for the due performance by me of the stipulations herein contained, and for the observance by me of the provisions of the Bengal Ferries Act, I (B.C.) of 1885, and the rules framed under it, and may deduct therefrom any rent which may become due or penalties which may be awarded under sections 23, 24, and 25 of the said Act.

2. I, the lessee, do hereby acknowledge to have received a copy of the rules under section 15 of the Act aforesaid, and to be aware of the provisions of section 10 of the Act, under which I am legally bound to conform to them. I also acknowledge to have received a list of the tolls to be levied at the ferry.

3. The lease to me is to be for , namely, from the to the , and during this period I shall be bound to ply the ferry from the to the every year.

4. I hereby agree—

(*a*) (to provide boats for the ferry and) to keep the boats (provided by the Magistrate for the ferry) in proper repair ;

(*b*) to employ a crew of men on each boat ;

(*c*) to make arrangements that the boats shall start at the hours from the landing-places ;

(*d*) to (provide and) keep in order the landing-stages and slopes or approaches on both banks of the river.

5. I shall not charge or demand tolls for ferrying over—

(*a*) Mails, mail-carts, dâk-runners and Government telegraph messengers on duty.

(*b*) Commissariat stores, animals and vehicles, when accompanied by a challan from the Commissariat officer.

২৮ ধারা।—ম্যাজিষ্ট্রেট সাহেব সরকারী খেয়াঘাটের মাশুলের জন্য দেয় খাজানার তলব ও আদায় প্রদর্শক নিম্নলিখিত পাঠে একখানি রেজিষ্টরী রাখিবেন।

বার্ষিক টাকা খাজানায় অমুক কর্ত্তৃক ইজারা দেওয়া অমুক খেয়াঘাটের হিসাবে আয়।
[নীলামকারি কর্ম্মচারির স্বাক্ষর।]

[illegible]	টাকা দিবার বিশেষ বিবরণ।	যত টাকা।	যত টাকা।	টাকা দেওন।			খাজানা খানার কর্ত্তৃপক্ষের নামের আদ্যক্ষর।	মন্তব্য।
				তারিখ।	চালানের নম্বর।	মাজিষ্ট্রেট বা প্রতিনিধি সভাপতির নামের আদ্যক্ষর।		
		টাকা।	টাকা।					

২৯ ধারা।—সরকারী খেয়াঘাটের খাজানার হিসাবে হাল নাগাইদ তলব, আদায় ও বাকী প্রদর্শক একখানি ত্রৈমাসিক বর্ণনাপত্রও রাখিতে হইবে।

চুক্তিপত্রের পাঠ।

অমুক জিলার অমুক থানার অমুক পরগনার অমুক মৌজাবাসি অমুকের পুত্র (যাহাকে পরে ইজারদার বলিয়া লেখা হইয়াছে) আমি শ্রীঅমুককে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব অমুক স্থান হইতে অমুক স্থানগামী পথে স্থিত অমুক নদীর সরকারী খেয়াঘাট এত টাকা——খাজানায় নিম্নলিখিত নিয়ম ও সর্ত্তে এতদ্দ্বারা ইজারা দিলেন এবং উক্ত ইজারদার আমি উক্ত সরকারী খেয়াঘাটের ইজারা এতদ্দ্বারা গ্রহণ করিতেছি, অর্থাৎ—

১। ইজারদার আমি এত টাকা এই অভিপ্রায়ে আমানত করিয়াছি যে, মাজিষ্ট্রেট সাহেব যাবৎ এই ইজারা শেষ না হয় তাবৎ আমার কর্ত্তৃক এই চুক্তিপত্রের লিখিত সকল নিয়মের উপযুক্তমতে কার্য্য হইবার আংশিক জামিনস্বরূপ ও বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ১ আইনের ও ঐ আইনমতে প্রণীত বিধির বিধানগুলি আমার কর্ত্তৃক পালিত হইবার নিমিত্ত ঐ টাকা রাখিবেন এবং কোন খাজানা প্রাপ্য হইলে অথবা উক্ত আইনের ২৩, ২৪ ও ২৫ ধারামতে কোন অর্থদণ্ড বিধান করা গেলে তাহা ঐ টাকা হইতে কাটিয়া লইতে পারিবেন।

২। ইজারদার আমি পূর্ব্বোক্ত আইনের ১৫ ধারানুযায়ী বিধির একখানি নকল পাইয়াছি বলিয়া এবং ঐ আইনের ১০ ধারার যে বিধানানুসারে আমি আইনমতে উক্ত বিধিমতে কার্য্য করিতে বাধ্য তাহা জানি বলিয়া এতদ্দ্বারা স্বীকার করিতেছি। আরো খেয়াঘাটে যে মাশুল আদায় করা যাইবে তাহার একখানি ফর্দ্দ পাইয়াছি স্বীকার করিতেছি।

৩। আমার ইজারা এতকালের জন্য অর্থাৎ অমুক তারিখ হইতে অমুক তারিখ পর্য্যন্ত হইবে এবং এই কালের মধ্যে আমি প্রতি বৎসর অমুক তারিখ হইতে অমুক তারিখ পর্য্যন্ত খেয়া চালাইতে বাধ্য থাকিব।

৪। আমি এতদ্দ্বারা নিম্নলিখিত নিয়ম করিতেছি।—

(ক) (খেয়াঘাটের নিমিত্ত এতখান নৌকা যোগাইয়া দিবার ও) নৌকাগুলি (যাহা খেয়াঘাটের নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব যোগাইয়া দেন) উপযুক্তরূপ মেরামত করিয়া রাখিবার নিয়ম;

(খ) প্রতি নৌকায় এতজন দাঁড়ি মাঝি নিযুক্ত করিবার নিয়ম;

(গ) নামিবার স্থান হইতে অমুক অমুক ঘণ্টায় খেয়ার নৌকা ছাড়িবার বন্দোবস্ত করিবার নিয়ম ও;

(ঘ) নদীর উভয় তটে নামিবার স্থান ও ঢালু স্থান বা ঘাটে আসিবার পথ (করিয়া দিবার ও তাহা) ভাল অবস্থায় রাখিবার নিয়ম।

৫। আমি নিম্নলিখিত ব্যক্তি ও দ্রব্য পার করিবার জন্য মাশুল লইব না বা দাওয়া করিব না,—

(ক) ডাক, ডাকের গাড়ী ও ডাকের পেয়াদা ও গবর্ণমেণ্টের টেলিগ্রাফের হরকরারা যখন রাজকার্য্যোপলক্ষে যায়।

(খ) কমিসেরিয়াটের কর্ত্তৃপক্ষের নিকট হইতে চালান সঙ্গে থাকিলে, কমিসেরিয়াটের দ্রব্যাদি জন্তু ও যান।

(c) Military officers, soldiers, and their followers
(d) Magistrate, police and other public officers and process-serving peons . . . } when travelling on duty with their *bonâ fide* baggage, horses, palkies, or other conveyances.
(e) Executive officers of the District Road Department when travelling on duty.
(f) Coolies engaged in repairing roads, with their tools and instruments.
(g) Persons carrying dead bodies or property sent in by the police.

6. I shall not charge or demand tolls from persons who wade or swim across, or take cattle or other animals or property across at their own cost and risk, or from persons who cross themselves, or take other persons across without charge, in their own boats.

7. I hereby agree to pay the rent in the following instalments:—

	Rs. A. P.	Date.
1st		
2nd		
3rd		
4th		

But if at any time before the expiry of the period for which the ferry has been leased to me, I be removed therefrom for any breach of the terms and conditions of the lease, or for any wilful breach of any of the rules under section 15 of the Act, I shall be liable to pay rent up to and including the instalment due next after my removal.

8. If the rates of toll are reduced during the currency of my lease, or the exemptions from the payment of it are extended, this agreement is to be modified accordingly. I shall be given a fair opportunity of satisfying the Magistrate as to the effect of the change, and if the terms proposed by him thereafter are not such as I can reasonably accept, I will, according to the law, immediately carry into effect the order reducing the rates of toll, or extending the exemption from payment of it, but will at the same time state the amount of rent I may be willing to pay under the altered circumstances of the case. Should my offer appear to the Magistrate to be inadequate, it shall be competent to him to remove me and place another person in charge of the ferry, and for such time as I remain in charge of the ferry after the issue of the order reducing the rates of tolls, or extending the exemption from payment of it, I shall pay rent in proportion to the amount of the reduction.

9. If I make default in the payment of the rent for the ferry, or of any penalty which may be lawfully imposed, or if I do not observe and perform the covenants herein contained, it shall be lawful for the Magistrate to remove me from the charge of the ferry, and to settle the same with some other person or hold it khas. After such removal I shall not be entitled to any part of the proceeds of the ferry, or to levy any toll therefor. And if the rent on re-letting the ferry fall short of the amount at which it was leased to me, and the Government or District Board or Municipality thereby incur loss, I shall be held responsible for such difference or loss, the amount of which may be deducted from my deposit. If the deposit does not cover the loss incurred, the rent due from me, and the amount of tolls refunded by the Magistrate under Rule 21 of the rules under section 15 of the Act, the total amount which is deficient shall be recoverable in the manner set forth in section 12 of the Act.

It shall be lawful for the Magistrate or the District Board (as the case may be) to deduct the amount of rent which I may default to pay from my security deposit, and to direct me to recoup the same within a given time, and on my failure to do so to remove me from the charge of the ferry.

10. I will not assign, sublet or part with the possession of the ferry without the previous consent in writing of the Magistrate.

11. I shall not claim any compensation on account of roads being closed for repairs, or on account of inundations or the breaking down of bridges or deficiency of water in the river on which the ferry is situated.

(গ) সামরিক কর্ত্তৃপক্ষ, সৈনিক ও তাঁহাদের সঙ্গের লোক
(ঘ) মাজিষ্ট্রেট, পোলীস ও অন্য সরকারী কর্ম্মচারী ও পরওয়ানা জারীকারি পেয়াদা
} আপন আপন প্রকৃত গাঁটরী প্রভৃতি, ঘোঁড়া পাল্কী বা অন্য যান সহিত রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।

(ঙ) জিলার পথকার্য্য বিভাগের এক্সেকিউটিব কর্ম্মচারী রাজকার্য্যোপলক্ষে ভ্রমণ কালে।
(চ) রাস্তার মেরামত কার্য্যে নিযুক্ত কুলি, তাহাদের যন্ত্র ও হাতিয়ার সুদ্ধ।
(ছ) যে ব্যক্তিরা পোলীসের প্রেরিত মৃত দেহ অথবা সম্পত্তি লইয়া যায়।

৬। যে ব্যক্তিরা জল ভাঙ্গিয়া বা সাঁতার দিয়া পার হয় কিম্বা আপন ব্যয়ে ও ঝুঁকিতে গবাদি বা অন্য জন্তু বা সম্পত্তি পারে লইয়া যায় অথবা যাহারা আপনার নৌকায় পার হয় বা খরচ না লইয়া অন্য ব্যক্তিদিগকে আপনার নৌকায় পার করিয়া দেয়, আমি তাহাদের নিকট মাসুল লইব না বা দাওয়া করিব না।

৭। আমি এতদ্দ্বারা নিম্নলিখিত কিস্তিমতে খাজানা দিবার নিয়ম করিতেছি।—

	টাকা	আনা	পাই	তারিখ
প্রথম ...	...	...		
দ্বিতীয় ...	...	...		
তৃতীয় ...	...	...		
চতুর্থ ...	...	...		

কিন্তু যে কালের জন্য আমাকে খেয়াঘাট ইজারা দেওয়া হইয়াছে তাহা অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে এই ইজারার কোন নিয়ম ও সর্ত্ত লঙ্ঘন নিমিত্তে অথবা আইনের ১৫ ধারামত বিধির মধ্যে কোন বিধি ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন নিমিত্তে যদি আমাকে খেয়ার কার্য্য হইতে অপসারিত করা হয় তাহা হইলে আমাকে অপসারিত করিবার ঠিক পরেই যে কিস্তি দেয় হয় তাহা পর্য্যন্ত ও তাহা সুদ্ধ খাজানা দিতে আমি দায়ী থাকিব।

৮। আমার ইজারা চলিবার মধ্যে যদি মাসুলের হার কমান হয় অথবা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়ান যায়, তবে এই চুক্তিপত্র তদনুসারে পরিবর্ত্তিত হইবে। ঐ পরিবর্ত্তনের ফল কি হইবে তৎসম্বন্ধে মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ জন্মাইবার জন্য আমাকে ন্যায্যমতে সুযোগ করিয়া দিতে হইবে, এবং যদি তাহার পর তাঁহার প্রস্তাবিত সর্ত্ত এরূপ হয় যে আমি তাহাতে যুক্তি সঙ্গতরূপে সম্মত হইতে না পারি তাহা হইলে, আইনানুসারে আমি মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা অবিলম্বে ফলবৎ করিব, কিন্তু সেই সময়েই উক্ত পরিবর্ত্তন হেতুক যত টাকা খাজানা দিতে ইচ্ছা করি তাহাও বলিব। মাজিষ্ট্রেট সাহেব আমার প্রস্তাব উপযুক্ত নহে বিবেচনা করিলে আমাকে অপসারিত করিয়া অন্য ব্যক্তিকে খেয়াঘাটের কার্য্যভার অর্পণ করিতে পারিবেন, এবং মাসুলের হার কমাইবার বা যে ব্যক্তি বা দ্রব্যের মাসুল লাগিবে না তাহার সংখ্যা বাড়াইবার আজ্ঞা বাহির হইবার পর যতকাল আমি খেয়াঘাটের ভারপ্রাপ্ত থাকি তত কালের জন্য মাসুল যে পরিমাণে কমান গেল সেই পরিমাণে আমি কম খাজানা দিব।

৯। যদি আমি খেয়াঘাটের খাজানা অথবা আইনমতে নির্দ্ধারিত কোন অর্থদণ্ড দিতে ক্রটি করি অথবা এই চুক্তিপত্রের লিখিত কোন নিয়ম পালন ও তদনুসারে কার্য্য না করি তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আমাকে খেয়াঘাটের কার্য্যভার হইতে অপসারিত করিয়া অন্য কোন ব্যক্তির সহিত উহার বন্দোবস্ত করিতে অথবা খাসে রাখিতে পারিবেন। ঐরূপে অপসারিত হইলে পর আমি খেয়াঘাটের আয়ের কোন অংশ পাইবার অথবা খেয়াঘাটের জন্য কোন মাসুল আদায় করিবার স্বত্ববান হইব না। এবং যদি খেয়াঘাট যে খাজানায় পুনর্ব্বার ইজারা দেওয়া যায় তাহা আমাকে যত টাকায় ইজারা দেওয়া হইয়াছিল তদপেক্ষা কম হয় ও তাহাতে গবর্ণমেন্টের, জিলাবোর্ডের বা মুনিসিপালিটীর ক্ষতি হয়, তবে ঐ বৈলক্ষণ্য বা ক্ষতির জন্য আমি দায়ী হইব ও যত টাকা বৈলক্ষণ্য বা ক্ষতি হয় তাহা আমার আমানতী টাকা হইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে। যত টাকা ক্ষতি হইল আমার নিকট প্রাপ্য খাজানা ও আইনের ১৫ ধারানুযায়ী বিধির ২১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা মাসুল ফেরত দিলেন তৎসমুদয় যদি আমানতী টাকায় না কুলায় তাহা হইলে কমতী টাকা আইনের ১২ ধারার লিখিত প্রকারে আদায় করা যাইতে পারিবে।

আমি খাজানার যে টাকা দিতে ক্রটি করি স্থল বিশেষে মাজিষ্ট্রেট সাহেব বা জিলাবোর্ড আমার জামিনীস্বরূপ টাকা হইতে তাহা কাটিয়া লইতে পারিবেন এবং নির্দ্দিষ্টকালের মধ্যে ঐ টাকা পূরণ করিয়া দিবার আদেশ করিতে পারিবেন এবং আমি ঐ টাকা পূরণ না করিলে খেয়াঘাটের কার্য্যভার হইতে আমাকে অপসৃত করিতে পারিবেন।

১০। আমি মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি অগ্রে না লইয়া খেয়াঘাট কাহারো জিম্মা করিয়া দিব না অথবা উহার দর ইজারা দিব না বা উহার দখল ছাড়িব না।

১১। মেরামতের জন্য রাস্তা বন্ধ হইয়াছে বা বন্যা হইয়াছে বা সেতু ভাঙ্গিয়া গিয়াছে বা যে নদীর উপর খেয়াঘাট আছে সেই নদীর জল কমিয়া গিয়াছে, বলিয়া আমি ক্ষতিপূরণের দাবী করিব না।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৮ সাল, ১১ ডিসেম্বর।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ আজ্ঞাপত্র।

রাজস্ব বিষয়ক সরকুলার।

১৮৮৮ সাল, সেপ্টেম্বর মাস।

শ্রীযুত রেনলড্‌স্ সাহেব।

---

১ নম্বর।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইন অনুসারে যে রেজিষ্টরি করা হয় একসেকিটিব কার্য্যদ্বারা তাহার শুদ্ধতা সম্বন্ধে উৎকর্ষ সাধনার্থ গবর্ণমেণ্টের অনুমোদন সহ রেবিনিউ বোর্ড কর্ত্তৃক উক্ত আইনের ৮৮ ধারামতে প্রণীত নিম্নলিখিত বিধি রাজস্ব সংক্রান্ত সকল কর্ম্মচারির অবগতি ও উপদেশের নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা যাইতেছে।

২। এই বিধি বোর্ডের বিধিপুস্তকের ১৮৭৮ সালের সংস্করণের ১ বালমের ৫ অধ্যায়ে ৪ক পরিচ্ছেদ স্বরূপ সন্নিবেশ করিতে হইবে।

৪ক পরিচ্ছেদ।

একসেকিটিব কার্য্যদ্বারা রেজিষ্টরি কার্য্যের শুদ্ধতা সম্বন্ধে উৎকর্ষ সাধনার্থ বিধি।

মালিকীস্বত্ব প্রথম রেজিষ্টরি হইবার পর ঐ স্বত্বের যে সকল পরিবর্ত্তন ঘটে তাহা নিয়মিত রূপে রেজিষ্টরি হইবার উদ্দেশ্যে বর্ত্তমান আইনের যে সকল বিধান প্রণীত হইয়াছে সেই সকল বিধানের কার্য্যকারিতা আইনের দ্বারা বৃদ্ধি করিবার প্রস্তাব আপাততঃ পরিত্যক্ত হওয়াতে একসেকিটিব কার্য্য দ্বারা রেজিষ্টরি কার্য্যের শুদ্ধতা সম্বন্ধে উৎকর্ষ সাধনার্থ বিধি নির্দ্দেশ করা আবশ্যক হইয়াছে।

২। যাঁহারা রেজিষ্টরি করিতে ত্রুটি করেন আইন অনুসারে এক্ষণে তাঁহাদের অনেক অনধিকার ঘটে। ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৭৮ ধারানুসারে কোন ব্যক্তি যাঁহার নাম রেজিষ্টরি হয় নাই এমন স্বামীকে খাজানা দিতে বাধ্য নহে। যাঁহার নাম রেজিষ্টরি হয় নাই এমন কোন স্বামী খাজানা বৃদ্ধির জন্য বা ন্যায্য খাজানা ধার্য্যের জন্য দরখাস্ত করিলে যে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০ অধ্যায় অনুসারে খাজানার বন্দোবস্ত করেন তিনি তাহা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন। কেবল নাম রেজিষ্টরি করা স্বামিরাই বাটওয়ারা হইবার, কালেক্টরের সহিত রাজস্ব বা সেস

সম্বন্ধে স্বতন্ত্র হিসাব খুলিবার, পত্তনী নীলাম করিবার, সাধারণ বা বিশেষ রেজিষ্টরি সম্বন্ধে আপত্তি করিবার ও তাঁহাদের অধিকৃত মহাল রাজস্বের বাকির জন্য নীলাম হওয়ার স্থলে নীলামের টাকার উদ্বৃত্ত টাকা দাওয়া করিবার দাবি করিতে পারেন। অনধিকার বর্ত্তাইবার সময়ে সর্ব্বদা এইরূপ কার্য্য হইতে বিরত থাকা আবশ্যক যাহাতে যে সকল জমিদার সাবধানে আইনের বিধান পালন করিয়াছেন এবং যাঁহারা তাহা করেন নাই তাঁহাদের কাহারো অসুবিধা ঘটে। কিন্তু এই সাধারণ বিধির অধীনে কালেক্টরগণের সকল স্থলেই যে স্বামিদের নাম রেজিষ্টরি করা হয় নাই আইনানুসারে তাঁহাদের যে সকল অনধিকার ঘটে তাহা বলবৎ করা কর্ত্তব্য।

৩। রেজিষ্টরির সুবিধা বৃদ্ধি করিবার জন্য দরখাস্তের পাঠ প্রস্তুত করা হইয়াছে ও ঐ পাঠ বিনা খরচায় সকল সব-রেজিষ্টরি আফিসে ও পোষ্ট আফিসে ও খাস তহসীলদার, মহকুমার আবকারী দারোগা, ইষ্টাম্পবিক্রেতা ও অন্য যে সকল কর্ম্মচারিকে কালেক্টর এতদর্থে নিযুক্ত করেন তাঁহাদের নিকট পাওয়া যাইবে। এই পাঠের একখানি নকল ইহার সহিত প্রদত্ত হইল।

৪। রেজিষ্টরির জন্য দরখাস্ত শুদ্ধ কালেক্টরিতে নহে মহকুমার আফিসেও দাখিল করিতে পারা যাইবে। আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের দ্বিতীয় তফশীলের ১(খ) শীর্ষ অনুসারে এইরূপ প্রত্যেক দরখাস্তে আট আনা মূল্যের ইষ্টাম্প দিতে হইবে।

৫। যে কর্ম্মচারী দরখাস্ত গ্রহণ করেন তিনি প্রত্যেক শীর্ষ যে উপযুক্তমতে ও সম্পূর্ণরূপে পূরণ করা হইয়াছে ও তাহাতে যে বিবরণ লেখা আছে তাহা দরখাস্তকারী বা তাঁহার এজেন্ট আপনার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এইরূপ ব্যক্ত করিয়া দরখাস্তে স্বাক্ষর করিয়াছেন ও সত্যপাঠ লিখিয়াছেন তাহা হৃদ্বোধমতে বুঝিবেন। কোন মহকুমার কর্ত্তৃপক্ষ এইরূপ দরখাস্ত পাইলে তাহা বিলম্ব না করিয়া সর্ব্বিস ইষ্টাম্প মারা খামে পূরিয়া পোষ্ট আফিসের মারফত কালেক্টরের নিকট পাঠাইবেন প্রত্যেক কর্ম্মচারী যে সকল দরখাস্ত গ্রহণ করেন ও তাহা যে তারিখে কালেক্টরের নিকট প্রেরণ করেন তাহার একখানি খুব সাদাসিদে রকমের রেজিষ্টর রাখিবেন।

৬। মহালের হস্তান্তর সম্বন্ধে রেজিষ্টরি আফিসের রিকার্ডে অনেক সন্ধান আছে। দেওয়ানী আদালতে যে সকল নীলাম হয় তৎসম্বন্ধেও রেজেষ্টরিকারী কর্ম্মচারিরা নীলামের সর্টিফিকেটের নকল পান। অতএব সব-রেজিষ্ট্রারগণকে এই আদেশ করা যাইতেছে যে তাঁহারা ইনস্পেক্টর জেনরল অব রেজিষ্ট্রেশনের অনুমতি লইয়া রাজস্বদায়ী ও লাখিরাজ এই উভয়বিধ মহালের সকল হস্তান্তরের একখানি মাসিক তালিকা কালেক্টরের নিকট দাখিল করিবেন। হাই কোর্টের ১৮৮৬ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের সরকুলরের ১১নং বিধিতে এইরূপ নির্দ্দেশ করা হইয়াছে যে, দেওয়ানী আদালত সকল একেবারে কালেক্টরগণের নিকট মহালের ও মহালের অংশের যে সকল নীলাম হয় তাহার খবর দিবেন। অতএব কালেক্টরগণ কোন ব্যক্তি স্বেচ্ছাপ্রবৃত্ত বিক্রয়ে বা ডিক্রীজারি উপলক্ষে মালিকী স্বত্ব ক্রয় করিয়া ভূমি রেজিষ্টরি করণ বিষয়ক আইন অনুসারে রেজিষ্টরি করিলেন কি না তাহা জানিতে পারিবেন এবং কোন ব্যক্তি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে রেজেষ্টরি করিতে ত্রুটি করিলে তাহার বিরুদ্ধে কার্য্যানুষ্ঠান করিবেন।

৭। ওয়ারিষীসূত্রে উত্তরাধিকারিত্ব স্থলে অধিকতর অসুবিধা ঘটে। কিন্তু জিলার জজেরা তাঁহাদের আদালতে সার্টিফিকেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র বা প্রবেটের জন্য দরখাস্ত দাখিলের কথা যদি সকল স্থলে কালেক্টরদের নিকট জানান তাহা হইলে এই বিষয়ে বিশেষ সাহায্য হইবে। অতএব কালেক্টরগণ জিলার জজদিগকে এই সকল বিষয় সম্বন্ধে তাঁহাদিগকে বিদিত রাখিবার জন্য অনুরোধ করিবেন।

৮। অবশ্য অনেক স্থল আছে যাহার সম্বন্ধে এই সকল বিধান খাটিবে না। বিশেষতঃ প্রবেট না লইয়া ওয়ারিষীসূত্রে মহাল বা মহালের অংশ হস্তান্তর হইবার স্থলের সংখ্যা অনেক হইবে। কেবল শাসনকর্ত্তৃপক্ষেরা তেজস্বিতার সহিত কার্য্য করিলেই এই সকল স্থল সম্বন্ধে ব্যবস্থা হইতে পারে। যে সকল জিলায় এরূপ করা যাইতে পারে এবং যেখানে স্থিতিরীতি হইতে ইহা দেখা যায় যে রেজিষ্টরির কার্য্য সম্পূর্ণরূপে সম্পাদিত হয় না সেই স্থানে মফঃস্বলকে যে সকল মহালে ১০ বৎসরের মধ্যে নাম খারিজ হয় নাই তাহা রিপোর্ট করিতে আদেশ করিতে হইবে ও তাহার পর প্রত্যেক স্থলে বিশেষ অনুসন্ধান করিতে হইবে। যে সকল স্বামী রেজিষ্টরি করিতে ত্রুটি করিয়াছেন তাঁহাদিগের কোন কোন ব্যক্তির সুবিবেচনার সহিত আইনের ৬৫ ধারানুসারে অর্থদণ্ড করিলে ঐরূপ ব্যবস্থা অপরাপর ত্রুটিকারী স্বামিগণকে আইনের বিধান পালন করিতে প্রবৃত্তি দিবার পক্ষে বিশেষ কার্য্যকর হইবে। ইহাও সম্ভব যে এইরূপ অনুসন্ধানে যে একটা গোলমাল উঠিবে তাহাতে সাধারণতঃ স্বামিগণ ঐ আইনানুসারে তাঁহাদের দায়িত্ব সম্বন্ধে অধিকতর মনোযোগী হইবেন।

৯। সকল জিলাতে রোড সেসের কার্য্য প্রণালী হইতে যথার্থ সন্ধানের যে উপায় পাওয়া যায় তাহা অবলম্বন করিতে হইবে। বন্দোবস্তের কার্য্যবিবরণ, বাঁটওয়ারার মোকদ্দমা ও ১৮২৯ সালের ১১ আইনমত আপীল হইতে মহালের যথার্থ স্বামিগণের নাম জানা যায় এবং এই সকল হইতে যে সন্ধান পাওয়া যায় তাহা ভূমি রেজিষ্টরিকরণ বিষয়ক আইনানুসারে যে রেজিষ্টরি রাখা হয় তাহার লিখনের সহিত মিলাইতে হইবে। বর্ত্তমান বিধিতে এই বিধান করা হইয়াছে যে মহকুমার কর্ত্তৃপক্ষ, সব-ডেপুটী কালেক্টর ও কানুনগোসকল কোন মহাল বা লাখিরাজ সম্পত্তির মালিকী স্বত্বের কোন হস্তান্তরের কথা অবিলম্বে কালেক্টরগণের নিকট রিপোর্ট করিবেন। এক্ষণে এই বিধান বিশেষ কার্য্যকর হয় নাই। কিন্তু আর কোন স্থানীয় কর্ম্মচারীও এই কার্য্যের নিমিত্ত পাওয়া যায় না। এবং ইহা স্থির যে যদি এই কর্ম্মচারিরা এই প্রকারের অনুসন্ধানে অধিকতর মনোযোগী হন তাহা হইলে রেজিষ্টারির জন্য দরখাস্তের সংখ্যা স্পষ্টই বৃদ্ধি হইবে।

১০। বোর্ডের ধারণা এই যে, বর্ত্তমান আইন সতেজে চালাইলে এখনকার অপেক্ষা অধিক পরিমাণ রেজিষ্টরি হইবে এবং যদিও এইকার্য্য করিতে হইলে জিলার কর্ত্তৃপক্ষগণের উপর একটী অতিরিক্ত কার্য্যের ভার পড়িবে তথাপি বোর্ডের ইহা বলা আবশ্যক যে, যে সকল স্থল কালেক্টরদের গোচর হয় সে সকল স্থলে তাঁহাদের তেজস্বিতা সহকারে ও স্বতঃপ্রবৃত্ত হইয়া কার্য্য করা কর্ত্তব্য। কালেক্টরগণ কর্ত্তৃক এইরূপ সতেজ ভাবে আইন পরিচালনের উপরই ভূমি রেজিষ্টরি করণ কার্য্যের সফলতা প্রধানতঃ নির্ভর করিবে।

১১। এই বিধি কটকের ছোট ২ লাখিরাজ মহাল সম্বন্ধে খাটিবে না। ঐ সকল স্থলে রেজিষ্টরি করিতে যে ব্যয় ও কষ্ট হইবে রেজিষ্টরির দরুণ সে পরিমাণে সুবিধা হইবে না। এবং গবর্ণমেণ্টের অনুমোদন সহকারে ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ১৩ ধারামতে বোর্ড এই আদেশ দিয়াছেন যে ভবিষ্যতে ঐ জিলায় যাহার পরিমাণ দুই মানের কম এরূপ কোন লাখিরাজ মহালের রেজিষ্টরি করা হইবে না।

ঙ পাঠ।

রাজস্বদায়ী ও লাখিরাজ সম্পত্তি সম্বন্ধে রেজিষ্টরি ও নাম খারিজের দরখাস্ত।

১। দরখাস্তকারীর * নাম ও বাসস্থান রাজস্বদায়ী জমি হইলে।	
২। মহালের নাম † ও রেজিষ্টরিতে নম্বর লাখিরাজ জমি হইলে।	
৩। সম্পত্তির নাম ও রেজিষ্টরিতে নম্বর ...	
৪। রেজিষ্টরিতে এখন যে স্বামীর নাম আছে।	
৫। দরখাস্তকারীর স্বার্থের ভাব, অর্থাৎ ক্রয়দ্বারা, ওয়ারিষীসূত্রে, দান বা অন্য প্রকারে লব্ধ এবং স্বামী বা অধ্যক্ষতাভারপ্রাপ্ত সহস্বামী বা মানেজর বা বন্ধক গ্রহীতা স্বরূপ।	
৬। দরখাস্তকারীর স্বার্থের পরিমাণ ...	
দরখাস্তকারী অধ্যক্ষতাভারপ্রাপ্ত সহস্বামী বা মানেজর হইলে।	
৭। যে যে ব্যক্তির পক্ষে তিনি ঐরূপ অধ্যক্ষতা করেন বা মানেজর থাকেন তাহাদের নাম।	
৮। ব্যক্তির স্বার্থের পরিমণ ...	
৯। যে যে মৌজায় ঐ মহাল বা সম্পত্তি আছে এবং এইরূপ প্রত্যেক মৌজায় যে পরিমাণ জমি আছে।	
১০। দরখাস্তকারী যে তারিখে দখল পান ...	
১১। ইহা ছাড়া অপর যে বিশেষ বিবরণ দরখাস্তকারী দিতে চাহেন।	

এতদ্দ্বারা ব্যক্ত করিতেছি যে উপরোক্ত বিবরণ জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

(দরখাস্তকারীর স্বাক্ষর।)

তারিখ

* প্রত্যেক স্বার্থযুক্ত ব্যক্তিকে স্বতন্ত্র দরখাস্ত করিতে হইবে।

† বাৎসরিক রাজস্ব।

৩। বঙ্গদেশের রেজিষ্টরির ইন্সপেক্টর জেনরল সাহেব এই বিধির ৬ ধারায় যে কার্য্যপ্রণালীর উল্লেখ করা হইয়াছে তাহা ফলবৎ করণার্থ সকল রেজিষ্টরিকারী কর্ম্মচারিকে আবশ্যক উপদেশ দিয়াছেন।

---

২ নম্বর।

১৮৮৮ সালের রাজস্বাধুপালিতদিগের সম্বন্ধীয় বিধিপুস্তকের ৬২ পৃষ্ঠায় ৮ (গ) পরিচ্ছেদের ৮ ধারার পর নিম্নলিখিত ধারাটী যোগ করিতে হইবে :—

দরখাস্তের উপর ইষ্টাম্প দেওয়ার কথা।

"৮ক। পূর্ব্ববর্ত্তী ধারা অনুসারে বা বন্দোবস্তের কার্য্য চলিবার সময় বন্দোবস্তকারী কর্ম্মচারির নিকট কোন আবেদন বা দরখাস্ত করা গেলে ঐ আবেদন বা দরখাস্তে আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের দ্বিতীয় তফসীলের ১ দফা অনুসারে ইষ্টাম্প দিতে হইবে।"

৩ নম্বর।

১৮৮৮ সালের সেস বিষয়ক বিধিপুস্তকের ৭২ পৃষ্ঠায় ৬ পরিচ্ছেদের ৯ ধারায় নিম্নলিখিত পরিবর্ত্তন করিতে হইবে। ঐ ধারার শেষ বাক্যটির পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশ করিতে হইবে :—

"যে জিলায় ১৮৮৫ সালের বঙ্গীয় ৩ আইনের প্রচলন হেতু জিলার রোড কমিটী উঠিয়া গিয়াছে সেই জিলায় কোর্টফী ইষ্টাম্প ক্রয় করিবার ব্যয় সিবিল একৌণ্ট কোডের বিধি অনুসারে কালেক্টরের হস্তে যে স্থায়ী আগাম টাকা রাখা যায় তাহা হইতে নির্ব্বাহ করিতে হইবে। উক্ত অভিপ্রায়ে কালেক্টরের হস্তে যে স্থায়ী আগাম টাকা রাখা যায় তাহা গবর্ণমেন্টের আদেশানুসারে আর একশত টাকা বাড়াইয়া দেওয়া হইয়াছে।"

---

৪ নম্বর।

কোন আদালতে কোন গবর্ণমেন্ট কর্ম্মচারির বিরুদ্ধে বা দ্বারা ফৌজদারি অভিযোগ সম্বন্ধে ও গবর্ণমেন্টের উকিলগণকে ফী দেওন সম্বন্ধে গবর্ণমেন্ট কর্ত্তৃক প্রচারিত নিম্নলিখিত বিধি ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ৫ অধ্যায়ের ৮ পরিচ্ছেদস্বরূপ সন্নিবেশ করিতে হইবে :—

"৮ পরিচ্ছেদ।—গবর্ণমেন্ট কর্ম্মচারির বিরুদ্ধে বা দ্বারা ফৌজদারি মোকদ্দমার কার্য্যপ্রণালীর এবং এইরূপ মোকদ্দমা গবর্ণমেন্টের পক্ষে চালাইবার জন্য গবর্ণমেন্টের উকিলগণকে যে ফী দিতে হইবে তাহার কথা।

১। নিম্নলিখিত বিধি বিশেষরূপে পালনের জন্য গবর্ণমেন্টের ১৮৮৫ সালের ৫ঠা সেপ্টেম্বর তারিখের ৩ J—D নং সরকুলর হইতে পুনঃপ্রচারিত হইল :—

যে যে স্থলে গবর্ণমেন্টের উকিলগণ ফী পাইবেন না তাহার কথা।

(ক) কোন গবর্ণমেণ্ট আফিসের প্রধান কর্ম্মচারিকে গবর্ণমেন্টের উকিল ফী না লইয়া ঐ কর্ম্মচারী যে আফিসের প্রতিনিধি সেই আফিস সম্বন্ধে গবর্ণমেন্টের স্বার্থের সহিত যাহার সংস্রব আছে এমন কোন আইনঘটিত ব্যাপারে পরামর্শ দিতে বাধ্য। তাঁহাকে যে জেনরল রিটেনার অর্থাৎ সাধারণ বর্ত্তনার টাকা দেওয়া হয় সেই টাকাতে এই কার্য্যও করিতে হইবে।

যে সকল স্থলে ফী দিতে হইবে তাহার কথা।

(খ) কোন গবর্ণমেন্ট কর্ম্মচারী যাহার কার্য্য তত্ত্বাবধান করিতে বা যাহার কার্য্যের উপর কর্ত্তৃত্ব করিতে আইনমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন এমন কোন মুনিসিপালিটী, রোড সেস ট্রষ্ট বা কোন সরকারী সমিতির পক্ষে গবর্ণমেন্টের উকীলের পরামর্শ চাহিলে গবর্ণমেন্টের উকীল তাঁহার পরামর্শের জন্য যুক্তিসঙ্গত ফী পাইলে ঐ কর্ম্মচারিকে পরামর্শ দিতে বাধ্য। প্রশ্নার্পণের পত্রে এইরূপ ফীর টাকা যত তাহা লিখিতে হইবে এবং ঐ টাকা গবর্ণমেন্টের উকিলকে দিবার প্রস্তাব করা গেলে এবং তিনি উহা গ্রহণ করিতে অস্বীকার করিলে, যে কর্ম্মচারী ঐ ফী দিবার প্রস্তাব করেন তিনি ঐ বিষয় লিগাল রিমেম্ব্রান্সর সাহেবকে জানাইলে ঐ শেষোক্ত কর্ম্মচারী সেই ফী ধার্য্য করিয়া দিবেন।

ফী যত টাকা হইবে তাহার কথা।

(গ) কোন গবর্ণমেন্টের উকীল আদালতে মোকদ্দমা চালাইলে তিনি সাধারণতঃ অর্থাৎ রাজকীয় মোকদ্দমার সুপারিন্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেব কোন বিশেষ আদেশ দিয়া থাকিলে তদধীনে মাজিষ্ট্রেটের সম্মুখে মোকদ্দমায় ও সেসন্স মোকদ্দমায় দিনপ্রতি ১৬৲ টাকা পাইতে স্বত্ত্ববান হইবেন। আপীলের মোকদ্দমায় মোকদ্দমা করিতে সমস্ত দিন বা দিনের অধিকাংশ লাগিলে তিনি সাধারণতঃ ১৬৲ টাকা ও অর্দ্ধেক দিন বা তদপেক্ষা কম সময় লাগিলে সেই পরিমাণে কম ফী পাইতে স্বত্ত্ববান হইবেন। ২৪ পরগণায় গবর্ণমেন্টের বিশেষ আদেশানুসারে গবর্ণমেন্টের উকিল দিনপ্রতি ৩২৲ টাকা পান।

গবর্ণমেন্টের কর্ম্মচারিগণের বিরুদ্ধে ফৌজদারি অভিযোগের কথা।

(ঘ) কোন সরকারী কর্ম্মচারী সরকারী কার্য্য নির্ব্বাহ সূত্রে কোন কর্ম্ম করিলে তন্নিমিত্ত তাঁহার বিরুদ্ধে যে ফৌজদারী মোকদ্দমা উপস্থিত করা যায় সেই মোকদ্দমায় গবর্ণমেন্টের উকীল গবর্ণমেন্টের ১৮৭৯ সালের ৭ই জুলাই তারিখের ৩৮ * নং সরকুলরের নির্দ্দিষ্ট নিয়মের অধীনে তাঁহার পক্ষ সমর্থন করিতে বাধ্য এবং ফী পাইতে স্বত্ববান।

* ১৮৮৮ সালের ২৭ আগষ্ট তারিখের ৪৩ J নং গবর্ণমেণ্টের সরকুলরের দ্বারা রহিত হইয়াছে।

গবর্ণমেন্টের কর্ম্মচারিদের দ্বারা উপস্থিত করা ফৌজদারি অভিযোগের কথা।

(ঙ) সরকারী কর্ম্মচারিগণ ফৌজদারি অভিযোগ উপস্থিত করিলে নিম্নলিখিত কার্য্যপ্রণালী অনুসরণ করিতে হইবে :—

ধর্ত্তব্য অপরাধের অভিযোগ হইলে পোলিস মোকদ্দমা চালাইবেন। অধর্ত্তব্য অপরাধের অভিযোগ হইলে যে কর্ম্মচারী নালিশ করেন তিনি জিলার মাজিষ্ট্রেটের নিকট উপদেশ চাহিবেন। মাজিষ্ট্রেট উপযুক্ত বিবেচনা করিলে ঐ কর্ম্মচারিকেই মোকদ্দমা চালাইবার জন্য উপদেশ দিতে পারিবেন কিম্বা যদি মোকদ্দমা এরূপ জটিল ও দুরূহ প্রকৃতির হয় যে তাহা উপযুক্তমতে চালাইবার জন্য তাঁহার মতে গবর্ণমেন্টের উকীল বা কোন আইন ব্যবসায়িকে নিযুক্ত করা আবশ্যক তাহা হইলে তিনি গবর্ণমেন্টের উকীলকে অভিযোগ উপ-

স্থিত করিবার জন্য উপদেশ দিতে কিম্বা তিনি অপর যে বন্দোবস্তের প্রস্তাব করেন তাহা লিগাল রিমেমব্রান্সর সাহেবের অনুমোদনের জন্য রিপোর্ট করিতে পারিবেন।

৩। ১৮৬৯ সালের ১ সেপ্টেম্বর তারিখের ৫১১২—২২নং গবর্ণমেণ্টের আদেশে ও ১৮৭৯ সালের ৭ জুলাই তারিখের ৩৮নং এবং ১৮৭৯ সালের ১৪ আগষ্ট তারিখের ৪৩নং সরকুলরে প্রকাশিত বিধি রহিত করিয়া ১৮৮৮ সালের ২৭ আগষ্ট তারিখের ৪৩ J নং গবর্ণমেণ্টের সরকুলরে যে বিধি প্রচারিত হইয়াছে তাহা এখানে উদ্ধৃত করা গেল:—

কোন সরকারী কর্ম্মচারী কর্ত্তৃক কোন গবর্ণমেণ্ট কর্ম্মচারির বিরুদ্ধে অভিযোগের কথা।

১। কোন সরকারী কর্ম্মচারী গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারির বিরুদ্ধে অভিযোগ উপস্থিত করিলে অভিযুক্ত কর্ম্মচারী নিজে নিজের পক্ষ সমর্থন করিবেন, কিন্তু তিনি নির্দ্দোষী সাব্যস্ত হইলে এবং তাঁহার আচরণ বরাবর নির্দ্দোষ ইহা দেখান গেলে গবর্ণমেণ্ট তাঁহার যুক্তি সঙ্গত খরচ দিবেন। কিন্তু তিনি যে অপরাধ অভিযুক্ত তৎসম্বন্ধে নির্দ্দোষ সাব্যস্ত হইলেও যদি তাঁহার আচরণ নির্দ্দোষ বোধ না হয় তাহা হইলে গবর্ণমেণ্ট তাঁহাকে তাঁহার খরচার কোন অংশ দিলে যে অংশ তাঁহাকে দেওয়া উচিত বোধ করেন তিনি সুদ্ধ সেই অংশ পাইবেন।

ব্যক্তি বিশেষের দ্বারা উপস্থিত করা অভিযোগের কথা।

২। কোন সরকারী কর্ম্মচারির বিরুদ্ধে সরকারী কার্য্য করণ উপলক্ষে তৎকৃত কোন কার্য্যের জন্য ব্যক্তি বিশেষ কর্ত্তৃক নালিশ বা অভিযোগ উপস্থিত করা হইলে সম্পর্ক বিশিষ্ট কর্ম্মচারী ঐ মোকদ্দমার দোষগুণ সম্বন্ধে নিষ্পত্তি করিতে পারিবার নিমিত্ত তদীয় উপরিতন কর্ম্মচারী ও গবর্ণমেণ্টের যে সকল বিষয় জানা আবশ্যক তাহা রিপোর্ট করিয়া সমস্ত বৃত্তান্ত উক্ত উপরিতন কর্ম্মচারিকে জানাইবেন। মোকদ্দমা গুরুতর হইলে এবং প্রশ্নার্পণ করিলে গুরুতর বিলম্ব ঘটিবার সম্ভাবনা না থাকিলে ঐ সকল বিষয় আজ্ঞার জন্য গবর্ণমেণ্টের নিকট অবিলম্বে রিপোর্ট করিতে হইবে। গবর্ণমেণ্ট ঐ মোকদ্দমায় অভিযুক্ত কর্ম্মচারীর পক্ষ সমর্থন করিবার সঙ্কল্প করিলে গবর্ণমেণ্টের উকীলকে হাজির হইবার জন্য উপদেশ দেওয়া যাইবে। অন্যথা অভিযুক্ত কর্ম্মচারী নিজে নিজের বন্দোবস্ত করিবেন। (ক) যে সকল মোকদ্দমা গুরুতর নয় এমন মোকদ্দমায় এবং (খ) যে সকল মোকদ্দমা সত্বর হওয়া প্রয়োজন এবং যেখানে গবর্ণমেণ্টে প্রশ্নার্পণ করিলে গুরুতর বিলম্ব হইবে সেই সকল মোকদ্দমায় জিলার কর্ত্তৃপক্ষ ও ডিপার্টমেণ্টের কর্ত্তৃপক্ষগণ স্বীয় বিবেচনা মতে ব্যবস্থা করিবেন।

গবর্ণমেণ্ট কর্ত্তৃক খরচা দিবার কথা।

৩। যেস্থলে গবর্ণমেণ্টের পক্ষে কোন উকীল উপস্থিত না হন এবং মোকদ্দমা ডিসমিস হয় বা অভিযুক্ত ব্যক্তি খালাস পান বা নির্দ্দোষী সাব্যস্ত হন সেস্থলে আদালতের আজ্ঞাক্রমে কোন খরচা আদায় হইতে পারিলে যে খরচা আদায় হইতে পারিবে তাহা বিবেচনা করিয়া ১ ধারার বিধানানুসারে কার্য্য করিতে হইবে।

৪। ইহা স্পষ্ট বুঝিতে হইবে যে, এই বিধিমতে যে খরচা পাইবার জন্য দরখাস্ত করিতে পারা যাইবে তাহা অতিরিক্ত হইতে পারিবে না, এবং সম্পর্কযুক্ত কর্ম্মচারী আপন ইচ্ছামতে অনাবশ্যক খরচ করিলে গবর্ণমেণ্ট তাহা দিতে বাধ্য বলিয়া স্বীকার করেন না। সামান্য মোকদ্দমায় নিজে হাজির হইলেই অনেক স্থলে যথেষ্ট হইবে এবং যেখানে এরূপ হয় সেখানে উকীল নিযুক্ত করা নিষ্প্রয়োজন। সেইরূপ কৌন্সলীর ফীর জন্য প্রার্থনা খুব বিশেষ স্থলেই গ্রাহ্য করা যাইবে।"

শ্রীযুত এফ্, এম্, হালিডে সাহেব।

---

৫ নম্বর।

১। ভাটীখানায় মদিরা চুইবার চোলাই করা সম্বন্ধে বোর্ডের ১৮৮৭ সালের ২২ নবেম্বর তারিখের ১৪৬৬ B নম্বর সরকুলর পত্রের প্রত্যুত্তর সকল বিবেচনা করিয়া বোর্ড নিম্নলিখিত আদেশ প্রচার করিতেছেন:—

২। যে স্থলে মদিরা চুইবার চোলাই করা হয় সেস্থলে প্রথমবার চোলাই করিয়া যে মদিরা হয় ও দ্বিতীয়বার চোলাই করিয়া যে মদিরা হয় এই উভয় মদিরার উপরই ভাটীখানার ফী আদায় করিতে হইবে। কারণ ঐ চুই চোলাই স্বতন্ত্র।

৩। প্রতারণা নিবারণ করিবার জন্য নিম্নলিখিত উপায়গুলি অবলম্বন করিতে হইবে:—

(ক) প্রথম চোলাইয়ের পর শীঘ্র, যে মদিরা প্রস্তুত হইল তাহা মাপিতে ও পরীক্ষা করিতে হইবে ও প্রত্যেক পাত্রে টিকিট লাগাইয়া ঐ পাত্রে যে মদিরা আছে তাহার পরিমাণ ও তীব্রতা ঐ টিকিটে লিখিতে হইবে।

(খ) তাহার পর মদিরা ষ্টোররুমে লইয়া যাইতে হইবে এবং সেখানে চাবিতালা দিয়া রাখিতে হইবে।

(গ) যদি সেই দিনেই ঐ মদিরা আবার চোলাই করা হয় তাহা হইলে ভাটিখানার কর্ম্মচারী দেখিবেন যে প্রথম চোলাই করিয়া যে শরাপ প্রস্তুত হইয়াছে তাহার সমস্তই ভাটিতে দেওয়া হইল। কিন্তু যদি উহা সেই দিনেই আবার চোলাই করা না হয় তাহা

হইলে ঐ মদিরার অর্দ্ধেকের কম না হয় এইরূপ পরিমাণের অব্যবহার্য্য বা অপক্ব মদিরা ভাটিখানার কর্ম্মচারির সম্মুখে ঐ মদিরাতে মিশাইতে হইবে এবং যে সকল পাত্রে উহা রক্ষিত হয় সেই সকল পাত্রে টিকিট লাগাইয়া ঐ টিকিটে মোট পরিমাণ লিখিয়া রাখিতে হইবে।

(ঘ) দ্বিতীয়বার চোলাই করিয়া যে মদিরা প্রস্তুত হয় তাহা মাপিতে হইবে ও পরীক্ষা করিতে হইবে এবং প্রত্যেক পাত্রে যে মদিরা রক্ষিত হয় তাহার পরিমাণ ও তীব্রতা ঐ পাত্রে টিকিট লাগাইয়া সেই টিকিটে লিখিতে হইবে।

(ঙ) ভাটীখানার কর্ম্মচারী লক্ষ্য করিবেন যে, দ্বিতীয়বার চোলাই করা মদিরার উপর যে মাসুল আদায় হইতে পারে তাহা যে পরিমাণ মালমসলা ব্যবহার করা হইয়াছে তাহাতে যে মাসুল পাওয়ার সম্ভাবনা তাহার সমান কি না।

(চ) নিম্নলিখিত পাঠের একখানি রেজিষ্টরে যে মদিরা পুনর্ব্বার চোলাইয়ের জন্য অভিপ্রেত তাহার হিসাব রাখিতে হইবে।

১৫ ঘ।

মালমসলা ভাটিতে দিবার তারিখ।	যে মালমসলা ব্যবহৃত হইল তাহার পরিমাণ।	প্রথম চোলাইয়ের তারিখ।	১ম চোলাইয়ে যে মদিরা প্রস্তুত হয়।		যে পরিমাণ অব্যবহার্য্য মদিরা মদিরার সহিত মিশ্রিত হইল।	যে পরিমাণ অপক্ক মদিরা মদিরার সহিত মিশ্রিত হইল।	দ্বিতীয়বার চোলাই করিবার তারিখ।	দ্বিতীয়বার চোলাইয়ে যে মদিরা প্রস্তুত হয়।	
			পরিমাণ।	তীব্রতা।				পরিমাণ।	তীব্রতা।
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

৪। আবকারী বিধিপুস্তকের ২৫১ পৃষ্ঠায় এবং বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ৩৮০ পৃষ্ঠায় "১১গ" পাঠের পর উপরিলিখিত পাঠটী সন্নিবেশ করিতে হইবে।

৫। আবকারী বিধিপুস্তকের ১৬৫ পৃষ্ঠায় এবং বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ৩৪০ পৃষ্ঠায় ১১ পরিচ্ছেদের ২২ ধারায় নিম্নলিখিত পরিবর্ত্তনগুলি করিতে হইবে:—

৮ পংক্তিতে "ও" এই কথাটী উঠাইয়া দিতে হইবে এবং ৯ পংক্তিতে "রেজিষ্টর" এই কথাটীর পর "এবং যে মদিরা পুনর্ব্বার চোলাইয়ের জন্য অভিপ্রেত তাহার (১৫ঘ নং পাঠে) একখানি রেজিষ্টর রাখিবেন।"

শ্রীযুত রেনলডস্ সাহেব।

৬ নম্বর।

সদর ষ্টোর হইতে যে সকল বাক্সে ষ্টেশনরীর পাঠ ও ফেলী সরবরাহ করা হয় তাহার বিক্রয়ের টাকা এক্ষণে "২৫, পুরাতন ষ্টোর ও দ্রব্যাদির বিবিধ বিক্রয়" এই ঘরে জমা করিতে হইবে এবং উহা গবর্ণমেণ্টের ১৮৮৮ সালের ১০ আগষ্ট তারিখের F. $\frac{2}{}$ নং আদেশানুসারে আর ষ্টেশনরীর আয়ের মধ্যে ধরিতে হইবে না। অতএব বোর্ড ঐ আয়ের হিসাবের এতদিন যে তত্ত্বাবধান করিতেন তাহা আর করিবেন না। সুতরাং কমিশনর ও জিলার কর্ত্তৃপক্ষগণকে জানান যাইতেছে যে, বোর্ডের ১৮৮৮ সালের ২১ ফেব্রুয়ারি তারিখের নির্দ্ধারণে যে বাৎসরিক একত্রীকৃত বিবরণের উল্লেখ আছে তাহা ষ্টেশনরীর সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট আর পাঠাইবার আবশ্যক নাই ও পাঠাইতে হইবে না।

শ্রীযুত এফ, এম, হালিডে সাহেব।

---

৭ নম্বর।

বোর্ডের স্পেশিয়াল আবকারী ডেপুটী কালেক্টর যখন কোন জিলায় যান তখন যাহাতে তিনি আবকারী কার্য্যবিভাগের স্থানীয় অধস্তন ভিন্ন ভিন্ন একসেকিউটিব ও ডিটেকটিব কর্ম্মচারিগণের গুণ ও যোগ্যতার স্বয়ং পরিচয় পাইতে ও তাঁহাদিগকে যে যে বিষয়ে পরামর্শ দেওয়া আবশ্যক সেইং বিষয়ে তাঁহাদিগকে পরামর্শ দিতে পারেন তন্নিমিত্ত ঐ কর্ম্মচারিরা তাঁহার সহিত সাক্ষাৎ করিতে উপস্থিত থাকেন ইহা নিতান্ত বাঞ্ছনীয়। বোর্ডের ইচ্ছা এই যে, এইরূপ সময়ে ডেপুটী কালেক্টরের নিকট নিঃসঙ্কোচে আবকারী সংক্রান্ত সকল গুরুতর বিষয় সম্বন্ধে পরামর্শ লওয়া হয়। জিলার কর্ত্তৃপক্ষগণ নিঃসন্দেহ এই বন্দোবস্তের স্পষ্ট সুবিধা বুঝিতে পারিবেন এবং যখন ডেপুটী কালেক্টরদের আগমনের সংবাদ তাঁহারা সাধারণতঃ অগ্রেই পান তখন এই বন্দোবস্ত কার্য্যে পরিণত করিতে তাঁহাদের কোন কষ্ট না হইবার কথা।

---

৮ নম্বর।

ইহা দেখা যাইতেছে যে, মহকুমাস্থিত আবকারীর কেরাণীদিগকে অনেক সময়ে কেবল সাধারণ কেরাণীর কার্য্যেই নিযুক্ত করা হয় এবং ঐ কার্য্যের অধিকাংশের আবকারী বিভাগের সহিত কোন সংস্রব নাই অনেক মহকুমায় ঠিক ঐ বিভাগের কেরাণীর কার্য্য করিতে সপ্তাহে কয়েক ঘণ্টার অধিক লাগিতে পারে না। অতএব বোর্ড এই আদেশ করিতেছেন যে, মহকুমার আবকারী কেরাণীদিগকে সতত মফঃসলে ঘুরিয়া বেড়াইয়া দোকান পরিদর্শন করিতে, আবকারী বিধি ভঙ্গের অপরাধ ধরিতে, ও স্থিতিরীতি সম্বন্ধীয় সন্ধান সংগ্রহ করিতে নিযুক্ত করা যায়। তাঁহাদিগকে অনুমোদিত হারে ভ্রমণের খরচা দেওয়া হইবে।

২। ইনিস্পেক্টর বা সব-ইনিস্পেক্টর আবকারী ডেপুটী কালেক্টরের সাধারণ ও নিরন্তর তত্ত্বাবধানের অধীনে ঐ কেরাণীদিগের রোজনামচা সাবধান হইয়া পরীক্ষা করিবেন।

শ্রীযুত রেনলড্‌স সাহেব।

---

৯ নম্বর।

আফীম চুরীর সামান্যং মোকদ্দমা প্রদর্শক যে ১৪A নং রিটরণ রাজস্ব কার্য্যবিভাগের ১৮৮৭ সালের ১০ মে তারিখের ২৭১২ নং নির্দ্ধারণে নির্দ্দিষ্ট হইয়াছে ও আফীম সম্বন্ধীয় বিধির ক্রোড়পত্রে উদ্ধৃত হইয়াছে তাহা যে কাল অন্তর দাখিল করিতে হইবে তৎসম্বন্ধে সালারিজ কমিশনের পরামর্শ ভারতবর্ষের গবর্ণমেণ্ট গ্রাহ্য করায়, ঐ রিটরণ ভবিষ্যতে তিন মাস অন্তর না হইয়া ছয় মাস অন্তর দাখিল করিতে হইবে।

উল্লিখিত নির্দ্ধারণের ২ দফায় "তিন মাস অন্তর" এই কথাগুলির পরিবর্ত্তে "ছয় মাস অন্তর" এই কথাগুলি সন্নিবেশ করিতে হইবে।

এই বৎসর বোর্ডের যে বিবিধ বিধিপুস্তক প্রকাশিত হইয়াছে তাহার ১৭৯ ও ১৮২ পৃষ্ঠার ১৯ ও ২০ রিটরণের গায়ে দ্বিতীয় ঘরে " ঐ " এই যে শব্দটী আছে তাহার পরিবর্ত্তে ক্রমান্বয়ে "ছয় মাস অন্তর" ও "তিন মাস অন্তর" এই কথাগুলি সন্নিবেশ করিতে হইবে।

---

১০ নম্বর।

আবকারী বিধিপুস্তকের ১৩০ পৃষ্ঠায় ও বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ৩২৪ পৃষ্ঠায় ৩ পরিচ্ছেদের ১৯ ধারার শেষে " নালিশ হইবে" এই কথাগুলির পর নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে :—

"খাজানাখানার একজন পোদ্দারকে নীলামে উপস্থিত থাকিয়া লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণ কর্ত্তৃক প্রদত্ত আগাম ফী গ্রহণ করিতে আদেশ করিতে হইবে। বেলা দুইটা পর্য্যন্ত পোদ্দার যে টাকা প্রাপ্ত হন তাহা খাজানাখানায় পাঠাইয়া দিতে হইবে এবং সেই দিনের হিসাবে জমা করিতে হইবে। এবং ঐ দিনে তাহার পর যে সকল টাকা দেওয়া হয় তাহা মোহর করা থলিয়াতে করিয়া খাজানাখানায় রাখিতে হইবে ও পরদিনে তাহার হিসাব লিখিতে হইবে। প্রত্যেক নীলামের দিনের শেষে আবকারীর ডেপুটী কালেক্টরকে খাজানাখানার কর্ত্তৃপক্ষের সহিত স্বয়ং সাক্ষাৎ করিয়া হৃদ্বোধমতে বুঝিতে হইবে যে, ঐ দিনের হিসাবে খাজানাখানায় যে টাকা পাঠান হইয়াছে ও পাওয়া গিয়াছে তাহা মিলে।"

১১ নম্বর।

১৮৭৪ সালের ১২ ফেব্রুয়ারি তারিখের ১০৭০নং বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩৫ ধারানুসারে প্রচারিত ভারতবর্ষের গবর্ণমেণ্টের পার্শ্বলিখিত বিজ্ঞাপন উপলক্ষে বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৭ অধ্যায়ে ও ইস্টাম্প কার্য্যবিভাগের কার্য্যে নিযুক্ত কর্ম্মচারিদের উপদেশার্থ বিধিপুস্তকে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।

১৪৩	পং সবঙ্গ মঃ বল্লবলপুর থানা সবঙ্গ।	২৬৯৮৶১	সম্পূর্ণ	......	রামহরি মণ্ডল, শ্রীমত্যা অন্নপূর্ণা দাসী মাতা রক্ষক শ্রীহরি মণ্ডল দিং।	......	১০৫৮৶৭	...	
১৫২	পং সবঙ্গ মঃ বরদা থানা সবঙ্গ।	৬৬৪।।৶৩	...	ইজমালি অংশ মোট মহালের রকম ... ।০	কেনারাম পাল ...	৩৩০।/২	... ..	২৬।।৬	
১৬৬	পং অমরসী মঃ বাঁস গোবিন্দপুর ওঃ দক্ষিণ গোলাডা থানা পটাশপুর ;	খায় পুলিস ১২৮০৶১০	...	ইজমালি—মোট মহালের রকম ৮৶৫ গণ্ডা	শ্রীমত্যা প্রসন্নকুমারী দেই মধুসুদন রায় দিং।	খায় পুলিস ১২২০৶৮	......	২১৮৶০	
২০৪	পং খান্দার মঃ বাধকরাড় ওঃ বাড়-গণেশ থানা সবঙ্গ ও মেদিনীপুর।	৩৪৯৬৩	...	মোট মহালের রকম ।০ আনা	শ্রীমতী লালি বিবি মাতা রক্ষক সেকেন্দরআলি খাঁ দিং।	৮৭৪৭	......	৫৪।।/০	এই মহালের সামিল শ্রীমন্তপুর মৌজায় ২।।০। বিঘা ও তফরিক আম্বি মৌজায় ২।।৪৶ বিঘা জমীন কেনেলের বাদ্ধার্থ গ্রহণ হইয়াছে।
২১৯	পং খান্দার মঃ বেলকিয়ানা সবঙ্গ।	২২৬।।৶৩	...	পূঃ হিঃ রকম ৶২।—	মদনগোপাল মাসান্ত ...	১২৬৶৭	......	৯৮৶২	এই মহালের অন্তর্গত কিং বেল্কি দিং মৌজায় ১০২১।।৶৪ টাকা জমা চৌং রাধানাথ মাসান্ত দিং পত্তনি রেজেষ্টরী করাইয়াছে।

তৌজীর নম্বর।	পরগণা ও মহালের নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইবে কি না।	যদি কোন অংশ নিলাম হয় তবে কত অংশ।	তালুকদারদিগের নাম।	অংশ নিলাম হইলে সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইলে তাহার বাকী।	অংশ নিলাম হইলে তাহার বাকী।	মন্তব্য।
২৭১	পং বাজীৎ মঃ বাজীৎ থানা গোপীবল্লভপুর।	৬৯০।/৪	...	ইজমালি অংশ— মোট মহালের রঃ... ।৶৹	রামনিধি কুণ্ডু ওঃ রামানন্দ কুণ্ডু দিং	২৭৭ /৪	......	৮৸০	
২৭৩	পং কিঃ ময়না মঃ ব্রজবল্লভপুর থানা সবঙ্গ।	৬২৩৷৷/১১	...	ইজমালি অংশ— মোট মহালের রঃ .. ৮/৫৻৪	শ্রীমত্যা যমুনা মণী দাসী, সদানন্দ মাসান্ত নাবালকের মাতা শ্রীমতা বসুমতী দাসী মাতা রক্ষক নবদ্বীপ চাঁদ মাসান্ত নাবালক।	৫১৬৷৷৴২	......	১৪৮৵৫	
				পৃঃ হিসাব— মহালের রকম ...৶১০৮১	শ্রীমতা আহ্লাদিনী দাসী ও শ্রীমতী পদ্মাবতী দাসী ও নন্দলাল মাসান্ত।	১০৬৮৵৯	......	৫৪	
২৮৮	পং বালসাই মঃ বেলবেড়্যা থানা রঘুনাথপুর।	৬৭৮।৶১০	সম্পূর্ণ	.....	বৈদ্য নাথ দাস ও ধীরনারায়ণ দাস দীং।	......	৮৭	...	
৩১১	পং সাহাপুর মঃ ভণ্ডরিয়া ওঃ ঘোতঅঙ্কুর থানা ডেবরা।	৫৩১৷৷৴২	...	২ নং পৃঃ হিঃ— মৌং কাবিলপুর ... ৷৷৶১৩।— মৌং চকবেগু ... ৷৷৶১১।—	ভমনচন্দ্র পরামাণিক, মুক্তা রাম পরামাণিক, প্রসন্নময়ী দাসী।	১৫২ ৶৪	......	২৶৹	
৩২৬	পং ময়নাচোর মঃ ভামুয়া থানা সবঙ্গ।	১২৯৭৮৶৩	সম্পূর্ণ	......	রামচরণ বন্দ্যোপাধ্যায় ...	......	৯৫৮/৪	......	
৩২৮	পং এগরা চোর মঃ ভাটদা থানা এগরা	৩৬১৪৮/৪	...	ইজমালি অংশ— মৌঃ কারকপাড়া ... ১ মৌং নবিপুর ... ৷।০। তেতুলা ... ১ মৌং কিঃ সড়রঙ্গ ... ৶৭৮৻৫৮ ভাটনা ... ৷৷৮৷৷ মৃজাপুর ... ১ মৌং সুন্দরপুর ... ১ মৌং নরহরিপুর ... ১ মৌং গোপীনাথপুর ... ১ মৌং বুরিয়া ... ১ মৌং কিঃ কাদারডিহা ... ৶১২	দুর্গাচরণ ও ঝাপড়চরণ সাহু দিং...	১২৭০৮/৭	......	৬৬	এই মহালের সামীল মৃজাপুর মৌং ১৫৷৷২।৶ বিঘা জমি কেনেল কোম্পানির খালের জন্য গ্রহণ হইয়াছে।

৩৪০	পং ভূঞাযুঠা মঃ চৈতন্নচক ওঃ উত্তরি থানা ভগবানপুর।	২১১১॥৶৬	……	চৈতন্য চক ... ।৶৫ চড়াবাড় ... ।৶৫	ইজমালি জয়নারায়ণ ও বিপ্রপ্রসাদ হাজরা দিং।	৪১০৸৶৯	……	২৯৶৩	
৩৫৪	পং বাটী টাকী মঃ চাকই ওঃ বনাই থানা সবঙ্গ।	৭১৮॥৫	...	১ নং পৃঃ হিঃ মহালের রঃ ॥	১নং পৃঃ হিঃ রসিক চাঁদ মাইতি মান্যাজার ভঃ শ্রীকান্ত মাসান্ত নাবালক তারাচাঁদ পাত্র ওঃ গুরুপ্রসাদ দাস।	৩৫৯।২	……	২৮৶২	
৩৮৬	পং কাশীযোড়া মঃ ডাবুয়া পুকুর থানা পাঁশকুড়া।	ম য় পুলিস ৬১৮৸/৩	সম্পূর্ণ	……	নিমাইচাঁদ দে ...	……	৫৭।'৶২	...	এই মহালের ডাবুয়া পুকুর মৌং ৸২।। কাঠা জমি কেনেল কোম্পানির খালের জন্য গ্রহণ করিয়াছে।
৩৯১	পং কেদার কুণ্ডু মঃ ভুঞা থানা সবঙ্গ।	১১৩৫॥৩	সম্পূর্ণ	……	শ্রীধরচরণ নন্দী ...	……	৮৮॥৬	……	৬ ফুটনলের ১৩৯৸৩৸ বিঘা জমিন কেনেলের কার্য্যার্থ গ্রহণ হইয়াছে।
৪০৪	পং কিঃ কাশীযোড়া মঃ দেহাটী থানা পাঁশকুড়া।	৬৯৭।/৭	সম্পূর্ণ	……	শ্রীমতী তুলসী দাসী ও শ্রীমতী তরঙ্গিনী দাসী।	……	৩৪।৶১	……	এই মহালের সাবীল দেহাটি মৌজায় ৪।।৬। বিঘা জমি কেনেল কোম্পানীর খালের জন্য গ্রহণ করিয়াছে।
৪৩২	পং ময়না চৌর মঃ দনাচক ওঃ পুতপুত্যা থানা সবঙ্গ।	২৫৯৬।/৪	...	মৌং দনাচক ... ৶১০ মৌং চণ্ডরা কালাগণ্ডা ।৫	ইজমালি বৈকুণ্ঠনাথ জানা ...	১২৭/৫	……	৮৸১০	
৪৩৩	পং ময়নাচোর মঃ দোবান্দী ওঃ হাপিজন্না পুত্তপুত্যা দোবান্দী থানা সবঙ্গ।	৫৬১৲	সম্পূর্ণ	……	প্রেমানন্দ বাহুবলীন্দ্র, সচ্চিতানন্দ ও পূর্ণানন্দ বাহুবলীন্দ্র।	……	৫৩৸৶৯	……	
৫০৬	পং সাহাপুর মঃ গয়লাগেড়া ওঃ সাল কোটী।	৫৯৫৮৸৶১০	সম্পূর্ণ	……	অক্ষয় নারায়ণ ও অমৃতলাল বন্দ্যোপাধ্যায় দিং।	……	৪১॥৶১০	……	এই মহালের গয়লাড়োগা মৌং ৫৭/ বিঘা জমি কেনেল কোম্পানির খালের জন্য গ্রহণ হইয়াছে।

তৌজী নম্বর।	পরগণা ও মহালের নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইবে কি না।	যদি কোন অংশ নিলাম হয় তবে কত অংশ	তালুকদারদিগের নাম।	অংশ নিলাম হইলে সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইলে তাহার বাকী।	অংশ নিলাম হইলে তাহার বাকী।	মন্তব্য।
৫২৭	পং বাগী টাকা মঃ গুমাই থানা সবঙ্গ।	৬৫৫৫৶২	...	১নং পৃথক হিসাব ... মোট মহালের রকম ॥০	১ নং পৃথক হিসাব ইন্দ্রনাথ মাসান্ত ও উপেন্দ্রনাথ মাসান্ত দিগর।	২২৭॥/১	......	২১৮৶১০	এই মহালের সামিল বাগীটাকী মৌঃ ৩৮৩॥ বিঘা জমি কেনেল কোম্পানির খালের জন্য গ্রহণ হইয়াছে।
৫৪৪	পং ময়না চোর মঃ গজীনা থানা সবঙ্গ	৮২৩।৶১	...	মহালের রকম ... ।০৫৬	ইজমালি অংশ শ্রীনাথ চন্দ্র দাস ওঃ হিরালাল দাস দিগর।	২১০। ৪	......	১৫।/২	
				মহালের রঃ ... ৶১	১ নং পৃঃ হিঃ পরমেশ্বর চন্দ্র গোপালচন্দ্র, গোবিন্দচন্দ্র দাস।	১৫৬৮৶	......	১২॥৬	
				মহালের রঃ ... ।০৶	২ নং পৃঃ হিঃ রাজারাম দাস ..	২০৬৶৭	......	১৬৮৴১	
				মহালের রঃ ... ৴১১॥	৪ নং পৃঃ হিঃ প্যারি মোহন ও উমেশচন্দ্র দাস।	৮৯১০	......	৬।/২	
				মহালের রঃ ... ৴১৪০৶	৫ নং পৃঃ হিঃ উজ্জ্বলা মনি দেই ..	৮৭৮৴	...:	৬৸০	
৫৪১	পং ময়না চোর মঃ গড় সফাত থানা সবঙ্গ।	৮৯৯৮৶১১	সম্পূর্ণ	......	প্রেমানন্দ ও সচ্চিতানন্দ ও পূর্ণানন্দ বাহুবলীন্দ্র।	......	৭০৮৶০	......	
৫৮১	পং কাশীযোড়া মঃ হরিনারায়ণ চক থানা পাশকুড়া।	২৪০০	সম্পূর্ণ	......	দীনবন্ধু মাসান্ত ...	......	৷৮৭৲	......	
৫৯১	পং সবঙ্গ মঃ হারনান	৮৩৭।/৪	...	হারনান ... ১ মৌজা কুন্দরা এবং বহির কুন্দরা ১ ,, তিলন্তপাড়া ... ॥/৷॥= তুলসী চক ... ।/৬॥= গজেন্দ্র চক ... ৸/৬॥= বড় লেখনা ... ১ মৌজা খেপাল ... ১ ,, রাউত কন্যা ... ১ ,, যশরাজপুর ... ১ ,,	ইজমালি অংশ রাজারাম জানা ..	৭৭৪॥৶০	......	৸৶৮	

৬২৭	পং চেতুয়া মঃ হরিরামপুর থানা দাসপুর।	মায় পুলিস ২৫৯২০৶৯	...	ইজমালি অংশ রং ৷৷০	এজমালি অংশ নবলাল খাঁন, করালিপদ খাঁন দিং।	মায় পুলিস ১২৯৬০/১১	.. ...	১৯৭০৮৶৩৫	এই মহালের অন্তর্গত কিশোরনগর দিং মৌজায় ৯৬৲ টাকা জমা ইস্তমুরারি ইজারা পাট্টা বিজয় কিশোর খাঁ রেজিষ্টরি করাইয়াছে।
৬৩৮	পং ময়না চোর মঃ হরকুলি দক্ষিণ।	৮১০৩৮	...	মোট মহালের রঃ ৩৬৭৩	এজমালি অংশ হরনারায়ণ দাস দীনবন্ধু দাস দিং।	৬২৫৪৮৶২	......	৪২৷৷৶১১	
৬৩৯	পং ময়না চোর মঃ হরকুলি দক্ষিণ থানা সবঙ্গ।	১০০১৷৶২	...	এজমালি মোট মহালের রঃ ৷৷০	এজমালি দীননাথ ভট্টাচার্য্য ...	৫০০৷৷৶৭	......	৯১৷৷৶১	
৬৪২	পং অমরসী মঃ যাদুবাড়ওঃ নয়াবসান থানা পটাসপুর।	৯০৭৮৩	...	এজমালি মোট মহালের রঃ ...৷৷৶১৬/	এজমালি ঈশানচন্দ্র ও প্রেমচাঁন্দবেরা দিং।	৬১৬/৪	......	১৭৶২	
৬৬৫	পং সবঙ্গ মঃ ঝাড়দই	৫৭০৷৶২	...	এজমালি অংশ মোট মহালের রঃ ... ৮৶	প্রেমচান্দ পাল ...	৫৯৯/৭	......	১৫৶৭	
৭৪০	পং সবঙ্গ মঃ খেলনা ছোট (থানা সবঙ্গ)	৭১৫৷/১০	সম্পূর্ণ মহাল।	......	নিমাইচাঁদ দে ...	...	৫৫৮৶	..	
৭১৫	পং সবঙ্গ মঃ কুলতাপাড়া (থানা সবঙ্গ)	৮৫১৮/৮	...	মোট মহালের ।/৭৮১ দন্তি...	১নং পৃঃ হিঃ বিষ্ণুহরি মাইতি ...	২৮৬১	...	২১৮/১	
৭৮০	পং গগনেশ্বর মঃ কানপুর।	৮০৬১৶৮	...		১নং পৃঃ হিঃ ব্রজগোপাল মল্লিক স্বয়ং মহেন্দ্রনাথ মল্লিক নাবালকের রক্ষক মহাকেত্র করালিচরণ মিত্র শ্যামাচরণ মল্লিক দিং।	২৬৮৮/২	...	২৷৶১	মহেন্দ্রনাথ সাতুয়া ওগয়রহর নামে মৌঃ কিং নন্দিপুরা/৬৷৷ = কিং কোরকদা/১৫-৷৷২ দন্তি একুন দুই মৌজার কাত ৪০৷৶৩ টাকাডাকিনের মধ্যে ১নং পৃঃ হিঃতাহি ম ৮৶২ দবাকি এজমালি ভীমচরণ ঘোষ মৌঃ দেশেড়া ৶৮৮-২ দন্তি মৌজেচন্দ্রপাড়৶৮৮-২ দন্তি মৌঃ কাঞ্চড় ৶৮৮-২ দন্তি ও কপাসাড়া ৶৮৮-২দন্তি।

তৌজীর নম্বর।	পরগণা ও মহালের নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহল নিলাম হইবে কি না।	যদি কোন অংশ নিলাম হয় তবে কত অংশ।		তালুকদারদিগের নাম।		অংশ নিলাম হইলে সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইলে তাহার বাকী।	অংশ নিলাম হইলে তাহার বাকী।	মন্তব্য।
						২নং পৃঃ হিঃ অক্ষয়নারায়ণ মাইতি দিং।		১০৫J৫	...	১।J১১	কলাবনি ও খুরদ কলাবনি ৮৮ - ২ দস্তি এই সকল মৌজার এজমালী ও এই ১নং পৃঃ হিসাবের অংশ আছে তাকিম ১২।/ পৃঃ হিঃ ১নং ও অক্ষয় নারায়ণ মাইতি ২ নং পৃঃ হিঃ মালিকের নামে তাকিনের মধ্যে ১নং পৃঃ হিসাবের তাকিম ২।J৪ যোগ করিলে ১নং পৃঃ হিসাবের তাকিম সম্পূর্ণ হয়।
				১নং পৃঃ হিঃ—	...	২নং পৃঃ হিঃ মৌজার নাম—	...				
				কিং কানপুর	।/৬৷১৬	কিং কানপুর	।১৬				
				কিং মাছিপুর	।/৬৷৷৬	কিং কসবা	।১৬				
				কিং কশবা	।/৬৷৷৬	কিং কান্দিয়াড়া	।/৬৷৷				
				কিং কান্দিয়াড়	।/৬৷৷৬	শিপুর	।৫।—				
				কিং দোনাড়া	J১১৲৪	মুড়াকাটা	।১৬				
				শিপুর	।/৬৷৷৬	কোবকদা	J২৷৷=				
				পারেলা	।/৬৷৷৬	কুলাগেড়া	।১৬				
				কোবকদা	J১১৲৪	তেলিগেড়া	।/৫।—				
				মুড়াকাটা	।/৬৷৷৩	গোরকপুর	।/২।—				
				কলাগেড়ে	।/৬'।=	মানিকপুর	৷৷১৭৮১				
				তেলিগেড়ে	।/৬।৬	কাং ১৪৩।৬ তাকিনের মধ্যে ২নং পৃঃ হিঃ হিসাবের ১০৫J৮।J৩					
				গোরকপুর	।/৬৷৷৮						
				হিজবাড়	।/৬৷৷৬						
				চেচড়াবাদা	।/৬৷৷৬						
				ছত্রপাড়া	J১১৲৪						
				কাঞ্চড়	J১১৲৪						
				কাপাসাড়া	J১১৲৪						
				কলাবনি ও খুরদ কলাবনি	J১১৲৪						
				মানিকপুর	৴১৫৷৷২						
				তাকিন	২৫৫৮/৩						
৮০৪	পং কাশীযোড়া মঃ কলাগেছ্যা (থানা তমলুক।)	১১৪৯৷৷৭	...	মৌজা কলাগেছ্যা রঃ	৮০	এঃ অংশ চন্দ্রমোহন মিত্র	...	৭৮০J১০	...	৬১৷৷০	

৮২৮	পং এগরাচোর মঃ কশবা।	৮৫৫॥৶৭	...	মৌং ঐ নাম ॥৵৪।—১॥ মৌং কলাচক ৷৶১১৲॥ কামারডিহা ৷৵১১৷৷১॥ কোড়ৎদা ৷৶১১৲॥ দামুদরতিরণ ৷৶১১—১॥ কশবা ৷৶১০৮=৪॥ মতিকাবাদ ৷১৭॥=১॥ পুষ্করপুর ৷৵১৩।—১॥ পুরুষত্তমপুর ৷৶১১৲॥ রঘুতিরল ৷৶১১৲॥ দাবেটা ৷৵১১॥৲॥ গিরিধরপুর ৷৶১১৲॥ কশবা পাটনা ৷৶১১৲॥ বড়মিয়ারি ৷৵৬৷= আম গাঁ ৷৲৬॥= মহম্মদপুর ৷৵৬॥= বজরপুর ।৷০ সড়রজ ॥৶০	এজমালি অংশ শ্রীমত্যা আনন্দা দেই ও অযোধ্যানাথ পাহাড়ী দিং।	৩৬৬৶১০	...	১০৷৶৫	এই মহালের সামীল ঐ নাম মৌং ১৬॥২৴ জমি কেম্বেল কোম্পানির খালের জন্য গ্রহণ করিয়াছে।
৮৪২	পং ময়নাচোর মঃ কুণ্ডরচক (থানা সবঙ্গ।)	৬৬২৶৪	সম্পূর্ণ মহাল।	......	লক্ষ্মীনারায়ণ ও বস্তি নারায়ণ ঘোড়াই দিগর।	..	৫০/২	...	
৮৬৭	পং চেতুয়া মঃ কুঞ্জপুর (থানা দাসপুর)	মায় পুলিস ১২৮১৭৮৭	...	মোট মহালের রঃ ॥৶৬=২ দন্তি	এঃ অং জন্মেজয় মল্লিক ...	মায় পুলিস ৮২৬০।৵১১	...	মায় পুলিস ১২৫২৮১	
				মোট মহালের রঃ ৶৪ গণ্ডা ...	১নং পৃঃ হিঃ জন্মেজয় মল্লিক ...	মায় পুলিস ২৫৬৩॥১১	..	মায় পুলিস ৩৮৪৷৶১	
				মোট মহালের রঃ ৹৯৮১ দন্তি	২নং পৃঃ হিঃ যজ্ঞেশ্বর মল্লিক ...	মায় পুলিস ১৯৯৩৮৴৯	...	মায় পুলিস ৩০১৲	
৮৭৩	পং সবঙ্গ মঃ খোড়ুই (থানা সবঙ্গ)	৮৭৩৮৶৯	...	মোট মহালের রঃ ৷৵১২ ...	এজমালি অংশ গোপীনাথ ভুঞা ও কেশবলাল ঘোষ।	২৩৫৮৶১	...	১৩৷৶৬	
৮৮১	পং ভূঞামুঠা মঃ থাজুর আড়ি ও কুচাইদিঘি (থানা ভগবানপুর)।	৩২৭৬৴১	...	।৷০ অংশ ...	এজমালি অংশ অম্বিকাদেবি মাতা রক্ষক শিবদয়াল মজুমদার নাবালক শিবপ্রসাদ ভঞ্জ দিং।	১৬৩৮৲৯	...	৯৭৷১০	এই মহালের ১১১৯৲৪॥ টাকা জমা ব্রজমোহন দত্ত সাধারণ রেজেষ্টারিতে নাম হাসিল করিয়াছে।

তৌজীর নম্বর।	পরগণা ও মহালের নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহল নিলাম হই বকি না।	যদি কোন অংশ নিলাম হয় তবে কত অংশ।	তালুকদারদিগের নাম।	অংশ নিলাম হইলে সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইলে তাহার বাকী	অংশ নিলাম হইলে তাহার বাকী।	মন্তব্য।
৮৮৯	পং ময়নাচোর মঃ খিরাই থানা সবঙ্গ।	৫৯৫১।৩	সম্পূর্ণ	......	দীনবন্ধু নন্দী নবদ্বীপ চাঁদ নন্দী নাবালকের রক্ষক দিনবন্ধু নন্দী দিং।	...	১৯০॥৪	...	
৮৯৩	পং অমরসি মঃ ক্ষেত্রপাল শেলমাবাদ (থানা পটাসপুর)।	১৪৯১৶৩	...	নকিবসান ।০ রায়বান্দ দক্ষিণ ১ মৌজা খিদিরপুর ভেড়ি ১ ,, সেলমাবাদ ১ ,, খিদিরপুর ১ ,, চিন্তিপুর ভেড়ি ৶ ,,	এঃ অংশ শম্ভুচন্দ্র দাস মণ্ডল ও শ্রীমত্যা ব্রজেশ্বরী দাসী দিং হাল খরিদার ত্রৈলক্যনাথ চৌধুরি।	৩০৭।৶৪	...	৪৯॥৪	মার জুন কিস্তির বাকী
৯২০	পং শিপুর মঃ কেওয়া	৫২২।৶৮	...	ভুবদা ।৶৮ কুণ্ডরপুর ।৶৴ কেওয়া ।৶৮	ইজমালী মেদনীপুর জেলার কালেক্টর মেনেজার ও গার্জন তঃ পৌঃ নরেন্দ্রনাথ পাহাড়ী নাবালক ও ব্রজেশ্বরী দেই দিং।	২০৯৶০	...	৬৶০	নাবালকের অংশ আছে।
৯১১	পং জালকাপুর মঃ লটুন্যা থানা সবঙ্গ।	৮৫৯॥৶৮	...	রকম ।৹৮ গণ্ডা ...	ইজমালী প্রেমচাঁদ মাশান্ত ও বৈকুণ্ঠনাথ জানা।	২৩৬।৴৭	..	৩৶১১	
৯৯৯	পং ময়নাচোর মঃ মথুরাপুর থানা সবঙ্গ।	৫৫৭৮৴১০	সম্পূর্ণ	.....	নিমাইচাঁদ দে ...	......	৪২॥৶৬	......	
১০২৫	পং ময়নাচোর মঃ ময়না দক্ষিণ থানা সবঙ্গ।	৫৪৮॥৶৫	...	র৹ম ৶৹ আনা ...	পৃথক দিং রাজারাম দাস ...	৩৬।৶১১	......	২৮৷৴৮	
১০৩৪	পং কাশীযোড়া মঃ লহমা কুণ্ডর চক থানা পাঁশকুড়া।	১১৭২৮৴০	সম্পূর্ণ	......	নিমাইচাঁদ দে ...	......	মায় পুলিস ৯৭।৶১	.....	এই লহমা কুণ্ডর চক মৌজায় ৫৲৬১ বিঘা ও কুণ্ডর চক মৌজায় ৫৮৬৲৬ বিঘা পাইকান সার দাবসান মৌজায় ২২৴৪। বিঘা জমীন কেনেলের কার্য্যার্থে গ্রহণ হইয়াছে।

১০৪৬	পং সবঙ্গ মঃ নন্দবাড় থানা সবঙ্গ।	৬৬৭॥/১১	সম্পূর্ণ	......		রাজীবলোচন ও মধুসূদন শাবুদ দীং।	...	৫৲৮/	......
১০৪৮	পং সবঙ্গ মঃ নিশ্চিন্তা ওঃ খাগড়াগেড়্যা থানা সবঙ্গ।	৬৫৩॥০/৭	...	মুলবিল ৮১৫ গণ্ডা খাগড়াগেড়্যা ৮৵২॥ গণ্ডা।		ইজমালী শ্রীমত্যা দুর্গামণী দাসী ও প্রাণকৃষ্ণ ও নবকৃষ্ণ পাল দীং।	৫৬১৮/৯	......	৪০॥/৮
১০৪৯	পং সবঙ্গ মঃ নক্রা থানা সবঙ্গ।	৮৬৮॥২	সম্পূর্ণ	......		শ্রীমত্যা আনন্দমণী দেব্যা ও রঘুনাথ দাস পহরাজ মহাপাত্র দীং।	......	॥১১	......
১০৬২	পং ময়নাচোর মঃ মারেঙ্গা দাঘী থানা সবঙ্গ।	১৪৮৩।৶/১১	সম্পূর্ণ	....		প্রেমানন্দ ও সচ্চিদানন্দ বাবু বলিন্দ্র দীং।	......	১১৬/১১	.....
১০৯৫	পং বাগী টাকী মঃ ফুল ভেড়ী।	১৬০৮॥৶/১০	...	॥১৫॥৲২ দন্তী	...	ইজমালী শ্রীমত্যা অম্বিকা দেবী মাতা রক্ষক শিবদয়াল মজুমদার ও সীতারাম মজুমদার দীগর।	৭৮৲১১	.....	৯॥৪
				২কম ।০ আনা	...	পৃথক হিঃ লক্ষ্মীনারাণ মাইতি ...	২১৮॥৶১	......	১৭৶১
১১৪৫	পং অমরশী মঃ পুর্ব্ব অমরশী ওঃ রঘুনাথপুর থানা পটাশপুর	৮৭৪৸/০	...						
১১৫৯	পং ভুঞা মুঠা মঃ পশ্চিম মাসাড়্যা ওঃ বেতাল খটীয়াল থানা ভগবানপুর।	৩৬২০॥৶৮	...	মাশাড়্যা	৶১৩।—	পৃথক হিসাব শ্রীযাদবচন্দ্র মিশ্র নাবালকের মাতা শ্রীমত্যা বুল্লনা দেব্যা ও বিমাতা শ্রীমত্যা দুর্গামনী দেব্যা।	৫৪৭৷৹/২	......	৩৯৸৶৬
				পুর্ব্ব মাশাড়্যা	৶১৩।—				
				দ্বারিকাপুর	৶১৩।—				
				কিশোরপুর	৶১৩।—				
				কাটগেছ্যা	৶১৩।—				
				মধ্য সীমলা	৶১৩।—				
				মিরচক	৶১৩।—				
				দীঘাদণ্ডি	৶১৩।—				
				কোটবাড়	৶১৩।—				
				খটীয়ান	৶১৩।—				
				তাকুড়্যা	৶/১৩।—				
				নয়া তাকুড়্যা	৶১৩।—				
১১৯২	পং ময়নাচোর মঃ পুতপুত্যা।	২৭১৮৶৯	..	রকম ৮৶/১৮৶১৬ তিল	...	ইজমালী সদানন্দ মণ্ডল ও রাম হরিমণ্ডল দীং।	২৩৯৫৮১	......	১৮৭৸/৯
				২কম ১৯৲২ তিল	...	পৃথক হিসাব লক্ষ্মীনারাণ মাইতি।	১১১॥৶৪	......	১২॥৹/২

তৌজির নম্বর।	পরগণা ও মহালের নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইবে কি না।	যদি কোন অংশ নিলাম হয় তবে কত অংশ।	তালুকদারদিগের নাম।	অংশ নিলাম হইলে সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইলে তাহার বাকী।	অংশ নিলাম হইলে তাহার বাকী।	মন্তব্য।
১২৩০	পং কিঃ কাশীযোড়া মঃ রাতালিয়া থানা পাঁশকুড়া।	নায় পুলিস ১১৩৫৮১১	সম্পূর্ণ	……	শ্রীযদুচরণ নন্দী সাং চকপপন পং সাহাপুর।	……	নায় পুলিস ৮৯॥৶১	……	
১২৩৮	পং সবঙ্গ মঃ রাগপুর থানা সবঙ্গ।	৫০৪॥৶৬	…	এজমালি অংশ মোট মহালের রকম ।।০	যাদবরাম সামন্ত শ্রীমত্যা চন্দ্রাবলি দাঁং।	২৫২।/৩	……	২৮৶	
১২৮৩	পং ময়নাচোর মঃ রামচন্দ্রপুর (থানা সবঙ্গ)।	১৩০০৮/৯	সম্পূর্ণ	……	কাশীদাস চক্র সাং বল্লভপুর সহর লক্ষ্মীনারায়ণ ঘোড়ই সাং রামচন্দ্রপুর পং ময়না।	……	১০০/৯	……	এই মহালের ৫৪৭ টাকার ইস্তমুরারি-মৌরাস পাট্টা লক্ষ্মীনারায়ণ ঘোড়ই রেজিষ্টরি করাইয়াছে।
১৩৩১	পং কাশীযোড়া মঃ শ্রীধর বসান ও: ধুলিড়া থানা পাঁশকুড়া।	নায় পুলিস ১৪৫৬৮/৬	…	পৃঃ হিঃ মৌঃ শ্রীধর বসান ১ ,, ধুলিড়া ।০	১নং, পৃঃ হিঃ গঙ্গানারায়ণ সামন্ত সাং বেলকী চক গোপীনাথ পং খান্দার।	নায় পুলিস ৬৯১৮/৮	……	নায় পুলিস ৪৬।/০	ধুলাড়া মৌজার ৫॥৩ বিঘা ও নারাণচকের ১॥৪ বিঘা জমী কেনেলের কার্য্যার্থে গ্রহণ হইয়াছে।
১৩৪৯	পং সবঙ্গ সাং সিউলিপুর থানা সবঙ্গ	৬:৪৲৯	…	এজমালী অংশ মোট মহালের রকম ।৶১২॥০ দস্তী।	সীতারাম ও রামসুন্দর মজুমদার দীং	২৯৮।৶:১	……	৩।২	
১৩৮৬	পং ভুক্তামুঠা মঃ সীমল্যা থানা ভগবানপুর।	৭০০॥/৫	…	এজমালি অংশ মোট মহালের রকম ॥০	উমাপ্রসাদ মিশ্রি ও গঙ্গারাম মিশ্রি	৩৫০৭	……	৯৲	
				পৃঃ হিঃ মোট … মহালের রঃ ৶১১।—	১ নং পৃঃ যাদবচন্দ্র মিশ্রি নাবালকের মাতা শ্রীমত্যা খুল্লনা দেব্যা ও বিমাতা শ্রীমত্যা দুর্গামণি দেব্যা।	১১১৮২	……	৮/১	
১৩৯০	পং শীপুর মঃ শ্রীরামপুর থানা এগরা।	৩৯০০৮৯	সম্পূর্ণ	……	চৈতন্য প্রসাদ দাস মহাপাত্র ও: গোপী মোহন দাস মহাপাত্র দিঃ	……	১১৮৯	…	এই মহালে নরেন্দ্রনাথ পাহাড়ী নাবালকের অংশ আছে

১৩৯৭	পঃ শীপুর মঃ সা-হড়া থানা এগরা।	৬৩৫৶৩	...	এজমালি অংশ গজুরি ॥৴১৫ সাদনাপুর ... ॥৴১৫ খদিকুলা ... ১ মৌজা ডুবদা ... ॥৴০ হাট বাড় ... ১ বিহারিপুর ... ৸০ আরুয়া ... ॥৶১৫ সিন্দুরিয়া ... ।৮ বার বেট্যা ... ।০ বার আমলদা ... ৸৶ বৈচা ... ১ নিশ্চিন্দা ... ১ জাঙ্গুলা ... ১ খুরুট্যা ... ১ মলিদা ... ১	নীলকণ্ঠ ও রঘুনাথ মিশ্রি দিং ...	৩৭৩৶১০	......	১৬।/৫	
১৪৩৭	পঃ কিল্যে ময়না-চোর মঃ শ্রীরাম পুর থানা সবঙ্গ।	১২১২৯	...	পৃঃ হিঃ মোট ... মহালের রঃ .../১০গণ্ডা	৩ নং পৃঃ হিঃ লক্ষ্মীনারাণ চৌধুরি	১১৭।৶	......	৮॥৭	
১৪৪০	পঃ কিল্যে ময়না-চোর মঃ শ্রীরামপুর থানা সবঙ্গ।	১২৫২৯	..	পৃঃ হিঃ মোট ... মহালের রঃ ... ।০ আনা	২ নং পৃঃ হিঃ নশরত উদ্দিন আহ-ম্মদ, আফজল উদ্দিন আহম্মদ দিং।	৩১৩৯	......	২৪৴০	
১৪৭৪	পঃ ময়নাচোর মঃ শ্রীধরপুর থানা সবঙ্গ।	৯২৯৶২	...	পৃঃ হিঃ মৌজে ... শ্রীধরপুর ... ৶০ পায়রাচক ... ৴৬॥= পৃঃ হিঃ মৌঃ শ্রীধরপুর ৶১৫ পায়রাচক ৶১০	২ নং পৃঃ শ্রীমত্যা ইন্দ্রমণী দেই ও রাজারাম দাস।	৮৪।১১	......	৫।৶১১	
					৪ নং পৃঃ হিঃ রূপনারায়ন মাইতি ও আদ্যত্তনাথ মাইতি দিং।	২১০৮৪	......	৮৶৩	
১৪৭৪	পঃ শীপুর মঃ তাহা-লিয়া থানা এগরা।	৬৫৯৮/৮	সম্পূর্ণ	......	ভরত চরণ গিরি ও লক্ষ্মণ গিরি দিং	......	1/8	...	
১৪৮৮	পঃ বড়ই চোর মঃ নিলদাপাচা থানা দাতন।	৫০৫/১	...	এজমালি অংশ— তিলদাপাড়া রঃ ... ৸/১৫ তিমু চক রঃ .. ৸/১৫ কাকরাবালী রঃ ... ৸/১৫ দিগদা রঃ ... ৸/১৫ বাগপাট্টা রঃ .. ৸/১২ ভেলাবাগ ওঃ অণন্ত চক ৸/১৫ রঃ সালবনি ... ৸/১৪ মোধু বেচা রঃ ... ৸/১৫	স্থষ্টিধর মহাপাত্র ও চূড়ামণি ঘোষ দিংর।	৪১৪৬১০	......	১৮৶৫	এই মহালের সামিল বৈচা মৌজার১৮৩/ বিঘা জমী কেনেলের কার্য্যার্থে গ্রহণ হইয়াছে।

তৌজির নম্বর।	পরগণা ও মহালের নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইবে কি না।	যদি কোন অংশ নিলাম হয় তবে কত অংশ।	তালুকদার দিগের নাম।	অংশ নিলাম হইলে সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইলে তাহার বাকী।	অংশ নিলাম হইলে তাহার বাকী।	মন্তব্য।
১৫০০	পং । কাশীযোড়া মঃ উত্তর উমুতপুর থানা পাঁশকুড়া।	৩.০৫৶১	...	পৃঃ হিঃ মৌঃ উত্তর উমুতপুররঃ ... ।৹	৮ নং পৃঃ হিঃ নিমাইচাঁন্দ দে ...	২৪৫৲	......	৫৹৲	এই মহালের সামিল অদড়া মৌজায় ॥৫ কাঠা জমী কেনেলের কার্য্যার্থ গ্রহণ হইয়াছে কৃষ্ণচক মৌজায় ৪/০ বিঘা ৫৲ টাকা জমায় দীনবন্ধু মাইতি ইস্তমুরারি পাট্টা রেজেষ্টারি করাইয়াছে।
১৫১৫	পং কিলো ময়না-চৌর মাঃ উত্তমপুর থানা সবঙ্গ।	১১৭৯৶১০	সম্পূর্ণ	.....	শ্রীমতী শোভামণী রুওজে জয়-নারায়ণ গিরি ও দিগিশচন্দ্র মাইতি।	......	৪৬৶৪'	...	
৩ নং মিয়াদি বন্দোবস্তি।									
৪৬	পং পটশাপুর মঃ গোকুলপুর।	২৩১২৩৸৶৩	সম্পূর্ণ	......	চৌং গোপেন্দ্রনন্দন দাস মহাপাত্র	......	৪৪১১।৵২	...	মিয়াদি বন্দোবস্তি মহাল মিয়াদ আমলি ১২৯৮ সাল।
১০৭	পং পটাশপুর মঃ মজরাজ।	৯৯৪।।৵৯	ঐ	......	রাধা গোবিন্দ দাস মহাপাত্র ...	......	৫৫২।।৶১	...	এহার মধ্যে মহকুপ আগাদ জামওয়ারি ৪৭৪৸৶১১ টাকা।
৪ নং নাবালকি মহালের মধ্যে।									
৩	পং কাশীযোড়া মঃ বেড়াবেড়ে।	৯৯১।১১	ঐ	......	কোর্ট অব ওয়ার্ডের অধীন শ্রীকান্ত মাসান্ত নাবালক ও মহেশচন্দ্র মহাপাত্র।	......	১৪৯৸৶১১বকেয়া ২৩৮ ॥৶৮	...	
জালাপাই মহাল।									
১৫	পং তঃ বিশুয়ান মঃ গোড়াহার।	৮.৫৲	ঐ	......	প্রজাওয়ারি বন্দোবস্ত প্রজা চর-নারায়ণ মিদ্ধা।	......	৬৩।।৵৬	...	মিয়াদ বাজলা ১৩০১ সাল পর্য্যন্ত।

E. GEAKE, for Collector.

বিজ্ঞাপন।

জিলা বৰ্দ্ধমান।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বৰ্দ্ধমান জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী ১৮৮৮।।২৮ সেপ্টেম্বর প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯।১২ জানুয়ারি তারিখ নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৫৯নং	মোহনপুর পঃ বাঘ	১৬৫৩।৶১	নিলাম হইবে।	......	নাবালক উপেন্দ্রনারয়ণ মুখোপাধ্যায় অলি অছি নবকৃষ্ণ মুখোপাধ্যায়।	......	১১২।৪	......
১০৬নং	কাশীপুর মজকুরা পঃ ছোটিপুর।	২১৫৯৸৶৫	ঐ	......	শ্রীমতী সুধাময়ী দেব্যা	......	৬১৯৲৪	......

H. SAVAGE,
Offg. Collector.

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিঙ্কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪।। টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮।।০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬।।০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫।।০ টাকা; ৮ আউন্স টিন ১০।।০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাক মাসুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেন্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহ দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০, পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬॥০ টাকায়, ৮ ঔন্স টিন ১২॥০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব-সাধারণে কোম্পানীর বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮॥০ টাকায় ৮ ঔন্স টীন ১৬।৷০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ॥০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাশুল দিতে হইবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor F. Max Müller, M.A., in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study hese ancient documents more accessible. I doubt not that the time will come when no one in India ill call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8 Hastings Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিলড এম. এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ৶০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের তাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেন্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mofussil.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।		টাকা
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাসুল	„	২॥৶
৩,৪ ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	„	৪৲
ডাকমাসুল	„	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য		I০
ডাকমাসুল		৵
৩ ৪ ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)...		৵০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একং আনা।
ডাকমাসুল		৵০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12*th December* 1882.

Note—*Rates for Advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half „	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ১০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য।—কালকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই।—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০,
অর্দ্ধ পৃষ্ঠা	১০,
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 32a—28-11-88—787—320

Numb. 2577 [২৫৭৭] REGISTERED No. 30

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 18, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ১৮ ডিসেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

NOTIFICATION.

The 6th December 1888.—Under section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Munshi Abdal Majib authorizing him to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police stations of Perozepore, Matberia and Sarupkati, in the district of Backergunge, with effect from the 22nd October 1888, during the absence, on leave, of Munshi Mahomed Rashed.

J. WARE EDGAR,
Chief Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT—(MARINE).

NOTIFICATION No. 146Marine.

The 7th December 1888.

THE following communication, received from the Government of India, No. 345, dated the 8th November 1888, regarding the outbreak of yellow fever in Cayenne and the quarantine against that Colony, is published for general information.

C. W. I. HARRISON, *Lieut.-Col.*, R.E.,
Offg. Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

No. 345, dated Simla, the 8th November 1888.

Memo. by—S. W. EDGERLEY, ESQ., Offg. Under-Secretary to the Govt. of India, Home Department.

COPY of the following forwarded to the Government of Bengal for information.

No. 58 Stats. and Commerce, dated India Office, London, the 13th September 1888.

From—Her Majesty's Secretary of State for India,

To—His Excellency the Right Hon'ble the Governor-General of India in Council.

MY LORD,—I forward, for Your Excellency's information, copy of a letter received from the Foreign Office, relative to the outbreak of yellow fever in Cayenne and the quarantine against that Colony.

No. 35, dated British Consulate, Cayenne and Surinam, Paramaribo, the 24th July 1888.

From—WILLIAM WYNDHAM, ESQ.,

To—The MOST HON'BLE THE MARQUIS OF SALISBURY, K.G.

I HAVE to report that three days after my departure from Cayenne, yellow fever again broke out there, and the Colony has since been quarantined. I am in consequence again unable to go there at present. I regret also to inform Your Lordship that Monsieur Andrada, Consul-General for Brazil at Cayenne, who kindly agreed to act for Mr. Wacongoe, when it was found impossible for me to remain at Cayenne, has since then committed suicide, and that Mr. Wacongoe will leave his clerk in charge on his responsibility during his absence, the Governor of French Guiana having agreed to this arrangement.

In making this report, I would beg to state that the Colony of Cayenne has only been free from epidemic yellow fever for 16 months in four years; and the French Government now appoint coloured Creoles to the Government Offices there, including the Governor of the Colony.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৬ ডিসেম্বর।—শ্রীযুত মুনশী মহম্মদ রাশেদের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মুনশী আবদুল মজিদকে লাইসেন্স দিয়া বাখরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুর, মাটবেড়িয়া ও স্বরূপকাটি পোলীস থানার এলাকার মধ্যে ১৮৮৮ সালের ২২ অক্টোবর অবধি মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

জে ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট (মেরিন্)।

১৪৬ নং মেরিন্।

বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৭ ডিসেম্বর।

কেএনে পীতজ্বর প্রবল হওন ও সেই উপনিবেশের বিরুদ্ধে ক্যারাণ্টাইন ধার্য্য করণ সম্বন্ধে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টহইতে প্রাপ্ত ১৮৮৮ সালের ৮ নবেম্বর তারিখে ৩৪৫নং নিম্নলিখিত পত্র সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

সি, ডবলিউ, আই, হ্যারিসন, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী।

সিমলা, ৩৪৫ নং, ১৮৮৮ সাল তারিখ ৮ নবেম্বর।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটি ছোট সেক্রেটরী শ্রীযুত এস, ডবলিউ, এডলী সাহেবের স্মারকলিপি।

নিম্নলিখিত পত্রের নকল বঙ্গদেশের গবর্ণমেণ্টের অবগতি নিমিত্ত পাঠান গেল।

স্থিতিরীতি ও বাণিজ্য, ৫৮নং, ইণ্ডিয়া আফিস, লণ্ডন ১৮৮৮ সাল ১৩ সেপ্টেম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের পত্র।

প্রভো।—কেএনে পীতজ্বর প্রবল হওন ও সেই উপনিবেশের বিরুদ্ধে ক্যারাণ্টাইন ধার্য্য করণ সম্বন্ধীয় ফরিন আফিস হইতে প্রাপ্ত পত্রের নকল আমি মহিমবরের অবগতি নিমিত্ত প্রেরণ করিতেছি।

ব্রিটিষ কনসলেট কেএন ও সরিনাম, পারামারিবো, ৩৫নং, ১৮৮৮ সাল তারিখ ২৪ জুলাই।

মহামান্য শ্রীযুত মার্কুইস অফ সালিসবরি, কে, জি, সাহেবের নিকট
শ্রীযুত উইলিয়ম ওয়াইণ্ডহাম সাহেবের পত্র।

আমি এই রিপোর্ট করিতেছি যে, কেএনহইতে আমার যাত্রা করণের তিন দিন পরে তথায় পীতজ্বর পুনর্ব্বার প্রবল হয়, তৎপরে সেই উপনিবেশের বিরুদ্ধে ক্যারাণ্টাইন ধার্য্য করা যায়, সেইহেতু আমি পুনর্ব্বার তথায় যাইতে এইক্ষণে অপারক। আমি দুঃখ সহকারে আপনাকে জ্ঞাত করিতেছি যে, ব্রেজিলের পক্ষে কেএনস্থ কন্সল জেনরল মনস্যুর আগেড়া সাহেব যিনি কেএনে আমার থাকার পক্ষে অসাধ্য দেখা গেলে সদয় হইয়া ওয়াকোনগোই সাহেবের কর্ম্ম করিতে সম্মত হইয়াছিলেন, তিনি আত্মহত্যা করিয়াছেন। ও ওয়াকোনগোই সাহেব স্বীয় অনুপস্থিতি কালে স্বীয় দায়িত্বে তদীয় ক্লার্কের প্রতি আপন কার্য্যভার অর্পণ করিবেন, ফেঞ্চ গুইনার গবর্ণর সাহেব এই বন্দোবস্তে সম্মত হইয়াছেন।

এই রিপোর্টকরণ কালে আমি জানাইতেছি যে, কেএন উপনিবেশ চারি বৎসরের মধ্যে দেশব্যাপী পীতজ্বর হইতে মাত্র ছয় মাস মুক্ত ছিল। ফ্রেঞ্চ গবর্ণমেণ্ট, উপনিবেশের গবর্ণরের পদ প্রভৃতি গবর্ণমেণ্টের কার্য্যে কৃষ্ণবর্ণ ক্রেওলদিগকে এইক্ষণে নিযুক্ত করিতেছেন।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৮ সাল ১৮ ডিসেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৮৮ সালের ২৬ অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা গেল।

১৮৮৮ সালের ১৭ আইন।

ভারতবর্ষীয় মেরিণ বিষয়ক ১৮৮৭ সালের আইন সংশোধন করণার্থ আইন।

ভারতবর্ষীয় মেরিণ বিষয়ক ১৮৮৭ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল :—

১৮৮৭ সালের ১৪ আইনের ২ ধারা সংশোধন করিবার কথা।

১ ধারা। ভারতবর্ষীয় মেরিণ বিষয়ক ১৮৮৭ সালের আইনের ২ ধারার (২) প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণটী বসিবে; অর্থাৎ :—

"(২) অবস্থা বিবেচনা করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের (১) প্রকরণের (খ) (গ) ও (ঘ) দফায় লিখিত যে কোন অর্থ পরিবর্ত্তন করা আবশ্যক বোধ হয় ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া তিনি সেই অর্থ পরিবর্ত্তন করিতে পারিবেন। এবং ঐ প্রকরণের (ঙ) দফায় 'ঊর্দ্ধতন কর্ম্মচারী' এই কথার যে অর্থ করা হইয়াছে তাহাতে ঐ সকল দফার যে সকল উল্লেখ আছে তাহার এইরূপ অর্থ করা যাইবে যে, এই প্রকরণানুসারে প্রকাশিত উপস্থিত সময়ে প্রবল এমন কোন বিজ্ঞাপনক্রমে পরিবর্ত্তিত হইলে ঐ সকল দফা যেরূপ হইয়া দাঁড়ায় ঐ সকল উল্লেখ সেইরূপ পরিবর্ত্তিত দফার উল্লেখ।"

এস, হার্বি জেমস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

ACT NO. XVII OF 1888.—An Act to amend the Indian Marine Act, 1887.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৮ সাল, ১৮ ডিসেম্বর।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

রাজস্ব বিষয়ক সরকুলার।

ফৌজদারী।

১ নং বিধি। ১৮৮৮ সাল, ১১ জুলাই।

ফৌজদারী বিধি ও অর্ডরের ১৪৪, ১৪৫ পৃষ্ঠায় ৫০ বিধির পর নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশ কর।—

৫০ ক। [রিকার্ড।—হুকুমের কাগজ রাখিতে হইবার কথা—১৮৮৮ সালের ১১ জুলাই তারিখের ১ নং বিধি।]—(ক) হাই কোর্টের অধীন সকল মাজিষ্ট্রেটকে হুকুমের কাগজের এতৎসংযুক্ত পাঠ ব্যবহার করিতে হইবে এবং উহা প্রত্যেক মোকদ্দমার রিকার্ডের অংশ হইবে।

হুকুমের কাগজ।

জিলা

আদালত

সালের নং

বনাম

হুকুমের ক্রমিক নং।	তারিখ।	হুকুম।	স্বাক্ষর।

(খ) নালিসের তারিখ হইতে বা যে তারিখে অভিযুক্ত ব্যক্তি পোলীস কর্তৃক হাজত অবস্থায় মাজিষ্ট্রেটের নিকট প্রেরিত হয় সেই তারিখ হইতে মোকদ্দমা চলন কালীন যে সকল হুকুম করা যায় তাহার প্রত্যেকটি এই কাগজে ধরিতে হইবে এবং ইহাতে চূড়ান্ত হুকুমের মর্ম্মও লিখিতে হইবে।

(গ) হুকুমের কাগজের লিখিত প্রত্যেক হুকুমে মাজিষ্ট্রেট সাহেব আপন নাম স্বাক্ষর করিবেন বিচারের নথী যে কর্ম্মচারির জিম্মায় থাকে হুকুমের কাগজও তাঁহারই জিম্মায় থাকিবে ও বিচার শেষ হইলে নথীর সহিত স্থায়ীরূপে গাঁথিয়া রাখিতে হইবে।

২ নং বিধি। ১৮৮৮ সাল ১৯ সেপ্টেম্বর।

ফৌজদারী বিধি ও অর্ডরের (১২২—১২৪ পৃষ্ঠায়) ৬ অধ্যায়ের ৩১ ও ৩২ বিধির পরিবর্ত্তে নিম্নলিখিত বিধি দুইটি সন্নিবেশ কর।—

৩১। [ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১ অধ্যায়, ৪২৩ ধারা।—আপীল আদালতের প্রদত্ত হুকুম প্রচার ও জ্ঞাপন বিষয়ক বিধি।]

(১) আপীলের নিষ্পত্তি হইলে, আপীলে রায়ের নকল ও প্রদত্ত হুকুমের নকল প্রথম আদালতের রিকার্ডের সহিত সংযুক্ত করিয়া ঐ আদালতে ফিরিয়া পাঠাইতে হইবে।

(২) যে স্থলে দণ্ডাজ্ঞা অন্যথা করা যায় সে স্থলে আপীল আদালত আপীলে কারামুক্ত করিবার ওয়ারন্টের যে পাঠ এই সকল বিধি ও অর্ডরের ২ অধ্যায়ের ১৫ (ক) বিধিক্রমে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা পূরণ করিয়া আপেলান্ট যে জেলে বদ্ধ আছে তাহার ভারপ্রাপ্ত কর্ম্মচারির নিকট একেবারে পাঠাইয়া দিবেন ও সেই সময়েই সমর্পণ করিবার প্রথম ওয়ারন্ট ফিরাইয়া আনিয়া রদ করিবেন। ঐ ওয়ারন্ট ও আপীল আদালতের যে ওয়ারন্টে বন্দীকে মুক্ত করিবার আদেশ থাকে তাহা জারী হইবার পৃষ্ঠলিপি সহিত ফিরিয়া আসিলে আপীল আদালতের সেই ওয়ারন্ট প্রথম আদালতের রিকার্ডের সহিত সংযুক্ত করিয়া ঐ আদালতে ফিরিয়া পাঠাইতে হইবে।

যে স্থলে আপীলে দণ্ডাজ্ঞা পরিবর্ত্তিত করা হয় সে স্থলে আপীল আদালত নিম্নলিখিত বিধির নির্দ্দিষ্ট পাঠে ও যে হুকুম দেওয়া গেল তাহার ব্যবহৃত কথানুযায়িক একখানি নূতন ওয়ারন্ট প্রস্তুত করিয়া উহা আপেলান্ট যে জেলে বদ্ধ থাকে তাহার ভারপ্রাপ্ত কর্ম্মচারির নিকট একেবারে পাঠাইয়া দিবেন এবং সমর্পণ করিবার প্রথম ওয়ারন্ট ফিরাইয়া আনিয়া রদ করিবেন। ঐ ওয়ারন্ট প্রথম আদালতের রিকার্ডের সহিত সংযুক্ত করিয়া ঐ আদালতে ফিরিয়া পাঠাইতে হইবে। ঐ নূতন ওয়ারন্ট ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪০০ ধারানুসারে জারী হইবার পৃষ্ঠলিপি সহিত ফিরিয়া আসিলে যে আদালতের নিষ্পত্তির বিরুদ্ধে আপীল হইয়াছিল সেই আদালতে উহার রিকার্ডের সহিত গাঁথিয়া রাখিবার জন্য আপীল আদালত ঐ ওয়ারন্ট পাঠাইয়া দিবেন। কিন্তু যদি আপীল দায়ের থাকিতে কোন আপেলান্টকে জামীনে মুক্ত করা হইয়া থাকে তাহা হইলে বন্দী যাবৎ না আত্মসমর্পণ করে তাবৎ জেলের ভারপ্রাপ্ত কর্ম্মচারীর নিকট নূতন ওয়ারন্ট প্রেরণ করিতে হইবে না এবং আপীল আদালত সাক্ষাৎসম্বন্ধেই হউক বা যে আদালত কর্ত্তৃক প্রকৃতপক্ষে জামীনে মুক্ত করিবার হুকুম প্রদত্ত হইয়াছিল সেই আদালতের দ্বারাই হউক, বন্দীর আত্মসমর্পণ করাইবার জন্য উপায় অবলম্বন করিবেন।

যে স্থলে দণ্ডাজ্ঞা আপীলে স্থিরতর থাকে সে স্থলে ইহার ঠিক পরবর্ত্তী প্রকরণের নির্দ্দিষ্ট পাঠের দ্বারা জেলের কর্ত্তৃপক্ষ ঐ মর্ম্মে সংবাদ পাইবেন।

(৩) উপরি নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালীর সহিত সংস্রব না রাখিয়া আপীল আদালত আপেলান্টের অবগতির নিমিত্ত যে জেলে ঐ আপেলান্ট বদ্ধ আছে তাহার ভার প্রাপ্ত কর্ম্মচারিকে আপীলের ফল জ্ঞাপন করিবেন। এই বিধিসংযুক্ত পাঠে ঐ জ্ঞাপনপত্র লিখিতে হইবে।

১৮৮৮ সালের ২৯শে আগষ্ট তারিখের কলিকাতা গেজেটের ১ খণ্ডের ৭৬৮ ও ৭৬৯ পৃষ্ঠায় ও ১৮৮৮ সালের ১৫ই সেপ্টেম্বর তারিখের আসাম গেজেটের ৩ খণ্ডের ৩৭৫ ও ৩৭৬ পৃষ্ঠায় প্রকাশিত।

বিচারসংক্রান্ত কর্ম্মচারিদের বুঝা চাই যে, আপেলান্টকে আপীলের ফল জ্ঞাপন করাই কেবল এই নুটিসের উদ্দেশ্য এবং আবশ্যক হইলে সংশোধিত ওয়ারন্ট প্রচার করা যে তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম এই নুটিস দিবার দরুন তাঁহারা তাহা হইতে অব্যাহতি পাইবেন না।

র মাজিষ্ট্রেট / সেশন জজ ১৮৮ সালের মাসের তারিখে যে সকল ফৌজদারী আপীল শুনেন তাহার ফর্দ্দ।

বন্দীর নাম ও পিতার নাম।	অপরাধ ও অপরাধ নির্ণয় হইবার ও দণ্ডাজ্ঞার তারিখ।	যে মাজিষ্ট্রেটের হুকুমের বিরুদ্ধে আপীল করা হইল।	আপীলে প্রদত্ত হুকুম।	মন্তব্য।

স্মারকলিপি।

আপেলান্টদিগকে জ্ঞাপন করিবার নিমিত্তে জেলের ভারপ্রাপ্ত কর্ম্মচারির নিকটে প্রেরিত হইল।

র আদালত
১৮৮ সাল তাং

সেশন জজ বা ম্যাজিষ্ট্রেট।

৩২। দণ্ডাজ্ঞা আপীলে তরমিম বা পরিবর্ত্তিত করা হইলে আপীল আদালতের ব্যবহারার্থ নিম্নলিখিত ওয়ারন্টের পাঠ নির্দ্দিষ্ট হইল।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪২৩ ধারা।—দণ্ডাজ্ঞা আপীলে তরমিম বা পরিবর্ত্তিত করা হইলে আপীল আদালতের ব্যবহারার্থ ওয়ারন্টের পাঠ।]

——————স্থ——————র আদালত।

——————স্থ

——————জেলের ভারপ্রাপ্ত কর্ম্মচারির প্রতি।

যে হেতু——————জিলার——————পুলিস ষ্টেশনের——————পরগনার——————গ্রামের——————র পুত্র শ্রী——————র——————র ম্যাজিষ্ট্রেট——————কর্তৃক——————অপরাধ নির্ণয় হইয়া ১৮৮ সালের——————মাসের——————দিবসে তৎপ্রতি——————দণ্ডাজ্ঞা হইয়াছিল এবং উক্ত অপরাধ নির্ণয় ও দণ্ডাজ্ঞা আপীলে এই আদালত কর্তৃক পরিবর্ত্তিত হইয়া তৎপরিবর্ত্তে উক্ত——————র——————অপরাধ নির্ণয় হইয়া ১৮৮ সালের মাসের দিবসে তৎপ্রতি——————দণ্ডাজ্ঞা হইয়াছে।

উক্ত সুপারিন্টেণ্ডেণ্ট তোমাকে এতদ্দ্বারা এই ক্ষমতা প্রদান করা গেল ও এই আদেশ দেওয়া গেল যে, তুমি উক্ত——————কে এই ওয়ারন্ট সহ উক্ত জেলে আপন জিম্মায় লইবে ও আইন অনুসারে পূর্ব্বোক্ত দণ্ডাজ্ঞা তামিল করিবে। এবং তোমাকে এতদ্দ্বারা আরো এই ক্ষমতা দেওয়া ও আদেশ করা গেল যে, তুমি যে প্রথম সমর্পণ করিবার ওয়ারন্টের পরিবর্ত্তে এই ওয়ারন্ট প্রদত্ত হইল তাহা এই আদালতে ফিরাইয়া দিবে।

১৮৮ সালের মাসের দিবসে আমার স্বাক্ষর ও এই আদালতের মোহরযুক্ত করিয়া প্রদত্ত হইল।

সেশন জজ বা ম্যাজিষ্ট্রেট।

৩৩। [ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২ অধ্যায়। সরাসরী বিচার সম্বন্ধীয় রেজিস্টরীর পরিদর্শন।—১৮৮১ সালের ১১ জানুয়ারি তারিখের ১ নং সরকুলর অর্ডর।] সরাসরী বিচার সম্বন্ধীয় আইন যথোপযুক্তরূপে পালিত হইতেছে এবং বিশেষতঃ ম্যাজিষ্ট্রেটেরা তাঁহাদের বিচারাধিকার অতিক্রম করিয়া কার্য্য করিতেছেন না, ইহা জিলার ম্যাজিষ্ট্রেটদিগের সময়ে২ আপন অভিপ্রায়মতে বুঝিয়া লওয়া কর্ত্তব্য। প্রায়ই মধ্যে২ সরাসরী বিচার সম্বন্ধীয় সকল রেজিস্টরী পরীক্ষা করিয়া দেখিলেই এই কর্ত্তব্য কর্ম্মটি বিশেষ সুবিধাজনকরূপে পালিত হইতে পারে।

ফৌজদারী।

৩ নং বিধি।—১৮৮৮ সাল ২২ অক্টোবর।

ফৌজদারী বিধি ও অর্ডরের ১১৩ পৃষ্ঠায় ৬ অধ্যায়ের ১২ বিধি কাটিয়া দিতে হইবে।

ফৌজদারী বিধি ও অর্ডরের ১১৪ পৃষ্ঠায় ৬ অধ্যায়ের ১৩ বিধিতে "রেজেষ্টরী" এই কথাটির পরিবর্ত্তে "রিকার্ড" এই কথাটি বসাইতে হইবে।

২নং সাধারণ পত্র।

———————————জিলার মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৮৮ সাল ২৩ অক্টোবর।

হাই কোর্ট।
ইংরাজিকার্য্যবিভাগ।
ফৌজদারী।

সম্প্রতি এই আদালত কর্ত্তৃক প্রচারিত ১৮৮৮ সালের ২২ অক্টোবর তারিখের ৩নং বিধির প্রতি মনোযোগ আকর্ষণ করিতে আদেশ প্রাপ্ত হইয়াছি। ঐ বিধিদ্বারা ফৌজদারী বিধি ও অর্ডরের ১১৩ ও ১১৪ পৃষ্ঠায় ৬ অধ্যায়ের ১২ বিধিটি রহিত ও ১৩ বিধিটি সংশোধিত করা হইয়াছে। ভবিষ্যতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬৩ ধারার আদেশানুযায়ি বিশেষ বিবরণগুলি গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া প্রত্যেক সরাসরী বিচারের রিকার্ড স্বতন্ত্র রাখিতে হইবে। ফৌজদারী বিধি ও অর্ডরের ১০১ অবধি ১০৫ পর্য্যন্ত পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ৭ বিধির লিখিত নিয়মানুসারে ঐ সকল রিকার্ড নষ্ট করিতে হইবে।

সি, এম, ডবলিউ, ব্রেট,
রেজিষ্ট্রার।

---

৪ নং সাধারণ পত্র।

———————————জিলার জজ সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৮৮ সাল ১৮ সেপ্টেম্বর।

হাই কোর্ট।
ইংরাজি কার্য্যবিভাগ।
দেওয়ানী।

বঙ্গদেশের আদালত সকল হইতে বোম্বাই. উত্তর পশ্চিম প্রদেশ ও অন্যান্য প্রদেশস্থ আদালতে জারী করিবার নিমিত্ত এরূপ সকল পরওয়ানা পাঠান হইয়াছে যাহা পরওয়ানা দিবার আদালত যে জিলায় অবস্থিত সেই জিলার প্রচলিত দেশীয় ভাষায় লিখিত হওয়াতে পরওয়ানা যে আদালতে প্রেরিত হয় তথায় বুঝা যায় না। ইহাতে যে বিলম্ব ও অসুবিধা ঘটে তৎপ্রতি হাই কোর্টের মনোযোগ আকর্ষণ করা হইয়াছে। অতএব আমি দেওয়ানী বিধি ও অর্ডরের ২৫০ ও ২৫১ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ৩ ধারার (প) প্রকরণের প্রতি আপনার ও আপনার অধীনস্থ আদালত সমুহের অধ্যক্ষতাকারি কর্ম্মচারিদের মনোযোগ আকর্ষণ করিতে ও যাহাতে ভবিষ্যতে উক্ত প্রকরণের লিখিত উপদেশ গুলি ঠিক ঠিক পালিত হয় তন্নিমিত্ত অনুরোধ জানাইতে আদেশ প্রাপ্ত হইয়াছি।

সি, এম, ডবলিউ. ব্রেট।
রেজিষ্ট্রার।

১৮৮৮ সাল, অক্টোবর মাস।

শ্রীযুক্ত রেনলড্‌স্‌ সাহেব।

১ নম্বর।

গবর্ণমেণ্ট কর্ত্তৃক প্রচারিত নিম্নলিখিত বিধি ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ১৩১ পৃষ্ঠায় ৭ অধ্যায়ের ৯ পরিচ্ছেদের ৮ ধারাস্বরূপ সন্নিবেশ করিতে হইবে।

যে২ স্থলে পরওয়ানার সহিত ইংরাজি অনুবাদ দিতে হইবে তাহার কথা।

"শাসন সংক্রান্ত কর্ম্মচারিগণ কর্ত্তৃক কোন জিলায় প্রেরিত পরওয়ানা যদি ঐ জিলার চলিত দেশীয় ভাষা হইতে ভিন্ন কোন দেশীয় ভাষায় লিখিত হয় তাহা হইলে সকল স্থলেই ঐ পরওয়ানার সহিত উহার ইংরাজি অনুবাদ দিতে হইবে।"

২। সূচীপত্রে ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের (বিচার সম্বন্ধীয়) প্রথা ও কার্য্যপ্রণালী বিষয়ক ৭ অধ্যায়ের "বিবিধ" নামক পরিচ্ছেদের যে ১১ নম্বর আছে তাহা পরিবর্ত্তন করিয়া ৯ করিতে হইবে।

২ নম্বর।

বোর্ডের ভূমি রাজস্ব সম্বন্ধীয় রিপোর্ট প্রতি বৎসর ৩১শে জুলাই তারিখে দাখিল না করিয়া ল্যাণ্ড রিকার্ডের ডিরেক্টরের রিপোর্টের সহিত ১৫ই আগষ্ট তারিখে গবর্ণমেণ্টের নিকট দাখিল করা হয় গবর্ণমেণ্ট এই ইচ্ছা প্রকাশ করায় বোর্ডের ১৮৮৮ সালের বিবিধ বিধিপুস্তকের ১৭৬ পৃষ্ঠায় যে বর্ণনাপত্র ৯ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ক্রোড়পত্রস্বরূপ রহিয়াছে তাহাতে নিম্নলিখিত কথাগুলি যোগ ও নিম্নলিখিত পরিবর্ত্তন গুলি করিতে হইবে:—

শেষের ঘরে "ভূমি রাজস্ব" এই কথাগুলির গায়ে "৩১শে জুলাই" এই যে তারিখ আছে তাহা পরিবর্ত্তন করিয়া "১৫ই আগষ্ট" করিতে হইবে।

২য় ঘরে "ভূমি রাজস্ব" এই কথাগুলির নিম্নে "ল্যাণ্ড রিকার্ডের ডিরেক্টরের বাৎসরিক রিপোর্ট" ও ৫ম ঘরে "৩০শে মে" এই কথাগুলির নিম্নে "ডিরেক্টরের নিকট হইতে বোর্ডের নিকট, ৩১শে জুলাই" এই কথাগুলি সন্নিবেশ করিতে হইবে।

৩ নম্বর।

বোর্ডের ১৮৮৭—৮৮ সালের ভূমিরাজস্ব সম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহের রিপোর্টের উপর গবর্ণমেণ্টের নির্দ্ধারণের অন্তর্গত নিম্নলিখিত মন্তব্যের প্রতি সকল রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারির মনোযোগ বিশেষরূপে আকর্ষণ করা যাইতেছে:—

৩০ দফা। জরীপ, বন্দোবস্ত ও স্বত্বের লিখন।

* * * "শ্রীযুক্ত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেবের ভরসা এই যে, রেবিনিউ বোর্ড, ল্যাণ্ড রিকার্ডের ডিরেক্টর ও অপরাপর রাজস্ব সংক্রান্ত কর্ত্তৃপক্ষগণ গবর্ণমেণ্টের মহাল সম্বন্ধে জরীপ ও স্বত্বের লিখন যে রূপ সাবধানে পর্য্যবেক্ষণ ও নিয়ন্ত্রিত করিতে বাধ্য তাঁহারা বেসরকারী জমিদারি সম্বন্ধেও আইনের ১০ অধ্যায় অনুসারে যে জরীপ ও স্বত্বের লিখন প্রস্তুত করা হইতেছে তাহাও সেইরূপ সাবধানে পর্য্যবেক্ষণ ও নিয়ন্ত্রিত করিবেন। ইহার মধ্যেই শ্রীযুত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেব অন্ততঃ এরূপ একটী বেসরকারী মহালের বন্দোবস্তের কথা অবগত হইয়াছেন যাহাতে অবস্থা বিবেচনায় যেরূপ খরচ হওয়া উচিত ছিল তত্ত্বাবধান ও মনোযোগের অভাব বশতঃ তদপেক্ষা স্পষ্টই অনেক অধিক খরচ হইয়াছে। বিলম্ব বশতঃও অনেক সময় অনর্থক খরচা হয় এবং এরূপ অনুমান হয় যে কোন ২ বেসরকারী মহালে যে কার্য্য হইয়াছে তাহাতে অনর্থক বিলম্ব ঘটিয়াছে। রাজানুপালিতদিগের মহালে যে অনুমানাতীত খরচ হইয়াছে এই কথা জানা গিয়াছে। গত বৎসরের রিপোর্টের উপর নির্দ্ধারণে শ্রীযুত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেব দেখান যে, যতদিন পর্য্যন্ত স্বার্থবিশিষ্ট ব্যক্তিরা এইরূপ কার্য্যের ফল দেখিতে না পান ততদিন ভূমি সম্বন্ধীয় সকল বিবাদের নিষ্পত্তির নিমিত্ত নূতন আইনে যে উপায় বিধান করা হইয়াছে তাহা যে সাধারণতঃ অবলম্বিত হইবে ইহা আশা করা যায় না। কিন্তু যদি ইহা দেখা যায় যে এই কার্য্যটি উপযুক্তরূপে পর্য্যবেক্ষণ করা হইতেছে না এবং যদি ঐ কার্য্য উত্তমরূপে ও মিতব্যয়িতার সহিত নির্ব্বাহ করা না হয় এবং যদি অপব্যয়ের নিবারণার্থ বিশেষরূপ সাবধান হওয়া না হয় তাহা হইলে আইনের এই অধ্যায়ের

বিধান ভূমিতে স্বার্থযুক্ত ব্যক্তিগণের পক্ষে উপকারী না হইয়া তাহা স্বরূপ হইবে ও ব্যবস্থাপকগণের এই উপায়ে জমিদার ও প্রজার মধ্যে সহজে বিবাদ নিষ্পত্তি করিবার সদয় উদ্দেশ্য বিফল হইবে।”

৩১ দফা। কালেক্টরগণ কর্তৃক তাঁহাদের নিজের আফিস পরিদর্শনের কথা।

“বোর্ড রিপোর্ট করিয়াছেন যে নির্দ্দিষ্ট ষাণ্মাসিক পরিদর্শন কার্য্য সাধারণতঃ কালেক্টরগণ নিজেই করিয়াছেন। কোন ২ জিলায় কার্য্যের ভিড়ের জন্য পরিদর্শনের ভার ডেপুটী কালেক্টর ও আসিষ্টান্টগণের উপর অর্পিত হয়। কেবল দুইটি কি তিনটী জিলায় পরিদর্শন হয় নাই। পরিদর্শনের কালে কর্ম্মচারির স্থানান্তর হওয়াই সাধারণতঃ এইরূপ ত্রুটির কারণ বলিয়া নির্দ্দিষ্ট হয়। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই কার্য্যটীকে অত্যন্ত আবশ্যক বলিয়া বোধ করেন ও এই কার্য্য না হওয়ার কোন ২ স্থলে যে কৈফিয়ৎ দেওয়া হইয়াছে তাহা তিনি সন্তোষজনক মনে করেন না। তিনি আশা করেন যে সকল কালেক্টরই এই বিধি পালন করিবেন এবং যাহাতে এই পরিদর্শন কার্য্য নিয়মিতরূপে ছয় মাস অন্তর করা হয় ও উহা সকল স্থলেই অধস্তন কর্ম্মচারির দ্বারা না হইয়া স্বয়ং কালেক্টরের দ্বারাই হয় ইহা দেখিবার জন্য তিনি বোর্ডকে ও কমিশনরগণকে দায়ী জ্ঞান করিবেন। এই পরিদর্শন ছয় মাসের শেষ পর্য্যন্ত ফেলিয়া রাখিবার কোন কারণ নাই। সাধারণতঃ এইরূপ ফেলিয়া রাখা হয় বলিয়াই একেবারেই পরিদর্শন হয় না।”

৩২ দফা। অল্পবয়স্ক সিবিলিয়ানদিগকে জরীপ ও বন্দোবস্তের কার্য্য শিখাইবার কথা।

* * * “আগামি শীত ঋতুতে জরীপের কার্য্য কতক পরিমাণে বিস্তৃত ভাবের হইবে ও সম্ভবতঃ আগামি কয়েক বৎসর কতকগুলি জিলায় প্রয়োজনীয় জরীপের কার্য্য চলিবে। সুতরাং ভবিষ্যতে অধিক সুযোগ ঘটিবার সম্ভাবনা এবং যেং স্থলে সম্ভব হয় সে সমস্ত স্থলেই ল্যাণ্ড রিকার্ডের ডিরেক্টর ও বিভাগীয় কমিশনরগণ এই সুযোগে কার্য্য শিখিবার জন্য অল্পবয়স্ক সিবিলিয়নগণকে জরীপের দলের সঙ্গে কিয়ৎকালের জন্য পাঠাইবেন।”

---

৪ নম্বর।

গবর্ণমেন্টের অনুমতিক্রমে, ১৮৮৮ সালের রিকার্ড সম্বন্ধীয় বিধিপুস্তকের ৯ পরিচ্ছেদে ২ক বিধি স্বরূপ নিম্নলিখিত কথাগুলি যোগ করা গেল:—

“২ক। বোর্ড মহাফেজখানা গ্রাণ্ট হইতে প্রতি ডিবিজনে যে টাকা ধার্য্য করিয়া দেন কমিশনরেরা সেই টাকা তাঁহাদের ডিবিজনের মধ্যে বিভাগ করিয়া দিতে, ঐ টাকা সম্বন্ধে এক্স্ট্রাকিটিব মঞ্জুরী দান করিতে ও উহা হিসাবের এক ঘর হইতে অন্য ঘরে লইয়া যাইবার অনুমতি দিতে ক্ষমতাবান হইলেন।”

---

৫ নম্বর।

১৮৮৮ সালের পতিত ভূমি সম্বন্ধীয় বিধিপুস্তকের ১৬ পৃষ্ঠায় ২,১,০, ভাগে “খুলনা” এই শব্দের পার্শ্বে ৩২৪ এর পরিবর্ত্তে ‘২২৪’ সন্নিবেশিত কর।

---

৬ নম্বর।

যে সকল স্থলে ট্রেজারি পরিদর্শনের রিপোর্ট দাখিলকারী কর্ম্মচারিগণ সিবিল আকাউণ্ট কোডের খ ক্রোড়পত্রে মুদ্রিত প্রশ্নসমূহের সহিত নির্দ্দিষ্ট পাঠের ঐক্য রাখিবার নিমিত্ত উহা হইতে অনেক প্রশ্ন বাদ দিয়াছেন এরূপ কতকগুলি স্থল বোর্ডের গোচরে আনীত হইয়াছে। এইরূপ কার্য্যপ্রণালীতে আকাউণ্টাণ্ট জেনরল আপত্তি করিয়াছেন ও দেখাইয়াছেন যে, উক্ত কোডের কোন নূতন সংস্করণে কিছু বাদ দেওয়া বা যোগ করা হইয়াছে বলিয়াই, যে পাঠ বিশেষ বিবেচনা পূর্ব্বক নির্দ্ধারিত হইয়াছে ও তাহা সময়ে সময়ে যত্ন পূর্ব্বক সংশোধন করা হয়, সেই পাঠে স্থানীয় কর্ম্মচারিগণ তাঁহাদের নিজের ক্ষমতাক্রমে কোন যোগ বা পরিবর্ত্তন করিতে পারেন না। এই নিমিত্ত বিভাগীয় ও জিলার কর্ম্মচারিগণকে অনুরোধ করা যাইতেছে যে, তাঁহারা যেন নির্দ্ধারিত পাঠ ছাড়া অন্য পাঠ ব্যবহার না করেন এবং ষ্টেশনরির সুপারিন্টেণ্ডেণ্টের নিকট হইতে সর্ব্বাপেক্ষা শেষ সংস্করণের যে পাঠ পাওয়া যায় তাহা ব্যবহার করিতে যত্ন করেন।

২। উপরিউক্ত আদেশ সমূহ কার্য্যে পরিণত করিবার নিমিত্ত ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ১১ পৃষ্ঠায় প্রথম অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ১ম বিধিতে “পরিদর্শন কালে” হইতে “তাহা ছাড়া” পর্য্যন্ত শব্দগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত কর:—

“পরিদর্শন কার্য্যের সুবিধার নিমিত্ত আকাউণ্টাণ্ট জেনরল কর্তৃক প্রশ্নসমূহের একটী ভিন্ন পাঠ নির্দ্ধারিত হইয়াছে। ঐ পাঠ উক্ত কোডের খ ক্রোড়পত্রে প্রদত্ত প্রশ্নসমূহের পরিবর্ত্তে ব্যবহৃত হইবে।”

৭ নম্বর।

সদর ষ্টোর হইতে যে সকল বাক্স করিয়া ইষ্টাম্প সরবরাহ করা হয়, সেই সকল বাক্স বিক্রয়ের টাকা গবর্ণমেণ্টের ১৮০৮ সালের ১০ই আগষ্ট তারিখের F^{c}_{4} ২ নং আদেশ অনুসারে "২৫—বিবিধ—পুরাতন ষ্টোর এবং দ্রব্যাদি বিক্রয়" এই ঘরে জমা করিতে হয় বলিয়া, বোর্ডের ১৮৮৮ সালের সেপ্টেম্বর মাসের ৬ নম্বর সরকুলর আদেশের অনুক্রমে জিলার কর্ত্তৃপক্ষদিগকে অনুরোধ করা যাইতেছে যে তাঁহারা যেন যে সকল প্যাক করিবার বাক্সে ইষ্টাম্প থাকিত সেই সকল খালি বাক্স বিক্রয়ের রিটর্ন কলিকাতায় ইষ্টাম্পের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট আর দাখিল না করেন।

৮ নম্বর।

বোর্ডের ১৮৮৮ সালের ২৬শে সেপ্টেম্বর তারিখের ৬০থ নং সরকুলর আদেশে, কিয়ংকালের জন্য প্রদত্ত ও মেলার লাইসেন্সের ফীর একখানি স্বতন্ত্র ৪৯ A নং রেজিষ্টরি নির্দ্ধারিত হওয়ায়, ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ১৪০ ও ১৫৩ পৃষ্ঠায় ৮ অধ্যায়ের ৪ পরিচ্ছেদে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।

২। বোর্ডের বিধিপুস্তকের ১৪০ পৃষ্ঠায় ৪৯নং রেজিষ্টরির পর নিম্নলিখিত কথাগুলি বসাও :—

৪৯A।—কিয়ংকালের জন্য প্রদত্ত লাইসেন্সের ফী (আবকারী)।

৩। বোর্ডের বিধিপুস্তকের ১৫২ ও ১৫৩ পৃষ্ঠায় ৪৯নং রেজিষ্টরির পর, নিম্নলিখিত রেজিষ্টরি খানি যোগ কর : —

৪৯ A রেজিষ্টরি।—কিয়ংকালের জন্য প্রদত্ত লাইসেন্সের ফী (আবকারী)।

১। প্রদত্ত লাইসেন্সের নম্বর।
২। দিবার তারিখ।
৩। লাইসেন্স যে কাল পর্য্যন্ত চলিবে।
৪। দোকানের স্থান।
৫। বিক্রেতা বা লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নাম।
৬। যত লাইসেন্স ফী দেওয়া হইল।
৭। দিবার তারিখ।
৮। যে পরিমাণ বিক্রয় হইল।
৯। মন্তব্য।

[উপদেশ প্রত্যেক বন্দোবস্ত বা লাইসেন্সপত্রের স্বতন্ত্র নম্বর থাকিবে ও ভিন্ন ভিন্ন প্রত্যেক রকমের লাইসেন্সের জন্য একখানি স্বতন্ত্র তা বা পৃষ্ঠা রাখিতে হইবে।]

৯ নম্বর।

আফীম সম্বন্ধীয় সংশোধিত বিধিসমূহের ৩১ বিধিতে উল্লিখিত ঔষধ বিক্রেতাদিগের পরমিট দিবার সম্বন্ধে, গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে এই বিধান করা গেল যে ইউরোপ হইতে আনীত আফীম হইতে প্রস্তুত ঔষধ বা আফীমের অন্য মিশ্রণ রাখিবার বা বিক্রয় করিবার নিমিত্ত চিকিৎসকদিগের ঐরূপ কোন পরমিটের প্রয়োজন নাই।

২। বোর্ড অবগত হইয়াছেন যে, বোর্ডের আফীম সম্বন্ধীয় আনুষঙ্গিক বিধিসমূহের ২ বিধি দ্বারা চৌঁড়ি বিক্রয়ের লাইসেন্স ও ঔষধ বিক্রেতার পরমিটের নিমিত্ত যথাক্রমে নির্দ্ধারিত মাসিক ১ টাকা ও ত্রৈমাসিক ৩ টাকা ফী অনেক স্থলে এত অধিক হইয়াছে যে তজ্জন্য অতিঅল্প সংখ্যক ঐরূপ লাইসেন্স বা পরমিট লওয়া হইয়াছে। এই নিমিত্ত বোর্ড উভয় স্থলেই ঐ ফী কমাইয়া বৎসরে বা বৎসরের কোন ভাঙ্গা সময়ের নিমিত্ত ১ টাকা করিলেন।

৩। আরও বোর্ড চৌঁড়ি বিক্রয়ের লাইসেন্সের দোকরের ও ঔষধ বিক্রেতার পরমিটের দোকরের ফী, ২ টাকা হইতে কমাইয়া ।।০ আনা করিলেন।

৪। নিম্নে যে সকল পরিবর্ত্তনের উল্লেখ করা গেল তাহা উপরিউক্ত ২ পারাগ্রাফে যে ২ বিধির উল্লেখ করা হইয়াছে সেই বিধিতে ও ৩ ও ৪ নং আফীম সম্বন্ধীয় পাঠে করিতে হইবে :—

২ বিধি, ৮ ও ৯ পংক্তি।—"মাসে ১ টাকা" ও "প্রতি তিন মাসের জন্য ৩ টাকা" র পরিবর্ত্তে "বৎসরে বা বৎসরের কোন ভাঙ্গা সময়ের নিমিত্ত ১ টাকা" সন্নিবেশিত কর।

১৩ পংক্তি।—"২ টাকা" হইতে আরম্ভ করিয়া সমস্ত শব্দগুলি উঠাইয়া দাও ও নিম্নলিখিত কথাগুলি যোগ কর :—

"আট আনা ফী দিলে ঔষধ বিক্রেতার পরমিটের বা চৌঁড়ি বিক্রয় করিবার লাইসেন্সের এবং দুই টাকা ফী দিলে অন্য কোন লাইসেন্স বা পাট্টার দোকর করিয়া দেওয়া যাইতে পারিবে।"

৩ এবং ৪ পাঠ।—১ নিয়মের পরিবর্ত্তে "তিনি গবর্ণমেণ্টকে বৎসরে বা বৎসরের কোন ভাঙ্গা সময়ের নিমিত্ত অগ্রিম ১ টাকা ফী দিবেন" এইটী সন্নিবেশিত কর।

৫। উপরিউক্ত আদেশ সকল ১৮৮৯ সালের ১লা আপ্রিল হইতে ফলবৎ হইবে।

৬। ঔষধ বিক্রেতার পরমিটের ফী হ্রাস করিবার কিরূপ ফল হইয়াছে তাহা নিশ্চয় করিবার নিমিত্ত বোর্ড আদেশ করিতেছেন যে, ভবিষ্যতে আবকারী বন্দোবস্ত সম্বন্ধীয় বাৎসরিক রিপোর্টে যত পরমিট প্রদত্ত হইয়াছিল তাহার সংখ্যার নির্দ্দেশ থাকিবে। বোর্ড আরও ইচ্ছা করিতেছেন যে, যেন ১৮৮২-৮৩, ১৮৮৩-৮৭, ১৮৮৭-৮৮, এবং ১৮৮৮-৮৯ সালে প্রত্যেক জেলায় যত পরমিট প্রদত্ত হয় তাহার সংখ্যা প্রকাশক একখানি বর্ণনাপত্র আগামি ফেব্রুয়ারি মাসের ১লা তারিখের মধ্যে বোর্ডের নিকট সাক্ষাৎসম্বন্ধে দাখিল করা হয়।

---

১০ নম্বর।

আবকারী বিধিপুস্তকের ৩১২ পৃষ্ঠায় ১৮৮৭ সালের ২১শে মার্চ্চ তারিখের বিজ্ঞাপনের পর নিম্নলিখিত বিজ্ঞাপনটী বসাইয়া দাও:—

বিজ্ঞাপন।

"১৮৮৮ সাল ২০ শে সেপ্টেম্বর।—১৮৮৭ সালের ২৩ মার্চ্চ তারিখের কলিকাতা গেজেটের ১ম খণ্ডের ১৯৩ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৭ সালের ২১ মার্চ্চ তারিখের বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া, সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই বিজ্ঞাপন দেওয়া যাইতেছে যে, ১৮৮৫ সালের ৯ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশীয় আবকারী বিষয়ক ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১৮ ধারা অনুসারে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক শাসিত দেশসমূহের মধ্যে প্রস্তুত রম শরাবের উপর আবকারী মাসুলের হার ১৮৮৮ সালের ১লা সেপ্টেম্বর হইতে লণ্ডন প্রুফের তুল্য তীব্র শরাবের গ্যালন প্রতি ৪ টাকা নির্দ্ধারিত হইল।"

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 18, 1888.

মঙ্গলবার, ১৮৮৮ সাল ১৮ ডিসেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা খুলনা।

জমীদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে খুলনা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮ সালের ২১ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সমুদায় মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৯	কিং খলিসখালি পং ঐ।	৮৯৭ ৸৹	সম্পূর্ণ মহাল	......	কৈলাস কামিনী দেবী দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১০৬৷৶৭	......
৭২	কিং দাতিয়া পরগনে ঐ।	৪৭১২২৷/৬৷	ঐ	......	সুরেন্দ্রনাথ পাল চৌধুরি দিগর।	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ৩২৲৯৷৷	......
১১১	কিং বাজিদপুর পং ঐ।	১১২১৷৷/৹৲১১	......	১ হিস্যা ৶৪৷৩৷৷	নিস্তারিণী দেবী...	৪২৬৷৷/৫	....	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৫০ ৸/১
১১৪	ঐ	২১২৪৷৭	.....	১ হিস্যা ৶৩৷১১	শীতলনাথ গুপ্ত দিগর।	৪২০৶৮	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তির বাকী ১১৷৷৬
১২৭	কিং ভাসুকা পং ঐ।	১৫৯৪৩ ৸৶৮	......	১ হিস্যা ...	আফিলদ্দী সরদার দিগর।	৬৩৮৷৷৶২	......	১৮৮৮ সালের সেপ্টেম্বর কিস্তীর বাকী ৪৬৷৷৶৫৷

R. M. WALLER,
Collector.

জিলা বীরভূম।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভূম জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে সেপ্টেম্বর কিস্তির বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ৯ জানুয়ারি মোতাবেক ১২৯৫। ২৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২৭ অক্টোবর—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐং অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬ নং	মুকন্দী পং কুতবপুর।	১৫৩২/০	সম্পূর্ণ ...	......	পরমশুকচন্দ্র দিঃ...	০	২১৪	০
৭৪ নং	কীর্ত্তিহাট পং খড়গ্রাম।	১১২৬॥/	০	।১৬৸৶১৮	উম্মত তাহেবর বিবি দিঃ।	৬৭৪।৶২	০	৭৶১১
২০৭নং	কীর্ণাহার পং কুতবপুর।	৭৯৩॥৶	সম্পূর্ণ ...	......	তারাসুন্দরী দেব্যা দিঃ।	০	৭৸৩	০
২৪৫নং ৫৬ নং প্রাঃহিঃ	সিঙ্গান পং বারবকসিংহ।	২৯১৮/	০	।০	গোপালচন্দ্র চক্রবর্ত্তী দিঃ।	৭২৯॥০	০	১৪/৫

C. J. S. Faulder, *Collector.*

জিলা মালদহ।

জমীদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মালদহ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আপিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকি রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ সালের ১১ই জানুয়ারি তারিখে নিলাম বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎ সংযুক্ত বর্ণনা পত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহালের নাম ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	মন্তব্য।
৩	তরফ আমারক পরগণে চান্দলাই।	১৭৭২॥/০	সম্পূর্ণ মহাল।	......	রমনী নাথ ফৌজদার—লবঙ্গমনীদাস্যা অলিমাতা কেশবেশ্বর সাটীয়ার নাবালগ ব্রজকিশোর সাটীয়ার।	.....	৩৫৬।০	.....	১২৯৫ সালের লাগায়েদ কিস্তিভাদ্রের বাকি রাজস্ব আদায় জন্য

মালদহ কালেক্টর আপীস,
তারিখ ২৭ নবেম্বর ১৮৮৮ সাল।

H. G. Sharp,
Collector.

জেলা হুগলী।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জেলা হুগলী।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারার বিধানানুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা হুগলীর অন্তর্গত নিম্নলিখিত মহাল বা মহালের অংশ সন ১৮৮৮ সালের ২৮শে সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায়ের নিমিত্ত সন ১৮৮৮ সালের ২০শে ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৯৫ সালের ৬ই পৌষ বৃহস্পতিবার দিবসে হুগলীর কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৮ সাল ২৭শে অক্টোবর।

তৌজির নম্বর।	মহাল ও পরগণা	সমুদয় ষ্টেটের সদর জমা।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবেক কি না।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবেক তাহার মালিকের নাম।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকী রাজস্ব।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব।
৪৯	হাতিশালা, পং চৌমাহা।	১১৫৬৯।/	......	রকম ।/৬।= আনা অংশ পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে।	শ্যামাসুন্দরী দেবী অলি অছি জানবে নাবালগ পুত্র আশুতোষ গোস্বামী দিগর।	৩৮৫৬।৵০	......	৫৮৫৶৯
৫৯	মাথালডিহি, পং পাণ্ডুয়া।	৭২২৶১	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	রাজলক্ষ্মী দেব্যা দিগর।	১১৪৸৶৭	......	১॥৩
১০৯	হেপটি, পং আমিরাবাদ।	২৪৮৪৸৶১	......	রকম ৶৮ আনা অংশের পৃথক হিসাব হইয়া (এ) চিহ্নিত হইয়াছে।	ব্রজনাথ ভট্টাচার্য্য ম্যানেজার জানবে উপেন্দ্র চন্দ্র রায় দিগর।	৪১৪৶০	......	৲৩
১১৭	রাজহাট, পং খোশালপুর।	৭২৬৲৩	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর।	২৬৫॥৵১	......	৩৩।০
১৫৩	মল্লীক হাটী, পং বোর।	২৯৬৮৲৮	......	পৃথক হিসাব বাদে বিক্রী অংশ।	প্রসাদ দাস গোস্বামী দিগর।	২০১২॥৶৮	......	৩৮৮৸৶৩
১১৯	চাতরা বাদে, পং বোর।	৭৮০০।/৫	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	জেঃ সীঃ মেকরেগর সাহেব ম্যানেজর ষ্টেট ৺ রামচন্দ্র দে দিগর।	১৭৮।৶৫	......	১৯/০
১৯১	চরিপুর আয়মা পং চৌমাহা।	৮৫১৶২	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর।	৭২৮৶২	......	১১।০
৩৫২১	দিগড়া পং বোর	৫৩০৶৫	সম্পূর্ণ	......	রামদয়াল বন্দ্যোপাধ্যায়।	......	১১৮৲	.....
৩১৪১	থরসরাই পং বোর।	৩১১॥৶৬	......	পৃথক হিসাব বাদে বক্রী অংশ।	রামদয়াল বন্দ্যোপাধ্যায়।	৬৫৫৸/৩	......	১৬২॥০
৫৯০৮	মাকড়দহা পং ধাড়শ।	১২৭১॥/৩	......	রকম ৲৩।৶ গণ্ডার অংশের পৃথক হিসাব হইয়া (বি) চিহ্ন হইয়াছে।	যোগীন্দ্রনাথ মুখোপাধ্যায় স্বয়ং ও অলি জানবে হরেন্দ্রনাথ মুখোপাধ্যায়।	১৩।।৶০	......	/০
৩৯৯৩	হাওড়াচর পং বোর।	৭২৬।৮।	......	রকম /০ আনা অংশ পৃথক হিসাব হইয়া (সি) চিহ্ন হইয়াছে	জেঃ সীঃ মেকরেগর সাহেব রিসীবর হাই কোর্ট জানেবে ষ্টেট শ্রীমতি দাসী।	৪৫।৶০	......	৬৸/০

G. TOYNBEE,
Collector.

জিলা নোয়াখালি।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোয়াখালির মধ্যগত কালেক্টরির তৌজিভুক্ত নিম্নলিখিত মহাল ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বরের সূর্য্যাস্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৮ সনের ১২ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা ১২৯১ সনের ২৯ পৌষ শনিবার উক্ত জিলার কালেক্টরির কাছারিতে বিনা আপত্ত্যে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক। ইতি ১৮৮৮ সন তারিখ ৩১ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহালের নাম এবং পরগণা।	সমুদয় মহালের সদর জমা।	সমুদয় অংশ নিলাম হইবে কি না।	যদি এক অংশ নিলাম হয় তবে কত অংশ।	যে সম্পত্তি নিলাম হইবে তাহার মালিকের নাম।	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার সদর জমা কত।	যদি সমুদয় অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত	যদি এক অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত।
৪৫	কিসমত মহিন্দ্র-নারায়ণ পরগণে সুন্দীপ।	৬৩৭৵১২	সম্পূর্ণ ...	...	ঈশানচন্দ্র নন্দি	...	১০৯।৶৩	...

A. Borodah,
Offg. Collector.

জিলা যশোহর।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যশোহর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ২০ ডিসেম্বর মোতাবেক সন ১২৯১ সালের ৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহলের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না ১৮৮৮ সাল তারিখ ১৫ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিক গণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৩	বিষ্ণুপুর পরগনা ইশাফপুর।	৯১৪৷৴০	০	১ হিস্যা রকম ৴৫ পাই।	মতিলাল বসু দিগর।	৭৬৶৪৷৷	০	২২৷৷৴২৷৷
১২৫	যোড়াদহা পরগনা মকিমপুর।	৫৮৯৲৲	সম্পূর্ণ	”	মেঃ জেমস রবর্ট সেরিফ দিগর।	”	২৭৷৶৯	”
৪৮১৯	বাঁশবাড়ীয়া ডিহি পরগনা মুলঘর।	৩১৪৬৸৶২	”	১ হিস্যা রকম ৶৪ পাই।	রামেশ্বর মুখোপাধ্যায় দিঃ	৩৭৯৷৶০৷৷	”	৩২৫৷৷১১৸০
৫০৭৩	ভবানীপুর পরগনা কাথুলিয়া।	৬২২১৷৶৭	”	১ হিস্যা ...	কৈলাশচন্দ্র পাল চৌধুরি।	২০৭৩৸৯৷	”	৫৮৷৷৶৭৷৷

যশোহর কালেক্টরি আফিস।
২০ নবেম্বর ১৮৮৮।

P. H. O'Brien, *Collector.*

জিলা নদীয়া।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জিলার অন্তর্গত নিম্ন লিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত সন ১৮৮৮। ৩১ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কিনা।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোনঅংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৪০	বেতাই পং বেতাই	৮৮০৫।⁄২ পুলিস ১১০৮⁄৫	......	৪০'১ নং রকম ।৶০ আনা।	দিননাথ মুখোপাধ্যায় দিগর।	৩৩০২৻৮ পুঃ—৪১॥⁄১	......	৪৪⁄১০
১১৭	ডিহি চণ্ডী পং পাজনোর।	১০২৪৬৶৮ পুঃ—১২৯৶৪	......	১১৭।০ নং রং ৶৩৮৫	শুরেশচন্দ্র মল্লিক দিগর।	১৪৩৭৮⁄৬ পুঃ—১৯৻৮	......	১৪২॥⁄০
				১১৭।২ নং রং ⁄১৪ ।১৬॥৶	রাখালমণি দাসী দিগর।	২০০৬৮৩ পুঃ—২২⁄৩	......	১৯৮৶৮
১৬৭	ডিহি ছুবড়া পং পাজনোর।	১৯৪১৩।৶১ পুঃ—২১৩।⁄৪	......	১৬৭।৪।১ নং রং ।১ ৻২৶৪	বর্ণময়ী দাসী ...	৪৯২২।⁄ পুঃ ৫৪৻৯		১৩৯১।[illegible]
				৩৩৭।০ নং রং ৶৩।৭ ৻১।—	আনন্দগোপাল মুখোপাধ্যায় দিগর।	২৫৯৭।৬॥ পুঃ—২৮৶৩	.....	২৫৭⁄১[illegible]
৩৩৭	মামজোয়ানী পং মামজোয়ানী।	২৬২৯৭।৶৬ পুলিস ২৪৫⁄৫	......	৩৩৭।১ নং রং ।৮৮৫ দস্তী।	বর্ণময়ী দাসী ...	৭৩০৪৮⁄৭॥ পুঃ—৬৮⁄৪	......	২৯০২।[illegible] ৻৩।।
				৩৩৭।২নং রং ।⁄১৭৮৶	সত্যবালা দেব্যা দিগর।	১০২২৬৮⁄ পুঃ—৯৫।⁄	......	১২২৪৶[illegible]
২৪৫০	চর কোদাইলকাটী পং রাজপুর।	৬৭৯১০	সম্পূর্ণ মহাল নিলাম হইবে।	......	মধুসুন্দরী দাসী	......	১৬৮॥০	...

A H. Collins,
Offg. Collector.

জিলা ময়মনসিংহ।

বাকী খাজনার জ্ঞাপন পত্রের পাঠ।

ইহাদ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ও ১৩ ধারা এবং ১৮৬৮ সনের ৭ আইনানুসারে জেলা ময়মনসিংহের তৌজী ভুক্ত নিম্নলিখিত মহাল সকল ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্যবাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আইনের মর্ম্ম অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৯ সনের ৫ঠা জানুয়ারি মোতাবেক ১২৯৫ সনের ২১শে পৌষ শুক্রবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে ইতি ১৮৮৮।১০ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	অংশ বিক্রয় হইলে সেই অংশ বা অংশ সকলের বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	অংশ বিক্রয় হইলে, তাহার জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহা কত বাকী।	অংশ বিক্রয় হইলে তাহার বাকী।
৬৬	জমিদারী পরগনে হুসেনসাহী।	৪৫,৪৫৭৸৶	......	১৮৫৯ সনের ১১ আইনের ১০ ধারা এবং ১৮৭৬ সনের ৭ আইনে ৭০ ধারা মতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে এজমালী।	শরতচন্দ্র রায়-চৌধুরী গয়রহ।	১৫০৭০ ৸০	......	৮২৬৶/০
৯৬	জমিদারী হিস্যা।১০ আনী পরগনে নসীরুজীয়াল।	৭১৯৭॥৵০	......	১৮৫৯ সনের ১১ আইনের ১০ ও ১১ ধারা এবং ১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারামতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে এজমালী।	বসন্তকুমারী দেব্যা গয়রহ।	২১১৪।/	......	১৪৯।৩
ঐ	ঐ	ঐ	......	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে কিসামত গয়েশ্রী কৃষ্ণপুর গয়রহ ৷১৬॥= ক্রান্তি।	শরতকুমারী দেব্যা।	১৮/০	......	৩॥০
৯৬	জমিদারি হিস্যা।১০ আনী পরগনে নসীরুজীয়াল।	৭১৯৭॥৵০	......	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে কিসামত সাঁংধার ।/১৮। গণ্ডা।	রতনকৃষ্ণ দাস চৌধুরী।	১৯।/০	......	৩৲
ঐ	ঐ	ঐ	......	/৫ গণ্ডা ...	হরিশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়।	৪৬১॥/০	......	১৩২।৵০
ঐ	ঐ	ঐ	......	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে কিসামত কিরাটন গুরুক্ষে টামনীর /৯॥— ক্রান্তি।	নন্দকুমার দাস রায়।	৪৲	......	১৲
ঐ	ঐ	......	......	বিবরণ তথা শ্রীরাম পাসার /০ আনা।	হরেন্দ্র কিশোর আচার্য্য চৌধুরী	৬/০	......	১॥০
ঐ	ঐ	ঐ	......	বিবরণ তথা শ্রীরামপুরের ৶০ আনা।	বরদাকিশোর আচার্য্য চৌধুরী।	১২৶০	......	৩৶০

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহালের ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	অংশ বিক্রয় হইলে সেই অংশ বা অংশ সকলের বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম	অংশ বিক্রয় হইলে তাহার জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার কত বাকী।	অংশ বিক্রয় হইলে তাহার বাকী।
১১৬	তালুক নেওয়াজআলি তপে রণভাওয়াল।	২৬১৮৮৶০		১৮৫৯ সনের ১১ আইনের ১১ ধারা এবং ১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারা মতে স্বতন্ত্র হিসাব হওয়া বাদে এজমালি।	রাজা সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর ও গয়রহ।	৭৩৮৷৶০	......	৭৬৷৵০
১১৬	তালুক নেওয়াজ আলী তপে রণভাওয়াল।	২৬৩৮৸৶০	...	১৮৭৬ সনের ৭ আইনের ৭০ ধারামতে স্বতন্ত্র হিসাব হওয়া হিস্যা।	রহম্মত মৃধা ...	১৸৴০	......	১৲
১২১	মৌজে থানেশ্বর বাদল্য পরগণে নসীরুজীয়াল।	৭২৯৷৵	...	৸৶১২৷ গণ্ডা ...	আবদুল ভুঞা গয়রহ।	৭১২৷৴০	......	২২১৷৶০
ঐ	ঐ	ঐ	...	৲২৷ গণ্ডা ...	দুন্দনজান বিবি ..	৫৷৶০	......	১৸০
১৩৭	জমিদারী পরগণে শুশঙ্গ।	১৯৮৮৷০	...	৲১৫৷=১৬ তিল...	জয়নাথ রায় ...	৯৬৴০	......	৪০৶
১৪৪	জমিদারী পরগণে সেরপুর।	২৬৫৩৷০	...	৷৴১৫৷৫ দ্বিপ ...	ধরণীকান্ত লাহীড়ী চৌধুরী গয়রহ।	১৬১৪৷৵০	......	৭৬৷৶৩
১৫১	জমিদারী তপে সীংধা দরজীবাজু।	১১৭৩৸৶	সম্পূর্ণ	......	সৈয়দ আবদুল্লা গয়রহ।	......	৪৬৷৴০	......
১৭৬১	তালুক রূপচন্দ্র রত্নগর্ভ মজুমদার পরগণে হুসেনসাহী।	৬২৭৷৴	ঐ	......	মহিমাচন্দ্র রায় চৌধুরী গয়রহ।	......	৬৬৸৶	......
২১২৯	তাং বৃন্দাবন দত্ত তপে হাজারাদি।	১৬০৫৷৴০	......	৲৬৷৷ গণ্ডা ...	তারক নারায়ণ ওরফে তারকচন্দ্র চৌধুরী গং।	৩০৷১ পাই	......	১১৷৶৩
ঐ	ঐ	ঐ	......	৵১০ আনা ...	কামিনীশঙ্কর রায় গং।	২৫০৸/৩	......	৬০৷৷০
ঐ	ঐ	ঐ	......	ভৈরগাতি ও লক্ষ্মীরায় ৴১০ আনা।	গৌরীশঙ্কর দত্ত গং।	৮৸০	.. ...	২৲
ঐ	ঐ	ঐ	......	৲৭৷৷ গণ্ডা ...	তথা ...	৩৭৷৷৵০	......	৯৵০
ঐ	ঐ	ঐ	......	৲১৷ কড়া ...	কুমুদিনী দাস্যা	৬৷০	......	১৷৴০
২১৭১	তালুক কৃষ্ণজীবন ময় রেজাবেদা ১১৮৭৷০ নং কিং, তাং তথা তপে হাজারাদি।	৭৭০৸৴০	......	১৮৫৯ সনের ১১ আইন মতে স্বতন্ত্র হিসাব বাদে এজমালি।	আনন্দকিশোর ভুম রায় গং।	৬১৩৶৩	... ..	৮৮৶২
৪০০২	জমিদারি পং সেরপুর।	৪২৬৫৴০	সম্পূর্ণ	......	কিশোরীমোহন চৌধুরী।	......	২৭৷০	......
৪৯৭১	চর হাজিপুর পং হুশেনসাহী।	৫১৮৷৴০	ঐ	......	দীননাথ চক্রবর্ত্তী চৌধুরী গং।	... ..	৭৴০	......
৫০৭০	চর তেরটকীয়া তপে কুড়িখাই।	১৩০৭৸৶০ মালিকানা ১৫০৸৵০	......	৸১৬ গণ্ডা ...	তারক নারায়ণ ওরফে তারকচন্দ্র চৌধুরী গং।	১০৮৬৷৵০ মালিকানা ১২০৷৶০	......	২৭২৷৴০ মালিকানা ৩০৶০

R. C. Dutt, *Collector.*

নিলামের নুটিস।—এস্তেহার দামা কাছারি কালেকটরি জেলা ২৪ পরগনা এই যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া জাইতেছে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৮ সালের ২৮ সেপ্টেম্বর কিস্তীর বাকী বাবত সন ১৮৮৯ সালের ৩রা জানুয়ারি তারিখে ঐ জেলার কালেক্টরিতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৮৮ সাল তারিখ ১০ই নবেম্বর।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	পুরা ষ্টেটের সদর জমা।	পুরা ষ্টেট বিক্রয় হইবে কিনা।	যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় তাহার কত সদর জমা।	যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ।	যদি অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ।
৬৩	পরগনে মাগুরা কিঃ বাস দ্রোণী ও গয়রহ।	৯১৩৫।৶১॥	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৴১৩।৯॥ আনা।	আদিত্য নাথ রায় চৌধুরি ও গয়রহ।	৫৫১৭।৵১১॥	...	১২৮৫।৯॥
১৫১	পরগনে বরিদহাটী ও গয়রহ কিঃ চক হাটুরিয়া ও গয়রহ।	৩৯৯৩০॥৵-৲১৲॥	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৵৲৫॥৲১২॥০ আনা।	ত্রৈলোক্যনাথ বিশ্বাস ও গয়রহ।	৩৯২৭৪৴১১॥	...	৭৭॥১॥
৩৪২	পরগনে ঘড় ও গয়রহ কিঃ রায়পুর ও গয়রহ।	৭৮৪৭৶৪।	পুরা মহাল	......	কালীকৃষ্ণ মণ্ডল ও গয়রহ।	...	২০২॥৶৭॥	...
৩৮৫	পরগনে আজীমাবাদ হুদা রসখালী ও গয়রহ।	১৯৪২৪॥১॥	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা।	রাধা মোহন মণ্ডল ও গয়রহ।	১৮০৫৮॥৶৬॥	...	১৩৭৶১০
৩৮৯	পরগনে বালিয়া কিঃ সন্তোষপুর ও গয়রহ।	৯৪৩৪।।/৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা।	রাধামোহন মণ্ডল ও গয়রহ।	৮৭৭১৷৮।	...	৯৮৸৶১১
৩৯৪	পরগনে আজিমাবাদ তরফ কিশোর পুর ও গয়রহ।	৭১০৮৸১১	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা।	রাধামোহন মণ্ডল ওগয়রহ।	৬৬০৮৸৶৬	...	৮৯॥৶৬
৪০১	পরগনে আজীমাবাদ হুদা রাম কৃষ্ণপুর ও গয়রহ।	৮৯৪১।।/৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা।	রাধামোহন মণ্ডল ওগয়রহ।	৮৩১২৸৶৩॥	...	১৩৭৸৬
৬২৪	পরগনে বালিয়া তরফ যদুরাটী ও গয়রহ।	৮৭১৬৸৶৭	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৷৶৲৩।— আনা।	কেদার নাথ বসু ওগয়রহ।	৫৮৩।১০	...	৫০৸৶৯॥
১৫৩৪	পরগনে ময়দা তরফ বাট্টরা ও গয়রহ।	১৪৬৮৲।৶৪	...	স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।০।।= আনা।	সুরত মোহিনী দাসী ওগয়রহ।	৩৭০০৸৶৯	...	৩৫৸৬
১৫৩৪।৫	পরগনে ময়দা তরফ বাট্টরা ও গয়রহ।	১৪৬৮১।৶৪	...	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা মতে স্বতন্ত্র হিসাব অংশ ৵৩৸—আনা।	কিশোরী মোহন রায়।	২৯৩২।৵৪	...	২৬৬।।/৩
২১৬১	পরগনে উখড়া ডিহি কুসণ্ডী ও গয়রহ।	২৫৭৪।।/৩	পুরা মহাল	... ...	সত্য দয়াল বন্দ্যোপাধ্যায় ওগয়রহ।	...	২৯॥৶১১	...

C. W. Bolton, *For Collector.*

বিজ্ঞাপন।

বাখরগঞ্জ জিলার জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বাখরগঞ্জ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৮৮ সালের ২৮শে সেপ্টেম্বর পর্য্যন্ত বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ । ৯ জানুয়ারি মোঃ ১২৯৫ । ২৬ পৌষ বুধবার তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮ । ২০ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৪১৬	বাঞ্ছারাম বসু তালুক হিঃ ॥০ আনা পং বোজর্গ ওমেদপুর।	১৫৫০।/৩	......	হিসাব পৃথক হিঃ ১০ আনা...	নবিনচন্দ্র চক্রবর্ত্তী ...	২৯০।১০৸	......	৮৪।৶০৸
১৪৩২	বাগদেশ্বর জোওয়ালীয তালুক পং ঐ।	১২৮০২।৶৬॥	......	এজমালী হিঃ ।০ আনা ...	গোলাম আরফীল কাজী গং...	৩২০০॥/৬৸	......	৯৪৩।৵৩৸
১৪৮৭	শ্রী বনকৃষ্ণ সেন ও হরেকৃষ্ণ সেন ও কমলকৃষ্ণ সেন ও গোবিন্দ দেবরায় ও প্রাণমাণিক্য চন্দ্ররায় ও দর্প নারায়ণ রায় ও মৃত্যুঞ্জয় মুখোপাধ্যায় তালুক পং ঐ।	২২৯১॥/৫॥	ষোল আনা	......	উমাচরণ চট্টোপাধ্যায় গং ...	......	২৩৬।/৮॥০	০
১৫৪৮	মহম্মদ হামজা তালুক পং ঐ	১১৫৯৶৮	......	এজমালী হিঃ ॥০ আনা ...	গিরিশচন্দ্র মুখোপাধ্যায় ...	৫৭৯॥/১০	......	১০৬।৶০
১৫৭৮	প্যানাটী আলকজগুর তালুক পং ঐ।	৪৮৩৩৸০॥	......	হিসাব পৃথক হিঃ ১০ আনা...	তারামণী দেব্যা ...	৯০৬।/৪	......	২৬৮৸৶১
১৫৮৫	রাধাকৃষ্ণ রায় ও হরানন্দ রায় ও কালিদাস সিদ্ধান্ত তালুক পং ঐ।	২৪৩৬॥৵১০	......	এজমালী হিঃ ।/১৪৸—১০ ...	বৃন্দাবনচন্দ্র চক্রবর্ত্তী রায় চৌধুরি।	৮৭৪॥৶৭	......	৪২৸৶০॥
১৬৩৩	রামরাজা দেও তালুক পং ঐ	২৩৬২৶১১॥	......	হিসাব পৃথক হিঃ ১০ আনা..	তারামণী দেব্যা ...	৩৮৬॥৵৭	......	১১৫৸৫

১৬৫১	রোমজান বিবি ও করজানা বিবি ও ছদরদ্দীন কাজী তালুক পং ঐ—	৫৬৫।৶৭॥	......	হিসাব পৃথক হিঃ ।০ আনা ...	উকিলদ্দী কাজি ...	১৪১।৶৮	......	২৭।৶১১
১৬৫১	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ৶০ আনা ..	রহমজান বিবি ..	৭০॥৶১০	......	১৪৲৯॥
১৭২৭	চিকনীকান্দী মৌজা হিঃ ।৶০ আনা পং চন্দ্রদ্বীপ ওগয়রহ।	২৮১৫৫৶১০	......	এজমালী হিঃ ।৶৯=১৬ দস্তী .	গোলোকচন্দ্র মহীন্থা গং ...	১৩৭১৬৴২	......	১০১॥৶৬॥
১৭৩৯	খাজেপুর তালুক হিঃ ।৴৬৬ গণ্ডা পং চন্দ্রদ্বীপ।	২৫২৫৫৶১॥	ষোল আনা...	......	ওয়াজেদন্নেছা খানম গং ...	......	৮৭৫॥৶৭॥	......
১৭৪৪	কৃষ্ণরাম সেন তালুক পং ঐ—	৮৯৩।৶৮॥	......	এজমালী হিঃ ॥৶০ আনা ...	করিমদ্দী তালুকদার গং ...	৬১৬।৭॥	......	১৬৬৴৮
১৭৪৭	মাহাম্মদ হায়াত তালুক হিঃ ৶৫ আনা পং ঐ—	১৮০৮৬৶২॥	......	ষোল আনা রকমের হিসাব পৃথক হিঃ ৶১৩৬৴—কাগ।	গোপী কোঁওর উফী জানিবে বিমায় করায় ও মুকুন্দরাম পাণ্ডা নাবালগদ্বয়।	৩৪৩।৴৫	......	৯৴৭
১৯১৬	হাবেলী সিলিমাবাদ তপ্পা হিঃ ১০ গণ্ডা।	১০৫৫।৶৯॥	......	এজমালী হিঃ ।৴১০ গণ্ডা ..	বামাসুন্দরী গং ...	৩৫৯।৶২।	......	৪৭৲৬৬
১৯৯৭	ফতেমাহাম্মদ তালুক পং খাঞ্জা বাহাদুর নগর।	৭৩৮৶৯	ষোল আনা...	......	কালীপ্রসন্ন চট্টোপাধ্যায় ...	......	৯২৴	......
২৭৪৯	দুর্গাগঙ্গেশ্বর তালুক পং উত্তর সাহাবাজপুর।	১০৩৭॥৶২॥	......	হিসাব পৃথক হিঃ ॥০ আনা ..	অন্নদাসুন্দরী গং ...	৫১৮৬৴৮	......	৪২।৶১।
২৭৫৯	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ৶১৩।—ক্রান্ত	আবদুল আজীজ চৌধুরি ...	১৭২৬৶২॥	......	৬১।০॥
৩২০৭	রত্নদী কালীকাপুর পং হিঃ ।০ আনা।	৬৩০৯।৶১০	......	হিসাব পৃথক হিঃ ১৫ গণ্ডা ..	তারামণী দেব্যা স্বয়ং ও কার্য্যাধ্যক্ষ পক্ষে রাজেশ্বরী দেব্যা।	২৯১৬১	......	৪৪৶৬
৩২৩৮	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ১০ গণ্ডা ...	ঐ	১৯৭৶৯	......	৫১৬৴৯
৩৩০৫	সাইস্তানগর পং হিঃ ।৴৬৬ গণ্ডা।	৬৪৪।৶২	......	হিসাব পৃথক হিঃ ৶২। কড়া ..	শরৎচন্দ্র রায় চৌধুরি ...	১২২ ৴৯	......	৩৮৶৩
৩৩০৫	ঐ	ঐ	......	হিসাব পৃথক হিঃ ৶২ আনা	দক্ষিণা দেব্যা ...	৯০॥৴১১	......	২১৬৴২॥
৩৩১১	আমানুল্লা তালুক হিঃ ॥৶১৮ গণ্ডা পং সাইস্তানগর।	৮৭১॥৶৪।০	......	এজমালী হিঃ ৶১৮।৶১৬ ছটাক	রাজা আগুবদ্দীন আহম্মদ ওরফে অএধম মিঞা গং।	২১৩॥৶৮॥	......	২৬৭

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩৫৫৮	তপে সুলতানাবাদ জমিদারি	২৩১২৮৸/৫	......	হিসাব পৃথক হিঃ ৶১।৮৸=১০ ক্রান্ত।	সৈদমাজ্জমালী চৌধুরী ..	২৯৮৭।১০	.....	৯৩৭৲৩
৩৮৪৬	সিলিমাবাদ পঃ হিঃ ১২। গণ্ডা	৩৬৮২৶৫	......	এজমালি হিঃ ।।৶১০ আনা ...	উমাচরণ চক্রবর্ত্তী ...	২৪১৬।৶২	.....	৮৩৭৶১
৩৮৬৫	আবদুল্লাপুর তপপা হিঃ ।।৶১৩ গণ্ডা।	২৩৬৭৸০	ষোল আনা	......	দুর্গাচরণ পাল গং ...	......	৬২।১১	......
৪৫৩৯	বাজ্জারাজীদরি আবাদ অন্নপূর্ণা চৌধুরাণী ও পার্ব্বতি দাসী তালুক পঃ চন্দ্রদ্বিপ।	৫৯৯৫	......	এজমালী হিঃ ৸০ আনা ...	রাসমনী ..	৪৪৯৬।০	.....	১৯৩৫।।০
৪১৪৬	পদ্মা ওরফে রমজানপুর চর পঃ কালীমপুর সেহালাপট্টী।	৫৩৮৩	ষোল আনা	......	আমিরন্নেছা খাতুন গয়রহ ...	......	২০২৪৲	....
৫৬৪৪	কালীবাড়ি আবাদ এছমাইল খাঁ তালুক পঃ আওরঙ্গপুর	২৫৮৩৲	ঐ	......	বিশ্বেশ্বর রায় চৌধুরি গয়রহ	......	৪০।০	......
৫১৯৩	রামদেব দত্ত তালুক মৌজে বারাহীপুর পঃ গোপালপুর ব্রহ্মনগর।	৬৯২৲ রাস্তাখরচ ৭৲ ৬৯৯৲	ঐ	. ...	জেঘারদ্দী হাওলাদার গয়রহ	......	১৸০	......
৫২১১	কুমরিয়াচক হিঃ ৸১৮।—ক্রান্ত পঃ উত্তর সাহাবাজপুর।	১১৫৭।।৶১ রাস্তাখরচ ১১।১১ ১১৬৯৲	......	এনালজী হিঃ।৴১৭।=২৸ ...	গোলামালী চৌধুরি গয়রহ ...	৩৮০৸৫	......	৩৭।।৩।।
৬৪১২	তপে আজীমপুর ও পঃ যাহাপুরের অন্তর্গতঃ ১৩২নং থাক মৌঃ দরিচর লক্ষ্মীপুর ওরফে খালাশী চরের গত সরবের অতিরিক্ত ভূমী মহাল।	৫২৮৲	ষোল আনা	......	আবদুল মজীদ কাজী চৌধুরি	......	১৯৮৲	......

A: L. Clay,
Collector.

বিজ্ঞাপন।

জেলা ঢাকার কালেক্টরির নিম্নলিখিত মহাল।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ঢাকা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯।৭ই জানুয়ারি তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে, তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী
১৪	পং বন্দরখোলা হিং ।।০ আনী মঃ মহাম্মদ রাজা।	১৬৭০৮৵১০॥	......	কিং রাজাবাড়ী মাকুহাটী গয়রহ।	পূর্ণচন্দ্র ও উমেশচন্দ্র সরকার গং।	২৫৩।।০	....	৮৫।।৶১০৮
১০৬	পং নরুল্যাপুর হিং ।।৶১৩।/ ক্রান্ত মৌলবী আবদুল আলী।	২১৯৯।১১।।	......	হিং ৶০ আনী	মির মহম্মদ মজাফর হোসেন ওরফে মিলন মিঞা গং।	২৭৪৮৶৭।।	......	১৩৭।।৶৬
১৭৪	পং রাজনগর চাং সুরপুর হুরন্নেছা।	৭০৮।।/১১৮	......	অবশিষ্ট ...	হুসনি খানম ও সাহাজাদি বেগম গয়রহ।	৩৫৪।১১৮	......	১০৫।।/৫।।
২৭২	পংসাহেবাবাদ পেশকোষ দেওয়ানি বঃ মৃজা হয়দর আলী।	৫৩৩।/৪	সম্পূর্ণ মহাল	......	জগচ্চন্দ্র ধর এবং সান্তমনী দাস্যা মেনেজার পক্ষে বিপীন বেহারি পোদ্দার ওগয়রহ।	......	২৮।।৶১	......
১৯৩	তাং বৃন্দাবন চন্দ্র রাধা কিশোর সেন হিং ।।০ আনা।	১৪৫২।।/১	......	অবশিষ্ট ...	রূপলাল ও রঘুনাথ দাস এবং ওগয়রহ।	৫১৪।।৶২॥	......	৫৪৲৪৮
৫৬২	সহর চান্দিনা ময় পেষকোষ চান্দিনা মৌলবি আবদুল আলী।	১৮৯৮।।৵৮	......	ঐ	প্রতাপ চন্দ্র দাস গং।	৬৬৪।।২	......	১১৩/৬
৫৬৯	পং বিক্রমপুর তাং রামগঙ্গা বসু।	৬৮৪৶০	......	ঐ	সীতামনী ও বিশ্বেশ্বরী গয়রহ।	৩৪২/৬	.....	৩২।।৶
৪৩৪২	পং চান্দ প্রতাপ খালিসা তাং নন্দরাম মজুমদার।	৫৩৫।৵৩	......	ঐ	নিত্য হরি ও কালাচন্দ্র রায় ওগয়রহ	১৭০৮/১০।	......	২৫৮৶৯।
৪৩৪৯	পং পাট পাসার তাং গোলাম হোসেন চৌধুরী।	৯৩০৶১১।।০	......	অবশিষ্ট ...	লোকনাথ সাহা গয়রহ	৩৫৯/৯	......	১৬।।৶১০
৮৪১৪	চর বক্তাবলি ...	৫৮৪৲	সম্পূর্ণ মহাল।	......	প্রাণনাথ পাঁড়ে এবং প্রসন্নকুমারী দেব্যা গয়রহ।	.....	১৫৪৲	......
৯০৮৪	চর জানসা কামতার মধ্যগত চর হরগঞ্জ।	২২৯৬৲	ঐ	......	নিলমাধব রায় গয়রহ	......	৫৭৪৲	......
৯১০১	চর মূজাপুরের মধ্যগত চরতিল্লি।	১১৮৭৲	ঐ	......	বৈকুণ্ঠচন্দ্র সেউগী গয়রহ।	......	২৯৭৲	......
৯৬১৫	পং উত্তরসাহাপুর চর দিঘলদী।	১১২১৲	......	হিং ৭৶/২ দন্তী	চন্দ্রকলা চৌধরাণী গয়রহ।	২৭।।৶০	......	৬৮৶০
৯৭৬২	পং বরদাখাত চর দেলওয়ারপুর।	৪১৯৬৲	সম্পূর্ণ মহাল।	......	মুন্সী গোলাম মণ্ডল গয়রহ।	......	১০৫০৮৶	......
১০৫০৭	পং বিরাহিমপুর তাং দেতো।	৮১৬৮৲	ঐ	......	রাসমণী চৌধুরী গয়রহ।	......	৯৬৲	......

L. HARE, *Offg. Collector.*

জিলা পাবনা।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬।৭।১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা পাবনার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৮৮ সালের কিস্তী সেপ্টেম্বরের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রম বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৮। ২৯ ডিসেম্বর মোং ১২৯৫ সালের ১৫ পৌষ শনিবার দিবসে বিক্রয় করা যাইবেক। ১৮৮৮। ১৪ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলামে বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	কেবল অংশমাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কেবল অংশমাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	মন্তব্য কথা।
৩২০	কিঃ এরগু বহ্ণিত পং বড়বাজু।	৮৫৪।৶	অংশ ...	আমির নেছা খাতুন দিগরের এজমালি অংশ।	আমির নেছা খাতুন মাদরে অলি মহাকেজ আবদুল হাই প্রভৃতি।	৭০১৶০	......	১৪।/০	এই মহালের হিসাব পৃথক আছে প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক। বাকী না পড়া অংশ — জাহ্নবী চৌরাণী ৪২।৶০ বাকীপড়া অংশ যাহার এস্তাহার ৫০০ টাকার ন্যূন জন্য গেজেটে দেওয়া হইল না। মহিমাচন্দ্র জোয়ারদার একাব্বর ফকির ২৭।।৶ ২৭।।৶০ রহিমদ্দি মুন্সী প্রভৃতি ৫৫।৶০
৩২৭	জমিদারী হিস্যা ১২৮ গণ্ডা পং বড়বাজু।	৭৬৪৮৶	......	ব্রহ্মময়ী চৌধুরাণী দিগরের এজমালী অংশ।	ব্রহ্মময়ী চৌধুরাণী প্রভৃতি।	৭৬৩৵	......	৫৮৶০	এই মহালের হিসাব পৃথক আছে প্রকাশ থাকে যে অংশে বাকী পড়ে নাই তাহা নিলাম হইতে ছাড়িয়া দেওয়া যাইবেক। বাকী না পড়া অংশ। গঙ্গাচরণ মজুমদার ১৮৶০

RAJANI KUMAR DATTA,
for Collector.

জিলা ঢাকা।—নীলামের বিজ্ঞাপন।

এতদ্দ্বারা জ্ঞাত করান যাইতেছে যে ঢাকা জিলার অন্তঃপাতী নিম্নলিখিত মহালের ২৸ আট কড়া তিন কাগ অংশ লালবাগ থানার স্বাধীন পলাসোণা গ্রাম নিবাসী নিবারণচন্দ্র ঘোষ আসামী ফেরার হওয়ায় ১৮৮২ সনের ১০ আইনের ৮৮ ধারার বিধানমতে সরকারে জব্দ হইয়াছে। ঐ সম্পত্তি ১৮৮৯ সনের ৭ জানুয়ারি মোতাবেক ১২৯৫ সনের ২৪ পৌষ ঢাকার কালেক্টরির কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা যাইবে। ইতি সন ১৮৮৮ সাল। তারিখ ২১ নবেম্বর।

নিলাম খরিদদার নিম্নলিখিত নিয়মে বাধ্য থাকিবেন।

১। যাহার ডাক সর্ব্বাপেক্ষা অধিক হইবে তাহার নিকট বিক্রয় করা যাইবে।

২। মহালে ইতিপূর্ব্বে উক্ত ফেরারী আসামীর যে স্বত্ব ছিল নিলাম খরিদদার সেই স্বত্বে স্বত্ববান হইবেন।

৩। মূল্য ১০০৲ একশত টাকার অনধিক হইলে সমস্ত টাকা এক কালে সেই সময়ে দিতে হইবে।

৪। মূল্য ১০০৲ টাকার অধিক হইলে যত টাকা ডাক হইবে তাহার এক চতুর্থাংশ তখনই দিতে হইবে নিলামের তারিখ অবধি পঞ্চদশ দিবসের মধ্যাহ্ন পর্য্যন্ত, সেই দিবস আফিস বন্ধ থাকিলে তৎপরবর্ত্তী, আফিস খুলিবার প্রথম দ্বিপ্রহরের মধ্যে বাকী টাকা না দিলে নিলাম বাতিল হইয়া জমার টাকা সরকারে জব্দ হইবে, এবং প্রথম নিলামকালের ন্যায় ইশ্তাহার জারি পূর্ব্বক মহাল পুনরায় নিলাম করা যাইবে। পরের নিলাম ডাক কম হইলে পূর্ব্ব ক্রেতা তজ্জন্য দায়ী থাকিবে ইতি।

তপসীল।

নম্বর।	মহালের নাম।	মোট মহালের সদর জমা।	যে অংশ নিলাম হইবে।	আপসেট প্রাইছ।
